ত্রীক ও হিন্দু।

প্রস্তাবনা।

"নারায়ণং নমস্কৃত্য নরকৈষ্ নরোত্তমং। দেবীং সরস্বতীকৈষ ততো জয়মূদীরয়েং॥"

কার্যামাত্রের উদ্দেশ্য আছে, উদ্দেশ্যমাত্রের হেতৃ আছে, এবং হেতৃর আবার সার্থকতা আছে। কার্যান্ম্র্চানে যথায় এই চতুর্বিধ ক্ষমের স্থানির, তথায়ই কার্যাের পূর্ণতা, এবং সেই কার্যাই যথার্থতঃ স্ফল-ফলবান্ হইয়া থাকে। নতুবা কার্যা কার্যামধ্যে গণ্য নহে; তাহা গল্পবা পথে গতিপশুমাত্র। হুর্ভাগাক্রমে এই সাংসারিক কার্যা-ক্ষেত্রে গতিপশুই অবিক দেখিতে পাওয়া যায়, এবং অধিকাংশ লোক প্রতিক্তি-প্রতারিত, এই গতিপশুকেই আকাজ্যিত পুক্ষার্থ ভাবিয়া, চিত্তকে প্রবোধদানে জীবন-ব্যাপার নির্বাহ করিয়া থাকে।

মন্ব্য-শক্তি-সাধা যাবতীয় কার্য্য বিবিধ প্রকারে সম্পাদিত হইরা থাকে। এক ইচ্ছাতীতে, অপর ইচ্ছাধীনে; অথবা এক প্রাকৃতিক নিয়মের বশবর্ত্তিহায়, অপর মানবীয় বা মন্ত্র্যের স্বকৃত নিয়মের বশবর্তিহায়। মানবীয় নিয়ম মন্ত্র্যের স্বেক্তাসম্ভূত, অত এব উহা স্বাধীন; কিন্তু স্বাধীন হইলেও, উহা প্রাকৃতিক নিয়মের অক্ষণয়নশায়ী। স্বতরাং যতক্ষণ মন্ব্যকৃত নিয়মের কার্য্য প্রকৃতি-অনুকৃলে, ততক্ষণ উহা সান্থিক এবং স্কলপ্রদ; কিন্তু নগন আবার প্রকৃতি-প্রতিকৃলে, তথনই উহা অসান্থিক এবং অকলপ্রদ হইয়া থাকে। কলতঃ, মন্ত্র্যা সেই বিশ্ব-পরিচালিকা মহাশক্তিরাশির মধ্যে, ক্ষাটিকত্বে পরিণত স্বত ক্র

শক্তিথণ্ড স্বরূপ; স্বতরাং মহাশক্তি হইতে পূর্থক্ বটে অথচ পূথক্ নছে, ষেইরূপ আবার অপূথক্ বটে অথচ অপূথক্ নছে। প্রাঞ্তিক নিয়ম অদৃষ্ট নামেও আব্যাত হইয়া থাকে।

এই উভয়বিধ কর্মহত্র বাহিয়া আমাদিগের জীবন-গতি। অতএব আমাদিগকে কার্যাক্ষেত্রে প্রবেশ করিয়া কার্য্যপ্রবৃত্ত হইতে হইলে, অমুষ্ঠানের উদ্দেশ্য এবং হেতৃভূত সার্থকতালাভার্থে, সঙ্গে সঙ্গে এই দিবিধ বিবয়ের অবধারণা কর্ত্তর। প্রথমে, প্রাকৃতিক নিয়ম কি রূপে সেই প্রবর্তিত কার্য্যের উপকরণ ও উপায়সমূহের সঙ্কলান করিতেছে: দিতীয়ে, আমরা কিরূপ হইলে, এবং কিরূপে সেই উপকরণরাশি ও উপায়সমূহ ব্যবহার করিতে পারিলে, প্রকৃতি অমুকূলা হওয়াতে, অফুষ্ঠানের সফলতা জন্ম স্থার্থকতালাভে য়থাসম্ভব সমর্থ হইতে পারি। বে কোন বিষয় হউক, অথ্রে তাহার প্রাকৃতিক তত্ত্ব অবধারণ এবং সেই তত্ত্ব প্রহণ ও ভক্তিভাবে অবলম্বন ব্যতীত, বিষয়ের য়দৃচ্ছা অমুষ্ঠান করিলে, মঙ্গলের সম্ভাবনা অতি অল্লই। এই অবধারণা অতে, স্বেছ্যা এবং আয়ু-কর্মাশক্তিকে সান্ত্রিক করিয়া, সেই তত্ত্বের অমুসরণে কার্য্য করিলে, পূর্বকিথিত চতুর্ব্বিধ ক্রমেরই স্থাসন্ধি সাধন হইয়া থাকে; এবং কার্য্যকারকও তথন কার্য্য-পূর্ণতানীত আনন্দে আনন্দবান হইতে সক্ষম হয়েন।

আদ্য আমরা আমাদিগের জাতীয় কর্মক্ষেত্রে প্রবেশ করিয়া, অর্

জান হেতু সমাগত একটা গুরুতর বিষয়ের সমালোচনায় প্রবৃত্ত হইব।

তাহা এই, — প্রাচ্য এবং পাশ্চাত্য জাতীয় সংমিলনে,পাশ্চাত্য সহ আমাদিগের গুণবিনিময়ে, আকাজ্জিত ব্যক্তিগত এবং জাতিগত, উভয়তঃ

উয়য়ন-কৃতি সাধন। পাশ্চাত্য-প্রতিরূপ আধুনিক ইউরোপীয়গণ; এবং

প্রাচ্য-প্রতিরূপ আধুনিক ভারতসম্ভান। পাশ্চাত্য সভ্যতার ভিত্তিভূমি
স্বরূপ গ্রীক; প্রাচ্য সভ্যতার ভিত্তিভূমি স্বরূপ প্রাচীন হিন্দু।

ভিত্তিভূমির প্রাকৃতিক ভাবাভাব অবধারিত হইলে, তর্ছত্তর দেহ এবং তদীয় অঙ্গ প্রতিক্ষের ভাবাভাব অবধারণা সহজ হইয়া আইলে। ফলতঃ, উত্তর দেহ ও তদীয় অঙ্গ প্রতাঙ্গ সর্বাদা তিত্তিরই সর্বাতোতাবে স্থতাবান্নসরণ করিয়া থাকে; স্থল দৃষ্টিতে পার্থক্য যাহা কিছু দৃষ্ট হয় তাহা, কেবল দেশান্তর ও কালান্তর হেতু, উভয়ের মধ্যে রূপান্তর ভেদমাত্র, আন্তরিক প্রকৃতিভেদ নহে। অতএব এক্ষণে এই প্রবাহ্ম সেই ভিত্তিভূমিদ্বরের প্রকৃতি হথাবথ অবধারণ করা প্রয়োজন। তদ্মারা উভাসিত হইতে পারে বে, কাহার প্রকৃতিতে কোন্টা দুষ্ণীয়; কোন্ প্রকৃতি হইতেই বা কি কি গ্রহণীয়; এবং উভয়ের মধ্যে আবার কি কি ভাবে ও কোথায় সংযোগ সাধন হইলে, স্বতানলয়ের সিদ্ধিসাধন সক্তব হইতে পারে।

আমি এই প্রবন্ধভাগে, গ্রীক এবং হিন্দু একবংশজ হইলেও, কালে কি কি প্রাকৃতিক কারণবােগে তাহারা কিব্রূপ বিভিন্ন চরিতাদি প্রাপ্ত হইয়াছে এবং অপরিহার্যাভাবে সেই চরিতাদি কতদ্র তাহাদের মর্ম্মে মর্মে বসিয়া, তাহাদের কার্যাক্ষেত্র ও কার্যাের কতদ্র রূপাস্তর মাধন করিয়াছে, তাহার তত্বতঃ আলোচনায় তত্ত্বয় জাতির প্রকৃতি অবধারণ করিব; এবং উপসংহারভাগে, সজ্জেপতঃ, আমরা কিরূপ উদ্যোগযুক্ত, কতদ্র শিক্ষিত ও সাল্বিকপ্রকৃতি হইলে, অনুষ্ঠানক্ষেত্র স্বেচ্ছাশক্তির প্রকৃত প্রয়োগ দারা, কি প্রাচীন কি আধুনিক, যে কোন ফাতি সহ কথিত গুণবিনিময়সাধনে, অথবা এই সংসারক্ষেত্রে ফেনা যথার্থ কার্যাে পারগ হইতে পারি, তাহার নিরূপণে চেষ্টা পাইব।

যে কোন বিষয়ের উপর পূর্ণ দর্শনলাত, এ প্র্যান্ত মনুষ্য-শক্তিতে প্রদত্ত হয় নাই। একদেশদর্শনই মনুষ্য-শক্তির প্রধানতঃ সম্বল; তাহারও আবার উত্তম অধম আদি উচ্চেতর ভেদ আছে। এমন স্থলে অনুষ্ঠিত প্রবদ্ধে আমার কৃতকার্য্যতা সম্বদ্ধে আর কোন কথা বিস্তৃতরূপে বলিতে যাওয়া পণ্ডশ্রমমাত্র। অতঃপর ইহাতে অকৃতকার্য্যতা যাহা, তাহা আমার; কৃতকার্য্যতা যাহা, তাহা আমার; কৃতকার্য্যক হউক।

প্রথম প্রস্তাব।

পিতৃভূমি।

ফলবন্ধ একই বুক্ষে উৎপন্ন হইয়া হুই বিভিন্ন গতি প্রাপ্ত হইয়া থাকে। ইহাতে দোষ কাহার ? ফলের দোষ কি ? কার্য্যকারণ-সংযোগে তাহাদের যাহার ভাগ্যে যাহা ঘটিবার তাহাই ঘটিল; অতএব নিয়তি প্রবলা। ক্রত-আয়োজনের যে উপার্জ্জিত ফল, ততংপাদিকা শক্তির নাম নিয়তি। ইহার অন্তর আখ্যা ভাগা। অথবা, নিয়তি এই বিশ্ববিরাটশীর্ষে নিয়ত দেবীরূপে দ্যোতনশীলা: অনমিত, অচলিত, অটলিত, নিতা স্বস্থভাবে প্রভাময়ী: শ্রশানস্কুদয় ও স্বর্গদোপান, দোষ ७ ७१. উভয়নির্বিশেষে অথগুনীয়া কর্মৈকফলদা। यৎকর্তৃক যে ভাবে ও যেরূপে কার্য্যকারণপ্রয়োগবিধানে অর্চিত হয়েন, ইনি তাহার নিকট সেইরূপ ভাবে প্রতীয়মানা হইয়া থাকেন। অতএব উপস্থিত শুভা-শুভের কারণ অর্চনাপ্রণালীকে বলিতে হইবে, নিয়তি নহেন। বৃক্ষন্থ ফল জভবস্তু, সে অর্চ্চনার উপর স্বেচ্ছাবিহীন, স্কুতরাং বলিতে হইবে দে অপরের ইচ্ছায় চালিত। কিন্তুকে সে 'অপর' এবং কেনই বা সে ফলের ভাগ্যবিধায়ক অর্চনার অত্মহান করিয়া থাকে, এবং ফলেরই বা তাহার সহিত সম্বন্ধ কি ? আর মনুষ্য—তাহারাত অজড় ও জ্ঞানময়; তাহারা স্বয়ং, না তাহারাও অপরের ইচ্ছা দ্বারা চালিত হইয়া থাকে ? কে ইছার মীমাংদা করিবে ?

এ জগতে বছবিধ মহামহোপাধ্যান্বগণ সমরে সমরে অবতীর্ণ হইরা, এবং এ বিষয়ের যথাশক্তি ও যথাবৃদ্ধি মীমাংসা করিয়া, স্বীয় স্বীয় মীমাংসাকে অবশ্যগ্রহণীয় সত্যজ্ঞানে, তাহা মানবগণকে গ্রহণজন্য শিকা দিয়া গিয়াছেন। দেশভেদে, কালভেদে, জাতিভেদে, বিবিধ জ্ঞান ও ধর্মশাস্ত্রাদিতে, সেই দকল মীমাংদা সঞ্চিত হইয়া রহিয়াছে; তদীয় শিষ্যগণ, সে সকলকে স্বয়ং ঈশ্বরক্ত মীমাংসাজ্ঞানে, আজি পর্যান্ত এ জগতে প্রচার করিয়া ফিরিতেছে। কিন্তু এক্ষণে গণনার অতীত অতি আশ্চর্যা বিষয় এই যে, এত মীমাংসার মধ্যে একটি মীমাংসাও, আজি পর্যান্ত জনসমাজ, সর্কান্তঃকরণের সহিত গ্রহণোত্তরে, তাহাতেই আবহমান কাল শান্ত রহিতে, এবং তজ্জন্য নবানুসন্ধানকার্য্যে নিবুত্ত থাকিতে পারিল না। কেমন করিয়াই বাপারিবে ? অনন্ত আবর্ত্তন-শীল কালচক্রের নেমি বাহিয়া যাহাদের স্তিতি, তাহাদের ত দেরপ নিয়ত হইয়া থাকিবার কথা নহে! কাল স্ববেগে বেগবান, এবং নিরস্তর স্বীয় প্রবাহায়তনগত সমস্ত পদার্থকে তাড়না করিয়া ছটাইয়া লইয়া যাইতেছে। কালতাড়নায় এরূপ ছুটিত হওয়াই পদার্থত্বের পরিচয়, অন্যথা বিলোপোনুথ অপদার্থতা;--কাল সহ গতিসমত্ব রক্ষার নাম উন্নতি, তদন্যতারে অবনতি। আমরা দেখিতেছি, যে কোন ক্রতমীমাংশ্-বিশেষ অচল: কিন্তু মানবীয় প্রকৃতি এবং ধারণাশক্তি সচল, স্থতরাং কিরপে তাহা শান্ত রহিয়া নবাত্মসন্ধান হইতে নিবৃত্ত থাকিবে! কিন্ত তাহা বলিয়া ইহাও মনে ভাবিও না যে, মীমাংসাপ্রচারকগণ মিথ্যাবাদী, অথবা জ্ঞানপূর্ব্বক আপন আপন মিধ্যাধর্ম্ম এবং মতাদি প্রচার দ্বারা লোক-ম ওলার উপর ভ্রান্তিকোতুক এবং জুরাচুরী চালাইয়া গিয়াছেন; তাহা নহে। তাঁহারাও স্বাস্থ জ্ঞান-সীমান্তমণ্যে যথাসম্ভব সতা প্রাচার করিয়া গিয়াছেন; তাঁহাদিগেরও প্রবর্তিত ধর্মা, মত, মীমাংসাদি, প্রকৃত ঈশ্বর-কত মীমাংসাঁ প্রচারই বটে; তবে কিনা তাহা তাঁহাদের দেই জ্ঞান-সীমান্ত-মধ্যে এবং সেই সময়ের জন্য, এবং সেই দেশ ও পাত্রের উপযোগি-ভাবে। উত্তরগতিশীল তোমার আমার জীবন প্রবাহে এখন আর তাহা সাক্ষাৎ সম্বন্ধে প্রযক্ত হইতেছে না বটে, কিন্তু ইহা নিশ্চয় জানিও, জাহাকেই এক সময়ে সোপানস্থলপ অবলম্বন করাতে তোমার আমার জীবনপ্রবাহ এতদুর প্রবাহিত হইয়া আদিয়াছে; এবং এইরূপ প্রবাহিত হইয়া যাইতেও থাকিবে।

প্রাচীন মীমাংদাদমূহের মধ্যে যেগুলি বিলুপ্ত না হইয়া আজি পর্যান্ত কোন না কোন এক লোকমণ্ডলী দারা অল্লাধিক যেমনই হউক অমুস্ত হইয়া আসিতেছে, তাহাদের আলোচনায় প্রবৃত্ত হইলে, সর্বাত্রে বাইবেল শাস্ত্রের প্রতি আমাদের দৃষ্টি পতিত হইয়া থাকে; যেহেতু উহার অনুসরণকারিগণ অধুনাতন পৃথিবীর মধ্যে সর্কাপেক্ষা ক্ষমতাবান ও বিভবশালী বলিয়া পরিগণিত। বাইবেল শাস্ত্রানুসারে মহুষ্য সর্ব্বতই স্বেচ্ছাময়; তাহার কি ইহলৌকিক, কি পারলৌকিক, যা কিছু স্থুথ তুঃখ ও শুভাশুভ ইত্যাদি, সে সমস্ত তাহার নিজ ইচ্ছা-্চালনের উপর নির্ভর করিয়া থাকে। এমন কি, সমগ্র জগৎপ্রকৃতির বিক্লতিসাধন পর্য্যন্ত, তাহাদের ইচ্ছাদোষে সমুৎপন্ন হইয়াছে এবং ইতর জীবে পর্যান্ত সেই এক মানবীয় ইচ্ছাদোয়েই নানা বিকৃতি ঘটিয়াছে।---খুষ্টীয় মতে এক আদি পিতা আদম ও আদি মাতা ইবের দোষেই, এরূপ সর্বজনীন, সর্বকালীন ও সর্বদেশীন বিক্ততির ঘটনা ! কিন্তু এ কথায় আর একটা কথা জিজাসা না করিয়া থাকা যায় না ;—ভাল, উর্দ্ধসংখ্যায়, তাহাদের সঙ্গদোষে, তাহাদের সমসাম্মিক পদার্থ ও জীবে না হয় বিকৃতি ঘটুক; কিন্তু উত্তরস্থ জীব ও উত্তরস্থ মনুষ্য-আত্মা যাহারা, যাহারা খুষ্টীয় মতে প্রতি জন্মকালে প্রত্যেকে নৃতন স্পষ্ট হইয়া থাকে, তাহারা কথন-কৃত এবং কি দোষের জন্য এরূপ বিকৃতিরাশির মধ্যে বিক্**ঠ জন্ম গ্রহণ ক**রিতে বাধ্য হয় ? পুনশ্চ, ছর্ব্বল জীবের এরূপ বিক্তরাশির মধ্যে স্ট হওয়া, অথবা বিকৃতির মধ্যে পতিত হইয়া তাহাদের আত্মরক্ষা করিতে না পারা, এ হয়ের মধ্যে কোন্টাই বা ष्रमूरागारागा विषय ष्रिक ? यांश रुष्ठेक, अथात्न विनार्क रुरेरक्ट रव, খুষ্টীয়মণ্ডলে এ সকল প্রশ্নের সহত্তর আজি পর্য্যন্ত কোণাও প্রাপ্ত হওয়া যায় নাই।

একণে আমাদের জাতীয় ধর্মশাস্ত্রে কিরূপ উক্ত আছে, তাহা দেখা যাউক। ঐ সকল শাস্ত্র, যদিও একণে বিশেষ কোন ক্ষমতাবান্ ও বিভবশালী লোকমণ্ডলীর ছারা অমুস্ত নহে বটে, কিন্তু যাহাদের ছারা অনুস্ত, তাহারা যে জগতের মধ্যে সর্বাপেক্ষা অধিক ধর্মপরায়ণ ও অধিক ধর্মভীক্ন জাতি, তাহাতে আর সন্দেহমাত্র নাই। আমাদের সর্বপ্রধান ধর্মশাস্ত্র শ্রুতি অনুসারে,কর্মস্ত্র মানবীয় ভাগ্যের পরিচালক; কিন্তু এ কর্মস্থতের মূল অহুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায় যে, স্বাধীন ইচ্ছা প্রবলা এবং সেই স্বাধীন ইচ্ছা হইতে কর্ম্মস্ত্রের উৎপত্তি। অতএব বাইবেল ও শ্রুতি, উভয় শাস্ত্রের মতেই, বলিতে হইবে যে. মানব যথেচ্ছা আয়োজন করিয়া যথেচ্ছা ফললাভ করিতে সমর্থ হয়: অথবা দৃষ্টাদৃষ্ট ফললাভ কেবল একমাত্র যথেচ্ছা আয়োজন হইতে প্রাপ্ত হওয়া যায়। কিন্তু এখানে বলা আবশাক যে, স্বেচ্ছাবাদ, বাইবেল এবং শ্রুতি, উভয়ে ঘোষিত হইলেও, তত্নভাষোক্ত মতম্বয়ের गरधा जातक প্রভেদ আছে। বাইবেলে পুনর্জন্মবাদ নাই, স্থতরাং উহার মতে এক জন্মের স্বেচ্ছা বা বাসনাই তাবং স্থুথ ছঃথের কারণ। কিন্তু শ্রুতি পুনর্জন্মবাদ ঘোষণা করিয়া থাকেন, এবং দেই পুনৰ্জন্মতত্ত্ব, মানবীয় তাবৎ স্থথ ছুঃখাদিরূপ বৈষম্যের কারণ বলিয়া নির্দেশিত হয়। ইহ জন্মের বাসনা বা স্বেচ্ছাত আছেই; অধিক ন্তু জন্মান্তরীণ বাসনা ও ক্রিয়া সকল, অদুষ্টরূপে পরিণত হইয়া, মানবের শুভাশুভ বিধান করিয়া থাকে। জন্মান্তরীণ জ্ঞান, সংস্কার-রূপে এবং বাসনা ও ক্রিয়া সকল, কর্মান্ত্ররূপে পরিণত হয়। সংস্থার হইতে স্বভাব, এবং কর্মসূত্রনির্মায়ক জন্মান্তরীণ বাসনাভাগ হইতে কর্মবিশেষের প্রতি চিত্তানতি, এবং কর্মস্থতনির্মায়ক জন্মাস্তরীণ ক্রিয়াভাগ হইতে ইচ্ছার অনপেক্ষভাবে কর্মবিশেষে প্রবৃত্তি, এই সকল ঘটনা হইয়া থাকে ;—এই তিনের আবার সমষ্টিভাব যাহা, তাহাকে, শ্রুতি এবং শ্রুতি-অনুসারিণী দর্শন সকল, 'অদুষ্ঠ' এই সাধারণ আখ্যা প্রদান করিয়া থাকেন। ইহ জন্মের স্বেচ্ছা ও বাসনা জন্য ক্রিয়া ও ক্রিয়াফলকে, পুরুষকার এবং তদতীত আর সমস্ত ক্রিয়া ও ক্রিয়াফলকে, অনুষ্টের কার্য্য বলা যায়। যে কেহ আত্মজীবনের প্রতি অন্নথ্যান করিয়াছেন, তিনি দেখিয়াছেন যে, অনেক সময়ে অনেক

কার্য যদিও আমরা স্বেচ্ছাবশে করি বটে; কিন্তু আবার অনেক সময়ে ঘটনাচক্রে এমনও অনেক কার্য্য করণার্থে আদিয়া জুটে, যাখাতে স্বেচ্ছাশক্তির কোনই হাত ও পথ দেখা বায় না। কলতঃ, প্রুষকার্যোগে যে কললাভ, তাহা ইচ্ছাবীনে এবং অনুষ্ট্রোগে যাহা, তাহাই ইচ্ছাতীতে ঘটনা হইয়া থাকে। একতির মতে, বাইবেলের ন্যায়, জীব সকলের আয়া নিত্য নৃত্ন স্প্ট হয় না; আয়া নিত্য, অনাদি, অবিনাশী এবং অব্যয়; বিশ্বপতি পরামায়ারই উহারা অংশ কলাস্বরূপ। যে কর্মাস্ত্রবশে সেই সকল আয়ার জীবত্ব ও জন্মপরম্পরা সংঘটন, সেই কর্মাস্ত্র তত্ত্বতঃ সাদি, কিন্তু প্রবাহরপে তাহা অনাদি।

' এখানে ইহা বলা আবশ্যক যে, এমন যেন কেহ মনে না করেন যে,

ক্রতি ও ক্রতাবলম্বী দর্শন সকলের মতামত এবং বিশেষতঃ তংকর্ত্বক
বর্ণিত অনৃষ্টবাদ, এ সকল যে কি পদার্থ, তাহা উপরের কয়েকট কথা

দারা সমস্ত ব্ঝাইয়া দিয়াছি। ক্রতির অনৃষ্টবাদ অতি গৃঢ় ও অতি
উজ্জল তত্ত্ব, তাহা ডুই চারি কথায়, অথবা কেবল কথাতেও ব্ঝাইবার
জিনিস নহে।

কেবল বাইবেল নহে, আরও অনেকানেক জাতির ধর্মণান্ত্রাদি আছে, যাহারা কি মানবীয়বিষয়ক, কি প্রাকৃতিক, কোন বৈষম্যেরই বিশেষ কোন দস্তোয়প্রদ কারণ দর্শহিতে পারে না; অথচ ইহাও বলিয়া থাকে যে, মানবের ইহ জন্মের স্বেজ্ঞা তাহার সমস্ত শুভাশুভের কারণ। কিন্তু জিঞাসা করি, কেবল সেরপ স্বেজ্ঞা মানবের কতন্ত্রই করিতে সক্ষম হয় ? স্বেজ্ঞায় মানুষের অনেক কার্য্যের উংপাদন করিয়া থাকে বটে, কিন্তু সকল কার্য্যের নহে;—স্টের দিন হইতে এ পর্যান্ত কর জন লোক ইজ্জাবশে বা ইজ্জার পরিচালনে মথাভিলবিত অদৃষ্টপূর্ব্ব ফললাভ করিতে সমর্য হইয়াছে ? বরং তির্বিপরীতে কতই না লক্ষল ইজ্জার পরিচালনকে অতিক্রম করিয়া সমুৎপন্ন হইয়া থাকে। অথবা বলিতে পার, মানব স্বয়ং তাহার কোন ইজ্জাবশে মানব হইয়াছে

এবং কেনই বা সে মানব হয় — আর যদি বল অনো তাহাকে মানব করিয়া পাঠাইয়াছে, তবে আবার জিজ্ঞান্ত, দেটা তাহার কোন্ ইচ্ছা জক্ত? অথবা কে সে এমন অবিবেচক যে জানিয়া শুনিয়াও ইচ্ছাপূর্বক এ স্থপতঃথময় সংসারে তাহাকে মানব করিয়া পাঠায়? সত্য করিয়া বল দেখি, কেবল 'স্বেচ্ছার' আশ্রমে কি এতগুলি কথার উত্তর হইতে পারে? বোধ হয় না। তবে কি কথার এক সীমা ছাড়িয়া আর এক সীমা ধরিয়া বলিব যে, এ স্বেচ্ছা আকাশ-কৃষ্ণমবং অলিক কয়নামাত্র? তাহা নহে। স্বেচ্ছারও অন্তিম্ব আছে; আছে বটে, কিন্তু সেসঙ্গে আরও একটা কথা দেখিতে হইবে যে, স্বেচ্ছা ত আছে বটে, কিন্তু তাহার বিকাশক্ষেত্র ও পরিচালনের উপকরণ সকল কোথায়?—বাহ্নজগতে, অর্থাৎ নিজ্ব প্রকৃতি হইতে স্বতম্ব মহাপ্রকৃতি সংসারে।

দেখা যার যে, এই বাহ্যজগৎ কর্মার্থে যথন যেরপ উপকরণ সকল যোগাইতেছে, মানবীয় স্বেচ্ছা কেবল তদস্কসারিণী হইয়া পদচালনা করিতে সক্ষম; তদতিরিক্ত গমনে অসমর্থ। ইহাও প্রত্যক্ষ দৃষ্টিতে দেখা যাইতেছে যে, সেই সকল উপকরণরাশি, কথনও বা স্বেচ্ছার বশীভূত হইয়া কার্য্য সকল উৎপাদন করিতেছে; কথনও বা আবার স্বেচ্ছাকে তাহাদের বস্থাতায় আনিয়া, স্বেচ্ছার স্বীয় মতবিপরীতে, তদ্বারা কার্যান্তর সকল উৎপাদন করাইয়া লইতেছে। স্কুতরাং বলিতে হইবে যে, স্বেচ্ছা কথনও বা বাহ্যজগতের উপর প্রভুত্ব করিতেছে; কথন বা আবার বাহ্যজগতের প্রভাববলে রূপান্তরিত হইয়া, তৎপ্রদর্শিত পথে গমন করিতে বাধ্য হইতেছে। অতএব এখন ইহা দ্বারা কি এমন অম্বন্ধিত হইতেছে না যে স্বেচ্ছা ব্যতীত, স্বেচ্ছাতীত আরও একটি কর্ম্যত্ত্ব স্বাচ্বরপাধে বির্দ্ধান রহিয়াছে ?

কিন্তু একণে জিজ্ঞাস্য হইতে পারে যে, যে বাহাজগং, উপকরণ যোগাইবার ছলে, স্বেচ্ছাশক্তিকে উপশমিত ও রূপান্তরিত করিতেছে; যাহা সমস্ত চরাচরকে পরিচালন করিয়া কিরিতেছে, তাহাকে স্ববংওত পরিচালিত হইতে দেখা যায়;তবে সে আবার,কাহার ইজ্ঞাবণে চালিত

হয় এবং সে ইচ্ছার কর্তা বা কে ? এবং সে বাহাজগতের কর্মাসূত্র বা কোণা হইতে উৎপন্ন হইল ? এতছন্তুরে সাংখ্যশাস্ত্র বলিয়া থাকেন যে. ''মূলে মূলাভাবাৎ অমূলং মূলম্' এবস্তৃত প্রকৃতি বা প্রধান নামে আথাত যিনি, তিনিই এই বাহাজগতের কর্মস্ক্রস্বরূপা; অথবা এ বাহ্যজগৎ তাহারই নিরবছিল জিয়ানিদর্শনস্বরূপ। প্রধান, জীবন্ধ এবং বাহ্যজগৎ, এ উভয়কে সমান পরিচালিত করিয়া থাকেন। কিন্ত ইহাতে প্রভেদ এই যে, বাহাজগৎ কেবল প্রাকৃতিক নিয়মে পরিচালিত ছইয়া থাকে: কিন্তু জীব প্রাকৃতিক নিয়ম ও আত্মকত নিয়ম (অর্থাৎ শীয় স্বেচ্ছাশক্তি), উভয়ের দারা পরিচালিত হয়। প্রাকৃতিক নিয়ম যাহা, তাহা সাধারণতঃ বাহাজগতের দার দিয়াই জীবের উপর আধিপতা করিয়া থাকে। শ্রুতি অথবা আরও স্পষ্টতঃ শ্রুতাবলম্বী मर्गनभाञ्च (वनास विवा थारकन (य. (यमन वाष्ट्र कीरवत कचास्त्रतीन কামকর্ম জন্য ব্যষ্টি কর্মপুত্র ও ব্যষ্টি প্রকৃতির উৎপত্তি; তেমনি সমষ্টি জীবের তদ্রপ কামকর্ম জন্য সমষ্টি কর্মস্থত্ত ও সমষ্টি অদষ্ট রূপ বাহ্যজগৎ শন্বিত এই মহাপ্রকৃতির উদয় হইরাছে; সেই সমষ্টি কর্মাস্ত্র রূপ মহাকর্মস্ত্রই দৃষ্টাদৃষ্ট ব্রহ্মাণ্ডের কারণ স্বরূপ। তাহা হইতে বিষয় সকলের উদয়, বিলয় ও স্থিতি সাধন হয়। তলাদিষ্ঠ কর্মপরিপাক হেতৃ কি ব্যক্তিবিশেষ, কি সম্প্রদায়বিশেষ, কি জাতিবিশেষ, কি জীবস্টি, কি চরাচর, কি জড়াজড়; সকলেই সমষ্টিও বাষ্টি উভয় ভাবে, উপযুক্ত দেহ, অবস্থা, সংসার, জনক জননী, সঙ্গী, কর্মস্থলী এবং ইচ্ছাতীতে কর্মবিশেষে লিপ্তভাব, ইত্যাদি প্রাপ্ত হইয়া, অদৃষ্টপ্রাপ্ত ফলাফল ও শুভাশুভাদি ভোগ করিয়া থাকে। তাহা দ্বারাই বাহজগং পরিচালিত হয় এবং তাহারই প্রভাবে বাহজগৎ জীবের স্বেচ্ছাশক্তির উপর প্রভুত্ব করিয়া থাকে; এবং এই কারণ হেতু, মানবের স্বেচ্ছা বা পুরুষকার অক্তত্র স্বাধীনরূপে কার্যাক্ষম হইলেও, যথায় যথায় এবং যথন যথনই এই মহাকর্মপ্রতের ক্রীড়া, তথায় এবং তথনই উহাকে বিনত হইয়া চলিতে হয়। ইহাও এক্ষণে আর বলা বাহুল্যমাত্র যে, সেই

অনম্য সর্বাপরিচালক মহাকর্মাহত্তরশেই, ফলদয় একই বৃক্ষে উৎপন্ন ছইয়া ছই বিভিন্ন গতি প্রাপ্ত হয়; ইহারই ফলে মন্ত্রাদ্বর ছই বিভিন্ন পথে যায়; এবং আমাদের বর্ণিত জাতিদ্বয় যে ছই বিভিন্ন দেশে পতিত ও ছই বিভিন্ন স্বভাব প্রাপ্ত হইয়াছিল, এই মত অন্থলারে চলিতে হইলে বলিতে হইলে যে, তাহাও সেই মহা অনুষ্ঠহত্তরশে। পুনশ্চ এ বেলাস্ততবৃত্বুকুও এ স্থলে জ্ঞাতব্য যে, ইহলোকে কি পারিবারিক, কি সাম্প্রদারিক, কি জাতীয়, মা কিছু ঘনিষ্ঠতাপরম্পরা উংপন্ন হয়; তাহা, ৫তত্ত্ব সম্পর্কাশয়ণের কেবল জন্মান্তরীণ কর্মমানৃষ্ঠ বা তাহাদের বাষ্টি অনৃষ্ঠ সকলের মধ্যে অন্ধ্রমণভা হেতু, ঘটনা হইয়া থাকে।—

"কর্ম্মোর্ম্মিণা বিষমবলনৈঃ ফেণবং পুঞ্জিতামা।"

যাহা হউক, পূর্বোক্ত দার্শনিক তত্ত্ব সকলের মধ্যে আর অধিক প্রবেশ করিবার আবশুকতা নাই। বিশেষতঃ,এথানে,অতিশয় স্ক্লু ও কূট-তত্ত্ব সকলের অবতারণা করাও আমাদের উদ্দেশ্য নহে। যাহা সাধারণ-বোধা ও দহজে অমুভূত, তদমুদারে বিষয়ালোচন করাই অভিপ্রেত। ফলতঃ মহুৰা স্বেচ্ছাৰান্ এবং স্বেচ্ছাপথে স্বাধীন হইলেও, স্বাধীনতায় ্সে উন্মাদ যত হইতে পায় নাই। প্রস্তার ইচ্ছা যাহা, তাহার নিকটে মানবের পরাধীনতা পদে পদে। এইরূপে স্বাধীন ও পরাধীন ভাবের একত্র যুগপৎ সমাবেশ হ ওয়াতে, মানব কথন কথন আত্মস্বেচ্ছাবশে কাজ করে বটে; কিম্ব কথন বা আবার স্বেচ্ছার অতীতভাবেও তাহাকে কার্য্যে ব্যাপত হইতে হয় এবং কখন বা ক্ষেচ্ছাকে থাট ও রূপান্তরিত করিতে হয়। অধীর মাহা ইচ্ছা, তাহাই প্রাকৃতিক নিয়ন ব। প্রাকৃতিক কর্মস্ত্ররূপে প্রকৃতিত। বাহুজ্গৎ সৃষ্ মহাপ্রকৃতি দেই প্রাকৃতিক নিয়মের স্থুল দৃশ্য। মানব এক পক্ষে মান্ত্রেছ্যবশে কার্য্য করিয়া, আত্মকৃত শুভাশুভ উৎপাদন করে; মণর পক্ষে প্রাক্ততিক নিয়মের বশবর্তিতায় কার্য্য করিয়া, অদৃষ্টপ্রাপ্ত-বং প্রাকৃতিক ওভাওভও ভোগ করিয়া থাকে। মানবীয় স্বেচ্ছা যে ঐশবিক ইচ্ছাব সম্পূর্ণ স্বধীন, ইহা সকলেই স্বীকার করে ও সকলেই

জানে। কিন্তু সে ইচ্ছা যে প্রাকৃতিক নিয়মরূপে প্রকটিত, ইছা অনেকে অনুভব করিতে না পারিয়া, মানবের একমাত্র ইছ জন্মের স্বেচ্ছাকে তাবং ভোগ্য শুভাশুভের কারণ বলিয়া নির্দেশ করিয়া ধাকে।

মহাশক্তিরপা এই মহাপ্রকৃতি স্বন্ধ বিষ্ণুশক্তিস্বরূপা। স্থতরাং মহাশক্তির যা কিছু নিয়ম, ক্রিয়া ও কর্মস্থ্র, সে সমস্তই জগৎকর্জা বিষ্ণুট্ডেন্ডে আরোপিত ছইতে পারে। মহাপ্রকৃতির যে নিরম ও ক্রিয়া,তাহাকেই প্রাকৃতিক কর্মস্থ্র, প্রাকৃতিক নির্বাচন, বা প্রাকৃতিক ক্রিয়া নামে অভিহিত করিতে পারা যায়। এই প্রাকৃতিক নির্বাচন ও ক্রিয়াকলেই, স্বর্গে নক্ষ্ত্রমণ্ডল, মর্ক্সে পার্থিববস্তুনিকর, এক কথায় এই বিশ্বস্থিত পরমাণুটি পর্যান্ত, সমস্ত চরাচর পরিচালিত হুইয়া ফিরিতেছে। উহারই বশে জড়বস্ত ফল চালিত হুইয়া ফুই বিভিন্ন গতি প্রাপ্ত হয় এবং অজড়বস্ত জ্ঞানময় মন্ত্রাণ্ড উহার বশে নানা পথে পরিচালিত হুইয়া নানা দশায় গতাগতি করিয়া থাকে। ফলতঃ আমরা যতদ্র দেখিতে পাই,তাহাতে প্রাকৃতিক নির্বাচন ও ক্রিয়াফলে মানুষের পরিচালিত হওয়ার ভাগ তাহার তুলনায় অতি সামান্ত।

একণে উপরে যেরপ বর্ণিত হইল, তদমুসারে বাছজগতের নিকট
মানবীর স্বৈচ্ছার যে অধীনত্ব ও বিনতভাব তাহার প্রতি দৃষ্টি করিলে,
প্রতীতি হইবে যে,মানবীয় কর্মান্তর প্রাকৃতিক কর্মান্তরের অঙ্কশরনশারী:
স্বতরাং প্রাকৃতিক কর্মান্তরই মূল,মানবীয় কর্মান্তর তাহার পরে। আমরা
নিজ প্রয়োজনে নিজ কর্মান্তরের হারা পরিচালিত হই এবং তং-যোগে
প্রাকৃতিক কর্মান্তরেকও অঞ্কর করিতে পারি। আবার প্রাকৃতিক
প্রয়োজন বাহা, তদর্থে আমরা প্রাকৃতিক কর্মান্তরের হারা পরিচালিত
হই এবং তন্ধারা জামাদের নিজ প্রয়োজনও উপশমিত ও রূপান্তরিত
হইরা থাকে। প্রকৃতির যে প্রয়োজন কি ও কেন এবং তাহার
সহিত আমাদের যে সম্বন্ধ কতদ্ব, তাহা স্থানান্তরে বর্ণিত হইবে।

অতঃপর ইচা স্পষ্টতঃ দেখা যাইতেছে বে, প্রাক্তিক কর্ম্বত্র হইতে অদৃষ্ঠপূর্ব—ইচ্ছাতীতে ফললাভ; আর মানবীয় কর্মব্ত হইতে দৃষ্টপূর্ব— ইচ্ছাণীনে ফললাভ হইয়া থাকে। নিয়তি এ উভয় উৎস-উৎপর আয়োজনেরই যথাযোগা ফলদায়িনী হইরা থাকেন।

আমি কেন এখানে এবং এরপ, তুমি কেন সেখানে এবং সেরপং স্থাবা এ জাতি কেন এ দেশে ও এরপ প্রকৃতির,সে জাতি কেন সেখানে ও দেরপ প্রকৃতির,সে জাতি কেন সেখানে ও দেরপ প্রকৃতির,সে জাতি কেন সেখানে ও দেরপ প্রকৃতির ইচা প্রকৃতির নিজ প্রয়োজনে, প্রাকৃতিক কর্মান্তর নির্বাচনবশেই, সীম্ম স্বীয় প্রকৃতি ও কর্মান্ত্রী প্রাপ্ত হয় এবং তত্ত্তরে নিজ ও প্রাকৃতিক উভয় কর্মান্তরশে এ সংসারে কর্মারাশি উৎপাদন করিয়া, স্বীয় অন্তিরের সার্থকতাসম্পাদনে প্রয়াস পায়। আমাদের বর্ণিত জাতিরয়ের স্ব প্রকৃতি সহ স্বীয় স্বীয় কর্মান্তর প্রাপ্তির পক্ষেও, উচাই এক নাত্র প্রাকৃতিক বা অনুষ্ঠ কারণ বনিয়া জানিবে। এইরূপে জাতীয় জীবনবিশেবের যে যথাযোগ্য স্বীয় কর্মান্তের সংত্রাপন, ইহা কেবল তব্তঃ অন্তর্ভরের বিষয়। অ্যোত্রের, কর্মান্তেরমধ্যে যে জাতীয় জীবনব্রাচ, তাহা তত্ত্ব সহ্যোগে ইতিহাস ও বিজ্ঞান আদি অবলম্বনে স্বালোচিত হইতে পারে।

নাহাকে প্রাকৃতিক কর্ম্মন্ত, প্রাকৃতিক নির্বাচন ও প্রাকৃতিক নির্বাচন প্র প্রাকৃতিক নির্বাচন করা গেল; দেই উপরেই আভাসিত হইখাছে যে, তাহার নিগুচ মূলারুসন্ধান করিলে দেখিতে পাওয়া বাইবে যে, উক্ত কর্ম্মন্ত বস্তুত: নিয়য়ৢ-নিয়ৢয়্ল নিয়য় এবং প্রকৃতি স্বয়ং তাহার বাহ্ম প্রচারমাত্র। যেহেতু উদ্দেশ হইতে নিয়মের উদ্ধর: অতএব নিয়য়য়লী কর্মন্ত্র, সেই উদ্দেশ অনুক্রপ কার্যাসাধন জ্ঞাই গতিনীল হইয়া থাকে। পরমেশ্বরের কোন পরম উদ্দেশ, এই বৈরাজক্রপ মহাপ্রকৃতির সর্বাত্র বাহাভান্তরপরিচালিতভাবে দেদীপামান রহিয়াছে। স্থতবাং এখন বলা বাহলা যে, কেবল ব্যক্তিগত মানবছীবন নহে, সমগ্র মানবীর জীবন-নমষ্টিও, অথপ্তিত একস্বভাবে, নিয়য়ু-স্কুব

কোন নহছদেশ্য সাধনের নিমিত্ত, কথিত কর্মস্ত্রবশে ব্যানির্দিষ্ট পথে অরিরত গতিশীল হইয়া ছুটিয়াছে। সেই মহৎ উদ্দেশ্সের বিভিন্ন ভাববুক্ত বিভিন্ন দিক্ বা অংশ সমূহের ক্রম-পূর্ণতা দাধন করিয়া, সম্পূর্ণ পূর্ণতামুখে আনম্বন করিবার নিমিত্ত; মানবায় জীবনসমষ্টি তত্তং অংশসংখ্যা অনুসারে, থণ্ডে থণ্ডেত হইয়া, কার্য্যক্ষেত্রে প্রবিষ্ট হইয়াছে। জীবনসমষ্টির উক্ত খণ্ডসমূহের প্রতিখণ্ড, এক একটি বিভিন্ন জাতীয় জীবন। বেমন জাতীয় জীবন বাহার। অনুসরণ করে বা করিতে বাধ্য, তাহাদের যে সমষ্টি তাহাকে তল্লামযুক্ত জাতি বলা যায়। এই জাতিসমূহের মধ্যে যে যেমন কর্মক্ষেত্রে প্রবেশ করিয়া গাকে এবং প্রাকৃতিক কর্মস্ত্র তাহাদের যাহাকে যেমন পরিচালন। করিয়া লইয়া ফিরে, তাহারা তদত্বরূপ বিভিন্ন প্রকৃতি ধারণ করিয়া, খন্য হইতে আপন পৃথকত্ব জ্ঞাপন করিয়া থাকে। পুনশ্চ, আপন আপন কর্মক্ষেত্রস্থ আদিষ্ট কার্য্য হইতে যাহাতে বিচলিত হইয়া পলাইতে না পারে, কথিত কর্মস্ত্র তৎপক্ষে একরূপ নিগড় স্বরূপ। প্রকৃতি তাহার অনন্তবিশ্রতন্তরে নিরন্তর এই ঘোষণা করিতেছে যে, তুমি যে কার্য্য ক্ষেত্রে উদ্ভূত হইয়া জীবন প্রাপ্ত হইয়াছ; দর্মান্তঃকরণে স্বীয় মানবীয় কম্মসূত্র অর্থাৎ পুরুষকারের পরিচালনে, সেই কার্যাক্ষেত্রের অনুসর্ন কর, যেহেতু তজ্জন্তই তোমার উৎপত্তি। স্বীয় জাতীয় কর্মক্ষেত্রে স্বধর্ম অবলম্বনেই, মঙ্গলের সম্পূর্ণত প্রাপ্তি স্থিরনিশ্চয় বলিয়া জানিবে। নতুবা যদি ব্যতিক্রমে বিধ্সী হও, তবে ব্যতিক্রমের পরিমাণ অনুসারে ক্রমধ্বংসে ধ্বংস হইতে থাকিবে; ধ্বংস ভিন্ন তোমার গত্যস্তর নাই। মতএব কথনও তাহা করিও না, আত্মকর্মক্ষেত্র ও স্বধর্মবোধে প্রবৃদ্ধ হও, হইয়া সেইরূপ আচরণ কর। আর্ঘ্য হিন্দুসন্তান বুচিয়া, অযুশস্কর 'চনোগলি-সান্ধর্য্য' খ্যাত ফিরিঙ্গীসন্তান হইও না।

অতএব এ সংসারক্ষেত্রে সমগ্র মানবজাতির মধ্যে, প্রত্যেক জাতিরই নিয়ন্তা কর্তৃক এক একটি কর্মা নিয়োজিত আছে। এজন্ত যতক্ষণ যহোর নিদিষ্ট কার্যা সমধো না হইবে, ততক্ষণ তাহার কেহই ফেলিবার পাত্র নহে: ফেলিবার সময় হইলে তোমাকে স্বামাকে তজ্ঞ্য ক্লেশ পাইতে হইবে না, তাহারা আপনা হইতেই ঘণাকর্মসূত্রানুগত উত্তরাধিকারিবর্গকে স্থান দিয়া কর্মক্ষেত্র হইতে অপস্থত হইবে। পুন-চ. কার্য্যফল যাহার এবং যাহার আজ্ঞায় কার্য্যের আর্বন, তাঁহার নিকট সকল কর্মকারকই সমান যত্ন ও আদরের বিষয়ীভূত। এক্ষণে এই কথা গুলি মনে রাথিয়া জাতীয় জীবন সমালোচন করিলে, ইহাই আলোচা এবং ইহা কেবল দেখিতে হইবে যে, কোন জাতি কিলপ কশ্মক্ষেত্রে প্রবেশ করিয়াছিল; কর্মক্ষেত্রের প্রকৃতি হইতে যতনূর উপ-লব্দি হয়, তদম্পারে তাহাদের প্রতি নিদিষ্ট কর্ত্তবা কার্যা কি ; এবং তাহারা সেই কার্য্যমাধার কতদূর অগ্রসর হইতে পারিয়া, কি পরি মাণে সফলতা লাভ করিয়াছে। কার্যাকর্তার আদিষ্ট কার্য্য সামান্য হুইলেও, কার্যাকারক যদি তাহা স্কুশুখ্ঞানে ও সাত্ত্বিক ভাবে সমাধা করিতে পারিয়া গাকে, তাহা হইলে সে কার্যাকারককে অবশাই ধনা বলিতে হইবে। কিন্তু যথায় অফলতা, নাস্ত কার্যোর ভার তথায় উচ্চ হইলেও, কার্যাকারক অধমের মধ্যে পরিগণিত হয়। ইহার পর কোন্ জাতি সাংসারিক গণনায় ছোট কোন জাতি বড়, ইহার কি আর স্বতন্ত্র আলোচনার প্রয়োজন হইয়া থাকে? নাস্ত কর্ম্বের স্ফলতাতে শ্রেষ্ঠতা এবং তদক্ততেরে অপক্ষতা। যাহা হউক, তথাপি বাস্থারাম বলিতেছে যে, "লৌকিক ভাবেও একটা ছোট বড়র আলোচনাঁ আছে। তুমি হয় ত তেমন স্থলে বলিবে যে, সেরূপ আলোচনায় যে মীমাংসা. তাহা কেবল পাগলের পক্ষে তৃষ্টিকর হইয়া থাকে। কিন্তু আমি তত্ত্তরে বলিব যে, মান্ধুষের মধ্যে পাগলই বা কোন্টা নছে! মনুষ্য শরীরী হওয়ায়, কিয়দংশে সকলকেই পাগল বলিতে হুইবে: অতএব সেই পাগলামির ভৃপ্তি করিয়া, তৃপ্তান্তে গাম্ভীর্যা ও গুরুকর্মান্তুসরণ তাহার মনে উদয় করাইবার নিমিত, ওরূপ মীমাংপারও আবেগুক হইলা থাকে।" কাজেই এখন গরিব গ্রন্থকারকে, বাঞ্চারামবার্ব কথার ছাঁচনি কাটিবার নিমিত্ত, কিছু না ভি: ভি:ত হইতেছে এবং তজ্জ্য এখন

কেবল এইমাত্র নলিতে পারি যে, জাতীয় যে ছোট বড় ভাব, তাহা ক্যন্ত কার্য্যের লগুত্ব ও গুরুত্ব লইয়া; যেমন একজন মনস্তত্ত্ববিং ও একজন শিল্পকার, সমাজের পক্ষে এ উভয় যদিও সমান আবশাকীয় বটে, কিছ তথাপি কার্য্যের গুরুত্ব হেতু মনস্তত্ত্ববিদের আসন প্রথম, দ্বিতীয় আসন শিল্পকারের। জাতীর ছোটত্ব বড়ত্ব বিভাগও তদ্ধা। অতঃপর আমাদিগের প্রস্তাবিত জাতিদ্বের মধ্যে কে ছোট কে বড় তাহা পাঠকেরা প্রস্তাপ আপনাপনি আলোচনা দ্বারা, স্ব স্ব বৃদ্ধি অন্ধ্যারে মীমাংসা করিয়া লইবেন। তৎপক্ষে আমাদিগের আর কিছু বলিবার আবশাকতা নাই।

গ্রীক এবং হিন্দ্, এ উভয় জাতিও, নিয়ন্তার সেই মহছদ্দেশা সাধন জনা, তরিয়োজিত গুটটি বিভিন্ন কর্মাক্ষেত্রে গুইটি বিভিন্ন ভার লইয়া, এ জগতে সমাগত হইয়াছে। স্কৃতরাং ইহারা একপিতৃসন্তান হইলেও এবং পৃথক হইবার প্রতিকৃলে সহস্র উপায় অবলম্বন (যদি তাহা সম্ভব হয়) করিলেও, তথাপি কর্মাস্ক্রবশে তাহাদিগকে পৃথকত্ব অবলম্বন করিতে হইবেই হইবে। এক্ষণে দেখা যাউক, সেই পৃথকত্ব দৃশুতঃ কিরূপে উপস্থিত এবং গঠিত হইয়াছিল।

একবংশত্ব সত্ত্বও, হিন্দু এবং গ্রীক জাতির অবস্থা ও প্রকৃতিগত বৈষমা, কর্মান্থরের নিরোজন ও কর্মাক্ষেত্র বশে উভূত। আনিতে আনি এবং একজন গ্রীক পৃথক্ ভিলাম না। আমার এবং একজন গ্রীকের পিতৃত্বমি স্বতন্ত্র নহে,—বাইবেলভূমিও নহে। পিতা মাতা স্বতন্ত্র, বা আদম ও ইবও নহে। কুলপতি স্বতন্ত্র বা মুদা নহে। রাজা স্বতন্ত্র বা দাউদ নহে। আমানিগের উভয়েরই পিতৃত্বান সেই,

"সপ্তর্ষিণাং স্থিতির্যত্র যত্র মন্দাকিনী নদী। দেবর্ষিচরিতং রমাং যত্র চৈত্ররথং বনং॥"

এবস্থৃত সর্বাস্থ্যপ্রদ স্বর্গসম উত্তরকুরুবর্ষ। নৃত্তিমান্ সৌমারূপে সপ্ত শ্বষি বথার বাস করিতেছেন, বথার স্থধাস্রাবিণী কলনাদিনী মলাকিনী নদী প্রবাহিত হইতেছে, যে স্থান দেবর্ষি-চরিতে পরিকীর্তিত, এবং যথায় চৈত্ররণকানন দেব-গদ্ধর্ন-বিলাস-যোগ্য প্রাকৃতিক-মার্থ্য পূর্ণভাবে বিস্তার করিতেছে, দেই স্বর্গদম উত্তরকুরুবর্ধ আমাদিগের পিতৃস্থান। ১ আমাদের পিতা বিধাতার মানদপুত্র স্বায়স্ত্ব, এবং মাতা বিধাতৃত্বহিত। শতরূপ। কুলপতি সপ্ত-শ্ববি, অদ্যাপি বাঁহারা জ্যোতির্ম্মর গগনে জ্যোতির্বিস্তারে গগনকে শোভনতর করিতেছেন। রাজ্যেশ্বর প্রিয়-ত্রত, সকাননা সাগরাম্বরা সমপ্তরীপা পৃথিবীর উপর বাঁহার আধিপতা। মধুস্রাবী একই ভাষা; ব্গ্যুগাস্ত গত হইয়াছে, তথাপি আজি প্রয়ন্ত ভাষার্যে শান্দিক ও বৈয়াকরণিক একতা তাহার সাক্ষ্য দিতেছে। এইরূপে এক স্থানে, এক পিতৃদেবতার বশবর্ত্তিতার, এক-দেবতা-পূজক চইয়া, গ্রীক এবং হিন্দুগণ এক জাতি থাকিয়া এবং কে জানে কতকাল ধরিয়া, একই ভাবে ও একই রতিশালী হইয়া; আহার বিহার বিলাস

বলা বাজনা যে, নেধকের এতটা ভূমিকা, কেবন সন্মানাহ বন্ধীয় পাণ্ডিডাকে নিতান্তই ফাঁকি দিবার ফিকিব। ছি। এতটা কেরেব ভাল নহে।—বাঞ্চাবাম।

Prichard's Physical History of Mankind, Max Muller's Science of Language, Muir's Sanskrit Texts, Vol. II. এই সকল গ্রন্থ একবংশকের প্রমাণ সলে এটবা। ইহা ভিন্ন ইউরোপীয় ডল্ফিন হইতে বন্ধীয় পুঁঠিমাছ পর্যান্ত আরও কত কত গ্রন্থের, এতদ্বিষয় প্রতিপাদন করিতে, উৎপত্তি হইয়াছে। আমার প্রবন্ধতি হ কথা সতা কি মিথা। তাহার মীমাংসায় বাঁহাদের সন্দেহ হইবে, আজীবন বসিয়া সেই সকল এন্ত দেখিবার ভার তাহাদের উপরে অর্পণ করিয়ানিশ্চিন্ত রহিলাম। প্রদ পদে, বিশেষতঃ যে সকল কথা ও মীমাংসা সর্বজনপরিচিত, তথায় রাণি রাণি কেতাবের নাম তুলিয়া প্রমাণ প্রয়োগের কি সত্য সতাই আবশ্যক হইয়া থাকে 🗸 বিশেষতঃ যে দেশে স্লের বালকের। পর্যান্ত ঋগেদের বচন উঠাইয়া প্রমাণ প্রয়োগে লজ্জিত হয় না, তথায় কি তদ্ধপ প্রমাণ প্ররোগের বস্তুতঃ কোন মূল্য থাকিতে পারে? যাহা হউক,পাঠকগণকে বলিয়া রাখি,আমার দ্বারা বঙ্গীয় পাণ্ডিতোর অনুকরণে নক্ষণ প্রমাণ প্রযোগের কার্যা বভ একটা ঘটিয়া উঠিবে না : এবং ভরদা করি, ঘটয়া উঠিবে না বলিয়া যৈ আমার কথায় তাঁহার। একেবারে অবিখাস করিবেন, এমন নহে। যদি করেন, তবে হয় তাঁহারা মনে ভাবিয়া থাকেন আমি দাগী আশামি: নতবা বলিতে হয়, সকলে যাহা জানে তাহা তাঁহারা জানেন না। নিতান্ত আবশ্যক স্থলে প্রমাণ প্রযোগের ক্রটি হইবে না।—লেথক।

বিস্তার পূর্বক কালবাপন করিতেন। ভিন্নতার নামমাত্রও পরিজ্ঞাত ছিল না। কিন্তু কোন সংযোগই চিরদিনের নহে! পিতা পুত্রে পূথক্ হইরা থাকে, অত্যায় আতায় প্রতায় পৃথক্ হইরা থাকে, অত্যায় এ সংযোগও চিরদিন থাকিবার নহে। যে বিধাতৃনির্দ্ধিই কার্যাপালন জন্য এতদিন ইহারা সংযোগবদ্ধ হইরা বাস করিতেছিল, এতদিনে তাহার সমাধা হইরা আসিল। সংযোগে পালনযোগ্য ন্যন্ত কার্য্য সমাধা হইলেই, একক হউক বা অপর নবসংযোগে হউক, নূতন আদিই কার্য্যে প্রবৃত্ত হইবে। স্কুতরাং পূর্বসংযোগ আর রক্ষা হইবার কথা নহে।

কালবশে ইহাদিগেরও সংমিলন ভাঙ্গিল। মহচত্তেজক অভাবের বুদ্ধি হইল, স্বস্থান প্রচুর বোধ হইল না; অথবা যে কোন কারণের উপস্থিতি জন্য বা যাহাকে উপলক্ষ্য করিয়া হউক, আবশ্যক বোধে, পার্থক্য অবলম্বন পূর্ম্বক, ইহারা স্থ্যপাল্যার স্বস্থান পরিত্যাগ করিয়া, যদচ্ছা যথাভিগমনে প্রবৃত্ত হইল। হিন্দুগণ অপেক্ষাকৃত অল ভ্রমণেই হলম্বন্ধে, ধনুর্ব্বাণহন্তে, বিশাল হিমাদিচ্ডা লঙ্ঘন করিয়া, পুণ্যসলিলা সরস্বতী এবং সপ্তাসিম্বতটে অবতীর্ণ হইলেন। অন্যাদিকে গ্রীকগণ বহুতর নদনদী পর্বতে বন ও দেশ অতিক্রম করিয়া, বহুরক্তপাতে, বহু-কটে ও বছশ্রমে, বছদূরভ্রমণাত্তে, সমুদ্রতীরবত্তী হেলাসভূমিতে পদার্পণ করিলেন। স্বাস্থ উপনিবেশস্থলে পদার্পণমাত্রেই শান্তিলাভ, উভয়ের মধ্যে কাহারও ভাগো বিধাতা লিখেন নাই। উভয়ে উভয় দেশে পদার্পণমাত্র দেখিলেন যে, তত্তৎস্থানের আদিম অধিবাদিগণ উভয়েরই নিকট প্রতিদ্বভাবে দ্ঞায়মান।—ভারতে প্রতিদ্বদী; দৈতাকুল; হেলাসে পিলাস্গী। উভয়েই স্বীয় স্বীয় প্রতিদ্বন্ধীকে দমন করিয়া এবং দাসত্বপদে আনিয়া, আপনাপন প্রভুত্ব স্থাপনের স্থ্রপাত করিলেন। নানা ঘটনাযুক্ত ও নানা অবস্থাসঙ্গুল বিভিন্ন পথাতিক্রম জন্য উভয় জাতির মধ্যে যে কিছু বিভিন্নতা উৎপন্ন হইয়াছিল তাহা ভিন্ন, ছাড়া-ছাড়ি হইয়া দুরান্তরে পতিত হইলেও, বুত্তি এবং প্রকৃতি এ চুয়ের একতাপক্ষে, এখনও উভয়জাতির মধ্যে বিশেষ ব্যত্যয় ঘটিয়া উঠে নাই

বলিতে হইবে। কিন্তু এ একতাটুকুও আর অধিকক্ষণ থাকে না। স্ব স্ব বিভিন্ন কর্মক্ষেত্রে ইহাদের প্রবেশ আরম্ভ হইল।

হিন্দু এবং প্রীক, এতছভ্র জাতি যংকালে স্থানেশ পরিত্যাগ পূর্ব্ধক, স্ব স্ব গন্তব্য এবং অধিকৃত দেশদ্বয়ে পদার্পন করিয়াছিল; দেই সময়ে, সেই দ্রতম, স্বতির বহিভূতি ইতিহাসের অন্থান সময়ে, সমস্ত জগং ঘোর মূর্যতা-অন্ধকারে আছেল ছিল। পার্শ্বছ মানব সমস্ত তখন একরপ পাশবর্ত্তি অবলমন করিয়া, বনে বনে, গিরিগছ্বরে, সমুদ্রবেলায়, ক্বন্দিবরীয় সভ্যতার স্তিমিতালোক তখনও প্রজ্ঞালত হইয়াছিল কি না বলিতে পারি না। যদি হইয়া থাকে, তবে তাহা, বোধ হয়, তত্তং দেশমধ্যে আবদ্ধ এবং দেশবহির্ভাগের যে কোন বিষয়ের সহিত সম্প্রতাবে সম্পর্কবিরহিত ছিল। স্থতরাং হিন্দু এবং গ্রীক উভয়জাতিই, স্বীয় স্বীয় গন্তবা পথে, সহচর, সহায় বা পরিচালক বন্ধু অথবা প্রতিকৃল-ক্রিয়াই প্রতাব পথে, বাধ হয় ইহারা,একমাত্র ক্ষণিক নিরাশ্রমী ছাতীয় সংশ্রব তিয়, একাকী অতিবাহন করিয়াছিলেন।

যে শৈশব, যৌবন ও জরা মানবীয় বাক্তিগত জীবনে, বা বিশ্বস্থ তাবং পদার্থ সম্বন্ধে নিত্য নিরন্থর অভিনীত; মানবীয় জাতীয় জীবন, জ্ঞানজীবন ইত্যাদি সম্বন্ধেও, অবিকল তাহাই। দেশ কাল পাতে আদি পার্থকাবোধক মারা ভেল করিলে, অনস্থ পূর্ণতাময় বিশ্বনির্মের কি অপূর্ব্ধ একতাই না লক্ষিত হয়। এখান হইতে দেখান, এ কাল হইতে দেকাল,এ কাজ হইতে দে কাল,এ কাজ হইতে দে কাল, শক্ষেত্র প্রদারণ হইতে সম্বোচনে পর্বেশ্ব গুটিত হইয়া, শেষে আদিয়া একতায় মিশিয়া বিশ্বরূপে পরিণতি পূর্ব্বক, কি পরিক্ষুট্ স্বরে দেশকালাদির নশ্বরত্ব জ্ঞাপন করিয়া থাকে! সে যাহা হউক, মানবিভিত্ত শৈশবে বিচারবিহীন, বিকারবিহীন, হয়মথিত সল্যানবনীতবং নির্মাল, কোমল, টল্ টল্ করিতেছে; পিণীলিকাটি প্র্যান্থ ভ্রেরে উপ্রে দিয়া চলিয়া গেলে, তাহাতে পারের দাগ বিদ্রা

থাকে। গর্ভ হইতে ভূমির্চ হওয়ার পর, শৈশব হইতে শেষ পর্যান্ত वाक्तिविर्मास्यत जीवरन, ज्ञानजीवरनत उर्पाल वृक्षि अमात्र छ পরিণাম আদি যে ভাবে ও যেরূপ প্রকরণে অভিনীত হইয়া থাকে: আদিমকাল হইতে উত্তরকালিক মানবীয় জাতীয় জীবনেও, জ্ঞানজীবন বিষয়ক অভিনয় তদ্রপ। ব্যক্তিবিশেষের আশৈশব জীবনতত্ত্ব যে ভাল করিয়া প্রবেশ করিতে পারিয়াছে; কি বিবর্ত্তবাদ, কি ক্রমোন্নতি, কি অপর যে কোন প্রকার বীক্ষণপ্রণালী, যদবলম্বনে হউক, জাতীয় জীবনতত্ত্বে প্রবেশ করা তাহার পক্ষে অতীব সহজ। শিশু অনন্ত গর্ভ ছইতে নবাগত, সংসারচাতুরীতে অপরিচিত এবং বোধশূনা; স্থতরাং চক্ষ নলিন, নবীন, পূর্ব্বদর্শনশূন্য এবং অকপট। যে যে ভাবে নয়ন সমক্ষে উপস্থিত হইতেছে; চাতুরীশূন্য, সর্ব্ব বস্তুতে সমদশী, তাহার অকপট-চিত্ত তাহাকে বিনা বাক্যব্যয়ে অবিকল সেই ভাবে গ্রহণ করিতেছে। এ সময়ে যে কোন বস্তু, ইচ্ছা করিলেই, সেই নেত্র এবং চিত্ত সমক্ষে রোষ, ভয়, বিশ্বাস, মোহ প্রভৃতি, যাহা ইচ্ছা, তাহা উৎপাদনে সমর্থ হয়। এ সময়ে প্রবলতা সহকারে যে যে ভাবে সেই চিত্তকে আকর্ষণ ক্রিবে, চিত্ত যথাদিষ্ট্রবং মোহতাডিত হইয়া সেই ভাবে আক্র্যিত এবং তদমুরূপ শিক্ষিত হইবে। যদিও চিত্তধর্মো, গ্রীকজাতি এবং হিন্দগণ উভয়েই,সেই প্রাচীন বা ইতিহাসের অমুদয় কালে, ধর্মলালদা, বলবীর্যা, মাহস ও বীরদর্প প্রভৃতি মনুষোচিত গুণে পর্পরিপরিত ছিল: তথাপি বৃদ্ধিও জ্ঞানপর্কো, সে সকল গুণ, অপার উন্নতগামী গুণ-সংসারের গণনায়, অতি নিম পর্যায়ে অবস্থান করিত বলিতে হইবে। গে যে গুণের উৎকর্ষে মহুষ্যত্ব বদ্ধিতায়তন হয়, যে জ্ঞানের প্রাচুর্য্যে মনুষাত্ব প্রকাশ ও দীপ্তিমান হইয়া থাকে, সমাজ এবং সংসার বাহার কল্যাণে স্বর্গথন্তরূপে প্রতীয়মান হয়, একম্প্রকার গুণ ও জ্ঞানের আধার স্করপ মানবীয় জ্ঞান-জীবন সম্বন্ধে তাহাদিগের এই শৈশবকাল। তাহা-দিগের জাতীয় জীবনেরও এই শৈশবকাল। জাতীয়চিত্তও, সমষ্টি বাষ্টি উভয়তঃ, অনুরূপ শৈশবোচিত। এ সময়ের দুর্শনত্লীয়, প্রধানতঃ ভৌতিকজগংস্থ আধিভৌতিক ব্যাপার; আজিক জগং ও তত্তৎপন্ন আধ্যাত্মিক ঘাত প্রতিঘাত আদি অতিশ্ব বিবল। যাহা হউক, যথারূপা বাহাজগং এ সময়ে যে ভাবে ও যে মূর্ত্তিতে, চিত্তকে আকর্ষণ করিবে; চিত্ত সেই ভাবে আকর্ষিত এবং তাহাতে পূর্ণ ও তাহাতে শিক্ষিত হইবে। এই আদি এবং নৈস্কর্মিক শিক্ষা, বর্ত্তমান এবং প্রায় সমগ্র ভাবী জীবনপ্রবাহেরও, পরিচালক স্বরূপ হইরা থাকে; উহা বে কোন বিশেষ ভাবে হউক, একবার তদ্রূপ পরিচালকরূপে দণ্ডায়মান হুইতে পারিলে, বহুযুত্বেও আর তাহার মোহ পরিতাগ করিতে সমর্থ হুরো যায় না। প্রধানতঃ ইহা হুইতেই দৃশ্যমান জাতীয় প্রকৃতির উৎপত্তি হয়।

কিন্তু এ স্থলে একটি কথা বলা কর্ত্তব্য। পুনরুক্তি বা অনাব্শ্যক হুইলেও, বলিতে ক্ষতি নাই। উপরে জাতীয় প্রকৃতির নির্মাণবিষয়ে रेनमर्भिक मुनारित ও ज्मीय आकर्षभाषित राज्यभ आत्माहना करा राम. তন্ধারা যেন এরপ কোন মতে বিবেচিত না হয় যে, একমাত্র নিস্প্ প্রাণ বাহজগং, মানবজীবনের গতিচাত্র্যসম্পাদন এবং তাহার ভাবী পরিণামভিত্তিস্থাপন পক্ষে বলবতী; অথবা, মানব-প্রকৃতি আত্ম-স্বাতন্ত্র পরিত্যাগ পূর্বক কেবল এক বাহ্যজগতে লীন হইয়াছে। মান্বের অন্তঃপ্রকৃতি যাহা, তাহা সর্বাদাই বাহাজগৎ হইতে মান্বের ক্সাজ্বভাব প্রিজ্ঞাপন ক্রিতেছে। বাহাজগং আমাদিশ্যর সম্বন্ধে কেবল কর্মক্ষেত্র নির্বাচন এবং কর্মভিত্তি নিরূপণ ও কর্মার্থে উপ-করণাদি সম্প্রদান করিয়া থাকে: আমরা নিজ অন্তঃপ্রকৃতি যোগে দেই কর্মক্ষেত্র মধ্যে দেই কর্মভিত্তিকে আশ্রয় করিয়া, দেই উপকরণ-রাশির সন্ধাবহারে ও স্বেচ্ছাশক্তির পরিচালনে, কর্মরাশির সমুৎপাদন করিয়া থাকি। স্বতরাং এখন প্রতীত হইবে যে, আমাদের অস্তঃ-প্রকৃতি যাহা, তাহা সর্বাদা স্বাতন্ত্রাভাবযুক্ত এবং কেবল স্নামাদের বহিঃপ্রকৃতি যাহা, তাহাই বাহাজগতে লীন হইয়া পাকে। এ স্থল আবও একটি বিষয় পরিস্থার করিয়া বলাকর্ত্তবা। আমরা এই প্রস্তাবমধাে কোথাও প্রকৃতি, কোথাও বাহাজগং, কোথাও বা মন্ত্র্যা-প্রকৃতি, এরূপ একধরণের বহু শব্দ বাবহার করিয়া আসিতেছি; কিন্তু প্রতাক শব্দ ঠিক কি কি অর্থে বাবহৃত হইয়াছে? দার্শনিকের ন্যায় কোন বিশেষ শব্দকে বিশেষ অর্থনানে সেই শব্দের অর্থসন্ধীর্ণতা সাবন করা, আমাদিগের কথনই রুচিকর নহে; বরং সর্ব্যান্তঃকরণে সেরূপ কার্যাকে দ্বণা করিয়া থাকি। তথাপি দেখিতেছি, এই প্রস্তাবমধ্যে, প্রকৃতি সম্বন্ধীয় নিকটার্থবাধক বিবিধ শব্দের একত্র সংযোজন হেতু, ক্ষণিকের নিমিত্ত প্রত্যাক্রর অর্থ নির্বাচন কিয়ং পরিমাণে আবশাক হইতেছে। অতএব প্রকৃতি অর্থে, যাহার নির্বাচন ও ক্রিয়াফলে কর্ম্মন্তরের উৎপত্তি: যাহা নিয়ন্তার পরবর্ত্ত্তী ও আর সকলের আদি, যাহা নিয়ন্তার আজ্ঞাবশে কর্ম্মন্তরের পরিচালন করিতেছে, যাহা সর্ব্ববাদিনী এবং যাহার আদি ও অন্ত কেবল নিয়ন্তার সমিন্তিত, তাহাই এথানে প্রকৃতি পদে বাচা। তদ্বাতীত আর সমস্ত, অর্থাং যাহা পরিদৃশ্যমান ব্রহ্মাও তাহা বাহাজগং। মন্ত্র্যাতরের অর্থ চলিত অর্থ, উহার আর বিশেষ অর্থবাচনের আবশাকতা নাই।

বাহাজগৎ এবং মানবপ্রকৃতি, এ উভরে স্বতর পদার্থ; কিন্তু একণে এই প্রবন্ধের পরিবোধার্থে, এতছভরের মধ্যে পরম্পর বেরূপ সম্বন্ধ, তাহার কথঞ্জিং আলোচনা ও অবধারণা আবশ্যক। বাহাজগং যাহা, তাহা প্রাকৃতিক কর্মান্ত্র, অথবা অন্য কথায়, নিমন্ত,-ইচ্ছা দারা পরিচালিত; আর মন্ত্রমাপ্রকৃতি যাহা, তাহা সেই বাহাজগংস্থ অর্থাৎ প্রাকৃতিক কর্মান্ত্রর অন্ধশন্ত্রনামী ইইলেও, স্বতন্ত্রভাবে স্বীয় অন্ধর্জগংপরিপোষণে এবং নিজ স্বেচ্ছাশক্তির পরিচালনে সক্ষম। কিন্তু মানব-প্রকৃতি, স্বেচ্ছাশক্তি-সম্পন্ন হইলেও, কার্য্যকালে বিনা অবলম্বনে কার্য্যন্ত্রক্তি, স্বেচ্ছাশক্তি-সম্পন্ন হইলেও, কার্য্যকালে বিনা অবলম্বনে কার্য্যন্ত্রমাধকতায় অক্ষম। অতএব অবলম্বন জন্য, কার্য্যকালে তাহা বাহাজগতের মুখাপেক্ষী; তাহার সহিত সংযোগ এবং তাহার আশ্রম ব্যতীত কার্য্য করিতে পারে না। অন্তর, মন, অভন্ধার, প্রজ্ঞা, মেধা, মতি, মনীরা, স্মৃতি, ক্রতু, ইচ্ছা ইত্যাদি ব্রিনিচয় মন্ত্র্যপ্রকৃতির প্রষ্ট্-প্রশ্বত

সম্পত্তি; বাহাজগৎ হইতে সে সকল প্রাপ্ত হয় নাই। চার্ব্বাক বা আধুনিক বৈজ্ঞানিক শিষাগণ বলিতে পারে এবং বলিয়াও থাকে যে, আদিম কাল হইতে চেতন অচেতন এতহভয়ের ক্রমান্বয় সন্থাতে, উক্ত সমস্ত বুত্তি উদ্ভাবিত ও পরিবর্দ্ধিত হইয়া আসিতেছে। তাহা যাহাদের হইয়া থাকে হউক, আমার হয় নাই: এবং যে ব্যক্তি সে কথা গ্রহণ করিতে চাহে, তাহারই পক্ষে তাহা গ্রহীতব্য। আমার পক্ষে, যাহা সহজ বুজিতে উপলব্ধ হয়, সহজে যাহা বিশ্বজিয়ার সহিত অক্ষ সামঞ্জ্যা-সাধক, যাহার সিদ্ধান্তে চিত্ত অপার অশান্তির স্থল হইয়া না দাঁড়ায়, এবং যদর্থে কুতর্কের অপ্রয়োজন, তাহাই সর্বতোভাবে শ্রেয়ঃ এবং গ্রহণীয়। ঐ ঐ চেতনাচেতন সম্বাতে, ঐ ঐ বত্তি প্রবৃত্তি শক্তাদি উংপন্ন হয় না; তবে তদ্মারা তাহারা জাগ্রত এবং বিকশিত হইয়া থাকে বটে। সে বাহা হউক, উপরি-উক্ত ঐ সকল বুত্তাদি মনুষা-প্রকৃতির আছে বটে : কিন্তু বাহাজগতের সহ সংস্রব বিরহে, ঐ সকল বৃত্তি অকার্যাকর। উপমায় বলিতে গেলে, উহারা শাণিত অস্তম্বরূপ, কর্ত্তন ও শোধনযোগ্য দ্রব্য পাইল যদি,তবেই নানাবিধ কার্য্যের উৎপাদন করিল এবং সেই কার্য্যে সেই ধার যত্ন পূর্ব্বক প্রয়োজিত করিলে, হয়ত ধারেরও বৃদ্ধি হইল ; কিন্তু যদি তাহা না পাইল, তবে অকার্য্যকর হইয়া অব্যব্টিমাত লইয়া পড়িয়া থাকে এবং অব্যবহারে মরিচা পড়ায়, হয়ত ধারের একবারে ধ্বংস হইয়া যায়। বাহ্যজগতের সহিত সম্পর্ক বিচ্ছিন্ন হইলে পর, বুত্তাদি লইয়া করিব কি ? আমার স্থৃতি আছে, কিন্তু কি স্মরণ করিব ;— সামার স্মরণীয় বস্তু কোথায় ? সামার मनीया आह्न, किन्द कि नहेवा छाहा थाजेहिन ;--- ए पृष्टे-वन्नभार्ग अव-লম্বন ভিন্ন অনুষ্টবস্ত অনুভবের সম্ভবতা শরীরধারীর পক্ষে অসাধ্য, সে বস্তু কোথায় ? আমার অহন্ধার আছে, কিন্তু কাহার দহিত পার্থক্য मनाहेश এই বোধের ভাব সমাক উপলদ্ধি করিব; তুলনীয় বস্তুর অভাব। আর মার বৃত্তাদি দম্বন্ধেও অবিকল তদ্ধপ কথা বলা বাইতে शास्त्र। এই मुकल बृज्यानि निरम्नाल वा अनिरम्नाल, उरकर्ष वा अलक र्ष

ভাব প্রাপ্ত হইয়া থাকে। আমরা, সাধরণ মানবীর কার্ব্যস্থেও, ইহা নিতা প্রত্যক্ষবৎ দেখিতেছি। ফলতঃ, রুত্তাদি সমস্ত, বাহ্যক্ষণতের স হত সম্বর্ধবিচ্ছির হইলে, এবস্তৃত অকার্যকর হইয়া উঠে যে, মানব-প্রকৃতি, অন্তিম্ব সন্বেও, অন্তিম্ব-বিহীনতা অপেক্ষা অধমভাব প্রাপ্ত হইয়া, অতিশয় অবাঞ্চনীয় এবং হেয়তম হইয়া বায়। কিন্তু সর্ব্বদর্শী নিয়স্তার তাহা অভিপ্রেত নহে; সে অভিপ্রায়ে প্রতি পদার্থের সার্থকতাই নিতা নিয়য়।

অতএব মানবপ্রকৃতি, বাহ্যজগতের সংযোগ ভিন্ন, যে কোন কার্যা-সাধনে সম্পূর্ণ অসমর্থ। আমরা বাহা করি, বাহা বলি, বা আমরা বাহা ভাবি, সে সকলেরই ভাবাভাদ অথে আমরা বাহাজগং হইতে সংগ্রহ করিয়াছি; নতুবা দেরূপ করিতে, দেরূপ বলিতে, দেরূপ ভাবিতে, বা কিছুই নিষ্পন্ন করিতে পারিতাম না। মানবচিত্তের সহ বাহাজগতের সংযোগ, প্রথমটি দিতীয়টির ভাসে প্রতিভাসিত হওয়া মাত্র: যদ্রপ ক্ষাটিকপাত্র, কোন বর্ণবিশিষ্ট পুষ্প বা বস্তু বিশেষের নিকটস্থিত হইলে, সেই পুষ্প বা বস্তুর বর্ণে প্রতিভাদিত হইয়া সেই বর্ণত্ব প্রাপ্ত হয়। এই প্রতিভাস চিত্তমধ্যে ভাবরাশিরপে পরিণত হইয়া, বত্তি সকলের ক্ষরণ ও চিত্তের প্রবাহময়ী কার্য্যভিত্তি নির্মাণ করিয়া গাকে। ফলতঃ, আমাদিগের চিত্তের যে কিছু চিস্তা, কল্পনা ও ধারণাদি ক্রিয়া -তাহা, বহির্জগৎ হইতে প্রাপ্ত যে সকল ভাবাভাসসমষ্টি তাহারই, আবশাকোচিত ও দেশকালোচিত নৃতন সাজে ও নব সংযোজনে, অন্তর্জগৎ যোগে প্রতিপ্রদবমাত্র। দে যাহা হটক, বাহাজগৎ কি সরল অথচ কৌশলময় স্ক্রতর, কূটতর অদৃশ্য পছা দিয়া মানবচিত্ত সম্বন্ধে তাহার এই স্থমহং কার্য্য দকল সম্পাদন করিয়া থাকে: আমরা তাহার কিছুই অনুভব করিতে পারি না এবং মনেও কথন এমন থট্কা হয় না যে, তলে তলে এতটা কাঞ্ছ হইয়া যাইতেছে।

ধীর শাস্ত অনিল-বাহী বাসস্ত প্রদোষে মেঘতনসাজ্জন নভোষওল দেখিয়া, আমার মন সহসা তমসাজ্জন হইরা ল্লাভাবে একপ অভাবনীয়

চিন্তানগ্ন হইল কি জন্য ৭ দেহপিজ্ঞারে প্রাণ যেন আকুল হইরা উঠিতেছে, কি সকল কথা মনে হইতেছিল, হইতে হইতে নষ্টশ্বপ্ৰবং আবার যেন তাহারা কে কোথার ছুটিয়া পলাইয়া যাইতেছে। কোথায় আকাশের দূর প্রান্তে মেঘমালা ঝুলিতেছে, আর কোথার আমি এই দূর সংসার-কাম্বার বা ভূমিকাম্বারে পতিত রহিয়াছি; উভয়ে এই বিষম নুরত্বে অবস্থিত, তথাপি কেন উহা দারা আমার চিত্ত আকর্ষিত এবং আকর্ষণহেতু চিত্তে নানা অভাবনীয় ভাবান্তর সকল আসিয়া উপস্থিত হুট্ল:—ৄ মেঘের সহ আমার মনের কি সম্বন্ধ বলিতে পার যে. ঘাহাতে মনোমধ্যে ঐ ঐ ভাবাস্তরের সম্ভব হুইতে পারে ? কোকিলের মধুর স্বরে প্রবণের তৃপ্তি; পূর্ণচন্দ্রদর্শনে চিত্তের প্রফুল্লতা; নক্ষত্রথচিত নীল চ্লাতপ নভংগল দুৰ্শনে মনোমধো নিদ্রগতিক্রমকারী ভাবের উদয় ও ভাবসমূহের অনস্কল্প্রদারী তরঙ্গসম্বল ঘাত প্রতিষাত ; দূরস্ব গীতবাদাধ্বনি শ্রবণে চিত্তের অস্তির-প্রসন্নতা; নির্জন বিশাল কাস্তার দশনে দিশাহারা বিষয়তা নির্ববিণীপবিশোভিত গিবিঞ্চামধ্যত কাস্তার ভাগ হইতে বছবিধ বিহঙ্গরবমিশ্রিত প্রতিধ্বনিতে মনোমধ্যে জন্মান্তরীণ ভাবের উদয়: এ সকল কি কারণে হইয়া থাকে ? উদ্বে বিভাৎ-বজাদি-যুক্ত নিবিড ঘনঘটাচ্ছন আকাশমণ্ডল, নিমে স্বচ্ছল-অন্ধ-কারময়ী রজনী: টিপ টিপ থদ্যোত্মালা জ্বলিতেছে, বিছাৎ-ঝল্সে অন্ধকার আরও অধিকতর অন্ধকারে পরিণত হইতেছে: পতক্ষের বিবিবৈব, জলের তর তর ধ্বনি, ভেকের কলরব, বায়ুর শন শন শন : এবস্থৃত সময়ে চিত্ত কেন চমকিত, সঙ্গুচিত এবং ভীত হইরা, আত্ম-লার্চাতা পরিত্যাগপুর্বক, দেই দেই ভাবে লীন হইয়া থাকে ? কোথার মানবচিত্ত, আর কোণায় সেই সেই বস্তু; তথাপি, আবার জিজ্ঞাস। করি, ভাহাতে কেন আক্ষিত উত্তেজিত এবং ভারাম্বরপ্রাপ্ত হট্ট্রা থাকে ? কি কারণেই বা দেই ভাবান্তর ভাব, দৃশ্যাদৃশ্য ভাবে আমার ভাবী কার্য্যপ্রবাহের প্রস্থৃতি স্বরূপ হয় ? এ চৌম্বকীয় খণ ইহাদের নধ্যে কে সংযোদ্ধিত করিয়া দিল ? বলিতে পার কি ? বল বল, বলিতে

পারিলে তোমাকে বহু ধঞ্চবাদ প্রদান করিব!—বাহারাম, গেটের সেই নিসর্গ-আত্মার বাক্য শ্বরণ হয় কি ?

"Tis thus at the roaring loom of time I ply,

And weave for God the Garment thou see'st Him by."

নিনাদ-আবর্ত্তমন্ত্রী কাল-তন্ত্রমাঝে করি নিত্য গতারাত আমি এইরূপে, করিয়া বয়ন বিভূ-বসন্ত্রিভূতি, দেখিতেছ তাঁকে তুমি উপলক্ষ্যি যাহে।

ইহাও সেই নিস্কাগৃহে কালতন্ত্র-বিস্পিত ভূতেশের বস্নাংশ বয়ন माज। हम्रत्कत होमकीम अन गांश इटेंटि, टेशानत এই होमकीम ত্ত্বণত্ত তথায় উৎপন্ন। বাঁহার আজ্ঞার ফুল ফুটতেছে, ফল পাকিতেছে, নক সমগুল স্থারিতেছে, পরমাণু উড়িতেছে, আমরা বুঝিতে পারি বা না পারি, উহাও সেই বিশ্বকর্মার কৌশল এবং কার্য্য। অথবা যাহারই ছউক এবং আমরা তাহা বৃঝিতে পারি বা না পারি, ইহা কিন্তু নিশ্চয় যে. বাহুজগৎ ও মানবচিত্তের মধ্যে, সমধর্মি-বস্তুসম্ভব একটি চৌম্বকীয় আকর্ষণ নিতা অবস্থান করিতেছে; তাহা লুকাইবার নহে, হারাইবার নহে, অথবা ধ্বংস হইবরেও নহে। অনন্তরপা একত্বময়ী মহাশক্তির উহা, অবিরল এক-এবং-সর্ক সভান্তর-পরিচালিত শিরা ধমনী আদির সঞ্চরণক্রিয়া মাত্র! যে খেণ এবং পদার্থরাশির সমাবেশে বিশ্ব নির্শ্বিত এবং জগৎ নির্শ্বিত, মানবের আধিভৌতিক অংশও অবিকল সেই একইবিধ গুণপদার্থ সমাবেশে নির্ন্মিত হইয়াছে ;—অনেকানেক বিজ্ঞ ব্যক্তি মানবদেহকে ক্ষুদ্রায়তন বিশ্ব বলিয়া বর্ণনা করিয়া গিয়াছেন. এখন দেখিবে সে বর্ণনা কেবল অলঙ্কারপূর্ণ অত্যুক্তি নহে, তাহা পূর্ণ-সাত্রায় স্তাপূর্ণ এবং সং। কেবল মনুষ্যাদেহ নহে, কি জড় কি ব্দজড়, যে কোন সামান্ত বস্তুপণ্ডও, অবিকল সেই একইবিধ বিশ্বগুণ-পদার্থসমাবেশে নিশ্মিত; — বাছাতে বাছাতে বিশ্ব রচিত, ক্ষুদ্র বৃহৎ ও সামাত্ত মহৎ, সকল বস্তুই তাহাতে রচিত; পৃথক কেবল, রচিত পদার্থের প্রকৃতি ও আয়তন অমুদারে, রচক গুণ ও পদার্থ সকলের পরিমাণ লইরা। এ সংসারে এমন কোন পদার্থ নাই, যাহাতে অপর কোন এক পদার্থ সন্মিলিত হইতে না পারে; স্নতরাং ইহা নিশ্চয় জানিও যে, মিলিত ও মেলকে সমপদার্থত্ব ভিন্ন, কথনও মিলনশক্তির সম্ভাবনা হইতে পারে না। দুর নিহারিকা ও নক্ষত্রসত্তা আকর্ষণ করিয়া যে আলোক-মালা আসিডেছে, তাহাও তোমার আমার দেহ এবং এই পৃথিবীর দক্ত দংমিলিত হইয়া যাইতেছে; তাই জিজ্ঞানা করি, সন্মিলনের অভাব কোণায় দেখাইতে পার বল দেখি ? অতএব এ তত্ত্ব অনুসারে স্বচ্ছলে বলিতে পারা যায় যে, কুদ্র বা মহৎ প্রতি পদার্থ ই এক একটি বিশ্বপ্রতিরূপ এবং এই নিমিত্র, বাষ্টি সমষ্টি বিভাগ সংখ্যে, এই সমস্ত সৃষ্টি এক বিশাল বৈরাজ ও অদৈত সংসারস্বরূপ। এই নিমিত্ত কোন এক স্থানে গুণ ও পদার্থ বিশেষে ঘাত প্রতিঘাত হইলে. নিক্ষিপ্ত লোষ্ট্রোথিত জলম ওলবং ক্রম প্রদারণে তাহা দর্মত্রগামী হইয়া; অথবা তাড়িতবেগবং চালকস্বরূপ সর্ব্যস্থারে পরিচালিত হইয়া; সকলকেই বিক্ষোভিত বা এক আকর্ষণসূত্র সকলকেই আকর্ষিত করিয়া, সর্বাত্র আকর্ষিতের স্বভাবভেদে, অনুকূল বা প্রতিকূল বটে, কিন্তু সমঙ্গাতীয় ক্রিয়ার উৎ-পাদন করিয়া থাকে। ইহার মধ্যে স্থল এবং নিকট ক্রিয়া যাহা, তাহাই আমরা অনুভব করিতে পারি: দুর এবং স্কু যাহা, তাহা অমুভব করিতে পারি না ; এবং যদিই বা কোন প্রকারে কখনও তাহা অফুভূতিতে আইদে, তথন হয়ত তাহা বুঝিতে ন। পারিয়া, চপলতা সহকারে তাহার কারণনির্দেশ লইয়া বাক্বিতভা করিয়া থাকি। দেখ, পুত্রের বিরোগ হইল; কিন্তু অতিদূরস্থিত পিতা মাতা দেই মুহুর্ত্তেই বিষম চঞ্চলতা প্রাপ্ত হইল ; সংবাদ নাই, পূর্ব্বাভাস নাই, অথচ চঞ্চলতা প্রাপ্ত হইল: কভন্তনে হয়ত এ ঘটনাকে আদৌ বিশ্বাসই করিতে চাহে না, ক্তজনে বা তাহার নানারপ কারণ নির্দেশ করিতে যায়। হিন্দু-মতে উক্ত স্ক্র আকর্ষণ ও যৌগিকতা, আকাশধর্ষে পরিচালিত হইয়া থাকে। সে বাহা হউক, এক্ষণে বক্তব্য এই বে, প্রতি বস্ত্রথণ্ড পূর্ণ বিশ্ব প্রতিরূপ হইলেও, কথিত গুণ ও পদার্থতিক পরিমাণের প্রজেদ হেতৃ বস্তু সকলে, তাহাদের পরম্পর সম্বন্ধে, বিজ্ঞাতীর ও সমজাতীয়, সমধর্মী ও অসমধ্যমী, ইত্যাদি বিভাগের উদর হইরা থাকে। একণে সেই জাতি ও ধর্মাদির ভেদভাবহেতুই, বস্তু সকলের পরম্পর অব্বয়ে, গুণও পদার্থ ক্ষোভলাত ক্রিয়ায়,কোণাও অনুক্লতা কোথাও বা প্রতিক্লতা দৃষ্ট হয়। সমধ্যমী ও অসমধ্যমী পদার্থন্বয়ের এক অপরের সম্বন্ধ আতিশ্যা প্রাপ্ত হইলে,তাহাকে বিষ শব্দে অভিহিত করা গিরা থাকে। সাপের বিষ মান্তবের শরীরেও আছে, কিন্তু সাপে নিহিত বিষ পদার্থের আতিশব্য হেতুই, মান্তবের পক্ষে তাহা বিষদ্সন্ত ক্রিয়া উৎপাদন করিয়া থাকে। আত্মিক ও ভেটিতক, উভর বিবরেই, প্রকৃত চিকিৎসাবিদ্যা বাহা, তাহা বিষেত্রই হরণ প্রণ সাধন মাত্ম।

গুণসংসারের নৈস্গিক উত্তেজনায় আকর্ষক পদার্থবিশেষে কোন প্রকার গুণকোভ উপস্থিত হইলে তাহা,আক্ষিত পদার্থ যেরূপ প্রকৃতির ও যদ্রপধর্মী, তাহাতে, তদ্রপ ক্রিয়া উৎপাদনে, ভাব ভাবান্তর আদি উপ-স্থিত করিয়া থাকে। এজন্ম তোমার মনে যেরূপ ভাব উপস্থিত, আমার মনে হয়ত ঠিক সেরপে না হইতে পারে; আবার মানুষের মনে যেমন, পণ্ডর মনে তাহা হইতে স্বতর; অজড়ের উপর যেমন, জড়ের উপর তাহা হইতে স্বতন্ত্র। এইজন্ত একই উত্তেজনায়, বিভিন্ন জনে বিভিন্ন ভাবোৎপত্তি: স্কুতরাং বিভিন্ন ক্রিয়াফল প্রস্থুত হইতে দেখা যায়। এখন হয়ত আরও হন্দ্র তর্কে নামিয়া জিজ্ঞাসা করিতে পার,— কেন বিভিন্ন পদার্থে, বিভিন্ন পরিমাণে গুণপদার্থের যোজনা ? তহন্তবে এইমাত্র বক্তব্য যে, উহা কর্মপুত্রের কার্য্য। পুনশ্চ বক্তব্য, চিত্ত আমাদের আধ্যাত্মিক ও আধিভৌতিক, উভর প্রকৃতির মধ্যে সংযোগ-রজ্জ্বরূপ। ইউরোপীয়গণ চিত্তকে আত্মারই অংশ বলিয়া বর্ণনা করিয়াছে; किन्छ हिम्मू नार्मिनकशन षाठि शृष् मर्मन महकारत हिछरक है क्रिय বলিয়া নির্দেশ করিয়া গিয়াছেন। চিত্ত আধ্যাত্মিক ও আধিভৌতিক এ উভয়ধর্মী বলিয়াই, আমরা তৃদ্বলম্বনে আকার হইতে নিরাকার

ও নিরাকার হইতে আকার এবং আধ্যাত্মিক হইতে আধিভোতিক ও আধিভোতিক হইতে আধ্যাত্মিক, উভরতঃ উভর সংসারে প্রবেশ করিতে এবং উভরতঃ উভরের সন্মিলন সাধিতে সক্ষম হই। আরও বক্তব্য—চিত্তে যে কোন বিষয় হইতে যেরূপ ভাবাভাব উপস্থিত হয়, আমাদের আধ্যাত্মিক ও আধিভোতিক এ উভয় প্রকৃতিও সেইরূপ উত্তেজিত ও গঠিত হইয়া থাকে।

অতঃপর প্রোক্ত জাগতিক চৌম্বকীয় গুণ বা আকর্ষণসূত্র, যতই স্ক্রারুস্ক্র হউক,যতই কূটমার্গ দিয়া গমন করুক; এবং কূটমার্গ বাহন-কালীন বিভিন্ন ভাবের সহ সংস্রবে ও সেই ভাব সকলের আতিশয়ে যতই তাহার আত্মগোপিত হউক: আর আমরা তাহা দেখিতে পাই বা না পাই ; কিন্তু যখন আয়োজন পূর্ণ হইবে এবং যথন উপযুক্ত কালের স্থবিধা পাইবে, তথন তাহা তোমাতে গুণবিক্ষোভ উপস্থিত করিয়া, তোমার দ্বারা যথাসম্ভব কার্য্য করাইয়া লইবেই লইবে। উহা হইতেই মানবের ভাবময় ও বিষয়প্রাণ কার্য্য সকলের উদয় হয়। পুন-১. উক্ত অ াকর্ষণস্ত্র কোন এক ভাব বিশেষ উৎপাদন, অথবা আরও 🗟দ্বে সেই ভাবানুসারিণী কোন এক কার্য্য বিশেষ সম্পাদন করাইলেই যে তাহার কার্য্যকারিতা ক্ষান্ত হইল,তাহা নহে: প্রতি কার্য্যস্ত্রেরই অনস্থ মুখে গতি, অনন্ত প্রবাহে অনন্ত কার্য্য করাইতে করাইতে অনন্ত মুখে চলিয়া যায়। এক কার্য্যের বিরতি বা পূর্ণতা, আর এক কার্য্যের আরম্ভ মাত্র এবং আজি যাহা কারণ, কালি তাহা কার্য্যরূপে কর্মাভান্তরে সমাবিষ্ট ; তথাবিধ অবস্থায় পুনঃ প্রচ্ছন্নভাবে বা প্রতিপ্রসবে উত্তর-কারণৈকরপে পরিণত হইয়া,উত্তর কার্যোর জনক স্বরূপ হয়। যে কোন কার্য্যস্ত্র, এইরূপ নিত্য নব কার্য্যকারণভাবতে, অনস্ত মূথে অবিরুত চলিয়া যাইতে থাকে। স্থতরাং এখন বলা বাহুলা যে, উত্তরোভর কার্যা ও কারণসমূহের উদয়ে, পূর্ব্ব পূর্ব্ব কার্য্য ও কারণসমূহের ধ্বংস ছইতেছে না; কেবল ক্রিয়া-সংসারস্থ কার্য্যকারণসমূহের উত্তরোত্তর বৃদ্ধি ও সম্প্রদারণ হেতু, তাহা উত্তরোত্তর সার হইতে আরেও সারতে, জন্ম

হইতে আরও সৃশ্বভার পরিণত হইয়া, উত্তর কার্য্যকারণ প্রবাহ সম্বন্ধে, ভূমিপ্রোথিত গৃহভিত্তির ন্যায়, ভিত্তিভাবে ম্লদেশে প্রোথিত হইয়া অদর্শন হইতেছে মাত্র। বাহা হউক, ক্ষুত্র হইতে মহং, দৃষ্টিপথে পতিত বাহাজগৎস্থ সমস্ত বিষরেই, বাহাজগৎ উক্ত চৌম্বকীয় ওল হেতু মানবিচিত্তকে আকর্ষিত করিয়া; বিষয়ভেদে ভাবভেদ ছারা, চিত্তে ভাবাস্তরসাধন ও চিত্তকে তজ্ঞপ ভাবে ভাবযুক্ত করিতেছে।— লৌহ চুম্বকের ন্যায় পরম্পর গাত্র সংলগ্ন হইতেছে না বটে, কিন্তু লৌহ চুম্বকের কার্য্যাপেক্ষাও গৃঢ্ভাবে গুরুতর কার্য্যসমূহ, বাহাজগৎ বাহিরে এবং মানবিচিত্ত অন্তর্মে থাকিলেও, এতহ্ভরের মধ্যে স্থাসম্পন্ন হইয়া যাইতেছে; এবং এইজন্মই বিলয়াছি,এতহ্ভরের সংযোগ, একের বিভাসে অপরের বিভাসিত হওয়া মাত্র। এ সংযোগ তোমার আমার বারণ বা রূপান্তর করিবার ক্ষমতা নাই। কর্মাস্থ্রবদে উহা যথাসন্তব সংঘটিত এবং কর্মাক্ষেত্রমধ্যে উহা আমাদের অবলম্বন স্বরূপ হইয়া থাকে।

বাছজগতের ভাব একরপ নহে, বহুতর, অসংখ্য। ইহার মৃর্ভিভেদে ভাবভেদ। দেশ কাল ও পাত্র অনুসারে, ইহার যথন যে ভাববিশের মানবচিত্ত সহ সংস্রবে আইসে, তথন চিত্তে তদন্ত্র্যারী ভাবোংপাদন ও তদ্ধেতৃ তদ্বৎ কার্য্য প্রসবিত হয়। এই সংস্রব ও তদন্ত্র্যারী ভাবোংপাদন ও তদ্ধেতৃ তদ্বৎ কার্য্য প্রসবিত হয়। এই সংস্রব ও তদন্ত্র্যারিণী উত্তেজনাযে কত শুক্তম ও কত গৃঢ়ভাবে কার্য্য করিতে পারে, তাহা উপরে কথিত হইয়াছে। পুনশ্চ, ঐ সংস্রব ও উত্তেজনা কেবল চিত্তে সমাবিষ্ট হইয়া এবং তদভিরিক্তে সাক্ষাৎ সম্বদ্ধে কতকগুলি দৃশুমান ক্রিরামাত্র করিয়াই যে ক্ষান্ত হর না,তাহাও উপরে কাল-অন্বয়ে আলোচনা করিতে দেখাইয়াছি যে, উহার কার্যাস্থ্র উত্তরোত্তর কার্য্যান্ত্রণ আকারে অনক্তম্থে চলিয়া যায়। একণে বিষয়-অন্বয়ে আলোচনা করিলেও দেখিতে পাইবে যে, সে পক্ষেও উহার কার্যায়তন কম নহে;—কোন এক বিষয় হইতে উৎপন্ন যে মনের ভাব,সেই ভাব হইতে যে যে বিষয়ক ক্রিয়াণ্ডলি করিবার জন্ত চিত্তে প্রসন্থনা উপস্থিত হয়, তাহাদের সম্যিও সম্বন্ধ মিলাইয়া দেখিলেই জানিতে পারা যাইবে। কোন বঙ্গ

দর্শনে তোমার মন চকিতবং ভাবাস্তর প্রাপ্ত হইল; সেই ভাবাস্তর-প্রাপ্ত মনে তোমার যে যে বিভিন্ন বিষয়ক কার্য্য করিতে ইচ্ছা ও প্রবৃত্তি জন্মিরে, জানিও সেই সমস্ত বিষয় ও কার্য্য এবং তাহাদের প্রস্থৃতিস্বরূপ ভাবাস্তরটি, সকলেই একজাতীর পদার্থ। যে সকল কার্য্য ইচ্ছা জন্মে, সেই সকল কার্য্য ইচ্ছাগত থাকুক বা কর্মারূপে দৃশ্রমান হউক, তাহারা সেই প্রস্থৃতির অবশ্যক্তাবী সন্ততি। অতএব বে বন্ধ হইতে ভাবাস্তরের উংপত্তি সেই বন্ধ, ভাবাস্তর, ভাবাস্তর হইতে উদ্ভূত কার্য্য ইচ্ছা ও প্রবৃত্তি, এবং সেই ইচ্ছা ও প্রবৃত্তি হইতে যে যে বিষয়ক কার্য্য কৃত, ইহারা সকলেই একধর্মী পদার্থ; একস্ত্রে গ্রথিত এবং একই তাড়িত-বেগে বিকম্পিত; প্রভেদ কেবল এইমাত্র যে, কেহ উৎপন্ন ও কেহ উৎপাদক। পুনশ্চ, তোমার মন হইতে অপরাপর মনেতে বে ক্রিয়োংক্রপণ ও তাহার কল, তাহাও এতজ্ঞপ সম্বন্ধ গণনায় গণিত করিবা দেখিও।

ভাব সকলের আবার একধা অসীম সমাবেশও হয়। কোন এক ভাববিশিষ্ট মন, অন্তর্জপ ভাববিশেবে আকর্ষিত বা সংবাজিত হইলে; মনের ক্রিয়াক্ষেত্রে যুগপং অন্য ভাবাস্তর ও ভাবকলও প্রস্বিত হয়। এক ভাবাস্তরে মন আকৃষ্ট থাকিলে, তথায় বে অন্য অন্য ভাবাস্তর স্থান পায় না, তাহা নহে। ভাব-উৎপাদিকা বাহ্যজগতের মুর্ত্তি যেমন অসংখ্য ও অপারবৈচিত্রময়ী, বৈচিত্র-প্রকটনকারী কালও তেমনি নিত্য আবর্তনশীল, আবার ভাবগ্রাহী মানবীয় চিত্ত-পর্শণও নিতান্ত সামান্ত নহে। স্তরাং পর পর, উপরি উপরি, বা যুগপৎ একই সঙ্গে, বহুভাব সকলের উৎপত্তি ও সমাবেশ হইতে পারে ও হইয়া থাকে; এবং ইয় হইতেই মানবিচিত্র বহুগা বৈচিত্রময় ও একধা বহুকার্য্যশীলের ন্যায় প্রতীয়মান হয়। প্রনশ্চ, সালিধান্থিত বস্তবিশেষ হইতে ক্লাটিক পাত্র যে বর্ণ প্রাপ্ত হয়, তাহার উপর বিভিন্ন বর্ণবিশিষ্ট পদার্থ সংযোগ হইলে যেমন সেই পূর্ম্ব-প্রাপ্ত বর্ণের ব্যতিক্রম ঘটিয়া থাকে; তেমনি বাহ্মজগং স্থ কোন এক ভাবের সহ সংযুক্ত মানবপ্রকৃতি, যদি অনুষ্টপূর্ম্ব বা

নে কোন প্রকারে অপর ভাববিশেষের দ্বারা আরুই হয়, তাহা হইলে তৎপরিমাণ অনুরূপ পূর্বভাবের ও তছ্ৎপদ্ধ কার্যাের ও ব্যতিক্রম ঘটনা হয়। ব্যতিক্রম মাত্রে ছয় ও অসংলগ্ধ হইলেই হয়; নতুবা, উহা যথন স্ক্রেথিত, স্থ্পজ্জিত ও সামঞ্জগ্রুক্ত, তথন অন্য দিকে তদল্লথায় যে অধিক পরিমাণে হয়ের কারণ হইত, এথানে উহা সেই অধিক পরিমাণে বৈচিত্রমন্ত্রী শোভার কারণ হইয়া থাকে। যে কোন বর্ণমন্ত্র জমীবিশেষে, যথন বছবর্ণবিন্যাদ জমীর সহ সহাম্ভৃতি পূর্ব্বক কোন প্রতিকৃতির আকারে প্রতিক্লিত হয়, তথনই তাহা চক্ষ্তৃপ্তির কারণ হয় হয়াথাকে; কিন্তু অতৃপ্তির কারণ হয় তথন, যথন স্থমজ্জিত করণ ও চক্ষ্তৃপ্তির প্রতি লক্ষ্য না রাথিয়া, বর্ণবিক্রাদ সকল জনীর সহ সহাম্ভৃতিবিহীন এবং নিজেরাও ছিয় ভিয় ও যদ্ছাক্ষিপ্ত ভাবে প্রযোজত। মানবচিত্তে ভাব ও ভাবান্তর সমাবেশ সম্বন্ধেও অবিকল তজ্ঞ। ভাব সকলের সংযোগবিহীন ছয় সমাবেশের ফল হইতেই, আমরা ব্যক্তি বা জাতি বিশেষে যে স্থভাবের কার্যা নিয়তঃ প্রত্যাশ। করিয়া প্রাকি, মধ্যে মধ্যে তাহার অতৃপ্তিকর দ্বণীয় ব্যতিক্রম দেখিতে পাই।

চিত্তমধ্য ভাব সকলের গ্রহণোত্তরে, তাহাদিগকে স্থান্তিত ভাবে সমাবেশকরণ ও তামূলক কার্যা সকলের উৎপাদন, এ উভরই আত্মিক শক্তিচালনার উপর নির্ভ্ করিয়া থাকে। আত্মিক শক্তিচালনার, কি আপেন্দিক অপকর্ষ কি উৎকর্ষ ভাব, উভরই কালদাপেন্দ। কিন্তু তাহা বলিয়া ইহা ভাবিও না যে, সেই শক্তিচালনার সাত্মিক ভাব যাহা সেটাও কালদাপেন্দ, তাহা নহে; উহা কালের অপেন্দ। রাথে না, কারণ সে অপেন্দ। রাথিলে, প্রতি কর্মাকারক আপন শ্রমসার্থকতার পরিমাণ ও তছৎপন্ন শাস্তি পাইবে কোথায়? আমরা নান্ত কার্যাে যথাজ্ঞান ও যথাবৃদ্ধি সাত্মিক ভাবে শক্তিচালনা করিতে পারিলেই, দার ধালাসে শাস্তির পাত্র হইতে সক্ষম হই। সে যাহা হউক, কেবল স্থামজ্ঞত করণ ও তাহা ইইতে কার্যান্ত্রপ ফলাকর্ষণ ক্রিয়াই আত্মিক শক্তিচালনার উপর নির্ভ্র করিয়া থাকে; নতুবা যে সকল বস্তুর বােগে

চিত্ত প্রতিলাসিত ও ভাবযুক্ত হয়, তাহাদের আয়োজনের উপর তাহা অধিকার ও ক্ষমতাবিহীন। স্থসজ্জিতকারিণী আত্মিক শক্তি, যথায় বেরূপ উপকরণ সংগ্রহ দেখিয়া থাকে, তথায় সেইরূপে ও তাহারই অনুগামিনী হয়। ফলতঃ বেধানে বেরূপ উপকরণ দেখা য়ায়, সেখানে বেরূপে স্থসজ্জিত করিলে তাহাদিগকে ভাল বা মন্দ দেখায় অথবা ভাল বা মন্দ ফল হয়, তাহারই সাধন করা আত্মিক শক্তির কাজ।

কি ব্যক্তিবিশেষে, কি জাতিবিশেষে, স্থসজ্জিতকারিণী আগ্মিক শক্তির কালাত্ররূপ যথোপযুক্ত পরিচালনার অভাব হইলেই, তত্তং বাক্তি বা জাতি হের হইরা থাকে; এবং কালের প্রতি তরঙ্গাঘাতে, মূলশুন্যবং একবার এদিক একবার ওদিক করিয়া, শেষে বিলয় প্রাপ্ত হয়। অতএব কি বাক্তিগত কি জাতিগত, উভয় জীবন পরিচালনে, কথিত আগ্রিক শক্তিকে কালবিবর্তিত উংকর্যানুরূপ চালনা করা একান্ত আবশ্যক। যে সকল বস্তুর ভাসে প্রতিভাসিত হওয়া, অর্থাৎ যাহাদের সংস্রবে কথিত চিত্ত-ভাবান্তর উপস্থিত হওয়ার বিষয় উপরে বলিয়া আনিলাম; তাহার দহ অপরবিধ অথাৎ আত্মিক ভাবদাতা অন্তর্জগং সংমিলিত হইলে, যে অপূর্ব শুক্ষচণ্ডালী যোগ উপস্থিত হয়, সেই যোগই ব্যক্তিগত বা জাতিগত প্রকৃতি নিশ্মাণ করিয়া থাকে। জাতি সম্বন্ধে উহারই প্রসাদাং জাতীয় প্রকৃতি: এবং সেই প্রকৃতিতে আত্মিক শক্তির কালামুরূপ পরিচালনে যে তারতমাভাব, তাহাই উৎ-কর্ষ বা অপকর্ষ, সভাতা বা অসভাতা, উন্নতি বা অবনতি, ইহার এক-তররূপে প্রকটিত হইয়া থাকে। অথবা উল্টাইয়া দেখিলে, সেই উংকর্ষ বা অপকর্ষ, সভ্যতা বা অসভ্যতা, ইহার মদেকতর, সেই আত্মিক শক্তির কতদূর যে চালনা করা হইয়া থাকে, তাহারই পরিমাণ মাত্র। পুনশ্চ ইহাও মনে থাকে বেন যে, আত্মিক শক্তি পরিচালনায় সফলতালাভ কালসাপেক; এবং কালসাপেক বলিয়াই, একই দিনে কোন ব্যক্তি বা জাতি একেবারে উন্নত ও সভা, অথবা একবারে অব-নতবা অসভা হইতে পারে না। অতঃপর বলা বাহলা যে, একণে

যিনি উপরে বর্ণিত সমগ্র তত্ত্ব অবগত হইরা এবং কথিত বাহাজগং ও মানব-প্রকৃতির সহ সধন্ধ অবধারণ পূর্বক প্রত্যেক কার্য্যে উভরের বাতয়া এবং সম্বন্ধ নিরপণ করিয়া, এতং কাতীর জীবনলয় সমালোচনার প্রব্র হইবেন; তিনিই ত্রিষয়ে যথেষ্ট পট্তালাভে রুতকার্য্য এবং মানব জীবনপ্রবাহের অন্ত্ত কৌশল জ্ঞাত হইরা তাহাতে অপার আনন্দলাভে সমর্থ ইইতে পারিবেন।

বলিরাছি যে, জাতিদরের জ্ঞানজীবনের এই শৈশ্বকাল। চিত্র তরল, কোন একটি বস্তুসংঘাতে, সহসা বিপুল তরঙ্গে তরঞ্গায়িত হয়। স্থতরাং এ সমরে ইহারা বাহজগতের যে যে ভাবের সহিত সংযোগে আসিয়াছে, তাহাতেই তরপ্পায়িত হইয়া, উদ্বেলিত অন্তর্জগৎ সংযোগে অন্তর্জপ মূর্দ্ধি ধারণ করিয়াছে। এই উভয় জাতি স্ব স্থ উপনিবেশিত দেশে পদার্পণ করিলে পর, বাহাজগৎ কাহার নিকট কিরূপ ভাবে প্রতীয়মান হইয়া প্রত্যেকের ভাবী জীবনপ্রবাহ এবং তজ্জনিত শুভাশুতের কিরূপ ভিত্তিস্থাপনে সহায়তা করিয়াছিল, তাহার প্রবেধার্থে আপাততঃ স্থলতঃ আলোচনা করিয়া দেখা যাউক।

ছিল্ এবং প্রীকের। স্থান গান্তব্য স্থানে গানহেত্ পৃথক্ হইবার পূর্বের, মধ্য মাসিয়ায়, যে স্থানকে উত্তরকুক্তব্য বালিত তথায়, একত্র মিলিয়া বাস করিতেন। এই উত্তরকুক্ত্য আর্যবংশ জনসংখ্যায় নিতান্ত সামান্য ছিল না; যেহেত্, পুরাতস্থবিৎ পণ্ডিতদিগের গণনা অহসারে দেখা যায় যে, স্থান্দিনেবীয়, টিউটন, রোমক, পারসিক প্রভৃতি অপরাপর বছতর জাতি সমস্ত এই এক বংশ হইতে উৎপয়। দেশমধ্যে জমে স্থান এবং আহার সঙ্কলান না হওয়ায়, ইহারা জমে জমে একের শর আর বদেশ পরিত্যাগ পূর্বেক, স্থখনালসায় বহির্গত হইয়া নানাস্থানবাসী হইয়াছিল। এই দেশ আয়তনে সঙ্কীর্ণ; এবং আয়ততে কেত্র, মক, পর্বতাদিতে পর্যায়জম্মে পরিব্যাপ্ত। স্ক্তরাং এখানে বহু পরিবারের স্থান সঙ্কান হইবার কথা নহে। কিন্তু যেটুকু স্থান অস্ক্রা, তাহা উৎক্তই; প্রকৃতিমূর্ত্তি না সামান্য না মহান্ অথচ ভৃপ্তিকর;

নদী সকল সামান্যপ্রাণা ও অন্ত্রুসনিলা; জলবায় স্বাস্থ্যকর এবং ভূমিও স্থল্নকলরসাদি প্রদান করিয়া থাকে। ইতিহাসের আলোচনার দেখা যার যে, এই স্থানকে আশ্রম করিয়া, একাল ধরিয়া কতই না রাজ্য উদিত ও পতিত হইরাছে। মৃগয়ামাত্র-উপজীবী অরণ্যচর তাতারবংশের যথন যে কেহ এই অনুকৃল স্থানকে আশ্রম করিতে পারিয়াছে, তথনই সে এক অভিনব রাজ্যের অভ্যথান করিতে সমর্থ হইয়াছে। সমর্থ হইলেও কিন্তু পার্যস্তিত কুমার্ত্ত অপরাপর জাতীর বিদ্বেষর সংঘাত হেতু, কথনই কেহ তজপে রাজ্য স্থায়ী করিয়া রাখিতে পারক হয় নাই। ঐতিহাসিক সময়ে উক্তরপ যে অভিনয় হইতে দেখা গিয়াছে, ইতিহাসের অনুদয় সময় হইতেই সে অভিনয়ের আরম্ভ বলিয়া প্রতীয়মান হয়। হিন্দু এবং গ্রীকের আদি পুক্রেরাও, সেই মভিনয়স্ত্রে, তথা হইতে বিতাড়িত হয়েন; এবং তাহাদের পুর্বাত হয়ানিনেরীয় ও রোমকেরাও নিঃসন্দেহ সেই একই কারণে বিতাড়িত হয়া থাকিবে।

প্রকৃতির অনমুগৃহীত বাহারা, তাহারাই অপ্রে বিতাড়িত হুইয়া থাকে;—এ কথা যদি সত্য হয়,তবে সে নিয়ম অনুসারে দেখিতে গোল, য়ানেনবীয় প্রভৃতি পূর্বপ্রস্থিত জাতি সমস্ত হইতে প্রীকগণ অধিক অনুগৃহীত; এবং সর্বাশেরে বহির্গত হুইয়াছিলেন য়াহারা, হিন্দুদিগের সেই পূর্বপুরুষণাণ, তাহারা গ্রীকদিগের অপেক্ষা আরও অনুগৃহীত বলিতে হুইবে। কাজেও সেইরূপ পরিচয় পাওয়া যায়। প্রথমে বহির্গত জাতিগণ মথন নৃত্ন স্থান ও নৃত্ন অবস্থা বশে নৃত্ন জীবন য়চনা করিতে বাধ্য এবং বাপ্ত হুইয়াছিল; তথন স্বস্থানস্থিত জাতিগণের সেইরূপ নৃত্ন জীবনরচনাব্যাপারে অনাবশুক্তা হেতু, স্কর্দেন মথাস্থিত আয়ে-অবস্থার উন্নতিকরে সময়াতিবাহন করিবার কথা; এবং ইহার কলও যে প্রস্থিত ও স্বস্থানস্থিত জাতিদয়ভেদে বিভিন্ন ও ইত্র বিশেষ হুইবে, তাহা আরে বলিবার আবেশ্যক রাথে না। সর্বশেষে প্রস্থিত হিন্দুর পূর্বপ্রস্থানস্থিতিকালীন সেরপে অধিক ফল

পাইরাছিলেন বলিয়াই; তাহাদের উত্তর পুরুষ ভারতীয়গণের সভাতা, পূর্ব্যপ্রস্থিত ও যথাপ্রাপ্ত দেশে উপনিবেশিত রোমক ও গ্রীকাদির বহুল অত্রে উদয় চইয়াছিল। যাহা হউক, যথন সেই একবংশজ্ টিউটন ও স্কান্দিনেবীয় আদি অন্যান্য জাতিরা অপর দেশে নীত হইয়া. এবং তথনও উন্নতিসাধনে ক্লুতকার্যা হইতে না পারিয়া, বনাজ্ভর ন্যায় বিচরণ করিয়া ফিরিতেছে; গ্রীক এবং তদপেক্ষা আরও দীর্ঘকাল শ্বস্থানভোগী হিন্দুর পূর্ব্বপুক্ষেরা, তথনও স্বস্থানেই থাকিয়া আপন আপন অবস্থার উৎকর্ষে সভ্যতার স্ত্রপাত করিতে সক্ষম হইয়াছেন। যে জাতি যেরূপ উৎকর্ষ প্রাপ্ত হয়, তাহার মানসিক বৃত্তি যে দেই পরিমাণে দতেজ হইয়াছে, দেই উংকর্ষ ভাবই তাহার পরিচায়ক স্বরূপ হয়। স্মৃতরাং বাহাজগৎ হইতে ভাব**গ্রহণে** ও তাহার উপরে কার্য্য-করণে, মানসিক বুত্তি সেই পরিমাণে পটুতা লাভ করিয়া থাকে ! কিন্তু মানসিক বৃত্তির মধ্যে অন্নভব ও কল্পনা অর্থাৎ চিত্তশক্তিই সর্ব্বাপ্রে ফ্রিত ও সতেজ অবস্থা প্রাপ্ত হয়, তাহার পর কালে বৃদ্ধি ও কালে বুক্তি-শক্তি তেজস্বিতা প্রাপ্ত হইয়া থাকে। শ্রদ্ধাশক্তি,চিত্ত বৃদ্ধি ও যুক্তি, এতভ্ররের যেন পরিণাম স্বরূপ হওয়াতে, উহা সকলেরই সঙ্গে ও সর্বা বস্থায় সহাত্মভৃতিযুক্ত থাকে; এ নিমিত্ত কেবল চিত্তশক্তির সঙ্গেও শ্রদ্ধার সমাবেশ দেখিতে পাওয়া যায়। বরং ইহাও বলা ঘাইতে পারে যে, চিত্তের সঙ্গে শ্রন্ধার যতটা সমাবেশ, বুদ্ধি বা যুক্তি বা তত্নভর সমষ্টি, ইহার কাহারই সঙ্গে তত্তী নহে। শ্রন্ধার কার্যা বিষয়বিশেষে বিশ্বাস স্থাপন। যথন স্থানভ্ৰষ্টতা ও অবস্থাচাতি ও বিপৎপাত ইত্যাদি উৎপাৎ শূন্য স্থুপলালিত উদ্ভিন্ন-জ্ঞান শৈশবকাল, তথনই চিত্তশক্তি ক্রুরিত হয় ও আধিকা প্রাপ্ত হইয়া থাকে। তদ্রপ উদ্ভিন্ন-জ্ঞান শৈশবের নাায়. মানবীয় কালের এই প্রথম উৎকর্ষযুক্ত অবস্থার উদয় সময়ে,চিত্তশক্তিরই আধিক্য হওয়ার কথা। হিন্দুর পূর্ব্বপুরুষেরা গ্রীকদিগের অপেক্ষা পরে বহির্গত হওয়াতে, স্বীয় স্থানে ও অবস্থায় তাহাদের স্কুতা বশতঃ, চিত্ত-শক্তির সেই আধিক্য অপেক্ষাকৃত অধিক পরিমাণেই প্রাপ্ত হইয়াছিলেন

বলিতে হইবে; এবং এরূপ কারণ হেতুই, যেমন ইহাদের সভ্যতা আরে উদর হইবার কথা বলিরাছি, তেমনি করনাপ্রস্থত বিদ্যা-উদ্ভাবনে ও নিগৃড় ধর্মবিশ্বাসন্থাপনে এবং তদন্ত্বশীলনেও, ইহারা প্রীকদিণের অপেকা অনেক অপ্রে আনেক উৎকর্মলাভে সমর্থ হইরাছিলেন। যাহা হউক, অতঃপর এইরূপ উৎকর্ম বা অপকর্ম ভাব এবং এইরূপ চিন্তবৃত্তি লইরা, ও গস্তব্য স্থানের নিমিত্ত এইরূপ বংগাসম্ভব উপযুক্ত হইরা, হিন্দুর পূর্ম্ব-প্রস্বেরা উত্তরকুরুবর্ম পরিভাগিপূর্ক্তক, স্থের আশার বা ছঃথে তাপিত হইরা, বিহর্গত হইরাছিলেন।

প্রীকেরা পূর্বের বহির্গত ও প্রস্থিত হইয়া গিয়াছে। যে যে কারণের তাড়নায় পূর্ব্ব পূর্ব্ব জাতি সকল বিভাড়িত; হিন্দুরাও বোধ করি এতদিন পরে সেই তাডনায় অন্তির হইয়া বহির্গত হইলেন। গ্রীক এবং অন্যান্ত জাতিরা পশ্চিম পথে গিয়াছে। ২ যে কারণে স্বদেশ ছাড়িতে হইল, আবার পাছে পূর্ব্বগত জ্ঞাতিবর্নের সংঘর্ষে সেই কারণ উপস্থিত হয়, বোধ করি, ইহারা সেই আশঙ্কা করিয়াই, দক্ষিণ পথ অবলম্বনপূর্বক কজাত ও অপরিচিত ভূমি ভারত-মুথে প্রধাবিত হইলেন। এইরূপে, হিন্দুরা স্বল্পাণ উত্তরকুরুবর্ষ পরিত্যাগপূর্ব্বক, স্থথলালসায়, মনের সাহদে, অরশ্রমে, অনুরূপ স্বর্মপ্রাণ নদী পর্বত কানন প্রভৃতি লক্তন করিয়া, ভারতক্ষেত্রে উপনিবিষ্ট হইলেন। হয়ত এখানে উপনিবিষ্ট হওয়ার পুর্ব্বে তাঁহারা মনে মনে ভাবিয়াছিলেন বে, যেখানে ঘাইতেছি, সেথানকার জাগতিক মূর্ত্তি মধুর ও আহারীয় দ্রব্য প্রচুর এবং দেশস্তলী উত্তরকুরুবর্বের ন্যার চিত্তের সামঞ্চন্যসাধক হইবে। কিন্তু আশার কি বিপরীত ফল! তাঁহারা ভারতে পদার্পণমাত্রে দেখিলেন বে, ভারতীয় জাগতিক দূর্ত্তি অভূতপূর্ব্ব বিরাটভাববিশিষ্ট। বুগপৎ ভন্নবাৎসলোর নিরবচ্ছিল্ল উৎপাদক। উত্তরে বিশাল হিমাদ্রিগিরি ধবলমূর্ত্তি ধরিয়। শতশৃঙ্গে, বিরাটদেহ ও বিরাটবেশে, গগনভেদপূর্ত্তক নক্ষত্তমগুল স্পর্ণ

২। Prichard's Researches into Physical History of Mankind, Vol. III., 390—403 Vol. IV., 603 ইত্যাদি দেখ।

করিতে প্রবন্ত। তাহার পাদদেশে ও পার্বে, সপ্রসিদ্ধু বায়্বিক্ষোভিত সাগরতবঙ্গ অমুকরণ করিয়া, বেগভরে প্রবাহিত হইতেছে। দক্ষিণে গ্রীম্মওলবিভৃতিমণ্ডিত মরুস্থল। যে দিকে নয়ন প্রসারিত কর, নয়নপথ অতিক্রম করিয়। ভীমমূর্ত্তিধারিণী নিবিড় রনভূমি, উল্লতশির বুক্ষাবলী গগন স্পর্শ করিতে উদ্যত হইরাছে। ভীষণস্বভাব স্থাপদ-কুল রব তুলিয়া বনভূমি আন্দোলিত ও কম্পিত করিতেছে। উর্দ্ধে গগনসাগরে ঘোরদর্শন শকুস্তবর্গ সন্তরণ দিতেছে। নিম্নে বীভৎসমৃত্তি কুটিলগতি থলস্বভাব বিষধর সরীস্থপকুল, ধীরমন্থরগমনে, অতর্কিত-ভাবে তৃণশস্পে আচ্ছাদিত হইয়া, পদে পদে পদক্ষেপে আশকা জন্মাইতেছে। ব্যোমমার্গে মেঘদল বিহ্যাদ্বজ্ঞঘোষে যদৃচ্ছা বিচরণপূর্ব্বক বিভীষিকা উৎপাদন করিয়া ফিরিতেছে। প্রনদের রোষভরে পর্বত-চূড়া মথিয়া, রুক্ষকানন উৎপাটিয়া, আমূল-জগৎ-কম্পনে রত। উত্তর কুকস্থহিমানীমুক্ত হইয়া নিশানাথ এথানে যথার্থতঃই পীযুষবর্ষী স্থধাংশু; এবং দিনদেব সহস্র রশ্মিতে বিভূষিত হইয়া, অচিস্তনীয়পুক্ষ নিম্নস্তার প্রতাক্ষ প্রভাব জ্ঞাপন করিতে করিতে, উদয়গিরি সমারোহণ অতিক্রম-ণান্তে, বিষ্ণুপদে জগৎ উজ্জলিত করিয়া, গয়শির অন্তশিপরে বিশ্রাম বিলাসাভিলাষে ধাবমান হইতেছেন। নিশা নিবিড়; কথন বা নিবিড় তম হইয়া কেবল খদ্যোতমালায়, কখন বা নীল উজ্জ্ব মণিখচিত চক্রাতপতলে প্রদীপ্ত মণিসহস্রের স্তিমিতালোকে, প্রতিভাগিত হইতেছে। এ দিকে বস্তুদ্ধরা মাতৃত্বেহ-পরবশ হইয়া, অ্যাচিতভাবে ফলমূল প্রভৃতি আহারীয় ও আশ্রমনানে, যেন সাম্বনা এবং অভয় প্রদানে প্রবৃত্ত হইয়া-ছেন। ফলতঃ বাহাজগৎ যেন এখানে আর্য্যগণকে রোষ ও ক্ষমামিশ্রিত বিকটভঙ্গিতে সদর্পে কহিতেছে, "দেথ এ তোমার করকানিহারপীড়িত সামান্যপ্রাণ উত্তরকুরুবর্ষ নহে যে, যে কোন বিষয় সহজে আরত্ত করিতে চাহিবে। অনেক তেজে আসিয়াছিলে, কিন্তু আমার মূর্ত্তি দেখিলেত। আমার বিকট হাস্য একবার দেখিবে !—না, ভাহা হইলে তুমি বাচিবে না। এখন দেখ তুমি কত কুদ্ৰ, দৰ্প দূর কর,

ৃআমার পারে নত হও, ভয়বিশ্বয়ে নিয়ত আমাকে দর্শন ও আমার উপাসনা কর; থাইতে দিতেছি থাও, তাহার জন্য ভাবিতে হইবে না: কিন্তু দেখিও মাথা তুলিও না।" আর্য্যগণও মাথা তুলেন নাই।°

আর্যাগণ আহার পাইলেন বটে, কিন্তু গা মেলিতে পারিলেন না; এরপ ভরে ভরে আহারীয়প্রাপ্তিতে স্থপ কোথায় ? সর্বাদাই জড়সড়, ্দর্মদাই ভীত; বৃদ্ধিশুদ্ধি বাহিরে লুপ্ত হইরা, কুর্ম্মের অঙ্গপ্রতাঙ্গবৎ ভিতরে সংহতভাবে বড়ই আকুলিত করিতে লাগিল। চিত্তরন্তি বাহিরের প্রফুল্লতা হারাইয়া, তদভাবপূরণার্থে, অভ্যন্তরভাগে প্রগাঢ় িচিস্তা সহ চিত্তক্তস্তনকারী বিষয় সকলের তত্ত্বামুসন্ধানকার্য্যে রত হইতে ্চলিল। আর্য্যগণ অপরিচিত দেশে আসিয়া, যেন নিতাস্তই অপরি-্চিতের নাায় অমুভব করিতে লাগিলেন। প্রকৃতিহস্ত সর্ববিত্রই বলবান; যে দিকে দৃষ্টিপাত করা যায় তাহাই আয়ত্ত এবং ধারণার অতীত; অধিকত্ত ভীতি ও বিশ্বয় উৎপাদন করিয়া থাকে। বাত্রি ইছাদিগের নিকট অদৃষ্টচর অনৈস্থাকি জীবকুলের বিহারকাল: -ভত, প্রেত. পিশাচকুল প্রভৃতি অপদেবতাগণের অট্টহাস ও কিলি কিলি রব থাকিয়া থাকিয়া যেন অতর্কিতে শ্রবণবিবরে আসিয়া প্রবেশ করিতেছে। अत्र ना नकन जीवन श्रांत्र कुन ए जीवन मानवरमवामित वामकान: नमी সকল যথার্থ সাগরের উপযুক্ত ললনা: পর্বত সকল উন্নত শিরে ক্রকুটীভীষণ রোষক্রায়িত নয়ন বিস্ফারণ করিয়া রহিয়াছে: তুর্জুর ্পবন রুদ্রমূর্ত্তি, এক এক সাপটে সর্ব-উচ্ছেদকারী সর্বশক্তিমানত্ব জ্ঞাপন করিতেছে; ভূমিকম্প, উন্ধাপাত, ঋতুচরগণের উন্মাদমূর্ত্তি, দিখিকাশিনী তড়িল্লতা, ঘনঘোর বজ্রনির্ঘোষ, এ সকলে সামান্য মানব্যন কেমন করিয়া স্থান্থির থাকিবে? চতুর্দিকেই ভয়ের কারণ। বালকে এই এই বিষয়ে যেরূপ ভাবযুক্ত চিত্তবিকার প্রাপ্ত হইয়া থাকে, যদি তাহার কখন ধারণা ও পরিমাণ করিয়া থাক; তাহা হইলে জ্ঞানজীবনন্ত এই

ভপরি-উক্ত কয়েক পংক্তি বোধ করি আধুনিক বয়ীয় সাহিতাসিংহদিগের বোমবেটে বায়ালার অনুকরণে লিখিত হইয়াছে, ইতি ।—বায়ারায়।

আর্য্যবালকেরও তাৎকালিক মনের অবস্থা তুমি জনেকাংশে অন্ধুতব কবিতে সমর্থ হুইবে।

জাগতিক মৃষ্টির ভাবপ্রদর্শন এইরূপ। ইহার পরে আবার সাক্ষাৎ সম্বন্ধে দৌরাত্ম্য-শ্রাপদকলের এবং শ্রাপদকল অপেক্ষা আরও ভীষণতর ভারতের আদিমনিবাসিগণের। এক দিকে পোত্র বাঁধিয়া পোরভানি क्का; अना मिरक शक्स्पांगराख वीत्रष्विकारण जामिमनिवांनी रेमछा-বর্গের সমুখীন হইয়া, তাহাদের দৌরাম্মা নিবারণ করিতে বিব্রত হইতে হুইল। যুগাধিষ্ঠাত্রী দেবীক্লপে নিত্যকালিকামূর্ত্তির আবির্ভাব হুইল;— ভীষণা ভরকরী, গলে নরমুগুমালা, লোলরসনার লোহিতধারা, রক্তে স্নাত, উন্মন্তা, সমুগুর্থপরিহস্তার বিষম তাওবে দম্মাগণ ত্রাসিত ও চমকিত। মনের বিকল অবস্থায়, যাহারা আসিয়া উত্তেজনা এবং শক্ততাচরণ করে; তাহাদের উপর স্বভাবতঃ যে ক্রোধাগ্নি উদ্দীপিত হইয়া থাকে, সেরপ ধ্বংসেপ্য প্রথর উদ্দীপন আর কোথাও হয় না। বলা বাহুল্য যে, এই দৈতাগণসহ সংগ্রামে আর্য্যেরা নিতাস্তই নৃশংসভাবে প্রবৃত্ত হইয়াছিলেন; এবং এই দৈতাগণের উচ্ছেদবাদনাই বহুদিন পর্যান্ত ইহাদের জপমালাস্বরূপ হইয়াছিল। বেদৃসংহিতা সকলে প্রায় অর্দ্ধেকের অতিরিক্ত স্থক্ত যে সকল দৈত্যবংশের উচ্ছেদ কামনা ও তাহার সংসাধন প্রার্থনার পর্য্যবসিত হইরাছে: কেহ কেহ বলেন যে, সে দকল দৈত্যবংশ আর কেহ নহে, তাহারা ভারতের সেই আদিমনিবাসী व्यनावीयः भीव्राव माळ। त्म बाहा इंडेक, এই ममत्त्र व्यावीयां নিত্য শত শত নররক্তে মান করিয়া তবে জলগ্রহণ করিতেন; এবং **এই আর্যাদস্কারণত্তনেই, অন্তর্মানিনী কালী, মহিষমর্দিনী হর্গা, ও**ঙ্ক ও নিওম্ভ-মাতিনী জগন্ধাত্ৰী, ইত্যাদি দেব দেবী ও দেবাস্থ্ৰসংগ্ৰাম-কাহিনীর ভাবি-উৎপত্তির স্ত্রপাত হয়। আর্য্যেরা এই দৈতাবর্গ লইয়া বহুক্লেশ পাইয়াছিলেন: এবং শেষে অনেক কণ্টে ও অনেক রক্তপাতে তাহাদিগকে বশাতায় আনিতে হইয়াছিল বলিয়াই, মানবচিত্তের

कः (व ১ । ১১१, २ । ১১, ইত্যाদि अर्(क्रिक अखितिक रक्षममूर ।

শ্বভাবস্থলভ প্রতিশোধ-আকাজ্ঞা ও বিদ্বেষভাবের জ্বীড়ার অনিবার্যানোহে, আর্য্যগণ দৈতাসন্ততি শূল্বর্গকে সমাজের মধ্যে এতাদৃশ হেন্বপদ দান ও তাহাদের উপর এতটা অত্যাচার করিতে প্রবৃত্ত হইষাছিলেন। পুনশ্চ মানব, যথন যে পরিমাণে উর্দ্ধে মাথা ভূলিতে ও পার্প্বে
লগা মেলিতে না পারে, তথন নিম্মুখে বেন তাহার প্রতিক্রিয়াস্বরূপ, সেই
পরিমাণে নির্দ্মন ও কঠোর ভাব অবলম্বন করিয়া থাকে। স্থতরা
ইহাও শূলদিগের উপর অত্যাচারের এক অন্যতর কারণ; যেহেতু, আমরা
দেখিতেছি যে, উর্দ্ধে এবং পার্পে সকল দিকেই আর্য্যগণেব ভীতির
দীমাপরিদীমা ছিল না। কিন্তু ইহাও এথানে বক্তব্য যে, প্রথমকালে,
শূলবর্গের ব্যবহারফলে, তজ্ঞপ অত্যাচার অনিবার্যা; নতুবা যথনই
আবার সমাজ্ঞাধ্যে সুস্থতা স্থাপিত হইয়াছে, তথনই সে অত্যাচার
অন্তব্যিত ও শূলগণ সমাজ্যধ্যে গণনীয় পদ প্রাপ্ত হইয়াছে।

পূর্বেই বলিয়ছি যে, আর্যাগণ ভারতে আদিবার পূর্বের, গ্রীকদিগের অপেক্ষা সভ্যতাধিকা দহ সম্ভবতঃ অধিক পরিমাণে অত্নভব ও কল্পনা শক্তি লাভ করিয়া আদিরাছিলেন। তাহা কার্য্যে থাটাইবার পদার্থও এথানে এখন তাঁহারা গ্রীকদিগের অপেক্ষা প্রচুর পরিমাণে পাইলেন। ভারতের প্রকৃতি যেন ভয়য়রী ও সর্ব্বদিকে ধারণার অতাঁত বিপুলা, তাহার মূর্তিও আবার তেমনি বিশাল ও সর্ব্বপ্রকারে চিত্ত-উন্মাদনকারি-বিরাটবেশগুক্ত। এক দিকে যেমন মেব বিহাৎ বায়ু অরণ্যানী প্রভৃতি নিসর্বামূহি ভীতি উৎপাদন করিতেছে; অনা দিকে তেমনি হর্য্য চক্ত্র ও শ্যামলশোভাপূর্ণ বয়য়ররা আদি হর্ষের কারণ হইতেছে; আবার একধা সমগ্র জাগতিক মূর্ত্তি স্থমহৎ বিশ্বয়রসে ও বিশাল হায় চিত্তকে আনত করিয়া কেলিতেছে। এমন স্থলে আর্যাহিত্ত যেমন এক দিকে অপরিমিত ভক্ত; আরা এক দিকে আবার একধা সমগ্রদর্শনে, আপনার নগণ্যন্ত এবং অনৈস্থিক শক্তির সর্বাধানিক, পদে পদে অন্থভব করিতে লাগিলেন। ক্রমে অন্থার বিষয়ে কল পাইবার আশায়, অপার

কল্পনাপথে প্রধাবিত হইয়া ছুটিলেন। এ কল্পনার পথধাবনে ক্ষান্তিও নাই, বিরামও নাই ;—এক ক্ষান্তি যাহা কিঞ্চিৎ হইতে পারিত আহারচিস্তাহেতু কার্য্যান্তরে ব্যাপৃতি জন্য, কিন্তু তাঁহারা যে রত্ন-প্রসবিনী ভূমিতে পদার্পণ করিয়াছিলেন তাহাতে আহারীয় পদার্থের জন্ম ক্ষণমাত্রও চিন্তা করিবার কথা নহে। তথন অন্য বিলাসবস্তরও উদয় হয় নাই যে, তাহার জন্য সময় ব্যয় করিবেন। লোকে বলিয়া থাকে যে. আহারবিষয়ক মানবীয় সামান্যতর পাশব অভাব সকল পূরণ হইলে, তদ্বারা যে অবসরকাল পাওয়া যায়; তাহা প্রধানতঃ সাংসারিক উচ্চ অভাবের উদ্ভাবন ও তাহার পূর্ণকার্য্যে ব্যয়িত হইয়া থাকে এবং সেই সূত্রেই, বিলাসাদির বিস্তার্সাধন এবং সাংসারিক উন্নতি ও সভাতাও ক্রমে বর্দ্ধিতায়তন হইতে থাকে। কিন্তু ভালয় হউক বা মন্দয় হউক, আর্যাদিগের সম্বন্ধে সে কথা থাটে নাই; তাঁহাদিগের পক্ষে সে অবসর কাল এখানে আর এক রকমে ব্যয় হইতে চলিল। সাংসারিক দিকে যে অবহেলা তাঁহারা আদি হইতে প্রদর্শন করিয়াছিলেন এবং তজ্জ্য উদ্যোগ, উল্লাবনী শক্তি ও অনুষ্ঠানাদি যে হীনতা প্রাপ্ত হয়, তাহার প্রমাণ বংশ-পরম্পরাগতে আজি পর্যান্তও বে কিছু না পাওয়া বায় এমন নহে ;— এই দেখ, যে ক্লষি-প্রণালী বৈদিক সময়ে আরম্ভ হইয়াছিল, বোধ হয় এ পর্যান্ত তাহাই হিন্দুদিগের মধ্যে অক্ষপ্রভাবে চলিয়া আসিতেছে। যাহা হউক, তথাপি অতি প্রাচীন হিন্দুসময়েতেও, বহুবিধ উত্তমোত্তম বিলাস বস্তু আদির উল্লেখ এবং বহুলাংশে সামাজিক ও সাংসারিক স্থানিয়ম ও স্থান্থলা সকলও দেখিতে পাওয়া যায়; তাহার কারণ?—আর্য্যশক্তি যে নিতান্ত তীক্ষ্ণ, এবং ভগ্নপদ হইলেও তাহার ক্রিয়াশক্তি যে বিপুল, উহা কেবল তাহারই পরিচায়ক ;—উহা কেবল তাঁহাদিগের আংশিকমাত্র ক্রিয়াশক্তিপ্রয়োগের ফল। পূর্ণশক্তি বরাবর প্রযুক্ত হইয়া আসিলে, কালে না জানি আরও কি হইত! কিন্তু হায়! সেই পূর্ণশক্তি-প্রারোগের অভাবেই, ভারতে বড় বড় শোভাময় ফুলে শেষে কণ্টকময় ধতরা ফলের জন্ম অভিনয় দেখিতে পাওয়া যায়।

ছার্বর কারণ অপেকা ভয়ের কারণ যে সমস্ত, তাহারাই সাধারণতঃ মানবচিত্তের উপর অধিক আধিপত্য করিয়া থাকে; বস্তুতঃ অমুভূতি-স্থানও ভাষের কারণগুলি কিছু অধিকরণে অমুভূত হয়। ইহার স্কুম্পষ্ট উদাহরণ, ভারতে নবাগত আর্য্যদিগের প্রতি দৃষ্টি করিলে, দেখিতে পাওয়া যায়। হর্ষের কারণ বলিয়া পরিগণিত যাহারা, তাহাদের প্রদত্ত ফল আর্যাদিগের দারা যত অনুভূত বলিয়া দেখা যাউক বা না াউক : কিন্তু ভয়ের কারণস্বরূপ যাহারা, তাহাদের প্রদত্ত ফল প্রকৃষ্টরূপে প্রত্যক্ষবং ও পদে পদে অনুভূত বলিয়া দেখা যায়। সে সকল ভয়ের কারণকে, আর্য্যেরা নিদর্গাতীত শক্তি দকলের ক্রিয়া বলিয়া গণিতেন ও মানিতেন। যেথানে ভয়ের সম্ভাবনা বেশী, সেথানে শান্তির আকাজ্ঞাও ছতিশয়: বেখানে নিস্পৃশক্তির ক্রিয়ায় শুক্ত অপেকা অশুভ ফলটা মধিক অনুভূত হয়, দেখানে অগুভের উপশম ও গুভের আধিক্য জন্য ্রেষ্টাও অতিশয় ব্যগ্র হইয়া উঠে। স্থতরাং আর্য্যেরাও, দকল কার্য্য ফেলিয়া, শাস্তি স্বস্তায়নে অধিকতর ব্রতী হইয়া উঠিলেন। নিস্কা তীত শুভদ এবং অশুভদ শক্তিভ্রমে, ক্রমে ক্রমে যাবতীয় নৈস্গিক বিষয়, মূর্ত্তিভেদে স্থ এবং কু গুণ বিশিষ্ট নানা দেবতারূপে প্রতিষ্ঠিত হইয়া, উপাস্য হইয়া উঠিল। বেদোক্ত যাবতীয় দেব দেবী, এই নৈদর্গিক বিষয়েরই উপর রূপক কল্পনা মাত। ° মানুবহৃদয়ে যে পর্মতত্ত্ব প্রথম হইতে রোপিত হইয়াছে, তাহা বৃদ্ধি এই নিদর্গ-সংযোগেই প্রথম প্রকটিত হইয়া থাকে। ভীতি এবং চিত্তবৈদ্ধবান্তলে যে কেহ উপকারে আইসে, সেই শ্রদ্ধার পাত্র হইয়া থাকে: বোধ করি এই নিমিত্ত, আর্য্যের শ্রদা ও কৃতজ্ঞতাগুণ, এমন কি স্থাবর জঙ্গম পঞ্চ পক্ষ্যাদিতে পর্যান্ত প্রধাবিত হইতে লাগিল: তাহাদিগেতেও, শুভ অঞ্জভ আদি গুণতেদে, কিয়ৎ পরিমাণে দেবত্বের আরোপ হইতে ক্রটি হইল না। এইরপে উপনিবেশিত দেশে শাস্তি ও দেবকার্য্যের ক্রমোত্র

বাশীকি ও তৎসাময়িক বৃত্তাক্তের একবিদ্যার কর্মকাওভাগে বৈদিক
দেবতাসকলের বিষয় প্রষ্ঠা।

আধিক্য বর্দ্ধিত হইতে থাকার এবং তদ্ধপ আধিক্যশ্ন্য পূর্ব্ধাসস্থান উত্তরকুক সম্বন্ধীয় পূর্ব্বশ্বতির সহ সে বর্দ্ধিত আধিক্য তুলনা করিতে যাওয়ায়, তুলনার ফল এই দাড়াইল যে, পূথিবীর আর সমস্ত স্থান অপেক্ষা একমাত্র ভারতই ধর্ম্মভূমি ও কর্ম্মভূমি। উত্তরকুকর স্মৃতি তথনও একেবারে বিলোপ প্রাপ্ত হয় নাই। পূনশ্চ, দ্রস্মৃতির মোহিনী কয়নায়, উত্তরকুক এখন ইহাদের নিক্ট কেবল কর্মাতীত স্থান নহে, অধিকন্ত নিত্য স্থথময় ভোগভূমি; দেবপিতৃগণ তথায় ধর্মচর্মা ও কর্ম্মভাচরণ হইতে অবসর পূর্ব্বক, নিত্য স্থথে বিরাজ করিয়া থাকেন। ফলতঃ, ধর্ম্ম ও কর্ম্মভূমি যাহা, তাহা একমাত্র ভারত, ইহাই এখন স্থির ধারণা হইয়া দাঁভাইল।

এক্ষণে মোটের উপরে দেখা বাইতেছে যে, ভারতে আগত হইলে পর, আর্য্যচরিত্র এরূপে পরিবর্ত্তিত হইল। প্রথমেই, বিশাল প্রাকৃতিক মৃতিদর্শনে, বিশ্বরের আবির্ভাব ও আর্থবর্মকাজ্ঞানের উদর। আহারীয়ের অভাব হইলে, প্রাকৃতিক শক্তির উপর প্রভুত্বলাতে, যথেই একরূপ আর্মুদূতা জন্মিয়া থাকে; কিন্তু আর্মাদিগের আহারীয়-প্রাচুর্যাহেতু তদ্ধপ কারণাভাব, স্কুতরাং বিশ্বরেরই ক্রমান্থমীলন হইতে থাকার আ্র্যুদূতার পরিবর্ত্তে বরং আ্রথব্যজ্ঞানই তাহাদের বিদ্ধিত হইতে লাগিল। বিতীয়ে, যেমন এক দিকে নিদর্গক্রিয়ার ভীষণতাভাগদর্শনে অপরিমিত ভয়; তেমনি অন্য দিকে তাহার হর্মপ্রদ অন্কুলতাভাগদর্শনে, অতিশর ভক্তি; এবং সর্বশেষে ভয়য়র শ্বাপন ও শক্তব্রের প্রথর উত্তেজনার, বিষয়ে ব্যাকুলতা ও বসতে অস্থিরতা আদিরা উপস্থিত হইল। তথন ভয় বিশ্বর তাক্তিও ব্যাকুলতার উন্থেলিত হওয়ার এবং আয়্রথব্যজ্ঞানের প্রভাবে আপনাকে নগণ্যে ফেলার, আয়্রনির্ভ্রতা পরিত্যাগপুর্বিক পরাশ্রেরে পরম শান্তিলাভের আক্রাক্র

৬। মহাভারত ৬০০১৪ "উত্তরাকৈও ক্রব" ইত্যাদি; পুনন্চ ৬০০১০-৪৬ "ম্বন্তরে: ত্রমেতেভায়ে বর্ধমুদ্রিচাতে গুইণঃ" ইত্যাদি।

আর্থামনে প্রবল হইরা উঠিল। আত্মনির্ভরতার অভাব হইলেই চরিত্রবিষরে নানা অভাবের আবির্ভাব হয় ; স্বতরাং ধেমন এক দিকে ইহলোকিক বিষয়ে অস্থিরতা ও অনাস্থাভাব, তেমনি অন্য দিকে পরাশ্রর-আকাজ্ঞার প্রবলতা হেতু পারলৌকিক বিষয়ে পরম আদক্তি, প্রাবল হইতে প্রবল্ভর হইতে চলিল। বহি:সংসারস্থ তাবৎ বিষয়ে ু অস্থিরতা হেতু, একপক্ষে যেমন সামাজিক সঙ্কীর্ণতা ও মহদমুষ্ঠানে কুণ্ণতা আদিয়া উপস্থিত হইল ; তেমনি তদিপরীতে অন্তঃসংসারে, অপর পকে, পারিবারিক সম্বন্ধ ঘনীভূত এবং অতি কুদ্র বিষয়কে বড় করিয়া मानविष्ठि जिल्ल जान कतिया जुलिएज नागिन। विलएज कि, आर्था-দিগের তুলা গৃহস্থুথ আর কোন জাতি কথনও ভোগ করিতে পাইয়াছে কি না সন্দেহ; আর কুদ্র বিষয়ে বৃহৎ দৃষ্টির উদাহরণ অধিক কি দিব ?---নবমীতে লাউ থাইলে ইহাদের স্বাস্থ্যভঙ্গ হয়, অথচ গৃহের চতুর্দিক ও সমস্ত গ্রাম অস্বাস্থ্যকর ময়লায় পরিপূর্ণ থাকিলে কিন্তু ইহাদের কিছুমাত্র যায় আদে না! এইরূপ সন্ধীর্ণতা-বৃদ্ধি হেতু, ক্রুমে সমাজ্ জ্ঞান, কর্মজ্ঞান, দেশজ্ঞান, দূরত্বজ্ঞান, সমস্তই থর্মাকারে পরিণত হইল ; —সমস্ত পৃথিবী সন্ধীর্ণতার আসিয়া শেষে ভারতত্তিকোণে সমাহিত হইল; দুরস্থান অপবিত্রতার আধার হইয়া পড়িল; বাবসায়ে জাতি বাঁধিয়া গেল; এবং সকল কর্ম-বৃদ্ধি শেষে একমাত্র দেবসেবায় পরিণত হইল। এ সকলের ফলস্বরূপ হইল এই যে, নিজেরা নিতান্ত নিরীহ হইয়া পড়িলেন; এখন একটু শক্রর স্বত্যাচার হইলেই, উদ্ধারার্থে দেবাবতার উত্তবের প্রয়োজন হয়। কিন্তু দেবাবতারের উত্তব কার্য্যতঃ যত হউক না হউক, শক্রক্বত অত্যাচারের বড় একটা অভাব ছিল না। স্কুতরাং একে এত শান্তির চেষ্টাতেও শান্তি নাই, তাহার উপর আবার দৈত্যবর্গের সহ ঘন সংঘর্ষ ; কাজেই বিক্লুত মনের এরপ প্রকৃতি-উত্তেজনা হেতু. নীচের প্রতি ক্রুর ভাব ইহাদের ক্রমেই বর্দ্ধিত হইয়া উঠিতে লাগিল। আর কত বলিব! এইরূপে সেই যে মূল বিভদ্ধ আর্যাচরিত. তাছাতে কতই না পরিবর্ত্তন ঘটনা ছইতে থাকিল।

এখানে আর্যাচরিত আরও সৃন্ধতরে বিশ্লেষণ করিলে দেখিতে পাওয়া যার যে, উপরি-উক্ত ভাবাভাব দকলের আবার প্রতিপ্রদরে, ভন্ন হইতে নম্রতা; ভক্তি হইতে ক্বতজ্ঞতা ও বাৎসলা; বিশান হইতে বিরাটমূর্ত্তির ধারণা ও বিরাটধারণা হইতে বৈরাগ্য; এবং ব্যাকুলতা হইতে কুদ্ৰ দৃষ্টিতে সামান্য বিষয় লইয়া খুঁটি নাটি ; খুঁটি নাটি হইতে অনু-ষ্ঠানে আড়ম্বর ও প্রকরণবাহল্য হইয়া পড়িয়াছে ;—ধর্মের মূল পদার্থ যে ভক্তি শ্রদ্ধা তাহা যতটা থাকুক বা না থাকুক, কিন্তু বিষৎপ্রমাণ কুশের একচুল বাড়াকমা হইলেই যজ্ঞ পণ্ড হইয়া যায়; হাঁচি কাশি চলা ফেরা সকলই নিয়মের উপর ; সে নিয়ম হেতু কাজ পণ্ড হউক তাহাতে ক্ষতি नारे, किन्न नियमज्य रहेल नज़रक याहेरा हय ! जाहात शत आया-থর্কতাজ্ঞান হইতে সর্কভৃতে সন্মান; আত্মনির্ভরতার অভাব হইতে ধর্মচর্য্যায় বিপুলতা, এবং নীচের প্রতি ক্রুরতা হইতে শ্রেণীবিশেষের স্বাভিষ্টসাধন প্রবৃত্তির উৎপত্তি হইল। পুনশ্চ নম্রতা হইতে ধৈর্যা, ক্রতজ্ঞতা হইতে দয়া, বাৎসলা হইতে ক্রমা, এবং বৈরাগ্য হইতে শ্ম-দমাদি কোমল গুণসমস্ত এবং কোমল গুণ সকল হইতে সমাজবিরতির উদয়। এই সমন্তের মধ্য দিয়া আবার গ্রন্থত্তস্বরূপে চিত্তশক্তি, সর্বত পরিচালিত; চিত্তের অবলম্বন পদার্থ যে কল্পনা, তাহা স্থতরাং এই গুণগুলির সহ একধা এবং পৃথকরূপে প্রত্যেকের সঙ্গে জড়িত; এই নিষিত্ত হিন্দুরা, উপরে উক্ত বা অহুক্ত যথন যে কোন গুণের চালনা বা যে কোন বিষয়ের আলোচনা করিতে গিয়াছেন, তথনই তাহাতে বাডাবাড়িও তাহার বর্ণনাবিষয়ক আয়তন অত্যন্ত প্রসারিত করিয়া কেলিয়াছেন ! এত বাড়াবাড়ি করিয়াও তাঁহাদিগের মনের তৃপ্তিসাধন হর নাই। মন্তর্যাদি পৌরাণিক কল্পনার কথা বা লোকবাবছার বিষয়ে বহুবায়তন নিয়মাদির কথা প্রভৃতি দূরে থাকুক; সামান্য একটা যশ কোন রাজার বর্ণনা করিবেন, তাহাতেও স্বর্গ মন্ত্র্য পাতাল এবং কালের দিগন্ত ধরিয়া টানাটানি।° ইহার অতিরিক্ত আরও

৭। বাঞ্ারাম বাব্কে ইহার আভাস দেওয়ার জনা, অপেক্ষাকৃত বহু আধুনিক গ্রন্থ

সুখামুপুখারপে স্বভাব ও গুণ বিশ্লেষণ আমাদিগের অভিপ্রেত নহে;
তাহা আলোচকবর্গের নিজের উপরে নির্ভর করিয়া থাকে। যে
কিঞ্চিৎ বিশ্লেষিত হইল, তাহাতে বোধ করি এ পর্যান্ত ভালই প্রতীত
ইইবে যে, আর্য্যেরা যেমন এক দিকে কোমল মুখ্যান্ত বিষয়ে অপরিমিত
উৎকর্ষ লাভ করিতে চলিলেন, তেমনি অপর দিকে বীরমমুখ্যান্ত বিষয়ে
কীনতা প্রাপ্ত হইতে থাকিলেন। কিন্ত ইহাতে একটু বিশেষ এই,—
কোমল মুখ্যান্ত হীন হইলে, বীরমমুখ্যান্ত নানা পাপলিপ্ত হইয়া যত
বীল্ল অধঃপাতগত হয়; কোমল মুখ্যান্ত, বীরমমুখ্যন্ত হীন হইলেও,
তেতটা শীল্ল ও তত পাপগ্রস্ত হইয়া ততটা দূর অধঃপাতগত হয় না।

অতঃপর, প্রীকদিগের উপনিবেশিত দেশায়ুষায়ী চরিত নির্মাণবিষয়ে, একটু আলোচনা করিয়া দেখা বাউক। প্রাকভূমি হিমানীপীড়িত কুরুবর্ষ হইতেও স্বল্ল-প্রাণ। বাহারা স্বন্থান পরিত্যাগাস্থে
বহুদ্ব অতিক্রম করিতে গিয়া, প্রীস এবং উত্তরকুক উভয়েরই অপেকা
আমতন-বহুল জাগতিক মূর্ত্তিকে উপহাস করিতে করিতে সমাগত
হুইয়াছে; তাহাদের নিকট এই সামান্তপ্রাণ প্রীস কি ভয় প্রদর্শন
করিয়া কৃতকার্য্য হইতে পারিবে ? ইহার প্রাণ স্বল্প, শক্তিও স্বল্প।
বহুদেশদর্শনজ্ঞানে দার্ঘাতার্ক মানবিভিত্তক মোহাভিভূত করিয়া,
নিয়ত ভয়বিস্ময়ের অধীন রাখা ইহার কার্য্য নহে। ভারতে বেমন
ক্রাগতিকমূর্ত্তিদর্শনে মানবিভিত্ত, বায়জগতের নিকট আয়পরাধীনতা
স্বীকার করিয়া দাসবং রহিল; প্রীকভূমে তেমনি তদ্বিপরীতে,

নৈৰধ হইতে একটি রাজপ্রতাপ ও যশোবৰ্ণনার শ্লোক যথেষ্ট বোধে উঠাইরা দিলাম। তাদৃদ্দীব্যিজিকাদরবিধো জানামি বৎকর্তৃতা , শকে বংগ্রতিবিদ্মন্থিপয়: পুরোদরে বাড়বঃ। ব্যোমব্যাপিবিপ্করাজক্যশস্তারাঃ প্রাভাবৃক:, কাদামদ্য নাদ্য প্রভাপত্পনঃ পার্জিরা: গাহতে।।—-নৈৰ্ধ ১২।১১ ,

বোধ করি আর কেনে দেশের কাব্যে কেই এরূপ অঙুত রূপক-উপমা দেখাইতে শ্লুমর্শ হইবেন না:

জাগতিক মূর্ত্তিতে ভীষণতার অভাবহেতু মানবচিত্ত দাহদ লাভ করিয়া, বাহজগতের নিকট মানবচিত্তের স্বাভাবিকী যে প্রকৃতিনিয়োজিত অধীনতা আছে তাহা সন্তেও, বাহুজগতের উপর প্রভুর ন্যায় কার্য্য করিতে লাগিল। গ্রীদে জাগতিক মৃর্তি, উর্দ্ধ অধ: দকল দিকেই সামান্যপ্রাণ। স্থতরাং তাহার অসামান্য ভাবহেতু ত কথনই নহে; ভবে যদি কেবল পূর্ব্ব অপরিচিততাহেতু তাহার মৃষ্টি দেখিয়া ক্ষণমাত্র বিশ্বিত হইয়া থাকে, তাহা হইলে দে সেই ক্ষণমাত্রেরই জন্য. তদতিরিক্ত নহে। ফিদ্রুসের উপন্যাসগ্রন্থে লিখিত আছে যে. কোন এক সময়ে ভেককুল দেবরাজ জ্যুপিতারের নিকট অধিপতিশ্বরূপ একজন রাজা পাইবার জন্য বারম্বার যাজ্ঞা করিলে, দেবরাজ বিরক্তি-বশতঃ একখণ্ড কাৰ্চ্চন্ত তাহাদিগকে রাজা স্বরূপে প্রদান করেন। ভেকগণ রাজার আগমনে প্রথমে কিয়ংক্ষণ ভীত ও ক্ষম্পিত হইয়াছিল বটে. কিন্তু পরক্ষণেই রাজাটা কাষ্ঠথণ্ড এরূপ জ্ঞান হওয়ায় বেমন সেই ভয়ের অপনয়ন হইল; অমনি রাজার উপর আরোহণপূর্বক টিট্কার-নৃত্য এবং তাহাতে মলমূত্র পরিত্যাগ পূর্ব্বক, তারস্বরে দেবতার নিকট আর একটি ভাল রাজার প্রার্থনা করিয়াছিল। গ্রীকেরাও ঠিক তদ্ধপ; তাহাদের নবাগত দেশের মূর্ত্তিতে যে কিছু ভয়ের কারণ, অবিলয়ে তাহার মন্তকে পদাঘাত করিয়া, যেন সদর্পে বাহজগতকে জিজ্ঞাদা করিয়াছিল.—"তোমার আর কি অধিক বিভীষিকা আছে উপস্থিত কর, যাহা দেখাইরাছিলে তাহাতে ত কিছুই হইল না। পূর্বের যে কিছু একটু ভয় মনোমধ্যে ছিল, তোমার নিকট পর্যান্ত আসিতে পথিন্থলে বহু বিভীষিকা দৃষ্টে ও বহু বিভীষিকা অতিক্রমে, তাহা অভান্ত হওয়াতে তিরোহিত হইয়া গিয়াছে: একণে তোমার ঐ একটু ভয় প্রদর্শনে মন্দ লাগিল না, নির্ভয়তা আরও বাড়িল। তুমি ভাবিয়াছ, আমাদের জীবনোপায় পদার্থ সমস্ত আত্মগর্ভে লুকাইয়া রাখিবে, তাহা পারিবে না; তোমাকে চিনিয়াছি, আমরা তাহা বন-পুর্মক গ্রহণ করিব।"

এক্ষণে ভারতচরিত্রের ন্যায় গ্রীকচরিত্র বিশ্লেষণ করিলে, দেখিতে পাওরা যায় যে, সাহস, অহস্কার, এবং ধারণায় সাম্যভাব ইহাদের চরিত্রের ভিত্তিস্করপ হইয়া দাঁড়াইল। সে সকলের প্রতিপ্রসবে, সাহস হইতে পৌরুরভাব, অহ্কার হইতে অধ্যবসায়, এবং সাম্যধারণা হইতে সংসাররতি। পুনশ্চ, পৌরুরভাব হইতে নির্মায়িক তা, অধ্যবসায় হইতে সংসাররতি। পুনশ্চ, পৌরুরভাব হইতে নার্মাজিক তা বর্দ্ধিত হইতে লাগিল। ইত্যাদি। এই তাবং গুণ ও ভাবাভাব সকলের মধ্য দিয়া গ্রন্থনস্থাকে কর্নাশ্না অপক মান্থবী বৃদ্ধি সর্ক্ত্রে পরিচালিত। এই মাহ্বী বৃদ্ধি একধা ও সর্ক্তা প্রত্যেক এবং সকল গুণেরই সহ সংযোজিত; এই নিমিত্ত গ্রীকদিগের কোন বিষয়েতে, কল্পনার প্রাধান্যে বোড়াবাড়ি, তাহা বড় একটা দেখিতে পাওয়া যায় না i কল্পন্তিত বিষয় সকলও সাম্যভাববিশিষ্ট এবং সন্তবতা ভাবের সাম্য অতিক্রম করিয়া যায় নাই। এমন কি, ইহাদের দেবতারা পর্যায়, সম্প্রবপর মানবীয় আকারে গঠিত এবং দেবতাগণের ক্বত কার্য্য সমস্তি, সাধারণ মানবীয় কার্যার কঠিত এবং দেবতাগণের ক্বত কার্য্য সমস্ত, সাধারণ মানবীয় কার্যার কঠিত এবং দেবতাগণের ক্বত কার্য্য সমস্ত,

অধিক আর কি বলিব, যে চরিতবিশ্লেষণ ভারতীয়দিগের করা গিরাছে; গ্রীকদিগের চরিত প্রায় সকল বিষয়েতে যেন তাহার অপর দিগ্গামী। যে কোমল নৈতিক মন্ত্রাত্ত হিল্চরিতের পরিচারক, গ্রীকচরিতে তাহা নাই; সেইরূপ যে ইহলোকিক স্থপান্থারী বীর্মন্ত্রাত্ত গ্রীকচরিতের পরিচারক, হিল্চরিতে তাহা নাই। ফলতঃ, অদি বীরমন্ত্রাত্ত কোমলমন্ত্রাত্ত, উভরসংগিলনে পূর্ণ মন্ত্রাত্ত বিলিয়া ধরা বায়; তাহা হইলে বলিতে পারা বায় যে, এক মন্ত্রাত্ত সম অংশে বিধা হইয়া, ছই বিভিন্ন জাতিরূপে ছই বিভিন্ন দেশকে

ু একণে পুনক্তিস্বরূপে আবে একটি কথা বলা কর্ত্তব্য। যেন এরপ কিবেচিত না হয় যে, কেবল এক উপনিবেশিত স্থানের জাগতিক মূর্ত্তি, এই এই জাতীয় প্রকৃতিয় নির্মাণপকে, জাগতিক মুর্স্তি সম্বন্ধীয়

যে যে কারণের প্রয়োজন, দেই প্রয়োজন সমস্তই পরিপুরণ করিরাছে। সে কথা কিম্বৎপরিমাণে থাটিতে পারিত, বদি এ উভর জাতি তাহাদের নেই স্ব স্ব উপনিবেশিত দেশে স্বষ্ট এবং সেইখানেই বৰ্দ্ধিত, এ উভন্ন হুইত। কিন্তু তাহা নছে। ইহাঁরা স্টু হুইয়াছিলেন এক জারগায়. বর্দ্ধিত হইতে আসিলেন স্মার এক জায়গায়। শেষোক্ত স্থানে আসিবার পূর্বেই বে ইহারা পশুবৎ অজ্ঞানান্ধ ছিলেন, তাহা নহে; তথনও ইহারা পারিবারিক সম্বন্ধ স্থাপন, পুর নগর গৃহ নৌকাদি নির্মাণ, ধাতু ব্যবহার, হলচালন, রাজশাদনাদি স্থাপন, ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা লাভ করিয়াছিলেন। তাহার পর, পূর্বস্থানপরিত্যাগাস্তে উপনিবেশিক স্থানাভিমুখে আসিবার সময়েও, ইহাঁদিগকে বহুতর কারণের ঘাত-প্রতিষাত ও বহুতর জাগতিক মূর্ত্তির আকর্ষণী শক্তির মধ্য দিয়া গতা-গতি করিতে হইয়াছিল ; অথবা এত কথা বলিতে যাইতেছি বা কি জন্য ? এই বিধের যাবতীয় পদার্থ ই যথন অনস্তভাবময় এবং তাহাদের কার্য্যকারণসম্বন্ধপরম্পরা যে কিছু, তাহাও যথন কি পূর্ব্ব কি পর উভয়-মধে অনস্ত: তথন আমার এই আলোচিত বিষয়ের যে একটি ব্যতীত আরও কারণ ছিল, তাহা বুঝাইতে যাওয়া অধিক বাক্যব্যয় মাত্র। আমরা স্থলদশী মানব, স্ক্রকারণপরস্পরা সমগ্র একধা অভ্রভব ও তাহার ব্যক্তিকরণ শক্তি আমাদিপের তাদৃক্ নাই। এই নিমিত্ত আমরা সূল কারণেরই পক্ষপাতী হইয়া থাকি, স্থতরাং এথানেও সেই সূল কারণের মাত্র অন্তুসরণ করা গিয়াছে।

স্থল কারণের পার্ষবর্ত্তী ও সহবোগী ভাবে,বছতর সন্ধ্র কারণ দকলও সর্বানা অবস্থান করিয়া থাকে। যেমন পার্শ্বে, স্থল কারণের গর্ভেও তেমনি, শ্রেণিপরস্পারার, এক অপরের কোষনিহিত ভাবে, স্থার এবং স্থায়স্থার কারণসমূহ সমাহিত রহিয়া,নিরস্তর কার্যা করিয়া যাইতেছে; কিন্তু তোমার আমার সাধ্য নাই যে তাহা দেখি এবং দেখিরা অক্সকে ব্যাইতে সক্ষম হই। তর্কশক্তি তাহাদের সীমানতিও পৌছিতে পারে না। মানবের দৃষ্টি স্থা, শক্তি স্থা, এবং বাক্য স্থা, এজন্ত যে কোন

স্তু কারণ, এমন কি তাহা সামাত স্বাকার হইলেও, আর তাহা তেমন সহজে বাকা ছারা বর্ণনার বিষয় হয় না। উছা আরও সৃন্ধতায়. কেবল চিম্বনীয় : এবং তদতীতে আরও স্কলতায় উঠিলে, চিম্ভার সীমা ছাড়াইরা একেবারে অচিন্তনীয় হইরা উঠে। তথন কেবল এক ভক্তি-সংযুত হৃদয় চালনা করিলে, কৃতক্টা মাত্র তাহারা অনুভবশক্তির বিষয়ীভূত হয়। কিন্তু বাপু বাঞ্চারাম, সেরূপ হৃদয় ও অনুভবশক্তির চালনায় রাজি আছে কি ? যে হস্ত দারা অতি সৃত্ত আণবীয় কীট কীটাণুর দর্কাঙ্গদশন্তর দেহ ও দেহবন্ত্রাদি নির্মিত হইরা থাকে; দেই হস্ত ছারাই সর্বাঙ্গসম্পন্ন স্ক্রামুস্ক্র কারণ সকলের নিয়োগ ও সমাবেশ সাধন হয়। স্বীকার করি, ভৌতিক অণুবীক্ষণের কতক পরিমাণে ভূমি উদ্ভাবন করিয়াছ বটে: কিন্তু ইহা নিশ্চয় যে, আত্মিক অণুবীক্ষণ উদ্ভাবনে এখনও তোমার অনেক বিলম্ব ! বেমন বেভঃস্থ কীটাণুর পরিপুষ্টিতে স্কুলতাপূর্ণ জীবদেহের বর্দ্ধন ও বিকাশ; সেইরূপ বা তথাবিধ প্রকারে অনেক সময়ে, অথবা দর্মদাই, সুন্ধকারণ সুলকারণের বীজ স্বরূপ হয়; কিখা স্থল কারণ যাহা,তাহা স্থন্ধ কারণের মোটা ও ৰাছ বিকাশ মাত্র। ফল্ল কারণের বিস্তার ও বিলাস এবং তাহার শিরা ধমনী, কালের সীমা ও বিশ্বের দীমা পর্যান্ত, ভত ভবিষাৎ উত্তর মুখে, পরিব্যাপ্ত। স্বত্তরাং বে কেহ কুল কাৰণে প্ৰবন্ধ হইতে পাৱে. সে স্ক্জিতালাভে সক্ষম হয়। আমাদের পক্ষে, সুক্ষ কারণ যে আছে ও তাহার অন্তিজে ধৈ প্রবৃদ্ধ হুইতেছি, এ পর্যান্ত বোধ হুইলেও, অনেক ফললাভ হুইতে পারে। বল বাপু বাঞ্চারাম, আরও তোমাকে এ সম্বন্ধে কি বলিয়া বুঝাইব এবং এ তত্ত কিরূপে তোমার জনরক্ষম করাইব ?

বে কোন সাধারণপ্রকৃতি-সম্পন্ন বিষয় সম্বন্ধীয় তক্ত, আর এক টি
সহজ উপায় বারা অন্তভৃতির আয়তনগত হইতে পারে। যে জাতীয়
সাধারণ পদার্থ, তজ্জাতীয় বিশেষ পদার্থ যাহা, তাহা দর্শন ও তাহার
তক্ষাকর্ষণ যারা, সেই দর্শন ও তক্ত প্রসারিতে আকারে সাধারণ পদার্থের
উপর প্ররোগ করিতে পারিলে, তাহা স্থাসিত হয়। এই প্রাকৃতিক

সংসারে, সম প্রকৃতির হুই বিভিন্ন নিয়ম নিরন্তর ক্রীডা করিয়া যাইতেছে। একটিকে 'শীদ্ৰ,' অপরটিকে 'গৌণ' আখ্যার আখ্যাত করা ঘাইতে পারে। অনম্বিতভাবে দেখিতে গেলে, নিয়ম গুইটি প্রকৃতপক্ষে গুই বিভিন্ন নিরম নহে, বস্তুতঃ এক ; কেবল ক্রিগ্রাশীলতায় স্থান ও কালের ব্যাপকতা এবং ক্রিয়মাণ পদার্থের পরিমাণ,ইহা লইয়া তাহাদের পার্থকা। भनार्थश्रत्य, विरमय এवः माधावन, এक এवः अत्मक, वाष्टि এवः ममष्टि, নিতা এবং নৈমিত্তিক, ক্ষুদ্র এবং বৃহৎ, অল্ল এবং অধিক, ক্ষণিক এবং স্তামী,ইত্যাদি,সেই পার্থকোর বিষয়ীভূত। প্রাকৃতিক নিয়মের 'আফ্লিক ও বার্ষিক গতি' এবং তত্বভয়ের ফলস্বরূপ, প্রতি বিষয়ে এক আকৃতির ও এক প্রকৃতির বিশেষ এবং সাধারণ,কুদ্র এবং বৃহতাদি,ইত্যাকার ছইটি দৃশু আছে, অথচ প্রত্যেক দৃশুই স্ব স্ব আয়তন মধ্যে সম্পূর্ণাবয়ব। উহাদের প্রথমটি শীঘ্র নিয়মের কার্য্য এবং দ্বিতীয়টি গৌণ নিয়মের কার্য্য। এই জন্য শীঘ্র নিয়মের বিষয়ীভূত পদার্থ সম্বন্ধে যে জ্ঞান, তাহা উপলব্ধি পূর্ব্বক প্রদারিত আকারে প্রয়োগ করিতে পারিলে, গৌণ নিরমের বিষয়ীভূত পদার্থজ্ঞানও স্বচ্ছনে আমাদের অনুভূতির ভিতরে আসিতে সমর্থ হয়। ঐরপ প্রণালীক্রমে, হয় ত আবার এমনও হইতে পারে যে, গৌণ নিয়মের বিষয়ীভূত পদার্থজ্ঞান যথায় যথায় সহজ 🕏 স্থলভ, তথার তদ্বারা শীঘ্র নিয়মের বিষয়ীভূত পদার্থজ্ঞানকে অনুভ্ব করিবার প্রয়োজন হয়।

যে বেগবশে পরমাণুর গতি এবং গোলস্ব, আকাশপিওগণের গতি ও গোলস্বও সেই এক নিরমে। তোমার ঘরের ছেঁচের জলধারা, কিপ্ত-বিক্লিপ্ত নানা ধারার শেষে একধারা হইরা যেমন তর তর করিয়া চলিরাছে; অববাহিকাসমন্থিত মহাস্রোতস্বতীরও সেই একই প্রকারে পরিণতি ও গতি। নিত্য উদরান্ত ও আবর্ত্তন কালে যে দিবা, বংসরের ভাহাই কুদ্ররপ। প্রাত্তিহিক নিজা জাগরণ, নৈমিত্তিক মৃত্যু ও পুনর্জন্মের অবিক্ল কুল্ত অভিনয়। কোন এক গৃহত্ব, সমন্ত সমাজের হক্ষ্ম প্রতিকৃতি। অথবা এত কথাই বা বলি কেন, প্রতি পদার্থ

ব্রহ্মণ্ডেপ্রতিরূপ এবং প্রতি পদার্থে, অনন্ত ব্রহ্মাণ্ডের সৃষ্টি স্থিতি ও বিলয়-তর নিহিত রহিয়াছে। প্রতি ধুলিকণায়, পৃথিবীর অনস্ত আক্রতির সম্ভবতা: প্রতি বালুকাবৎ বীজ,অনন্ত অরণাানীর জনক; এবং প্রতি কুমারী কামিনী, অনন্ত জীব ও জাতির জননী। স্বতরাং যে কোন পদার্থের সমাক পরিচয় লাভ করিতে পারিলে, তাহারই সাহায্যে ব্রহ্মাওতত্ত্ব প্রবেশ করিতে পারা যায়। তবে কি না, আমরা এখনও অতি সুলদষ্টি ও সামানাশক্তি: তাই কেবল সদশ তত্ত্বের সাহাব্য পাইলেই সদশ অনুভবে সমর্হই। অতঃপর ইহা বলা বাহুলা যে, সেই সদৃশত হ অনুসারে এবং শীঘু নির্মের অনুসরণে, যে কেই আয়ুজীবনের প্রতি মনুধান, আমুজীবনকে মনুশীলন, ও আমুজীবনতত্ত্বে প্রবেশলভি করিতে পারিয়াছে; তাহার পক্ষে যে কোন মানবজীবন বা মানবের জাতীয় জীবন সংস্কীয় যে কিছু অভিনয়, তাহার মধ্যে প্রবেশ ও তাহার ভত্ন উদ্বাটন করা অতি সহজ: যে হেতু যে কোন এক মানবচরিত, তাহা সমগ্র মানবীয় স্বভাবের ফুল্ম দুগু স্বরূপ। আ্আা এবং মন, তত্ত্ব হকল মানুবে সমসাধারণ: স্কুতরাং আগ্লিক এবং মান্সিক সংসারে যে প্রবেশলাভে পারক —য়ে যতথানি পারক হয়, সে সেই পরিমাণে তাবং নানবীয় বিষয়ে সর্বজ্ঞতা লাভে সক্ষম হইয়া থাকে।

উপরে বাহা আলোচনা করিয়া আসিলাম, আশা করি, ভদ্বো একংশ কগঞ্জিং পরিমাণে লক্ষিত হইবে যে, গ্রীক এবং হিন্দৃং, এততভ্ব জাতির চিত্রেগ, পূর্বে যাহা একই দিকে প্রবাহিত হইত, এখন তাহা যথাপার্ক্ক কল্পত্রবংশ চালিত হইবা, দিধাভাবে তুই বিপরীতদিগ্গনৌ হইতে লাগিল । শু এইক্সে ক্লাস্ত্রবংশ, নব নব ক্লাক্ষেপ্রে, বিভিন্ন

৩ : ভাগতিক নৃষ্টি অতুনারে জাতার প্রকৃতি কিরপে নির্মিত হয় দে বিষয়ে, প্রয়োজন (necessity) ও বছবিষা ভাবের (chance) দার্মান্দ্রদার বকলনামা জনৈক ইংলগ্রীয় বচনবাগীশ যথেষ্ট আলোচনা করিয়া গিয়াছে। এতদর্শে প্রধানতঃ, তৎপ্রশীভ History of Civilisation নামক প্রায়ের বিভার অধার প্রস্তা। নিয়ামক এবং প্রবর্ত্তক ইন্ডানি করেপরক্ষার সভতে সভ্যাকি ইয়ের তত্তী উদ্দেশ্য নতে; বভাটী বচনপ্রধার

জা তীর প্রকৃতির স্ত্রপাত হইল। অতঃপর, সেই জাতীর প্রস্কৃতির পরিপোষণ-পদার্থ কি কি, দিতীর প্রস্তাবে ভাহা যথাযথ আলোচ্য।

ইতি প্রথম প্রস্তাবে পিতৃভূমি।

উদ্যোচন, পোষিত মতের সংস্থাপন, নিজপান্তিতা প্রকটন, এবং বলুপুক্তের সঠ নিজ পরিচ্য জ্ঞাপন উদ্দেশ। সামান্য কথা যাহা সকলে জ্ঞানে, তাহার প্রমাণ ফুলত ব হুতর গ্রন্থের উল্লেখ। দক্ষিণ আমেরিকার পেক্রনেশ ভূমিকম্পের জ্ঞানার চিরকালস্ট আহির, কিন্তু দেখ একবার তাহার প্রমাণ কত। (History of Civilisation, vol. I, note 190। কিন্তু নাত্তিক চূড়ামণি এই উদ্বরণানের গ্রন্থের বঙ্গসন্তান মহলে বড়প্রতিপত্তি। এমন কি, ঘদি এই গ্রন্থ এবং সঙ্গে সঙ্গে টঙ নামক ইংরেজের রাজস্থান থানি না থাকিত, তাহা হইলে বঙ্গের অর্জিক সামন্ত্রিক প্রকিত, এবং অর্জিকের অধিক সাহিত্যাসংহ্রের জ্ঞানরই আবেশাক হইত না। জ্ঞাত অক্রন্থত ব্যবহর প্রবিক্তর প্রথম ত্রবহর প্রথম ইংরেজের প্রামাণ করের এই বকল ইংরেজের জ্ঞানার প্রমাণ প্ররোগ ইত্যাদি পক্ষেত্র, বঙ্গসন্তানের শিক্ষা বোধ করি এই বকল ইংরেজের কল্যাণে।

দ্বিতীয় প্রস্তাব।

মাতৃভূমি।

পুরাতত্ত্বিৎ পণ্ডিতগণ দারা ইহা স্থির সিদ্ধান্ত হইয়াছে যে, উত্তর কুরু হইতে যে যে জাতি বহির্গত হইরা, বিভিন্ন দেশে আগমন পূর্বক উপনিবেশ স্থাপন করিয়া, কালে ঐতিহাসিক গণনায় পরিগণিত হইয়া-ছিল; তাহাদের মধ্যে হিন্দু গ্রীক এবং রোমক, এই তিন জাতির মধ্যে রোমকেরা দর্কপ্রথমে আদিস্থান পরিত্যাগ পূর্কক, ইতালিভূমিতে উপনিবেশ স্থাপন করে। রোমক্দিগের পরে গ্রীকেরা বহির্গত হয়। এবং সর্ব্যশেষে, রোমক ও গ্রীকদিগের স্থানাস্তর গমনের কিছুকাল পরে, ভাবী হিন্দুজাতিদিগের পিতৃপুরুষেরা, ইরাণীদিগকে সঙ্গে লইয়া, আদি স্থান পরিত্যাগ পূর্বাক ভারতে আগত হুইয়া, পঞ্চনদের ধারে এবং স্বরস্বতীতটে বাসস্থান নিরূপণ করিয়া জাতীয় গৌরব বিস্তারে রত খ্ট্রাছিলেন। পুরাতত্ত্বিদ্দিগের এই সিদ্ধান্ত অনুসারে গ্রীকেরা গন্তব্য স্থানে অত্যে উপস্থিত হছলেও, কি কারণে পরে আগত হিন্দু দিগের অপেক্ষা আগে আঢ়াতা এবং সভাতা গণনীয়রূপে লাভ করিতে সক্ষম হয় নাই: কি কারণে গ্রীকদিগের অপেক্ষা হিন্দুদিগের সভাতা বহুপূর্ব্বে উদয় হইয়াছিল; পরিণামে কেনই বা পরে উদিত এীকসভ্যতা অগ্রোদিত হিন্দুসভাতাকে বহুল বিষয়ে অতিক্রম করিতে সমর্থ হয়; মাবার গ্রীকসভাতা বা কেন বছল বিষয়ে হিন্দুসভাতার কথনই সমকক্ষতায় উঠিতে পারে নাই: এবং জাতীয় প্রকৃতির কিরুপ পরি-পোষণ ও সম্প্রদারণ হেতু তদ্ধপ সংঘটিত হইতে পারে, সেই সকল বিষয় এ প্রস্তাবে বর্থায়থ আলোচা।

আলোচ্য বিষয়ের অনুসরণস্থলে, যে যে কারণ গুলি প্রথমেই আমাদ দের দৃষ্টিপথে পতিত হয়; তাহাদিগকে ছইটে বিভিন্ন নামে দ্বিভাগে বিভাজিত করা যাইতে গারে। বিভাগভেনে ভাহাদিপকে এক 'ব্যবহারিক' কারণ, অপর 'বৈষ্মিক' কারণ, এই দ্বিধি নামে অভিহিত করা গেল। বিভিন্ন ব্যক্তি বা জাতি সহ যে প্রকার সংস্রব হেতু, পরস্পরের মধ্যে আচার ব্যবহার আদির বিনিময়ে প্রস্পরের কৌলিক আচার ব্যবহার আদির বিকার বিবর্ত্তন ও পরিবর্ত্তনাদি সংঘটিত হয়: তাহাকে ও তংসম্বন্ধীয় যাবতীয় বিষয়কে, ব্যবহারিক কারণশ্রেণিতে গণনা করা যায়। আর জমির উৎপাদিকা শক্তি, জলবায়ুর গুণা গুণ, আহারীয় নির্বাচন, ইত্যাদি ও তৎসদ্ধরীয় অপরাপর যে সমস্ত কারণ, তাহাদিগকে বৈষয়িক কারণশ্রেণিতে ধরা বায়। মানবের জাতীয় প্রকৃতির বিকাশ ও বর্দ্ধন বিষয়ে, প্রথম প্রস্তাবে প্রাকৃতিক ও নৈদর্গিক কারণের আলোচনা করা গিয়াছে: এক্ষণে সেই বিষয়ে, এই দ্বিতীয় প্রস্তাবে, ব্যবহারিক ও বৈষয়িক প্রভৃতি অপরাপর কারণের আলোচনা করা যা**ই**তেছে। প্রত্যেক কারণ, স্ব স্থাধিকার মধ্যে, স্বজাতীয় এক একটি পুথক ফলের উৎপাদন করিয়া থাকে; কিন্তু এখন দেই বছ পুথক ফলকে একতায় আনিয়া, একত্বপূর্ণ এক অভিনব মৃট্টি নিম্মাণ করিয়া থাকে কে এবং কোন কারণ সহযোগে १—সেই সমষ্টিতত্ব, যাহার যৌগিকতাবশে বহু প্রমাণ্যোগে বস্তু, বহুবস্তুযোগে সৃষ্টিরৈচিত্র এবং সমগ্র সৃষ্টিবৈচিত্রযোগে অনন্ত ব্রহ্মাণ্ড। সেই সমষ্টিতত্ত্বের স্করণ তিনি, বাঁহাকে বেদ "শান্তং শিবমদৈতং" বলিয়া ব্যখ্যা করিয়াছেন এবং এই অনন্ত বেলাও যে অহৈত পুরুষের যথাকুরপ বিরাট দেহ স্বরূপ। এই ব্রহ্মাণ্ডস্থলীতে, বাষ্টিতত্তে এক মুখে অনন্ত পুথকত্ব ও বিভিন্নতা: সমষ্টিতত্ত্বে অপরমূথে অনন্ত অবৈতমূর্ত্তি ও একতা।

১। ব্যবহারিক কারণ।

পৃথিবী মন্থ্যনিবাদ হওয়া অবধি, মন্থ্যমণ্ডলে কথিত ব্যবহারিক কারণের কার্য্য নিরস্তর হইয়া গিয়াছে, হইতেছে এবং চইতেও পাকিবে। মানবের সভ্যাবস্থায় ভিন্ন ভাতিনত সংস্তব ঘটনার কারণ বেমন অসংখ্য; কোন এক জাতি হইতে জলতাস্তবে গুলীত বিষয়ের স্বাতন্ত্রারক্ষার উপায়ও তেমনি অসংখ্য পরিমাণে বহিয়াছে; কিন্তু তথাপি দেখা যাইতেছে যে, জাত্যস্তর হইতে কতশত বিভিন্ন বিভিন্ন গৃহীত বিষয়ের জাত্যস্তরতাবোধ কালে একেবারে বিদ্রিত হওয়াতে, তাহারা গ্রাহক জাত্তির মধ্যে জাতীয় বিষয়ন্ধপে পরিগণিত হইয়া যায়। যথন সভা সময়েতেই এরূপ, তথন অসভা সময়ে উক্ত কারণের কার্যাকল না জানি আরও কত অধিক। ফলতঃ, অসভা, অর্দ্ধ-সভা, অথবা প্রাথমিক জাতিদিগের মধ্যে, জাতাস্তর হইতে গৃহীত বিষয়ের স্বাতন্ত্রাক্ষার নিমিত্ত, সভাসাময়িক সেরূপ উপায়সমূহের অন্তিম্ব অতি অন্ধ ; স্বতরাং বিভিন্ন জাতীয় সংস্রবে গৃহীত বা বিনিময়লন্ধ বিষয়, বহুলাংশে বা সমস্তই যে অবিলম্বে গ্রাহকজাতির মধ্যে স্বজাতীয় বস্তুপদে অধিরুত্ত হুইয়া যাইবে এবং এমন কি, গ্রাহক জাতিকে পর্যান্ত রূপান্তরিত করিয়া তুলিবে, তাহাতে আরে বিচিত্রতা কি ?—কার্যাতঃ তাহাই দেখিতে পাওয়া যায়।

ফলত: ইহা স্থির যে, ব্যবহারিক কারনের কার্যাফল প্রাচীনকালে যতটা পরিমানে ফলিত; আধুনিক সময়ে ততটা নহে। প্রাচীনকালে, এই কারণের প্রাবল্যবশে, এমন কি, অনেকানেক জাতি পর্যাস্ত, স্বীর স্বীয় আত্মসাতন্ত্রাবিলোপে, অপরাপর প্রবল্তর জাতিতে সম্পূর্ণভাবে মিলিয়া গিয়াছে। পূর্বকালে ইতালীভূমিতে, কত প্রকার বিভিন্ন জাতি বসতি করিত; কিন্তু শেষে সকলেই, প্রবল লাটিন জাতিতে মিলিয়া, একজাতিরপে পরিণত হইয়া গিয়াছে। গ্রীস ও আসিয়া মাইনর ভূমিতেও তজ্ঞপ ঘটিয়াছিল। প্রাচীন স্কাল্যনেবীয়, নর্মাণ, টেউটন, গথ, বেণ্ডাল প্রভৃতি জাতি এখন আর নাই; ইউরোপের কোন একতর জাতিতে মিলিয়া ভাহারা অন্তিত্বপূন্য হইয়াছে। অধুনাতন কালেও যে ব্যবহারিক কারণের কার্যা কিছু কম পরিমাণে হইয়া যাইতেছে, ভাহা নহে; বরং উহার ক্রিয়ানীনতা ও ক্রিয়াছলার আত্মতন পূর্বাবিশ্বা বহু পরিমাণেই প্রসারতা লাভ করিয়াছে। এখন সমস্ত পৃথিবী ব্যাপিয়া উহার কার্যা চলিতেছে এবং পৃথিবীস্থ সমস্ত জাতিই, কোন না

কোন রূপে, উহার ক্রিরাধীনে আসিতেছে। প্রাচীন প্রীক ও রোমক জাতি, এখন আর সে প্রাচীন প্রীক ও রোমক নাই; জ্বাপনীয়েরা কত রকমেই না ইউরোপীয় আকারে আকারবিশিষ্ট হইতেছে; এবং আধুনিক হিন্দুসন্তানেরা দেখ, কত প্রকারে ইউরোপীয় ব্যবহারাদির স্রোতে স্রোতায়মান হইয়া, ফিরিঙ্গীয়ানায় ইয়ংবেঙ্গল নামে খ্যাত ও উপহসিত হইতেছে; ইত্যাদি। তবে কি না, প্রাচীনকালের তূলনায়, আধুনিক কালে এই একটা প্রবল পার্থক্য দেখা ঘাইতেছে মে, ব্যবহারিক কারণের একটা জার্ব্য সম্বেও, কোন জাতি, একেবারে অন্তিজ্লোপে, অপর একটা জাতিতে মিশিয়া ঘাইতেছে না; আধুনিক রোমক ও গ্রীকদিগের মধ্যে প্রায় সমগ্র পরিবর্ত্তন সম্বেও, তাহাদের আত্মস্বাতন্তন্ত্র একেবারে বিলুপ্ত হইতে পায় নাই।—ইহার কারণ উপরেই বলিয়াছি যে, অসভ্য সময়াপেকা সভ্য সময়ে, আল্মস্বাতন্তন্তর রক্ষার উপায় অসংথা এবং সে সকল উপায় সর্ব্বদা ও সম্পূর্ণতঃ লক্ষ্মনীয় নহে।

সাধারণতঃ সাহিত্য বিজ্ঞান আদিকে, জাতীয়ম্বের প্রধান পরিচরস্থল বলিয়া ধরা যায় এবং অনেকের এমনও বিশ্বাস যে, জাতীয়ম্বের
অপরাপর পরিচয় লোপ হইলেও, এতি বিষরক পরিচয় সহজে লোপ
হয় না। কিন্তু দেখ, এখানেও তোমাকে দেখাইব যে, ব্যবহারিক
কারণের কার্য্য কতটা গুরুতর। ভারতীয় দাশমিক অঙ্কপ্রণালী এবং
জ্যোতিষ ও আয়ুর্কেদ আদি শাল্প বিদেশে নীত হওনান্তর, এতই অপরজাতীয়অপদে অধিষ্ঠিত হইয়াছিল যে, ঐতিহাসিক অনুসন্ধানকার্য্যের
উদয়কাল পর্যান্ত, প্রাহকজাতিগণের সকলেই সে সকলকে স্ব স্ব জাতার
সম্পত্তি বলিয়া ভাবিত; জন্মস্থান ভাহাদের একেবারে বিশ্বত হইয়া
গিয়াছিল; এমন কি, নিজ্ব ভারতীয়েরাই, আয়্মেতর অল্যান্ত জাতিকে
তত্তারতের আবিকারক ভাবিয়া,আবিকারমাহাত্মে আশ্বর্যাই হইয়া থাকিত
এয়ং অধিকন্ত নিজের বিষয় পরের হাতে লাভ করিয়া, পরকে মহাদাতা
জ্ঞানে ক্রত্তেভারসে আপুত হইত; অথবা এখনই কোন্ তাহা না
হইতেছে! এত গেল সাধারণ কথা, এখন বিশিষ্ট একথান গ্রন্থ সম্বন্ধই

কত দুর কি যে হইতে পারে তাহাও একবার দেখ।—সংস্কৃত পঞ্চত্ত এক স্বতি উৎকৃষ্ট গ্রন্থ এবং কৌতুকাবছ উপন্যাদে পরিপূর্ণ। এই নিমিত্ত ইহা অতি প্রাচীনকাল হইতে জনসমাজে সর্ব্বদা সমাদৃত। বিশেষ কোন জাতীয় সংস্রবস্তে, পারশারাজ থক্র নওসেরোয়া ইহার স্থাাতিতে আরুষ্ট হইয়া, ৫৭০ খৃষ্টাব্দে. পছলবী অর্থাৎ তাৎকালিকী পারশ্য ভাষায় ইহার অমুবাদ করিয়াছিল। পরে পারশ্য যথন মহম্মদশিষ্য-গণের দারা অধিকত হয়, সেই সময়ে আরবী ভাষা মুসলমানদিপের প্রচলিত ভাষা ছওয়ায়, ৭৬০ খৃষ্টাকে আলম কাফা নামে একজন আরব উহা আরবী ভাষায় অমুবাদ করে। আলম কাফার আরবী অনুবাদ হইতে, দিমিওন নামক এক ব্যক্তি দারা খৃষ্টের একাদশ শতাব্দীতে গ্রীকভাষায় অমুবাদিত হয়। ঐ গ্রীকের আবার লাটন অমুবাদ ১৫৯৭খঃ শকে প্রকাশিত হয়। পুনশ্চ, অনা দিকে আরবী অমুবাদ হইতে, রাঝি জোয়েল ঐ পুস্তকের হিক্র অমুবাদ করে। ১৫৯৭ শকের লাটিন অমুবাদ ক্রমে বিশ্বতিগর্ভে পতিত হইরা যার। তদন্তর রাফ্রিজোয়েলের হিক্ত মত্বাদ হইতে, রাফ্মিজোয়েল-কৃত এক অভতপূর্ব পুস্তক, ইত্যাকার-থ্যাতিতে, উহা সপ্তদশ শতাব্দীর প্রারম্ভে প্রায় যাবতীয় ইউরোপায় ভাষায় নীত হইয়া সমস্ত ইউরোপে বিস্তৃত হয়। এ যাবৎ ইউরোপ-ভূমিতে লোকের এই দচ বিশ্বাস ছিল যে, ঐ সকল উপন্যাস হিক্তছাতির मण्याजि । এ मिरक आवात शक्षमम मठाकीराज, आववी असूर्याम इहेरज, হুদেন বেগ নামক জনৈক পারশাদেশীয় লেথক, পারশ্য ভাষায় অফুবাদ ও অমুবাদে নানাবিধ নব অলঙ্কারসংযোজনে গল্প সকলের নৃতনত্ব সম্পাদন পূর্বক, অন্যান্য গলের সহ সমাবিষ্ট করিয়া, আনোয়ার সোহেলি নামে প্রকাশ করে এবং তাহা, সপ্তদশ শতানীতে সৈয়দ দায়ুদ ইম্পাহানী কর্ত্তক ফরালী ভাষায় নীত হইয়া, নৃতন আকারে পিল্লেক্সত (Fables of Pilpay) গল্পবনী নামে প্রচারিত হয়। এইত ব্যাপার। পরে কাল সহকারে মনুষামনে গ্ৰেৰণাবৃত্তির কার্য্য আরম্ভ হইলে, অত্নসন্ধানের দ্বারা শেৰে িহিরীকৃত হয় যে, এত গোলযোগের মূল সংস্কৃত সেই পঞ্চতন্ত্র মাত্র।

এ পর্যাপ্ত উহাকে অনেকেই আপন জাতীয় সম্পত্তি বলিয়া ভাবিয়াছে;
এবং ক্রমাগত বহুকাল ধরিয়া হস্তাস্তরিত হইতে থাকায় উহার আকার
পরিবর্ত্তনও এত হইয়াছিল যে, সহজে মূলের সহ উহার সম্বন্ধ স্থাপন
করিতে শকা হইত।

অতএব যথন ঐতিহাসিক ও সভ্যতালোকময় সময়ে,একখানি লিখিত গ্রন্থ সম্বন্ধে এরূপ ঘটিতে পারে ; তথন সেই দূরগত আদিম এবং লিখন-জ্ঞানশূন্য কালে, শিথিলগ্রন্থি ও শিথিলমূল লোকব্যবহারাদি বিষয়ে, কতই কি না হইয়া যাইবে এবং তখন কত আপন বস্তু পরের ও কত পরের বস্তু আপন হইবে, তাহা কে বলিতে পারে ? অবনীতে সভ্যতাসূর্য্য উদয়ের পূর্বে, সভ্যতার আত্মৃষঙ্গিক যে সকল জাতীয় সংস্রব ঘটবার কারণ, তাহারা যদিও তথন বিশেষরূপে বর্ত্তমান ছিল না বটে; তথাপি জ্বাতি সকলের পরস্পারের মধ্যে, সংস্রব ঘটিবার পক্ষে বিশেষ কোন রাাঘাত হইত না। সেই সময়োচিত অন্যবিধ কারণের দারা তাহা সংসাধিত হইত। পুনশ্চ, এখন সংস্রব ঘটে প্রায়ই স্বেচ্ছাবশে; আর তখন ঘটিত প্রায়ই অদৃষ্টবশে। স্বেচ্ছাস্থলে মানব স্বভাবতঃ যতটা সতর্ক থাকে; অদৃষ্টস্থলে তাহা হয় না। সভ্য সময়ে মানব আশ্রমী হইয়া এক স্থানে বার্দী করিয়া থাকে; কেবল কার্য্যব্যপদেশে ও স্বেচ্ছা-স্তুত্তে কোন নিয়মিত সময়ের জন্য, বিনিময়কারকগণের একতর কেহ স্থানাস্তরিত হইয়া অপরের সহ সংমিলিত হয় এবং প্রায় সেই সংমিলনসময়ে, তত্ত্তারের মধ্যে, জ্ঞাতসারে ও অজ্ঞাতসারে উভয়বিধ-রূপে, যাহা কিছু বিজাতীয় সংস্রব ও সেই সংস্রবস্থতে ব্যবহারাদি বিষয়ের যাহা কিছু বিনিময়, তাহা ঘটনা হইয়া থাকে। এরপ বিনিময়-লব্ধ বিষয় সাধারণতঃ বাহমূল, জাতীয় বিষয়ের উপর ভাসমান এবং যেন বিদেশলন অধিকন্ত স্থাসবাব রূপে প্রতিষ্ঠিত হয়; স্থতরাং বিনিময়কারক জাতিগণের মধ্যে জাতীয়ত্ব পক্ষে, কি আমূলতঃ কি বিশেষতঃ, কোন রূপাস্তর সাধন করিতে পারে না ; অথবা অপর পন্থা अचनवृत्त. रग्नु वित्नमनक भनार्थ ठारात वित्नमीयय ভाव रातारेया,

যত্র নীত তত্রস্থ জাতীয় মূর্ত্তিতে পরিণত হইয়া যায়। কিন্তু অসভ্যাবস্থার ব্যবস্থা অন্যন্ত্রপ। তথন মানব নিরাশ্রমী; সাধারণতঃ পশুপালন বা মৃগয়া-স্ত্রে তাহাদের জীবিকা; ব্যবসায় বাণিজ্য বা অপরবিধ কোন বেচ্ছাস্ত্রে তাহাদের দেশদেশান্তরে যাতায়াত নাই। কেবল পশুপালন ও মৃগয়াদি পক্ষে যথায় ঘথায় স্থবিধা, তথায় তথায় তাহারা অনুষ্টচালিতবং অনবরত: বাদস্থান পরিবর্ত্তন করিয়া ফিরে। যে স্থান হইতে তাহার! প্রথম যাত্রা করিল, অনাশ্রমিত্বধর্মবলে হয়ত আরে কথন সে স্থলে পুনরাগমন করিবেনা; এবং তাহাদের এ যাত্রা যে কোথায় গিয়া নিরুত্ত হইবে ও নিরুত্ত হইবার পূর্বেরে যে কত কত কাল গত এবং কত কত স্থান তাহাদের পদতলগত হইয়া যাইবে, তাহা কে বলিতে পারে ? বোধ করি এক অদৃষ্টপুরুষ ভিন্ন আর কেহই তাহা বলিতে পারে না। এই অনবরত গমন ও স্থানপরিবর্তনের সময়ে, পথিমধ্যে নানাবিধ ভিন্ন ভিন্ন জাতির সহ তাহাদের সংস্রব ্যেখানে যেখানে ঘাসজল বা মুগ প্রচুর দেখিল, সেইখানে অদ্প্রপূর্ম ও অপ্রিচিত বহুত্র জাতির, একই উদ্দেশ্যযুক্ত ভ্রমণাবর্তুন হেতৃ, একত্র সমাবেশ সাধন হইল। সেই সময়ে ও সেই দিন কয়েকের জন্ম সংস্রাবে, সংমিলিত জাতিসমহের মধ্যে, পরস্পারের আচার ব্যবহার এবং পৌরাণিক ও অপরাপর নানাবিধ বিষয়ের বিনিময়কার্ঘ্য সমাধাহয়। এই বিনিময় অহতি বহুল রূপেই হুইয়া থাকে, কারণ অনাশ্রমীদিগের আচার ব্যবহার আদি বিষয় সক্ষ স্বভাবতঃ অতিশয় শিথিলগ্রন্থিয়ক। তবে ইহার মধ্যে বিশেষ এই যে, যাহারা উহারট মধ্যে একটু উৎকর্ষযুক্ত ও যাহাদের জাতীয় বিষয় সকল অপেকাকত দৃঢ়মূল হইরাছে, তাহারা বিনিমরে বিষয় গ্রহণ অবগ্রহ অপেকাক্কত কুন পরিমাণে করিয়া থাকে। সে যাহা হউক, আবার বথন দে স্থানের বাদ ফুরাইল, তথন পরস্পরে সকল ঘনিষ্ঠতা বিরহিত হইয়া, যে বাহার গস্তব্য পথে প্রস্থান করিল; হয়ত ইহকালের মত আর কথনও ভাছাদের পুনর্মিলন হইবে না। কাল গত হইল, জাতীয় সংস্তব বিশ্বতিস্থিৱে

ডুবিল,—কিন্ত বিনিময়লক বিষয়সমূহ বাহা, তাহা অস্থিমজ্জায় প্রবেশ করিয়া, স্থায়িভাবে জাতীয় সম্পত্তির পদে অধিষ্ঠিত হইয়া রহিল। ১

চেতনাচেতন দকল সংসারেই, 'অধিক' যে দে 'অল্ল'কে, 'উত্তম' যে সে 'অধমকে' আকর্ষণ করিয়া থাকে। 'অল্ল' যে, হয় সে 'অধিকের' আকর্ষণে রূপান্তর প্রপ্তে হইয়া, 'অধিকের' ন্যায় গুণাদি প্রপ্তে হয়: অথবা 'অধিক' বিশেষ বলবান হইলে, 'অল্ল' তাহার সংঘর্ষে তাহাতেই নিশিয়া দৃশ্যত বিলুপ্ত হইয়া যায়। প্রাক্তিক সংসারে এই অভিনয় নিত্য নয়নগোচর হইয়া থাকে। ব্যবহারিক কারণের কার্যান্থলীতেও, দেই নিয়মের অভিনয়ে ইহাই প্রায় সাধারণতঃ লক্ষ্যগোচর হয় যে, বহিবিকাশ বাহাসম্পং ও মানদিক বুভিতে প্রকৃতির অনুগৃহীত যাহারা; তাহারা সাধারণতঃ অনমুগৃহীতকে আকর্ষণ করিয়া থাকে। এই একটা দৃষ্টান্ত স্বরূপ দেখ;—তুমি হিন্দুসন্তান, কি তোমার প্রাচীনত্বে, কি তোমার পূর্ব্যপুরুষের পরিচয়ে, ইত্যাদি বিবিধ বিষয়ে, বল দেখি পৃথিবীর কোন জাতি তোমার সমকক্ষণ কিন্তু তথাপি দেখ, কেমন তুমি অপেনাকে ভূলিয়া ফিরিঙ্গী দাজিতে সতত লালাইত হও! ইহার कातन १-- राजान शृत्तं भूकरवता यात्रा हिन, जुनि अथन जाहा नाहे : ভূমি এখন কি বহিবিকাশ কি মানসিক বৃত্তি, সকল বিষয়েতে ইতর হুইয়া পড়িয়াছ; তাই তোমার অনুকরণবৃত্তিও এখন এত প্রবল হুইয়া পড়িরাছে; তাই তোমার জ্ঞানদৃষ্টিতে হীনতা ঘটার, এখন এমন কি, আর তোমার পিতৃগণের প্রতি লকা ও তাহাদের দৃষ্টান্ত দর্শন প্যান্ত তোমার বুদ্ধিতে আসিয়া যুটে না।

১। আমাদের দেশে এক সঙ্গে রৌল ও জন হইলে, বলিরা থাকে যে "থেঁক-শিয়ালীর বিবাহ হইতেছে।" জাপানদেশেও অবিকল ঐ কথা প্রচলিত। পৃথিবীর সমস্ত সভ্যাসভা জাতির মধাে, আদিন ও মৌলিক ব্যবহার এবং বচন ও প্রবাদাদির এক ভা যে কত ও কি আশ্চন্ত্রপ্থে ল্বক নামক ইংরেজকৃত Origin of Civilisation ন্মক গ্রন্থ হত্যা। বলা বাইলা যে, সেই সকল একভা, নিঃসন্দেহ, প্রধ্জাত-ব্যহারিক কারণ বা আদিন জাতীয় সম্প্রব্যে জ্গাতে বিকীপ্রিইয়াছে।

<u>ক্রের্ছ ইতরকে আকর্ষণ করিলেও, স্বাভাবিক নির্মে, শ্রের্ছ যে সেও</u> সংস্তবগুণে কিছু না কিছু সংক্রমিত না হইয়া যায় না; তবে বিশেষ এই বে, ইত্র অর্থাং প্রকৃতির অনমুগৃহীত যাহারা, ভাহারাই অ:াক্ষাকুত অত্যধিক পরিমাণে সংক্রমণের বিষয়ীভূত হইয়া থাকে। ব্যবহারিক কারণবশে, একজাতীয় আচার বাবহার আদি বিবিধ বিষয়, আর এক জাতির উপরে আরোপিত হয় এবং উক্ত আরোপ দেতু, দেই নেই বিষয় মনুষোর যে বিশেষ প্রকৃতিবশে উংপন্ন, তৎ তং প্রকৃতিও আসিয়া ক্রমে আরোপিতের উপরে বর্তে। স্কুতরাং ব্যবহারিক কারণ-বশে, কি ব্যক্তি কি জাতি, উভয়েতেই, কতক পরিমাণে প্রকৃতি পরি-বর্তুনও ঘটিয়া থাকে। যে যেমন আচার বাবহার অবলম্বন করে. ভাছার প্রকৃতি ও মতিগতিও যে সেইরূপে কতকটা পরিবর্তিত হয়, ইহা নিতাই প্রতাকগোচর হইয়া গাকে। এইস্থরে আরও একটা কথা বক্তব্যায়ে, যথন কোন এক বিভিন্ন শ্রেণীর আনাের বাবহার আদি অবলম্বন হেতু, আমাদের সাত্মপ্রকৃতি পর্যান্ত তদনুরূপ ও তংপরিমণে অফুরূপ পরিবর্ত্তি হওয়ার কথা: অন্য কথায় আয়ুপ্রকৃতি পর্যান্ত ভাহাতে যথন কতকটা হারাইতে হয়; তথন তাহার যে কোন একটা অবলম্বন করিবার পূর্কে, আমাদের কতটা পরিমাণে বিবেচনা ও অফুধানি করিয়া চলা উচিত।

এখন, দেই প্রাচীন ও ইতিহাসের অন্তুদর সময়, যথন হিন্দ্র পূজ-পুরুষ ও গ্রীকের পূর্জপুরুষগণ আদিমস্থান পরিত্যাগে উপনিবেশিত দেশাভিন্থে যাত্রা করিয়াছিল, তথনকার কথা একটু আলোচনা করিয়া দেখা যাউক। গ্রীকদিগেরও তাহা আদিমকাল, হিন্দুদিগেরও তাহা আদিমকাল। কিন্তু তথাপি, ভাষাতত্ত্বিং পণ্ডিতগণ ভাষাতত্ত্ব অনুশীলন ছারা নিরূপণ করিয়ছেন যে, গ্রীক এবং হিন্দুগণ স্ব স্ব দিগন্তাভিন্থে বহির্গত হইয়া যাইবার পূর্বে, যথন স্বীয় আদিমস্থানে একজাতিভাবে স্বাস্থিতি করিতেন; তথনও ঠাঁহারা এভদ্র উংকর্ম গাভ করিয়ছিলেন যে, ঠাঁহাদের বাসভূনিতে পূর নগর ও গৃহ

অট্টালিকাদি নির্মাণের অস্ভাব ছিল না; নৌকাচালন, বস্তবয়ন আদি বিবিধ ব্যবসায় ও শিল্প সকলের অনুশীলন হইত: বিবিধ পশুপালন এবং मानवाहनामित । वहन উল্লেখ দেখা यात्र ; এवः ठाँशामित स्त्रीविक। নির্বাহ হইত প্রধানতঃ হলচালন ও কৃষিকার্য্য অনুষ্ঠানের দ্বারা। ইহারা ক্র্যিকার্য্যের এতই প্রতিষ্ঠা ও ক্র্যি অবলম্বন জন্য আপনাদিগকে এতই শ্রেষ্ঠ জ্ঞান করিতেন যে, অন্ত জ্ঞাতি হইতে আপনাদিগকে পৃথক করিতে ও আপনাদের শ্রেষ্ঠত জ্ঞাপনার্থে, হলার্থবাধক 'অর' শব্দ প্রস্থত 'আর্য্য' নামে আপনাদিগকে আথ্যাত করিয়াছিলেন ৷ পুথিবীস্থ তাৎকালিক আর যে কোন জাতি, যে কোন বিষয়ে হউক, কোন প্রকারে তাঁহাদের সমকক ছিল না; অথবা আর কোন জাতিই তাদৃশ উৎকর্ষণাভে দক্ষম হইতে পারে নাই; প্রত্যুত তাহারা এতই অপকৃষ্ট ও হীন ছিল যে, জীবিকার্থে পশুপালন ও মুগ্যামাত্র অবলম্বন করিয়া, অনাশ্রমিভাবে দিগুদিগস্তে ঘুরিয়া বেড়াইত। স্থতরাং বলিতে হইবে যে, একমাত্র আর্য্যগণই তৎকালে উৎকর্মপ্রাপ্ত ও বলবত্তর জাতি ছিলেন। এই কারণ হেতু, আমরাও দেখিতে পাই যে, ব্যবহারিক কারণের কার্যান্থলীতে কার্যান্থলতা সত্ত্বেও, কি হিন্দু কি এীক, কাহারই আত্মবিলোপ হইতে পায় নাই; অন্ততপক্ষে, আদিমজাতীয়ত্ব ও তৎপ্রকৃতির যে রেখাপাত, তাহা সর্বাদা তাঁহারা অক্ষন্ত রাখিতে সমর্থ হইয়াছিলেন। ফলতঃ তাঁহারা সেরপ সমর্থ হইয়াছিলেন বলিয়াই, এত দূর কালাস্তবে আমরাও আজি তহভরের আদিম একজাতীয়ত্ব অনুভব করায় সক্ষম হইতে পারিতেছি। সে যাহা হউক. তথাপি বলিতে হইবে যে, ব্যবহারিক কারণের ধর্মবশে তাহাদের আদিম কৌলিকতার যে রূপান্তর ঘটনা হইয়াছিল, তাহাও বড় সাধারণ রূপান্তর নহে।

বিভিন্ন জাতীর সংস্রব ও ব্যবহারিক কারণের কার্য্য, হিন্দু এবং গ্রীক এ উভন্ন জাতিরই উপর, প্রধানতঃ এই দ্বিবিধ সময়ে বর্তিয়াছিল; এক আদিস্থান পরিত্যাগ পূর্মক স্বস্থ দিকস্থ গস্তব্য স্থানে গমন-

কালীন; অপর গন্তবা ভানে আগমনের পর। পুরাতত্ত্বিদেরা প্রমাণ সহকারে নিরূপণ পূর্বক কছেন যে, গ্রীকেরা পিতৃস্থান পরিত্যাগ ·করিয়া যেমন হিন্দুদিগের বহুপূর্ব্বে বাহির হইয়াছিল; গন্তব্য স্থান **এীক-**ভূমে কিন্তু সেরূপ ভারতীয়দিগের ভারতে উপস্থিত হইবার বহুপূর্বের আসিয়া উপনীত হইতে পারে নাই:—প্রায়ই সমকালে অথবা অর ইতর বিশেষে আগুপাছু হইরা পৌছায়। এ কথা যদি সত্য হয়, তাহা হইলে অবশুই বলিতে হইবে (অথবা কার্যাতঃ তাহাই দেখা যাইতেছে) যে, স্বস্থানত্যাগানন্তর গন্তব্য স্থানে আসিতে, হিন্দুদিগের অপেক্ষা গ্রীকদিগকে অনেক ভ্রমণ-ঘূর্ণাবর্ত্তনে বিঘূর্ণিত হইতে হইয়াছিল এবং হিন্দুদিগকে যে পরিমাণে পথাতিবাহন করিতে হইয়াছিল, তাহার সঙ্গে তুলনা করিলে, গ্রীকের অতিবাহিত পথ অপার অবস্থাসমূল ও দৈর্ঘ্যে অসীম বলিলেও চলে। তাহার পর একণে, এতছভয় জাতির এই প্রণাতিবাহনকালিক বাবহারিক কারণের কার্যায়তন আলোচনা করিলে, দেখিতে পাওয়া যায় যে, হিন্দুরা যে পথে গিয়াছিলেন, সে পথে নিরাশ্রমী জাতির চলাচলভাগ অতি বিরল; কিন্তু গ্রীকেরাযে পথে গিয়াছিল, তাহা আবহমানকাল হইতে বহুতর নিরাশ্রমী জাতির নিতঃ পথ। দীর্ঘকাল ধরিয়া এই দূরতর পথ বাহিতে এবং পথিমধ্যে বহুতর জাতীয় সংস্রবে আসিবায়, গ্রীকদিগের মধ্যে স্ববশুই বছল পরিমাণে পৈতৃক আচার ব্যবহারের লোপ,কিয়দংশের বা বিকার,এবং কিয়দংশের স্থানে কতকগুলি নৃতন বিষয়ের অধিষ্ঠান হইয়াছিল; স্কুতরাং সেই সকল হইতেও হিলুদিগের অপেক্ষা গ্রীকদিগের মধ্যে যে বহুপরিমাণে পুথকম জন্মিনে, তাহাতে আরে বিচিত্রতা কি ? তাহার পর, সঙ্গ গুণে উন্নত ভাবও অবনত এবং অবনত ভাবও উন্নত না হয় এমন নহে। গ্রাকদিগের সংস্রবে সাগত জাতি যাহারা, তাহারা একে অসংখ্য, তাহাতে মাবার দ্রাংশে এাকদিগের মপেকা হের ভিন্ন উন্নত ছিল না: কাজেই তাহাদের সংস্রাহে অপকর্ষতাও কতকটা এীকদিগের প্রাপ্ত হইবার কথা। পুনশ্চ, এইরূপে যে অপকর্যপ্রাপ্তি তাহাকে, হিন্দুসভাতা অপেক্ষা গ্রীকসভ্যতার পরে উদয়ের পক্ষে, একটি অন্যতর কারণ শ্বরপে নির্দেশ করা যাইতে পারে। পূর্ব্বে এক স্থানে বলিরাছি রে, প্রকৃতির অপেক্ষাকৃত অনুসূত্রীত যাহারা, তাহারাই স্বস্থান হইতে আগে বিতাড়িত হয়; স্বতরাং পরগামী হিন্দুর তুলনে বলিতে হইবে য়ে, একে পিতৃত্বান পরিত্যাগসমরে হিন্দুর অপেক্ষা প্রীকেরা কম পরিমাণে উৎকর্ষভাব প্রাপ্ত হইরাছিল, তাহার উপর আবার নিকৃষ্ট জাতীয়সংশ্রব হেতু নানা অপকর্ষের চাপাচাপি, অতএব কেন গ্রীকেদের জাতীয় উৎকর্ষ হিন্দুদিগের অপেক্ষা মন্থরগতি না হইবে ? সে যাহা হউক, হিন্দুদিগের পথবাহনও অতি অল্প, পথবাহনকালীন বিভিন্ন জাতীয়সংশ্রব যাহা ঘটিয়াছিল তাহাও অতি সামান্য; এই জন্য কি ইহাদের অপকর্ষতা প্রাপ্তি, কি পৈতৃক আচার ব্যবহার হইতে ইহাদের পরিবর্ত্তনভাগ, উভয়ই অপেক্ষাকৃত অতি অল্প। পুরাতন্ত্রিদ্গণেরও সেজন্ত বিশ্বাদ এরপ যে, আদিমস্থানস্থ আর্য্যাদিগের বাহা কিছু রীতি নীতি ছিল, তাহার প্রকৃত আভাস কেবল এক প্রাচীন হিন্দুচরিতেই পাওয়া যায়।

একণে দেখা যাউক বে, জাতিষয় গন্তব্য স্থানে উপনিবেশিত হইলে পর, কি কি প্রকারে ব্যবহারিক কারণের কার্য্য ঘটিয়াছিল। যে যে প্রকারে ঘটিয়াছিল, তাহার মধ্যে ছইটি প্রধান। প্রথমতঃ—তং ৩২ দেশহ আদিম অধিবাসিগণের সহ সংস্রব, দ্বিতীয়তঃ—পার্শ্ববর্ত্তী অপরাপর দেশহ জাতি সকলের সহ সঞ্জ-সংমিলন।

আদিম অধিবাসিগণ, আদিতে উভয় জাতিরই নিকট শক্তভাবে দণ্ডায়মান হইয়াছিল। গ্রীসীয় আদিমগণ সংখ্যায় সামান্য হেতু, গ্রীকেরা অতি অল্পমে ও অতি অল্পলে, তাহাদিগকে বশুতায় আনিয়া দাসত্বপদে নিয়োজন পূর্বক, এক পক্ষে ভাবনাশূন্ততা ও অপর-পক্ষে আত্মদার্ট্যতা লাভ করিয়াছিল। আদিমগণও তাহাদের যথাপ্রাপ্ত ভাগ্যকে সহজে মানিয়া লওয়ার, ক্রমে দাস ও প্রভু উভয়ে উভয়তঃ হনিয়্ঠতাস্ত্রে আসিতে থাকে; স্থতরাং উভয়তঃ গুণাগুণ সকলের নিবিয়ে বিনিয়য় চালতে থাকায় এবং গ্রীকদিগের মধ্যে জাতি-

ভেদাদি পার্থকাবিধায়ক প্রথা কিছু পরিবর্দ্ধিত হইতে না পাওয়ায়, ক্রমে ক্রমে ও কালে, দাস ও প্রভু এক জাতিতে পরিণত হইয়া গিয়াছিল। বশুতায় আসিবার পরেও, প্রথম প্রথমটা হেলোটগণের মধ্যে এখন তথন সামান্য গোছের বিদ্রোহ কিছু কিছু উপস্থিত না হইত, এমন নহে; কিছু সেঁ কেবল প্রভুর অভাধিক প্রভুত্বজন্য নিরাশ মনের বিদ্রোহমাত্র এবং তাহাও অতি সহজে প্রভুর বিক্রমে উপশমিত হইয়া গাইত। স্থতরাং সমবল প্রতিদ্বার মধ্যে যে বিদ্বেষ ও শক্রতা ঘটনা হয়, তাহা এখানে কখনও ঘটে নাই এবং সেজন্য, গ্রীকভূমে কথিতরূপ ব্যবহারিক কারণের কার্যাঘটনাতেও কোন ব্যাঘাত পড়িতে পায় নাই।

কিন্ত ভারতীয়দিগের অবস্থা ঠিক উহার বিপরীত। ভারতীয় আদিমগণ সংখ্যায় যেন অসংখ্য, একটা নিপাত করিলে রক্তবীজের নাার শতটা উত্থিত হয়। নিতা সংগ্রাম, নিতা নররক্তে স্নান, তথাপি শক্ররও কমি নাই; স্কুতরাং স্কুথ শাস্তি বা নিরুদ্বেগিতার সঞ্চের দেখা गारं। गञ्छ आवात मर्सना मञ्जूषगञ्ज नटर ; ननी ठरे, विरात् कृति, বনদেশ, আনাচ-কানাচ, সর্বত্তেই গুপ্ত শত্রুর আশঙ্কা : কথন কি ভাবে অন্তেমণ করিবে, কথন কি প্রাণ অপেক্ষাও প্রিয়তর ধনজন হরণ ্করিয়া পলাইবে, তাহার স্থিরতা নাই। বিপুল বীরত্ব সত্ত্বেও জয়ের ্ঝাশা নাই; অসাম সাহস সত্ত্বেও আত্মদার্চ্যতার সন্তাবনা মাই; চিত্ত সর্বাদাই অস্থির ও আকুলিত। এতাহিষয়ক ব্যাকুলতা তাহাদের ্চিত্তকে এতই আকুলিত করিয়াছিল যে, তাহাদের দেবস্তুতি এবং এমন াকি, দৈবকার্য্যের পর্যান্ত অধিকাংশ ভাগ, শত্রুর অনঙ্গলকামনায় পিষ্যবসিত। অন্য দিকে তদিপ্রীতে সমস্ত গ্রীকপুরাণ পুঁজিয়া দেখ, স্মাদিমগণের বিরুদ্ধসূচক একটি কথাও সমস্ত গ্রীক দেবস্তুতি ও দৈব-কার্য্যের মধ্যে খুঁজিয়া কোণাও পাওয়ার সম্ভাবনা নাই; সে পক্ষে িতাহাদের আত্মবলই পর্য্যাপ্ত ছিল। হিন্দুর আত্মবলে না কুলান জন্মই দেববলের কামনাভাগ এত অধিক। সে কামনা ও ততুল্লেখ কেবল

देविषक एरकुई त्य भगाविष्ठ इहेबाइ छाटा नरह , भावािक अमर्था ও অন্তত দেবাস্থরসংগ্রামকাহিনী সকলও এই স্থাতে উংপন্ন। পুনশ্চ, সেই আদিম গুপ্তশক্তার প্রভাব হইতে, বনভূমি, প্রান্তরভাগ ও (लाकवित्रल छान गात्ज, हित्रिनितत उत्तं छठ, ताक्रम, देनठानानव, কুলাও, প্রভৃতি অদৃষ্ট্র জীবের চির্বিহারভূমিতে পরিণত হইয়া আদিল। লোকচিত্তও ক্রমে আত্মদার্চ্যতা পরিত্যাগ করিয়া অধিকতর রূপে অদৃষ্ট দেবতার বশীভূত হইয়া উঠিল। অন্য দিকে আবার, এরপ প্রকার প্রবল প্রতিদন্দিতা হেতু প্রবল বিদেষানল সর্বাদা প্রজ্ঞালত থাকার, সাদিমগণের সহ কোন প্রকার গুণা গুণাদি বিষয়েতে বিনিময় কাষ্ট্রের কিছুমাত্র সম্ভাবনা রহিল না। যদিও কালে বহুক্টে আর্যোরা কিয়দংশ আদিমগণকে দমন করিয়া বশুতায় আনিয়াছিলেন বটে, কিন্তু তথাপি তাহাদের সমস্ত বিষয়ই ঘুণার চক্ষে দেখিতেন ও তাহাদিগকে সক্ষদা সহস্রহস্ত তফাতে রাখিতেন, এমন কি কোন শূদ্রের দক্ষে পথ চলিতে পর্যান্ত রাজী হইতেন না;—মন্ত্তেও একদঙ্গে পথ-চলার নিষেধবিষয়ক বিধি দেখিতে পাওয়া যায়। আর্যাদিগের মধ্যে যদিও ব্যবসায় অনুসারে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ইত্যাদি জাতীয় সংজ্ঞা সকল স্থাপিত হইয়াছিল বটে ; কিন্তু জাতিসকলের মধ্যে প্রকৃত পক্ষে যে পরস্পর সংস্রবশূন্যতা তাহা, আমার বোধ হয়, শুদ্র-দিগকে ঘুশাবশতঃ দূরে রাথার স্ত্র হইতেই, ক্রমে উথিত ও কালে তাহা সংস্কাররূপে পরিণত হইয়া থাকিবে। বশুতায় আগত শুদ্রেরাই আর্য্যচরিতের অনুকরণ করিত ; কিন্তু আর্য্যেরা, দ্বণা ও বিদেষ বশতঃ, তাহাদের কিছু কথনও যে অনুকরণ করিয়াছিলেন এমন বোধ হয় না। এখন দেখ, আদিম জাতির দংস্রবহেতৃ গ্রীকদিগের উপর ব্যবহারিক কারণের যে যে রূপ কার্য্য অতি বিপুল; হিন্দুর উপর সেই সংস্রব বিরহে বাহারিক কারণের সেই সেই রূপ কার্যা কিছুই হইতে পায় নাই। অতএব এটাও এথানে বিশেষ লক্ষ্য করিবার বিষয় যে, এই আদিম জাতির সংস্রবস্থলে, হিন্দু এবং গ্রীকচরিতে কতটা বিভিন্নতা আদিয়া

্ উপস্থিত হইল এবং তাহাদের চিত্ত ও চিত্তের অ্যবলমনীর বিষয় সকল ও স্কুত্রবাং কত্টা বিভিন্ন ভাবে বিভিন্ন দিকে গতিশীল হইতে চলিল।

এক্ষণে পার্ষবন্তী অপরাপর দেশস্ত জাতি সকলের সহ সঙ্গ-সংমিলন বিষয়ে আলোচনা করিলে দেখিতে পাওয়া বায় বে, হিন্দু একে নিজে বিদেশগামী হইত থব কম: তাহাতে আবার সে দর সময়ে, ঐতিহাসিক সময়ের আদিমকালে, ভারতের পার্শ্বন্থ জাতি সকল বর্ষর থাকায়, অপরাশীর দেশের লোকও ভারতে যাতারাত করিত কম। দিতীয়তঃ. ভারতের আদিম অধিবাসীদিগের প্রতি ঘুণা করিতে গিয়া,আত্মেতরের প্রতি ইহাদের যে ঘণা বদ্ধমূল হইরাছিল: তাহা ক্রমে প্রতিবন্ধক তার অভাবে সংস্কারে পরিণত হওয়ায়, হিন্দুরা অপরাপর সকল জাতি ও তাহাদের জাতীয় বিষয়কেই ঘুণার চক্ষে দেখিতেন। অতএব একেই বিজাতীয় লোকের সহ সংস্রব কম, তাহাতে পুনঃ ঘুণার চক্ষেদর্শন, স্কুতরাং সঙ্গ-সংমিলনস্থলেও ব্যবহারিক কারণের কার্য্য ততটা হইতে পায় নাই, যতটা গ্রীকদের উপর হইয়াছে। এরূপে কি ভারতের আগমনপথে, কি ভারতের আদিম জাতির সংস্রবে, কি বিজাতীয় সঙ্গ-সংমিলনে, সর্বত্রই ব্যবহারিক কারণের কার্যাল্পতা হেতু, ্হিন্দুগণ স্বীয় প্রাচীন কৌলিকতা ও আত্মস্বাতন্ত্র্য আবহমান কাল, এবং এমন কি, আজি পর্য্যন্ত যতটা রক্ষা করিতে পারিয়াছে, ততটা বোধ হয় এক চীন ভিন্ন, পৃথিবীর আর কোন জাতিই রক্ষা করিতে পারে নাই। গ্রীক ইতিহাস উহার বিপরীত: বেমন গ্রীসের গমনপথে, ,যেমন আদিমগণের সংস্রবে, তেমনি বিজ্ঞাতীয় সঙ্গ-সংমিলনেও গ্রীকের উপর ব্যবহারিক কারণের কার্য্যভাগ অতি প্রবলতর। পার্শ্বন্থ বছতর জাতির সহ. অতি প্রাচীনকাল হইতেই এীকদিগের গমনাগমন চলিতেছে; ইউরোপা ও ইয়ো হরণ, আর্গোনটিক সমুদ্রবাতা, টুরবুদ্ধ, ইত্যাদি বর্ণনায় তাহার পরিকটে পরিচয় পাওয়া যায়। সেই সকল জাতির সঙ্গে তাহাদের গুণাগুণ, আচার ব্যবহার ও বিষয়াদির বিপুল विनिमय मध्यक ज्ञानक निम्मन क्रम्माष्टेक्रा एमनी भागन विद्याहि ।

কিন্তু এই জাতীয় সঙ্গ-সংমিলনের জন্য যে ফলাফল্টা, তাতা বিশেষ লক স্থলীয়, মেহেতু উহাতে অনেক যায় আসে। উহা বর্ণিত জাতি ম্বয়ের উপর কিরূপ ভাবে কার্যা করিতে পাইয়াছে, তাহা একণে একটা উপমার দারা দেখাইব। মনে কর ছইটি বাক্তি আছে, উভয়েই বিশেষ বৃদ্ধিমান; কিন্তু একজন নানা স্থানে যাওয়া আসা করে, নানা লোকের সঙ্গে মিশে, স্তরাং নানা বিষয় লইয়া এত ব্যাপ্ত থাকে যে ঘর অপেকা বাহিরে থাকিতেই সে অধিক ভাল বাসে ও বাহিরের কার্য্যে ভাহার অধিক প্রীতি। কিন্তু আরু একজন ত্রিপরীতে কোপাও যাইতে আসিতে বা কাহারও সঙ্গে মিশিতে ভাল বাসে না এবং এই-রূপেই তাহার সভাব, বালাকালের অবস্থাক্রীড়া বশতঃ, নির্মিত হুইরা উঠিয়াছে: সাধারণতঃ এরূপ স্বভাব ধাহার, সে মানসপ্রস্থত বিষয়কে অধিক ভাল বাসে ও বাহিরের অপেক্ষা ঘরের বিষয়ে তাহার অধিক প্রীতি। ইহার ফল, নানা স্থানে গতায়াত হেতু একজনের সাংসারিক विवास वहनर्भिका लाख . जात अकलातत जनखारव माश्मातिक विवास অভিক্রতাশুনা ভাব। একজনের বহুলোকের সহ মিশামিশি হেতু, লোকবাবহারে পটতা ও বাবহারে পরিচ্ছিন্নতা; আর একজনের তদভাবে কোণায় কেমন ও কাহার নিকট কিরূপ চলিতে হয় ও বলিতে হয়, সে জ্ঞানে হীনতা এবং ব্যবহারে রুঢ়তা ও অমার্জিত ভাব। একজনের বাহিরের বিষয়ে প্রীতি হেতু, সামাজিক ও রাজ-নৈতিক বিষয়ে পূর্ণ আবেশ, কিন্তু নিজ গৃহমধ্যে কিরূপ করিলে কি হয়, তংপ্রতি তাদশ ক্রক্ষেপ নাই: আর একজনের ঠিক তাহার বিপরীতে বাহিরের বিষয় উড়িয়া পুড়িয়া যাউক তাহাতে ক্ষতি নাই, কিন্তু গৃহস্থধী তাহার পূর্ণ মাত্রার না হইলেই বিপদ্। একজন চটকশালী लोकिक कार्या नहेश राख: आत এक बन हिसामार्श वन स अनुष्टे-সংসারে প্রধাবিত। প্রথমোক্ত ব্যক্তিকে ইতর ভদ্র সকলেই চিনে, সকলেই ভাল বাসে ও তাহার প্রতিষ্ঠা করে: কিন্তু শেষোক্ত ব্যক্তিকে সাধারণ লোকে চিনেনা এবং চিনিলেও কোন প্রতিষ্ঠা করে না:

কেবল বিজ্ঞ পণ্ডিতের। অবশ্য তাহার প্রতিষ্ঠা করে বটে, কিন্তু সংখ্যার তাহারা কর্মটি ? এখন বলা বাহলা যে, এই প্রথমোক্ত ব্যক্তিই প্রীক এবং দ্বিতীয়োক্ত ব্যক্তি হিন্দু। আত্মপ্রীতিপূর্ণ হিন্দু, বরাবরই বহিবিষয়ের প্রতি বিদেব বশতঃ ব্যবহারিক কারণকে বড় একটা স্পর্শ করিতে না দেওয়াল, জগতের ইতিহাসে এক অতি আশ্চর্য্য আত্মত্রপূর্ণ ও অভ্তপুর প্রকাশের জাতীয়ত্ব এ পর্যান্ত রক্ষা করিয়া আদিতেছিলেন;—জানি না, এটা সোভাগ্য কি হুভাগা! কিন্তু আর স্বে অপুরু জাতীয়ত্ব যে বড় একটা এখন রক্ষিত হইতে পারিবে, এমন বেধি হুইতেছে না। যে কারণেই ইউক, অধুনাতন কালে বিজাতীয়ের প্রতি সেই বিষেবভাব যেন্ত জ পরিমাণে থকা হুইয়া আদিতেছে; অমনি দেথ কি প্রবল্প কোল কোল হিন্দুসন্তান এখন এমন কি কিরিপ্রী প্রযান্ত সাজিতে উন্মানিত হুইয়া চুটিয়াছে।

ফিরিক্সা পর্যন্ত সাজিতে ধাওয়া অনশ্যই অতি দৌড়ের কথা !
ত তটা না হউক, কিন্তু উক্ত কারণ্রোতে একণে পূক্তন অনেক বিষয়
যে প্রবল বেগে ভাসিয়া গিয়া অনেক নৃতন নৃতন বিষয়কে স্বস্থান দান
করিবে তাহাতে আর সন্দেহমাত্র নাই এবং ইহাও নিশ্চয় যে, কেহই
ভাহা আটকাইয়া রাখিতে পারিবে না। হওয়াও উচিত এবং এ সত্রে
ব্যবহারটা যদি স্থমার্জিত হয়, সেটা আরও প্রাথনায়। ব্যবহারের উপর
ক্ষাতীয় উয়তি অবনতি বহু পরিমাণে নিভর করিয়া থাকে।—কিন্তু
বিগতে লক্ষা করে যে, পূর্বের্ক স্থাতি ক্রপতের সভান ওলীতে আর
ক্রোক্সার্জিতলোকব্যবহার্ক স্থাতি ক্রপতের সভান ওলীতে আর
ক্রোণ্ড আছে কিনা সন্দেহ।

২। বৈষয়িক কারণ।

অতঃপর বৈষয়িক কারণের বিষয় কিঞ্চিৎ আলোচনা করা যাউক। ্ব্বীবহারিক কারণ যেমন গন্তব্য স্থানে আগমনের পূর্ব্ব হইতে কার্য্য করিতে আরম্ভ করিয়াছে; বৈষয়িক কারণ সেরূপ নহে। তাহার কার্য্য প্রায় গস্তব্য স্থানে উপনীত হওরার পর হইতে আরম্ভ হয়।

বিজ্ঞানবিদেবা অনেক মস্তিক চালনা ছারা নিরপণ করিয়াছেন যে. মানবের সাধারণ জীবিকাবিষয়ক বৃত্তি সমুদায় যতদিন অচ্ছলতার সহিত পরিতৃপ্ত না হয়, ততদিন তলিমিত্ত বাস্ততা বশতঃ, মানবগণ অন্যান্য উচ্চতর বিষয়ে মনঃসংযোগ করিতে অপারগ হইয়া থাকে। হিন্দুরা জীবিকাবিষয়ক অসচ্ছলতার হাত হইতে, বোধ হয়, ভারতে আগমনের দিন হইতেই নিয়তি পাইয়াছিলেন। ভারতের যে স্থানে যাও, তথায়ই স্বচ্ছসলিলা নদীসকল প্রবাহিত: বর্ষাগমে তাহারা পল্লল দ্বারা সন্নিকটস্থ ভূমি সমস্তকে উর্ব্বরা হইতে উর্ব্বরতর করিতে পটু। স্বভাবতঃ ভূমি দর্মত্র এরূপ অত্কুলা যে, অযত্নপূর্মক একমুষ্টি বীজ ছড়াইলেও, অল্ল দিনে তাহার ফললাভ করিতে সমর্থ হওয়া যায়; এবং হয়ত আবার, সে প্রাচীন কালে ভূমি অক্ষুর থাকাতে, অনেক স্থানে শ্ন্য সকল যদুচ্ছা উৎপন্ন এবং বিকীর্ণ হইয়া থাকিত। যেথানে যাও, কানন সকল বতই ভীষণদর্শন হউক, বুক্ষাবলী তাহার সর্বত্ত পরিপক স্থাদ ফলভরে অবনত হইয়া রহিয়াছে। পর্বত সকলও সর্ব্বি শ্রামল-দেহে ফল-রস-জল প্রদান করিয়া পথিকের ক্ষুৎপিপাদা নিবারণ করিয়া থাকে। অথবা সংক্ষেপে আকবরের রাজস্ব-সচিব তোড়লমল্লের কথায়, এদেশ এতই সৌভাগ্যশালী যে, বিধাতা ইহার অধিবাদীদিগের নিমিত্ত বুক্ষের উপরে পর্যান্ত ছই ছই রুটি ও এক পেয়ালা সরবৎ রাথিয়া নিয়াছেন। হিমাজি এবং দল্লিকটস্থ অপরাপর পর্বতিসমূহ রত্নাধার, ইচ্ছা করিলেই তাহা হইতে নানা রত্ব উত্তোলিত ও বাবহৃত হইতে পারে। বে দেশের এমন অবস্থা, সেথানকার অধিবাদীর আর দামান্য-রুত্তি-পরিতৃপ্তি-বিষয়িণী চিস্তা কোথায়? ইহার ফল, হিত অহিত উভয়ই আছে।

মন্ব্যের স্থভাব এই যে, সমবেতসাধ্য যে কোন কার্যো প্রবৃত্ত হইতে হইলে, আজ্ঞাদাতা এবং আজ্ঞাপ্রতিপালক, এতত্তর পর্যায় সংস্থাপন না ক্রিলে, আরক্ক কার্য্য আয়ত্ত এবং তাহা সাধন ক্রিতে নানা

বিশৃষ্কলা ঘটিয়া থাকে; হয়ত অস্তে একবারে অসমর্থতা আসিয়া পড়ে। কোন নৃতন সমাজ সংস্থাপন করিতে হইলেও, এই নিয়ম অভিনীত হইয়া থাকে; অথবা স্বভাবত: উহা, চুক্তি প্রতিজ্ঞা বা কলিত নিয়নের অপেকা না রাণিয়া, আপনা হইতেই আসিয়া প্রবর্ত্তিত হয়; ইতর জীব, এমন কি কুদ্র কীট কীটাণুতে পর্যাস্ত, উক্ত স্বভাবামুরূপ কার্য্য হইতে দেখা যায়। যাহারা অপেক্ষাকৃত গুণসম্পন্ন, তাহার। স্থাভাবিক-নির্বাচনবশে এবং গুণামুদারে, উচ্চাধ্যক্রমে পর্য্যায়ভেদে, নেতার পদ প্রাপ্ত হইয়া থাকে: এবং বাহারা অল্পুণসম্পন্ন, তাহারা সেইরূপ নীতের পদ প্রাপ্ত হয়। নেতৃগণ বৃদ্ধি, কৌশল বা বল, যথাসম্ভব পরিচালন দারা, নীত ব্যক্তিগণকে উপায় ও পন্থা প্রদর্শন, ষ্মাপদ বিপদ হইতে রক্ষণ, এবং তাহাদের স্বস্থানে সংস্থিতিসাধন করিয়া থাকে: নীতগণও, কতজ্ঞতাবশে এবং প্রাপ্ত উপকারের বিনিময় স্বরূপে, স্বোপার্জিত সৌভাগ্যের অংশ, নেতাদিগকে, তাহাদিগের উচ্চ নীচ পর্যাায় অনুসারে যথাযোগ্য ভাগে, প্রদান করিয়া থাকে। এই নির্মের ক্রমোত্রপুষ্ঠতা হইতে, সুময় স্হবোগে, নেতৃগণ ক্রমে রাজা, রাজপারিষদ, ভুমাধিকারী প্রভৃতি নানা নামধারী আঢ়া শ্রেণীতে স্থাপিত হয়। এই শ্রেণীস্তের সংখ্যা স্বভাবতঃ এবং কার্য্যগতিকে অপেক্ষা-ক্বত অল। অপরাপর ব্যক্তিগণ কালে, উচ্চ শ্রেণীস্থগণের আচ্যতা বেশে, ইচ্ছায় হউক বা অনিচ্ছায় হউক, তাহাদের আজ্ঞাকারী হইয়া পিছে। স্বতরাং নিয়শ্রেণীস্বর্গের উক্ত আজ্ঞাধীনতা অবস্থা হেড়, ষাঢ্যেরা ক্রমে স্বার্থবশবর্ত্তিতায় তাহাদিগকে অল্পুরস্কারে অধিক পরিমাণে থাটাইয়া, আপনাদের পূর্ব হইতে পুষ্ণ দৌভাগ্য, আরও পুষ্ণ করিয়া লইতে ক্ষমবান হয়। এক দিকে পুঞ্চতার অভায় বৃদ্ধি এবং অপর দিকে তদিপরীতে ক্রমবর্দ্ধিত অধিকতর নিঃস্বতা ্টিতর শ্রেণী যদিও ক্রীতদাসবং হট্মা উঠিবার কথা বটে: কিন্তু তথাপি 🖫 এখন ও, এ আদিম অবস্থাতে, তত্তা বিপুল বৈষম্যভাব, অথবা উচ্চ এবং ্বীষ্ঠানের মধ্যে অপরিমিত ব্যবধান স্থাপন, এ সকল ঘটিয়া উঠে নাই।

অধম শ্রেণী এখনও, অপরপ্রদত বেতনের উপর সর্কাণ নির্ভৱ না করিরা, আপন ভাগ্যমাত্রে নির্ভৱ পূর্বক স্বছলে স্বছলতার সহিত সময় অতিবাহিত করিতে সমর্থ হইত; উচ্চশ্রেণীও, ইহাদিগকে স্বীয় কার্য্যে নিয়োজিত করিতে হইলে, সর্বাদাই ইহাদের উপর হেয়ভাব ও অনাদ্র প্রদর্শনে কার্য্যসিদ্ধি করিয়া লইতে সমর্থ হইত না।

কিন্তু অতঃপর এই যে আদিম অবস্থাবৈষমা—তাহার যথাভাবে ষ্ঠিতিবাতাহার বুদ্ধি বা হ্রাস্তা; দেশের শীতাতপ্, উর্বরতাবা অফু র্বারতা, ইত্যাদির উপর বছলাংশে নির্ভর করিয়া থাকে। বথাপ্রয়ো-জনাত্মরণ শরীরসঞ্চালন ক্রিয়া এবং শারীরিক কার্য্যসাধনোপযুক্ত শরীরজ তাপরাশি, পার্শ্বস্থ বায়ুরাশির সংস্পর্শে, তাহার শৈত্য বা উঞ্চা অফু সারে, হ্রাস বা বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে। শৈত্যে বৃথায় তাপের হ্রাস হর, তথার তাপের সমতা রক্ষার্থে, ক্ষতিপূরণ জন্য মাংস, মাদক ও তৈলাক্ত দ্ব্যু, আহারার্থে প্রয়োজন হয়; এবং পরিশ্রম দারা শ্রীর সঞ্চালনে তাপোৎপাদন ও বস্ত্রাদি দ্বারা বায়ুমণ্ডলস্থ শৈত্য হইতে সর্ব্বাদা শ্রীররঞ্গের আবশ্যকতা হইয়া থাকে। আর যথায় উষ্ণতা হেতৃ ভাপের বৃদ্ধি হয়, তথায় তদ্ধপ আহারের অপ্রয়োজন; সাধারণ ফল মূল শ্সা প্রভৃতি অল্লায়াসলভা দ্বাই প্রচ্র বলিয়া গণাহয়। শ্রম দারা তাপর্দ্ধিও অনাবশ্যক; অন্তুপার্জ্জিত সহজ তাপই এত যে তাহাতে অনুসূতা বৃদ্ধি হওয়ায়, পরিশ্রম করিতে মানবচিত প্রবৃত্তিশন্য হয়। পরস্তু শরীরে কোন প্রকার আবরণেরও আবশ্রক হয় না। গ্রীল্পেধান দেশ প্রায়ই সজল এবং উর্বরা। কিন্তু যদি জলশন্য অনুসারা হয়, তাহা হইলে সজল ও উর্বারা উষ্ণদেশ, এবং নির্জ্জ ও অञুर्वता উक्षान्त, এছমের মধ্যে প্রভেদ দৃষ্ট হইয়া থাকে। প্রথমোক দেশের বায়ু সজল ও উত্তপ্ত এবং ভূমি উর্বরা; শেষোক্ত দেশের বায়ুও উষ্ণ বটে, কিন্তু শুদ্ধ, এবং দেশে জলশূন্যতা হেতু ভূমি এই নিমিত্ত শেষোক্ত দেশের লোকেরা, চপ্পাপ্য আহারীয়ের নিমিত্ত, বাধ্য হইয়া শ্রম করিতে প্রবৃত্ত হয় এবং তাহাতে

সক্ষমও হইয়া থাকে : কারণ জলীয় বাষ্পযুক্ত উষ্ণ বায়মধ্যে দেহ হইতে তাপ নিৰ্গমণ পক্ষে যে প্ৰতিবন্ধকতা জন্মে, শুষ্ক উত্তপ্ত বায়মধ্যে সে প্রতিবন্ধকতা জ্লোনা বলিয়া, শ্রমজনিত তাপ সহা করিতে তাহাদের কেশ বোধ হয় না। এই সকল কারণে ও অবস্থাগুণে, প্রথমোক্ত দেশের অধিবাদিগণ অপেক্ষা, শেষোক্ত দেশের অধিবাদিগণ অধিক ুপরিশ্রমপ্রিয় ও কৡনহ হুইয়া থাকে। ইহার দুঙাভ, অংপফাকত সজল, উর্বরা ও উত্তপ্ত বঙ্গদেশস্থ এবং অপেক্ষাকৃত নির্জ্জন অনুর্নারা ও প্রায় সম বা অধিক পরিমাণে উত্তপ্ত উত্তর পশ্চিম আঞ্চলত অধিবাদী-मिरागत मरधा, तम्मोशामान तश्चिराहा। **এथारन तम्थि**रङ পार्टर रग, একজন বান্ধালী কত্ত্র অলম, পরিশ্রমকাতর, ভীক এবং চুর্বল ; আর একজন হিন্দু স্থানী কত্রর উদ্যোগী, পরিশ্রমপ্রিয়, সাহ্দী এবং স্বল। এীয়াপ্রধান দেশের নাার, শীতপ্রধান দেশেরও চইরূপ অবস্থা আছে। যথার শৈতোর ভাগ অতান অধিক এবং বার সজল, তথার ভূমি সাধারণতঃ একেবারে অন্তর্বারা এবং আহারীয় অতিশয় চম্পাপা, ্রুথচ সদার আহারীম্যোগে তাপ্রদ্ধিরও বিশেষ প্রয়োজন: সেথান-কার লোকের চিরকাল অতিরিক্ত পরিশ্রম ও চঃখভোগ করিয়া জীবন অতিবাহিত হয়, অথচ অভাবও নিটেনা এবং স্থাবের দিনও ভাগো একদিন ঘটে না। আর যেথানে শৈত্যভাগ অপেকারত অল্প, ্বায় ৩৯. এবং ভূমিও অপেক্ষাকৃত উর্বার: সেখানে লোকে নিয়মিত ুপরিশ্রম দারা অভাব পরিপুরণ করিয়া, চিত্তের তৃপ্তি সাধন করিতে পারে। এতছভয়ের মধ্যে প্রথমটির আদর্শস্থল,—লাপলাও প্রভৃতি ্উত্তরকেক্সস্থ দেশ সমুদায়। আর দিতীয়টির আদর্শস্থল পৃথিবীর সমম ওলস্ত দেশসমহ।

্ষণায় দেশ সজল ও উত্তপ্ত এবং ভূমি উর্ক্রা, তপায় কইলভ্য মাংস মাদক ও তৈলাংশযুক্ত দ্বা প্রভৃতি আহারীয় দ্বোর অপ্রোজন তেতু, মানবেরা অনায়াসলভা ফল মূল শস্যাদি সংগ্রহ দারা ক্ষুৎপিপাসা প্রভৃতি প্রিভৃপ্ত ক্রিতে সমর্থ হয়। শৈত্যপ্রধান দেশে তাপ্রুদ্ধির জন্য বায়-বাছলা এবং কষ্টলভা যে সকল গ্রম গাতাবিরণের সর্বদা আবশ্যক হয়, এখানে লোকের তন্নিমিত্ত সেরূপ ভাবিতে হয় না। এক কথার অন্নবস্ত্র যে পরিমাণে আবশাক, তাহা ইহাদের অলায়াদেই লাভ হইয়া থাকে। মালথুস নামক জানৈক ইংরেজ গ্রন্থকার কর্ত্ত লোকতন্ত্র-নিরূপণ বিষয়ক পুস্তকে প্রদর্শিত হইয়াছে যে, পৃথিবীর সর্ব্বত্র অন্নবন্ধের স্বচ্ছলতা ও অস্বচ্ছলতা অনুসারে মানববংশ উন্নত অবস্থায় নীত বা ইতর অবস্থায় অবনমিত, এবং বংশস্ত লোকসংখ্যা বুদ্ধি বা হ্রাসতা প্রাপ্ত হইয়া থাকে; কখন কখন বা অধিক স্বচ্ছলতা হেতৃ লোকসংখ্যা অপরিমিতভাবে বৃদ্ধি হইয়া যায়। এ কথা নিতান্ত অসতা নহে। এই মত ধরিতে গেলে, উক্তরূপ প্রকৃতি বিশিষ্ট উর্বর ও উষ্ণ দেশে লোকসংখ্যা অচিরাৎ বৃদ্ধি প্রাপ্ত হইবার কথা। এই লোকর্দ্ধিসহকারে এবং মানবের উষ্ণদেশজ স্বাভাবিকী আলস্যপ্রিয়তা হইতে, সাধারণ লোকের মধ্যে আহারীয় বস্তুর অপেক্ষাকৃত ছম্প্রাপ্যতা উপস্থিত হওয়ায়, বর্ত্তমান অপেক্ষা অধিক উৎপাদনের প্রয়োজন হেত অধিক পরিমাণে শ্রমের আবশ্যক হইয়া থাকে; স্কুতরাং আগে যাহারা যে কোন উপায়ে বসিয়া থাইত,তাহাদের ও শ্রম নিরত হওয়ার প্রয়োজন হয়। তাহা হইলে কাজেই শ্রমজীবীর সংখ্যা অধিক হইয়া পড়ে, কাজেই পরিশ্রমেরও মূল্য কমিয়া যায়। তথন এই স্থাোগে, পূর্বার্জিত ধনযুক্ত সোভাগ্যশালী যাহারা, তাহারা অল্লব্যয়ে অধিক শ্রম বিনিময়ে পাইয়া, বছধন সঞ্চয় বা যথা অভীপ্সিত কার্যাকরণে সমর্থ হয়; ইহাতে অন্য দিকে, শ্রমশালীরা ক্রমে সেই পরিমাণে নির্ধন এবং মৌদাগ্যশালী-দের পদনত হইয়া আইদে। এই নিমিত্ত, এবস্থৃত দেশমধ্যে, অতি অল্ল দিনেই উচ্চ ও নিমশ্রেণী, স্পষ্টরূপে স্থাপিত এবং তাহাদের মধ্যে অপরিমিত বিষয়বৈষ্মা ঘটিয়া উঠে :—ফুতরাং সামাজিক যে শ্রী-শালিতা ভাব,তাহা সর্বাঞ্জনীন না হইয়া, একচেটিয়া ভাবে উচ্চশ্রেণীস্থের কর্তলগত হয়। আচা বা উচ্চশ্রেণীরা তথন সম্পত্তিলাতে, ভোগ-বিলাসী মনুষ্যদিগের মনোরভিষমূহের আকাজ্জাপূরক, স্থতরাং আঞ

স্থাংপাদক, বিলাসবিস্তারে রত হয়। তাহার সিদ্ধি পক্ষে, লোক সকলং আজ্ঞাকারী থাকার; দেশমধ্যে অচিরে নানাবিধ শিল্প কাফ স্থাপত্য ভার্ম্বর্য প্রভৃতি কার্য্যের প্রাত্তার ও প্রাচ্বর্য হইতে থাকে এবং তজ্জন্য, অনুগানিনী বাহু সভ্যতার বাহু মৃর্ত্তিও সঙ্গে সঙ্গে আসিরা উপস্থিত হয়। এই সভাতা, সমাজমধ্যে শ্রেণীভেদে দারুল বৈষম্য হেত্, সজজনীন হইতে পায় না। স্থতরাং উহা আভ্যন্তারিক না হইয়া বাহ্নিক ভাবেই অবস্থিতি করিয়া থাকে; এবং যথনই কোন বিপ্লবকাল আসিয়া উপস্থিত হয়, তথন হয় সমাজ ও তাহার সভ্যতাকে একবারে উচ্ছেদ প্রাপ্ত হয়, তথন হয় সমাজ ও তাহার সভ্যতাকে একবারে উচ্ছেদ প্রাপ্ত ইইতে হয়; নয় ত তত্তয় এমন মৃম্ব্রিস্থায় নিশিপ্ত হয়। থাকে যে, তাহাদিগকে প্রস্থার সঙ্গীব করা একরূপ অসাধ্য কার্যে পরিণত হয়।

বকল নামক ইংরেজের লিখিত সভাতাবিষয়ক ইতিহাস প্রপ্রে লিখিত আছে যে, এইলপ ধননৈয়েয় হইতেই মিসর দেশের আদিমকালীয় বভাতার উত্তর হয়। পি সভাতা বাহিক দৃশ্যে উৎকৃষ্ট বা অপক্ষ বংহাই থাকুক, ফলতঃ কিন্তু উহা কথনও সকলেনীন ছিল না। দকল শেণীতে সমভাবে উহা বিকীণ হয় নাই। উচ্চপ্রেণীস্থেরা যেমন অপরিমিত-ধনশালী হইয়া বিলাসরত হইরাছিল; নিম্প্রেণীস্থেরা তেমনি নিংসকল ও জ্পশাপন হইয়া কোনজপে জীবন অতিবাহিত করিত এবং সন্ধান আচাগণের পদাবনত থাকিত। এতদুর পদাবনত থাকিত বে আচোরা যথন যাহা মনে করিত, তাহাদের দ্বারা তথনই তাহা সম্পাদন করাইয়া লইত। মিসরদেশীয় পীরামিত প্রভৃতি প্রাচীন কীতিসমূহকে তংপক্ষে সাক্ষ্যকল স্থান্ধ, অনেকে তাহাদিগের নানোল্লেথ করিয়া থাকে। এই পীরামিত সকল,ইউরোপীয় গণনায়,পৃথিবীর প্রাচীন সপ্তাশ্চর্য কীতিমধ্যে পরিগণিত। সপ্তাশ্চর্যের আর ছয়টি কতক লহল ধ্বংস হইয়া গিয়াছে; কিন্তু এই সপ্তম আশ্চর্য পীরামিত সকল স্বাদ্যেশ অচল ও অভিভাবে, বিরাজিবনে, মেব্যুক্টে শিরোভূমিত

³¹ Buckle's History of Civilisation, Vol I., P.P. 81.92.

कतिशा, मर्नाटकत मटन विष्यय ও চমৎकातिष युगे १९ छे ९ भागन शृक्षक, মিদবীয়দিগের বিগত গৌরব ঘোষণা করিতেছে। কত কত কাল-স্রোত ইহাদের উপর দিয়া প্রবাহিত হইয়া গিয়াছে, কিন্তু অন্যাপি ইহার। সেই একই ভাবে অবস্থান করিতেছে: স্বাবারও কত কত কালস্রোত সেইরূপে অতিক্রম করিয়া কত যগবগান্ত যে ইহারা অবস্থিতি করিবে. তাহা কে বলিতে পারে? এইস্থানে যত পীরামিড আছে, তন্মধ্য গিজা নগরের পীরামিড, যাহা স্কৃষ্ণি নামক মিদরাধিপতির দ্মাধি-মন্দির বলিয়া নির্দেশিত হয়, তাহা সর্বাপেক্ষা উচ্চ এবং বিশায়কর। হিরোদোত্য নামক প্রসিদ্ধ গ্রীক ইতিহাসবেতার হিসাব অনুসারে, এই পীরামিড নিশ্মাণ করিতে প্রতিনিয়ত লক্ষাধিক লোক নিয়োজিত ছিল এবং কুড়ি বংসরে উহার নিশ্বাণকার্য্য সমাধা হয়। এতদথে শ্রমজীবী রক্ষা করিতে ৩৮৪০০০০ টাকা বায় হয়। ইহা ছারাই প্রমাণিত হইতেছে যে, এবস্তুত অন্তুত কীর্ত্তি এত স্বল্প ব্যয়ে নিশ্মাণ. শ্রমজীবীর দংখ্যা অতি স্থলত ও আজ্ঞাকারী না হইলে, কথনও সমাধ্য হুইতে পারিত না। সাহজাঁহার তাজমহল নির্মাণ করিতে, এরপ ক্ষিত আছে যে,৭৫০০০০টাকা বায় হয়। মিসরদেশীয় কর্ণাক নগরস্ত প্রাচীন দেবম্নিরের ন্যায় আশ্চর্য্য কাণ্ডও, বছশ্রম-স্থলভতা ব্যতীত সম্পন্ন হুইতে পারিত না। উহা কিরপ আশ্চর্যাকাঞ ছিল তাহা বর্ণনাতীত। ইহার আত্মতন এবং আকৃতি অতি বিশ্বয়কর। ইহার একটিমাত হল অর্থাৎ দালানের স্কন্ধাবলী দেখিয়া,বিখ্যাত ভ্রমণকারী সাম্পলিওন বিশ্বয়-সহকারে এরপ উক্তি করিয়াছিল,—"যে কলনা-শক্তি ইউরোপীয় স্থমহান অলিলস্তম্ভাবলীকে স্বচ্চলে অতিক্রম করিয়া উদ্দোখিত হইয়া থাকে: কর্ণাকনগরের দেবদালানস্থ ১৪০ স্তম্ভাবলীর আকৃতি দষ্টে, সে কল্পানাও লক্ষাবসলমূপে বিনত হইয়া যায়। ফলতঃ মিসরের শ্রমজাবীরা কিরুপ তর্মণাগ্রস্ত ছিল, যদি এত দূর সময়ে, বছবিপ্লবে রূপান্তর প্রাপ্ত তাহাদের

^{© | &}quot;The imagination which in Europe rises far above our portices sinks abashed at the foot of the 140 Columns of the hypostyle hall of Kernak."

বংশবরদের দারা কিছুমাত্র প্রতীত হইবার সম্ভাবনা থাকে; তবে মিসরীয় আধুনিক ফেলাদের অবস্থা বাবেক পর্য্যালোচনা করিলে সে পক্ষেপ্যাপ্ত ইইতে পারিবে। এক দিকে মিসরের সভ্যতা, ধনবন্তা ও কীর্ত্তি এবং অন্য দিকে তাহার সামান্য শ্রেণীদিগের ভ্রবস্থা, যেরূপ যেরূপ কারণ হইতে উপস্থিত হইরাছিল; ব্যাবিলন সাম্রাজ্যেও ঠিক তক্ষপ তক্ষপ কারণের অন্তিত্ব থাকায়, তক্ষপ তক্ষপ ফল ফলিয়াছিল। বাইবেল-প্রস্থোক ব্যাবিলনের ধনবন্তা, সামান্য শ্রেণীর উপর অত্যাচার, ব্যাবিলনপতির ঐশ্বর্যা, মিডদেশীয়া অমিতানান্নী ব্যাবিলনরাজমহিনীর সন্তোবার্থে মনোহর অট্টালিকা এবং গগনোলান প্রভৃতি রচনা, এই সকল তাহার পরিচয়স্থল।

ভারতবর্ষের প্রকৃতি মিদর হটতে বছবিধ বিভিন্নাকারের ও বিভিন্ন মভাবের বটে: কিন্তু যে বিষয়টি ধরিয়া এ স্থানে আলোচনা করা ষাইতেছে, কেবল তংঘদদ্ধে দেখিতে গেলে, মিদর যে শ্রেণীতে, ভারতকেও সেই শ্রেণীতে গণনা কবিতে পারা যায়। ইহা প্রায়ই উত্তপ্ত সজল : অধিক ছ ইছা অন্তান্ত দেশাপেক্ষা অধিক পরিমাণে উর্ব্বতা-গুণ সম্পন্ন। আহারীয় দ্রব্যের এথানে অভাব নাই: এজন্ত অতি অল্ল দিনে ধনপঞ্চ, এবং নিমুশ্রেণীর অবস্থা পুর্ব্বক্থিত নিয়মামুদারে আরও নিয়তর, স্বতরাং উচ্চ ও নিয়শ্রেণীর মধ্যে ধনবৈষম্য বিপুলভাবে জনিয়াছিল। আর্যোরা আপন অভাষ্ট পরিপুরণার্থে, আপনাদের স্থানত নিম্নেণী ব্যতীত, আরও এক দল দাসবং লোক প্রাপ্ত হইয়াছিলেন ;—ইহারা ভারতের সেই কতকাংশ আদিম অধিবাসিগণ, যাহারা আর্য্য-অন্তত্তে প্দাবন্তভাবে বশ্যতায় আসিয়া দাসপদে নিয়েজিত হইয়াছিল। অত্এব নানারপেই, আর্যোরা মপার শ্রম নিয়োজন করিতে সক্ষম হইয়াছিলেন। এজনা ইহাদের ধনবতা ও সভাতাও অতিশীল সমূদিত হয়। যাহা হটক, উহারই মধ্যে একটু সৌভাগ্য এই যে,তুল্যরূপ কারণের সম্ভবতা সত্ত্বেও, এথানকার নিমুশ্রেণী, মিদরীয় নিম্নেণীর ভার নিপীড়িত হয় নাই: এবং দে পক্ষে, পীরামিড

বা গগনোদ্যান প্রভৃতির স্থায় অভূত কীর্ত্তি সকলের যে অনস্তিত্ব, তাহা সাক্ষ্য স্বরূপে উল্লেখ করিতে পারা যায়। সেরূপ নিপীড়িত না হওয়া পক্ষে মিসর ও ভারতের মধ্যে যে প্রভেদ দৃষ্ট হইতেছে, তাহার কারণ স্মার কিছুই নহে,—মিদরীয় ও ভারতীয়দের মধ্যে প্রকৃতিভেদ মাত্র। মিস্রীয়চিত্তও পারলোকিক বিষয়ে কিছু কম সমাহিত ছিল না * কিন্তু তথাপি ইহলোকিক বিষয়ে তাহার সমাহিত হওয়ার ভাগ যেন আরও বেশী এবং ভারতীয়দের অপেক্ষা অনেক বেশী। চিন্তা-উত্তেজক বাহাজগৎ-পরিবৃত আর্যাদিগের চিত্ত, পারলৌকিক বিষয়ে অধিক পরিমাণে সমাহিত থাকায়; অবসরকাল এবং চিন্তাশক্তি, কেবল বিলাসভোগে ও বিলাস-পোষক বস্তু উদ্ধাবনে বায়িত না হইয়া, ধর্মাচর্য্যা ও তত্ত্ববিদ্যার অনু-শীলনেই সমধিক পরিমাণে বায়িত হইত। এই নিমিত্ত ইহা বলিলে বোধ করি অসঙ্গত হইবে না যে, মিসরীয়েরা যথায় পীডামিড লাভ করে, আর্যোরা তথায় বিজ্ঞান তত্ত্বাদি লাভ করিয়াছিলেন। যেথানে বেমন কর্ম্বের অনুষ্ঠান, দেখানে দেই কর্ম্ম-প্রকৃতি অনুসারেই, ক্ম্ম-কারকের উপর ব্যবহার নিরূপিত ও প্রবর্তিত হয়: স্বতরাং এতচভয় দেশভেদে, নিমশ্রেণীর প্রতি ব্যবহার সম্বন্ধে, এ কথা স্বচ্ছনেদ বলিতে পারা যায় যে, ভারতীয়েরা যথায় কেবল হেয়জ্ঞান করিয়া ও দাসকায্য মাত্র করাইয়া লইয়া ক্ষান্ত হইতেন: মিসরীয়েরা তথার পীরামিড তৈয়ার না ক্রাইয়া ছাড়িত না। যাহা হউক, একণে ভারতের এই শীঘ্র উদিত সভ্যতার বিষয় আলোচনা করিবার পূর্ব্বে, অগ্রে একবার গ্রীকদিগের প্রকৃতিভেদ ও ভত্নিত সভাতার উদয় তত্ত্ব কিঞ্চিৎ আলোচনা করা কর্ত্বা।

বাহাপ্রকৃতি সম্বন্ধে, ভারত যদ্দপ বহুমূর্ভিবিশিষ্ট, গ্রীকদিগের অধিবাদিত ভূথগু তদপেকা যদিও বহুলাংশে নূন বটে; কিন্তু গ্রীদেব প্রকৃতিবৈচিত্র সন্ধীর্ণ স্থান মধ্যে সন্নিবেশিত হওয়ার, তাহা পরিমাণা-তিরিক্ত গাঢ়তাপূর্ণ এবং চিত্তাকর্ষকরপে প্রতীয়মান হয়। তত্রাধিবাদকৃত মনুবাপ্রকৃতি সম্বন্ধে, উহার পরিগানক্লও অবস্থা তদ্মুদারী হওয়ার

কথা। ফলতঃ সামানা আয়তনে সন্নিবিষ্ট হেতু গ্রীসীয় প্রকৃতি বৈচিত্র এতই গাঢ় যে, তাহার তুলনায়, দুরবিক্ষিপ্ত ও আন্নতাতীত ভাব হেতু, ভারতীয় বিশাল বৈচিত্রও যেন কেমন বিরল ও মলিন বলিয়া বোধ হয় :---যদিও বস্তুতঃ তাহা নহে, বরং **অপার আধিক্যশালী**। এই কুদ্র সীমান্তর্বতী ভূভাগ ক্রমারয়ে পর্বত, নদী, সমতলক্ষেত্র, উপত্যকা, অধিত্যকা প্রভৃতিতে বিভাজিত হইয়া, বছতর ভিন্ন ভিন্ন এবং কুত্র কুত্র প্রদেশমালায় বিভক্ত হইয়াছে। এই সকল প্রদেশের প্রত্যেকে এত ক্ষুদ্র যে, ইহাদের পরিমাণ্ফল কয়েক বর্গক্রোশের অধিক হইবে না। বোধ হয়, আমাদের এক একটি প্রগণাও প্রদেশবিশেষে তাহার অপেক্ষা বৃহৎ হইবে। এই সকল প্রদেশের মধ্যে, থেদালি ও এপিরুদ গ্রীদের উত্তরভাগে অবস্থিত এবং উভয়ে পিন্দুস নামক পর্বতেশ্রেণী দারা বিভক্ত। থেসালি প্রায় চতুর্দিকে পর্বতমধ্যে আবদ্ধ সমতলক্ষেত্র, উহার মধান্তলে একটি নদী প্রবাহিত, ভাম উন্ধর। এপিরুস উত্তর পূর্বে ও দক্ষিণে এবং মধাদেশে প্রতিশ্রেণী দ্বারা আকৃষ্ট, ভূমিতল বন্ধুর এবং অনুক্রিরা। এতত্ত্তর দেশের মধ্যবতী পৰ্বাতশ্ৰেণী,ক্ৰমাণত দক্ষিণ-পূৰ্বমুখে প্ৰধাবিত হইয়া, মধ্যগ্ৰীসকে দ্বিভাগে বিভক্ত করিতেছে; উহার পাশ্চমভাগে ইটোলিয়া, এবং তৎপশ্চিমে আকার্নানিয়া ও লিউকেডিয়া নামক প্রদেশন্বয়। ইটোলিয়া ও আকার্না-নিয়ার মধ্য দিয়া, আকিলোদ নামক গ্রীসদেশীয় সক্ষপ্রধান প্রোত্ত্রতী প্রবাহিত হইয়া করিছ সাগরাভিমুথে গমন করিতেছে। এ উভ্য প্রদেশ পর্বত ও বনময় এবং সভাতা বিস্তারের পক্ষে সম অমুকূল না থাকায়, বহুকাল পর্যান্ত ইহা দস্তাবর্গের দ্বারা অধিবাসিত ছিল।

মধাদেশের পূর্বভাগ ঐকিবিদ্যাবৃদ্ধি গৌরব ও বীরত্বের আকর্ত্ব। যে পর্ব্বতমালা মধ্যদেশকে দ্বিভাগে বিভক্ত করিতেছে, তাহা পূর্ব্বদিকে সমুত্র হইতে অনুব্বভিভাবে প্রধাবিত হইরা আসিয়াছে। স্ক্তরাং থেসালি হইতে পূর্ব্ব-মধাদেশে আসিতে হইলে, ঐ পথের এক পার্শ্বে অত্যুক্ত পর্ব্বত ও অপর পার্শ্বে সমুত্র। এই পথ দিয়া আসিতে বিধ্যাত গিরিস্বট

থার্মপলি মতিক্রম করিতে হয়। পূর্মভাগের পূর্ম উপকূল চাপিয়া লোক্রিদ নামক প্রদেশ। লোক্রিসের পশ্চিমে ডোরিস এবং ফোকিস নামক প্রদেশদয়। ফোকিস প্রদেশের মধ্য দিয়া পার্ণাস্থস নামক পর্কাতশ্রেণী পশ্চিমমূথে প্রধান্তি। উহারই অতাচ্চ শিথরোপনি গীতিবিষ্যিণী নয় জন অধিনায়িকা দেবীর লীলাভূমি, এবং প্রতীতের পাদদেশে বিথাতি ডেলফিনগর ও তথায় ততোধিক স্থাবিথাতি ভবিষাৎ-জ্ঞাপক আপলো দেবের মন্দির। ফোকিসের পূর্ব্বেও লোক্রিসের দক্ষিণে, বিওতিয়া নামক প্রদেশ। ইহা প্রায় চতর্দ্ধিকে পর্বতমালায় আবদ্ধ এবং জলনির্গমণের পথশুনা। এ নিমিত, ভুমি সর্বাদা সলিলসিক থাকায় তাহা উর্বরতাগুণবিশিষ্ট, এবং তাহা হইতে নানাবিধ শস্য উৎপন্ন হুইয়া থাকে; বায়ু সর্বাদা সজল ও কুজঝটিকাম্য। বিওতিয়ার প্রবাদ ক্ষিণে আটিকা প্রদেশ। এতছভয় প্রদেশের মধাভাগে পর্বত শ্রেণী। আটিকার পূর্ব্ব দক্ষিণ ও উত্তরে সমূদ্র, উত্তর সমূদ্রে দেশভূমি সহ সংলগ্নভাবে ইউবিয়ানামক দ্বীপ। আটিকা প্রদেশের বায় শুদ্ধ: ভমি নির্ক্তল, কোন প্রকার শদ্য উৎপন্ন হয় না, কিন্তু উহা বিবিধ প্রকার ফলের উৎপাদন পক্ষে উপযোগী। আটিকার পশ্চিমে মিগারিম। মিগারিদের দক্ষিণে করিন্তিয়া, উহাপর্বতময় বন্ধর ও অতি সংকীণ'। গ্রীদের উত্তর খণ্ড হইতে দক্ষিণ খণ্ডে যাইতে হইলে, মধ্যে করিছ-দেশস্ত যোজক অতিক্রম করিয়া ঘাইতে হয়: কিন্তু এই পথে পর্বতের বাধা এত অধিক যে, স্থলপথ অপেক্ষা জলপথই অধিক সুগম।

উত্তর গণ্ড অপেক্ষা দক্ষিণ থণ্ড নদীবিরল ও পর্ব্যতময়। দক্ষিণ থণ্ডের উত্তরভাগে আর্গোলিয়া; এই আর্গোলিয়া প্রদেশ আবার বহুতর কৃদ্র কৃদ্র রাজ্যে বিভক্ত। এই সামানা স্থানের মধ্যে প্রকৃতি বৈচিত্র এবং স্থানভেদে ভূমির গুণাগুণভেদ এত যে, কোথাও কল্মা কমলা প্রভৃতি লেবু পর্যান্ত উৎপন্ন হয়, আবার কোথাও কিছুই উৎপন্ন হয় না। আর্গোলিয়ার উত্তর-পশ্চিমে আকৈয়া। উত্তর থণ্ডের মধ্যভাগে আর্কেছিয়া, প্রায় চতুদ্ধিকে পর্ব্বতমালা প্রাকারের ন্যায় বেইন করিয়া

অন্যান্য প্রদেশ হইতে উহাকে ছিন্নস্থন্ধ করিতেছে। দক্ষিণে মেদিনিয়া ও লাকোনিয়া নামক প্রদেশদ্র। এতচভর দেশ যদিও পর্ব্বতময়, কিন্তু অন্থর্পর নহে। মেদিনিয়া প্রদেশে থর্জুর প্রভৃতি ফল এবং এবং বিবিধ শস্যাদি জন্মিয়া থাকে। লাকোনিয়া প্রদেশেই স্থবিখ্যাত ক্রিপারীইউরোতস নামক নদীর তটে অবস্থিত ছিল। আর্কেডিয়ার পশ্চিমে ইলিয়া নামক প্রদেশ। এই প্রদেশের মধ্যে বিখ্যাত ভ্রিলিপেয়া ক্রেক্তের অবস্থান।

গ্রীদদেশের এই প্রকৃতিবৈচিত্রচিত্রে লক্ষিত হইবে যে, এই কুদ্রায়-্তন দেশের মধ্যে প্রদেশভেদে কত্তই স্বভাব-বিভিন্নতা। কোন প্রদেশ ঁছয়ত প্রায় চতুদ্দিকে সমুদ্রবিষ্টিত; তদ্বিপরীতে কোন কোন প্রদেশ অগাবার নির্বভিন্ন প্রতমালায় আবদ্ধ, বহিভাগের আর সমস্ত স্থান ছইতে ছিল্লসম্বন্ধ এবং বছদর অতিক্রম না করিলে সমদের মুখ দেখিবার যে। নাই। গ্রীদের প্রত্যেক প্রদেশ, স্বাস্থ্যভাবে বেন প্রকৃতি কর্ত্তক বিভাগিত তইয়া, স্বীয় স্বীয় আল্লেমাত্রা সং নিজনে অবস্থান করিতেছে। ইহাদের পরস্পারের মধ্যে দেরূপ আকৃতিভেদ, প্রকৃতি-্ভেদ্ও তদমুরূপ। কোন প্রদেশ অতিশ্যু উন্তর্তা ওণবিশিষ্ট, শস্ত প্রচর, ফল-রস-জ্লে পরিপূর্ণ। আবার কোন প্রদেশ একবারে সে স্কল বিষয়ে বঞ্চিত, জীবনধারণের যে কিছু পদার্থের জ্না অধিবাসি-্দিগকে অপরের মুখাপেক্ষা করিয়া থাকিতে হয়। দেশ ব্যাপিয়া কেথোও ুনিবিড় বনভূমি, কোগাও কর্করপুণ সমতলক্ষেত্র, কোথাও বা মবিরল 'শসাচ্ড ভামশোভায় নয়নরঞ্জন করিয়া থাকে ; ও দিকে আবার স্কুত্রই উপলথ ওবদ্ধিত গিরিলেণী, সেই সকলকে প্রস্পুর হইতে বিভিন্ন করিয়া শ্বাধিতেছে। এই সকল পর্বতিশ্রেণী এবং বহুমর্তিবিশিষ্ট ক্ষেত্রসমূহ 🖥 তিক্রম করিয়া গতায়াত করিতে হয় বলিয়া, উত্তর ও দক্ষিণ থণ্ডের আমধ্যে বা যে কোন দূর গতায়াতের পক্ষে, স্থলপথ দারণ কঠকর: স্কুত্রাং ৈজ্লপথ অভিশয় সুগমতা হেতু প্রলোভন প্রদান করিয়া থাকে।

এখন স্থলভাগ ছাড়িয়া জলভাগের প্রতি নেত্রপাত করে। পূর্ব ও

দক্ষিণস্থ সমুদ্র ধীর, মৃদ্ধ, মন্থরগতি। প্রায় সর্ব্বতই গ্রীসের অভ্যন্তরে ইছা এতদর প্রবেশ করিয়াছে যে, গ্রীস বহু প্রদেশে বিভক্ত হইলেও, কেবল এক আর্কেডিয়া ভিন্ন, আর দকল প্রদেশেরই সমুদ্রতটে একটি না একটি বন্দর স্থাপিত থাকায়, সমুদ্রে গমনাগ্যন পক্ষে প্রায় সকলেরই স্থবিধার প্রচরতা দৃষ্ট হয়। এই সমুদ্র সর্বরে দ্বীপশ্রেণীতে এরপ আঁকুট যে, তাহাদের জ্ন্য সমুদ্রের অস্থিচর্দ্ম অবশেষ। ঐ সকল দ্বীপের অধিকাংশ পর্বতময়, কোনটি উর্ব্বরা, কোনটি বা মধ্যমপ্রকৃতি, কিন্তু সকলেই রমাদর্শন ও বাসযোগা। তাহাদের কেহই আয়তনে বহং নছে, সকলেই আকৃতিতে ক্ষুদ্র, এবং পরম্পর পরস্পরের এত সন্নিকটে অবস্থান করে যে, একটিতে উত্তীর্ণ হইয়া, তাহা দেখিতে দেখিতে অনতিবিলয়ে আর একটিতে উপস্থিত হইতে পারা যায়। এইরূপে ইউরোপথণ্ডে গ্রীস হইতে নির্গত হইয়া, সচ্ছদে আসিয়াখণ্ডে উপনীত হইতে পারা যায়। পুনশ্চ, এই গতায়াতের স্থবিধাকল্পে অতি অনুক্ল ও স্থত্পৰ্যায়, হেলাসপ্ট হইতে ক্ৰীট দ্বীপ পৰ্যান্ত প্ৰবাহিত হইয়া থাকে। এীদের পূব্দ উপকূলের অনুকূল মূর্ত্তি বশতঃ, তথায় জাহাজ ও নানাবিধ পোত রক্ষার্থে স্থন্দর ফুন্দর বন্দর সকল সংস্থাপিত। পশ্চিম সমুদ্রও দ্বীপাবলীসংযুক্ত, কিন্তু পুরুষমুদ্রের ন্যায় ঘনসাল্লবিষ্ট নছে। পুর্বসমূদ্র অপেক্ষা উহা আয়তনে বৃহং, স্বভাবও উহার অপেকারত উগ্র। উপকৃলভাগ পোতাশ্রয়তার পঞ্চে, পূর্ব্ব উপকৃলের ন্যায় অনুকৃল নহে। উহা উচ্চ এবং পয়োভিন্ন জুরারোহ পাহাড়ে পরিবৃত: সমস্ত উপকৃলভাগ ভ্রমণ করিলে কদাচ একটি পোতাপ্রয়ের উপযুক্ত স্থলার বন্দৰ পাওয়াযায়।

একণে গ্রীদের পার্ষত্ব দেশসমূহের প্রতি নিরীক্ষণ কর। পার্যত্ব সম্ত্রশাধা সকল অতিক্রম করিলে, এক দিকে হুসভা ও বিক্রমশালা মিসর এবং উত্তর আফ্রিকার উপকূলত্ব বলসম্পন্ন কার্যেজ প্রভৃতি অন্যান্য স্থান; অন্য দিকে সন্ত্রপ্রিয় ফিনিকীয় এবং আদিয়াত্ব অন্যান্য ধন, জন ও সৌভাগ্যপ্রচুর প্রদেশ-নিচয়। অপর পার্যে নবপরাক্রম-বিক্রুরিত, বিক্ষরবাহ্যশোদর্পিত শিশু ইতালী। গ্রীসের
ক্ষাধিবাসীদিগের পক্ষে যেরূপ সমুদ্রগতায়াতের স্থবিধা, এই সকল
প্রেতিবেশী দেশসমূহেরও তদ্ধপ; এবং গ্রীসে যে যে কারণ মন্ত্রাকে
সৌভাগ্যপূর্ণ সভামন্ত্রাপদ্বীতে স্থাপন করিতে পারে, এ সকল
দেশেও, বিষয়বিশেষের বৈচিত্র-সাধক কারণবিশেষের ক্ষীণতা বা
প্রেটতার প্রতি লক্ষ্য না করিলে, সেই সেই কারণের নিতান্ত ন্যনতা
ভিল না বলিতে হইবে।

জনৈক ফরাসিস্ বিজ্ঞ ব্যক্তি নাকি এরপ বলিয়াছেন যে, বে কোন দেশের মানচিত্র তাঁহাকে দেখাইলে এবং তদ্দেশীয় উৎপদ্ধ দ্রব্যজ্ঞাত ও দেশস্থ নৈসর্গিক পদার্থনিচয়ের বিষয় তাঁহার নিকট কীর্ত্তন করিলে, তিনি বলিয়া দিতে পারেন যে, সেই দেশবাসীরা কিরপ প্রকৃতির লোক হটয়া মন্ত্র্বাসমাজে কিরপ কার্যাফল প্রস্বাব করিবে এবং মানবীয় ইতিহাসেরই বা কোন্ প্র্যায়ে অবস্থান পূর্ম্বক কিরপ গণনায় আদিবে। এ কথায় বাস্ত্রবিক যদি কোন সত্য নিহিত থাকে, তাহা হুটলে বাঞ্ছারাম, বলতে পার কি, গ্রীসের ন্যায় প্রকৃতিবিশিষ্ট দেশের অধিবাসিবর্গ কিরপ অবস্থাসম্পন্ন হুইবে পূভাল, একবার দেখাই ঘাউক না কেন।

প্রথমতঃ দেখিতে পাওয়া যাইতেছে যে, এরূপ স্বভাববিশিষ্ট দেশের
প্রদেশসমূহ, পরম্পর পরস্পর সম্বন্ধ এরূপ বিচ্ছিন্নভাবে স্ববস্থিতি করে
যে, যেন কাহারও সঙ্গে কাহার সংস্রব নাই এবং সকলেই স্থ প্রথান
প্রস্তন্তর। প্রদেশস্বরের মধ্যে চর্পম ব্যবধানের অভাবে, উভয় প্রাদেশিক
স্বধিবাসীদিগের মধ্যে গভায়াতের স্থামতা এবং তাহা হইতে স্বতঃউৎপন্ন ঘনিষ্ঠতা, এতংক্ত্রে উভয়ে যেমন একক্ত্রে বন্ধ এবং এক প্রকৃতিবিশিষ্ট ও একধর্মযুক্ত হইয়া, একজাতিত্বে পরিগণিত হয়; এখানে,
প্রদেশপরম্পরার ব্যবধানত্র্গমতা হেতু, তজ্ঞপ গভায়াতের স্থামতা এবং
তাহা হইতে উৎপন্ন ঘনিষ্ঠতা এতহভ্রের অভাব নিবন্ধন তেমন না
হইয়া, প্রত্যেক প্রদেশ প্রথমকাল হইতেই স্বাভয়্যাবলম্বন পূর্ম্বক স্থাপিত

ও বর্দ্ধিত হয়। পার্শ্ববর্ত্তী অণরাপর প্রদেশসমূহ, বেন ভিন্নসীমাবিশিষ্ট ভিন্ন দেশরূপে প্রতীয়মান হইয়া থাকে। প্রাদেশিক এইরূপ স্বাতয়া হইতে, ব্যক্তিগত স্বাতয়াভাব এবং তত্ৎপদ্দ অহকারবোধ প্রকৃষ্টরূপে বর্দ্ধিত হইয়া থাকে। বলা বাত্লা বে, এতজ্ঞপ কারণোংপদ্দ অহকার-বোধ, ভাবী পার্থিব-গৌরবের ভিত্তিস্বরূপ হয়।

দিতীয়তঃ, গ্রীদের স্থায় প্রকৃতিবিশিষ্ট দেশের মধ্যে ভূমির উর্বরতা গুণ সর্ব্বত্র সমান নহে। কোন স্থানে স্থানীয় আবশুকাধিক জীবনো-পায় বস্তসমূহ উৎপাদিত হইয়া থাকে, আবার কোথায় বহুশ্রমেও ষৎকিঞ্চিৎ পাওয়া চুম্ব। অতএব লক্ষিত হইবে যে. কোন কোন প্রদেশ বহু লোকর্দ্ধি সত্ত্বেও, আহার প্রাচ্র্য্যে অতান্ত সচ্ছলতাযুক্ত; আবার কোন কোন প্রদেশকে হয়ত তদভাবে এককালে উপবাসে প্রাণত্যাগ করিতে হয়। এমন অবস্থায় স্বদেশজাত যে কোন বস্তু, यांश वित्तिभीराव निकृष्ठे वाञ्चनीय, उन्हांता विनिमय ७ वावमाराव ध्ववर्त्तन ব্যতীত, সকল স্থানের সমভাবে জীবিকা নির্দাহ হইতে পারে না। এজন্ত অন্তান্ত দেশের সহ তুলনায় এথানে, প্রত্যেক প্রদেশ অধিবেশিত হওয়ার অপেক্ষাকৃত অল্লকাল পরেই, পরম্পরের মধ্যে বাণিজ্যের সূত্র-পাত হয়। প্রদেশসমূহ পরস্পরের মধ্যে যেরূপ স্বতন্ত্র, তাহাতে এই বাণিজ্যস্থতে, দুরদর্শিতা বিজ্ঞতা এবং লোকচরিত্র-নির্মাণ সম্বন্ধে বিদেশ-বাণিজ্যের যে সকল আমুষ্দ্রিক ফল, সেই সকল হল্লাভও হইয়া থাকে। ক্রমে লোকবছলতার যথন বাণিজ্যের উত্রোত্তর আধিকা হয়, তথন এক প্রদেশ হইতে অন্ত প্রদেশে যাইতে হুর্গম স্থলপথের যে ক্লেশ, জাহা বিশেষরূপে অরুভূত হইতে থাকে এবং সেই অরুভবশক্তির তাড়না হইতে, প্রতিকার স্বরূপ জলপথে গমনাগমনের প্রবর্তনা হয়: এই প্রবর্ত্তনের ক্রম-পুষ্টতার, তজ্ঞপ গমনাগমনের যান প্রকরণাদি সম্বন্ধে, ক্রমে অথচ শীঘ্র শীঘ্র উৎকর্ষ সাধিত হইতে থাকে। এরপ ক্রমাগত গতারাত ও সংস্রবে, পরম্পরের মধ্যে স্বভাবতঃই ঘনিষ্ঠতা উপস্থিত হওরাতে, সকল প্রদেশের অধিবাসীরা অন্তরে অন্তরে স্বাতন্ত্রাযুক্ত শাকিনেও, প্রথম কালিক ব্যবহারিক কারণের প্রাবল্যবশে, বাছিকে ক্রানে একজাতিছের আকার ধারণ করে। রীতিনীতি পথে কৃট-শিক্ষাপৃত্য এরপ প্রাদেশিকদিগের মধ্যে, একের রীতি নীতি অপর ঘারা ক্রাপাস্তরিত, একের ধর্মতক্ প্রভৃতি অপরের ঘারা গৃহীত, ইত্যাদি সহজে এবং বিনা যত্নে আপনা হইতে হইয়াথাকে। বাহা হউক, তাহা হইলেও, বহুকাল ধরিয়া অবলম্বিত যে মানবীয় মনের স্বাতয়া-প্রিয়তা, তাহা ক্রারা অপলোপ হইতে পায় না; প্রত্যুত তদ্বারা স্বাতয়া ভাবের মলক্রাগ পরিত্যক্ত হওয়াতে, তাহা মার্জ্জিত হইয়াই থাকে। এজন্ত বাহিকে
প্রক্রজাতিছভাব দৃষ্ট হইলেও, ভিতরে ভিতরে সম্পূর্ণ বিভিন্ন জাতীয়ভাব
বিরাজ করিতে থাকে।

বাণিজা দারা আহারের স্বচ্ছলতা সাধিত হইলে, স্বচ্ছলতার শ্রিমাণ অনুসারে ক্রমে লোকর্দ্ধি হইতে থাকায়, দেশের মধ্যে যথন স্থানসন্ধীর্ণতা উপস্থিত হয়; তথন কিয়দংশের দেশত্যাগপূর্বাক দেশা-ছারে উপনিবেশ স্থাপন ভিন্ন আর উপায়ান্তর নাই। এরপ উপনিবেশ ছাপন পক্ষে, ঘনসন্নিক্ষ্ট ও ঘন-সন্নিবিষ্ট দ্বীপাবলা এবং অপরাপর ভূথও থেরপ অত্যে মনোনীত হওয়ার কথা, সেরপ অন্ত স্থান নহে। এজনা 🖛মে সেই সকল স্থান উপনিবেশিত, কালে তদ্রুপ উপনিবেশসমূহের ্বিস্তার সাধন, এবং ভজ্জন্ত আবার নূতন নূতন স্থান সকল মনোনীত 🗫রণ হইয়া থাকে। ইহা হইতে ক্রমে সামুদ্রিক বাণিজ্যের ও বিস্তার 🙇বং তজ্জনিত ধনসঞ্য় ও তীর্দ্ধি সাধন হয়। বে সমুদ্ৰ-বাত্রা ও 🏿 সামুদ্রিক বাণিজ্যের স্থযোগে এই দেশ শ্রীর্দ্ধিযুক্ত হইবার কথা, ইহার তিবেশিবর্গেরও তদ্ধপ স্থবিধা; স্থতরাং তাহাদেরও ইহাদের সঙ্গে ে একই সময়ে ধনস্কয় ও শীবৃদ্ধি সাধন হওয়ার স্ক্রাবনা। অল্বায়দি ্টিতৎপক্ষে কোন প্রতিবেশীর নানতা হয়, অথচ সে প্রতিবেশী নানা কারণে পূর্ণতার যে স্বাদ তাহাও জ্ঞাত হইয়া থাকে, তাহা হইলে তাহার পক্ষে ্বীব্দান্ত ক্রমির ক্রমির ভাষা ক্রমির ক্রমির ভাষা ক্রমির ক্রমির ক্রমির ক্রমির ক্রমির ক্রমির ক্রমির ক্রমির ক্রমির াই: তাহার পর, আপনার হীনতা দর্শনে অপরের অপরিমিত

ধন সাধ্যমত হরণের ছারা আত্মপরিপোষণ করার প্রবৃত্তি, পার্থিব-স্থ্থ-বিমোহিত মানবের মনে স্বতঃই উংপন্ন হইয়া থাকে ; পুনশ্চ, তজ্ঞপ হীনতা না থাকিলেও, মানবের মনে হুরাকাজ্জার প্রবল প্রবাহ হেতু ঐ প্রবৃত্তির ক্রীড়া লক্ষিত হওয়ার অসম্ভাব নাই ; স্বতত্রব তদ্রপ প্রতি-বেশিবর্গের নিকট হইতে সর্বাদা আক্রমণের সম্ভাবনা। এমন অবস্থায়, প্রত্যেক প্রদেশ স্বাতস্ত্রাবলম্বী হইলেও এবং আপনাদের পরস্পরের মধ্যে যে কোন সূত্রে বিবাদ বিসন্বাদের সম্ভাবনা থাকিলেও, বাহ্ শক্রর পক্ষে প্রতিযোগিতায় এক এক প্রদেশ এককভাবে অসমর্থ বিধায়. সকলের সংমিলিত হইয়া একযোগ হওয়ার প্রয়োজন। এই একতা ক্ষণিক নহে, দর্মদা আবশ্যক; স্থতরাং তৎসাধন কেবল কথায় গাঢুক্রপে এ চলচিত্ত-সময়ে স্কুসম্পন্ন হইতে পারে না। অত্তরৰ একতা-বন্ধনোপ্যোগী কোন প্রকার বিশিষ্ট অনুষ্ঠানের আবশ্যক; এ নিমিত্ত কোনরূপ পর্বাদি উপলক্ষ্য করিয়া ঘন ঘন জাতীয় সংমিলনের প্রয়োজন হয়। তথাপি প্রতিবেশী ও প্রতিদ্বন্দিগণের বহ্বায়তন হেতু, একতা সত্ত্বেও ইহারা সংখ্যাতে সামান্য গণনায় আইদে। কিন্তু প্রতিবেশীরা বেমন পার্থিব-স্থাসর্মস্বতা হেতু ছরাকাজ্ফার বশবর্তী, ইহারাও তদ্ধপ পার্থিব-মুখসর্কস্বতা হেতু আত্মধনরক্ষণে দৃঢ়প্রতিজ্ঞ। এমন স্থলে সংখ্যার যথন সামান্য, তথন সংখ্যার অভাব পরিপূরণার্থে একমাত্র বীর-কার্য্যে পারদর্শিতা এবং বীরত্বে খ্যাতিলাভ ভিন্ন অন্য উপায় কি হইতে পারে ? বাহিরের শৈত্যগুণে অন্তরন্থ তাপ যেমন ঘনীভূত হইয়া থাকে, তেমনি যত বৈদেশিক প্রতিবেশীরা ইহাদের উপর শক্ততাচরণ করিবে এবং তল্লিমিত ইহারা যত বিদেশীরদিগের উপর বিতৃষ্ঠা-যুক্ত হইবে, ততই ইহাদের আত্মস্বত্বের উপর মমতা এবং স্বদেশরক্ষণে বীর্ত্ত প্রতিভাসিত হইতে থাকিবে। মানবচিত্ত অনেক সময়ে বিশ্বতিযুক্ত হয় ; আপন ভাব, স্বভাব ও প্রবৃত্তি, সম্যক উপলব্ধি করিতে না পারিয়া জভবৎ পড়িয়া থাকে; কিন্তু যদি তেমন স্থলে, পূৰ্ব্বস্থৃতি, ইতিহাস,বিশেষত : কবিত্ব দারা দেই ভাব, স্বভাব ও প্রবৃত্তি উত্তেজিত করিয়া দেওয়া মায় ও দলুথে উচ্চ আদর্শ ধরা হয়, তাহা হইলে দে জড়তা তিরোহিত এবং
মানবচিত্ত সতেজ ও উৎসাহিত হইয়া কার্যো প্রকৃত হইতে
পারে। এবস্থৃত দেশমধ্যে, বীরকীর্ত্তি ও স্থদেশ-প্রিয়তার য়তটা মনোমধ্যে
উদয় করার আবশ্যক, তত অক্ত বিবয়ের নহে। যে দেশের যেরূপ
মতি গতি, তাহাদের হইতে প্রকৃতি সেইরূপ বস্তুই উৎপাদন করাইয়া
থাকেন; স্থতরাং, সাহিত্য কাব্যাদি মন্ত্র্য-মুখ-সাহায়্যে প্রচারিত
অক্তপ্র্র দেববাক্যস্কর্রপ হইলেও এখানে তাহা দেশের উপযোগিতা
অন্থসারে বীরকীর্তি ও স্থদেশহিতিবিতার জীবিতভাবে পরিপূর্ণ হইবে;
এবং এবস্তুত দেশেই কেবল ইতিহাদের য়থার্থ মূল্য অবধারিত ও
তাহার উৎপত্তি ও উন্নতি সাধিত হইতে পারে। পূর্ব্রগতর বীরপুর্ব্রগণের
কীর্ত্তিকলাপে বিমোহিত হইয়া চিরনেত্রপথে আদর্শরূপে তাহাদিগকে
স্থাপিত করণের আকাজ্ঞার, ভায়র্ব্যেরও উৎপত্তি ও তাহার উৎকর্ষ

বাহজগৎ ইহাদিগের নিকট সামান্য বেশে প্রতীয়মান হওয়াতে এবং প্রাকৃতিক অন্ত কার্য্যকলাপের সন্ধার্ণতা জন্ম উচ্চশক্তিবিষয়ে সম্যক্ অন্ত ভিরুত্তর অভাব হেতু,ইহাদের চিত্র পারলোকিক তত্ত্ব তাদৃশ আকর্ষিত হওয়ার সন্তাবনা নাই। এ নিমিত্ত ইহাদের পরলোক বিশেষ বিভীষিকাপূর্ণ, অথবা দেবতত্ব নিতান্ত অমান্থবিক হইবার কথা নহে। এতহভয়ের,ইহাদের নিকট, দেব-মানবীর এ উভয় ভাবের সামঞ্জন্যসাধক আকৃতি শারণ করা সন্তব। পরলোক ভীবণ হইতে ভীবণতর নহে; এবং দেবজারাও অভাবনীয়, অচিন্তনীয়, বিকটসাজ, বিকটকাজ বা বিকটমূর্ত্তি বিশিষ্ট নহে। সকলেই মানবের ন্যায়, মানবীয় ভাব স্বভাব ও ক্রীড়াযুক্ত;—তাহার সহিত মানবের নায়, মানবীয় ভাব স্বভাব ও ক্রীড়াযুক্ত;—তাহার সহিত মানবের সহাম্নভূতি জন্মিতে পারে,এতজ্প। পরলোক সামান্যবিভীষিকাযুক্ত বলিয়া, তাহা হইতে উদ্ধারকলে, মানবচিত্তকে বিষম আকুলতাযুক্ত হইয়া, ধর্ম বিষয়ে স্ক্র হইতে স্ক্রতর তত্ব উদ্বাটনের অলাবে, সাধারণ দেবতত্বই মানবচিত্ত সত্ত

সংস্থাবযুক্ত; পুন: তাহাতে ভরবিরহিত। তংপক্ষে ভর ও বিশ্বরের অভাব এত বে, মানব দেবতা হইতেও আয়স্থাতন্ত্ররক্ষণে অপরিমিত-বঙ্গশীল।

পারলৌকিক বন্ধনে দৃঢ়তার অভাব হেতু, মানবচিত্ত পার্থিব বিষয়ে অত্যধিক সংলগ্ন হওয়াতে, তদ্বিষয়ক যে কোন ব্যাপারে সমাক্ হস্ত-ক্ষেপে শিথিল-প্রয়ত্ব হয় নাই। স্কুতরাং সাংসারিক ও সামাজিক বিষয়া দির পরিরক্ষক যে রাজনীতি, তাহাতে যে ইহারা সম্যক হস্তক্ষেপ করিবে. তাহাতে বিচিত্ৰতা কি ? স্বাতন্ত্ৰ্য-প্ৰিয়তাহেতু, প্ৰত্যেক প্ৰদেশে এক এক রাজ্য, আবার কোন স্থানে এক প্রদেশের মধ্যেই চারি পাঁচটি বিভিন্ন রাজ্য দেখিতে পাওয়ার অসভাব নাই। এতদ্রপ ক্ষুদ্র রাজত্বের মধ্যে, রাজা স্বল্লকাল মধ্যে সর্বাদমক্ষে পরিচিত এবং পূজামুপুজারূপে দর্শিত হওয়াতে, রাজদেবত্ব আর বড় একটা রক্ষণে সমর্থ হয়েন না। রাজনীতির বিস্তারস্থান অল্লায়তন হওয়ায়, প্রজামাত্রেই তাহা আয়ন্ত করিয়া, তাহার দোষগুণের বিচারে প্রবৃত্ত এবং আবশাক হইলে তাহার প্রতীকারকরণেও সহজে উদ্যুত হয়। এ নিমিত্ত, এথানে সর্বদা রাজবিপ্লব এবং প্রজাবিদ্রোহ হওয়ার সন্তাবনা। শাসন-প্রণালী এই কারণে কখন বা রাজতন্ত্র, কখন বা তাহা ঘুচিয়া সাধারণতন্ত্র, আবার কখন বা সম্রান্ততন্ত্র, ইত্যাদিরূপে যখন যাহা লোকচিত্তে বলবতী. তখন তাহা প্রবর্ত্তিত হইয়া থাকে। কখন বা দেশ আত্মকলহজাত রক্ত-ধারায় স্নাত হয়; কথন বা আবার রাজ প্রজা-সংমিলনে দেশমধ্যে স্কুপের তরঙ্গ প্রবাহিত হইতে থাকে। এরূপ স্থানে, প্রজামাত্রেই অল্লবিস্তর রাজনীতি-বিশারদ, তন্মর্মজ্ঞ এবং তাহাতে সম্পূর্ণরূপে আস্থাযুক্ত হইরা, আপনাপন কার্য্যকলাপ পরিশোধিত করিয়া থাকে।

গ্রীকনিগের অবস্থা অবিকল এইরূপ। ইহার প্রত্যেক প্রদেশ প্রম্পর সমক্ষে এক একটি বিভিন্ন বিদেশ স্বরূপ; স্বতরাং প্রত্যেক প্রদেশের অধিবাসী এক একটি বিভিন্ন জাতি স্বরূপ। কেহ কাহার সৃহিত সম্বন্ধযুক্ত নহে। ভারতীয়দিগের অবস্থা তদ্ধপ নহে। আর্থ্যেরা প্রথমে যে সপ্তাসিদ্ধৃত্টমাত্র স্থানে উপনিবেশ স্থাপন করেন এবং যথা হইতে তাঁহাদের ভাবী অভাদয়ের স্ত্রপাত হয়; তাহা এবং তং পার্ম্বর্ত্তী স্থানসমূহ, যাহা কালে বংশবিস্তারে ক্রমোপনিবেশিত হইয়া-ছিল, প্রায় সর্বত একপ্রকৃতিযুক্ত হওয়াতে, গ্রীদের ন্যায় স্বাতন্ত্র-যক্ত প্রদেশবিভাগজনিত ফল ফলিতে পায় নাই। উপনিবেশিত স্থান-সমূহ সর্ব্বতই গতায়াত-স্থগম এবং ঘনিষ্ঠতাযুক্ত। এই ঘনিষ্ঠতা দস্থা-বর্গের ভয়ে আরও বৃদ্ধি প্রাপ্ত হইয়াছিল। ভারতে আর্য্যেরা যেরূপ আদিম অধিবাদী দৈত্যবর্গের দ্বারা উত্ত্যক্ত হইয়াছিলেন; গ্রীদেও তদ্ধপ প্রতিদ্বন্ধী দৈত্যবর্গ না ছিল এমন নহে। কিন্তু গ্রীস যেমন সঙ্কীর্ণায়তন, তাহারাও তেমনি সন্ধীর্ণসংখ্যক: স্কুতরাং গ্রীকেরা অতি অন্ন শ্রমেই তাহাদের সমগ্র বল চূর্ণ করিয়া, তাহাদিগকে পদাবনত করিতে সমর্থ হইয়াছিল। ভারতীয় দৈতোরা, সংখ্যায় সমুদ্রতীরবর্ত্তী বালুকারাশ<mark>ির</mark> ন্যায় অপরিমিত এবং অপার ও অভেদ্য স্থান ব্যাপিয়া বিচরণ করিয়া ফিরিতেছে। আর্য্যেরা কিয়দংশের বল চুর্ণ করিয়া পদাবনত করিয়া-ছিলেন বটে, তথাপি অবশিষ্ট এত ছিল যে, তাহাদের ভয়ে সর্বাদা সশঙ্ক থাকিতে হইত। এই আত্মরক্ষার প্রয়োজন হেতু, বি<mark>নি</mark> যেখানে অবস্থিতি করুন না কেন, স্কলকেই অথণ্ডিত একতাস্থত্ত স্মাবন্ধ থাকিতে হইত। এই স্থত্ত স্মামূলতঃ পরিচালিত বলিয়া হিন্দুসস্তানমাত্রে, কি ভিতরে কি বাহিরে, সর্বত্র সঁর্বপ্রকারে প্রথমকালে একজাতি ছিলেন। গ্রীকেরা তদ্বিপরীতে প্রথমকাল হইতেই প্রদেশভেদে সম্পূর্ণ বিভিন্ন জাতিশ্বরূপ হইয়াছিল। আবার গ্রীকেরা যথন একজাতিত্বরূপ আকার ধারণ করিল, তথনও চির প্রবৃদ্ধ স্বাতন্ত্রভাব তাহাদের অন্তরে অন্তরে বিরাজ করিতে লাগিল। কিন্তু কালে ভারতীয়েরা বংশবাহুল্যে, যদিও বিভিন্ন প্রদেশ অধিবেশন ও বিভিন্ন রাজ্যস্থাপন পূর্ব্বক যেন স্বতন্ত্রতা অবলম্বন করিয়া বাস করিতে লাগিলেন বটে, তথাপি চিরপ্রবৃদ্ধ একতাভাবের তাঁহাদের হৃদয় হইতে অপলোপ হইল না। একতা অবশাই দর্মকালে ও দর্মাবস্থায় দর্মাগ্রে

প্রার্থনীর; কিন্তু তাহার অভ্যন্তরে যদি স্বাবলধনপ্রশী ব্যক্তিগত স্বাতহ্যের সামঞ্জন্য না থাকে, তবে দে একতা বড় একটা কার্য্যকরী হর না। উহা মেবণালের একতা; একটা মেব যদি কোন স্থানে থেপ্নাল-বশে একটা লাফ দিল, আর গুলিও অমনি সেইরপ লাফ দিতে লাগিল। ইহাকে অন্ধ একতা বলে। আবশ্যক, সজ্ঞান একতার। প্রাকদিগের যে ব্যক্তিগত স্বাতদ্র্যভাব ভাবী গৌরবের সোণান স্বরূপ, ভারতীয়েরা দে স্বাতন্ত্যভাব প্রাপ্ত হইলেন না। অহকারবোধেও ইহারা অতি হীনতা প্রাপ্ত হইয়াছিলেন,—যেহেতু এতদ্বাধের প্রথম বাধকতা বাহজগতের নিকট আত্মথর্শ্বতা জ্ঞান; দ্বিভার বাধকতা, পুর্বাক্থিও ব্যক্তিগত স্বাতন্ত্যভাবের অভাব।

পূর্ব্বেই বলা হইয়াছে,গ্রীদের ভূমি উর্ব্বরতাগুণে সর্ব্বত্র সমান নছে। কোন স্থানে আবশ্যকীয় জীবনোপায় বস্তুসমূহ অপরিমিতভাবে উৎপন্ন হয়, কোথাও বা একেবারে বা প্রায়ই কিছু হয় না। গ্রীদের যে দকল ভূমিথওকে উর্ব্রতাগুণবিশিষ্ট বলিয়া বলা যায়, সে দকলকে ভারতীয় ভূথণ্ডের তুলনায় আনিলে, তাহাদের উর্বরতাগুণকে অমু-র্ব্যরতার মধ্যে গণ্য করিতে হয়। অতএব ভূমির উর্ব্যরতাগুণ উপলব্ধ ও তাহা হইতে ফলাকর্ষণ করিতে, ভারতীয়দের অপেকা গ্রীকদিগকে, বছবৃদ্ধি ও বৃহশ্রম ব্যয় ও বৃহকাল অতিবাহিত করিতে হইয়াছিল। এরূপ করিতে বাধ্য হওয়ার ফলও, দ্বিবিধ প্রকারে ফলিতে দেখা যায়। প্রথমতঃ, রহুবৃদ্ধি ও বহুশ্রম ব্যয়-স্ত্তে, তংপক্ষে কারণশূন্য ভারতীয়দের অপেক্ষা, গ্রীকদিগের সাংসারিক বিষয়ে উদ্ভাবনী শক্তি ও শ্রমসহিষ্ণুতা, এতহুভয় গুণ দৃঢ়তা প্রাপ্ত হইয়াছিল। দ্বিতীয়তঃ, বহুকাল অতিবাহিত क्तिवात करन. श्रीकृषिरगत व्यवमत, व्यवमत-छेरभन विस्ना, विसामात्र উদ্রাবনী শক্তি এবং তজ্জনিত সভাতা, স্বতরাং ভারতীয়দের অপেশা বহুকাল পরে উদিত ও বর্দ্ধিত হয়। সে যাহা হউক, ভূমির প্রোক্ত উর্বরতাগুণ যাহা কিছু ভাহা নিরুষ্ট হউক আর উৎরুষ্টই হউক, গ্রীদের সর্বপ্রদেশে সম বা হথেষ্ট পরিমাণে না থাকায়; প্রত্যেক

आमिकिकनत्क यनि क्विवन जाशन जाशन आमिक छै०शानिका শক্তির উপর নির্ভর করিয়া থাকিতে হইত, তাহা হইলে অনেকের অনাহারে মরিবার কথা। এ দিকে এই, অন্য দিকে শীতপ্রধান দেশের প্রয়োজনীয় পদার্থাদি স্বভাবতঃ গ্রীম্মপ্রধান দেশের ন্যায় সামান্যমূল্য সামান্যাকার ও সহজ্পাধ্য নহে। এমন অবস্থায় স্বাস্থ্য দেশজাত বে কোন বাঞ্নীয় বস্তুর সহ, প্রদেশপরম্পরায় পরস্পর বিনিময় ও বাণিজ্ঞা ব্যতীত, একের আহারবিষয়ক অভাব; অপরের তদতিরিক্ত অপরাপর আবশ্যকীয় বস্তুর অভাব ; উভয়তঃ এতহুভয় অভাব নিবারণ না হওয়ায়, ্সকলের সমভাবে জীবিকা নির্দ্ধাহ হইতে পারে না। এই নিমিত্ত, একের মনুষ্যোচিত ক্ষুৎপিপাসা নিবারণ, অপরের বিলাসবিষয়ক আকাজ্ঞা পুরণ, প্রদেশভেদে এতদ্রপ প্রয়োজনভেদের প্রথম উদ্রেকে,—অর্থাৎ সভাতাস্থর্যোর উদয়কালেইবলিতে হইবে,—গ্রীকেরা প্রদেশপরম্পরায় বিনিময় ও বাণিজ্য করিতে বাধ্য হইয়াছিল: এবং সেই সকল প্রদেশ আদিমকালে পরম্পরের মধ্যে সম্বন্ধবিচ্ছিন্ন থাকায়, এই বাণিজ্য তৎকালে বৈদেশিক বাণিজ্যের আকার ও ধারণ করিয়াছিল। পরস্ত ইহা অবশাই বলিতে হইবে যে, বৈদেশিক বাণিজ্য হইতে আন্মোন্নতিকল্লে যে যে ফললাভ হইবার কথা, এই স্থত্তে গ্রীকেরা সেই ফলও কিয়ৎপরিমাণে লাভ করিতে সমর্থ না হইয়াছিল এমন নহে। এ স্থলে যদি ভারতীয়দের সহ তুলনা করা যায়, তাহা হইলে দেখিতে পাওয়া যাইবে যে, গ্রীকদিগের স্থায় অনুরূপ কারণের অভাবহেতু, প্রথম অবস্থায় ভারতীয়দের কোনরূপ বহির্বাণিজ্যে প্রবৃত্ত হইবার आवभाक इस नारे। यथन कालमहकारत विलारमत तृष्ति इरेग्नाहिल, তথনই কেবল ভারতীয়দের প্রদেশপরম্পরায় বাণিজ্যের স্ত্রপাত ও ক্রমে তাহার শ্রীবৃদ্ধি সাধন হয়। সকল প্রদেশেই আহারীয় দ্রব্যাদির যথেষ্ট স্বচ্ছলতা হেতু, তাহাদের এ বাণিজ্য প্রধানতঃ বিলাসবস্তুর থাতিরে; স্থতরাং তজ্জন্য যে আগ্রহ-গাঢ়তা, তাহা **আ**হারীয়-বস্তু-বাণিজ্য বিষয়ক আগ্রহ-গাঢ়তা অপেক্ষা ন্যন। আবার ভারতীয় প্রদেশ-

সমূহ পরস্পরে মধ্যে যেরপ ঘনিষ্ঠতা-যুক্ত, তাহাতে এবস্তুত বাণিজ্ঞা কথনই বৈদেশিক বাণিজ্যের আকার ধারণ করিতে পারে নাই। ভারতীয়েরা পরবর্ত্তী অপর কোন সময়ে কথন অদেশের সীমা অভিক্রম করিয়া বাণিজ্য করিতেন কি না, তাহা এখানে আলোচ্য নহে; কিন্ত ইহা নিশ্চয় যে, প্রথমকালে কথনই নহে। বাজারাম অবশ্য না ব্রিতে পারিতেছে এমন নহে যে, এখানে যে সময়ের আলোচনা করিয়া যাওয়া যাইতেছে, তথনও জগতে ইতিহাসের উদয় হইয়াছিল কি না সন্দেহ।

যে অভাবস্ত্রে গ্রীকদিগের মধ্যে প্রথম বাণিজ্যের উদ্ভব: সেই স্ত্র-তাড়নায়, মূল হইতেই, সেই বাণিজ্য বিস্তৃত আকার ধারণ করিবার কথা। কালে লোকবৃদ্ধি সহকারে, ভাহা যে আরও বিস্তার প্রাপ্ত হইবে, তাহা এক প্রকার অবশান্তাবী। অভাবতাড়নায়, এই বাণিজ্যের নিত্য প্রয়োজন। স্থতরাং গ্রীদের ন্যায় হুর্গম স্থলপথ দিয়া ইহা নিতা সমাধা করা, ক্রমে যেমন অতিশয় কষ্টকর হইয়া উঠে: তেমনি অন্য দিকে স্থগম সমুদ্র সর্বাদা প্রলোভিত করিতে থাকে। যেখানে দৃষ্টির এক দিকে ক্লেশ ও অন্য দিকে স্থবিধা বর্ত্তমান, সেথানে মানবচিত্তের উদ্ভাবনী শক্তি স্থবিধাকে আয়ত্ত করিবার নিমিত্ত, স্বতঃই উপায় উদ্ভাবনে তেজবিনী হইয়া থাকে। কাজেই বাণিজ্য-প্রবর্তনার অতি অল্লকাল পরে, গ্রীকদিগের মধ্যে সমুদ্রগমনাগমনের আরম্ভ হয়। এই নিমিত্ত, ইতিহাদের উদয়দময়ে অতি প্রাচীনকালেই আমরা দেখিতে পাই যে. গ্রীকেরা সমুদ্রগমনাগমন পক্ষে পারদর্শিতা লাভ করিয়া, স্বদেশের সীমাতিক্রমে অনেক দূরস্থানে যাতায়াত করিতে আরম্ভ করিয়াছে। हिन्दुनिराज প্রাচীনতমগ্রন্থাবলীতে यদিও সমুদ্রগাত্রার উল্লেখ মাঝে মাঝে দেখিতে পাওয়া যায় বটে, কিন্তু হিন্দুদিগের সেই সমুদ্রযাতা বে গ্রীকদিণের ন্যায় সমপুঞ্জাসম্পন্ন ছিল, এরূপ কোন মতে অভুমিত হয় না। গ্রীকদিগের সমুদ্রযাতার পুষ্ণতাও আপেক্ষিক মাত। নতুবা গ্রীকেরাই যে সেই ইতিহাসের উদয়কালে, সমুদ্রযাত্রার পক্ষে একবারে

অতিশর দ্বদর্শিতা লাভ করিয়াছিল, তাহা নহে; যেহেতু দেখা যার যে, হোমারের সমরেতেও, গ্রীকদিণের জাহাজের আরুতি অতি সামান্ত ছিল এবং সন্নিকটস্থ দ্বীপ ও আসিয়ামাইনরের উপক্লবর্ত্তী স্থান সকলে মাত্র, সে সকল জাহাজ যাতায়াত করিতে পারিত; ক্ষণাগরের পার্শ্বস্থ স্থান সকল পরিজ্ঞাত ছিল না এবং মিসর প্রায় জনশ্রুতিতে পরিজ্ঞাত ছিল মাত্র। কিন্তু যে কোন বিষয় হউক, নিয়ত ব্যবহারে ভাহার উৎকর্ব সাধিত হয়; গ্রীসে তল্পমিত্ত অচিরকাল মধ্যেই সমুদ্রভামনের যতটা উৎকর্ব সাধিত হয়; গ্রীসে তল্পমিত্ত তদ্রপ নিয়ত ব্যবভারের কারণাভাব হেতু তাহা হয় নাই।

আবারও লক্ষ্য করিবার বিষয় যে, কেবল গ্রীকেরা যে বিদেশ-্পামনের দারা দামুদ্রিক বাণিজ্য সমাধা করিত তাহা নহে ; ইহাদের প্রতিবেশী ফিনিকীয় ও কার্থেজবাসীরাও, অতিপ্রাচীন কাল হইতে সমুদ্রগমনাগমনে প্রবৃত্ত হওয়ার, গ্রীদে আসিয়া সর্কদা বাণিজ্যাদি ক্রিয়া যাইত। বলা বাছলা যে, ঐ সকল জাতির সহিত সংস্রব হৈতু, গ্রীকেরা পোতচালন ও বাণিজ্যতত্ত্ব পক্ষে, উৎকৃষ্ট কোশল সকল আরও অধিক পরিমাণে শিক্ষা করিবার স্থবিধা পাইয়াছিল এবং তজ্জন্য আরও 'দূর বিদেশ-গমন ও আরও বৈদেশিক বাণিজ্যের উৎকর্ষ বিধানে সক্ষম [']ছইয়াছিল। এই দকল স্থতে, ব্যবহারিক কারণের কার্য্যও অ্পরিমিত পরিমাণে হইতে পায়। অস্ত্রচালন ও পার্থিব-চতুরতা শিক্ষাও, এ শিকল স্ত্রে নিতান্ত অল্ল হয় নাই; যেহেতু ইয়ো, ইউরোপা, মিডীয়া 🗖 ভৃতি স্ত্রীহরণরভাস্ক ও তদামুষঙ্গিক ঘটনাবলী দে পক্ষে যথেষ্ট সাক্ষ্য প্রাদান করিতেছে। পুনশ্চ, মুহুর্মূ হু তদ্ধপ বৈদেশিক সংস্রবন্ধন্য, গ্রীক-্র্বিদিগের যে সভ্যতা তাহা বৈদেশিক সভ্যতার সহ সহান্ত্রভৃতিশূন্য হইতে ্বিপায় নাই। ভারতের তাৎকালিক প্রতিবেশিবর্গের মধ্যে তেমন কেছ না 🚧 কায়,তদ্রপ তদ্রপ কারণের অভাবে তদ্রপ তদ্রপ কোন ফলই কলে নাই 🕍 বং তজ্জ্য ভারতীয় সভ্যতা,তাবৎ বৈদেশিক সভ্যতা সহ সহামুভূতিশূন্য 🕸 ইরা, একক ও স্বাতম্ত্রাপূর্ণ ভাবে গঠিত ও বর্দ্ধিত হইয়াছিল।

ক্রমে লোকবৃদ্ধি সহকারে দেশমধ্যে স্থান সন্ধীর্ণ হইলে, ভারতীয়েরা যেমন ব্রন্থারি হইতে ব্রন্থাবর্ত্ত, ব্রন্থাবর্ত্ত হইতে মধ্যদেশ, মধ্যদেশ হইতে ক্রমে সমগ্র উত্তরদেশ, পরে দক্ষিণাবর্ত্তেও জনস্থান স্থাপনপূর্বক তাহা উপনিবেশিত করিয়াছিলেন: গ্রীকেরাও সেইরূপ দেশমধ্যে স্থান সন্ধীর্ণ হুইলে, ক্রমে ক্রমে সন্নিকটস্থ দ্বীপাবলী এবং তাহাতেও সম্থলান না হইলে, শেষে আসিয়ামাইনর প্রভৃতি দূরতর স্থানে উপনিবেশ স্থাপনে বাধ্য হইয়াছিল। কিন্তু ইহাতে হিন্দু এবং গ্রীকে প্রভেদ আদিয়া এই দাঁড়াইল যে, হিন্দুর প্রতিবেশিবর্গ তথন সকলেই হয় বনা ও বর্ষার অবস্থাযুক্ত, নতুবা অপেক্ষাকৃত ক্ষীণবল থাকায়, বাহিরের আক্রমণ ও বহিঃশক্রর দারা ধনাদি অপহরণের কোনই আশস্কা থাকিল না :- এক যে আদিমনিবাসিগণ, তাহারাও কালে আর্যাবংশবিস্তারের সঙ্গে দমিত ও দ্বিত হইয়া আসিল। গ্রীকের অবস্থা দাঁড়াইল প্রায় তাহার অন্য-তর বা বিপরীত। গ্রীকেরা যখন এইরূপ ছড়াইয়া বিভিন্ন দেশগত হইল: প্রতিবেশিবর্গ তথন প্রবল হইয়া প্রধনলোভে আত্মোন্নতি করি-বার অভিপ্রায়ে ইহাদের উপর শক্রতাসাধন করিতে প্রবৃত্ত হইল। কাজেই তথন সাধারণ শত্রুর প্রতিযোগিতায়, ইহাদিগকে একতাস্থত্ত আবদ্ধ হইতে হইল। এইরপ জাতীয় একতাবন্ধনের নিমিত্রই অলি-ম্পিক, ইন্থমিয়ান প্রভৃতি পর্বের স্ষ্টি। এইরূপ পর্বাসময়ে, অন্তভঃ পর্বাহ কয়েক দিনের জন্য, আত্মকলহ ও আত্মশক্রতা পরস্পরের মধ্যে যাহা কিছু থাকিত তাহা সম্পূর্ণভাবে চাপা দিতে হইত। শত্রুর অপেক্ষা ইহারা অল্লসংখ্যক হওয়ায়, সামর্থ্যে তাহাদের সঙ্গে উপযুক্ত প্রতি-যোগিতায় পারগতালাভের নিমিত্ত, ঐ ঐ পর্বসময়ে শরীরপরিচালক ও বলবিধায়ক ক্রীড়াকোতুকেরই অধিক পরিমাণে অভিনয় হইত। সকল বলবিধায়ক ক্রীডার গুরুত্ব ও প্রয়োজনীয়তা গ্রীকেরা এতই অধিক পরিমাণে অমুভব করিত যে, অলিম্পিক ক্ষেত্রে শক্তি-ক্রীড়ায় যে কেহ জেতা হইতে পারিত, সে সহস্র রাজ্যখণ্ডের জেতা অপেক্ষাও অধিক সম্মানিত হইত ; কবি তাহার যশ গাহিত ; তাহার পিতা মাতা 🐰

এরপ সন্তানের জনক জননী বলিয়া আপনাদিগকে ধন্য মানিত: দেশগুদ লোক তাহার উদ্দেশে ধন্য ধন্য রব তুলিত; যে প্রদেশে তাহার বাস সে প্রদেশ আপনাকে পবিত্র জ্ঞান করিত এবং জেতার ম্বদেশ ও ম্বর্গছে প্রত্যাবর্ত্তনসময়ে, পথে এবং পুরপ্রবেশে, দেবসম্মান তাহার স্বাগমন প্রতীক্ষা করিত। ফলতঃ বহিঃশক্রর সহ প্রতিযোগিতায় পারগতালাভের নিমিত্ত, গ্রীক দেশের সর্বত বলের অর্চনা এবং সর্বতিই সামাজিক নিরমাবলীর মধ্যে, বলপ্রতিপোষক নিরমাবলীর প্রাধান্য দেখা বায় . উহারই নিমিত্ত, স্পার্টানগরে লাইকার্গদের অভুত নিয়মাবলীর উद्धावन इब: मार्चे निव्यावनी देविक वन-वाल्ना उर्शानत्व अञ्चलार्थ. এমন কি. প্রাক্তিক বুত্তিনিচয়কেও ধ্বংস করিতে কৃষ্ঠিত হয় নাই :--ভাহার প্রভাবে জননী বিকলাঙ্গ শিশুকে হত্যা করিয়াছে, বীরত্ব-বিমুপ সম্ভানকে পরিত্যাগ করিয়াছে, এবং স্বামী আপন স্ত্রীকে আত্ম-অপেক্ষা বলিষ্ঠ-পুরুষের সহবাস করিতে অক্লিষ্টমনে উপদেশ দিয়াছে। এই বলেরই উত্তেজন সাধন হেতু, হোমারের চির্নুতন্ত্বময় কাব্য: এবং ইহারই পরিপোষকতা হেতু, টিটিঁয়দ প্রভৃতি কবিগণকৃত গীতিকাব্যের উৎপত্তি। এই দকল কাব্যের তুলনায় ভারতীয় কাব্য পর্যালোচন কর; ভারতীয় কাব্যে যদিও কোন স্থানে বীররস ক্ষণিক উদ্ভাসিত হয় বটে, কিন্তু পরক্ষণেই তাহা করুণরস এবং শাস্তি ও বৈরাগ্যভাবের '**অসীম ল্রোভে কো**থায় যে ভাসিয়া যায়, তাহার আর ঠিকা**নী পা**ওয়া যার না। আবার দেখ, এই বলেরই প্রভাবে এবং বহিঃশক্রর উত্তেজনা-্হেতু বর্দ্ধিত স্বদেশপ্রিয়তার মোহিনী শক্তির মোহে, সালামিস, শার্মপাল প্রভৃতি তীর্থনিচয়, গ্রীকদিণের বীরকীর্ত্তি ও স্বদেশপ্রিয়তার ্ঠির-উদ্দীপক ও চির্লাকাস্বরূপে দেদীপামান বহিয়াছে। আব ভারতে ? কুকক্ষেত্র যুদ্ধক্ষেত্র হইয়াও, উহা পুণাক্ষেত্র ; তপঃ-সাধনের ·জ্জনা নির্দিষ্ট ভূমি ; যুদ্ধস্থলে যুদ্ধে প্রবৃত হইয়া, বীরশ্রেষ্ঠ ধনঞ্জয় ধনু:শর পরিত্যাগ পূর্বক ভগবানের মুথে যোগবিদ্যা শিক্ষা করিতেছেন! সে যাহা হটক, আক্ষেপের বিষয় এই যে, গ্রীকেরা এরপ স্থন্দর বন্ধ ও

দাহদ প্রাপ্ত হইয়া, বহু সময়ে তাহা পামথেয়ালিতায় ও স্বজাতীয় রক্ত্রণতে অপব্যরিত করিতে কৃষ্টিত হয় নাই। ভারতীয়েরা, তৎপরিবর্ধে ও তত্ত্বলনে, পরক্ষরের মধ্যে ভাতৃভাবে স্থগংমিলনে বাদ করিয়া, পরক্ষার পরক্ষারের হিতকামনায় রত হইয়া, মনের স্থথে, পরলোকের আশায় আয়ায় রহিয়া, স্ফেলভাবে জীবনাতিবাহিত করিতেন। ইহাদের মধ্যেও যে আয়েকলহ ছিল না এরপ নহে, নতুবা কৃষ্ণপাপুবাদির যুদ্ধকাহিনী কোথা হইতে আদিল। কিন্তু যাহা ছিল তাহা, প্রীক্দিগের অক্সকলহের সঙ্গে তুলনা করিতে গেলে, নগণ্যের মধ্যে পড়িয়া যায়। ভারতীয়দের এই আয়্রকলহ-বিরলতা, আভাস্থরিক একভার ফল। প্রীক্দিগের মধ্যে যে ঘন বন আয়্রকলহ ঘটিত এবং তাহাতে বলবীয়্য যে অনর্থক ব্যয়িত হইত; প্রদেশপরক্ষরায় অস্তরে অস্তরে স্বাতস্ত্রাভাব, অহয়ারপূর্ণ বলদীপ্র অনলদ শরীর ও মন এবং ব্যক্তিগত স্বাতস্ত্রা সে সকলের মূলীভূত কারণ।

অতঃপর, বর্দ্ধিত জাতীয় প্রকৃতিদ্বর হইতে কালে যেরূপ ফলের উৎপত্তি হইয়াছিল, বিষয় বিভাগে তাহা আলোচ্য।

ইতি দিতীয় প্রস্তাবে মাতৃভূমি।

তৃতীয় প্রস্তাব।

धर्म्मविमा ।

১। ধর্মতত্ত্ব।

(এই পরিচ্ছেদ বাঁহার ভাল না লাগিবে বা অসংলগ্ন বোধ হইবে, তিনি ইছা পরিত্যাগ করিয়া বাইবেন।)

জ্ঞান ব্যতীত নিয়ম হয় না, নিয়ম ব্যতীত শক্তি চলে না, শক্তি না চলিলে কর্মা হয় না। স্থৃত্বাং, 'এই বিশ্বরূপ কর্মপদার্থের এক জ্ঞান কর্ত্তা আছেন'—এই বোধের স্বতঃ ও স্বভাবতঃ উদয়ে, জ্ঞানস্বরূপকে পিতা বা ঈশব এবং শক্তিস্বরূপকে মাতা বা দেবীরূপে কল্পনা করা হয়। জ্ঞান নিয়তিলীলায় এবং শক্তি প্রকৃতি-ক্রিয়ার পরিচিত হুইয়া থাকেন।

দেশ ও কাল প্রতাক্ষন্ত অনস্তম্তি এবং তছভরের উদ্ভাসক স্টিও অবশা অনস্ত। স্তরাং স্টির রচয়িতা শক্তি, শক্তির চালক নিয়ম এবং নিয়মের মূল জ্ঞানও অনস্ত এবং অবিনাশী। নিয়ম শক্তিও স্টি, ইহারা এক অপরের অন্তিত্ব-পরিচারক, স্তরাং জ্ঞান সহ উহারা কি একক কি সমাক উভয় ভাবেই অনস্তত্তাববিশিষ্ট; পরোৎপ্রক্রেপ্রের কেহানাই; ফলতঃ আমাদের বোধায়তন লইয়া যতদূরে কথা, ততদূরে আমরা দেখিতে পাই যে সকলেই সহোৎপ্র ও সমাৎ-পর। "এতদান্তমিদং সর্বাং তৎ সত্যং স আরা তত্তমদি খেতকেতাে।" —এখন দেখ ইহা কতদূর সঙ্গত।

সাক্ষাৎ জ্ঞানাংশ স্বরূপ যে জীবাত্মা, জ্ঞানের নিত্যতা হেতু, তাহার ও অবিনাশিত্ব কল্পনা করা যায় জ্ঞানাংশ ও শক্তাংশ, উভর সংমিশনে জীবত্ব। সেই জীব যথন স্বীয় দোবে উচ্চতর সম্বন্ধ সহ বিচ্ছিন্ন হইবাতে হঃথভাজন হয়,তথন শাস্তির আশায় মহাজ্ঞান ও মহাশক্তিকে আশ্রের পূর্বকে তাহাদিগকে বিভূও প্রভূত্তপে অন্নভব ও করনানা করিরা থাকিতে পারে না। কিন্তু সে সকল কি নিথা। করনা ?

ইহা দৰ্মদাই প্ৰতাক জ্ঞানে অমুভূত হয় যে, দৃষ্টাদৃষ্ট তাবং বিষয়ে, প্রকৃতির প্রয়োজনপূরকতা হেতু, সফলতা। এখন সেই প্রকৃতি শ্ন্য-ছেষিণী। শুনা শব্দের অপর আখ্যা মিথ্যা, অসৎ, বিকার, বিরোধিতা, মভাবান্তর, ইত্যাদি। অতএব সত্য ও সংস্করপের দারাই **প্রকৃতির** প্রাঞ্জন পূরণ হয়; মিথ্যা ছারা হয় না। প্রত্যুত জগতে মিথ্যার সঞ্চার হইলেই, দেখা যায় যে অবিলয়ে প্রকৃতি তাহার নিরাকরৰ করিয়া থাকেন। মিথ্যা, প্রকারভেদে কখনও আভ কখনও বিলম্বে, অথবা চলিত কথার নিত্য ও নৈমিত্তিক ভাবে, নিরাকৃত হয়; এবং ভাই কখন কখন কালব্যাজ হেতৃ ভ্ৰম হয় যে, মিথ্যারও বৃঝি তবে এ জগতে নিতাস্থিতি সম্ভবপর! ফলত এটা নিশ্চয় যে, কি জড় কি অজড়, কি ভৌতিক কি আত্মিক, যে কোন সংসারে, আজি হউক कालि रुष्ठेक, निताकृष्ठ रुरेख এ জগতে কোন मिथारि वाकी थाटक না। প্রকৃতি শূন্যদেষিণী !--পূর্ব্বোক্ত কল্পনা সকল যদি মিথা। হইত, তাহা হইলে অবশাই একদিন না একদিন তাহারা নিরাক্তত হইরা বাইত: একদিন না একদিন অবশ্যই তাহাদের প্রতি প্রক্রতির ৰে প্ৰতিকূলাচরণ তাহা আমাদের দৃষ্টিগোচরে আসিত। কিন্তু আমরা দেখিতেছি, তাহার কিছুই হয় না, বরং প্রকৃতি সে সকল কল্পনার উৎসাহ দের। ফলত: ঈশ্বর এবং জীব এবং তহভরের মধ্যে যে সাধ্য-সাধকভাব, ইত্যাদির সত্যতা ও নিত্যতা সম্বন্ধে, বিশ্বাদে যে প্রকৃতির অমুক্লতা তাহাই সর্কোৎকৃষ্ট প্রমাণ বলিয়া জানিও। অথবা অন্য কথা কি, মনুষ্যমনের এই বিশ্বাস সর্বতোভাবেই পূর্ব প্রাকৃতিক সংস্থারমাত্র।

বলিয়াছি, এই বিশ্ব কর্মান্তরূপ। বিশ্বই যদি কর্মান্তরূপ হইল, কর্মা শব্দের অনধীন তবে আর থকিতে পারে কে? কিন্তু কর্মা কি—কর্মা কাহার—কর্তা কে? শক্তির পরিণতি কর্মা; পদার্থমাত্রে কর্মা এবং প্রছন্ন ভাবে হউক কি প্রকাশ্যভাবে হউক, যেথানে কর্মন্ব সেইখানে কর্ত্ত্বেরও বিদ্যানতা; যেহেতৃ সংসার এক আইনত এবং অর্থপ্তিত এবং "এতদাত্মিদাং সর্মাং তৎসতাং"। কর্মন্ব এবং কর্ত্ত্বের যুগপৎ এক জ্ব সমাবেশ হইল যেন; কিন্তু পণ্ডদর্শনে কর্ম্মতাবকে পৃথক্ করিয়া, পর পর কেবল কর্ত্ত্বের অন্থারণ করিতে গেলে কোথার গিয়া তাহার অর্থি হয় ? বীজরুক্ষবৎ শেষে অবধির অভাবে অনবস্থ দোষ আসিয়া উপস্থিত হয় ! কিন্তু এখন এ ভ্রান্তি ও নির্ক্ত্রির সীমা কোথার ? জ্ঞান এবং শক্তি অথগুনীর অনন্তর্জন, এক-এবং-সর্মা; কেবল ভেদজানের বশবর্ত্তিতার আধার-আধেরভেদে কারক-কৃত অভিধানে থগুরূপ; এবং দেশকালে আবদ্ধ হইয়া তজ্ঞাপ সম্বন্ধ্যতে জড়িত হয় । কিন্তু দেশকাল ও আধার-আধেয়াতীতে সমষ্টিরূপ, পদাতীত নামশূন্য নিরঞ্জন ! তথন এক কর্ত্ত্বেও এক কর্মন্তে সমস্ত আসিয়া সমাহিত হয় । জ্ঞান এবং শক্তিপৃথক্ নহে; যে জ্ঞান সেই শক্তি, যে শক্তি সেই জ্ঞান; উভন্ন সমাবেশে অন্তিত্ব। অন্তিত্ব হেতৃ নান্তিত্বের অভাবে, অন্তিত্ব অনন্ত এবং নিত্য; কর্মন্থ এবং কর্ত্ত্বের উহা উপরম স্থান, তছভয়ের উহা সামাবিস্থা।

অন্তিত্ব স্থভাবত:ই প্রকাশময়। প্রকাশপ্রভায় রূপোৎপত্তি ইইতে স্পষ্টপ্রপঞ্চ; অনাদিসভায় অনাদি স্পষ্ট, কেবল প্রবাহরূপে সে স্পষ্টি সাদি। বাষ্টি-জ্ঞানাত্মক দর্শনে যে প্রবাহ-অমূভূতি, বিকারের তাহাই আরম্ভ; বিকার হইতে অসং, অসৎ হইতে আধার-আধেয় এবং কারক ও কতবোধ; সেই বোধ হইতে কর্ভূত্ব ও কর্মাত্ম; কর্ভূত্ব ও কর্মাত্ম হইতে জ্ঞান ও শক্তিতে পার্থকা দৃষ্ট হয়। বিকার ও তথাবিধ তহ্তর পরিণক্তি ইইতে, অদৃষ্টোৎপত্তি ও অদৃষ্ট পৃষ্টি; অদৃষ্ট হইতে প্রাকৃতিক নির্মাচন এবং প্রাকৃতিক নির্মাচন হইতে যথাদৃষ্ট স্বষ্টিলীলা অমূভূত হয়। পুনশ্চ অদৃষ্ট হইতে সংস্কারের উৎপত্তি। সেই সংস্কার হইতে অন্তিম্বের বেক্স্কু আভাস-অমূভূতি, তাহাই লৌকিক সং এবং সতা; তদভাব ও তদন্যতরে লৌকিক অসৎ ও অসত্য। সত্যের অমূসরণে, অন্তিত্ম অর্থাৎ চিদ্ভিমুধী হওয়ায়,সংস্কারাতীত উর্ম্বাতি; বিপরীত অম্বসরণে বিপরীত-

ভাবে বিপরীত মূপে গতি। আভিমূল অদ্ষ্টোৎপন্ন সংস্থারাদি না থাকিলে, এই সংসার বিশুদ্ধ এবং নিতা সতোর নিরবচ্ছিন্ন রাজস্থান হইত।

এই বিকারময় সংসারে কর্ম্মন্ত এবং কর্ত্ত্বর যে যুগপং একত সমাবেশ, তাহা এরপে পরিণত ও পরিচিত।—কর্ম্মতার উপকরণরপে এবং
কর্ত্তাব কারণরপে এবং তত্ত্ব্য়ে পুন: পর পর পরাম্বরিনিময়ে, অথবা
সহজ কথায়, আজি যাহা কর্ম্ম কালি তাহা কারণ এবং আজি যাহা কারণ
কালি তাহা কর্ম্মরপে, ইত্যাকারে প্রকটিত ও ক্রিয়াশীল হয়। তাহা
হইতে পুন: উত্তরোত্তর ও যুগপং অনস্ত কর্ম্ম ও কারণের উৎপাদনে,
জ্ঞান ও শক্তির অনস্ত মহিমা ঘোষিত ও প্রকাশিত হইতে থাকে।
সদসং বৃদ্ধিপূর্ণ মানবের পক্ষে,তাহার সেই কর্মান্থ ভাব হইতে কর্ত্তবাবৃদ্ধি
ও তজ্জনিত নৈতিক বাধকতা ও অধীনতা এবং কর্ত্ত্বতাব হইতে ক্রিয়াশীলতা, কর্মপ্রথে বাধীনতা ও তজ্জনিত বিবিধ কর্মকান্তের উদয় হয়।

যাহা কর্ত্রের পরিবোধক এবং যাহা কর্মার্থ ক্রিয়ানীল তার প্রবর্তক, তাহাকেই ধর্ম বলা যায়। প্রকৃতির প্রয়োজনপূরক ও তদন্ত ক্লতাসাধক কর্মের যাহা বোধক ও প্রবর্তক, তাহা সংধর্ম। আর মন্থারা তজ্ঞপ কর্মবোধের বিপর্যায় সাধন হয়, তাহা অসংধর্ম বা অধ্যাম উভয়ভেন্দ উভয়ভঃ সম্পানিত কার্যাপরিণামকে পুণা ও পাপ বলা য়ায়। ভাল, এখন প্রকৃতি সহস্কীয় অস্কৃত্লতা ও প্রতিকৃণভাভেনে এছ ভাল বাদ হয় কেন ?

বেমন জড়, তেমনি অজড়, তেমনি জ্ঞান ও বৃদ্ধিবিশিষ্ট মন্ত্ৰয় সকলও, সর্ব্বপ্রকারে প্রকৃতির অংশস্বরূপ; স্থতরাং তাহাদের কৃত কার্য্য বাহা তাহাও, প্রকৃতিগর্ভস্থ অপরাপর তাবং কার্য্যের নাায়, প্রাকৃতিকক্ষেত্রে সংলগ্ন হয়। ভেদনির্ব্বিশেষে সংলগ্ন হয় সকল কার্যাই; কিন্তু উহার মধ্যে, বাহা প্রাকৃতিক স্থতানলয়ের পোষক তাহাকেই প্রকৃতির প্রোজনপূরক বলা বায়; আর বাহা তাহা নয়, তাহাকে তিহিপরীত ও অসং কর্ম্ম বলা গিয়া থাকে। প্রকৃতির অংশস্বরূপ বলিয়াই, প্রকৃতির নিক্ট মানবাদির বশাতা এবং প্রকৃতিও সেই নিমিত্ত

তত্তাবংকে দকল বিষয়ে তত্তাভাস এবং ক্রিয়াভাস প্রদান করিয়া থাকেন। মানবে সেই সকল আভাস সঞ্চিত হইয়া বৃদ্ধিরূপে প্রকটিত এবং বৃদ্ধির প্রতিপ্রসবে পুনঃ, কায়িক বাচিক ও মানসিক ত্রিবিধরূপে কার্য্যপ্রকরণ ও কার্য্য সকল উদ্ভাবিত ও ক্বত হয়। সত্যরূপা প্রকৃতির দেই আভাস সকল সতাস্বরূপ। মানব যদি সর্বাদা তাহা ভালরূপে ব্ঝিতে ও ঠিক তদমুরূপ চলিতে পারিত, তাহা হইলে প্রকৃতির সঙ্গে একতানতা হেতু সে সর্বাদা অব্যর্থবাক্ অক্ষ্মকর্মা এবং যথাপ্রয়োজন সর্বজ্ঞতা লাভে সক্ষম হইতে পারিত; অথবা তাহার বাক্য ও কার্য্য সর্বাদা সর্বজ্ঞতাশক্তির পরিচায়ক হইত। কিন্তু বিকারাজ্ঞ মানব. অহস্কারজনিত ভেদজ্ঞানের বিষম মোহে, প্রকৃতির সহ একতানতা হারাইয়া, নিজেতে ক্রত্রিম প্রঞ্জির আরোপ করিয়া ফেলিয়াছে এবং তজ্জন্য তাহার আভাসের অনুভৃতিস্থলে প্রায় সর্ব্বদাই মিথ্যার সঞ্চার হইয়া থাকে। মিথ্যার সঞ্চার হইতে এক পক্ষে প্রকৃতির প্রয়োজনহানি এবং অন্য পক্ষে নিজের স্বভাবচ্যাতিহেতু, মানবের অনেকই অধােগতি সাধিত হয়। ঐরূপে যথন যথনই মিথ্যা নৈমিত্তিক নিয়মে স্তুপীক্কত হয়, তথনই প্রকৃতি কর্তৃক তল্লিরাকরণ-চেষ্টা হেতৃ জগতে এক এক**টি** বিষম বিপ্লব ঘটনা হইয়া থাকে।

> "যদা যদাহি ধ্যাস্য <mark>ধানিভ্</mark>বতি ভারত। অভূগোন্মধ্যাস্য তদাত্মানং স্থলাম্যহম্॥"

জ্ঞান এবং শক্তির যাহা অন্ত্রিত একাভূত ভাব, তাহা আত্মাবস্থা—
নিগুণি নিজ্ঞিয় আদি বিশেষণাত্মক পরমাত্মা বা ব্রহ্ম। ক্রিয়াব্রয়ে সেই
পরমাত্মাই পরমেধর অভিধানে পূজিত হইয়া থাকেন। উংপত্তি এবং
বৃদ্ধি-অভিমুখী যে বেগ তাহা চেতনা; ক্ষরাভিমুখী বেগ জড়তা; অমুভূতি
সঙ্গীবতা এবং নিরামকভাব ক্বতিত্ব বা কারকতা। প্রথম তিনটি আধিভৌতিক তব্ব ও উপায়; চতুর্থটি আধ্যাত্মিকতব্ব ও ক্রম্বর্য। আধিভৌতিক তব্ব শক্তিধর্ম এবং আধ্যাত্মিক তব্ব আত্মধর্ম। শক্তিধর্মে,
উংপত্তি ও বৃদ্ধি,রক্ষঃ ও সন্ধ গুণের ক্রিয়া এবং ক্ষয় বা মৃত্যু, তমোগুণের

জিয়। মৃত্য অবস্থান্তর প্রক্রিয়ামাত্র; বৈচিত্রবিন্যাসের আদি ও উত্তরসাধক কারণ, রজঃ ও সন্ধ্রণ সেই কারণের পরিণতি। বেথানে মৃত্যু, সেই থানেই নৃতনোৎপত্তির স্ত্রপাত এবং বেথানে উৎপত্তি, সেই থানে বৃদ্ধিও অবশান্তাবী। আধিভৌতিক তক্ত হইতে সন্ধ্রারাধিষ্ঠাতা। অস্ত্তি উভর তব্বিশিষ্ট শরীর এবং আধ্যাত্মিক তক্ত হইতে শরীরাধিষ্ঠাতা। অস্ত্তি উভর তব্বিশিষ্ট ও তহ্ভরতক্রের সংযোগক্রিয়া,—এই সংযোগে দিব্য ভাবোদর হেতু উহাকে আধিবৈধিক তক্ত্ব বলার ক্ষতি নাই। এই ত্রিবিধ তক্ত্ব সমাবেশে বিশ্বরূপাত্মক সর্ব্বর্ত্ত লীলামূর্ত্তি বিনি, তিনিই ব্রাহ্মাণ্ডপতি পরমেশ্বর; এবং তাঁহার সেই লীলাপ্রণক্ষে ব্যষ্টিরূপাত্মক যাহা তাহা ভীব।—

"উপাধী যথা ভেদতা সন্মণীনাং তথা ভেদতা বুদ্ধিভেদেরু তেরু। যথা চক্রকাণাং জনে চঞ্চলত্বং তথা চঞ্চলত্বং তবাপিহ বিফো।"

এই সংসার সর্বত্রই শরীরমন, সর্বত্রই জীবের সঞ্চার। অনম্ভ বওজীব লইরা বিশ্বজীবত্ব এবং প্রতি বওজীব পূন: অনম্ভ জীবের নিবাসহলী। জীবশরীরের প্রতি আগবীয় অংশ এবং যে কোন আগবীয় দেহ পর্যান্ত জীবত্বধর্মবিশিষ্ট। এইরূপই জগং এবং এতজ্ঞপই জগতকর্ত্তার লীলাপ্রপঞ্ছ!

নিয়ম এই বে, মহং বে সে ক্ষ্ডকে আকর্ষণ করিয়া থাকে এবং
সেই আকর্ষণের নিত্যতা হেতু, তহভরের মধ্যে সম্বন্ধ বাহা তাহাও
অক্ষভাবে রক্ষিত হয়। পুনন্চ সেই আকর্ষণের অন্তিত্ব হেতু, এই
বিশ্বজ্ঞাণ্ড ও তলিহিত পদার্থ সমুদ্র যে বাহার বথাস্থানে সলিবিপ্ত
থাকিতে সক্ষম হইরাছে। যক্ত্রপ আকাশস্থ গোলকপিও সকল পর
পর এক অপরকে অবলম্বন করিয়া এবং সর্বোত্তরে মহং অবলম্বন্থে
সকলেই কেন্দ্রীভূত হইয়া অনন্তদেশবাপী আবর্তনরত রহিয়াছে;
বক্রপ তাহাদের পরস্পরের মধ্যে অভিন্ন ও অক্র সম্বন্ধ, বক্রপ তাহাদের

কেহই যদৃছ্যা উন্নাদবৎ প্রিতে পার না; তজ্ঞপ এই বিশ্বরাক্তাস্থ কুল-তাবৎ, উত্তরোত্তর বৃহৎ-তাবৎকে অবলম্বন করিয়া এবং সর্ব্বোপরি মহান্ বৃহতে সকলেই কেন্দ্রীভূত হইয়া,সংসারচক্রে বে যাহার ব্বধানির্দিই পথে কর্মারত হইয়া ফিরিতেছে। জড়াজড় সকল সংসারে সেই একই দুশ্য এবং কুজ-বৃহৎ, সামান্য-মহৎ, ইত্যাদি অভিধান ও পর্যায়ভেদ, স্পষ্ট প্রষ্টা বা দাস ও প্রভ্, এতহভরের পদার্থপতিত ছায়াপাতমাত্র। বে আকর্ষণস্থাত্র মহতের নিকট কুল আকর্ষিত হয়, কুল্রের স্বভাবরক্ষাও সেই আকর্ষণস্থাত্র হইয়া থাকে। য়তক্ষণ বর্ধানিরমে ও ব্রধাসম্ভব-প্রকারে কুল্র মহতের দারা আকর্ষিত হইতে থাকে, ততক্ষণ তাহার স্বভাব, স্থতরাং পবিত্রতা রক্ষিত হয়। কুল্রে স্বভাবব্যতায় অর্থাৎ অপবিত্রতা বা গুণব্যতিক্রম দৃষ্ট হইলেই জানা বায় বে, সে আকর্ষণস্থাত্রে ব্যতিক্রম বা বিকার ঘটনা হইয়াছে।

উপরে আভাসিত হইয়াছে যে, মহাপ্রক্কতির পতি ও পরিচালক স্বরূপ পরমজ্ঞানাত্মক পরমাত্মা যিনি, তিনি বিশ্ববিধায়ক মহাশক্তিযোগে এবং মহাপ্রকৃতিরূপ ভাবদেহে আত্মপ্রকৃতি করিয়া থাকেন। এ নিমিত্ত,মহান্ আত্মা সকালে বাষ্টি আত্মা অর্থাৎ জীবের যে আকর্ষিত হওয়া তাহা, জীবমাত্রে দৃষ্ট উচ্চশক্তির প্রতি ভক্তি ও আসক্তি; প্রাকৃতিক দেহের নিকট জীবদেহের বশ্যতা; এবং প্রাকৃতিক ত্বাভাস ও ক্রিয়াভাসের নিকট জীবের আশ্রম-আশ্রিতভাব; এই সকলের ঘারা পরিচিত হয়। শক্তিমাত্রে নিজাপেক্ষা শ্রেষ্ঠতরা শক্তির আত্মগত্য করিয়া থাকে এবং তজ্ঞনাই আমরা দেখিতে পাই যে, এমন কি অধমতম ইতরজীবকে পর্যান্ত, শেষ্ঠশক্তি মনুষ্যের বশ্যতায় আনিতে বা আত্মগত্য করাইতে পারা যায়। মানবও, নিজাপেক্ষা উচ্চতর শক্তির প্রতি আসক্তি বশতঃ, পারলৌকিক ভাবে দেবতার এবং লৌকিকভাবে সমাজ্ম ও রাজনীতির বশীভূত হইয়া থাকে। উচ্চশক্তির প্রতি এই আসক্তি ও অধীনতাই ধর্ম্মবীজ এবং উহা হইতেই ধর্মোৎপত্তি। এই বীজ কি কাট পত্তর, কি পণ্ড, কি মানব, সকলেতেই প্রকৃতি কর্ত্বক বর্ধায়োগ্য

পরিমাণে নিহিত করা রহিয়াছে। জীবোরতি সহ ক্রমপরিণতি সহকারে উহাই মানবে আসিয়া ধর্মজাবে ফ্রিত হয়।

ফলত: উচ্চশক্তি ঈশ্বর বা দেবতায় যে বিশ্বাস ও ভক্তি, তাতা মানবের শ্বভাবজাত ; নিজ্কত নহে। বৈজ্ঞানিকচ্ডামণি যে ডাক্ইন বানরাদি নিকুষ্ট জীব হইতে মাছ্মবের উৎপত্তির কথা উত্থাপন ও সমর্থন করিয়াছিল, দেও দে উচ্চের অনুভৃতি হইতে আত্মরক্ষা করিতে পারে নাই; পার-লৌকিক বিশ্বাদের প্রতি যাহার এতটা বিরোধিতা, দেও তাহা অনুভব করিয়াছিল। ডারুইন কর্ত্তক একস্থানে এরূপ উক্ত হইরাছে - 'এই বিশ্ববন্ধাও ও ইহার সর্ব্যা আশ্রুষ্য ক্রিয়াকলাপাদি প্র্যাবেকণ করিলে, মনোমধ্যে যেন স্বতঃই ইহা অনুভূত হয় যে, অবশাই এ সকলের মূলে আদিকারণ স্বরূপ একটি বিধাতৃ-শক্তি বর্ত্তমান রহিয়াছেন; এবং মনের এই যে অনুভৃতি ইহা সর্ব্তোভাবেই অনিবার্য। কিন্তু ভজ্রপ অমুভব করার পরক্ষণেই আবোর এইরূপ বিতর্ক উপস্থিত হয় যে. মান্তবের যে মন সেই সামান্য আদি জৈবিকপদার্থ হইতে আরম্ভ করিয়া তাবং ইতর প্রাণিপরম্পরায় বিবর্তনিয়মে বৃদ্ধিত হইয়া তাহার বর্তুমান পুঞ্চি প্রাপ্ত হইয়াছে এবং যে বিবর্তনিয়মানুক্রমকে আমি সর্বতোভাবে বিশাস করিয়া থাকি, সেই মনের তদ্ধপ অনুভূতির উপর স্তাস্থ্রপ क्कारन निर्देत कता यारेटिक পारत कि ना ?' वना वाल्ना द्य, फांक्ररेरनत অমুভৃতিটুকু স্বভাব হইতে এবং বিতর্কটুকু স্বভাববিপর্য্যয়কারী বিস্কৃত শিকা হইতে সমুৎপর হইয়াছে।

ভারুইনের বিশ্বাস যে, বিবর্জনিয়নাস্থারে, যাহার বেমন প্রয়োজন, সেই প্রয়োজন অনুসাবেই তাহার মন অঙ্গ প্রতাঙ্গ ইত্যাদি যাবতীয় বিষয় বিবর্জিত ও বর্জিত হুইয়া থাকে। স্ত্তাং যাহা একের প্রয়োজনে উভূত ও অভিত্বশীল, তাহা অনাের পক্ষে ইয়ত কার্যাকরী ও সতা-প্রকাশক না হুইলেও হুইতে পারে; অথবা সর্বজনীন সতাপ্রকাশক বলিয়া কিরপে তাহার উপর বিশ্বাস স্থাপন করিতে পারা যায়। ভারু-ইনের এই ভান্ত ভান্তুশীলন ও বিশ্বাস ইরপ উক্তির মুশীভূত কার্যা।

ওরপ তব ও বিশ্বাস সত্য হইলে, অবশ্যই ওরপ উক্তিকে সারবান্ বনিরা ধরা ঘাইত। কিন্তু উহা ঠিক নহে,—বিবর্ত্তবাদের প্রশ্নোজন মিঞা; প্রাকৃতির পরিণতিই অথওনীয় ও অনস্ত সত্য।

পরিণতির প্রকরণ ও নিয়ম সর্ব্বত এবং সর্ব্ব বিষয়ে এক ; যে নিয়ম ও প্রকরণে সামান্য একটা পদার্থরচনা, বন্ধাগুরচনাও তাহা হইতে: যে নিয়ম ও প্রকরণে দিবসরচনা, বংসর রচনাও তাহা হইতে: প্রভেদ কেবল বিষয়ের সমষ্টি ও ব্যষ্টি ভেদে, নিয়ম এবং প্রকরণ একে বিলম্বিত ও অপরে ক্রত। অতএব যে নিয়ম ও প্রকরণে শিশুজীবনের উত্তর পরিণতি: মানবের জাতীয় জীবনের পরিণতিও তদ্রপে। তুমি বিবর্ত্ত-বাদী, তোমার আদিজৈবিক হইতে মানবীয় বর্ত্তমান পরিণতি পর্যান্ত যে কিছু অবস্থা এবং অবস্থাপর্য্যায়; তুমি ইচ্ছা করিলে তাহা মানুষ-বিশেষের গর্ভবাস হইতে ভূমিটোত্তরে জ্ঞানসম্পন্ন বয়:প্রাপ্তি অবস্থা পর্যান্তে, পুজ্ঞানুপুজ্ঞরূপে মিলাইয়া লইতে পার। কিন্তু এখন কথা, শিশু যথন বুদ্ধাবস্থা প্রাপ্তি সহ উন্তাবনী-শক্তি-সম্বিত নানাজ্ঞানসম্পন্ন মানস প্রাপ্ত হইয়া থাকে: তথনকার তাহার দেই মন কি নৃতন স্কৃষ্টি না মাতৃ-গর্ভ হইতে যে মন লইয়া ভূমিষ্ঠ হইয়াছিল, তাহারই উহা উত্তর পরি-ণতি মাত্র ৪ জ্ঞানসম্পন্ন ব্যক্তিবিশেষের মন যদি গর্ভগত মনেরই ক্রম-পরিণতি ভিন্ন আর কিছু না হয়; তাহা হইলে সাধারণ মানবীয় মনও, মনঃসম্বন্ধীয় আদি এবং প্রাথমিক বীজের ক্রম-পরিণতি ভিন্ন আর কিছই হইতে পারে না।

কিন্তু এখন কথা এই, পরিণতিবোগে প্রাপ্ত বে অবস্থা, তাহা কি পরিণতি-নিম্নমে নৃতন স্বষ্ট, না আদি বীজেরই তাহা সম্প্রসারণমাত্র। প্রকৃতিতে যাহা নাই তাহা হয় না; যাহা আছে তাহাই হয়। কি জীব কি মন্ত্রা, কেহই কিছু নৃতন স্বষ্ট করে না; অথবা বিবর্ত্তনিয়ম বা পরিণতি বশেও কিছু নৃতন উৎপন্ন হয় না; হয় কেবল প্রকৃতিতে হাহা ছিল, কাল ও উপকরণযোগে তাহারই সম্প্রসারণমাত্র। প্রকৃতির অনস্ত সামর্থা, প্রাকৃতিক বীজে অনস্ত পরিণতির সম্ভবতা;—রেণ্মাত্র বীজে শ্বনস্ত শ্বরণ্যানির পরিণতি নিহিত রহিরা থাকে। এমন কি তোমার মাধ্যাকর্ষণ, বা রেলের গাড়ী ও তারের থবর, ইত্যাদি, এ সকলেরও নৃতন স্পষ্টি হয় নাই; প্রকৃতিতে সে সমন্তেরই তব নিহিত ছিল, মানুষ কেবল তাহা আবিদ্ধার করিয়াছে মাত্র। আবিদ্ধারও হঠাৎ হয় নাই, ক্রমণরিণতিবলে হইয়াছে; যাহার আরোজন পূর্ণ ইইয়া আইসে, পর্মুহুর্তে তাহাতে বে আছতি প্ররোগ তাহাই আবিদ্ধার শব্দে ঘোবিত হয়। যে দিন ভাষরাচার্য্য পৃথিবী সম্বন্ধে বলিল,—"স্বশক্তৈব বিয়তি নিয়তং তিঠতি," সেই দিন জানা গেল, সেখান হইতে মাধ্যাকর্ষণ আবিদ্ধারের দিন অতি নিকট।

এখন মনে সন্দেহ হইতে পারে যে, স্থন্ধ আদিবীজে কিরপে সমস্ত উত্তর পরিণতি, একটা স্ক্ষরেণুবৎ বীজকণায় কিরূপে অনস্ত অরণ্যানি, এ সকলের সমাবেশ সম্ভব হইতে পারে। এটা কি বাস্তবিকট অসম্ভব ও আশ্চর্য্য বলিয়া বোধ হয় ? ইহাত দেখিয়াছ, স্ক্ষাতম কুদ্র বিন্দুরেতে গর্ভদঞ্চার ও তাহাতে সম্ভানোৎপত্তি হয়; সম্ভান পরিণত-বন্ধন্ধ হইল, তথন দেখা গেল কি ?-- সন্তানে পিতদোষ, পিত গুণ, পিত-রোগ, পিতৃবৃদ্ধি, পিতৃপ্রকৃতি এবং কথন কথন পিতৃ-অবয়বের সামান্য চিহ্নবিশেষটি পর্যান্ত, পরিক্টরূপে প্রকাশ হইয়া উত্রোত্র বর্দ্ধিত হইতে চলিয়াছে। কিন্তু দে গুলি ছিল কোথায়, আদিল বা কোথা হইতে ? ছিল সেই গুলি,বলিতে হইবে কি,সেই কুদ্রাদপি কুদ্র একবিন্ পিতৃরেতে: পুত্রদেহে তাহারা পরিণত হইল শেষে প্রাকৃতিক নিয়মে ও প্রক্লতির প্রয়োজনে। সেই এক ক্ষদ্র বিন্দরেতে যদি এতগুলি বিষয় সন্ধ-ভাবে সমাবিষ্ট হইরা থাকিতে পারে, তবে আর যে কোন আদি বীজের অনস্ত পরিণতি-সামর্থ্যে অসম্ভবতা ও আশ্চর্য্যের বিষয় কোথায় ? অতএব यनि वक्तामान विषय ममन्त्र, या या व्यकारतत ७ या या व्याकारतत इंडेक. যথন তাহারা তত্ত্ত জাতীয় আদিবীজের উত্তরোত্তর সম্প্রসারণ ও পরি-ণতি ভিন্ন আর কিছুই নহে; তথন কেন তাহাদের সতাপ্রকাশকতা-শক্তি শীকার না করিব !—যেহেতু আদিবীক প্রাকৃতির নিজ সম্পত্তি

্রার যাহা প্রকৃতির নিজ সম্পত্তি তাহা কথন মিধ্যার আবায় হইতে স্লারেনা; তাহা অধ্ওনীয় ও নিত্য সত্যস্বরূপ!

বেরপ পিতৃবীজের পরিণতিতে সন্তানের বর্দ্ধিঞ্ ভাব; সেইরপ ক্লগৎপিতার প্রদন্ত বীজপরিণতিতে এই ভগৎ ব্রহ্মাণ্ড। মহাজ্ঞানস্বরূপ প্রমান্থাই সমস্ত স্টিবীজপ্রদ পিতা, এবং সর্ব্বশক্তিমরী প্রকৃতি সেই ক্রব্বীজের গর্ভধারিণী মাতা;—

> "দর্ববোনিত্তঃ কোঁন্তের ! মূর্ত্তরঃ দন্তবন্তি যা:। তাদাং ত্রন্ধ মহদ্যোনিরহং বীজপ্রদঃ পিতা॥"

ধর্মবিদাা বলিতে আমি বা কি ব্ঝি, অন্যকে বা কি ব্ঝাইতে চাই,

অবং 'ধর্মবিদাা' শীর্ষে আলোচনা বা করিতে চাই কি, তাহা একটু

পুলিয়া বলা উচিত। অতএব ধর্মবিদাা কাহাকে বলে ?

বাহ্ অনুষ্ঠানে মানুষ কিরূপ আকার প্রকার ও বিভৃতি বিশিষ্ট দেবতার অর্চনা করিয়া থাকে, তাহা লইয়া মানুষের ধর্ম নহে।
ক্রমনেকে গীর্জ্ঞায় গিয়াও প্রকৃত খৃষ্টান-শব্দে বাচ্য হয় না; অনেকে বাধাক্রফ-মৃত্তির নিকট মাথা নোয়াইলেও হিন্দু-নামের যোগ্য হইতে পারে না। পুনশ্চ হিন্দুর ঘরে জন্মিলেও হিন্দু হয় না; খৃষ্টানের ঘরে জন্মিলেও খৃষ্টান হয় না। অথবা কেবল কোন বিশেষ সাম্প্রাণারিক দেবোপাসনা হেতু, কাহাকে কোন বিশেষ ধর্মের ধর্মী বলিরা অভি
হিত করা যাইতে পারে না। আমি এই কথা বলিতেছি বটে, কিন্তু
সাংসারিক চলিত ব্যবহার অন্যরূপ; অর্থাৎ ভিতরে যাহার যাহা থাকুক, বাহ্য অনুষ্ঠানে মানুষকে বেরূপ সম্প্রদারাক্ষণত বলিয়া দৃষ্ট হয়, জাহাকে সেইরূপ সাম্প্রদারিক ধর্মের ধর্মী বলিরা গণনা করা হইয়া থাকে। এরূপ করার কারণ আছে,—সাংসারিক ব্যবহারে বিশ্বাস এই যে, দেবতত্ত্বই ধর্মতন্ত্ব এবং দেবোপাসনাই ধর্ম্ম। বলা বাছলা, ইহা আন্ত বিশ্বাস! এই ভান্ত বিশ্বাস হেতু, অধুনাতনকালে প্রায় সকল ধর্ম্মসম্প্রকাররই মধ্যে অভ্যাদয় ও উন্নতির পরিবর্ধে, অধ্যামুখতা

ও অবনতি নানা প্রকারে দৃষ্ট হইরা থাকে; ত্রান্তির ফল, অবনতি জির আর কি হওয়া সম্ভব ? কেবল বাহ্য অমুষ্ঠানে নহে, অভ্যন্তরভাগেও যধন মামুষ কোন এক বিশেষ ধর্মপ্রভাবে সম্পূর্ণতঃ ও সর্বতোভাবে ধর্মপ্রাণতা প্রাপ্ত হয়, তথনই তাহাকে সেই ধর্মবিশেষের ধর্মী বলা যাইতে পারে।

কেবল দেবতত্ব ধর্ম্মতত্ব নহে, তবে ধর্ম্মতত্বের একটা অতি প্রধান অঙ্গ বটে; সেইরূপ কেবল দেবোপাসনাও ধর্ম নহে, তবে ধর্ম্মের একটা অতি প্রধান অঙ্গ বটে। ধর্ম্মতত্ব বা মানবীয় বে কোন তত্ব নিরূপণের পূর্কে, আগে দেখা উচিত যে, মন্ত্ব্যজীবনের মৃথ্য উদ্দেশ্য কি; তাহা স্থির হইলে তৎসহ অধ্য ও ব্যতিরেকে আর সমস্ত বিষয়ের অবধারণা সহজ হইয়া আইসে। কি আপ্রবাক্য কি ব্কিমার্ম, উভয়তঃ আমরা দেখিতে পাই, মন্ত্ব্যজীবনের মৃথ্য উদ্দেশ্য কর্ম্ম। ভাল, বিদ তাহাই হইল, তবে এখন কর্মাশ্বয়ে আর সমস্ত বিষয় আলোচনা ও অবধারণা কর, অতি সহজে সফলতা লাভ করিতে পারিবে। কারণ, মৃথ্য পদার্থ বাহা আর সমস্ত তাহারই উৎস, উপায়, উপকরণ, সমবারী কারণ ইত্যাদি নানা আকারে অবস্থান করিয়া থাকে।

মানবের আত্মিক জীবনের সমষ্টিরূপ যাহা,—মানবের কর্মজীবন
যাহার অক্মন্ত্র অবিকল প্রতিবিদ্ধ স্বরূপ; যাহার প্রভাবে কি কর্ম্মবিশেষ কি কর্ম্মসমষ্টিপ্রবাহ উভয়ই করিত; যাহার প্রভাবে তত্ত্তর
নিম্নিত এবং যাহার উত্তেজনায় তত্ত্ত্ত্বই অনুষ্ঠিত ও কৃত হয়,
তাহাকে মান্ত্রের ধর্মজীবন বলা যায়। এই ধর্মজীবন যে সকল কারণ
ও উপকরণ যোগে গঠিত হইয়া থাকে, তাহাদের যে সমষ্টি, তাহাকেই
ধর্ম বলা যায়; নিমে তাহা আরও স্পষ্ট করিয়া বলা হইতেছে। কিন্তু
অগ্রে বিচার্য্য, সেকল কারণ ও উপকরণ কি কি ?

মানবের আত্মিকজীবন বিশ্লেষণ করিলে দেখা যায় যে, তাহার যে অংশ প্রভাবে, কি কর্মবিশেষ কি কর্মসমষ্টিপ্রবাহ, উভয়ই ধারণা-যোগে উত্তাবিত হয়, তাহা জ্ঞান; এবং যে অংশের দ্বারা তহুভয় নিয়মিত হয়, তাহা নীতি

অকতি । এই জ্ঞান প্রকৃতি ও নীতি, এতভ্রেরের সামঞ্চত-সংমিলিত সমষ্টিমৃর্তি থাহা, তাহাই ভাবরূপে মামুবের আত্মিক বা ধর্মজীবন; এবং বিষয়রূপে ধর্মা । ধর্মা এবং ধর্মজীবন, উভরেরই সার্থকতা এবং পূর্ণত্ব প্রাপ্তি কর্মজীবন । কর্মজীবন যাহার কুঞ্জিত, বিকৃত বা ক্ষম হয়, ধর্মা ও ধর্মজীবন উভয়ই তাহার পক্ষে বৃথা; জ্ঞাগলন্থিত ভ্রেনের ন্যায় কোন কার্য্যেই আইসে না। তাহার স্কৃষ্টি হেতু প্রস্তার যে অভিপ্রায় ও উদ্দেশ্য, সে তাহা সমস্তই ব্যর্থ করিয়া থাকে। সহস্র বাহ্য অমুঠান ও দেবোপাসনাতেও তাহার কোন ফল ফলে না।

জ্ঞান প্রকৃতি ও নীতি, ইহাদের বিষয়রূপে যে সমষ্টি, তাহাকেই উপরে ধর্মানকৈ আখ্যাত করা গিয়াছে। এই ধর্মোর স্বরূপতঃ তত্ত্বকে ধর্মাতত্ত্ব বা ধর্মাবিদ্যা, স্বরূপতঃ আদেশকে ধর্মাশান্ত্র এবং স্বরূপতঃ অস্কুষ্ঠানকে ধর্মাচর্য্যা বলা যায়। উপরে বলা হইয়াছে যে, জ্ঞান প্রকৃতি ও নীতি এতত্ত্বরের সমষ্টি, ভাবরূপে ধর্মাজীবন; অতএব ধর্মাজীবন পদার্থ টা কি তাহা হয়ত এখন আনেকেই সহজে অস্কৃত্ব করিতে পারিবেন। এক্ষণে জ্ঞান প্রকৃতি ও নীতি, যাহাদের সমষ্টি-ভূত বিষয়-রূপকে ধর্মা বলা গিয়াছে, তাহাদের পৃথক্ বিশ্লেষণে কিঞ্চিৎ আলোচনা করা কর্মহা।

সং অসং, দৃষ্টাদৃষ্ট, এক কথার যাবতীর পদার্থেরই বোধস্বরপকে জ্ঞান বলা যায়। হিন্দুশান্ত ও প্লেটোর দর্শন, এ সকল অন্থসারে যাহা জ্ঞানশব্দে বাচ্য, তাহা অতি স্কন্ধ ও অতি গুহা পদার্থ। আমাদের এখানে তাহাতে প্রয়েজন নাই। ব্যবহারতঃ জ্ঞান অর্থে যাহা বৃঝার; তাহাই আমাদের আলোচ্য। জ্ঞান সাংসারিক হউক, বা পারলৌকিক হউক, উভরেতেই সং ও অসং দিবিধ বিভাগ আছে। সংজ্ঞানের সহ অসংজ্ঞানেরও উপার্জন প্রয়োজনীয়, যেহেতু অসতের প্রকৃতি-বোধ ভিন্ন, কথনও অসং পরিহারপূর্বক সংজ্ঞানে পরিচিত হওয়া ও তাহাকে অবলম্বন করা যাইতে পারে না। জ্ঞানে সং অসং উভন্ন

ভাবেরই অবস্থান হেতু, জ্ঞান হইতে যে কর্ম্মধারণা, তাহাও সং অসৎ উভয় প্রকারের হইয়া থাকে।

জ্ঞান বিবিধ, এক সাংসারিক, অপর পারলোকিক। অধিতোতিক সংসারে যে কিছু পদার্থবাধ, তাহাকে সাংসারিক জ্ঞান বলা যায়। সাংসারিক জ্ঞানের জ্ঞাতব্য বিষয়, ভৌতিক হুগং সহ আমাদের সম্বদ্ধ কি এবং ভূতপ্রাম বা কি হিসাবে ও কি পরিমাণে আমাদের ও আমরা বা কি হিসাবে ও কি পরিমাণে ভূতপ্রামের অধীন ও প্রয়োজন-পূরক হই। এতদ্বিষয়ে জ্ঞাতব্য সমস্তকে, সংসারতন্থ নামেও অভিহিত করিতে পারা যায়। সাংসারিক জ্ঞানের উৎকর্ষ বা অপকর্ষভাব, মানবের সাংসারিক শ্রী, সোভাগ্য ও অভাদয় বিষয়ে, উন্নতি বা অবনত্তি কারক হয়। শিল্প, সাহিত্য, বিজ্ঞান, ইতিহাস, গণিতাদি ধর্মশাস্তেত্র যাবতীয় বিদ্যা, সাংসারিক জ্ঞানের অন্তর্গত।

মানবের আধ্যাত্মিক বা পারলৌকিক প্রয়োজনে যে কিছু পদার্থ-বোধের আবশাক, তাহাকে পারলৌকিক জ্ঞান বলা যায়। স্রষ্টাস্বরূপে যিনি অদৃষ্টশক্তিবিশিষ্ট অদৃষ্ট পুরুষ, তিনি বা তৎস্থানীয়গণ, তদীয় বিভূতি, তৎসহ আমাদের সম্বন্ধ, পরলোকে আমাদের পরিণাম এবং সে সমন্তের অস্থরে ইহলোকে আমাদের অমুষ্ঠান ও আচরণ; এই সকল পারলৌকিক জ্ঞানের জ্ঞাতব্য।—এক কথায়, এ সকলকে দেবতত্ব নামে আখ্যাত করিতে পারা বায়। পারলৌকিক জ্ঞানের উৎকর্ষ বা অপকর্ষ অস্থ্যার, মান্ত্রের মন্ত্র্যান্ত, আধ্যাত্মিক প্রী ও পরিণামাদি, উন্নতি বা অবনতি প্রাপ্ত হইয়া থাকে। ধর্মশাস্ত্রাদি পারলৌকিক জ্ঞানের অস্তর্গত।

সাংসারিক জ্ঞান ও পারলৌকিক জ্ঞান, উভরে যথন সং-ভাবাপন্ন, তথন স্বীয় স্বীয় এবং উভয়তঃ শ্রীসাধনের নিমিত্ত, উভয় উভয়ের সাপেক্ষতাযুক্ত হয়। অসং-ভাবাপন্ন হইলেই সাপেক্ষতাত্যাগী হইরা থাকে এবং একটা অসং-ভাবাপন্ন হইলে, অপরটীও সাপেক্ষতাবিরহে, নিতান্ত অসং-ভাব না হউক, অন্তঃ যথেষ্ট পরিমাণে মলীনতা প্রাপ্ত

ছইয়া থাকে। সাংসারিক জ্ঞানকে আধিজোতিক এবং পারলোকি জ্ঞানকে আধ্যাত্মিক নামেও অভিহিত করা যাইতে পারে।

মহ্ব্য উন্নতিপর্ব্ধে যেমন পর্য্যায়েতেই অবস্থান কন্ধক, জ্ঞান প্রাকৃতি ও নীতি অথবা এক কথায় ধর্ম ছাড়া কখনও থাকিতে পারে না। কিন্তু মহ্ব্যসমাজের উৎপত্তিসময় হইতেই বে, কি অবিশ্লেষিত-মূর্ত্তি ধর্ম, কি বিশ্লেষিত-মূর্ত্তি জ্ঞানাদি, তাহাদের সম্যক্ পরিপুঞ্চতা সহ, মহ্ব্যের চিত্তক্ষেত্রে উপস্থিত হইয়া থাকে বা হইতে পারে তাহা নহে। জ্ঞান যথন যাবতীয় পদার্থ হইতেই আকর্ষিত্বা, তথন পদার্থ অনস্ত হেড়, জ্ঞানায়তনও অবশ্র অনস্ত। অতএব মানব কথনও জ্ঞানের চূড়ান্ত পরিপুঞ্চতা দেখিতে পাইবে কি না, তাহা সন্দেহ। জ্ঞানায়নারিণী নীতি সহদ্ধেও স্ক্তরাং সেই কথা এবং তছ্তয় অনুসারিণী প্রকৃতি সম্বন্ধেও অবশ্র সেই একই কথা।

মানবীয় চিতের ক্রমোৎকর্ষ সহ, জ্ঞানও কি আধ্যান্থিক কি আধিভোতিক, উভয় মুথেই তিল তিল করিরা সমানপদে পুষ্ণতা প্রাপ্ত ইয়া আদিতেছে। মানবের আদিম বস্তাবস্থা সহ বর্জমান সভ্যাবস্থার তুলনা করিলে, দেখিতে পাওয়া যাইবে মে, সংসারতক্ষ কি সামান্ত বীজ হইতে, মানবের ক্রমোত্তর চিত্তোৎকর্ষ সহ পর্কে পর্কে পৃষ্ণতা পাইয়া, শেষে এখন কি মহারক্ষে আদিয়াই পরিণত হইয়াছে এবং উত্তর কালে না জানি আরও কি হইবে। দেবতক্ সম্বন্ধেও সেই একই কথা। অতএব আদিম জবন্ত ভূতোপাসনা হইতে বর্জমানকালিক দেবতক্ব পর্যান্ত, ভূতপ্রেত উপাসনা আদি যে সকল বিবিধ নিক্ষত্ত দেবতক্ব দেখিতে পাওয়া যায়, তাহাতে কি শয়তানী ভাব কি মৃত্তা, অথবা তাহাতে নিন্দা করিবার বা আশ্বর্য হইবার বিষয় কিছুই নাই। তথাপি যদি নিন্দা কর বা আশ্বর্য হও, তাহা হইলে জানিও তোমার অবলম্বিত দেবতক্ব দেখিয়াও উত্তর পুক্রেয়া একদিন সেইয়প নিন্দা করিবার কারণ বাহা যাহা; তোমার অবলম্বিত দেবতক্বে কোমার নিন্দা করিবার কারণ

সকলও অবিকল তাহাই। যে সকল দেবতবাদি দেখিরা নিন্দা করিতে চাও বা করিরা থাক, তাহা উন্নতিপর্বে,দেশকাল পাত্র অন্থলারে, আধ্যাত্মিক জ্ঞানের পর্য্যারভেদমাত্র; তন্তির উহাতে আর কিছুই নাই এবং তুমি সে পর্য্যার পরিত্যাগ করিরা আর এক পর্যায়ে আসিয়াছ, এইমাত্র তোমার সহ তাহার প্রভেদ।

অথবা কোন বিশেষ জাতির দেবতত্ত্ব বা বছদেব উপস্নাতেও কিছুমাত্র বিসদৃশ, উপহাস, অন্তায়, নিন্দা বা পাপের বিষয় নাই। মানবীয় মনের বিষয়-ধারণাশক্তি একবারে পরিণত অবস্থা প্রাপ্ত হয় না: কালে ও ক্রমে ক্রমে হইয়া থাকে। এজনা মনের উন্নত অবস্থায় বিষয়-ধারণা যত সহজ, অনুনত ও অপেক্ষাকৃত আদি অবস্থায় তত সহজ থাকে না: উন্নত অবস্থায় যাহা লোকে এক কথায় আয়ত্ত করিতে পারে, অনুনত অবস্থায় তাহাই আয়ত্ত করিতে অনেক কথার প্রয়োজন হয়। এই কারণেই দেখা যায় যে, প্রাচীন ভাষা **দকলে** এক পদার্থের বহুনাম এবং প্রাচীন ধর্ম সকলে এক প্রমেশ্বরের সন্ত এবং তত্ত্ব বহুদেব-রূপে কল্লিত হইয়া থাকে: পুনশ্চ প্রত্যেক জাতির প্রকৃতি ভেদে, কণা এবং কল্পনা উভয়ই ভিন্ন প্রকারের হয়। এখন এক 'জল' শব্দ বলিলেই. জল সম্বন্ধে যত কিছু গুণাগুণ ও প্রকৃতি তাহা সমস্ত তোমার ধারণাগত হয়: কিন্তু প্রথমকালিক মানবের তাহা হইত না; সেই জন্ম তথন জলের প্রত্যেক গুণাগুণ ও প্রকৃতি যে যেমনে বঝিয়াছে ও আয়ত করিয়াছে, সে তাহাকে সেইরূপ নাম দিয়া প্রকাশ করিয়াছে এবং তাহা হইতেই জলের 'বন 'আপ' 'সলিল' ইত্যাদি বহু নামের উৎপত্তি। কিন্তু যেমন সেই 'বন', 'আপ' 'সলিল' আদি সমস্ত শব্দ

১। জলম্ থাতনে, জৈঃ প্রাণিভিঃ লয়েতে আদীয়তে ইতি জলম্। বনম্ সন্তজে), বলতে নেয়তে বনং। আশেঃ ব্যাপ্তৌ, ইল্রেশ আপ্তা আশেঃ। সলিলম্ গতৌ, সলতি নিমং দেশম্। উদকম্থননে, উৎথনতি ভূমিং বেন বেগেন কর্ত্তা। নীরম্ প্রাপণে, নয়তি প্রাপরতি শুদ্ধিন্দ্ধি, তবতি বর্ধতে ব্রাহ্ব। অভঃ ব্যাপ্তৌ, ব্যাপ্রেটিত সর্কম্পন: 'বহদেবে বিশ্বাস ও পৌতলিকতার দোব', "এই বৃদ্ধি আজি

জলকেই বুঝাইয়া থাকে,তাহা ভিন্ন আর কাহাকেও বুঝার না; সেইরপ ইক্র, যম, আয়ি, বায়ু, মাতরিশ্বা আদি সমস্ত দেবনাম, পরমেশ্বরেই বিভিন্ন শক্তি ও মহিমা প্রকাশক এবং ঐ সকল নামে এক পরমেশ্বর ভিন্ন অভ্য কাহাকেই বুঝার না। অতএব পদার্থের যদি বহু নাম থাকায় ও তাহা ব্যবহার করায় কোন দোষ না থাকে; তাহা হইলে এটাও স্থির যে বহুদেব কল্পনা ও তাহাদের পূজা ও উপাসনা করাতেও কোন প্রকার দেষি নাই। অতঃপর নীতির বিষয় বলা ঘাউক।

জ্ঞানের দারা যাহা কর্ম্ম বলিয় ধারণাক্ত, সেই কর্ম্ম ও কর্ম্মযন্ত্রম্বরপ ইন্দ্রিয়ণ যন্ত্রারা নিয়মিত হয়, তাহাকে নীতি বলা যায়।
জ্ঞানে সৎ ও অসৎ উভয় ভাব থাকায়,কর্ম্মধারণা এবং কর্ম্মবন্ধ চালনাও
সৎ ও অসৎ উভয় প্রকারের হইয়া থাকে; কিন্তু কেবল নীতির দারা
তাহার মধ্যে অসং যাহা তাহা নিরাক্ত হয়। আমরা দেখিতে পাই,
মহাজ্ঞানী ইইতে মহামূর্য, সকলের মনেই, সং ও অসৎ উভয়বিধ চিন্তা
নিয়ত যাতায়াত করিয়া থাকে। কিন্তু উহার মধ্যে প্রভেদ এই য়ে,
অসংচিন্তা যাহা তাহা মহাজ্ঞানীর মনে অনতিবিলম্বেই নিরাক্ত হয়;
তাহার কারণ, নীতির প্রভাব। আর মহামূর্থের মনে ?—তদ্বিপরীতে,
অসং চিন্তা পোষিত এবং শেষে হয় ত কার্য্যে প্র্যান্ত প্রবিণত হইয়াও
থাকে; ইহার কারণ, নীতির অভাব। নীতির অভাবকে অসংনীতি
বা ফ্রীতি বলে। সংসারে সদসন্মন্তা হেতু, নীতির পার্মেও অসং
নীতি আছে।

নীতিরও বীজ বিশ্ববিধাতা কর্তৃক মানবে নিহিত; জ্ঞানের ক্রমোৎকর্ষতা সহ পার্শ্বচরভাবে প্ষ্ণতা প্রাপ্ত ও প্রকটিত হইতে থাকে। আধুনিক চলিত ভাষায় বুঝাইতে গেলে, নীতি ধর্মসংসারে আইন স্বরূপ। উহার বাধ্যবাধকতা স্থান, ক্ষেত্রভেদে দ্বিবিধ;—এক সমাজ-

কালি ব্রাহ্মদের মধ্যে বিশেষ প্রচলিত এবং কোন কোন হিন্দুকেও ইছার জক্ত কুঠিত ভাব প্রকাশ করিতে দেখা যার; উহা সামন্ত্রিক ফেসিরন মাত্র। নতুবা উক্ত বুদ্ধি সম্পূর্ণতঃ গৃষ্টানদের হইতে এ দেশে আদিরাছে ও গৃষ্টানী উত্তেজনায় প্রচলিত হইরাছে।

সকাশে কর্ত্তব্যব্দি; অপর প্রষ্টাসকাশে কর্ত্তব্যব্দি; আত্মধার্থ ভত্তরেতেই কিছু কিছু জড়িত আছে। এই কর্ত্তব্যব্দিদ্মই কেবল সং-নীতির প্রবর্ত্তক। পরোক প্রষ্টা ও সমাজ উভয়কে পরিত্যাগ করিয়া, কর্ত্তব্যব্দি যথন অপরোক্ষ আত্মধার্থে মুগ্ধ হয়; তথনই কেবল হুনীতির সঞ্চার হইয়া থাকে।

নীতি ভিন্ন জ্ঞান কোন কার্য্যে আইসে না এবং জ্ঞান ব্যতীত নীতিও দাঁড়াইতে পারে না। পুনন্দ, প্রাকৃতিও জ্ঞান ও নীতি ভিন্ন জ্ঞানং কার্য্যশৃত্ত হইয়াথাকে। ফলতঃ এ তিনই তিনের পরম্পর এত সাপেক্ষতাযুক্ত যে, একটির অভাব হইলে আর ছইটি অভিত্বশৃত্তবং প্রতীয়্যান হয়।

মামুষের স্বীয় স্বভাবকে প্রকৃতি বলা যায়। প্রতি মামুষের প্রকৃতি পুথগুবিধ। যাহা জ্ঞানের দারা ধারণাকৃত এবং নীতির দারা নিয়মিত হয়, তাহাই প্রকৃতিযোগে কর্মারূপে প্রকটিত ও অমুষ্ঠিত হইয়া থাকে। জ্ঞান যেমন নীতি দারা নিয়মিত, নীতি যেমন জ্ঞানদারা উল্লাত এবং জ্ঞান ও নীতির দ্বারা প্রকৃতি যেমন পরিমাজ্জিত হয়, তেমনি জ্ঞান ও নীতিও আবার প্রকৃতিবিশেষপ্রভাবে স্বাতন্ত্রভাব প্রাপ্ত হইয়া থাকে। এই স্বাতন্ত্রভাব ব্যক্তিভেদে ব্যক্তিগত স্বধর্ম এবং জাতিভেদে জাতিগত স্বধর্ম নামে আখ্যাত হয়। খৃষ্টীয় ধর্ম যদিও বছলোকের অবলম্বিত ধর্ম বটে, তথাপি কোন ব্যক্তিবিশেষ খৃষ্টানকে জিজ্ঞাসা কর যে, সে খুষ্টীয় ধর্ম কিরূপ বুঝিয়াছে। নিশ্চয় বলিতেছি, তুমি তাহার বুঝার মধ্যে এমন একটু নৃতন ভাব দেখিতে পাইবে, যাহা আন্যেতে নাই। প্রতি ব্যক্তির বোধগত যাবতীয় বিষয়েতেই এইরূপ একটু নৃতনত্ব আছে, যাহাকে কথিত ব্যক্তিগত স্বাভন্ত্র্যভাব বা প্রকৃতিস্বাভন্ত্র্য বলা যায়। জাতিগত স্বাতস্ত্রভাবও তজ্রপ এবং তাহারই প্রভাবে কোন এক সাধারণ ধর্মের মধ্যে বছতর সাম্প্রদায়িক ধর্ম দৃষ্ট হয়। এমন কতক-ভলি ধর্মসম্বন্ধীয় সাধারণ বিষয়, যাহা যতগুলি লোকে সম পরিমাণে দৃষ্ট হয়, তাহার সমষ্টিকে সাম্প্রদায়িক ধর্ম এবং সেই বোক সমষ্টিকে সম্প্রদায় বলা যায়। বহুসম্প্রদায়সমষ্টি পুন: কোন এক সাধারণত্ব-বিশেষযুক্ত হইলে, অথবা সম্প্রদায়বিশেষই অতি বহুবায়তন হইলে, তাহাকে
ও তাহার অবলম্বিত ধর্মকে 'জাতীয়' নামে আখ্যাত করা হয়। জাতি
বা সম্প্রদায়বিশেষের তদ্ধপ অবলম্বিত ধর্মকে জাতীয় বা সাম্প্রদায়িক
স্বধর্ম বলা যায়। কাথলিক, প্রোটেষ্টান্ট, শাক্ত, শৈব, এ সকল
সাম্প্রদায়িক ধর্ম; কিন্তু হিন্দু, গুষ্টীয়, ইত্যাদি জাতীয় স্বধর্ম।

কি ব্যক্তি কি জাতি ভাবে, মানব যথন স্থাশাম্পত হইরা চলে, তথনই তাহার জ্ঞান প্রকৃতি ও নীতি, সমস্ত অন্ত্র্ল হইবাতে, কি কর্মাক্ষেত্র কি ধর্মাক্ষেত্র, উভয়তঃ সে সফলতালাভে সক্ষম হয়। স্থাশ্ম হইতে খালিত হইলে, সেরপ সফলতালাভের পক্ষে নানা প্রকারে ব্যতিক্রম ঘটনা হইতে পারে। স্থাশ্ম কোন কারণে নানা দোষে দূষিত হইরা পড়িলেও, আমার বিবেচনায় তাহা পরিত্যাগ না করিয়া সংস্কার করিয়া লওরাই প্রশস্ত প্রামর্শ। বিনা উদ্দেশ্যে স্টে নাই; এ সংসারে প্রতি পদার্থপ্যাায় এবং শ্রেণী সমস্তই পৃথক স্ট; স্থাশ্ম পরিত্যাগের ছারা সেই পৃথকত্বর উদ্দেশ্য হরা হয়।

স্বদর্শ পরিত্যাগ করাও সহজ নহে। বাছে কোন হিন্দুসন্তান গৃষ্টান হইলেও গৃষ্টান হয় না, অভান্তরে তথনও সে হিন্দু রহিয়া যায়। লাভের মধ্যে এই হয় য়ে, স্বধর্ম ও পরধর্ম উভয়ই ছয় হওয়য়, কর্মান্তর ও কর্ম উভয়ই তাহার বিকৃত হইয়া থাকে। কি ব্যক্তি,কি জাতি, কি প্রকৃতিলীলায় অন্য সর্বাত্র, সহসা আলোক আঁধারের পরিবর্ত্তন, কাহাই প্রকৃতি সহ সামঞ্জন্ম হেতু মঙ্গলের কারণ হয়। এ সংসারে স্বধর্মগরিবর্ত্তন, অথবা প্রকৃতপক্ষে বলিতে গেলে, স্বধর্মের পর্যায়-পরিবর্ত্তনে, অথবা প্রকৃতপক্ষে বলিতে গোলে, স্বধর্মের প্রায়-পরিবর্ত্তনের দিনও আসিয়া থাকে। জাতি ও ব্যক্তি নির্মিশ্বে যথন মানবের জ্ঞানোংকর্ম সহকারে তথাকালিক অবলম্বিত ধর্ম অর্থশ্রা হইয়া পড়ে, তথন আর একটি যাহা অতর্কিতে তৎস্থান অধিকার করে, তাহা দৃশ্যত বিধর্ম হইলেও, পূর্ব্বগত স্বধর্মেরই উত্তর পর্যায়ঙ্কপে

গণিত হইতে পারে এবং তাহা স্বধর্মজন্য যে কিছু শ্রেম: তত্ৎপাদনে ও সক্ষম হয়। যে ধর্ম যতদিন অর্থশুন্য না হয়, তাহা ততদিন অবশ্য পালনীয় বলিয়া জানিবে। ঈশ্ববেষণা সকল ধর্মেই করিয়া থাকে, ভূতপ্রেতাধিষ্ঠিত ধর্মও ভূতপ্রেত আথ্যায় তাহা করিয়া থাকে; কিন্তু ধর্ম প্রকৃত তাহা নহে। ধর্ম বলা যায় তাহাকে যাহা মনেবের উপস্থিত জ্ঞানোৎকর্ম অফুরুপ এমন কর্মের শিক্ষা দেয়, যদ্বারা ঈশ্বরের প্রীতিলাভ করিতে পারা যায়।

ধর্মের বিরোধী ভাব অধর্ম এবং ধর্মের অপব্যবহার ও ব্যবহারাধিক্য অপধর্ম। উহারা যে যে কারণে সঞ্চারিত হইরা থাকে, তাহার
মধ্যে এই কয়ট প্রধান ,—সামঞ্জসাচাত খণ্ডজ্ঞান, অসংজ্ঞান, অসংনীতি, অসং প্রকৃতি,অসং সঙ্গ,অসং শিক্ষা ইত্যাদি। আমাদের দেশের
বর্ত্তমান শিক্ষাপ্রণালী অত্যন্ত দ্বিত; তাহাতে সামঞ্জসাচ্যুত খণ্ডজ্ঞান
ও খণ্ডনীতির মাত্র শিক্ষা হইয়া থাকে এবং তাহার ফলও প্রত্যক্ষ
দেখিতে পাওয়া যাইতেছে। অধুনাতন শিক্ষিতদিগের মধ্যে কি
ধর্মজীবন কি কর্মজীবন উভয়ই অতি ছল্ল ও শোচনীয়। পূর্ক্ষে
বিলয়াছি এবং এখনও বলিতেছি, সাংসারিক ও পারলোকিক উভয়বিধ
জ্ঞান ও উভয়বিধ নীতির সংমিলিত শিক্ষা ভিল্ল, জ্ঞান ও নীতি এবং
তদল্বয়ে প্রক্রেভিত্ত, কথনও সম্পূর্ণতা ও স্ক্রেভ্রাকতা প্রাপ্ত হয় না এবং
তাহা না হইলে স্কর্মশীলতারও অত্যন্ত অভাব দৃষ্ট হয়। স্কর্মশীলতা
ভিল্ল, সমাজ্পও কথন উল্লাভি করে না; বরং তির্বিপরীতে উচ্ছেদ
প্রাপ্ত হয়। আমাদের এই স্বার্থবান্ লোকপূর্ণ সমাজে স্কর্মশীলতা
কোথায় ?

অতঃপর উভয় জাতীয় ধর্মবিদ্যার আলোচনা করা যাউক।

২। জাতীয় ধর্মবিদ্যা।

আমি একণে উভর জাতির ধর্মবিদ্যা আলোচনা করিতে চলিরাছি, কিন্তু সন্মুখেই উভর জাতির জাতীর ধর্মবিদ্যা তুলনে কি ছরস্ত পার্থক্য সমুপস্থিত। হিন্দুদিগের ধর্মবিদ্যা এক বিশাল ও দিগন্তব্যাপী মহাবুক্ষ-স্বরূপ : স্বার গ্রীকদিগের ধর্মবিদ্যা তাহার তুলনে এক কুদ্র গুল্মবিশেষ। হিলুদিগের ধর্মগ্রন্থ গণনার অতিরিক্ত; কি পৌরুষেয় কি অপৌরুষেয় উভয় প্রকারের যে কোন প্রকার ধর্মগ্রন্তে জাহাল বোঝাই করিতে পারা যায়। আর গ্রীকদিগের ধর্মগ্রন্ত १---পৌরুষেয় বা অপৌরুষেয় ধারাবাহিক কিছুই দেখিতে পাই না; অধিকল্প অপৌরুষেয় কাহাকে বলে, গ্রীকদিগের বুদ্ধিতে তাহা কথনও আদিয়াছিল কি না দলেহ। ইহার দারাই একরপ উপলব্ধি হইতে পারিবে যে. পারলৌকিক জ্ঞান ও ধর্ম্মের উপর কোন জাতির কতটা ধারণা ও কতদুর আস্থা, অথবা কে কতটা তাহার অনুসরণ করিয়াছিল। অপৌরুষেয়ত্ব বৃদ্ধির অভাবে, গ্রীকবিশ্বাস অমুসারেই গ্রীকদিকের ধর্ম-বিদ্যা মানবমুখনিঃস্থত:-কবির মুখে লোকের মুখে এবং তদতি-রিক্তে ধর্মার্ম্পানকারীর নিজের মনেও কতকটা উৎপন্ন। এ উৎপাদকত্ররেরও কেহ এবং কিছু নির্দিষ্ট নাই; যথন যেমন কবি, যধন যেমন লোক. এবং যথন যেমন অনুষ্ঠাতা ও তাহার মন. ইহাদিগের ধর্মতত্ত্বও তথন তেমন। হিলুদিগের দেবাদিনির্দেশ বেদাদি (অপৌরুষেয়, স্থতরাং স্বয়ং প্রমেশ্বর কর্ত্তক আদিষ্ট এবং অনাদি) গ্রন্থ হইতে: আর গ্রীকদিগের দেবাদিনির্দেশ ? কথন কথন, এমন কি, রাজ্য-পরিচালক সভার অনুজ্ঞা হইতেও হইতে পারিত। ৭ এমন স্থলে ইহা বলিলে নিতান্ত হাস্যের

২। থিবা নগরে মিলানিপুন, এবং আর্গন নগরে আন্তান্তন, লোকসমিতির আজাক্রমে দেবত্বপ্রাপ্তে দেবপুলা পাইত। এক সময়ে দিকীওন-পতি ব্লিছিনিন, আন্তান্তমের প্রতি শক্রতা বশভঃ, তাহার দেবত্ব লোপ করিতে চেটা পায়; কিন্তু যথন তাহাতে কৃতকার্গ্য হইতে পারিল না, তথন মিলানিপুনের মূর্ত্তিকে দিকীওনে লইয়া গিয়া,আন্তান্তনের মূর্ত্তির পার্থে ছাপন করে—এই মতলবে যে মিলানিপুন ও আন্তান্তমের জীবনকালে যথন বড়ই শক্রতা ছিল, তথন দিকীওনে মিলানিপুনের আদর দেখিয়া; আ্রান্তম্য অবশাই বিরক্তিতে আপনিই দিকীওন ছাড়িয়া চলিয়া যাইবে। দেখ

কারণ হয় না যে, গ্রীক দেবতা, অস্ততঃ তাহাদের কিয়দংশ, একরূপ আমাদের দেশীয় চাটু বা অর্থস্থলভ রায়বাহাত্র, রাজা বাহাত্র বিশেষ :- এক গ্রন্মেণ্ট গ্রেজটে বিজ্ঞাপনী প্রকাশ হইলেই, অমনি যে কেহ রায়বাহাতুর, রাজাবাহাতুরীতে স্থাপিত হইল। এই স্থবিধার কল্যাণে, বিশ্ব-বোমবেটে আলেকজণ্ডারও জুপিটার-আমনের পুত্র হইয়াছিল। পরস্ত মিলিতুস-ক্কৃত সক্রেতিসের বিক্লকে যে অভিযোগ উপস্থিত হয়, তাহার মধ্যে প্রধান নালিশ এই যে, আথেন্স নগরী যে সকল দেবতাকে জাতীয় সভার বিধানক্রমে গ্রহণ ও উপাসনা করিয়া থাকে, স্ক্রেভিস তাহাদিণের প্রতি বিশ্বাসশূন্য। লোকসমিতির সম্মতিক্রমে দেবত্বস্থাপনকল্লে উক্তরূপ প্রথা হইতে দেখা যায় যে, রোম নগরেও, রোম্যালম, নিউমা প্রভৃতি, জীবন অস্তে দেবত্বপ্রাপ্ত হইয়াছিল। হিন্দুদিগের মধ্যেও যে মাতুষ দেবতারূপে পরিগণিত হওয়ার পক্ষে কিছু অভাব আছে, তাহা নহে: কিন্তু এখানকার কারণ ও প্রকরণ উভয়ই স্বতন্ত্র। যাহারা দেবতা হইয়াছিল. তাহারা প্রথমতঃ দেববৎ গুণযুক্ত মান্তুষ; দ্বিতীয়তঃ তাহাদের জীবন অন্তে,দোষাবলীর কালক্রমে লোপ এবং গুণাবলী ঘনীভূত হইয়া আদিলে, লোকচিত্ত স্বতঃ ভক্তি-প্ৰবৰ্ত্তিত হইয়া অজ্ঞাত ও অতৰ্কিতভাবে তাহাদিগকে দেবমধ্যে গণনা করিয়াছিল। অতএব উভয়ের মধ্যে প্রভেদ এই, মাতুষকে যথন দেবতার পদে উঠান হইত, গ্রীকেরা প্রায়ই জ্ঞানতঃ উঠাইত, আর হিন্দুরা উঠাইত অজ্ঞানতঃ। দে যাহা হউক, এক্ষণে যত দূর দেখা বায়, তাহাতে গ্রীকদিগের গৃহীত ও

একবার, লোকসমিতি ও লোকের এ সম্বন্ধে আন্তর্জি কতদুর! থিব। নগরে, ইটিওরিন ও পলীনিকন, এই আত্ষয়ও দেবত প্রাপ্ত হইয়াছিল। কাঠর এবং পলক্ষণাটা নগরে দেবত্ব প্রাপ্ত হর। মেটো (Repub. 16—21), হোমায়াদির বণিত দেবচরিত্র দ্বিত বলিয়া, নৃতন দেব ও দেবচরিত্র নির্মাণাথে আইন প্রচলিত করিবার অভিপ্রায় প্রকাশ করিয়াছিল। খ্রীনীয় দেববর্গের কতক অংশ মিনর, প্রেন, ফুাছজিয়া লিভীয়া প্রভৃতি দেশ হইতেও গৃহীত হয় (Groto's Greece, Vol. i. 32—33).

মানিত দেবতা ত্রিবিধ প্রকারে উৎপন্ধ;—প্রথমতঃ, বে সকল দেবতা প্রাচীন কাল হইতে পুরুষপরম্পরার উপাসিত হইরা আসিতেছে; দ্বিতীয়তঃ, লোকসমিতির অনুজ্ঞাক্রমে বে সকল মানুষ দেবতা বলিরা গৃহীত হইরাছে; তূতীয়তঃ, ব্যবহারিক নির্মের কার্য্যনেশ এবং লোকসমিতির অনুজ্ঞাক্রমেও বটে, বে সকল দেবতা বিজ্ঞাতীয় ক্ষেত্র হুইতে গ্রীকজাতীয় ক্ষেত্র আনাত হইরাছে। প্রকাপ হিন্দুদিগের দেবতা সকলও, দেখা যায় যে, এই দ্বিবিধ প্রকারে উৎপন্ধ;—প্রথমতঃ

৩। এীকদিগের দেবতাগণ ও দেবতত্ব কোথা হইতে ও কিরুপে উৎপন্ন হইল, তংসম্বন্ধে আধ্নিক বিছয়গুলীর মধো নানা জনের নানা মত দৃষ্ট হয়। ফ্রাসী আবে বালিয়ার এবং জম্মান হুগ ও বুটিগেরের মতে, মিসরীয় ও প্রীসীয় অতি প্রাচীন ইতিহাসই, অলকারযুক্ত ও অমাতুষিক বর্ণনাযোগে, দেবতক্তে পরিণত হইয়াছে; ফুতরাং খীৰীয় দেবতাগণ অতি প্ৰাচীন ও অসাধারণ চরিতের মনুষ্য ভিল্ল আবে কিছুই নহে। ক্ডবেকের বিখাদে গ্রীদীয়দেবতাগণ, স্কান্দিনেবিয়ার প্রাচীন দেবতা সকলের রূপাস্করিত ম তিমাত্র। বথার্ট ও বাইয়াণ্ট প্রভৃতির মতে, পুরাতন বাইবেলোক্ত ইতিহাদের ক্লপান্তর-ক্রনার এীদীর দেবতত্বের উৎপত্তি হইরাছে। আবার প্রক্রামক ইংরেজের মতে (India in Greece নামক গ্রন্থ স্থায়) মিদর, গ্রীদ, আদিয়া মাইনর প্রভৃতি স্থান, ভারতব্য হইতে ধর্মবিপ্লবে বিতাড়িত হিন্দুগণের দারা অধিবাসিত, স্কুতরাং গ্রীসীয় ্দৰতত্ত্ব ভারতীয় আদিম দেবতত্ত্বেই রূপান্তর মূর্ত্তিমাত্র। বলা বাছলা যে, এ সকল মত তাদৃশ সমাচিন নহে। তবে গ্রীকেরা মিসর ও পার্ববতী অপরাপর দেশ হইতে বে কোন কোন দেবতাদি গ্ৰহণ করিয়াছিল, তাহাতে সন্দেহ নাই। নতুবা,সাধারণ এীক দেৰতত্ত যাহা তাহ। জাতীর সম্পত্তি ও মানবীয় যথাসভাব বলে উৎপন্ন হইয়াছিল। সমস্ত পুরাণের মধ্যে বাইবেল-ইতিহাসের সহ সাদৃশ্য আর কোথাও দেখিতে পাই না, কেবল এই হুই ঘটনায়—(১) ত্লাকালিওনের সাময়িক পৃথিবী জলে প্লাবিত হওন, বাইবেলোক নোয়ার জলপ্লাবনের সহ সাদৃশাযুক্ত; (২) পাপপূর্ণ ফাইজিয়ানগরধাংসার্থে কিউস ও হামিনের তথার গমন, ফিলেমন ও তাহার স্ত্রী বাউকিসের গৃহে আত্মর ল্ভন नगद्रश्वः मकाल किलामन ए छाराद खीरक भलारेर छ छभरम मित्र। तका कद्रन अवः ভাহার পর নগরধাংসাত্তে দম্পতীঘর তথার সমনেচ্চুক হইলে, ভাহাদিগকে বুক্ষাকারে পরিণত করিয়া শান্তি দেওন। এই উপাধ্যানের, বাইবেলোক্ত লট ও তাহার স্ত্রী এবং সভম ও গমোরা নগরের ধ্বংস বৃত্তান্ত সহ সাদৃশ্য আছে।

শাস্ত্রোক্ত দেবতা; দ্বিতীয়তঃ অতর্কিত ভাবে মাসুষে আরোপিত দেবন্ব, কিন্তু এ শেষোক্তের সংখ্যা অপেক্ষাকৃত সামান্য এবং কালে তাহারাও শাস্ত্রোক্ত দেবতার আকার ধারণ করিয়াছিল।

উপরে বলিয়াছি বে, গ্রীকদিগের ধর্মবিদ্যা জ্ঞাত ও জানত ভাবেই মানবীয় উপায়ে উৎপন্ন;—কবির মূথে,লোকের মূথে, এবং কতক পরিমাণে ধর্মানুষ্ঠানকারীদিগের স্বস্থ মনেও বটে। ৪ হিন্দুদিগের ধর্মবিদ্যাও

৪। হিন্দুর বেদ বেদান্ত উপনিষদ প্রাণাদির ন্যায়, প্রীকদিপের কোন নির্দিট ধর্মগ্রস্থ ছিল না। গ্রীকদিণের দেবচরিভবিষয়ক বর্ণনাপূর্ণ আদি গ্রন্থ, হোমারের নামা ক্ষিত ইলিয়দ ও ওডিসী নামক কাবাছয় এবং হোমারিকস্তোত্র নামে কতকগুলি স্লোত বিশেষ। হোমার নামে কেই ছিল কি না সন্দেহ: ফলতঃ গ্রীসে বাহা কিছ প্রাচীন রচনা, তাহাই হোমারের কৃত বলিয়া কথিত। যাহা হউক সে সকল কাব্য-ভাৰেই রচিত এবং অধুনাতন কালে কাব্য বলিয়াই গৃহীত। হোমারের পরে হেসিওদের উৎপত্তি ইহার কৃত ধিওগণিতে স্বিস্তারে দেববংশাবলী এবং "কর্ম্ম ও দিব।" (Works and Days) নামক পুস্তকে, সাংসারিক ও গার্হস্থ নীতি বর্ণিত ছইয়াছে: হেসিওদ কত অন্যান্য পৌরাণিক রচনাও ছিল, কিন্তু তন্মধ্যে "হিরাক্রিসের বর্দ্ম"নামক গাধা ছাড়া আরু দকলই লোপ পাইয়াছে। হেদিওদের অব্যবহিত পরে উৎপন্ন অফিব দেববংশাবলীর বিবরণ আছে। কোন কোন মতে অফিক বিবরণ হোমারের অপেকাও প্রাতন। কিন্তু অফিডিসু নামে বস্তুতঃ কেই ছিল কি না তাহাই অনেকে সন্দেহ করিয়া থাকে। হোমার হেসিওদাদির পর কিঞ্সনিবাসী ভাসি त्मात्र, भिर्त्वाकृत्रनिवात्री चार्किकिरनात्र, त्वत्रावात्रनिवात्री त्वत्रावत्र, विश्वत्रनिवात्री किनिर्धाम এवः कतिष्ठनिवामी देखेरमानाम, देवाता स्थानक रमवेशाथा तहना कतिहा ছিল। এই সৰ্কাই, গ্রীৰুদিপের দেবতত্ব সম্বলিত প্রাচীন গ্রন্থ। ইহার প্রান্তীদের গৌরবাহিত সময়ের, অর্থাৎ মাকিছনিয়ার অধিপতি আলেকজাগুরের পর্যবর্জী ও সম সামরিক কবিগণের দেববিষয়ক রচনাও নিতান্ত নগণিত ছিল না। হোমার ছইতে আরম্ভ করিরা আলেকজাগুরের সময় পর্যস্ক, দেবতত্ত্বাদি বিষয়ে যত কাব্য পুরাণ ও গাণা দকল রচিত হয়, সে দমন্ত, মিদরাধিপতি প্রলেমী !ফিলাডেলকোদের রাজণ কালে এফিনোসনিবাসী জেলোডোটন্ কর্ত্তক একত্তে সংগৃহীত ছইয়া "এপিক সাইকেল" (Epic Cycle) নামে ব্যাত হয়: কিন্তু এ সংগ্রহগ্রন্থ এখন জোপ হইত! शिवारि । वारा रुकेक, धरे मक्न अरहाक कान विववहरे, कान औरकृत शरक अवना

অবশ্র সেই মানবমুথে যে উৎপন্ন তাহাতে সন্দেহ নাই; কিন্তু সে পক্ষে নিজ হিন্দু সাধারণের যে বিশ্বাস তাহা স্বতন্ত্র। তাহাদের বিশ্বাসে, তাহাদের ধর্মবিদ্যার প্রধান অংশ বাহা তাহা ঈশ্বরাদিষ্ট ও ঐশ্বরিক উপান্ধে উৎপন্ধ: কেবল তদিতর অংশমাত্র মানবমুখনিঃস্থত, কিন্তু সেও বেমন তেমন মারুষ নছে--দেববৎ বা দেবাপেক্ষাও শ্রেষ্ঠ। ফলতঃ হিন্দুর এবন্ধিধ বিশ্বাস নিতান্ত যে অমূলক তাহা নহে; যেহেতু হিন্দু ধর্মবিদ্যার প্রণেতা যাহারা, তাহারা প্রকৃতই ঈশ্বরের সহ একতানতা-সম্পন্ন দিব্যপ্রকৃতি ঋষি এবং ঋষিকল্ল কবি সকল। ছিল্দিগের ধর্মগ্রন্থ বেমন অসংখ্য, তেমনি স্কল বিষয়ই গ্রন্থবদ্ধ থাকায়, অনুষ্ঠানকারিগণ আপন মনের সাহায্যে বা স্বীয় ইচ্ছামত কিছুই করিতে পাইত না: স্কুতরাং অমুষ্ঠানপর্বে গ্রীকদিগের ন্যায় অস্থিরতা কোথা ও ছিল না এবং সেই জনা, অমুষ্ঠানকারীদের অমুষ্ঠান হেতৃ গ্রীকধর্মবিদ্যায় যেমন অনেক নৃতন বিষয় প্রবেশ করিতে ও সঞ্চিত হইতে পাইয়াছিল, হিন্দুধর্মবিদ্যায় তাহা পায় নাই। পুনশ্চ হিন্দুর অপৌরুষের গ্রন্থ ও গ্রন্থোক্ত বিষয় সকল যদিও ভিন্ন ভিন্ন ঋষির নামে নামিত বটে, কিন্তু হিন্দুর বিশ্বাদে দে সকল ঋষি প্রকৃত তাছাদের রচয়িতা নহে:--গ্রন্থাক্ত বিষয় সকল বস্তুত ঈশ্বরবাক্য, কেবল সেই সকল ঋষির মুথ দিয়া প্রচারিত হইয়াছে এইমাত্র সম্বন্ধ।

ধর্মবিদ্যার উৎপত্তিতত্ব যেরপে আলোচিত হইল, তাহাতেই প্রতীত হইবে যে,ধর্মবিদ্যা সম্বন্ধে কোন্ জাতির ধারণা ও বৃদ্ধি কতদূর উচ্চ বা পালনীয় বোধে সর্বদ্য পালনীয় ছিল না। কোন গ্রন্থেরই অবশাপালা শক্তি ছিল না। প্রতিরাজ্যের রাজসমিতি, যে যে গ্রন্থের যে অংশ, যে যে দেবতা ও যে যে অনুষ্ঠান অবশাপালনীয় বলিয়া হির করিত; তাহাই কেবল সেই রাজ্যন্থ লোকদিগের পক্ষে অবশাপালনীয় হইত। অতএব ধর্মগ্রন্থাদির যে অবশাপালাশক্তি, তাহা রাজসমিতির অম্জার উপর নিভর করিত।—কি গৃত ধর্মভাবের পরিচয়। পুনশ্চ, হিন্দুর বেলপুরাণাদির পার্যে, এই সকল গ্রীক ধর্মগ্রন্থের উলেধ করিতে লক্ষাই বোব হয়। বেদ উপনিবদাদির তুলনে সামান্য কাব্যনাটকের যে অন্তর্গ, হিন্দুর ধর্মগ্রন্থের নিকট গ্রীক ধর্মগ্রন্থের অন্তর্গ তদপেকা কম কোবার?

তদক্তর: ধর্মবিদ্যায় স্থিরতা বা অন্থিরতা কাহার কত এবং তদারা কোন জাতির প্রকৃতি কিরপ পরিচিত হইতেছে। নৈতিক বা আধ্যাত্মিক জীবন, সংসারস্থমুগ্ধ বৈষয়িক বা আধিভৌতিক জীবনসহ সংমিলনেই কার্য্য করিরা থাকে: তহভরের সংমিলন একেবারে ক্থনও বিচ্ছির করিতে পারা যায় না। তবে কি না জীবনকার্য্যে উহারই মধ্যে যাহার আধিকা, তাহারই প্রাধান্য প্রতিফলিত এবং বোষিত হর। এ হিসাবে হিন্দুজীবনের প্রতি লক্ষ্য করিলে, দেখিতে পাওয়া বায় যে, তথার আধ্যাত্মিক জীবনের প্রাধান্য; আর গ্রীকজীবনে? তজ্ঞপ আধিভৌতিক জীবনের প্রাধান্য। হিন্দুগণ আধ্যাত্মিকতার জন্য অনেক পরিত্যাগ করিয়াছিল এবং করিতে পারিত: গ্রীক তাহা করে নাই এবং করিতে পারিতও না। গ্রীকদিগের মধ্যে, হিন্দু ঋষি এবং বেদগাহকস্থলীয় যাহারা, হিন্দু হয়ত তাহাদের অফুষ্ঠানচরিত ও ক্থা সকল শুনিয়া হাদিয়াই আকুল হইবে এবং হাদিরাও ছিল একদিন;—দূরকালিক ঐতিহাসিক টুকরা সকলে সে হাসির কিছু কিছু পরিচয় এখনও না পাওয়া যায় এমন নহে। যাহা হউক, অতঃ পর জাতিছয়ের জাতীয় ধর্ম্মবিদ্যা সংসারে আদি-প্রবেশ বিষয়ক একটু তত্বালোচনার প্রবৃত্ত হওয়া বাউক।

মানবের মহ্বাপ প্রধানত: নীতি হইতে। নীতির স্কারে আধ্যাত্রিক জীবনের সঞ্চার, এবং নীতির পরিবর্দ্ধনে আধ্যাত্রিক জীবনের পরিবর্দ্ধন। ইহাদের এক অপরকে অবিচ্চিন্ন ভাবে অনুসরণ করিয় থাকে। আধ্যাত্মিক জীবনের পরিবর্দ্ধনে মহুব্যাপের উপস্থিতি হইয়া থাকে। পশু এবং মানব, এতহভরের সমভোগ্য সাধারণ আধিভোতিক জীবনের উপর অধিকন্ধ ভাবে, এই আধ্যাত্মিক জীবনের উপস্থাপন হেতৃই, আধিভোতিক-জীবনভোগী পশু হইতে, মানবীয় জীবনের প্রেইজ। মানবজীবনের একমাত্র স্থমহান্ এবং মুখ্য উদ্দেশ্য বে কর্ম্ম, এই নীতিই কর্ত্ব্যুদ্ধিরূপে তাহার প্রবর্ত্তক এবং বিধিরূপে ভাহার

সহচর ও ধর্মাংশ স্বরূপ। এই পৃথিবীতলে বে বে স্থলৈ মন্থব্য বলিরা জীবের সঞ্চার আছে, তথায়ই, যে কোন আকারে হউক, ধর্ম্মের অন্তিত্ব দেখিতে পাইবে। দব্রিজফার আদি বছতর পরিব্রাজক কহিয়া থাকে, তাহারা এই জগতে আবিপোণ আদি এমন অনেক জাতি দেথিয়াছে যে, যাহাদের কোনরূপ ধর্মতত্ত্ব নাই। দে কথা ভনিও না। তাহারা যে ধর্মতত্ত্বের অভাব দেখিয়া দেরূপ, রটনা করিয়া থাকে, তাহা সেই তাহাদিগের আপন আপন ধারণার বিষয়ী-ভূত ধর্মের। নতুবা, আমি যতদূর জ্ঞাত আছি, আজি পর্য্যন্ত এমন ক্থা কেহ আসিয়া গুনাইতে পারে নাই যে, যথায় মানবজীবনে কোন না কোন প্রকার লোকাতীত শক্তির প্রতি বিশ্বাস, বিশ্বাসে নির্ভরতা, এবং নির্ভরতার ভাবান্থরূপ নীতির অভাব দৃষ্ট হয়। তবে এ কথা সত্য বটে যে, বিভিন্ন ব্যক্তি এবং বিভিন্ন জাতিবিশেষে, পালনীয় ধর্মের আকার প্রকার, হীনতা বা উৎকর্মভাব, গভীরতা ও প্রশন্ততা, ইত্যাদি বিষয়ে বহুতর প্রভেদ লক্ষিত হয়। কিন্তু সে যতই হউক ও সেই সেই ধর্ম যে প্রকারেরই থাকুক, তাহা যে তত্তং ব্যক্তি এবং জাতির জ্ঞান-জীবন,জীবনের উদ্দেশ্যভূত পালনীয় কর্মা, কর্মক্ষমতা,জীবনের হুথ ছঃখ এবং গুভাগুভ বোধ, ইত্যাদির পরিচালকতা পক্ষে প্রচুর তাহাতে সন্দেহমাত্র নাই; এক কথায় যেমন মামুষ, যেমন জ্ঞান, ধর্মও তাহার তজ্ঞপ। তাহা যদি না হইত, তাহা হইলে তোমার গির্জা এবং মন্দির এবং তোমার ধর্মভাবোৎপন্ন যথোপযুক্ত শুভাশুভ, ইত্যাদির কল্যাণে তুমি যেমন জীবিত রহিয়াছ; তাহার৷ কথন তদ্ধপ জীবিত থাকিতে পারিত না। পাপে মৃত্যু, ধর্মে জীবন। পুনশ্চ, ভোমরা ভাবিতেছ, তাছাদের জ্ঞানধর্মাদি বেমনই হউক, তাহা অবশ্য অপূর্ণ; কারণ দেখা ৰাইতেছে যে, তাহারা বড় কট্টে আছে। তুমি এরপ ভাবিতেছ বটে, কিন্তু তাহারা তাহা ভাবে না। ঈশার তাঁহার ছোট বড় সকল কর্ম-কারকের পক্ষেই, তাহাদের যথাপ্রাপ্ত স্ব স্কুদ্র বা বৃহৎ জ্ঞান ও অমুভবশক্তির সীমাস্তমণ্যে, অমুরূপ চিত্তপ্রবোধক এবং জীবনের

অবলম্বন স্বন্ধপ উপায় সকল ও তছৎপদ্ধ তৃপ্তির বিধান করিয়া দিরা-ছেন।

বাহারাম, তুমি বলিবে কত কত জাতি চুরী করিতেছে, মাহুব মারিতেছে, মামুষ খাইতেছে, এবং ধর্ম লইয়াও কাটাকাটি করিতেছে, অথচ তাহারা সেরূপ করাকে অধর্ম ভাবে না; তবে সে সকল কোন্ মঙ্গলকর ঈশ্বরদত্ত ধর্মের ফল ? তাহাই হউক, মানুষ মারুক, মানুষ থাউক, কাটাকাটি করুক, তাহাতে কিছু আইদে যায় না। উচ্চ আদর্শ-দীমার উঠা পর্যান্ত, অজ্ঞাদিগের মাতুরমারা, মাতুর খাওরা প্রভৃতি যে সকল অসৎ-দৃষ্ট কার্য্য,প্রকৃতি তাঁহার উৎপত্তি-ক্ষয়াদি বিধায়ক শক্তি দারা স্বয়ং সে সকলের হরণ পূরণ ও নিরাকরণ করিয়া থাকেন। মানসিক ধারণার অতিরিক্ত এবং অনধীন কার্য্যে, মানব হিতাহিত-বুদ্ধিশক্তি-শূক্ত ;—ধারণাধীন কার্য্যেই পাপ-পুণ্যের সঞ্চার হইয়া থাকে। ধারণার অনধীনে যে সকল কার্য্য ক্লত, তাহা প্রকৃতিক্ষেত্রে প্রকৃতি-কারকতায় বিলীন হইয়া সমতা প্রাপ্ত হয়। হয়ত বন বেখানে দাবানলে দহিত, মানুষ বেধানে প্রাকৃতিক বিঘটনে মরিত; প্রকৃতি সেধানে সে সকলের পরিবর্ত্তে অক্ত নরাকার নিমিভবিশেষ প্রয়োগ করিলেন, এইমাত প্রভেদ। ধারণার সীমা পর্যান্তেই, আধ্যাত্মিক জবাবদিহিতা এবং ধর্ম-ধারণার বিকাশ। অতএব অজ্ঞাদিগের পক্ষে আপাততঃ যে পর্যান্ত হইলে তাহাদিগকে জীবিত রাথিয়া কর্মসংসারের যে কর্মটুকু তাহাদের দার। লওয়ার আবশাক তাহা সচ্চন্দে লওয়া যাইতে পারে, তাহার পরিমাণ অত্তরপ দে পর্যান্ত ধর্মাবৃদ্ধি ঈশ্বর তাহাদিগকে প্রদান করিয়াছেন। তাহার অতিরিক্ত যে স্কল কার্যা, সময়ে তাহার নিমিত্ত উন্নত ধর্মবৃদ্ধি ও সময়ে ভাহা নিরূপিত ও নিয়ন্ত্রিত হইবে। ফলাফলের যথার সীমা নাই, গতি বথার অনন্ত, তথন অসংনিরাকরণ ও কর্ম হরণ-পূরণ জ্ঞ এত চিন্তা কি ? পতি উর্দ্ধান্ধে; অপকর্ম সকল প্রায়শ্চিন্ত সহ ক্রমে विनीन हहेश वाह । आत्र अक्टो कथा, यमि मकलात्र एनव अहेथान হইত, তাহা হইলেও না হয় একদিন তোমার কথা ভানিতাম ও

তোমার কথা কইরা ভাবিতাম। কিন্তু তাহা নহে। বাছারাম, এক্ষণে তোমার সম্বন্ধে এই বলি যে, অন্যের কিরপ ধর্মাধর্মের ধারণা তাহা লইরা তোমার কার্য্য নহে; তুমি তোমার মনীবাশক্তির উর্জ্ঞতম চালনে বা অন্যের প্রদর্শনে আপনার মনে কভদ্র ধারণা করিতে পারিরা থাক, তাহা লইরা তোমার কার্য্য। সেই ধারণা মত সান্ত্বিক ভাবে কার্য্য করিও, প্রচুর হইবে। অসভ্যদিগের একটি বড় গুণ, তাহা তোমাতে কিন্তু বড় একটা দেখিতে পাই না;—ভালর হউক মন্দর হউক, অসান্ত্বিক ভাব কাহাকে বলে, তাহা তাহারা জানে না। বাহা করে, তাহাই পূর্ণচিত্তে ও বথাস্বভাবে। তুমি তাহা পার না । ছি ছি ! তোমার বৃদ্ধি ও হিতাহিত বোধের আধিক্য হেতৃ শেষে 'বাঁশবনে ডোম কাণা,' হইরা গিরাছ ?

कार्ष्ठ अधिमः श्रेष्ठ अश्रेष्ठाति मर्त्तानारे आह्न। कार्ष्ठत अकात-ভেদে, যে যে কাষ্ঠ যে পরিমাণে স্থ্যতাপ অগ্নিরূপে সংগ্রহ করিতে পারে, সে সেই পরিমাণে দহাগুণবিশিষ্ট। সংঘর্ষ বা অগ্নিক্ত নিঙ্গযোগে ্দেই অগ্নি জাগরিত বা উদ্দীপিত হয়। সকল কার্চেই অগ্নি সমানভাবে উদ্দীপিত হয় না, কোথাও ধোঁয়া, কোথাও ধীরে, কোথাও একবারে উদ্দীপিত হয়; আবার কোথাও বায়ুমগুলের প্রতিকৃলতায় ও আকাশের সংস্রবে, উদ্দীপিত অগ্নিও নির্বাপিত হইয়া অঙ্গারমাত্র অবশিষ্ঠ হইরা থাকে। মানবে ধর্মপদার্থ ভদ্রুপ, বিভিন্ন জ্বাতি ব্যক্তি বা শ্রেণী ভেদে যথাকর্মসূত্রাফুরপ বিভিন্ন পরিমাণে নিহিত। আত্মচিস্তা প্রভাবে বা উপদেশ সহযোগে, পাত্র অনুসারে, অনুরূপ উদ্দীপিত হইরা অফুরপ তেজধারণে কার্য্যকরী হর; আবার অনেক স্থলে উদ্দীপিত হইরাও প্রতিকৃল কারণযোগে নির্মাপিত হইরা অঙ্গারাবশিষ্ট হইরা থাকে. -ইহারাই এ জগতে নান্তিক ও পাবও নামে থাত। যদি কোথাও পুনঃ সর্বাদেব-ঋত্বিক অগ্নিদেব মৃত্তিমান প্রকটিত না হইয়া अक्षजात्वरे थारकन, ज्थानि कार्छ अवावशास्त्र यात्र ना। सूधु कार्ष्ठत নানারপ বাবহার এবং প্রয়োজনীয়তা বধন আছে, তথন অপ্রকটিত- ধর্ম অসভ্য জাতির প্রয়েজনীয়তা না থাকিবে কেন, এবং কেনন করিয়াই বা বলিবে যে, সে একেবারে ধর্মপদার্থের অন্তিত্বপরিশূন্য! সকল প্রকারের প্রয়োজনীয়তা ও ব্যবহারসমষ্টি লইয়াই জগৎ ও জাগতিক ক্রিয়া। কিন্তু এক কথা আছে বাঞ্ছারাম, কথন কথন এমন বিসদৃশ দৃশুও দেখা যায় যে, অপ্রকটিত-অয়ি কাঠ এবং দয়াবশিপ্ত অপার, এ হয়ের মধ্যে অপারের প্রয়োজনাধিক্য অধিক; মনে কর যেন কাচা ভেরেগুলাহা আর তেঁতুল কাঠের অপার; ইহাকে কি বলা যাইবে বল দেখি?— উর্জ সংখ্যায় এই পর্যান্ত বলা যাইতে পারে যে, প্রথমটা শ্রেট শেলির অপরুষ্ঠাংশ, আর ভিতীয়টা অপরুষ্ঠ শ্রেণির উৎরুষ্ঠাংশ মাত্র! দে বাহা হউক, স্থমাজ্জিত নান্তিক পাষও অপেকা অমার্জ্জিত ও অপ্রকটিত-ধন্ম অসভ্য বর্ষরও ভাল; যেহেতু একের পক্ষে এখনও আশা আছে, আর অপরে তাহা নাই।

কিন্তু স্বভাব-নান্তিক বা স্বভাবতঃ ধর্মহীন এ জগতে কি কেছ আছে ? 'অমুক ব্যক্তি বা জাতি ধর্মহীন' এ কথা কি অপ্রান্তেম, শুনিবার কি অযোগ্য কথা ! পুনবার বলিতেছি, মন্ত্রাজীবনের একমাত্র উদেশ্য কম্ম, কম্মের মূল নাঁতি, নাতির মূল ধর্মা, অথবা সহজ কথায়, কম্মের মূল ধন্ম; যথায় ধন্ম নাই তথায় কর্ম্মও নাই, কর্মা না থাকিলে মন্ত্রাজীবন উদ্দেশ্য-শূন্য, উদ্দেশ্য-শূন্য বস্তু এ জগতে তিঠে না, তথনই তাহার লয় হইয়া থাকে। অতএব কর্ম্ম থথায় দৃষ্ট হয়, তথন অবশ্য বলিতে হইবে বে, ধর্মাও তথায় আছে। এ জগতে স্বভাব-নান্তিক নাই, হাজারও পণ্ডিত হাজার বার একথা বলিয়া গিয়াছেন; আমি হাজারের উপর আর একবার বলিব, এ জগতে স্বভাব-নান্তিক নাই। যাহাদিগকে স্বচরাচর নান্তিক বলা যার, তাহাদের আপন বুদ্ধিবিপাকে ও লোকে তাহাদের প্রতি সেই বুদ্ধিবিপাক হেতু নান্তিকার্থ-বোধক শব্দ প্রয়োগ করে বলিয়া, তাহারা নান্তিক নামে বিখ্যাত হইয়া থাকে। তাহারা বুদ্ধিদোবে স্বার আভ্যন্তরীণ প্রকৃতিকে চাপা দিয়া ক্রন্ত্রিম প্রকৃতিকে অবলম্বন পূর্মক, নান্তিকতা ও পাবগুপণার মুখোদ লইয়া কিরে মাত্র।

ভোমার চার্কাকদর্শন, কোন্তে দর্শন, সৌধীন আসবাবের মধ্যে জানিও; সময়কালে কিন্তু সেই "রাধেক্রক্ষ" বা সময়ের অতীত পুরুষ যিনিও সময় বাঁহাতে নিরন্তক্ত্বক হইয়া থাকে, তাঁহার আল্রের ভিন্ত গতান্তর নাই। এ জগতে যে কেত্ত হাজার নান্তিক বা কুকর্মশীল হউক, বতক্ষণ দেখিবে সে জীবিত রহিয়া চলিয়া ফিরিয়া বেড়াইতেছে, ততক্ষণ জানিও, সে দেখিতে পাউক বা না পাউক, অথবা তুমিই দেখিতে পাও বা না পাও, ধর্ম তাহাকে একেবারে পরিত্যাস করিয়া বায় নাই। সে দয় অসার, অসারেও অগ্রি কিছু কিছু মুপ্তভাবে থাকেন। তবে কথা এই, সেরপ ধর্মে বা সেরপ কর্মে জীবনের উদ্দেশা সফল বলিতে পারা বায় না। সমুদ্র ছেঁচিবার জনা যাহাকে শক্তি প্রদান করা হইয়াছে, সে যদি গোম্পদ ছেঁচিরা পর্যাপ্ত জ্ঞান করে, তাহাকে লোকতঃ অলোকতঃ কোন রক্ষেই শক্তির সার্থকতা বলা বায় না। অসত্য মানব যে, সে প্রেষ্ঠ বৃদ্ধির অভাবে তাহার সেই সামান্য বৃদ্ধি প্রাণণণ পরিচালিত করিয়াই, প্রেণ্ঠের অপেকা শ্রেষ্ঠ হয়।

ধর্মবৃদ্ধি মানবের আভাস্তরীণ পদার্থ, বহির্জগতের সহিত সংশ্রবে রূপ প্রাপ্ত হয়। বহির্জগৎ যথন অন্তর্জগৎ সহ আসিয়া একমিল এবং একাল হইয়া যায়, তথনই এই রূপের সঞ্চার হইয়া থকে। এই রূপের প্রিপ্রের কর্মাণ ও প্রকৃতি আদি, কথিত উভর জগতের মিলনের পরিমাণ ও প্রকৃতি আদি, কথিত উভর জগতের মিলনের পরিমাণ ও প্রকৃত্র মানিত হইবে, ততক্ষণ অন্তর্জগৎ বা আত্মিক জাবন দৃষ্টি-শৃনা। এই মিলনের প্রথম সংঘটনে জ্ঞানচক্ষ্ণ উন্মিলিত হয়, এবং ভাবী গুরুতর মিলনের জনা বহির্জগৎস্থ বিষয় সংগ্রহার্থে দৃষ্টি প্রসারিত হইতে থাকে। এই প্রসারিত স্থাইদে, ততই অন্তর্জগৎ বিক্ষারিত স্থাইদে, ততই অন্তর্জগৎ বিক্ষারিত হইতে আবার বাত সংগৃহীত হইয়া আইদে, ততই অন্তর্জগৎ বিক্ষারিত স্থাইদে, ততই অন্তর্জগৎ বিক্ষারিত স্থাইদি হয়, এবং সেই কলেবরর্দ্ধি হইতে আবার অস্ক্রপ প্রভাতর কর্মের উৎপাদন হইয়া থাকে। অথবা উপমার বিল্যতে গেলে, কর্ম্ম কলপুন্সপূর্ণ বৃক্ষ, ধর্ম্ম তাহার য়য়, অন্তর্জ গৎ

মূল, বহির্জগৎ পরিপোষক রুদাদি। কথিত দৃষ্টিদঞ্চালনকে সাধারণতঃ দুরদর্শন বলে: সেই দৃষ্টি আরও শুক্রতর হইলে তাহা কবিত্ব, এবং শুক্তম হইলে ঋষিত্ব; ঋষির মুখেই ধর্মপ্রচার হইয়া থাকে। আর দেই দৃষ্টি-উপার্জিত বিষয় সকলকে **যাহারা গুণবি**লোধণে বুঝাইরা দেয়, তাহারা তত্ত্তে বা তত্ত্বিং। সাধারণ দৃষ্টি যাহাদের সম্পত্তি, ভাহারা দূরদশী; যাহারা ভাহাদের সেই দূরদর্শনকে কার্য্যে পরিণত করিয়া পাকে, তাহার। সাধারণ কথার "কাঙ্গের লোক।" গুরুতর দর্শক যাহারা তাহারা কবি: তাহাদের উদ্ধাবিত বিষর যাহারা কার্য্যে পরিণত করিয়া থাকে তাহার। জ্ঞানী। প্রকৃতম দর্শক যাহারা তাহারা ঋষি: এবং যাহারা সেই ঋষিবাক্য কার্যো পরিণত করিয়া থাকে, তাহারা ধার্মিক। কিন্তু হতভাগ্য তাহারা, যাহারা দৃষ্টিশূন্য অথবা দৃষ্টি-দৃষ্ট বিষয় গ্রহণ এবং অনুসরণেও অক্ষম। সেই হতভাগ্যের। বহির্জ্বগৎকে অন্তর্জগতের সহিত না মিলাইয়া, বা তাহাদের মিলন অমুভব করিতে না পারিয়া, বহির্জগৎকে বাহিরে রাখিয়া বাহিরে বাহিরেই তাহাকে ক্রীড়াপদার্থের ন্যায় ব্যবহার করিয়া থাকে। তাহারা দৃষ্টিশূন্য অদ্ধের ন্যায়, অপার আয়োজন্যোগ্য প্রয়োজনীয় পদার্থের মধ্যে দ্বন্দ্র-ঘূর্ণিত হইয়া উন্মাদবৎ ফিরিতে থাকে এবং প্রতিকৃল গাত-প্রতিগাতে মৃহ্যমান হইয়া শেষে অধংপাতের পথে অগ্রসর হয়। তাহাদের যে কোন কার্যা অস্তঃস্থল হইতে জ্ঞান ও বিশাস্যোগে উৎপন্ন হয় না, সময়ের রোষভোষাপেক্ষা বিক্লত বৃদ্ধি হইতে উৎপন্ন হয়; মুতরাং তাহা অসাত্ত্বিক এবং মিথ্যা: তাহা কর্ম নহে, কর্ম্ম-মরীচিকা-মাত্র। বেমন উৎপন্ন হইতেছে, এবং উৎপন্ন হরও অনেক, তেমনি আবার পরমূহর্তে চিহ্নমাত্রশূন্য হইয়া বিলীন হইতেছে; এবং বিলীন হইবার কালে উন্মাদকে যেন আরও উন্মাদিত করিয়া যাইতেছে। এরপ দৃষ্টিশূন্য অন্ধের যে কিছু অমুষ্ঠান, তাহা বস্তুত প্রলম্ব-প্রতিরূপ। আমা-मिरागत आधुनिक का**छीत्र की**यरनत वहनाराम **এই ममा,—रमहे व्यन**त-প্রতিরূপের অভিনয় হইয়া থাকে। এখানে ধর্ম, কর্ম, সাহিত্য, সভ্যতা, বে কিছু বিষয়, সমস্তই বাহাভাবাপন্ধ ও কুত্রিমতায় পরিপূর্ণ; আভা-স্তরীণ ও সাব্দিক এ পর্যান্ত কিছু হয় নাই; সকলই বাহা শোভা বা বাহা অলকারস্থলীয়, সকুং জ্যোতির্বিভাগিত আত্মভু ও আগু পদার্থ নহে।

ধর্মাই কর্মামূল বটে, কিন্তু তা বলিয়া সকল ধর্মাও এক নহে, সকল কর্মণ্ড এক নহে। নানা প্রকৃতিবিশিষ্ট অন্তর্জগৎ, নানারপবিশিষ্ট বহির্জগং : যথন যে প্রকৃতি যেরূপ রূপের সহ সংমিলিত হয়, তথন প্রসারিত দৃষ্টিও তদভিগামিনী হইয়া থাকে। অমুরূপ দৃষ্টি হইতে অনুরূপ ধর্মের উৎপত্তি: এবং অনুরূপ ধর্ম হইতে অনুরূপ কর্মের উৎপত্তি হয়। স্থতরাং দেশ কাল ও পাত্র অনুসারে, ধর্ম এবং কর্মে নানা পার্থক্য আসিয়া জুটে এবং মূলকারণের উচ্চেতর ভাব অনুসারে ধর্ম ও কর্মে উত্তম-অধম ভেদে নানা পর্যায় ও শ্রেণিভেদ হয়। যে দৃষ্টি ইহলোকিক বিষয়ে প্রসারিত, ততুৎপন্ন ধর্মকে লোকিক ধর্ম বলে: যাহা পারলৌকিক বিষয়ে প্রসারিত, তাহাকে পারলৌকিক ধর্ম বলে। এই উভয়বিধ ধর্ম্মই লোকমনে তিষ্টিয়া থাকে; কিন্তু তথনই তাহারা পূর্ণ সৌন্দর্য্যের কারণ হয়, এবং তথনই তাহাকে পূর্ণধর্ম বলা যায়, যথন উভয়ে যথাসম্ভব সামঞ্জস্য সংমিলিত হইয়া চিত্তমধ্যে অবস্থান করিয়া থাকে। কিন্তু তাহা এ পর্যান্ত কথনও সম্পূর্ণ ভাবে পৃথিবীতে ঘটিয়া উঠে নাই, এবং পৃথিবীও তাহার জন্য আজি পর্য্যস্ত প্রস্তুত হয় নাই। পৃথিবীতে এখনও একতর প্রাধান্যযুক্ত ধর্মের প্রাধান্য, হয় লৌকিক নয় পারলৌকিক। প্রচীন যুগের ভারভীয় ধর্ম অতিপারলোকি, গ্রীকধর্ম অতিলোকিক। বাহা হউক, জগতে সত্বরেই এক দিন আসিবে, যে দিন এই লৌকিক ও পারলৌকিক উভয় আসিয়া একতায় মিলিত হইয়া.লৌকিক ও পারলৌকিক প্রভেদ-শুন্য হইবে। সেই দিনের পর হইতেই জগতে নৃতন পৃথিবী বিরাজ করিতে থাকিবে: স্বর্গ ও পৃথিবীর উভয় সংমিলনে, স্বর্গপ্রিয়গণ স্বচ্ছন্দে উভয়লোকে বিচরণ করিয়া ফিরিবে। উহাকে মানবীয় আত্মিক উন্নতির চরম পুরস্কার বলিলে বলা যায়। কিন্তু এখনও সে দিন দরে। — দ্র হইলেও, দে সর্বাহ্ণশার মহাধর্মের সর্বাহ্ণশার বাহা,
তাহা জগতে অনেক দিন হইল প্রচারিত হইরাছে এবং এখনও ভাহা
সমাক্ অনুভূত বা অনুষ্ঠিত হইবার নিমিত্ত সময় প্রতীকা করিতেছে।
সে শার ?— শ্রীমন্তগবদগীতা!

আত্মিক উন্নতি যথন যাহার যেরূপ, তাহার সেই অবস্থার উপযুক্ত যাহা, তাহার অতিরিক্তে চাপাচাপি করিয়া যে কোন প্রকারের ধর্মে তাহাকে দীক্ষিত করা বাউক না কেন: সে তথনই তাহাকে আবাপন প্রকৃতি ও জ্ঞানের সমতায় আনিয়াতবে ক্ষার চইবে। ইহার স্থলর पृष्ठी छ मुनलमान ও शृष्ठीनग्न। विक्युष्टे ও मङ्चान উভवरे धर्मा धाराव : কিন্তু একজন বিনীত আরু একজন উদ্ধৃত : অথবা অন্য কথার এক-জনের প্রচারকার্য্য পারলোকিক বা আত্মিক ভাবে, আর একজনের প্রচারকার্য্য লৌকিক বা সাংসারিক ভাবে। ইহলোক-স্থথ-প্রাথী মুসলমানেরা দেখ স্বধর্মে কতই আগ্রহ্বান ও অটল: তাহার কারণ. অবলম্বিতধর্ম তাহাদের প্রকৃতি সহ সমতাপন্ন। আর আধুনিক পুষ্টশিষ্যেরা ? তাহারাও অমুরূপস্থপ্রাণী, অপচ পুষ্টধন্ম তাহাদের উপর চাপান, স্তরাং গুষ্টান হইয়াও ইহারা পুষ্টান নতে ;—ক্লোবিসের ন্যায় বৃষ্টান, স্বদলবলে বৃষ্টের আত্মবলির সময় যদি উপস্থিত থাকিত তাহা হইলে পৃষ্টের মৃত্যুর প্রতিশোধ লইত ! পৃষ্টের শিক্ষা আত্মবলি, াকিন্তু সৃষ্টশিব্যেরা বুরে পরবলি ; ধর্মা বাড়ে চাপাইয়া দিলেও, অস্থবিধা एमथियां धर्म-श्रवर्शक्तत नाम जिन्न जातात कात किছु **अ**ञ्च कतिन ना। क्ष्ट्रोनिमिट्शंत यट्या व्यत्नक खटन ও विषत्रतिदन्द्य, श्रद्यांत व्यावत्रन मिश না হয় এমন কাৰ্য্যই নাই। ইতিহাস যদি মিথ্যা না বলে, ভাছা হইলে এই পুথিবীতে धृष्ठेश्रत्मंत्र नाम्य यङ आञ्चकन्छ, यङ विवान विश्वान, यङ রকারজি,যত কুজিয়া, যত নৃশংসভা,যত নিষ্ঠু রাচরণ ও যত পাপাচরণ খুটশিবাগণের দারা ক্বত হইয়াছে; তেমন আর কোন ধম্মের নামে আর কোন ধর্মশিষাগণের দ্বারা কৃত হয় নাই। বিওপুট বদিবর্ম প্রাণ ভারতে জনিতেন, তাহা হইলে বোধ করি ওাঁছার প্রকৃত সন্মান রকা হইত।

সে বাহা হউক, আমরা কথার কথার মৃল প্রস্তাব পরিত্যাগ করির।
অতর্কিতভাবে অনেক দ্র আদিরা পড়িরাছি; কার্যাটা বোধ হর ভাল
হর নাই। অতঃপর যে কোন ব্যক্তি হউক্ বা জাতি হউক—এথানে
আমাদের জাতি লইরাই কথা, অতএব যে কোন জাতি হউক—ভাহার
এ জগতে প্রকৃতি কি, উদ্দেশ্য কি, কার্য্য বা কি ও তৎ তৎ বিষর
তাহাদের হাতে কতদ্র অহুস্তত, সম্পাদিত এবং সফলতাপ্রাপ্ত
হইরাছে; এই সকলের আলোচনা ও মূল অহুসন্ধান এবং অহুসন্ধানে
প্রবেশাধিকার লাভ, ইত্যাদিতে ইচ্ছা থাকিলে, সর্ব্বাগ্রে সেই জাতির
ধর্মজীবন এবং ধর্মজন্ত পর্যবেক্ষণ করা সর্ব্বতভাবে কর্ত্র্য। আমরাও
তাহা করিতে বথাবথ চেষ্টা পাইব। আপাততঃ দেথা ঘাউক, দেবচরিতের হারা উভ্রলাতীয় পূত্ চরিত কত্টা অহুসিত হইতে পারে।

দেবচরিত।

ভারতে ভারতীয় মানবচিত্ত, ভারতের অছ্ত প্রকৃতিদর্শনে, বিশ্বয়াভিতৃত হইরা ক্রমে মনস্তব্ব এবং পারলৌকিক চিন্তায় এরূপ সমাহিত
কইরা আদিল যে, পর পর অদৃশা ভেদ করাই যেন মানবজীবনের
মুখ্য উদ্দেশা স্বরূপ হইরা দাঁড়াইল। গ্রীকচিত্তের ভাব সেরূপ নহে।
দেখা যার যে, প্রকৃতিবক্ষে মধার যথার হিন্দুর হস্ত বিশ্বয়-আকৃঞ্চিত,
গ্রীকহস্ত তথার তথারই প্রভৃত বলদীপ্ত; বস্তত: গ্রীক তাহার নিজ
অহংতত্ব ও স্বয়ং স্থামিডই বুঝে ভাল। গ্রীকের নিকট পরলোক বা
লোকাতীত শক্তি যত থাকুক বা না থাকুক, তাহাতে তাহার বড়
একটা অধিক যার আদে না; কিন্তু স্থীর শক্তিসাধ্য আত্ম-প্রশ্বর্য এবং
মুখ, ইহার স্বজ্বনাজ্ঞোগে ইহ জীবন কাটাইতে পারিলেই তাহার
পক্ষে জীবনের মহছ্দেশ্য সাধন করা হইল। গ্রীকদিগের কর্মপ্রধাহা
আহা তাহার মূল্স্থানকে, এই আধিভোতিক সাংসারিক বুদ্ধি সামান্য
ভিত্তিত করে নাই। বলা বাহল্য যে,ভারতীয় জীবন ঠিক ইহার বিপরীত।
চারত্চিত্ত, উত্তর দক্ষিণ পূর্ব্য পশ্চিম, চর্দিকের যে কোন দিকে নেত্র

নিপতিত তথায়ই, যাবতীয় পার্শ্বন্থ বিষয়ে একমাত্র অদুষ্টহস্তকে বলবান দেখিতে পাইতেন। প্রকৃতি, তাহাদের নিকট, দর্মত্রই তাহার ভীষণ শক্তিপ্রবাহে পদে পদে মন্তবাহস্তকে বিমুখ, বিতাড়িত এবং ভগ্নোদাম করিয়া দিতেছে। উর্দ্ধার্থ তাকাইতে গেলে এই ফল: अमिरक निम्न-मूर्थ जोकां हेरे एशत श्वीं जानवर्णत श्वां के कीवनानन সন্মধে: স্কুতরাং নিয়মুথে যে কিছু জীবনস্থ হেতু আশ্রয়ের অভিলাষ, তাহাও এই ঘুণিত দাসবর্গের ঘুণিত জীবনদর্শনে তিরোহিত হইয়া ষাইতেছে। অতএব কোন দিকেই স্থান না পাইয়া, ভগোদাম, ভগ-শক্তি মানব, ভরবিশ্বরে আপ্ল তচিত্ত ও আত্মলুপ্ত হইয়া, অদ্ষ্টহত্তে দোহলামান হইতে লাগিল। "আমি কে", "কোথা হইতে আসিয়াছি," "কেন এ সংসারে স্থিতি"—"আমার অস্তিত্বের উদ্দেশ্য কি"— "কোথার বাইব"—"এ বাহুজগতের সহিত আমার সম্বন্ধ কি"—এবং "কাহার আজ্ঞায় এই বাহাজগং পরিচালিত হইভেছে", নিরাশ্রয় মানবচিত্ত আকুলিত হট্যা এই সকল প্রশ্ন অপেনাকে আপনি জিজ্ঞাস। করিতে করিতে, নিগুচভাবে আত্মতিন্তায় নিমগ্ন হইয়া গেল। চিন্তার ও সীমা নাই: আত্রলোপেরও সীমা নাই: স্কুতরাং চিত্তে শান্তির আশা কোথায় ? চতুৰ্দিকে, যে দিকে তাকাই, কেবল একমাত্ৰ স্বক্তনতিমিক রাশি দ্বিশায়কে বিনষ্ট করিয়া, নিকটবেশে যুগপৎ সদয়কে আকম্পিত ও **আকুলিত করিয়া** তুলিতেছে। তাহার উপর—তাহার উপর—তাহার উপর, তথাপি কোথাও তাহার সীমা দেখিতে পাইনা। আশা-নিরাশা-সমপ্রায় অবলম্বন-এট কুলশূতা কালতরকে কেবল হার্ডুব্ খাইয়া হাহাকারমাত্র দার, দে হাহাকারের ঘোর ঘটা বারেক দেখিতে চাও কি? ঐ দেখ এক জন অতি প্রাচীন, কিন্তু তখনও নবাগত. বৈদিক ঋষি, কিরূপ ছর্জার পাণারে পতিত হইয়া, তর্জভুফানগুড বিষম ষোগাবেশে কি গ্রনয়োনাদক অক্ট চীৎকার করিতেছে! গ্রন্থী मञ्जूष्ठी, ভরে বিশ্বরে 'গ্রন্ম গভীরম'—খন খনান্ধকার প্রতাদ করিয়াই, সেরপ চীংকার করিয়াছিলেন। সে চীংকারের ধ্বনি

এরপ দিগন্ত বিশ্রুত যে তাহার শব্দ, এত দুরে, এ নানা আবর্ত্তমর কালতরঙ্গ ভেদ করিয়াও, আমাদের কর্ণগত হওরার পকে কিছুমাত্র ক্রটি হইতেছে না:—"সেই আদিতে সং, অসং, রজো বা ব্যোম, ইহার কিছুরই অস্তিত্ব ছিল না। বলিতে পার এ সকল কিসের দ্বারা আহরিত ছিল,—বা কাহার অভান্তরেই বা এ সকলের বীজ নিহিত ছিল ? যাহাতে আবেরিত ছিল, তাহা কি জল ৭—না 'গহনম গভীরম' ? তথন হয়ত মৃত্যু বা অমৃতত্ব ছিল না, রাত্রি বা দিবার প্রভেদ ছিল না, কেবল একমাত্র, যাহার অন্যতর বা উর্দ্ধে কেহ নাই, যিনি আপনাতেই নিভর করিয়া খাসক্রীড়ায় নিরত, কেবল একমাত্র তিনিই বর্তমান ছিলেন। অগ্রে কেবল অন্ধকার গুঢ়তম অন্ধকারে আবৃত, এবং দর্ক্ত অপ্রকেত্ম দাললম' দারা পরিব্যাপ্ত ছিল। সেই একমাত্র, যিনি তৃচ্ছের দারা আবরিত ছিলেন এবং তপোদারা পুঞ্চতাযুক্ত হইয়াছিলেন; মনের প্রাথমিক বীজস্বরূপ কাম স্ব্রাগ্রে তাহা হইতে উৎপন্ন হইল এবং কাম হইতে পুনঃ রেতঃ উৎপন্ন হইল। সদস্তের সংযোগরজ্জু-স্বরূপ ইহার (সেই একমাত্র স্বরূপের) অবস্থিতি, কবিগণ আপনাপন অন্তকরণে বৃদ্ধি দারা অনুভব করিয়াছিলেন। যে রশ্মি জগৎ-ব্যাপ্ত হইয়া বিস্তৃত, তাহা কি অধঃ না উপরে অবস্থিত ছিল? রেতঃ, মহিমা এবং স্বধা কি নিয়ে ও মহাশক্তি কি উল্লেছিল ? এই স্পষ্টি কোণা হইতে উৎপন্ন হইয়াছে, কে ইহার সৃষ্টি করিল, কে জানে ?— কে কহিতে পারে ? দেবতারা কি পারেন ? তাঁহারাত এই স্টির পরে জরিয়াছেন, অতএব তাঁহারাই বা কেমন করিয়া কহিবেন ? অতএব কাহাকে জিজ্ঞাসা করিব? কে বলিবে? যাহারা স্টের পরে জন্মিয়াছে,তাহাদের ত জানিবার সম্ভাবনা নাই। যিনি এই বিশ্বের অধ্যক্ষ, যিনি স্বর্গে অবস্থান করিতেছেন, তিনি কি **এ** ত**ন্থ জানেন ?** হয়ত তিনি এ তব জানিতে পারেন, অথবা হয়ত তিনিও ইহা জানেন না।"-কি বিষম ঘোর বিযূর্ণনে নিপতিত, কি চীৎকারের ঘটা ! ।

६। भः (वः ১० मः। ১२२ सः।

পিঞ্জরবদ্ধ মানবচিত পিঞ্জরমুক্ত হইবার নিমিত্ত উন্মত্তবং ছট্ফট্ করিতেছে.—পিঞ্জরের ছার বন। বিনষ্ট দিক-অন্ধকারে ভ্রান্ত পথিক निषमंनी आरलाक-पर्मन-लालमाञ्च अपिक अपिक धाविक इटेबा कूनकां होत রক্তার্কি হইতেছে.—অথচ কোখাও নিদর্শনী আলোকের চিক্তমাত্র নাই। আর্য্য-শ্ববি বর্থন এই খোর চিস্তাতরক্ষে পড়িয়া আকুলিত হইতে-ছেন, তখন এক বার গ্রীকচিত্তের প্রতি নিরীক্ষণ করিয়া দেখ। হিন্দিত যথন প্রকৃতি-করণায় স্বছনে আহার-লালসাকে অতিক্রম कतिया, जीवानत जमुर्काजत व्यवनश्चानत व्यवस्थान व्यविश्वनीयाक एजन করিতে উদ্যুত হইরাছে: গ্রীকচিত্ত হয়ত তথনও আহারলালসাকেই মুধা অবলম্বন করিয়া, ভাহার অনুসরণে নানা দিকে ছুটাছুটী করিয়া ফিরিতেছে। "সকল কর্মা ফেলিয়া, আগে একটি ঘর, একটি স্ত্রীলোক এবং একটি হাল গরু করিবে; স্ত্রীলোকটি যেন ক্রীতা, বিবাহিতা না হয়, এবং গবাদিচারণে পটু হয়।" "যে কিছু মন্তাদির আবেশ্যক তাহা चरत मरश्रह कतिया त्रांथिअ, नज़्ता ज्यानात कार्छ ठाहिएन यनि रम না দেয়, তবে তাহার অভাবে সময় উত্তীর্ণ স্থায় গেলে সমস্ত শ্রম বিফল হইয়া ষাইতে পারে।" অথবা, "গৃহ বালাডে আহারীয় বস্তুতে পূর্ণ থাকে, এরূপ শ্রমে সন্তোষ লাভ করিতে শিখ। শ্রমেই লোকে ধনধানাপুর্ণ ও অচ্ছলভাযুক্ত হট্ট্রা থাকে। এরপ শ্রমেই-লোকে দৈব ও মানবের প্রিরপাত্র হয়।'' যে হোন ওদ্ভাগেন ভ্রাতাকে এবং ভ্রাতার উপলক্ষে সমস্ত প্রীকবর্গকে এরূপ উপদেশ াদয়াছিলেন :৬ তাঁহার বর্ণিত স্ষ্টি ও দেবতক হয়ত তথন ও ভাবষ্যতের দূরতম গুরে নিহিত ছিল।

প্রকৃতি বেখানে ৰতই ক্ষীণবেশে থাকুক, স্থায় আকর্ষণী শক্তির প্রভাবে মানবচিত্তে পারলৌকিক ভাবের কিছু না কিছু আবির্ভাণ করিবেই করিবে; প্রভেদ কেবল প্রাকৃতিক মৃষ্টির প্রকার অমুসারে আক্ষণী শক্তির শুকৃত্ব বা ক্ষুত্ব ও প্রকরণাদিভেদে, বিভীষিকা

^{6 |} Hesiod, Works and Days, 309-312, 407-409.

🔏 বিশ্বয়াদি ঔপদর্গিক বিষয়ের ন্যুনেতর ভাব এবং ধারণা ও বিশ্বাসে বিভিন্নতা ও বিপুলতা বা ন্যুনতা আদি শ্রেণীভেদ মাত্র। অতএব গ্রীকচিত্ত যখন দেখিল যে, পারলোকিক ভাব-আবির্ভাবের হাত হইতে আর কোন রকমে ছাড়াইবার যো নাই, তথন যাহা হউক তাহার একটা কিছু না কিছু ব্যবস্থা করা আবশ্যক : নতুবা চিত্ত প্রবোধ মানিতেছে না। ভাল। তাহাই হইবে। ইহারা আদত কাজের লোক, হাতে হাতে ফল চাহি,—হাতে হাতে অসাব্যন্তের নিরাকরণ এবং সাব্যন্তের স্থিরীকরণ প্রয়োজন, নতুবা বাতাসে দড়ি দিয়া বা হাওয়ায় ফাঁদ পাতিয়া কি হইবে; অতএব অদৃষ্ট বিষয়ের জন্য মিছা অধিক ঘূর্ণাতরঙ্গে প্রবিষ্ট হইবার প্রয়োজন নাই। স্কুতরাং যে 'গহনমু গভীরম্' লইয়া হিন্দুসম্ভানকে এত গোলে পড়িতে ও ঘোর অন্ধকারে ঘূরিতে দেখিয়া আসিলে, গ্রীকসন্তান এক নিশ্বাসেই তাহার সমস্ত গোলযোগ নিরাকরণ ও যাবতীয় অমীমাংসিত বিষয়ের মীমাংসা করিয়া ফেলিল। প্রকৃতির প্রতি বারেক দৃষ্টিমাত্রেই স্থির হইল, 'গছনম গভীরম' (chaos) অর্থাৎ প্রলম্বাবর্ত্ত হইতে পৃথিবীর উৎপত্তি হইল। কিন্তু কেন হইল, কে করিল? 'গহনম্ গভীরম্' বা কি ? তাহা বৈদিক ঋষি বসিয়া ভাবুন, আমার ভাবিবার আবশ্যক নাই; কেন হইল, কে করিল, তাহাতে এবং ততদূরে আমার আবশ্যকটা কি? ্যুই করুক, যে কারণেই হউক, উহা হইয়াছে; উহা আছে এবং আমিও আছি.—পৃথিবী হইয়াছে এবং পৃথিবী আমার সকল রকমের অভাব পুরণ করিতেছে, ইহাই ঘথেষ্ট; আর অধিকে আমার আবশ্যক কি? 'গ্হন্মু গভীর্মু' লইয়া কাজ কিছু থাকিত, না হয় ভাবিতাম; তাহা যথন নাই, তথন সকল অভাবের পূরণকারিণী পৃথিবীর জনয়িতা বলিয়াই তাহার যে কিছু উল্লেখ এবং সেই পর্যান্তই বপেষ্ট! চিত্তের এ নিশন্তি, শেষ নিশন্তি; ইহার উপর তর্ক থাটে না। অতএব গ্রীকচিত্ত অমানমুখে তর্ক তকরারের উপর ঢাল চাপাদিয়া, আহার করিতে করিতে স্ষ্টিপ্রক্রিয়া নিরূপণ করিয়া স্থান্থিরতা লাভ করিল। পৃথিবী

হইতে উরেণোস্ অর্থাৎ তারকামগুলবেষ্টিত আকাশের উৎপত্তি ইইল।
অনস্তর পৃথিবী এবং আকাশ এতছভরের মধ্যে প্রশারসংস্থাপন হইলে,
উরেণোসের অর্থাৎ আকাশের ঔরসে এবং পৃথিবীর গর্ভে বাদশ
তিতান, কিক্লোপিসএর ইত্যাদির কর হইল। ইত্যাদি ইত্যাদি।

ক্রমে বহুদেবের উৎপত্তি হইল। কিন্তু. ইহাদের সকলেই তৎসাময়িক মানব-চিন্তায়ত্ত স্থেবের জন্য লালায়িত; এজস্ত তাহারা পরস্পর পরস্পরের প্রতি মানবীয় হিংসা, হেষ, হত্যা, পিতৃহত্যা প্রভৃতি কুক্রিয়াচালনা ছারা স্ব স্থ বিভবে স্থাপিত হইল;—অথবা অন্য কথার কর্মনামার্দে আরে একদল উচ্চশক্তি ও উচ্চবিভবশালী গ্রীকের উপস্থিতি হইল। যাহা হউক ইহারা উচ্চ এবং দেবতা, অভএব ইহাদিগকে মান্য কিছু করিতেই হইবে; কিন্তু মান্যেরও ত প্রতিদান আছে, নতুবা ওসকল আমা হইতে হইবে না। কাজেই, গ্রীক দেবতা সাধকের সম্বোষার্থে, কথনও ভূমি চিষিয়া চাস করিতে লাগিলেন; কথনও বা মদচোয়ানর সাহায্য করেন; কথনও বা ভাল অন্ত শত্ত্ব প্রস্তুত্ত, আবার কথন বা রণস্থলে যাইয়া, বীরগণের সাহায্যে যুদ্ধ পর্যান্ত করিতে লাগিলেন। ফলতঃ দেবতাই হউন আর বিনিই হউন, গ্রীকদংসারে বিনা খাটুনিতে খাইবার সাধ্য নাই। "লেন-দেন" বিজ্ঞান হাতে হাতে। গ্রীকদিগের দেবতা হওয়াও দায়। প্রকৃতি হারি মানিলেন, তাঁহার প্রদত্ত পার্লৌকিক ভাবাভাস লৌকিকে আদিয়া পরিগত হইল!

একণে ভারতচিত্তের প্রতি একবার দৃষ্টিপাত কর;—দারুণ বুর্ণবাষুতে ঘোর তিমিরে পথন্তই পথিকের ন্যায় আকুল হইরা ব্রিতেছেন। কি হরম্ভ ঘূর্ণন! কিন্তু ঘূর্ণবায়ু বা ঘোর তিমির, ইহার কেহই স্থায়ী নহে। কালে সকলই তিরোহিত হইয়া থাকে। ক্রমে ঘূর্ণবায়ুর সাম্য হইল, প্রচণ্ড বায়ুধীরে ধারে নামিয়া স্থমপর্শ শীতল

৭। এই প্রবন্ধের অভভাগে পরিশিষ্টরূপে ঐক প্রাণের সারসংগ্রহ করিয়া, ঐক দেবদেবীর একটি বধাবধ বৃজ্জত দেওয়া গেল। বলীয় পাঠকদিগের অনেকেই ঐক প্রাণ জ্ঞাত না পাকায়, এখানে তাহায় ধায়াশুনা উল্লেখ বধায়াধ্য পরিহায় করা হইল।

বায়তে পরিণত হইল। বোর অশ্বকার ক্রমে ক্ষীণ অন্ধকারে নামিল, शूर्विनिक करमा करमा वांध इटेंटि नांशिन; आदे करमा-आंदे করসা, ক্রমে বস্তুনিকর নয়নপথে পড়িতে লাগিল। পূর্ব অশাস্তির অপলোপে মন তথন রমণীয়তায় পরিপূরিত হইলে, সমগ্র দুশ্যের যথন যে থপ্ত নম্বনকে আরুষ্ট করিতেছে, তাহাই ষেন অভিনব নতন স্থাষ্ট বলিয়া প্রতীয়মান হইতেছে।—আর্ঘা-ঋষি এখন পথ পাইয়া, প্রতি প্রাকৃতিক শক্তিতে দেবতাবিশেষের অবস্থান ও কর্ত্তব দেখিতে পাইলেন। তথাপি, এ বহুদেবকল্পনা গ্রীকদিগের অপেক্ষা উচ্চতর হইলেও, মনের শান্তি কিন্তু পূর্ণভাবে উদয় করিতে পারিল না। আর্থা-श्विष आवात मर्ज्यभान्ति-विधायत्कत अनुमन्नात्न हिन्दलन। এ नित्क ফরসার উপর আরও ফরসা হইতে হইতে সূর্য্য আসিয়া উদর হইল. দিক সকল হাসিতে লাগিল; ভ্রাস্ত পথিক এখন তথ্য শ্রান্তি, দেখিতে পাইল যে যথার্থ আলোক প্রাপ্ত হইলাম! দুশ্যের প্রতি পুন্দৃষ্টি করিয়া তথন হলোধ হইল যে, আমার মানসিক আগ্রহে যাহাদিগকে প্রত্যেক নূতন স্বষ্টি বলিয়া ভাবিয়াছিলাম তাহারা বস্তুতঃ প্রত্যেকে নূতন एष्टि नरह,—डेहाता এक महारुष्टित्रहे विভिन्न अः मभाव । आर्था अधि अ তাঁহার বোধস্থাের উদয়ে দেখিতে পাইলেন:--

"স্পর্ণস্বরূপ যে দেব ঋষিগণ ছারা বহুবিভিন্নরূপে কল্লিত হইরা স্তত হইরাছেন, তিনি একমাত্র।" দ

অথবা.

"নেই স্পৰ্ণ গ্ৰুমান্ একস্বৰূপ। বিপ্ৰক্ৰিগণ তাঁহাকেই ইক্ত যম মাত্ৰিয়া ইত্যাদি বছনামে আখ্যতে ক্ৰিয়াছেন।" ^১

"যে একমাত্র দেব স্বর্গ এবং পৃথিবীর স্বষ্টি-করণ-কালীন বাছ এবং পক্ষ সঞ্চালন করিয়াছিলেন, তিনি বিশ্বচক্ষ, বিশ্বমুথ, বিশ্ববাছ, এবং বিশ্বপদ।">•

৮। বং বে। ১০ মং। ১১৪ খং। পুনশ্চ "একসা আছানোংনো দেবাঃ প্রভাকানি ভবভি। নিকক ৭৪। ১। বংবে:১ম:। ১৬৪ অবসাবামীয় স্কু ১১।বংবে:১০ মং।৮১ সুং।

বৈদিক দেবভাবর্গের মধ্যেও যে বাপ ভাই খুড়া জ্বেঠা শালি শালাঞ্জ প্রভৃতি সম্পর্ক পাতান নাই, এমন নহে, বরং প্রভৃত পরিমাণেই আছে। কিন্তু তাহা সমস্ত রূপক উব্ভিন্ন স্থরূপে: যথন যেমন ভাব মনের মাবেগে প্রস্ত ও কবিষ্যোগে অবয়বীক্ত, তথন তাহাই গৃহীত ও বর্ণিত হইরাছে: এবং এই জন্য, সেই সকল সুম্পর্ক নিরূপণ, প্রতি হতে প্রায় নৃতন নৃতন দেখিতে পাওয়া গিয়া থাকে। গ্রীকদিগের মূল দেববর্গ সম্বন্ধে স্থলর স্থ্রাথিত ধারাবাহিক যে বংশাবলী, যে কেহ তাহা কীর্ত্তন করিতে যাউক, কীর্ত্তনে বড অধিক রূপাস্তর দেখিতে পাওয়া যায় না। ইলিয়দ ও অপরাপর গ্রন্থ সকলে পরস্পরের মধ্যে যে একটু আধটু রূপান্তর দৃষ্ট হয়, তাহা গণনায় অতি সামান্য। কেবল বেদ বলিয়া নছে; হিন্দুদিগের পরবর্তী অপরাপর ধর্মগ্রন্থেও,দেববংশাবলী বর্ণন ও দেবতাদিগের প্রস্পর সম্বন্ধ নির্বাচন পক্ষে নানা প্রভেদ দেখিতে পাওয়া যায়। জাতিবয়ের দেববংশাবলী প্রভৃতি বর্ণনে,এই অস্থিরতা এবং স্থিরতার কারণ ?—হিন্দুবর্ণনা সাধারণতঃ এক এবং অদ্বিতীয় মহেশবের বিভিন্ন বিভৃতির রূপক কল্পনা স্বরূপ, স্কুতরাং যথন ধেমন ঋষি, তথন দেইরূপ ভাবে ভাবিত; আর গ্রীকদেবতত্ব লৌকিক বুদ্ধিতে লৌকিক ইতিহাসবং গ্রথিত ও সেইরূপভাবে গৃহীত, স্কুতরাং তাহাতে বড় রূপান্তর ঘটিতে পায় নাই। মানসিক প্রকৃতিও উভয় জাতিতে উভয়ামু-রূপ হইয়াছে। হিন্দুচিত্ত আত্মিককুধাকিপ্ত, গ্রীকচিত্ত উদরকুধাকিপ্ত; হিন্দ্চিত্ত উদরক্ষ্ণাকে অতিক্রম করিয়া আত্মিকক্ষ্ণা নিবারণ করিতে অচিন্তনীয়তে হস্ত প্রসারণ করিয়াছে; গ্রীকচিন্ত উদরক্ষা নিবারণ করিতে চিন্তনীয়কেই কুধাশান্তিকর দেখিয়া তাহাকে অবলম্বন করিতে চলিয়াছে। অচিন্তনীয়কে আয়ত্ত সহজ্ব নহে: কিন্তু চিন্তনীয় আয়ত্ত সহজে হইয়া থাকে। এই নিমিত্ত, একে চিত্ত অস্থির, গ্রহন চিত্তাকেত্রে প্রধাবিত: অপরে তাহা দে চিন্তার হাত হইতে অপেক্ষাক্রত স্থিরতাপ্রাপ্ত। ইহার ফল, সাংসারিক কার্যাক্ষেত্রে গ্রীকের মতিগতির দার্চাতা যেমন এবং যতটা; হিন্দুর তেমন এরং ততটা নাই। সে বাহা হউক, এরপে

চিত্ত স্থির হইলে স্বস্থতা অনেকটা লাভ না হয় এমন নহে, কিন্তু উন্নত-তব্বলাভের আশা তেমন স্থলে অতি অব্লই থাকে। হিন্দুচিত্ত নিয়ত চিন্তাপথে প্রধাবিত থাকার, তত্ত্তিত্তিও অতি উচ্চ সংস্থাপন করিতে সক্ষম হইরাছিল। বেহেতু দেখা বার বে, হিন্দুর ধর্ম্ম বাহা, উহার আর **मार्गामाय गाहारे थांकृक, উरात मूल किन्छ निरि**छ इरेब्राइ प्रिरे সর্কামূলে যাহা "স্পর্ণম্বিপ্রা: কবন্ন: বচোভি: একম্সন্তম্বছধা করমন্তি।" আর গ্রীকের ধর্মতত্ব বা দেববংশের মূল নিহিত "গহনম্ গভীরম" বা প্রলয়াবর্ত্ত মধ্যে। উপযুক্তই হইয়াছে! একের মূল আলোক, অপরের মূল অন্ধকার। কিন্তু কেবল আলোক বা কেবল অন্ধকারে কিছুই হয় না; উভয় সংমিলনেই রূপ ও সৌন্দর্য্য স্ঠ হইয়া থাকে। তাই আলোক এবং অন্ধকার, ছই বিপরীত দেশে স্ট হইয়া. তুই বিপরীত দিক হইতে, কালে সম্মিলিত হইবার জন্য প্রস্তুত হইতে চলিয়াছে। উভয় উভয়কে এখন ও জানিতে পারিতেছে না: কিন্ধ ক্রমে কালকর্ত্তক আনীত চইয়া যথন হিন্দু আধ্যাত্মিকতা ও গ্রীক আধিভৌতিকতা সন্মিলিত হইতে পারিবে, বলা বাহুল্য যে, তথনই জগতে পূর্ণ দৌন্দর্যা—পূর্ণ মন্ত্রমত্ত্বর সঞ্চার হইবে।

প্রীকদেবরাজ্যের মধ্যে উর্দ্ধতম দেবতা জিউস্, "দেবতাবর্গের মধ্যে সর্ব্ধশ্রেষ্ঠ এবং মহাবিক্রমশালী, দ্বদর্শী, সর্ব্বশাসক, ঘটনা সকলের ঘটক, এবং স্থপারিলী ন্যায়াধিষ্ঠাত্রী দেবী থেমিসের সহ সর্ব্বদারালাচনারত।" ইনি সর্ব্বশাসক বটে, কিন্তু অনেকে আবার ইহার শাসন একোবারেই উপেকা করিয়া থাকে। ঐ শুন, একজন কিক্রোপিস্ ইউলিসিস্কে কি বলিংছে, "এহে পথিক, তুমি দেখিতেছি উন্ধত্ত হইয়াছ, অথবা নিশ্চর তুমি নিতান্ত দ্রদেশ হইতে এখানে আসিয়াছ; তাহা না হইলে দেবতাদিগকে ভর বা তাহাদের সংশ্রব পরিহার করিবার জন্য আমাদিগকে কখনও এরপ উপদেশ দিতে না। জানিও, কিক্রোপিসেরা বজ্রধারী জিউস্, বা যে কোন দেবতা হউক,

১১। হোমারিক স্তোত্র-জিউস্।

কাহাকেই গ্রাহা করে না, কারণ তাহারা তাহাদিগের মপেকা অনেক শ্রেষ্ঠ।"^{>২} শুদ্ধ কিক্লোবিস্নহে, পৌরাণিক ইক্সশক্র ন্যায় জিউদের শ্রেষ্ঠতানাশক শক্ত অনেকই দেখিতে পাওয়া যায়।

ফলত: জিউদ যে সর্মশাসক ও সকলের পতিস্বরূপ প্রমেশ্বর, গ্রীকদিগের এ ধারণা একেবারে এবং হঠাং উদয় হয় নাই। ইলিয়দ ও আদিম গ্রীকপুরাণ সকল অমুসারে দেখা যায় যে, ক্রোণদ ও হ্রিয়ার তিন পুত্র: জিউস, পোসিদোন ও হেদিস। ইহারা পিতাকে বলে পরাজয় পূর্বক বন্ধন ও অধোদেশে নিক্ষেপের ছারা দূরীভূত করিছা, স্তিথেলার সাহাব্যে আপুনাপুনির মধ্যে পৃথিবীর রাজতভাগ করিয়া লয়। স্তির দারা সমদের রাজা পড়িল পোলিদোনের ভাগে: নরক এবং মৃত্যু-সংসার পড়িল ছেদিদের ভাগে, এবং তাঁদ্র আরে সমস্ত চরাচর পড়িল জিউদের ভাগে। অবশা জিউদের ভাগে যে ভাল অংশ পড়িল, তাহা আরে বলাই বাহুলা; অর্থাং এই স্থৃতি অনুসারে, ক্লেউস স্বর্গ এবং স্থলজ্জীবলোকপূৰ্ণ সুমস্ত পাগ্ৰীর অধিপতি হইলেন। এথানে প্রাচীন গ্রীক পুরাণ মনুদারে, স্বর্গ ও পৃথিবীর সংস্থানটাও বলা উচিত। সমস্ত জগং, ভিতর ফাঁপা একটা বৃহৎ গোলক বিশেষ; তক্তার ন্যায় সমতল পৃথিবী, সেই গোলকটির ভিতরত ঠিক মধ্যতল ব্যাপিয়া, ভিতরের ফাঁপা শুনাস্থানকে, উপর ও নীচে, গুটু সম অংশে বিভাগ করিতেছে। পৃথিবী হইতে উপর্দিকস্থ গোলকাব্রণ স্বর্গ, আর নিম্দিকস্ত গোলকাবরণ নরক ও মৃত্যদেশ এবং ব্রেধানস্থিত শন্তেমন যাহা, তাহাই আকাশ। কেবল স্বর্গের দিকস্ত আকাশে চক্র সূর্যা ও নক্ষতাদি বিচরণ করিয়া থাকে, নরকদিকত্ত আকাশে তাহারা कथन ও यात्र ना ; এজনা নরক ও মৃত্যুদেশ সর্বাদ চির অন্ধকারে আবৃত। স্বৰ্গ হইতে পৃথিবী ক্তদুর, ভাহা নিরূপণ করিতে হেসিওদ বলিয়াছেন বে, স্বৰ্গ হইতে একটা হাতৃড়ী পৃথিবীতে পড়িতে নয় দিন

কাল সময় লাগিয়া থাকে। নরক হইতেও, বলা বাহল্য যে, সেই একই দূরত্ব।>০

গ্রীকদিগের ত এই, একণে হিন্দ্রা স্বর্গ ও যমলোকের অবস্থিতি নিরূপণ করিতেন কিরূপ প

''সহস্রাখিনে বৈ ইতঃ স্বর্গলোকাঃ''—ঐতরেয় ব্রাহ্মণ।

অর্থাৎ স্বর্গ এথান হলতে এক হাজার ঘোড়ার ডাক! হিল্পুর স্বর্গধারণাই বা প্রীক অপেক্ষা উচ্চ কোথায়? কিন্তু একটা কথা আছে। দেখা বার বে, হিল্পুরা অতি আদিম কাল হলতেই, ধর্ম্মবিষয়ক বিশ্বাসা পদার্থ ছাই রূপে অবধারণ করিয়া আসিয়াছেন: একটি জ্ঞানীর জন্য, আর একটি সাধারণ লোকের জন্য। জ্ঞানীর জন্য থাহা, তাহা আধাাত্মিক ভাবে; আর সাধারণের জন্য যাহা. তাহা তবিপরীতে আধাত্মিক ভাবে; আর সাধারণের জন্য যাহা. তাহা তবিপরীতে আধাত্মিক ও স্থুলভাবে পরিপূর্ণ। উক্ত আধাত্মিক বিশ্বাস্য বিষয়ই. হিল্পিগের আধাত্মিক উন্নতির প্রকৃত নিদশক এবং উহাই, উক্ত উন্নতি যে কি অপরিষ্ঠাম, তাহা প্রকৃত্তরপ্র জাপন করিয়া পাকে। আর আধিভোত্মিক এবং স্থুলভাবপূর্ণ বিশ্বাস্য বিষয় যাহা. তাহাও নিতান্ত হীন ছিল না; মোটের উপর ধরিতে গেলে, তাহাও প্র প্রশক্ত যে, প্রীক্রিণের বিশ্বাস্য তত্ত্বর সঙ্গে তাহার হুলনা করিতে যেন লজ্জা বোধ হয়। সে বাহা হউক, হিল্পুনিগের এই শেষোক্ত সাধারণ বিশ্বাস্য তত্ত্ব অনুসারেই, স্বর্গ এক হাজার ঘোড়ার ডাক পরিমিত বারধান দ্রে। পুনশ্চ সাধারণ বিশ্বাস্য তত্ত্ব অনুসারে,

২০। Theog. 722. এখানে প্রাচীন স্কালিনেবীর অধাং ইংরেজ আদি ইউরোপীর জাতির অপর এবং অব্যবহিত পুরুগত পূর্বপুরুষদিগের অর্গধারণা কিরূপ ছিল, ভাহাও একটু উল্লেখ করার ক্ষতি নাই। তাহারা বলিত, আকাশের উর্জ্বে একটি স্বৃচু ছান আছে; সেই ছানই অর্গ। ঐ ছানের উপরিভাগে আনগাদর নামে দেবতা-প্রের নিবাস্ত্রলী। মূত পুণাবান্দিগের আজাসকল, উক্ত দেবলোকে, রামধ্মুরূপ প্রমণীয় পণের ঘারা ব্যাহিত ইইডা নীত ইইত। বলা বাছলা যে, এই স্কালিনেবীরগণ, প্রাচীন হিলুও গ্রীকের তুলনার, সেদিনকার লোক বলিলেই হর।

স্বর্গ পৃথিবীর উত্তর দেশে এবং দক্ষিণ দেশে তোহার নরক। হিন্দ্রা, থীকদিগের ন্যার, সমস্ত ব্রহ্মাণ্ডকে ফাঁপা গোলকবং ভাবিরা স্বর্গ নরক পৃথিব্যাদির সংস্থান তথাভাবে কল্পনা করেন নাই। তাঁহাদের মতে, ব্রহ্মাণ্ড এবং আকাশ,উভয়ই অনস্তঃ ১৪ গ্রীকেরা আরও বলিত, ভেল্ফী

১৪। এতংসম্বন্ধে পৌরাণিক ধারণা অস্তরূপ। নক্ষত্র চন্দ্র স্থ্য আদি ইহারা প্রত্যেকে বিভিন্ন লোকস্বরূপ। পৃথিবী বাহা, তাহা সপ্তমীপ ও সপ্ত সমূত্রে বিভাজিত। মধ্য-श्रुत आभारनत अधिकानज्ञा अधुकील, তৎপরে চক্রাকারে এই वील বেষ্টন করিয়া লবন নামক প্রথম সমুদ্র। উক্ত সমুদ্রকে চক্রাকারবেইনে দ্বিতীয় দ্বীপ্ তাহাকে পুন: চক্রাকার বেষ্টনে দ্বিতীয় সমুদ্র। এইরূপে পর পর ও ক্রমান্বয়ে চক্রাকার বেষ্টনে, সপ্তদ্বীপ ও দপ্ত সমূদ্রের স্থিতি। শেষোক্ত সমূদ্রের পর লোকালোকীয় নামক পর্বতের ছারা সৃষ্টির সীমানা করা রহিয়াছে : তাহার ওদিকে সৃষ্টির নঞ্চার নাই । চল্র সুর্যা ও নক্ষতাদি, পৃথিবীর উপরিস্থ ও চতন্দিক্ত আকাশে মাত্র পরিভ্রমণ করিয়া থাকে : লোকালোকীয় পর্বতের ওদিকে ভাহাদের গতিবিধি নাই। এরূপে সংস্থিত যে পৃথিবী, তাহারই হিমাদ্রি ও মেক্সল্লিহিত উত্তরদেশে কর্মফলায়াক বর্গ: আর পৃথিবীর অভিদক্ষিণাংশে দেইরূপ কর্মকলাত্মক মৃত্যুলোক। জ্ঞানাত্মক স্বর্গ অবশাই আত্মার অবস্থান্তর মাত্র দেশ ও কালাদির অতীত। পর্ববন্ধতির মোহবশত: আর্যাদিপের আদিস্থান উত্তরকুক্ত অর্গসম স্থাধের ভোগভূমি বলিয়া কীর্তিত। পুর্বাস্থাতির মোহ বশতঃ কেবল হিন্দুরাই যে উত্তরকুরুকে এরূপ কল্পনা করিত, তাছা নহে। গ্রীকদিপের মধ্যেও উক্ত আদিস্থান সম্বন্ধে সেরূপ স্থমর ক্রেনাম্মতি দেখিতে পাওয়া যায়; পৃথিবীর পূর্ব্যদিকস্থ হাইপারবোরিরা (উত্তরকুক্সর গ্রীক নাম) এত নিত্য স্থবের ও পুণামর দেশ ষে, দেবতারা অনেক সময়ে অলিম্পস্ পরিত্যাগ পুর্বক, তথার গমন ও অবস্থান ঘারা কুৰাকুতৰ করিডেন,—হেদিওদ, বিও ৪; ইলিয়দ ১ম ও ২০শ সৰ্গ এবং ওডিসী বে সুর্। পুলক, জীকদিগের ফুর্গ কাঁপা গোলকের উপর আর্ছ ইইলেও, তাহা শ্নে অবস্থান করিছ, না; পুথিবীর পুঠে সাম্বাপিত অস্তাবলীর উপরে অর্গদেশের নির্ভর ছিল: অথবা আটলাস নামক এক অসাধারণ মনুষা ভভাবলীর সাহাযো, পৃথিবী হইতে মুর্গকে পুথক স্থাপন পূর্বাক, তাহাকে ধারণ করিয়া থাকিত। —ওডিসী ১1e২ পুৰোর গমনাগমন ও উদয়ান্ত সম্বন্ধে একপ কথিত বে, পুথা চতুর্ববৃক্ত রূপে গমনাগমন করিয়া থাকেন: তিনি পৃথিবীর পূর্বা সীমানার উদর হুইয়া পশ্চিমে প্যনানস্তর স্মন্ত হইলে, হেপিস্তদ নামক দেবকর্মকার নৌকাষোণে তাহাকে রাতারাতি সমুদ্র পার

নগরই পৃথিবীর নাভি মর্থাং মধ্যস্থল ; কিন্তু হিন্দু বিশ্বাস অন্যরূপ, তদন্ত্রপারে যজ্ঞবেদীই পৃথিবীর মধ্যবিন্দুরূপে কলিত ৷ ১৬ ফলতঃ ইরা ছারাও হিন্দুর আধ্যাত্মিক ধারণা সাধারণতঃ কতটা অপ্রসর হইরাছে, তাহা কতকটা অন্থমিত হইতে পারিবে ;—দেবতার অধিষ্ঠানভূমিই বে পৃথিবী এবং ব্রহ্মাণ্ডের মধ্যবিন্দু, ইহা অপেক্ষা আর কি সঙ্গত ও স্থান্দর কথা হইতে পারে ? হিন্দুর স্বর্গ-ধারণা এইরূপ ;—সেখানে বিশ্ববিধাতার নিবাসস্থানী, সেখানে অজস্র জ্যোতিঃ এবং লোক সকল জ্যোতিমন্ত ; সেখানে কামনা সকল নিকামতাকে প্রাপ্ত হয়; সেখানে স্থাও ভৃপ্তি সর্বাদা বর্ত্তমান রহিয়াছেন ; সেখানে আনন্দ এবং হর্ষ নিরন্তর প্রবাহিত হইয়া থাকে এবং সেখানে প্রাবান্ লোক সকল অমৃতহ প্রাপ্ত হয়; ইত্যাদি। ১৭ পুনঃ স্বর্গ বিষয়ে, আধ্যাত্মিক ধারণা এইরূপ—

"এই জীবনরপ দেতু উত্তীর্ণ হইলে, রাত্রিদিবাপ্রবর্ত্তক নিয়্মাতীত পরপারে জরা, মৃত্যু, শোক, স্থকত বা হৃষ্ণত, ইহার কিছুই নাই। এখানে আদিলে সকলে পাপ হইতে প্রতিনিবৃত্ত হয়। অথবা এই সেতু উত্তীর্ণ হইলে যে অন্ধ, সে অনন্ধ হয়; যে ক্রেশাদিতে বিদ্ধ, সে অবিদ্ধ হয়। এখানে রাত্রি দিবায় প্রভেদ নাই, রাত্রি প্রতিভায় দিবদের নায় সমতামৃক্ত। ইহাই সক্ষোতির্বিভাসিত ব্রদ্লোক।"—ছান্দোগ্য ৮৪।১-২। অথবা;—

করিয়া, ঠিক পুনক্ষর সময়ে পুনঃ পুর্কাদিকে লইয়াউপস্থিত করিত এবং তথন আবার উদ্যাতাদি পূর্ববং চলিত। অসারত্ব পক্ষে, আমাদেরও পৌরাণিক বর্ণনার অনেকাংশ ইহার নিকট নিতান্ত ফেলা যায় না।

- >01 Paus. X 16.
- ১৬। ঝঃ বেঃ ১।১৬৪। ''ইয়ং বেদিঃ পরোজস্তঃ পৃথিব্যাত্ময়ং যজ্ঞ ভূবনস্য নাভিঃ ়
- ১৭। "যত্রকা প্রমান ছলদ্যাং বাচং বদন্।

গ্রাব্ণা লোমে মহীয়তে লোমেনানকং

জনম্বিক্রায়েন্দো পরিস্রব ॥ ৬॥

"তথার স্থ্য চক্র ও তারকা, ইহারা আলোক দান করিতে পারে না; এই বিছাৎও দেখানে আভাতিত হয় না, অগ্নির ত কথাই নাই। সেই স্থপ্রকাশরূপ পরমাত্মার জ্যোতিতেই সমস্ত জ্যোতিশ্বর হইরা থাকে এবং স্থ্য চক্র তারকাদিও, সেই জ্যোতির আভার আভাতিত হইরাই আলোকপ্রদানে সমর্থ হয়। জাঁব তথার নাঁত হইনে, শোক হইতে উত্তীর্ণ হয়; পাপতাপ হইতে উত্তীর্ণ হয়; সংসারবন্ধনরূপ প্রস্থিছ হইতে বিমুক্তিলাভ করিয়া অমৃত্য প্রাপ্ত হইয়া গাকে দ্—মুপ্তক শ্রুতি হাহা১০, তাহাম।

হিন্দুদিণের স্থল-বিশ্বাসিত স্বর্গ পৃথিবীর উত্তরে এবং মেরুসন্নিতিত হঠলেও, তথাপি হিমালের বেমন কথনও কথনও দেবজান বলিয়। কার্তিত হইরা থাকে: সেইলপ গ্রীকদিণের স্বর্গ নর দিন ধরিয়। হাতুটা পড়ার ব্যবধান দূরে হঠলেও, তথাপি থেসালীদেশপ্ত ওলিম্পুস প্রতই সাধারণ্ডঃ স্বর্গস্করপ ও প্রধান দেবনগর বলিয়। কার্তিত

যত্র জ্যোতিরজন্ত্রং যথিস্লোকে ধারত:। তল্পিকাং ধেহি প্রমানামূতে লোকে অক্ষিত উল্লায়েলে। প্রিন্তর

যত রাজ: বৈবপতে। যতাবরোধনং দিবঃ। যতামুম্প্রতীরাপস্তত মামস্তং কৃষ্ণি

ইন্দ্রায়েন্দোপরিম্রব 🕒 .

যত্রাফুকামং চরণং ত্রিনাকে ত্রিদিবে দিবঃ। লোকঃ যত্র জ্যোতিশ্বস্তম্ভ মামমূতং কৃদ্ধি ইক্রায়েদে। পরিত্র ১০০

যত্র কামা নিকামাণ্ড যত্র প্রধ্না বিষ্টপং ধধা চ যত্র ভৃত্তিণচ তত্র মামমৃতং কৃদ্ধি ইক্রায়েন্দো পরিপ্রব ॥ ১০

যতানলাক মোদাক মুবঃ প্রমুদ আসতে। কামন্য বতাপ্তাঃ কামাপ্তত মামমূতং কৃদ্ধি ইল্লাহেলো পরিক্রব ॥" :> । হটয়াছে। এই দেবনগর, প্রাচীন গ্রীসদেশস্থ নগরবিশেষের অতিরঞ্জিত ছবি ভিন্ন আর কিছুই নহে। আর একটা কথা, হিল্পিগের স্বর্গ, বেমন দেবতাদিগের বাসস্থান বটে, তেমনি পুণাবান্ মন্থারেও উহা পুরস্কারের স্থান। কিন্তু গ্রীসের স্বর্গ সেরপ নহে, তথায় কেবল দেবতা-দিগের বাস; মন্থা-আন্থা বেমন পুণাবানই হউক না কেন, তাহার পুরস্কারের স্থান তথায় নহে বা তথায় তাহার প্রবেশাধিকারও নাই।

গ্রীক দেবনগরের গৃহাদি পিত্তল বা তাম্রনির্দ্মিত। গুহের আস বাব সকল দেবশিল্পী হেপিস্তুসের হস্তজাত। এবং দেবতার আস-বাব বলিয়া, বসিবার আসন সকল উপবেশককে লইয়া ইচ্ছামত ঘরিয়া ফিরিয়া বেডায়; বাধা দকল (পাছকা) পায়ে দিয়া ইচ্ছা করিলে, তাহা এক স্থান হইতে আরে এক স্থানে লইয়া যায়; রগ স্কলও, যেমন নানা ধাতৃতে নির্মিত, তেমনি তাহাদের ইচ্ছামত মনোরথ গতি: ইত্যাদি। এ হেন দেবনগরের একাধীশ্বর, দেবরাজ জিউদ; হিরা, তাঁহার ভগিনী এবং রাণী উভয়ই; গ্যানিমিডিস্, প্রিয়পাত্র; কন্যা হিবি, চাকরাণী-ঝী ও তুকুম বরদার; আপলো, সঙ্গীত এবং ধরুর্বিদ্যার অধিপতি; হেপিস্কস, দেবশিল্পী; পৈওন, দেববৈদ্য: হান্মিদ, লাভালাভের মালিক: আরিদ বা মঙ্গল, যুদ্ধ-विभावन ७ (नवरमनानी; आर्छिमिम वा नीयाना (नवी मृशया अवर শিকারপ্রিয় ও তদ্বিষয়ের অধিষ্ঠাত্রী দেবী; আফোদিতে বা রতিদেবী, প্রেমবিলাসিনী: থেমিস, ন্যায়াধিকারিণী এবং পালাস-আথিনে, জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী। এই অপুর্কা দেবপরিবার সেই দেবনগরে নিয়ত বাদ করিয়া থাকেন; মধ্যে মধ্যে সমুদ্রাধিপতি ভায়া পোদি-দোনও আসিয়া দেখিয়া শুনিয়া বান। তাহা ভিন্ন গীতিবিষয়িণী অধি-নায়িকাগণ, ২৮ শোভনাগণ ২০, নদী ও জলস্থলের অপরাপর অপ্যাক্স-দেবীগণ, ২০ তাঁহারাও মধ্যে মধ্যে তথায় যাতায়াত করিয়া থাকেন। দেবতারা, অলিমপুস ছাড়িয়া বাহিরে যাইতে হইলেই, হেপিস্তস্-

Muses.

۱ Graces.

নির্মিত নানা বেশভূষা ধারণে অঙ্গসজ্ঞা এবং পারে বাধা প্রদান করিরা গাকেন। নতুবা যথন স্বগৃহে অবস্থান করেন, তথন (নব্যমতে) বাঙ্গালী অসভ্যের ন্যায়, থালি গারে ও থালি পায়ে সময় কাটাইয়া থাকেন।

এই দেব-পরিবার ও প্রোক্ত তৎসম্বন্ধীরগণ ছাড়া, আরও নানা দেবদেবী নানা স্থানে নানামূর্ত্তিত বিহার ও বিচরণ করিয়া থাকেন; তাঁহাদের বৃত্তান্ত পরিশিষ্টে গ্রীক পুরাণে দেওয়া যাইবে। যাহা হউক, অলিম্পুস্ পর্কতন্ত এই দেব-পরিবার সর্কান যে স্থাথ সময়টা কাটাইকে পারিতেন, এমন বোধ হয় না। কারণ দেখা যায় যে, উগ্রমূর্ত্তি, রাগ, খামথেয়ালিতা, হিংসা, দেব, কলহ, প্রতিহিংসাপ্রবৃত্তি, পরকুচ্ছ,পরিবাদ, ইত্যাদির প্রবাহ তথায় প্রায়ই পূরা পরিমাণে চলিয়াছে। জেন হইলে নাায় অনাায় জ্ঞানও বড় একটা থাকিত না এবং তজ্জনা আপ্রত মন্থয়ামওলে পর্যান্ত,একের প্রিয়পাত্র মানুষবিশেষ অপরের দাবা লাজিত হইবার পক্ষে ক্রাট হইত না। আবশ্যক হইলে পুনঃ, ছই স্বর্বতীকেও এ উহার ঘাড়ে, বা এ উহার প্রিয়পাত্র মানুষবিশ্ব বাড়েচাপাইতে ছাড়িত না। ২০ তাহার উপর আবার, জিউদের বাছিরটান রোগটা কিছু বেশী বেশী রকম থাকাতে, ২২ ভাগনী এবং গৃহিণী হিরার সঙ্গে প্রায়ই

^{25 |} II VII 218, XIII 794.

২২। জিউসের বাহিরটানে দেবী এবং মানুষী কেছই বাদ বাইত না এবং রসিক্রাজ স্থাপিকে ভুলাইতেনও নানা ছলে। হিরাক্লিসের মাতা আজিমিনেকে ভুলাইলা ছিলেন, তাহার বামী আফি ব্রিওনের রূপ ধরিরা। লিডাকে ভুলান ফুলর রাজহ সরুপে, বেহেতু লিডা বড় রাজহ স ভাল বাসিত। স্বর্গরৃষ্টির আকারে দানবের কারাগারে প্রবেশ লাভ করিয়া, তাহাকে মোহিত করিয়াছিলেন। আস্তিওপিকে ভুলান, অধ্নর অর্দ্ধার রূপ 'সাতীর' নামক জন্তর আকারে। কালিভোকে ভুলাইবার নিমিত, সতীত্বের অধিষ্ঠাত্রী দেবী আর্জিমিসের আকার পরিপ্রহ করেন। বলদের আকার ধারন করিয়া, পৃঠে আরোহণ করাইয়া দূরে গমন পূর্বাক হউরোপাকে হরণ করেন। এগিনাকে ভুলান ইগল পক্ষীর পালকে পরিণ্ড হইয়া। ইহা ভিন্ন আরও কত কামিনীকে বে হরণ করিয়াছিলেন, ভাহার সংখ্যা নাই। জিন্সের পূর্বহংগাভ স্থতরাং অপরিনীন। অয়া হিরাছিলেন, ভাহার সংখ্যা নাই। জিন্সের পূর্বহংগাভ

তাঁহার এমন বেয়াড়া কোন্দল বাধিত যে, সময়ে সময়ে দেবনগরের চালে কাক বসিতে পাইত না এবং দেবতাগণেরও তাহাতে আমোদের সামা

হিরা যথন ইহার ভাবগতিক বুঝিয়া পলাইয়া পলাইয়া বেড়াইতেন, তথন একদা রিউন এক যোরতর ঝড় বৃষ্টি উপপ্রিত করেন এবং য়য়: একটি ঝটিকামথিত অনাথ পক্ষীর আকার ধরিয়া, অনন্দিয়টিত হিরায় হাটুর উপরে পড়িয়া শরণাপর হয়েন। পক্ষীটকে দেখিয়া কয়ণাপরবশ হইয়াহিয়াদেবী য়েমন কাপড় ঢাকা দিয়া তাহাকে রকা করিবেন, অমনি জিউনও তথন নিজমূর্ত্তি ধারণ করিয়া কেলিলেন,—আর য়ায় কোখা! দে যাহা হউক, শেষে প্রতিশ্রত হইয়া বিবাহপুর্বক হিয়াকে পাটয়াণী করেন।

ফলতঃ বাহিরটানটা কেবল জিউদের একা নহে, দেবনগরস্থ অপরাপর দেব ্দ্ৰীগণের মধ্যেও কিছু ৰাড়াৰাড়ী গোছের ছিল। নেহাত একটা মাত্রও তাহার নমুনা দেওয়া উচিত। দেবতাদের মধ্যে হেপিস্তব্ যেমন কুরূপের একশেষ, আব্দ্রো-দিতে অথাৎ রতিদেবী ছিলেন তেমনি ফুরপার চরম। এই ছুইজনে বিবাহ হয়। ভাবুকেরা বলেন যে, শিল্প ও দৌনদা, এ ছুয়ের যে পরিণয় তাহা অতি ভাবগ্রাহিতার কর্না। হইতে পারে তাহাই, কিন্তু এথানে কাষাত যে তাহা খুব ভাল দাঁড়াইয়াছিল, ক ও কারথানা দেখিয়। তাহা বড় একটা বোধ হয় না; বেহেতু দেখা যায় যে, রতিদেবীর মন্টাবডই এদিক ওদিক ছুটিত। ফলতঃ পতি কুরূপ বলিয়া হুটক, আর ্য কারণেই হউক, রতিদেবী নানা দিকে দৃষ্টিপাত করিতেন। যুদ্ধবিদ্যাবিশারদ চপল দেবতা আরিদ অর্থাৎ মঙ্গলের দঙ্গেই প্রণয়টা তাহার যেন কিছু বেশী বেশী ্গাছের হইয়াছিল। কিন্তু শক্রছাড়া কোথাও নাই ; স্কুতরাং, এথানেও স্থাদেব শক্রতা क विशा त्र कथा हि शिखन्त क विनिष्ठा तिन ! वस्तु व हि शिखन् मझन ति वर्ष शांति दिन না জানিয়া, কলে কাজ হাত করিবার মতলবে নিজের কারথানায় প্রবেশ করিলেন এবং এইবার তাহার সকল গুণপণাকে তন্ন তন্ন থাটাইরা মনের মত করিয়া একথানি জালের ফাঁদ প্রস্তুত করিয়া ফেলিলেন। একে দেবশিল্পী, তার মর্মান্তিক চেষ্টার ফল. ফুতরাং গুণপণার আর অবধি রহিল না; —জালধানি এমন কৌশলের হইল যে দৃশাত অদশ্য, অধ্চ এমন মজবুত যে, তত বড় মজবুত যে মঙ্গল, তাহারও তাহা ভেদ করিবার সাধা নাই; এদিকে আবার জালে পড়িতেই হইবে, তাহা হইতে অব্যাহতি নাই: হেপিস্তদ স্থানাস্তর বাওয়ার ছল করিয়৷ যেমন অবজাতে জাল থানি পাতিয়া গেল. এবং র্ত্তি ও মঙ্গলও যেমন একত্র হইল, তথনই উভয়ে জালের বাঁধনে আবদ্ধ হইয়া পডিল। হেপিস্তুদ তথন ক্রোধে ও তাপে অস্থির হইয়া, ঘরের ছয়ারে দাঁড়াইয়া, অলিম্পুদের থাকিত না। ফলতঃ দেবরাজ একবার গৃহিণীর জালায় এতই জালাতন হইয়াছিলেন যে, শেষে তাহাকে শান্তি দিবার জন্য তাঁহাকে অতি মন্তুত উপায় পর্যন্ত অবলখন করিতে হইয়াছিল; অর্থাৎ, হিরার হাত পা বাঁধিয়া ও পায়ে লোহার মূলার লট্কাইয়া, স্বর্গ ও পৃথিবীর মধ্যস্থ শূন্য স্থানে তাহাকে ঝুলাইয়া রাথেন। এদিকে পুন: মাতৃবংসল পুত্র মায়ের এই হুর্গতিদর্শনে থাকিতে না পারিয়া তাহার সাহায্য করিতে উদ্যত হইলে, জিউদ্ অতি বড় জোধে হেপিস্তুদ্কে এমন ধাকায় অলিম্পুদ্ হইতে নিম্নশে নিক্ষেপ করিয়াছিলেন যে, এমন কি, গরিব হেপিস্তুদ্কে গড়াইতে গড়াইতে ভূমধ্যসাগরস্থ লেমনোদ্দ্দীপ পর্যন্ত যাইতে হইয়াছিল। ২০ পুক্ষের রাগ বটে! এবং বলিতে কি বাঞ্গায়াম, গৃহিণীপালকতা পক্ষে আদর্শ-চরিতও বটে!

এভগুণের স্বামী সত্তেও, হিরাদেবী স্তিনীর নামে কম্পিত হুইতেন। স্তিনীও তাঁহার ছিল অনেকগুলি। প্রথম বিধাহিতা স্তিনী নিতীস্; ইনি গ্রিপী হুইলে, অবনীদেবী জিউস্কে বলেন যে, এই গড়ে যে

সনস্ত বেবদেবীগণকে হাঁকিয়। ও ডাকিয়া তথায় একত্র জড় করিলেন : কিন্তু হুভাগা বেবপণ সনবেদনা প্রকাশ করা দূরে থাকুক, সকলেই হো হো হাসিয়। অজ্ঞান ও ঠাটা তানাগায় এককোর । সেই সময়ে ভাইজী পোসিদোনও আলিপ্সুসে ছিলেন : তিনিই করল বে তরল হাসিতে যোগ না দিয়া গজীর ও স্থির ভাবে দেখিকে লাগিলেন বে গোলমালটা এখন চুপি চুপি ও আপোবে মিটে কিরপে। শেষে তিনি গেপিসুসকে একান্তে ডাকিয়া ভাইপোকে বলিলেন, "বাপাজি আর গোলে কাজ নাই : যা হবার ১ইয়া সিয়াছে, এখন কিছু হাতে লইয়া গোলমালটা আপোবে নিশ্বতি করিয়া ফেলাই ভাল।" হেপিস্তিস্ তাহাতে রাজী হইলেন বটে, কিন্তু মঞ্চল যে শঠ ও জুয়াচোর, তংলাতে চুজির ক্রবা হাতে না পাইলে বিখাস নাই। কাজেই তথন অনন্যোপায় ১ইয়া পোদিনান নিজেই মঞ্চলের জামিন হইয়া রতি ও মঞ্চলকে জাল হইতে থালাস করিফা দিলেন। বলা বাহলা যে, এই আখ্যায়িকা সেই প্রাচীন গ্রীকচরিতেরও প্রকাশেক বটে, এবং ওচ্জনাই ইয়া এখানে গৃহীত হইল। আধুনিক ইউরেপীয় অস্তোরেরও উহা ভিত্তিভূমি;—কতীপুরণাদির দাবী উহার রপান্তর আভানরমাত্র।

২০ | ই্লিয়দ মে স্প :

प्रसान रहेर्त, त्म जिडेरमत नगांत्र मभान वलतान ও विक्रं रहेर्त ; जिडेम ইহা ত্রনিয়া, ভয়ে ও আশক্ষায় মূল ত্বদ্ধ আপৎ নিবারণের অভিপ্রায়ে, মিতীদ্ দেবীকে আদরে ভোলা অন্তমনা অবস্থায় টপ করিয়া মুখে ফেলিয়া উদরসাৎ করেন। কিন্তু অনৃষ্টদোষে তাহাতেও আপং চুকিল না; भिजीमानवी यनि ७ উनत्त बहित्तन वर्षे, किन्छ मन्त्रानि थाकिन ना : तम পালাস-আথিনে নামে লইয়া ফটু করিয়া জিউসের কপাল ফাটাইয়া বাহির হইরা পড়িল। ২৪ হিরাদেবীর তৎপরবর্তী সতিনী গুলি ক্রমান্ত্রে থেমিস্; ইউরিনোমি; দেমিতুর এবং শ্লিমসিনে। হিরাদেবীর সতিনীর আশস্কা কতনুর, তাহার সম্বন্ধে এরপ একটি আখ্যায়িকা কথিত হয়। জিউদের সঙ্গে কলহ হেতু হিরাদেবী একবার তাঁহাকে পরিত্যাগ করিয়া বিদেশিনী হইয়াছিলেন; অনেক সাধ্যসাধনাতেও অনুকূল হয়েন নাই। শেষে জিউস্ আর কোন উপায় না দেখিয়া, একটা ক্ত্রিম বিবাহের আয়োজন করেন। এক দিকে নিজে বরের বেশে সজ্জিত এবং অপর দিকে একটি কাঠের পুতুলকে পাত্রী সাজাইয়া পাত্রীবাহক রথের উপরে স্থাপনপূর্বক, দলবল সঙ্গে বিবাহ সজ্জায় সজ্জা করিয়া পথে বাহ্র হইলেন। এমন সময়ে হিরাদেবী গুনিলেন যে, জিউদ্ আর একটি নূতন বিবাহে চিত্ত মজাইয়া ফেলিয়াছেন। তথন আর কি রাগ সহ্য হয়, না মন মানে। তথন আলুলায়িতকুন্তলে উন্মতার ন্যায় উক্ষাবেণে ছটিয়া হিরাদেবী রথোপান্তে উপস্থিত; রাণে ও ঝালে টুকরা টুকরা করিয়া পাত্রীর বেশভূষা ছিড়িয়া ফেলিলেন; কিন্তু শেষে দেখিলেন কি ৭-একটা কাঠের পতুল! বোরতর হাসির গট্রা পড়িয়া গেল; মান খুচিল, মিলন হইল, হিরাদেবী তথন নিজে কনে হইয়া স্থারে বেগে বিবাহর্থ হাঁকাইয়া দিলেন। २৫

২৬। ভাবুকদিগের ভাব অফুদারে, মিতীস্ বিজ্ঞা, স্তরাং তাহা লিউদের উদরসাং হওয়াই সঙ্গত। বিজ্ঞার সন্তান জ্ঞান এবং সে জ্ঞান ললাটবিলোড়নেই বাহির হয়, এই অর্থে পালাস্ আ্থিনের জ্মা লিউদের ললাটভেদ করিয়া।

et Paus. IX 3.

এই ত গ্রীকদিগের দেবরাজ্য, দেবনগর, দেবরাজ, দেবপরিবার এবং তাহাদের লীলাথেলার কতকটা আভাস প্রদান করিলাম। কিন্তু ইহার সঙ্গে হিল্লু দেবচরিতের কোন স্থান যে তুলনা করিব, তাহা ব্রিতে পারিলাম না। অতি সাধারণ পৌরাণিক বর্ণনাও ইহার সমতায় নামে না। পৌরাণিক বর্ণনার অতি অসংলগ্ন, অযৌক্তিক বা নানা বিসদৃশ বিষয় থাকিলেও, তথাপি তাহা দেবচরিত; আর এই গ্রীক দেবসংসার, কেবল অতিরঞ্জিত ও ক্ষাত আয়তনের গ্রীকচরিত ভিন্ন আর কিছুই নহে। হিল্লুর দেবসংসার ও ঐশরিক তত্ত্বের নিকট প্রীকের এ সকল, বর্লর বালকোচিত কল্পনা ভিন্ন অপর কোন উচ্চ নামে নামিত করা ঘটতে পারে না।

উপরে যে দেবচরিতের আদেশ প্রদত্ত হইল, তাহা হোমার ও চিলি প্রদের সময়ের। তাহাদের পরবর্তী সময়ে লোকচিত্তের উন্নতি সহকারে, দেবচরিতেও আনকটা উন্নত ভাব লাক্ষিত হয়। ওলিপপু স্তথন, থেমালির অন্তর্গত তন্নামধারী পক্ষত হইতে পৃথক হইন্না, লোকাতীত কোন অনুষ্ঠ এবং দিবা স্থানে পরিণত হইন্নাছে; দেবচরিতে প্রকৃত দেবস্থভাব কতকটা প্রতিফলিত হইতে আরম্ভ হইনাছে এবং জিউস্কে তথন বহুলাকারেই সক্ষশাসক দেবরাজ্পদে অধিষ্ঠিত করা হইনাছে। জিউস্, এখন হিন্দু মহাদেবের ন্যায় ত্রিনেত্রে ভূষিত হুইনাছেন; ২৬ এই ত্রিনেত্র ছারা তিন লোক অর্থাৎ স্বর্গ নরক ও পৃথিবী অবলোকন করিয়া থাকেন।

কিন্তু তথাপি, এতটা উন্নতি সত্ত্বেও দেখা বায় বে, মান্থ্যের প্রতি
অন্ত্রাহ্ন বা নিগ্রহ্বিতরণের সময় দেবতাদের থামথেয়ালিতাই বেশী এবং
নাারান্থ্যরণের ভাগ অতি কম। এবং জিউস্ তথনও, পৃথিবীত্ব সাহ বাদসাহের প্রতিরূপ;—এক পাল গৃহিণী, রোষতোষের আধার, শক্রমিত্র
উভয়ে পরিবেটিত, খামথেয়ালিতায় পরিপূর্ণ, ভোগলালায়িত, ইত্যাদি।
নত্বা, "আবৈদ্ববেদমগ্র আসিদেক এব" নহেন। বর্জর জাতিকে বিদ্বিত

করিয়া গ্রীক বেমন আয়মনে আপনি শ্রেষ্ঠ ও ঐশ্বর্গাবান্ এবং পৃথিবীর শ্রেষ্ঠ অলঙ্কার স্বরূপ; দেবতার মধ্যে দেবরাজ জিউসও তন্ত্রপ,—
ফীতাকারের গর্বিত গ্রীকমাত্র। লোকাতীত দেবত্বভাবের ছায়া
সে চরিতে তথনও, হিন্দুর সঙ্গে তুলনা করিলে, অতি অর মাত্রাতেই
পড়িয়াছে বলিতে হইবে। যাহা হউক, একণে হিন্দুর দেব-সংসারের
প্রতি একবার দৃষ্টিপাত কর;—

"হার্গ ও পৃথিবীকে যিনি স্থজন ও ধারণ করিয়াছেন; যিনি ভূত সকলের জনমিতা ও পিতা, যিনি আদিতে হিরণাগর্ভরূপে প্রকাশমান হইয়াছিলেন, সেই আদি দেবতার উদ্দেশে আহতি প্রদান করি।"২৭ পুনঃ ইন্দ্রদেবরাজ সম্বন্ধে,—

২৭। "হিরণাগর্ভ: সমবর্ত্তীয়ে ভূতসা জাতহ: পতিরেক আসীং।
স দাধার পৃথিবীং দাামুতেমাং কলৈ দেবায় হবিষা বিধেম ॥ ১।
য আল্লদা বলা মসা বিষ উপ্সেতে প্রশিষং মসা দেবাং।
যদ্য ছালামূত: যস্য মৃত্যু: কলৈ দেবাল হবিষা বিধেম ॥ ২। ইত্যাদি।

ঋ: বে ১৭/২২১।

ঋ: বে ১৭/২২১

এই স্কটি অতি অপূর্ক। গুরুজ্গুচ্তাও ভাব, তিনই ইহাতে চরমতা প্রাপ্ত হইয়াছে। অনেক কটে সমস্ত উদ্ভ করার প্রলোভন পরিভাগি করিয়াছি। এ হেন মহাস্কুজ্, বৈদিকবঙা, মক্ষ্নর এবং স্তরাং ভাহার উচ্ছিটভোজী বলীয় বৈদিকবাচাল ও বৈদিকবঙা, মক্ষ্নর এবং স্তরাং ভাহার উচ্ছিটভোজী বলীয় বৈদিকবাচাল ও বৈদিকধুটগণের ঘারা, নাতানাব্দ হওয়ার পক্ষে ক্রটি হয় নাই। "কল্মে দেবার হবিঘা বিধেম," ভাহারা এই পদের অর্থ করিয়া থাকে যে, ঝবি বেন দেবতা ঠিক করিছে না পারিয়া জিজ্ঞানা স্বরূপ বলিতেছেন,—"কোম দেবভাকে হবি প্রদান করিব ?" কেবল এই অর্থ করিয়াই ভাহারা ক্ষান্ত নহে; পূন: বলিতেছে যে, রাহ্মণগ্রম্মও, এই পদের ঠিক অর্থ করিয়াই ভাহারা ক্ষান্ত নহে; পূন: বলিতেছে যে, রাহ্মণগ্রম্মও, এই পদের ঠিক অর্থ করিয়াই ভাহারা ক্ষান্ত নহে; পান মান্ত দেবতা এই অর্থ করিয়াছে? বেদের অপ্যার অংশ ও বায় বেদম্বরূপ যে রাহ্মণগ্রম্মও কান্ত বাছ বাছার বাছার কান্ত দাড় পাকিছে পারে। ভাল, এখাত্মক বাকা হয় কথন ?—যথন পূর্ক্যিত পদে কোন সন্দেহের ম্যাবেশ থাকে; কিন্ত এখানে ভাহা কোথায়? বাকোর প্রথমাংশ বেবানে থিবানিস্কাল্যর, ভদবরে ছিতীয় অংশ ক্ষমণ্ড প্রান্ধক হইতে পারে না; স্বতরাং এখানা বাহার বাকার একবারেই কারণাভাব। ক আদি বর্ণ হেজু, ক্ষেত্রাং

"দেই বলই তাঁহার প্রদীপ্ত বল, যদ্ধারা তিনি স্বর্গ ও পৃথিবী উভসকে চর্মের ন্যায় আব্যাত করিয়া প্রিব্যাপ্ত হইয়াচেন।" २৮

অথবা এরূপ পদ কতই উদ্ভ করিয়া শেষ করিব ?

জিউদ্ যেরপে দেবরাজপদে প্রতিষ্ঠিত হইরাছিলেন, তাহা উপরে দেখান হইরাছে। এক্ষণে ইক্র দেবরাজত্ব অধিষ্ঠিত হইলেন কিরপে, তাহা একবার দেখা যাউক। ঐতরের আক্ষণে ইক্রের দেবরাজপদে অভিষেক সম্বন্ধে এরপ বর্ণনা দেওয়া আছে।—'অনস্তর প্রজাপতি-প্রম্থ দেব সমস্ত এরপ স্থির করিলেন যে, ইক্র যথন দেবতাদের মধ্যে ওজিষ্ঠ বলিষ্ঠ সহিষ্ণু সভ্য পার্যায় ক্রিয়া ইহার মহাভিষেক করা যাউক। তথন ইহার জনা ঝছমন্ত্রনির্মিত সিংহাসন আন্যন করিলেন। রহং এবং রথস্তর সাম ঐ সিংহাসনের পূর্ম তুই পদ; বৈরূপ ও বৈরাজ মন্ত্র উহার পশ্যতের তুই পদ। শক্র ও বৈরত মন্ত্র উহার শীর্ষক

বলার, আদিদেবতাকেই বুঝান উদ্দেশ্য এবং এই ক্রেরে বাচনীয় দেবতাও সেই আদি দেবতা। "কম্মৈ কাষাধিরূপায় (ক + ৪খী — আদিরূপায়)। মৈ ভাবেহিপি ছালদায়।"—শহরাচায়। কিন্তু যাহারা রাজ্যকে কমে অর্থ বুন্ধে নাই বলিতে কৃতিত নহে, তাহারা যে শহরাচায়কেই ছাড়িবে তাহার সম্ভবত। কি ০—বিশেষতঃ তাহাক্রে যথন এটাও একটা বিখানা বিষয় যে, তথনও বর্ণনালার স্থাই হয় নাই। সে যাহাহউক, সংস্কৃত 'কম্মে' শব্দ কি এতই ক্রিন যে, স্বয়ং বেদমূর্ত্তি রাজ্যণ ও শক্ষাবতার ধরুপ শক্রেই তাহার কাছে হারি নানিয়া আন্ত হয় ৫ তবে কিনা ধূর্তের বিদিও অবারিত মুখে ও অবারিত গতি বটে, কিন্তু সৌভাগ্যক্রমে কর্থনও তাহা ছাপা না থাকায়, সংসারে তাহাতে বিশেষ ক্যান অনিই হইতে পারে না।

২৮। সাং বেং ২।২।৭।৯। বং বেং ১ম, ৩২ সং অস্তম্ভচান্তে নিকেবলা শব্রেজ বে
নিবীদ্ প্রদেশ হয়, ভাছাতে ইক্সু সক্ষে একপ বিশেষণ প্রকৃতি একথা দৃষ্ঠ হয়।—
"একজানাং বীরতমং। ভূরিদানাং ভবস্তমঃ। হবোঃ ছাতা। পূলে প্রভা।
বজুসা ভর্তা। পূরাং ভেতা। পূরাং দুর্ভা অপাং অস্তা। অপাং নেতা। নিজ্ফি
দুরেশ্রবাঃ। উপমাতি কৃদংশনাবান্। ইহোশং দেবো বজুবান্। ইক্রোদেব ইং
শ্রুবিদ্যোম্যা পিবভূ। প্রাোগ্রেণ দেবা বিদ্যা ধিয়া।"

ন্থান; নৌধন ও কালের মন্ত্র উহার পার্ম। ঋন্ত্রমন্ত্র উহাতে বসিবার আসনের টানা, সামমন্ত্র পড়েন, যন্ত্র্মন্ত্র টানা পড়েনের মধ্যন্ত্র ব্যবধানগুলি। বংশাদেবী উহার আন্তরণ, জীদেবী উপবর্ষণ। সবিতা ও
রহস্পতি সিংহাসনের সন্মুণস্ত পদন্তর, বায়ু ও পূবা পশ্চাতন্ত্র পদন্তর,
মিত্র ও বকুণ শীর্ষক এবং অশ্বিনদ্র পার্মধারণ করিয়া আছেন।'—
উতরের ব্রহ্মণ। ৮০৩৩

এক্ষণে প্রতীত হইবে যে, সিংহাসনের যেরূপ ধারণীয় ও ধারক সকল নিরূপণ পূর্বক যে প্রকার মন্ত্রময় সিংহাসনে ইক্সকে আরু করাইয়া দেবরাজপদে অভিষেক করা ইইয়াছে; তাহাতে ঐ বর্ণনা সম্পূর্ণই যে কোন গুরুতর আধ্যাত্মিক তর্ববিশেষের রূপক কর্না, তাহাতে আর সন্দেহমাত্র নাই । কলতঃ বলিতে কি, হিন্দু দেবতত্ত্বের সঙ্গে গ্রীক-দেবতত্ত্বের তুলনাই হইতে পারে না; কারণ, ছই এক প্রকৃতির হইলেই তুলনা ইইতে পারে, নত্বা পারে না; কিন্তু এখানে এক প্রকৃতিত্বের কোন চিহ্নই দেখা বার না। গ্রীকের দেবসংসার, দেবতত্ত্ব ও দেবচরিত আদি বথাবণিতরূপে ইতিহাসকং বিশ্বাবিত, স্কৃতরাং উহা ঐতিহাসিক বা উপন্যাসিক বর্ণনাবিদ্যার বিষরীভূত; আর হিন্দুর সেই সেই সমজাতীয় বিষয়, কেবল আধ্যাত্মিক তত্ত্ব সকলের রূপক ক্রনামাত্র; স্কৃতরাং তাহা জ্ঞান ও তত্ত্ববিদ্যার বিষয়ীভূত। একারণে যে ঐতিহাসিক পৌর্কাপ্যা এবং বর্ণনার স্থিবত্ব ভাব ঐতিক্যাপ্যার দেখা যায়; হিন্দুসংসারে তাহা

১২। আধুনিক বৈদিকবাচালের নিকট ঋক্তক্ত সকল কৃষকের গান ও কাব্যরস আবাদনের উপকরণ অরপ হইলে হইতে পারে কিন্তু ঝরং বেদকতা বৈদিক ধবি ঘাঁহারা, তাঁহারা ঋক সম্বন্ধে সেরপ ভাবিতেন না। যথা—

> "ঋচো অক্ষরে পরমে ব্যোমন্যামিশেবা অধিবিধে নিষেত্ঃ। বস্তন্ন বেদ কিমুচা করিব্যতি য ইত্তিত্ব ইমে সমাদতে। ৩৯।

> > यः (व :1) ५४।

এখন ৰাঞ্চাৰাম অবশা বুঝিতে পারিবে বে, ইত্তের সিংহারন নন্তনয় হওয়ায়, উহাকে কিজন্য আধ্যায়িকতত্ব বিশেবের ক্লক স্বকূপ বলিষ্চ্ছি।

দেখিতে পাওয়ার বিষয় নহে। তরাফুভূতির প্রকার ও ক্রম অনস্ত, এজ জাহার করনারপও নব নব ও অসীম। তাই বলি, কোন্টা গ্রীকদিগের সঙ্গে তুলনা করা যাইবে? এখন একটা সদৃশ করনা পাইয়া তুলনা করিতে বিসিন্ম বটে, কিন্তু পরক্ষণেই আবার হয়ত আর একটা করনা এমন বাহির হইতে পারে, যাহা তাহার সম্পৃতি স্বতন্ত্র দিক্গামী। অধিক কথা কি, এই দেখনা কেন, এখনই যে ইক্রের অভিষেক সম্বন্ধে এতটা বর্ণনা দিলাম, আর এক স্থানে সেই ইক্র সম্বন্ধে কিবলিতেছে।—''ইক্র মিত্র বর্জণ অগ্রি য়ম ইত্যাদি সেই একস্বরূপের কেবল বহুত্ব করনাও বহু নামস্বরূপ মাত্র।'' ও ইহাও এ স্থানে বলা কর্তুরা যে, দেবদল সম্বন্ধে এরূপ একড়-নির্বাচক ও একেশ্বরত্ব-বিধায়ক বাক্য, সমস্ত গ্রীকপুরাণ খুঁজিলে, কোথায়ও একটি পাইবার সম্ভাবনা নাই। সে যাহা হউক, হিন্দু এবং গ্রীকের দেববিবরণ তুলনাস্থলে এরপ বিসদৃশ ভাব ঘটবার কারণ কি ?—

মানবস্থার ধর্মবীজের প্রথম বিকাশে, স্কৃতরাং উচ্চতর শক্তিবোধের প্রথম ক্রুরেণে, মানব নিস্পনিহিত শক্তি সকলেতে প্রধানতঃ দেবক করনার আরোপ করিয়া থাকে। উক্ত করনা হইতে, প্রতি পূথক ক্রিয়াধর্মবিশিষ্ট প্রতাক শক্তিলীলায়, এক একটি পূথক দেবতাস্থর কিনিকাচিত হয়। সেই সকল দেবতাপূনঃ,মানবীয় বৃদ্ধি ও জ্ঞানের নানাবিধ প্রকৃতি ও পরিণতি অস্কুসারে, নানা মৃষ্টি ও বিভৃতিবিশিষ্ট এবং সেই নানা

50 CTC 51598 I

এটক বিগের প্রস্থ হইতে কোন মৃলাংশ উদ্ধৃত না করিয়া হিন্দু বৈ দিক প্রস্থ হইতে কেবল মৃলাংশ উদ্ধৃত করিতেছি কেন, তাহার একটু কৈ কিয়তের প্রয়োজন। বৈদিক বিদ্যা অতি কটিন: স্তরাং এই প্রস্থে গৃহীত অর্থ বা ভাবসংগ্রহ পাঠকের অস্থ্যোগিছ না হইলে, মূল বেবিয়া বাহাতে তিনি নিজের সন্তোষ সাধন করিতে পারে, ভাহারই জনা মূলাংশ, যতদুর সম্ভব ইইতে পারে ও স্থানে কুলায়, উদ্ধৃত করিয়া দেওয়া বাইতেছে।

 ^{*}ইক্রং মিএং বরুণমগ্রিমাত্রথো দিবাঃ সফুপর্ণে গরুস্থান্।
 একং সদিপ্রা বহুধা বদস্তাগ্রিং যম: মাতরিখানমাতঃ॥ ৪৬।

মূর্ত্তির মধ্যে আবার কেহ স্ত্রী, কেহ বা পুরুষরূপে নিরূপিত হইরা থাকে। তদনন্তর মানব, স্বীয় স্বীয় পারিবারিক ও সামাজিক সম্বন্ধ পরস্পরার असुकतरन, रनवजागरनत भरधाउ नाना महक निर्द्धाहरन काछ इय ना ; এবং উহা হইতেই দেবতাদিগের মধ্যে, কেহ রাজা,কেহ পারিষদ, কেহ চর. কেহ পিতা. কেহ মাতা, কেহ বা ভ্রাতা, ইত্যাদি *নানা সম্ব*দ্ধের উদর হয়। অতএব ধরিতে গেলে, এই দেবতত্ব ক্রিতধর্মবীজ মান-বীর মনের অবিকল প্রতিচ্ছারামাত্র। দেবতত্ত্বের ইহাই আদি অবস্থা। যত দিন মানব স্বীয় পাশববন্ধি, অর্থাৎ শরীরপোরণ বিষয়ক চিম্মা শইয়া নিরস্তর ব্যাকুল থাকে এবং তদতিরিক্তে বিশেষ কোন অবদর পাইয়া উঠে না, ততদিন এই আদি অবস্থাকে অতিক্রম করিয়া যাইতে পারে না। মানব যধন পাশববৃত্তির হাত হইতে অবদর পাইয়া, চিস্তাপথে প্রধাবিত হইতে পারে ও জ্ঞানমার্গে বছদর্শিতা লাভ করিতে সমর্থ হয়,তথনই কেবল দেবতত্ত্বের উক্ত আদি অবস্থা অতিক্রম কবিষা ষাইবার সম্ভাবনা। আলোচা জাতীয় জীবনদ্বয়ে,দেবতত্ত্বের প্রোক্ত আদি অবস্থা গ্রীকদিগের; যদিও গ্রীকদিগের ক্রমোন্নতি হেতু, কালে তাহা অনেকটা পরিচ্ছিন্নতা প্রাপ্ত হইরাছিল তাহাতে সন্দেহ নাই। পুনশ্চ, যদিও পুরবর্ত্তী সময়ে গ্রীকেরা পাশবরুত্তি পরিপুরণ হইতে অনেকটা অবসর লাভ করিয়াছিল বটে, কিন্তু তথনও তাহাদের মন অভ্যাসবশে ও দেশকালাদির প্রভাবে ইহলৌকিক বিষয়ে এতই মগ্ন ছইয়া থাকিত যে, দিতীয়বিধ দেবতত্ত্বে প্রবেশ করিতে আর তাহাদের তাদশ প্রবৃত্তি ও মতিগতি ঘটিয়া উঠে নাই। প্লেটো ও সজেটিস আদির সময়ে যদিও দিতীয়বিধ অবস্থায় প্রবেশ করিবার কতকটা চেষ্টা হইয়াছিল বটে, কিন্তু তাহাও হিন্দুর তুলনায় অতি সামানা, স্তুত্রাং ফলও তাদুশ ফলে নাই।

কিন্তু দেখা যায় বে, হিন্দু সেই দ্রতম বৈদিককালেই, মনীষাশক্তির অসীম পরিচালনে, প্রথমবিধ দেবতত্ত্ব অতিক্রম করিয়া, দ্বিতীয় অবস্থার প্রবেশ করিতে আরম্ভ করিয়াছেন। যে একস্বরূপকে প্রাকালীন

গ্রীকেরা স্বগ্নেও কথনও অনুভব করিতে পারে নাই; হিন্দুদিগের নিকট, বহুধা-বিচ্ছুরিত দেবত্ব এবং দেবশক্তি আসিয়া সেই এক ও অদ্বিতীয় স্তায় সমাবিষ্ট হইতে আরম্ভ করিয়াছে এবং সেই সঙ্গে, মনুষাজীবনের উপরও নতন তেজ ও নতন জ্যোতিঃ বিকীর্ণ হইতে চলিয়াছে। বৈদিক ঋষি তথন দিবানেত্রে দর্শন করিছে লাগিলেন বে.সেই বহুদেব তাহাদের ঐতিহাসিক ক্রম, পৌর্বাপর্য্য এবং পারিবারিক সম্বন্ধ, ঔপন্যাসিক বিবরণ ও বর্ণনা, এ সকল বস্ততঃ সেই একস্বরূপের বছধা প্রচারিত মহিমা বিকিরণমাত্র; তাঁহারই বছবিস্তৃত বিভূতির বিভিন্নরপক কল্পনা স্বরূপ; তদ্তির বস্তুত: তাহাদের পৃথক্ কোন সভা নাই। তাই তিনি योगीरवर्ण काविष्ठे इहेन्ना नर्गन कतिरामन एवं, "स्वर्णम् विश्वाः कवरवा বচোভিরেকম সম্ভম বহুধা কল্পবস্তি।" তাই জাঁহার নিকট সকল দেবতাই সমান শ্রেষ্ঠ; অথবা অনুষ্ঠানবিশেষের আবেশ ও আগ্রহবশে, কেহ এখন শ্রেষ্ঠ হইতেছে, কেহবা তখন কনিষ্ঠ হইতেছে; এবং তাই পুন: এখন যথায় যেরূপ বর্ণনা ও বিভৃতি, পরক্ষণেই তথায় অন্য বিবরণ ও অন্ত বিভৃতির সমাবেশ দেখা যাইতেছে। তাঁহার দৃষ্টিতে সর্বেশ্বর দর্বত্রই সমত্বপূর্ণ এবং দর্ববিধ প্রয়োগ অপ্রয়োগেরও তিনি আশ্রয় অথচ উপরমন্থান। ফলতঃ মানবীর মনের অবস্থা ও ভাবাবেশের প্রকার ও প্রকরণ অনুসারেই, প্রয়োগ অপ্রয়োগে প্রকারভেদ এবং দেবচরিতে ইতরবিশেষত্ব, বছত্ব ও বৈচিত্র আদির উপস্থিতি হয়। এখন অবশ্য বৃঝিতে পারিবে যে, কেন হিন্দু এবং গ্রীকের দেবতঙ্ जुलनवृत्त विमृत्र जाव मुद्दे हम। इहे मम अवदा ७ मम श्र्यात्मत हहेताहे স্থলর তুলনা হইতে পারে। কিন্তু এখানে দেখা যাইভেছে যে, গ্রীকের দেবতত্ত্ব আদি পর্যায়ের, আর হিন্দুর পর্যার তগ্রুরতর।

মকম্লর প্রভৃতি, ইউরোপীর; হিন্দুর তাত্ত্বিক ও আধ্যাত্মিক দেবতবে স্তরাং প্রবেশ করা সহজ নহে। তাই আকুল হইয়া স্থির করিতে পারে নাই বে, হিন্দুকে বছদেব-উপাসক বলা যাইবে কি একেশ্বরাদী বলা যাইবে; অথবা দেবতার মধ্যে ইহাদের নিজ্ঞ বা কে আর উৎরুইই বা কে। আমরাও সেই সঙ্গে সঙ্গে দিজাসা করি, প্রাচীন হিন্দুরা কিরুপ একেখরবাদী ছিলেন ? তাঁহাদের সে "একমেবা-দিতীরম্" বলিতে তাঁহারা কি বুঝিতেন ? ইক্র আয়ি বায়ু ইত্যাদি, এ সকল কি একমাত্র প্রমেখরের বহুধাবাাপ্ত বিভৃতির কেবল আলীক ভাবক্রনা; অথবা ইহাদিগেরও প্রত্যেকের পৃথক্ দেবতারূপ পৃথক্ সত্তার বিশাস করিতেন ? দেখা বাউক।

পরমাত্মাই অন্ধিতভাবে ব্রহ্মশব্দে আথ্যাত হইয়াছেন; ক্রিয়াম্বরে তাঁহাতেই পুন: প্রমেশ্বরত। প্রমেশ্বর স্থীয় বৈষ্ণবী শক্তিযোগে এই বিশ্বমধ্যে আত্মপ্রকটিত করিয়া থাকেন। শক্তি এবং শক্তিধরে ছই পৃথক সন্তা নছে; স্থাতরাং বেথানে শক্তির বিকাশ, সেইথানে ঐশ্বরিক-সভারও বিদামানতা। শক্তির পরিচয় কর্ম্মে এবং কর্ম্মই পদার্থপদ-বাচা। অতএব ঐশবিকসভাও, সর্বপদার্থে দ্যোতনশীলতায় বিদামান রহিয়াছে: ফলতঃ তাহা ভিন্ন কোন পদার্থেরই অন্তিত্ব সম্ভব হইতে পারে না। ঐশবিকসভাব দ্যোতনশীলতা হইতে দেবতা। এই কারণেই. বেদোক্ত যাবতীয় পদার্থনামকে দেবতাপদে গণনা করা হইয়াছে। ৩১ আমার বোধ হয়, তজ্রপ সেই আদিম বৈদিক দেবতা বোধ হইতেই হিন্দুগৃহে মূর্ত্তিপূজা, এমন কি বৃক্ষ প্রস্তরাদির পর্যান্ত পূজা উপস্থিত হইরা থাকিবে। ফলত: যেথানে ঐশব্রিক সন্তার সর্বা-ব্যাপকতায় এরপ বিশ্বাস, সেধানে মূর্ত্তি বা সাঙ্কেতিক পদার্থ বিশেষের পুদ্ধা নিতাস্ত অযৌক্তিক বলিয়া বোধ হয় না ; অথবা ইহা বলিলেও নিতান্ত অযোক্তিক হর না যে, সেরপ পূজা বস্তুতঃ সেই পরমেখরে शिवाहे वर्छ। जेश्वतहे रुडेन वा एनवलाविरमधरे रुडेन, मूर्डि य जाहा-দের নাই বা থাকিলেও তাহা অপরিজ্ঞাত; অথবা সতা যাহা তাহা যে মর্ত্তি বা আরুতি বা আধারবিশেষের অপেক্ষা রাথে না, তাহা হিন্দুরাও ना विकारक अभन गरह। जथानि जाहात्मत्र वर्गत वा गर्रतन, मूर्खि कन्ननात कात्रण कि ?--रेशात कात्रण अना किहूरे त्नथा यात्र ना, तकतन

৩১। নিক্লক্ত দৈবতকাও।

এই বে, মামুব স্থীর ধারণাকে অভিক্রম করিরা কোন বিহর অফুভব বা আরম্ভ করিতে পারে না; স্থতরাং অফুভৃতি ও ধানের সহারতাই উহার উদ্দেশ এবং তদ্বিষরক করনাও স্থতরাং সম্পূর্ণতঃ মানবীয়। ২২ পুনশ্চ, ঐশ্বরিক সন্তা ও পদার্থ, এতছভরে বেরূপ সম্বন্ধ ও বেরূপ আশ্রর-আশ্রিত ভাব; সে পক্ষে এই উপমা দেওরা হর বে, আকাশকে আশ্রর করিরা বেরূপ বায়ুর অন্তিম্ব এবং আকাশ তাহাকে আশ্রর করিরা নাই, সেইরূপ ঐশ্বরিক সত্তাকে আশ্রর করিরা পদার্থ এবং পদার্থকে আশ্রর করিরা ঐশ্বরিক সত্তাকাই। ৩০

এক্ষণে সামানা পদার্থপণ্ড সকল অতিক্রম করিয়া, বিদ্ধারিত দৃষ্টিতে দর্শন করিলে দেখিতে পাওয়া যায় যে, এ জগতে এমন আরও কতক-গুলি বিশালশক্তিলীলা-সমন্থিত পদার্থ আছে, যাহা জগতের প্রত্যক্ষ পরিচালকস্বরূপ এবং মন্থ্যপক্ষেও যদত শুভাশুভকে অবলম্বন ভিল্ল মন্থ্যজীবন ভিন্তিতে পারে না; যথা অগ্নি, বায়ু, স্থ্য ইত্যাদি। বলা বাহলা যে, সে সকলও অবশ্য কথিত ঐশরিক সভায় সভাবান্। এজভ্রসে সকলকেও, পূর্বোক্ত প্রকারে দেবভা এবং তাহাদিগের জগৎপরিচালকতা হেতু, লোকপাল দেবতারূপে কয়না কয়া অসক্ষত নতে। বিশেষতঃ যথন দেখা যাইতেছে যে, ভাহাদের প্রত্যেকে, কোন এক পৃথক ধর্মান্থদারে যে কার্য্য, তাহাই করিয়া থাকে এবং তদতিরিক্তে আর কিছু করে না; যেমন আগুন কথন জলের কাজ করে না: তথন কাজেই, কি সেই দেবছ কি লোকপালছকে, কেবল ভাব কয়না বলা যাইতে পারে না; তথন কাজেই, ভাহাদিগকে পৃথক্ পৃথক্

তং। এতবিষরে একটি স্লোক শুক্তসম্প্রদার মধ্যে প্রচলিত আছে, ভাহা এই :—

"রূপং রূপবিবর্জ্জিতসা শুবতঃ ধ্যানেন বছর্ণিতং,

শুক্তানিকাচনীয়তাখিলগুরোর্দ্দ্রীকৃতং যক্ষয়।

ব্যাপিতঞ্চ বিনাশিতং শুগবতো যন্ত্রীর্ধবান্তাদিনা,

কাশ্ববাং ন্ত্রগাঁশ তৎকরণায়া দৌবন্তায়ং মংকৃতং ॥"

৩৩। ভগবলগীতা ৯।৬।

লোকপাল দেবতা বলিয়া ভাবত: ও কার্য্যত: (যদিও অবশ্য বস্তুত: নহে) তাহাদের প্রত্যেকের পৃথক্সতা ও পৃথক অন্তিত্ব স্বীকার করিতে হয়। উপনিষদ্ সকল, নিরবচ্ছিন্ন একেশ্বরবাদপূর্ণ হইলেও, প্রোক্ত কারণ হেতৃই দেখা যায় যে, ইক্র, অগ্নি, বায়ু, আদির পৃথক অন্তিত্ব অস্বীকার করে নাই। তথার তাহাদিগকে অগ্নির অভিমানী দেবতা, বায়ুর অভিমানী দেবতা ইত্যাদি ভাবে ব্যাখ্যাত ৰুরা হইয়াছে। দেবতা একই, কেবল বিশেষ বিশেষ গুণ কার্য্য ও উপাধি অভিমান হেতু পৃথকত্ব ও পৃথক্ দেবত্ব; যদ্ৰূপ আত্মা সমষ্টিভাবে যদিও এক, তথাপি পৃথক্ পৃথক্ শরীরাভিমান হেতৃ পৃথক্ পৃথক্ জীবত্ব। দে যাহা হউক, এরপ মধ্যবর্তী লোকপালের ধারণা, আমার যেন বোধ হয়, স্বাভাবিক ;—স্বাভাবিক হেতু সত্যপূর্ণও বলা যাইতে পারে। যেহেতু, দেখিতে পাওয়া যায় যে সকল জাতীয় দেবতত্বই, জীব ও ঈশ্বরের মধাবর্ত্তী দেবতার অন্তিত্বে যে বিশ্বাস, তাহা একবারে পরি-ত্যাগ করিতে পারে নাই। এমন কি, খুষ্টীয় ও মহম্মনীয় ধর্ম্মে পর্যান্ত, এই মধাবর্ত্তী দেবতার স্বস্তিত্ব দেখা যায়; যদিও তথায় তাহাদের দেবতা নামের পরিবর্ত্তে বিভিন্ন বিভিন্ন কার্যাভারপ্রাপ্ত 'স্বর্গীয় দূত' নাম বাবহৃত হইয়াছে।

এখন বোধ হয় প্রতীত হইবে যে, হিন্দুরা কি প্রকারে একই সঙ্গে একেশ্বর বাদ ও বহুদেবতাবাদ, উভয় মত পোবণ করিয়াছিলেন। সর্ব্ববাপী এক ঐশ্বরিক সন্তার গুণকার্যাবিভাগ ও উপাধিভেদে পৃথকত্ব হেতু, দেবতত্বে এক মুথে বহুত্ব আর মুথে একত্ব। সেই জন্য হিন্দুরা কথনও বহুদেবতা পৃথকভাবে পৃজিয়াছেন, কথনও তাহাদিগকে একস্বরূপের বহুধা কল্পনা বলিয়া ব্যাথ্যা করিয়াছেন। পুনন্দ, উক্ত বহুত্বকে মুলে ঈশ্বরেরই মহিমাবিকাশ বৃরিয়া, দেবতাদের মধ্যে কি স্থায়ী সম্বন্ধভেদ, কি স্থায়ী প্রেট-নিক্ইতা আদি শ্রেনি-র্ব্বাচন, তাহাতে আবদ্ধ হওয়ার প্রয়োজন অহুভব করেন নাই। আদিম হিন্দু ধর্মবীজের প্রথম ক্রুবণে নিমর্গণক্তি সকলে যে দেবতা

কল্পনা করিয়াছিলেন; বৈদিক হিন্দু তত্ত্বপথে প্রধাবিত হইরা তত্ত্ব উদ্যাটনের দারা, তাহাকে এরপে সংস্থিত ও তাহার সামঞ্জস্য করিয়া লইলেন।

আরও কণা এই। মানব আত্মিকভাবে, প্রমাত্মার ব্যষ্টিরূপ এবং আর সমস্ত ভাবে, সমস্ত বন্ধা ওতত্ত্বের সৃদ্ধরূপ। এজন্ত কি আধ্যাত্মিক কি আধিভৌতিক, উভয় সংসারে যাহা কিছু আছে, তাহা সমস্তই মানবের জীবস্বতত্ত্বে স্ক্রেরপে অবস্থান করিয়া থাকে। এক্ষণে মানব কোন দেবতাবিশেষ হইতে ভভাগুভপ্রাথী হইলে. সেই বিশেষ দেবত্ব তব্,যাহা সুক্ষভাবে তাহাতেও অবস্থান করিতেছে, তাহাকে উত্তেজনার দারা অভীষ্ট দেবতা সহ স্বীয় একতানতা সাধন করিতে পারিলে,অভীষ্ট সিদ্ধ হইতে পারে। সেই উত্তেজনা ও একতানতা, উপযুক্ত ও অফু-রূপ শব্দশক্তির দারা যতদূর হইতে পারে, ততটা আর কিছুতে হয় না; যেহেতু সংসারেও নিতা ইহা প্রতাক্ষ হইতেছে যে, শব্দক্তিতে যতটা কার্য্য হয়, মানবীয় আর কোন শক্তিতে ততটা সাধন করিতে পারে না। ইহাওপুনঃ স্বতঃসিদ্ধ সত্য যে, শক্তিতে শক্তিতে ঘাত প্ৰতিঘাত হইলেই, তরঙ্গ উত্থানে, পরোক্ষ বা প্রতাক্ষ ইহার একতর বা উভয় স্থত্র ধরিয়াই, কর্মবিশেষ অর্থাৎ ফলের উৎপত্তি হইয়া থাকে। স্থুতরাং এই শন্দশক্তিকে অবলম্বন করিয়াই, কথিত উত্তেজনা ও একতানতা সাধনের উপায় স্বরূপ, অনুরূপ শব্দ যোজনায় বেদমন্তের উদয় হইয়াছে; এবং এই বেদমন্ত্রের যে ফলোপধায়কতা, তাহা দার্শনিকেরা পর্যান্ত স্বীকার করিয়া গিয়াছেন।^{৩৪} ইহাই হিন্দুর वित्मव वित्मव कार्यााञ्चमारत, वित्मव वित्मव त्रारवांभामना यक ও মস্তাদির তব।

দেবতত্ত্বসহ শবশক্তির তজ্ঞপ ঘনিষ্ঠতা হেতু, শবশক্তি "শব্দব্রহ্ম" আথ্যার ঘোষিত হয় এবং এই শব্দব্রহ্মের চূড়ান্ত সঙ্কেত "ওম্"। "ওম্"

৩৪। সম্রশক্তি নিতান্ত অলীক বলিয়া বোধ হয় না; কারণ দেখক বয়ং এতৎ স্বৰ্কে বে হুই একটি ঘটনা প্রত্যক্ষ করিয়াছেন, তাহা অতি আক্ষয়।

শব্দের অর্থ "হাঁ", ও অর্থাং অন্তিড; অন্তিড্ই সং, সত্য এবং ব্রহ্মস্বরূপ। অতঃপর উভয় জাতির প্রলোকবৃদ্ধি কতনূর ও কি প্রকারের, তাহা আলোচনা করা বাউক।

পরলোক।

পূর্বের্ব উক্ত হইয়াছে বে, এই পৃথিবীছ জীবলোকের উর্ব্বে, গুজাবলীর আশ্রের এবং আটলাস্ নামক অসাধারণ মহুবোর হারা ধৃতভাবে, দেবলোক বা স্থর্গের অবস্থিতি; পুন: ঐ জীবলোকের নিম্নদেশে নরক। এই নরকের গ্রীক নাম তার্তারোস্। কিন্তু হোমারাদির সময়ে মৃত লোকের আস্মা, না ঐ স্থর্গ না ঐ নরক, এ ছ্রের কোণাও স্থান পাইত না। স্থর্গ দেবলোকের বাসস্থান এবং তার্তারোস্ অপরাধী দেবতাদের কারাগার স্বরূপ ছিল। মৃত মহুবোর আ্রা স্কল, তথন ইরিবোস্নামক স্থানে প্রেরিত হইত। পৃথিবার পশ্চিম ভাগে ওকেরান্ত নামে

৩৫। উপ্পর্জি পুণ উতরে তিষ্ঠা দেবে। ন সবিতেতি যদৈ দেবালাং নেতি তদেবা-মোমিতি।—ঐতরেয় ব্রাহ্মণ ২। ৩।

এই স্থান দৃষ্টে প্রতীত হইতেছে যে "ওম্" অর্থে "হাঁ"।

৩৬। ওকে গান্ অর্থে মহাসমুদ্র। হোমারের স মরে ঐ শব্দে নাই বুঝাইত; কিন্তু পরবর্তী সময়ে উহাই, নদী অর্থ লোপে, মহাসমুদ্র অথে বাবহৃত হইতে থাকে এবং ওথন ইরিবোদ্র বাণ, এবং কেবল বীপ নহে, পুণাক্ষারে আবাসভূমি স্থমর বীপ বলিয়া গৃহীত ও ইলিসীর ক্ষেত্র নামে অভিহিত হয়। যাহা হউক, দে কথা মূল প্রভাবেই কিছু পরে উলিথিত হইবে। আপাততঃ, ওকেয়ান শক্রের নদী অর্থ লোপে সমুদ্র অর্থ প্রাপ্তির স্করের সাদুদ্য, সংস্কৃত নিজু শক্ষে দেখিতে পাওয়া বায়। আচীন সংস্কৃতে কিছু অর্থে নদী; এই জন্য আয়েরা প্রথমে আসিয়া যে পঞ্জাব প্রদেশে বাস করেন, তথার সপ্ত নদীর (নিজু, তাহার পঞ্চ শাখা ও ব্রস্বতী) প্রাবল্য হেতুনে প্রদেশের নাম হর সন্তানিজু প্রদেশ। এই সপ্ত নিজুই একপকে, পৌরাধিক সময়ে যথন সিজু অর্থে সমুদ্র ব্যাহতে লাগিল, তথন লবণ ইকু আদি সপ্ত সমুদ্রে পরিণ্ড হয়। অপর পকে, পোটান পারনিকদিশের উচ্চারণ্ডাবের, সিজুবল শিহিন্দ্র উচ্চারিত হইরা, ভারতীর

নদী, সেই নদীর পশ্চিমপারস্থ স্থানের নাম ইরিবোদ্; তথায় চক্র স্থ্যাদি কথনও উদয় হইত না বলিয়া তাহা চির অন্ধলারে আচ্চেল ছিল।

ইরিবোস্, সর্বাদা নিরানন্দমর ও নানা ক্লেশভোগের স্থান। পূর্ব্বে উক্ত হইরাছে যে, স্থর্ত্তির ফলে ইরিবোস্ বা নরকের রাজস্বভার, জিউসের ভ্রাতা হেদিসের ভাগে পতিত হর। সেই হেদিস্ এই ইরি-বোসের অধিপতি, হিল্দিগের বমরাজস্থানীর। হেদিসের চরিত্র সম্বন্ধে এরূপ বর্ণিত আছে যে, তিনি স্থীর অভিপ্রান্তে অটল, কাহারও সহস্র কারাকাটী বা অন্তরোধে দৃক্পাত করেন না, ক্মা কাহাকে বলে তাহা জানেন না, দরাদাক্ষিণাশ্রু, নিরানন্দমর এবং মুখ সর্ব্বাদা কালিমার ছায়ার আছের; একবার কেহ তাঁহার পুরে গমন করিলে আর কখনও সে ফিরিতে পারে না। হেদিসের এইরূপ চরিত্র জন্তু, তিনি দেব এবং মানব উভয়েরই নিকট মুণা ও বিদ্বের পাত্র। তিনি পার্সিফোনি বা প্রোসার্পিণিকে হরণ করিয়া নিজের পাটরাণী করেন। তাহা বাতীত লিউকে ও মেয়া নামে আরও ছইজন ভালবাসার পাত্রীর পরিচর পাওয়া যায়।

ইরিবোদ্ বৈতরণীর স্থায় স্তিক্ষ নামক নদীর দারা বেষ্টিত, এবং পুর প্রবেশের পথ কেবিরোদ্ নামক ত্রিশিরোবিশিষ্ট একটা কুকুরের দারা রক্ষিত; উত্তম অধম, পুণাবান পাপী, সৎ অসৎ, উভর নির্বিশেবে সকল মন্থবার আত্মাই ইরিবোদে প্রেরিত হইরা থাকে এবং সকলেরই একবিধ গতি। হেদিসের অধিকার সম্বন্ধে, প্রেমপাত্রী পার্সিফোনিকে ভেদিস্ আত্মানবাকো বলিতেছেন;—''তুমি এথানে আসিলে, যাবতীয় মৃত জীবের এবং এমন কি যাহারা জীবিত ও এথনও অবনীতলে

দিপের হিন্দামের স'ট করে। তাহা পুন: ,ঐকদিপের ''ছ' অকর না থাকার ''ইন'' এবং ''ইন'' আবার লাতিন ভাষার ঐলিকাত হইয়া ''ইভিয়া'' নামের স'ট করিয়াছে। ঐ ইভিয়া নামেই ভারত আপাতত: ইউরোপভূমে বিদিত।

^{09 |} Il. IX. 158, 159.

বিচরণ করিতেছে, ভত্তাবভেরও তুমি স্বামিনী হইবে। যে কেহ কোন রূপে তোমার ক্ষতিকারক, যাহারা তোমাকে পূজোপহারে সম্ভই না করিয়া থাকে, এথানে নিরন্তর তাহাদিগের দ্ওবিধান করা যাইবে।'' 👐 এই লোকে সং ও অসতের প্রভেদ না রাখার পকে প্রমাণ স্বরূপে দেখিতে পাওয়া যায় যে, দেবীপুত্র একিলিস এবং অপরা-পর মহাজ্ঞানী প্রভৃতি হইতে অঘোর পাপী পর্যান্ত, সকলেই একস্থানে . সল্লিবিষ্ট। ৩ নকলের পক্ষে যেমন একই বিধ গতি, তেমনি আবার সে গতি অতিশয় তুংখমর ; সুখ স্বচ্ছন্দতার লেশমতে তাহাতে নাই। প্রেতাত্মা সকল, এই নিরানন্দময় অন্ধকারপূর্ণ দেশে, যদুচ্ছা বিচরণ করিয়া বেড়ায়; পৃথিবীতে বসতিকালীন সেই পূর্বাবস্থা স্মরণ করিয়া, পরস্পর আলাপ ও অমুশোচনা করিয়া থাকে; তাহাদের ছুর্দশা ত্রবস্থা ও ক্লেশভোগ সর্বাদ। অতি তীব্র ও তীক্ষতর ; এবং তাহারা, কি শরীর কি মন, উভয়তঃ, সর্বপ্রকারে শক্তি ও সামর্থাশৃন্ত। ৪০ জনৈক প্রেত ইউলিসিদের নিকট ব্যক্ত করিতেছে,—''মৃত্যু অস্তে সকল ব্যক্তিরই এই তুর্দ্দা। জীবন গত হইবামাত্র অগ্নিতেজে শিরা সকল অস্থিমাংসশৃত হয়, কিন্তু আত্মা স্বপ্নবৎ প্লাইয়া প্রস্থান পূর্বাক এই স্থানে আগমন করিয়া থাকে।" 8> দেবীপুত্র একিলিদের আত্মা ইউলি-সিসের নিকট বলিতেছে ;—''মৃত্যুর নাম আর আমার সাক্ষাতে করিও না। মৃত্যুলোকের উপর রাজত্ব অপেক্ষা, পৃথিবীতে যে নিতান্ত দ্রিদ্র এবং চাষ্বাস ও উঞ্চুবুজি ক্রিয়া থায়, তাহার দাস্ত ক্রিয়া খাওয়াও পরম স্থাথের বলিয়া জানিবে।" 8२

প্রলোক সম্বন্ধে উপরে যে অংশ সংগ্রহ করা হইল, তাহা সমস্ত প্রায় ইলিয়দ ও ওড়িদী নামক গ্রন্থন্বয় হইতে। ১০ গ্রীকদিগের মধ্যে

or | Hom. Hym.—Ceres.

oa | Odys, XI.

^{8. |} Odys. XI.

^{85 |} Odys. XI.

⁸²¹ Odys. XI.

৪৩। ইলিরদ, ওডিদী এবং হোমারিক ন্তোত্র সমূহই, গ্রীক ধর্মবিদ্যার দর্কাপেক।

আর যে কতকগুলি খণ্ডভোত্র প্রচলিত আছে, যাহা হোমারিক ভোত্র নামে খ্যাত, তাহাতেও পরলোক সম্বন্ধে বিশেষ কোন উচ্চ আশা ভরসার পরিচর পাওয়া যার না। ঐ সকল ভোত্রেও, পাপপুণা ও তদমু-সারে বিভিন্ন প্রকার ফলভোগ সম্বন্ধে, স্পষ্টতঃ কোন উল্লেখ দেখিতে পাই নাই। এই সকল ভোত্রের মধ্যে, প্রার্থনা অনেক আছে বটে, কিন্তু তাহা সমস্তই কোন না কোন পার্থিব বিষরের জন্য। ৪৪ তাহার পর, এই সকল ভোত্র এবং ইলিরদ ও ওডিসীর পরবর্ত্তী সমরে, হেসিওদক্ত গ্রন্থ সকল এবং থিওগণিসোক্ত বিজ্ঞ বচনাবলীর যথন উদর হয়; তথন ও পরলোক সম্বন্ধে যে কোন প্রকার অপেক্ষাক্ত উন্নতভাব গ্রীক্মনে প্রবেশ করিরাছিল, তাহা বোধ হয় না। এই শুন, ধিও-গণিসোক্ত বিজ্ঞ বচনাবলীর মধ্যে, পরলোক সম্বন্ধে কিন্তুপ প্রার্থনীয় বিষয় সকল স্থাতিত হইয়াছে।

"মন্ব্যসন্তানের মধো এমন কেহ নাই যে, একবার মৃত্তিকা বারা আবরিত এবং প্রোসাপিণির বাসভবন যমপুরিতে উত্তীপ হইলে, আর সে আনন্দভোগে সমর্থ হয়; বেহেতু গীতবাদ্যও তথন আর তাহার কর্ণকৃহরে প্রবেশ করে না, এবং মধুররস মদিরাও আর তাহার রস নাকে পরিতৃপ্ত করিতে আইসে না। এই সকল দেখিয়া ভানিরা আমার আন্তরিক বাসনা এই যে, যে পর্যান্ত জীবন থাকে তাহা যেন নিঃশঙ্ক ভাবে ও মনের আনক্ষে অতিবাহিত করিয়া বাই।

"যাহারা মৃত ব্যক্তির জন্য থেদ করে, কিন্তু (বিনা স্থখভোগে

প্রাচীন সম্পত্তি; অর্থাৎ হিন্দুদিগের বৈদিক মন্ত্র প্রকরণাদির ছলীর। কিন্তু যদি উভরত: প্রাচীনত্বের তুলনা করিতে বাওরা বার, তাহা হইলে অবশ্য বলিতে হইবে বে, হিন্দুর বেদবিদ্যার তুলনে, প্রীকের হোমারিক স্তোত্র ও ইলিয়দ আদি সে দিনকার পদার্থ। উভরত: কত শত শত বা সহপ্রাধিক বর্ধের বাবধান ইইবে।

^{88 |} Homeric Hymns, VI Aris, IX Athae, XI Ceres, XIV Æsculap, XVI Herm, XX Posied, XXI Zeus, XXVI Dion, XXVII Hest and Herm. XVIII Earth, 장리[항]

বিক্লে) গতপ্রায় যৌবনের প্রতি একবারও দাশ্রন্মরনে তাকাইয়া দেখে না, তাহারা কি বালকবং মৃচ্!

"অন্ত:করণ, তুমি আখন্ত হও এবং (বে পর্যন্ত জীবন থাকে সে পর্য্যন্ত) আনন্দে কালাতিপাত করিতে শিখ ; যেহেতু মৃত্যু আসিলেই এই মৃত্তিকাবং তোমাকে চৈতন্যশূন্য হইতে ছইবে।

"ধাবতীর দেবতা অপেক্ষা অর্থই স্থন্দর এবং আনন্দণায়ক; ছে অর্থ, তোমার অন্থ্রাহ হইলে, আমি অধম হইরাও উচ্চ মন্থ্যপদ্বী-লাভে সমর্থ হই।

"লোটোনাপুত্র ফিবস্-আপলো এবং দেবরাজ জিউসের নিকট আমার একাস্ত প্রার্থনা এই যে, তাঁহাদের অন্তগ্রহে আমি যেন পার্থিব আপং হইতে তফাত থাকিয়া যৌবনস্থলত স্থপ এবং অর্থপ্রাচুর্যো এই জীবন অতিবাহিত করিতে সমর্থ হই।" ৪৫

হিন্দ্র পরলোক এরপ নহে। কিন্তু এথানে একটা কথা বলা আবশ্যক। জাতিবর সম্বন্ধে যে তুলনা করিয়া যাওয়া যাইতেছে, তাহা তত্ত্ব জাতির জাতীয় জীবনের সমকালিকতা ধরিয়া নহে। সমকালিকতা ধরিয়া সেরপ তুলনা হইতেই পারে না, কারণ হিন্দ্ সভাতার উদয় সহস্র বা বহু সহস্রাধিক বর্ধ পূর্বে, আর গ্রীক সভাতার উদয় সহস্র বা বহু সহস্রাধিক বর্ধ পরে। অভএব তুলনা করা যাইতেছে, যথন উভয়ত: ঐতিহাসিক কালের প্রভাতোদয় হইয়াছে, তদানীস্তন সেই ঐতিহাসিক অবস্থা-সমতা ধরিয়া। বাহারাম, কথাটা একটু মনে বাথিয়া চলিও।

হিন্দুর পরলোক এরপ নহে। এ পরলোকের সংসারচিত্র অতি অপূর্ব্ব, পরিছার, পরিছিল্ল ও সম্পূর্ণ। স্বষ্ট্ ছহিতা শরণা এবং বিবস্থানের পূত্র যম, সর্ব্বপ্রথমে মৃত্যুর সহিত সাক্ষাৎ করিয়া, পরলোকের প্রভূত্ব অধিকার করিয়াছেন। তিনি পাপের দণ্ডদাতা; অথচ পুণাপ্রতিম পবিত্রদেহ এবং দিবামূর্ত্তি পিতৃলোকেরও অধিপতি। গ্রীক তিশির কের্বিরোস্ নামক ক্র্রের ন্যার, যমেরও প্রপ্রবেশের পথ শ্যামা ও সবলা নায়ী ক্র্রীঘরের ঘারা সর্বান স্বক্ষিত। পাপিগণ যমকিস্করের ঘারা নীত হইয়া ছ:থদেশে ছ:খভোগ করিয়া থাকে। কিন্তু প্ণ্যবান্ যাহারা, তাহাদের সঙ্গে বমের অন্তর্বর্গর কোন সংস্রব নাই; অগ্রিদেব স্বরং তাহাদিগকে প্ণ্যদেশে নীত করিয়া থাকেন এবং তথার ভাহারা অপার স্বধভোগের ভাগী হয়। অগ্রই প্ণ্যবানের নেতা। সামমস্রোক্ত ভোত্রে অগ্রির নিকট প্রার্থনা করা হইতেছে;—"হে অগ্রি! ভূমি আমাদিগকে দর্শন দিবার জন্য প্রকাশিত হইয়া রহিয়ছে। অত্রব প্রার্থনা, ভূমি আমাদিগকে রক্ষা কর এবং যাহাতে স্বর্গ ও উচ্চলোকে যাইতে পারি, তাহা সম্পাদন করিয়া দেও।" ইত্ বেদোক্ত এবং তৎপরবর্তী উপনিষ্দোক্ত প্ণালোক কির্পের, ভাহা প্রেষ্ট উক্ত হইয়াছে। ইণ্

পরলোকে পাপের শাস্তি ও পুণোর পুরস্কার, ইহা হিন্দুদিগের অনাদি বিশ্বাস বলিলেও অত্যক্তি হয় না। পরলোকে পাপপুণোর ত্লাদও নিতান্ত অনবহেলনীয়য়পে বর্তমান; তাহাতে পুণাপাপের সর্বাদা সত্য পরিমাণ হইয়া থাকে। স্বয়ং নারায়ণ নিয়মের ব্যতিক্রম করিতে অমুজ্ঞা করিলেও, সে তৃলাদওের ব্যতিক্রম নাই। রুক্ষ উপদেশ করিলেন, যুধিষ্ঠির কৌশল ধাটাইলেন, সত্যকে চোক ঠারিয়া বলিলেন, "অর্থমামা হত ইতি গজ"; কিন্তু তথাপি তাঁহার নয়ক-দর্শন হইতে নির্ভি হইল না!

বেদে তিন লোক মাত্র কীর্তিত দেখা যার,—ভূলোক, ভ্বলোক, বর্লোক। কিন্তু উপনিষদ ও প্রাণের সময়ে, ঐ সংখ্যার অনেক আধিক্য দেখিতে পাওয়া যায়। তথন উর্চ্চে সপ্ত লোক এবং অধোতে সপ্ত লোক; ভির্মলোক পুণ্যস্থান এবং অধোলোক পাপস্থান। কি মনুষ্য, কি ইতর স্থীব, কি কীটপতঙ্গ, সকলেই অবিনাশী আত্মায়

⁸७। माः (वः ১।১।১०।

⁸⁹¹ ३8८। २८८। १६। वर २१ मःश्वाक विश्वनी (एथ ।

আত্মাবান্। জীব সকল, স্থক্কতি বা ছ্ক্কতির পরিমাণ অন্থলারে, পর পর উচ্চ বা অধম লোক সকলে গমন করিয়া, কর্মান্থরূপ কলভোগ করিয়া থাকে। কি উচ্চ কি অধম, কোন পকেই এ ভোগ অনন্ত নহে। কর্ম্ম বিবিধ, এক সকাম ও অপর নিকাম। সকাম কর্ম্মই স্থক্তি বা ছ্ক্তির আকার ধারণ করিয়া থাকে এবং তজ্জন্য ভোগাভোগ ঘটনা হয়। এই সকাম কর্মের মূলস্বরূপ কামনার বিবিধ প্রকার ভেদে বিবিধ পরিণাম; যে কামনা কার্য্যতঃ কর্ম্মরূপে পরিণত হইয়াছে, তাহার পরিণাম ভোগ; বে কামনা তাহা হইতে না পাওয়ায় অহুগু রহিয়াছে, তাহার পরিণাম কামনান্থরূপ ক্রিয়াপ্রনি পুনর্জন্ম। এই শেষোক্ত কামনাকেই পুনর্জন্মপ্রবর্ত্তক কর্মস্থ্র উত্তম বা অধম যোনিতে সংঘটিত হইয়া থাকে।

কর্ম্মন্ত যে ভোগ, তাহা যে কেবল পরলোকে ভোগ্য তাহা নহে।
কোন কোন ভোগ ইহলোকেও হইয়া থাকে। কার্য্যকারণপরপ্রার
উত্তেজনায় তীব্রতা বা মৃহতা অনুসারে, বে ভোগ শীঘ্র ঘটবার তাহা
ইহলোকে ভোগ হইয়া বায় এবং বাহা সেরপ শীঘ্র না ঘটে, তাহা
কাজেই লোকান্তরে ভোগা হয়। কর্মের প্রাকৃতি অনুসারে উচ্চ বা
বা অধ্য যে লোকে হউক, ভোগ শেষ হইয়া গেলে; জীব তথন কর্মহত্ত অনুসারে যথাবোগ্য দেহ মন অবলধনে নৃতন জন্ম পরিগ্রহ করিয়া

৯৮। কলত: ধরিতে গেলে, হিলুতত্ববিদার মূলপুতই কামনা। অবিদ্যানোহে আরার বে কিছু কামনা উৎপন্ন হয়, সেই কামনা জনাই জীবছ ও জড়স্ট। কামনা জনা আদি প্রট মনঃ, উহাই 'হিরণাগর্ড রন্ধা' অবহা। মানসংর্দ্ধে পূনঃ, উচাধঃ উভয়মুখে, সেই কামনা বত বিভিন্ন প্রকারে প্রদারিত হয়; স্থান স্টিও সেই-রূপ উভ্যাধমাদি নানা শ্রেণিভেলে, নানা বিভিন্ন আকারে উদয় হইতে থাকে। বোধ হয়, এই তত্ত্বেই রূপক অর্থে, প্রাণাদিতে "বিধাতার মানস-স্টে" বলিয়া কথিত হয়া থাকে; অর্থাং বিধাতা ঘাহা কিছু স্ট করেন, তাহা সমন্তই ইচ্ছাপ্তে ও মানস-শক্তির প্রভাবে।

থাকে। কর্মসকলও যে কেবল ভক্ত হইয়াই ক্ষান্ত হয় তাহা নহে; ভালর হউক, মন্দর হউক, উহা সৃত্মদেহে যে কলম্বপাত করিয়া থাকে, তাহাও কর্মাফুত্রসহ সংমিলিত হইয়া প্রজ্ঞানে দেহ মনাদির আকার ও অবস্থা গঠনে নিতান্ত অল সহায়ত। করে না। পকাম কর্ম যতই উৎকৃষ্ট হউক, মোক্ষ যাহাকে বলে তাহা তাহাতে হয় না। ঐরপ কর্মফলে জীব যত উচ্চলোকে নীত হউক না কেন, ভোগশেষান্তে পুনরাবর্তনে আবার তাহাকে পুনর্জনা গ্রহণ করিতে ছইবেই ছইবে। কেবল নিদাম কর্মেই মোক্ষ ছইতে পারে। ফল-কামনা না থাকিলে, ফলস্বরূপ কর্ম্মজন্ত ভোগও হইতে পারে না। অথবা ফলাকাজ্ঞাবির্হিত দেরপ কামনায় কর্মপুত্রও নির্মিত হওয়া সম্ভব নহে। স্বতরাং কর্মাহেত ভোগলোক এবং কর্মাহ্র হেতৃ প্রবর্জনা, উভয়েরই অভাব নিবন্ধন, কাজেই মোক্ষপ্রাপ্তি হইয়া থাকে। এখানে বলা কর্ত্তবা যে, উপরে কর্ম্ম ও কর্মান্ত্র জন্ম যে সকল ভোগা-ভোগ এবং পুনর্জনাদির বিষয় কণিত হইল, দেই সকল তত্ত্ব ঠিক সেই ভাবে দেসংহিতা সকলে নাই: উহা বেদান্তম্বরূপ উপনিষ্ সকলের শিক্ষা। কিন্তু যে তত্ত্বপুরের উপর নির্ভর করিয়া উপনিষদে উক্ত ও আভাসিত দেখিতে পাওয়া যায়।

গ্রীকদিগের মধ্যেও, পুনর্জন্মতত্ত্বের প্রচলন ও তাহার প্রতি বিশ্বাদের স্মন্তিত্ব দেখিতে পাওয়া বায়; যদিও কেহ কেহ বলিয়া থাকে বটে যে, ঐ বিশ্বাস হোমারাদির সাময়িক ও সমপ্রাচীন নহে; স্মপেক্ষাকৃত পরবর্ত্তী সময়ে প্রচলিত হইয়াছিল। ৪১ ফ্লতঃ স্মাসিয়া-

৪৯। পুনর্জন্ম সথকে ঐকদিগের প্রাচীন পৌরাণিক গ্রন্থে কোন উল্লেখ দেখ।

যায় না। উহার প্রাচীনতম উল্লেখ পিণ্ডারকৃত গ্রন্থে (Ol. ii.) কিন্তু ডিওপিনিদ
লেয়াটিমনের লিখিত শ্রীক বিজ্ঞাদিগের জীবনচরিত গ্রন্থে দেখা যার যে, পীথাগোরাদ ও
তাহার শিষ্যবর্গ পুনর্জন্মে বিখান করিতেন। পীথাগোরাদ্ নিজে, পীথাগোরাদ্-জন্মের
পূর্ব্বগত চারি জন্মের সংবাদ দিতেন এবং বলিতেন যে, আপলোদেবের বংশ

খণ্ডত্থ দেশ সকলও মিদরের দঙ্গে অপেকারত ঘনিষ্ঠতার আসিবাতে. গ্রীকদিগের বৃদ্ধি, বছদর্শিতা ও ধারণাশক্তি যথন বছ পরিমাণে বিক্ষারিত হইয়াছিল; দেখা যায় যে তথনই তাহাদের পরলোক সম্বন্ধে প্রাচীন অস্পষ্ট ও অক্ট ধারণা সকল অনেক পরিমাণে পরিষ্কার হইয়া আদিয়াছে। তথন পুণ্যবানের আত্মার জন্ম পুরস্কারস্থান ও পাপীর শান্তির জন্ম নরক, স্পষ্টরূপে নির্দেশিত হইয়াছে। সমুদ্রের পশ্চিম-পারস্থ ইলিদীয় ক্ষেত্রে, পুণ্যবানের আত্মা দকল পুণ্যাত্বরূপ স্থ-ভোগার্থে গমন করিত ; এবং তার্তারোদ নামক স্থানে, শান্তিভোগের নিমিত্ত পাপীর আত্মা সকল প্রেরিত হইত। পরলোক পূর্ম হইতেই খমরাজ হেদিদের রাজ্য বলিয়া নিরূপিত আছে। স্তিক্ষের পরিবর্তে. এখন উহার চতুর্দ্দিক, বৈতরণীস্থলীয় আখেরণ নামক নদী দারা পরি-বেষ্টিত। থারণ নামক জানৈক যমের অত্নুচর, মৃত আত্মাদিগকে উক্ত নদী পার করিয়া যমপুরে প্রবেশ করাইলে; তথায় মিনোস, ঐয়াকোস্ ও রাদামান্তিদ নামক বিচারকত্রয়, পাপপুণ্যের বিচার করিয়া, যে পুণ্য-लाटक यारेवात (याणा जाराटक भूगालाटक. এवर एव नतरक यारेवात উপযুক্ত তাহাকে নরকে পাঠাইয়া দিত। নরকের ভোগশেষাস্তে, প্রেত-গণকে 'বিশ্বতি' নামক নদীর জলপান করাইলে তাহারা পূর্ব্ব পূর্ব জন্মের সমস্ত কথা বিশ্বত হইয়া, পৃথিবীতে পুনঃ যথাযোগ্য যোনিতে জন্ম গ্রহণ করিত।

প্রাচীন গ্রীকমণ্ডলে শিক্ষিতবর্গের মধ্যে যাহাই হউক; সাধারণ লোকের মধ্যে, পরলোক যে একটা আছে এবং আস্মা যে অবিনশ্বর, ইহা অধিকাংশেরই ধারণার ভিতর আসিত না। এমন কি, শিক্ষিত-গণের মধ্যেও, পরলোক ও আস্মার অবিনাশিত্ব বিষয়ক জ্ঞানের যে

জাতিশ্বরত্বাভ করার, বিগত জন্ম সকলের যে কিছু সংবাদ তাহা তিনি বিশ্বত হয়েৰ নাই। Deog. Laert. Pyth. IV. পীথাগোরাস্ পিণ্ডার অপেকা অনেক পুরাতন। কেছ কেহ পীথাগোরাসের প্রাত্তাবকাল কৃঃ পুঃ সপ্তম শতাকীতে নিরূপণ করিয়া থাকে।

হীনতা, তাহা নিতান্ত অবিরণ নহে। কারণ, দেখা বায় বে, পরলোক বে আছে এবং পরলোকেও বে অন্তির লোপ হর না, সক্রেতিস নানা কাও করিয়াও, তরিধরে অজ্ঞর্দ্দি ক্রিটোকে পরিচ্ছিন্ন কপে বৃঞ্জাইয়া উঠিতে পারেন নাই। • ফলত: সক্রেতিসের প্রে, কেবল এক থেলিসকে ঐথরিক বিষয়ে কিঞ্জিং উন্নতর্দ্ধি দেখিতে পাওয়া বায়, কিন্তু পরলোকের পর্মগতি সম্বন্ধে এখনও পূর্ণ আশার সঞ্জার হয় নাই। তাঁহার উক্তি—

"ঈষর সর্বাপেকা পুরাতন, যেহেতু তিনি গ্লারহিত।" "পৃথিবী সর্বাপেকা স্থন্ব, যেহেতু ইহা ঈথবের স্টে।"

"দেশ সর্বাপেক্ষা কৃহং, বেহেতু ইহা সমস্ত পদার্থকে ধারণ করিতেছে।"

"বৃদ্ধি সর্বাপেকা জভগানী, যেহেতৃ ইচা সর্বভেদী ও সর্বতি গভাষাতশীল।"

"প্রয়োজন দর্কাপেকা গুর্মনীয়, যেহেতু ইহা স্বারে সকলকেট দমন করিয়া থাকে।"

"কাল সর্বাপেকা হল্পনূর্লী, বেছেতু ইহার নিকট সকল কাঁকিই বাহির ছইয়া পড়ে।"

শ্বিত স্থলর ! থেলিস্ বলিতেন, জীবন ও মৃত্যুতে কিছু মাত্র প্রক্রেন নাই; তাহাতে জনৈক ব্যক্তি জিজ্ঞাসা করিরাছিল "তবে তুমি না মব কেন ?" উত্তর—"বেহেতু জীবন ও মৃত্যুতে কোন প্রভেদ নাই।" বিধানিসর গ্রন্থবিলী হুম্পাসা। খেলিস্ গ্রাক্ষদেশীয় বিধাতে সপ্তবিজ্ঞের শাদি বিজ্ঞা।

পরলোক ও আত্মা সম্বন্ধে, গ্রীকদিণের মধ্যে কেবল স্ফ্রেভিদের শিক্ষা পূর্মতন সকল শিক্ষা হইতে ক তকটা বিভিন্ন এবং আনেকটা বিভন্নভাবাপর বলিয়া দৃষ্ট হয়। যে আর্থিক স্থাধের জন্ত, আন্তান্ত গ্রীকধর্মশিক্ষকে র এতটা লালায়িত, সে আর্থিক স্থাকে সক্ষেতিস্ অতি তৃত্তের মধ্যে

e. | Plato -Phædo. 148. (> | Diog. Laer

c) + Diog. Laert. Thales C, XI.

গণ্য করিয়া গিরাছেন। অর্থের প্রতি তাঁছার বিবেষ নাই; কিন্তু যে অর্থ সাধারণতঃ দন্ত ও অসং প্রবৃত্তির কারণস্বরূপ হইয়া থাকে, তাহারই প্রতি তাঁছার বিবেষ, নতুবা সংভাবে ব্যবহৃত অর্থের অপ্রশংসা করেন নাই। একদা বিখ্যাত আথেন্সবাসী আন্ধিবিয়াদিস্, তাহার বিপুল অর্থ ও ভূসম্পত্তি লইয়া দান্তিকতা প্রকাশ করিতে থাকিলে, সক্রেতিস্ তাহাকে একথানি গ্রীসের মানচিত্তের নিকট লইয়া গিয়া ক্রিজ্ঞাসা করেন, ''ইয়ার মধ্যে আটিকা কোন স্থানে দেখাও দেখি।'' মানচিত্তের মধ্যে আটিকা অতি ক্ষুদ্র বলিয়া, আন্ধিবিয়াদিস্ অনেক অনুস্কানের পর তাহা বাহির করিয়া দেখাইল।

স। ইহার মধ্যে তোমার নিঙ্গ ভূদপ্তত্তি কোথায় বলিতে পার ? আ। তাহা অতি ক্ষুদ্র, ইহাতে পাওয়া যাইবে কেন ?

স। দেখ তবে এখন, তোমার কতটা ভ্রম; সেই অতি ক্ষুত্ত ভূধ ও লইয়া এখনই ভূমি কতটা দান্তিকতা ও আত্মগৌরব প্রকাশ করিতে ছিলে। ^{৩২}

সক্রেতিসের মতে যে যত অভাব কমাইরা আনিতে পারে, সে ত চই স্থের ভাগী হর ও ততই সে আধ্যাত্মিক উন্নতিতে সক্ষম হইতে পারে। ° হিন্দু যোগীর স্থায় ক্ষমা ও তিতিকা গুণও, সক্রেতিসে যথেষ্ট দেখিতে পাওরা যায়। তাঁহার স্ত্রীর স্থায় ছ:শীলা ও মুধরা স্ত্রী আরে কথনও জন্মিবে কি না সন্দেহ; সক্রেতিস্ সহ্য গুণ অভ্যাস ক্রিবার নিমিত্ত জানিরা গুনিরাই তাহাকে বিবাহ ক্রিরাছিলেন।

সক্ষেতিদের প্রধান শিক্ষা, মানবীয় আয়ার অবিনাশিত্ব। কিছু
অনেক গ্রীকই তাহা বড় একটা বুঝিত না। এজন্ত সন্দেহকারীদের
প্রতি সক্ষেতিদের উক্তি;—"আয়ার অবিনাশিত্ব সবদ্ধে আমি যাহা
বলিতেছি, যদি তাহা সত্য প্রমাণিত হয়, তাহা হইলে ত উহা বিশ্বাস
করার নিশ্চয়ই পরম লাভ। আর যদি মৃত্যুর পর উহা মিথ্যাই
প্রমাণিত হয়, তাহা হইলেও আয়ার অবিনাশিত্ব বিশ্বাস করার

ez | Ælian. I, iii, C 28.

eo | Xenoph, Memorab, I, i,

অলাভ দেখা যায় না; যেহেতৃ কেবল ঐ বিধাদ জক্ত আর আর লোক অপেক্ষা আমি বতটা নির্ভিকভাবে শান্তিস্থপের অধিকারী হইতে পারিতেছি; অন্য প্রকারে জীবন অতিবাহিত হইলে, কখনই ততটা ঘটিত না।" ⁴⁸ ঈশরের নিকট সক্রেতিদের প্রার্থনা;—"হে পরমেম্বর, তোমার নিকট এইমাত্র আমার সকাতর প্রার্থনা যে, আমরা যাচ্ঞা করি বা না করি, তথাপি ভূমি আমাদিগকে ভাল হইলেও দেরপ পদার্থ সকল কথনও প্রদান করিও না, যাহা অভ্তকর ও অদৎ পথে মতি লইষা যায়।"⁴²

সক্রেতিস্ বলিতেন যে, কোন একটি হিতৈষী সদায়া, আশৈশব তাঁহার সঙ্গে সহচরভাবে ফিরিত। তাহার কার্য্য এই ছিল যে, সক্রেতিস্কথন কি করিবেন, তাহা সে বলিয়া দিত না; কিন্তু কর্মোদ্যমে কোন্ কার্য্য বা কি করা অনুচিত, তাহাই মাত্র বলিয়া দিত। এই অনেকে বিবেচনা করে যে,সক্রেতিসের এই সহচর সদায়া,সক্রেতিসের স্বীয় আয়ার প্রস্তাশক্তি ভিন্ন আর কিছই নহে।

সক্রেভিস্ প্রদন্ত প্রলোকচিত্র এরপণণ—"মৃত্যুদ্তগণ যথন মৃত ব্যক্তিগণকে সেই অন্তকপুরে প্রেভসংগের মধ্যে আনেয়ন করে, তথন ভাহাদের পাপ পুণ্যের বিচার আরম্ভ হইয়া থাকে। বাহাদের জাবন দোবে গুণে ও পাপপুণ্যে জড়িত হইয়া অতিবাহিত হইয়াছে, ভাহারা আগে যথোপযুক্ত শান্তি প্রাপ্তান্তে পরিক্ষৃত হইলে পর, স্বাধীনভা লাভ করিয়া পুণ্যকর্মজনিত কলভোগে অধিকারী হয়। স্বেছাক্ত দেবদেবিয়, হভাা, ইভ্যাদি মহাপাপের পাপী বলিয়া মাহারা বিচারে সাব্যক্ত হয়; ভাগ্যদেবী, যিনি ভাহাদের উপর বিচারক্তর আদেশ করিয়া থাকেন, ভিনি ভাহাদিগকে বোর নরকে নিক্ষেপ করেন এবং সে নরকে এক বার পতিত হইলে আর কথনও নিক্ষৃতি নাই। কিন্তু যাহারা সেইরপ্র মহাপাপ করিয়াছে বটে, অধচ স্বেছাকৃত্ত নহে; অধাৎ বাহারা কোন

^{48 |} Plato Phæd.

Co | Plato, Theab.

ee | Plut. in Alcib. l. ii.

en | Plato, Phæd,

কারণবিশেষের বশবর্ত্তিতার স্বেচ্ছার বিপরীতে রাগান্ধ হইরা, পিতা মাতার প্রতি বিশেষ ত্র্বহার বা কাহাকে হত্যা, ইত্যাদি করিয়া পরক্ষণেই আবার জ্ঞানোদ্যে অন্তপ্ত হইরাছে; তাহারাও সেই মহাপাশীদিগের নরকে পতিত হইবে বটে, কিন্তু চিরদিনের জ্ঞানহে। তাহারা তথায় কিছুকালমাত্র নরকভোগ করিয়া, যাহাদিগের অহিত করিয়াছিল তাহাদিগকে প্রার্থনা ও বিনয়ের হারা প্রসাদন করিলে পর, নরক হইতে মুক্তিলাভান্তে, জীবনক্ত যে কিছু পুণ্যক্ষ তাহার ফলভোগেও সক্ষম হইতে পারিবে।

"কিন্তু যাহার। চিরজীবন পবিজ্ঞভাবে অভিবাহিত করিয়াছে এবং
যাহাদের জীবন তত্ত্যোগে পরিস্কৃত হইয়াছে, তাহারা একেবারেই
উদ্ধানকে নীত হইয়া, সমস্ত অনস্তকালব্যাপা আনন্দ ও স্থেপ্রবাহে
বিচরণ করিতে থাকিবে। সে আনন্দ ও স্থপ্রবাহ অনির্ম্বচনায় এবং
বাক্যের ছারা তোমাদিগকে তাহার আভাস প্রদান করিবার পক্ষে
আমারও সময়াভাব।" আথিনীয়গণ কর্ভুক সক্রেতিসের উপর মৃত্যুদ ও
প্রচার হওয়ার পর এবং মৃত্যুর অব্যবহিত পূর্বে, সক্রেতিস্ তাহার
শিষ্যবর্গের নিকট উক্ত তত্ত্বথাগুলি ব্যাখ্যাত করিয়াছিলেন। সক্রেতিসের ধর্ম্মাদিবিষয়ক যে সকল মতামত এ স্থানে গ্রহণ করা গিয়াছে,
বলা বাছলা দে, সাধারণ গ্রীকবৃদ্ধির নিকট তাহা অতি ত্র্বোধ্য; কেবল
অতি অলমংখ্যক লোক তাহার অনুসরণ করিয়াছিল।

ধর্মচর্য্যা ও নৈতিকতা।

পরিদৃশুমান ধাবতীর কার্য্যের কর্না-মূর্ত্তি অগ্রোভবা। এই কর্ননা-মূর্ত্তি, কার্য্যমাত্রের আত্মিক মূর্ত্তি বা কারণ-শরীর অরপ। মন্থ্যক্ত এমন কোন কার্য্য নাই, যাহা বস্তুত: তজ্ঞপ কোন কারণ-শরীরের বাহপ্রচার নহে। সম্মূথে ঐ বে বাড়ীটি রহিয়াছে, আগে উহার ঐরপ মূর্ত্তি, ঐরপ আরতন, ঐরপ সমস্ত, প্রস্তুত্কারকের মনোমধ্যে উদিত

এবং নির্মিত হইয়াছে; তবে তাহা পরে ভৌতিক উপকরণযোগে প্রকাশিত হইয়া এই বাড়ীর আকার ধারণ করিয়াছে। যদি তাহা মনোমধ্যে তজ্ঞপ স্বাঙ্গসম্পন্নরেপে উদিত ও নির্দ্ধিত না হইত, তাহা হইলে বাজীটির আকারও তদ্রপ অনিশ্মিত বা কুল্প নিশ্মিত থাকিত। ফলতঃ বাক্য, ইন্দ্রিয়, ভূতরাশি বা যে কোন উপকরণ সহযোগেই প্রকাশিত হউক, মুম্ব্যক্ত এমন কোন কার্য্য হইতে পারে না, বাহা তাহার মানসিক ধারণার অবিকল প্রতিবিম্বরূপ নহে বা কল্পনামূর্ত্তি যাহার জ্বতো উদ্ভব হয় নাই। বস্তমাতের এই কারণ-শরীরাংশকে কল্লিত রূপ: এবং তাহার বাহুপ্রচার বা ভৌতিক বা পরিদৃশ্রমান শরীরাংশকে অমুষ্ঠিতরূপ শব্দে কহা যাউক। এই কল্পিত রূপ, প্রচারোপ-যোগী পুষ্ণতা প্রাপ্ত হইলে, তখন তাহা পুরু অনুষ্ঠিত রূপে প্রকাশমান হয়। ছন্ন কলিতলপ ছন্ন অনুষ্ঠিতলপ, আবার বিকৃত কলিতলপ বিক্লত অনুষ্ঠিত রূপেরই কারণম্বরূপ হয়। ক্রিতরূপ ও অনুষ্ঠিতরূপ এতহভয়ের সংমিলনে, যথন কোন ক্বত বস্তু তাহার যথাসম্ভব পূর্ণতা প্রাপ্ত হইয়া থাকে; তথন তাহার যে পূর্ণাভাস, তাহা মনোরাজ্যে প্রবেশ পূর্বাক, অপর উদ্দেশ্রবিশেষ পূরণার্থে বা আবার নবকার্যা-বিশেষের উৎপাদনার্থে, সমগ্রত বা অংশত, নবকল্লিতরপাংশ অর্থাৎ নব-কারণ-শরীরবিশেষের আয়োজন ও উপকরণ পদার্থরূপে পরিণত হয়। এইরপ হওয়ার ফলেই মন্থয়-ইতিহাস ক্রমোত্রবিবর্তনে অব্রাসর হইতে,এবং ভূত ও ভবিষ্যতে আলম্বিত সম্বর্তুক নব রূপ বা নব কার্যা প্রস্বিতে, সক্ষম হইতেছে। বলা বাছল্য যে, আমাদের কার্য্যের ন্যায়, আমাদিগের অধিষ্ঠানভূতা এই অবনী এবং বিশ্বমণ্ডল ও ভতুপরিস্থ সমুদয় এবং আমরাও, সেইরূপ অপর এক এবং আমাদের সকলেরই অতীত, মহাকল্পনাসূর্ত্তি বিশেষের বাহ্ন-প্রচার মাত্র; এবং আমরা ও আমাদের क्र भाजामध, त्मरे महाकन्ननामृर्खि त्य महािहत्त्वत्र ज्याञ्च-भागर्थ, त्मरे মহাচিত্তপ্রাণ মহাপুরুষের প্রয়োজনসংসারে, হয় ত তথাবিধ পরিণাম প্রাপ্তিতে স্টিও স্টিও তাবংকে অগ্রসর করাইরা থাকে। আমি

বলিয়াছি, মহুষ্য মহাশক্তি রাশিমধ্যে ক্ষাটিকত্ব প্রাপ্ত শক্তিথপ্ত মাত্র। শক্তিরাশির সমস্ত গুণাগুণই উহাতে অবস্থিতি করিতেছে। এ নিমিত্ত আমরা, প্রত্যক্ষ হউক অপ্রত্যক্ষ হউক, নিজ্পাধ্যের অতীতে হউক বা দাধ্যারতে হউক, কুলু বা বুহৎ সমস্ত ব্যাপারেই, মহাকারণ-শরীরময়ী সেই শক্তিরাজ্যেরই যথাসম্ভব অভিনয় করিয়া থাকি; এবং এই নিমিত্তই, আমাদিণের যাবতীয় সান্ত্রিক কার্য্য প্রকারান্তরে প্রকৃতির অত্বরণ ও প্রকৃতির প্রয়োজন-পূর্কতা ব্যতীত আরু কিছুই দাঁড়ার না। স্থতরাং, ইহা বলিলে নিতান্ত অসমত হইবে না বে, সৃষ্টি ও স্টিস্থগণের মধ্যে, একে অপরের বা পরস্পার পরস্পারের তত্ত্ব-নিরূপক হইয়া থাকে। বাহারাম, ভর নাই, প্রকৃতির অমুকরণ করা বলার তোমার বীরত্ব লোপ করিতেছি না; তুমি এখনও প্রকৃতির অমুকরণ বা তাহার শিক্ষার অতীতে কার্যাকরণে দক্ষম। বস্তমাতে কারণ-শরীরের যে অবশুম্ভাবিতা এবং তত্বংপাদক কর্ত্তার যে অপরিহার্য্য অস্তিত্ব. যাহা প্রকৃতি ও তোমার নিজক্কত কার্য্যসমূহও নিরস্তর ঘোষণা করিতেছে, তুমি বখন তাহা প্রকৃতির পরিচালক পুরুষের পক্ষে অস্বীকার করিয়া থাক, তথনই তোমার নৃতন স্বষ্টির সঞ্চার—শন্নতানি-বীর**ন্বে**র উৎপত্তি হয়। সে যাহা হউক, উপরি-উক্ত উক্তি সকলে বথেষ্টই আভাসিত হইরাছে বে, বাড়ীট ভাঙ্গিলেও লোপ হইলেও. তাহার কল্পনামূর্ত্তি বা কারণ-শরীর যাহা তাহার লোপ হয় না। অনন্ত মানবীয় মনীয়াসোতে বা জগং-প্রবাহে তাহা সংমিলিত হইয়া প্রচ্ছন্ন কারণ ও উপাদান ভাবে পরিণতি পূর্ব্বক, উত্তরোত্তর নবকার্য্য উৎপাদনে প্রধাবিত হয়। কিন্তু বাঞ্চারাম, তুমি অর্থাৎ তোমার শয়তানী ভাঙ্গিলে, তোমার নিবৃত্তি ঐ থানেই ! তোমার ও তোমার নতন স্ষ্টির এরূপ নৃতন পরিণাম ও ফল না হইলে মানাইবে কেন ? শয়তানী মিথ্যাস্টি, এবং মিথ্যা যাহা তাহা নিজ সাক্ষ্যতেই অন্তিজ-শূল। মিথ্যার কার্যাহানি; পুনঃ তাহা উত্তর কার্য্যের বাধক ও বিম্নকারক বলিয়াই ত তাহা নিন্দনীয় ও পাপমধ্যে গণিত হইয়া থাকে।

অতএব কার্য্যমাত্রের কারণ-শরীর পূর্ব্বগামী বা পূর্ব্বোদ্ভব। এই মনুষ্য-জীবনের পরিদৃশ্যমান বিকাশ ধরিতে গেলে, উহা বিধাতনিয়ো-জিত কতকগুলি কার্য্যসমষ্টি ভিন্ন আর কিছুই নহে। এই কার্য্য-সমষ্টি যে কারণ-শরীর সমষ্টির বিকাশ ও বাহাপ্রচার স্বরূপ, তাহাই সংমিলিত মূর্ত্তিতে প্রকৃতপকে মনুষোর ধর্মতত্ত্ব। এই ধর্মতত্ত্ব, উপরে এক স্থানে বলিয়া আসিয়াছি যে, বাহাজগতের সহিত মানব প্রকৃতির সংস্থবসংঘটনে শুরুতম দৃষ্টি প্রসারণফলে উদ্ভূত হইরা থাকে। ইহার পারলৌকিক দিকে বে দেবতত্ত্ব, এবং লৌকিক দিকে বে যাগ্যজ্ঞ ও পূজা প্রকরণাদি, তাহা ধর্মভাবের তত্তৎদিকস্থ কেবল সঞ্জিপ্ত বা সক্ষেত্রিপি মাত্র। সক্ষেত বস্তু যে প্রকারের, তাহার সম্প্রদারণ বস্তু ও তদ্রপ হইরা থাকে। সে যাহা হউক, ধর্মতত্ত্ব মনুষ্যের আত্মিক জীবনের সম্পত্তি এবং কার্যাসমূহ ভৌতিক বা সাংসারিক জীবনের সম্পত্তি। পরম্পর উভয়কে উভয় অবলম্বন করিয়া অবস্থিতি করে। অতএব যে মালুষের ধর্মবুদ্ধি যেমন, তাহার কার্য্যসমূহও সেইরূপ ছইরা থাকে। পুনশ্চ, মূল ব্যতীত কোন বস্তুর উৎপত্তি বুদ্ধি বা স্থিতি হয় না; স্তরাং ধর্মতত্তও মূলশূতা হইতে পারে না; অতএব এই ধর্মতত্ত্ব যে পরিমাণে ও যেরূপ ধারণাযোগে মূলরূপী ঈশ্বরে সংলগ্ন এবং যে পরিমাণে সর্বালোক-উৎসের আলোকে আলোকিত, তাহা সেই পরিমাণে দৃষ্টি-সংযুত; অপেরিমাণে হইলে দৃষ্টি সন্মুথে বছদুর প্রসারিত ছইবাতে, দৃষ্টিফল দীর্ঘগতি প্রাপ্ত হয়। পুনশ্চ, ধর্মতত্ত্বে পরিমাণে ঈশ্বর হইতে সংলগ্নতা বিচ্যুত, তাহা সেই পরিমাণে দৃষ্টিশূন্ত, ভ্রমসংযুক্ত এবং মিথায় আবরিত; স্কুতরাং অল্ল গতিতেই বিক্লৃতি ও বিলোপ প্রাপ্ত হুইয়া থাকে। অনেক বিগ্রহের বিশ্বাস, ঔর্দ্ধদেশিক শক্তিকে আশ্রয় না করিলেও মনুষ্য-সমাজ অচ্ছনেদ চলিতে পারে। পারিত বটে, যদি মানব হিভাহিতজ্ঞানশূন্য এবং পশুবৎ কুণ্ণমনীষাযুক্ত হইত। কিন্তু मानूष रहेशा ७ कथा विनात हिनाद मा; व्यव्ह मानूष त्रकाकात्रक ७ নির্মায়ক বৃদ্ধিবৃত্তি যতটা, ধ্বংস্কারক বৃদ্ধিবৃত্তি তদপেক্ষা অধিক বই

কম দেখা যায় না। কেবল ঔর্দ্ধদেশিক বাধকতাতেই সেই ধ্বংস-কারক বৃদ্ধি দমিত ও উপশ্মিত হইয়া থাকে; তাহা যদি না হইত, তাহা হইলে মানববংশ এতদিন উৎসন্ন হইরা যাইত। এত বাঁধাবাঁধি সত্ত্তে, সংসারে কোনু প্রকার বৃদ্ধির আধিক্য দেখিতে পাইয়া থাক, বল দেখি ? সতা স্বরূপ ঐশবিক সতার অবলম্বন ভিন্ন, কোন বস্তু স্পষ্ট হইতে বা তিষ্ঠিতে পারে না। মিথাায় সৃষ্টি করিতে বা রক্ষিতে পারে না; মিথাায় কেবল পশু বা বিকৃত বা তমদাবৃত করিয়া থাকে মাত্র। সেরপ মিণ্যাবিশ্বাসবিনোদক স্মাজতত্ত্বকে তথাপি যে কথন কখন ক্ষণমাত্র তিষ্ঠিয়া থাকিতে দেখা যায়; তাহার কারণ দেখানেও, যদিও মিথাার দ্বারা বিক্লত বটে, কিন্তু সতাসত্তার অবলম্বন এখনও একেবারে পরিতাক্ত হয় নাই; নতুবা সেরূপ তিষ্ঠান মিথাার নিজ শক্তি বশতঃ নতে। অতএব ঐশ্বিক সতার অপেক্ষা না রাখিয়া যে সে সমাজতত্ত্ব নির্ম্মিত হইরা তিষ্ঠিতেছে ইহা যথার্থ নহে; সত্তা সেখানে মিথ্যা আবরণে বিক্লত বা তমসাবৃত হুট্যা দৃষ্টিগোচর যে স্কম্প্রিরূপে হুইতেছে না, ইহাই যথার্থ মথ্যার প্রাবল্যবিশিষ্ট সমাজতত্ত্বের ভাবিফল যাহা, বলিতে পার, কেছ তাহাকে স্থন্দরমূর্ত্তি ও স্থদ র্যস্থায়ী হইতে কথনও দেখিয়াছ কি না ? বাঞ্চারাম, ফরাসিরাজবিপ্লবে ক্সোর সর্বজন-স্থপ্রদ হিত-বাদশান্ত, টালিরাভের দথের খুইয়ানী, রোমনামক জনৈক ফরাসী বিপ্লবকারীর বর্যাদি বিভাগ, সমেটের নাস্তিকতা, জ্ঞানদেবীর অভিনয়-কারিণী ফাণ্ডেলনামী বেশ্যাপজাদি, স্বাধীনত্ত্বর ছড়াছড়ি, রোক্সেরের Etre Supreme, একে একে সমস্তইত অভিনয় হইয়া গিয়াছে; তবে আবার সে কথা ফিরিয়া কেন ?

এক্ষণে গ্রীক এবং হিন্দুর জীবনকার্য্য অভিনয়ের কারণ-শরীর কি, তদাভাস ও তাহার মূল সধ্বন্ধ যথাকথঞ্জিং আলোচনা করিয়া আসিলাম। উহা কি তাহা সংক্রেপত বলিতে গেলে, গ্রীকের, যেমন উপরে বলিয়া আসিয়াভি, নির্লাক, নিরানন্দময়, স্লেহশৃস্ত দেব-সংসার; শৃন্ত, প্রদারহিত, মক্রকান্তারসদৃশ মন্থ্যস্করর; অন্ধ্রত্মসাচ্ছয়

পরলোক; উন্মন্ত বাতুলবং সংসারপ্রিয়তা; এবং ঔর্দ্ধদেশিক বন্ধনছিরে বিনতশির ধূলিমুখে পতমান। এই নিমিত্ত দেবসকাশে গ্রীকের প্রার্থনা সকলও এত হের এবং কেবল তাহা পার্থিব স্থবালসার পরিপূর্ণ; পরলোকের প্রতি আস্থাশূন্য ও তাহাতে দৃষ্টিপাত না করাই যেন উদ্দেশ্য। মনুষ্যের প্রকৃতি বাহা এবং দে স্ববাবদিহি করিতে যতটা প্রস্তুত, তাহা তাহার আকাজ্জা এবং প্রার্থনাতেই প্রকাশ পাইয়া থাকে। হিন্দুর ভাব গ্রীকের বিপরীত। তথার দেবসংসার অচিন্তনীয়, বিরাটবেশ, গুঢগুহামর, ত্নেহপূর্ণ অথচ ভীতির আধার, এবং হত্তে সদসদের ভূলাদণ্ড দোহল্যমান; শ্রদ্ধার আধার, করুণার আধার, মমতাপূর্ণ,— গাঢ়তার এদিকে কিন্তু আবার সঙ্কীর্ণতা প্রাপ্ত হুইয়া গিয়াছে; পরনোক পরিচ্ছিন্ন ও দিবামানে আলোকিত, লোকে স্বচ্ছনে দেখিতে পাইতেছে যে তথাকার সঙ্গে আমার সম্বন্ধ কি। ঔর্দ্ধদেশিক অচিম্নীর আয়-তনের সমতা ক্রিবার আয়োদে, সমস্ত শক্তি তাহাতেই প্র্যাবসিত হওরার এবং উর্দ্রশের প্রতি চিত্তের দৃঢ় আকর্ষণ হেতু, মানব সংসার-প্রিয়তাশুনা: পুন: সংসারসহ উপযুক্ত সংস্রব পরিশূনো, অবথা উর্দ্ধার্থ ধাবমান। এই জনা ভারতীয়দের প্রার্থনা মধ্যে পারলৌকিক শুভ কামনা অধিক: এই জন্য হিন্দুসন্তানের নিকট "ধর্মাৎ পরতরং নহি": এবং এই জন্য আজি পর্যান্ত হিন্দুসন্তান, অধুনা প্রায় সকল সান্ত্রিক ধর্ম বিবর্জিত হইয়া পড়িলেও, সাবেক দাঁড়ার খাতিরে সকল কর্মে প্রীছরিকে শ্বরণ এবং এমন কি, চিঠি পর্যান্ত লিখিতে সর্ব্বাগ্রে "শ্রীত্বর্ণা" নাম লিখিয়া থাকেন। এখনও হিন্দুসম্ভানের মধ্যে যাহা কিছু গাঢ় নৈতিক ভাব দেখিতে পাওয়া যায়, ভাহাও ঐ "শ্রীহর্গার" ন্যায় কেবল সাবেক দাঁভার থাতিরে। ফলতঃ হিন্দুর পুরাকালিক সেই স্ক্রনীন মহচচ্চ নীতি, এখন অতি স্কীর্ণ আয়তনে আসিয়া দাঁড়াইয়াছে।—হিন্দুর একতা ও সহাত্মভৃতি গুণ এখনও না আছে এমন নছে, নতুবা বহুপরিবার-প্রথা ও এক জনের ঘাড়ে দশজন চাপিয়া থাকিবে কেন ? কিন্তু স্বজাতির প্রতি বিশ্বাদ, মমতা এক^{তা}

ঙ একপ্রাণতা যাহা তাহা আর নাই। ত্যাগন্ধীকার এখনও আছে, নতুবা পরিবারাদির জন্ত এমন চাকুরী-লাহ্ণনা সহিবে কেন? কিন্তু স্বজাতির জন্য আর বিন্দুমাত্র ত্যাগন্ধীকারে রাজী নহে; বরং উন্টীয়া পুন্কে শক্র আকার ধারণ করিয়া থাকে। এইরূপ সকল প্রকার নীতিই একটু একটু এখনও আছে বটে, কিন্তু সমন্তই প্রান্থ শীর পারিবারিক বা আল্লমার্থে আবদ্ধ। কর্ম্ম সন্ত্বীর্ণতা প্রাপ্ত হইলে, সঙ্গে স্বার সমন্তই সন্ধীর্ণতা প্রাপ্ত হইরা থাকে; হিন্দুরও আজি সেই দশা ঘটিরাছে। তাই হিন্দুকে যদিও এখনও কোন মতে মনৈতিক বলিতে পারা যার না বটে; তথাচ কিন্তু সে নীতিতে কি সংদার কি সমাজ, কাহারই কোন প্রকৃত কার্য্য সাধিত হইতে দেখা যার না।

গ্রীকের ধর্মতন্ত্রে, পারলোকিক মুথে চূড়ান্ত সঙ্গেত পদার্থ জিউদ; পিতা, ল্রাতা প্রভৃতির অনিষ্ঠ সাধনে ইহার ঐখর্য্য অধিকার;— গ্রীকের গূঢ় জাবনও তাহাই। হিন্দুর চূড়ান্ত দক্ষেত পদার্থ, "স্থপণম্ বিপ্রাঃ কবয়ো বচোভিঃ একম্ সন্তম্ বছধা কল্পন্তি;"—হিন্দুর গুড় জীবনও তাহাই। গ্রীকের যাগযজ্ঞাদি,-পশাদি হনন করিয়া, প্রমিথিওসের কল্যাণে দেবতাদিগকে মাংসাদিশূন্ত তাহার নিঃসার হাড়গোড় মাত্র উৎদর্গ ও অর্পণ পূর্বক, মাংসমেধাদি বাহা তাহা মধদংযোগে নিজের পেট ভরিয়া আহার। আর হিন্দুর যাগযজ্ঞাদি,— দেবতানিগকে সকল দিয়া, নিজে উপবাস। উভয়ের সাংসারিক জীবনও তাহাই। প্রকৃত ধর্মতত্ত্বমাত্রের ছইদিক, এক লৌকিক ও অপর পারলৌকিক। গ্রীকের ধর্মতত্ত্ব, পূর্ব্বেই বলিয়াছি, লৌকিক-ভাবে অযথা লিপ্ত: স্নতরাং ভ্রমবিক্বত ঐশ্বরিক সত্তা ইহাদের অবলধন। আর হিন্দুর ধর্মতত্ত্ব পারলোকিকভাবে অযথা লিপ্ত; এজন্য উহাও, লৌকিক-বিষয়িণী ঐশ্বরিক আজ্ঞা অবহেলা বা সম্যক পালন না করায়, ভ্রমসংযুক্ত। কিন্তু গ্রীকের বিকার আর এ বিকারে প্রভেদ আছে ;— অধ্যের দোষ এবং উন্নতের দোষে যে প্রভেদ, এখানেও সেই প্রভেদ। দোষের পরিমাণ অমুদারে অবঃপাতের পরিমাণ; —এ কথা যদি সতা

হয়, তাহা হইলে এখানেও তাহার স্থানর দৃষ্টান্ত দেখিতে পাওরা বাইতেছে। একি সভ্যতা এবং জাতীয় জীবন, হিন্দুর তুলনে কত অলক্ষণস্থায়ী ও কভটা অধংপাতগত হইন্নছিল, তাহা বাবেক আলোচনা করিকেট প্রতীত হইতে পারিবে।

অষণা পরিমাণে সংসারনীতি ষ্ণায় জীবনকার্য্য অভিনয়ের মূল, তথাকার কার্যাপ্রবাহের বন্দোবস্ত স্বতন্ত্র: এবং অম্থা পরিমাণে भात्रत्नोकिक नीजि यथाय बीवनकार्या अजिनत्यत मृत, जथाकात कार्या-প্রবাহের বন্দোবন্তও স্বতন্ত্র। সাংসারিক নীতির ফল এবং ভোগ প্রত্যক্ষ, এবং উহার মুখ্য উদ্দেশ্য সংসার-স্থাধর প্রাপ্তি: তদ্রুপ পারলৌকিক নীতির ফল এবং ভোগ অপ্রত্যক্ষ, এবং তাহার মধ্য উদ্দেশ্য অদৃষ্ট, অনিশ্চিত ও অপরিচিত পারলৌকিক স্থথের প্রাপ্তি। অতএব ফলপক্ষে একে নিশ্চয়তা, অপরে অনিশ্চয়তা। লোকে ঠিক আদিষ্ট উপায়কে অপেক্ষাক্বত তথনই দৃঢ় অবলম্বন করিয়া থাকে, যখন ফল অপ্রত্যক্ষ অনিশ্চিত ও অন্থমানসিদ্ধ বা তথাবিধ; যেহেতু অন্ত কোন উপায়ে সফলতা হইতে পারে কি না তাহা জানা নাই, স্বতরাং যে পথে মহাজনগণ গত ও যাহা মহাজন কর্ত্তক আদিষ্ট, তাহা অবলম্বন করাই প্রশস্ত। কিন্তু নিশ্চিত ও প্রতাক্ষ ফলের জন্য আদিষ্ট উপায়কে সেরপ দৃঢ় অবলম্বনের আবশ্যক হয় না; এথানে প্রত্যক্ষ দৃষ্ট হেতু একমাত্র ফলের প্রতি দৃষ্টি থাকার এবং উহা বে কোন উপারে প্রাপ্ত চটব ইছাই ধারণা হওয়ায়, উপায় সকল প্রায় স্বায় তগত এবং বছলাংশে ন্সীয় উদ্রাবনী শক্তির উপর নির্ভর করিয়া থাকে। স্ততএব এই 'যে কোন' উপার বোধে দদসংজ্ঞান দকল সময়ে বড় একটা না থাকায়, কার্যাত প্রায় বিক্লতি এবং বিক্লতি হইতে আরও গুরুতর বিক্রতির উপস্থিতি হয়: শেষে পেনালকোড আসিরা বেদাদির স্থানাধিকার করে। গ্রীকভূমেও তাছাই হইরাছিল এবং তৎপ্রভাবে, দেবতত্ব পর্যাত্ত শেষে বিক্লতির অবশবন দওক্ষমপে পরিণত হইয়া আসিরাছিল।

ডিওনিস্থাস্ দেবের: উদ্দেশে ডিওনিসীয়া বলিয়া বে পর্ব হইত,

ভাহার বিবরণ যদি বারেক পাঠ করিয়া দেখ, ভাহা হইলে গ্রীকদিণের বীভৎস কৃচি ও বীভৎস কার্য্যের অনেকটা পরিচয় পাইতে পারিবে। ঐ পর্কাহ বছদিন ব্যাপিয়া থাকিত এবং উহাতে দৃশ্য-অভিনয়, কুন্তি, নানাবিধ থেলা, এবং মদের হাট বাজার বসিত। ঢাক ঢোল সিঙ্গা বাঁশী প্রভৃতি বাদ্যের ধুমে গগন নিনাদিত হইত : উপাসকগণ বিপুল উৎসাহে, স্ত্রী পুরুষ একত্রে, নানাবিধ বিক্কৃত মূর্ভিধারণে সং সাজিয়া, দিবারাত্র মদিরাপানে উন্মত্তবৎ ঘূর্ণিত হইয়া ও লোক মাতাইয়া ফিরিত; কখন বা উচ্চৈঃস্বরে দেবতার নাম ধ্বনিত করিতে করিতে উন্মাদবং পর্বত বা অরণ্য প্রান্তে ছটিত। দর্শকেরাও তাহাতে সমানে যোগ দিতে ক্রটি করিত না। ইহার পরে, এই ঘূর্ণাতরঙ্গমধ্যে না হইত এমন কুকার্যা নাই, না হইত এমন ঘূণিত কার্য্য নাই, এবং না হইত এমন অল্লীল কার্যাই নাই; এবং সেই সকল যাহা হইত, তাহা আবার দিশ্বিদিকশূন্য ও পাত্রাপাত্রজ্ঞানরহিত ভাবে। ইহা কেবল সামান্য শ্রেণীর লোকেরা যে করিত তাহা ভাবিও না; আথেন্স নগরীর শ্রেষ্ঠতম বংশের পুত্র কন্যারাও, স্বচ্ছদে এবং অপ্রতিবন্ধকে, তাহাতে সহস্রে সহস্রে সংযোজিত হইত। ৫৪ অতঃপর আর তাহার বর্ণনা অনাবশ্যক। ধর্মের নাম করিয়া এমন কদাচার অতি অল্পভানেই আচরিত হইয়া থাকে ৷

কলতঃ এই সকল পর্বাহ ক্রমে এমন কদর্য্য মূর্ত্তিতে পরিণত হইরা আসিরাছিল যে, শেষে বিবেচক লোকমাত্রেই ইহাকে অপার ম্বণার চক্ষে দর্শন করিত। ডিওগিনিস্ একবার কোন এক ব্যক্তি কর্ত্ত্বকারম্বার ইল্যুসীয় পর্বভূক্ত হইবার জন্য অমুক্তম হয়েন; যেহেভূইল্যুসীয় সাধকদিগের বিঋান এই যে, যে কেহ তাহাদের শ্রেণীভূক্তনা হইবে, সে দেহাস্তেউচলোকে যাইতে পারিবে না। এই অমুরোধের

es। প্লেটো এক স্থানে লিখিয়াছেন যে, ডিওনিসীয়া প্রসময়ে তিনি দেখিয়াছেন, সমস্ত আংখন্স নগরী একেবারে মদোরাও জ্ঞানশূন্য হইরা ফিরিতেছে।
— Lib. i, de Leg.

উপর ডিওগিনিদের উত্তর,—"দে কি হে বাপু, এ যে অতি অসম্ভব কথা যে, ইণিসিলাউস্ ও এপামিনগুর্নের ন্যায় লোক যাহারা, তাহারা नकल कानाव পড়িया माটि थारेटव, आत अभनार्थ अ छाटि लाक वाहाता, যাহারা দাধারণত: এই পর্মভুক্ত হইয়া গাকে, তাহারা কেবল ভাল ন্তানে যাইবে!" এই উক্তি, পর্বাহের যেরূপ প্রকৃতি এবং তংপ্রতি বক্তার যেরূপ ভক্তি, এ উভয়ই এককালে প্রকাশ করিতেছে। এই পর্কাহের গৃঢ় গুহা প্রকাশ করিলে, লোকে জাতিচাত ও সমাজ হইতে বহিষ্কত হইত। ^{৫৫} পুনশ্চ, আরিষ্টকানিদের দেবভক্তির প্রতি বারেক প্রকরণের প্রতি নিদারণ উপহাসক ও বাঙ্গকারক ছিল; কিন্তু তথন কার লোক সকলেরও মতিগতি এরপ পরিবর্তিত হুইয়াছিল যে, তজ্জনা তাহার অনাদর দূরে থকেক, বরং সমাজ্মধো প্রভত আদ্রই দেখিতে পাওয়। যায়। তাহার কৃত প্রটোম নামক বাঙ্গ নাটকে বর্ণিত হইয়াছে যে, লোকে আরে বলি ও পুজোপহার না দেওয়ায় এবং পুরোহিতেরাও পৌরহিতা পরিত্যাগ করায়; দেববর্গ ক্ষুধায় আকুল হইয়া শেষে মনুষ্টলোকে আদিয়া মজুর, বেহারা, পাহারাওয়ালা ইত্যাদির काटमा भगान नियुक्त इहेगा, छेनत शिक्षा कतिएक नाथा इहेगा जिल। ঐ গ্রন্থারের আরও একথানি নাট্যগ্রে ৫৬ বর্ণিত হইরাছে যে, কোন সময়ে পক্ষিকুল ছষ্টবৃদ্ধির বশব্দ্তিতায় মধ্য আকাশে একটি নগর নির্দ্ধাণ করিয়া, তথার অবস্থান পূরিক, মহুবালোক হইতে দেবলোকে যে কিছু প্জোপহার প্রেরিত হইত, মধাপথে তাহা হরণ করিয়া লইত। তাহাতে দেবদল কাজেই তখন আহার্য্য অভাবে কুধায় আকুল ও অস্তি-চর্মা-শেষ। অবশেষে বেগতিক দেখিয়া ও নিরুপায় হইয়া. পক্ষীদিগের সঙ্গে সন্ধিত্বাপন করাই যুক্তিসিদ্ধ মনে করিয়া, দেবগণ হিরাক্লিদ্ প্রভৃতি দেবতাত্তমকে দূত করিয়া পক্ষিনগরে পাঠাইয়া मित्ना । त्नवमृत्रवंगत्क त्यन मृष्टि-आश्वरन मध्य कतिवात क्रनारे, शक्तिवंग

ee | Hor. Od. 2 III.

দরবারগৃহের পরিবর্ত্তে রন্ধনশালায় তাহাদিগকে গ্রহণ করিল। রন্ধনগৃহস্থিত আহারীয় দ্রব্য দর্শনে ও তাহার দ্রাণে কুধার্ক্ত দেবদূত-গণের যে লোলুপতা ও ভাবভঙ্গী, কবিক্বত তাহার বর্ণনা সকল অতিশন্ত হাস্য-উদ্দীপক ও দেববর্গের হেয়ত্ব-সাধক। বাহা হউ**ক, শে**ষে দেবদল, পক্ষিরাজকে বহু খোষামোদ করিয়া এবং অধিকন্ত তাহাকে বাদিলীয়া नामक चुन्नती नात्न मञ्जूष्टे कतिया, मिक्किश्वाभन भृक्षक निर्विदेश इटेटनन । মারিষ্টফানিদের এই সকল তাত্র ব্যঙ্গোক্তির মূল উদ্দেশ্য, গ্রীক্দিগের তাংকালিক ধর্মতত্ত্ব ও তদর্ম্চানে বিক্বত ও বীভংস ভাব যে সকল, তাহা লোকের স্থানমুদ্ধ করিয়া দেওন ৷ ফলতঃ ধর্মের নাম করিয়া গ্রীদে নানাবিধ কদর্যাকাও দকল অবাধে হইয়া বাইত। আধুনিক যুগের হিন্দুও যে ইহার ভূলনায় কিছু কম হইবেন তাহা বোধ হয় না, বরং হয়ত কোন কোন বিষয়ে কিছু উপরেও যাইতে পারেন ; কিন্তু এথানে আধুনিক হিন্দু লইয়া কথা নহে। যে সিংহবংশে সেই আধুনিক हिन्दू मुंगानकाल किनामा पूथ छेड्वन किताउट्ह, वंशान त्मरे निःश-বংশেরই কথা কহা যাইতেছে; এবং তাহারই সহিত বক্তব্য বিষয় গুলি ত্লনীয়।

এ দিকে এই সকল দেবপর্কাহের বীভৎস ব্যাপার; ওদিকে কিন্তু আর একটি বিষয় স্পষ্টরূপে দেখিতে পাওয়া বায়, বাহা গ্রীকচরিত্র বিষয়ে উদ্ধান পরিচায়ক স্বরূপ; অর্থাৎ যে সকল পর্কাহ পুন; জাতীয়ন্ধ বিধায়ক, তথার বীরন্ধ, বীর-মন্থান্ধ এবং জাতীয় একতা কি তার ও ক্রিয়োদীপক ভাবেই ক্রুরিত ও ক্রুটিত হইয়াছে! এ সকল পর্কাহে বলের অর্চনাই প্রধান। কিকিরো একস্থানে বলিয়াছে বে, ওলিম্পিয়ার কুন্তি প্রভৃতিতে জেতা যে, সে গ্রীকদিগের নিকট এতই সম্মানিত হত যে, রোমনগরীতে রণজন্মী বীরপুক্ষের গৌরবও তাহার নিকট মালিন হইয়া যাইত।" ৽ হরেস কিকিরো অপেক্ষা ওলিম্পিকজেতার সারবও উন্নত সন্মান জ্ঞাপন করিয়াছে; তৎকর্ত্বক একস্থানে লিখিত

eq | Cec. Pro Flacco, num. XXXI.

হইরাছে বে, তজ্ঞপ ক্ষেতা বে, দে বেন মহুদালোকের অতীত বিশ্বরী গণিত হইত এবং লোকে ভাহাকে মহুদ্য নহে, বেন দেবতারই ন্যার জ্ঞান করিত। প্দ বলা বাছল্য যে, ইহারই প্রকারান্তর ফলে গ্রীকভূমে মারাথন, থার্মাপিলি প্রভৃতি বীরতীর্থক্ষেত্রের উৎপত্তি হইয়াছিল।

हिन्दित्रत भाखश्र, अर्कार, यागयळ, अञ्जा ध्वकत्नानि अनाव সমুদ্রবিশেষ; অতএব কোন স্থান হইতে কি তুলিয়া গ্রীকদিগের সহিত তাহার তুলনা করিয়া দেখাইব। তবে ধর্মের ফল স্বরূপ নৈতিক জীবন সাধারণতঃ কিরূপ ছিল, তাহা দৃষ্টি করিলে বরং ধার্ম্মিকতাও সেই সঙ্গে বছলাংশে উপল্পি হইতে পারে। অতএব তাহাই একট অলোচনা করিয়া দেখা ঘাউক। কিন্তু আমরা হিন্দুসন্তান, এজনা হয়ত নিরপেক্ষভাবে হিন্দুর কথা নাও বলিতে পারি, হয়ত নিরপেক্ষ হুইবার জনা চেষ্টা কবিলেও অত্তর্কিতে পক্ষপাত আদিয়া ঘটতে পাবে -অত্এব তেমন স্থলে তাহা যদি একজন প্রাচীন গ্রীক দর্শকের দ্বো উক্ত হয়, তাহা হইলে আর কোন কথাই থাকে না। তাহাই হউক। অবশাই বলা বাছলা যে, এই গ্রীক কেবল একজন বাহাদশী মাত্র, সমাজের অন্তন্তবের নিগৃঢ় কথা কিছুই তাহার জানা সম্ভব নঙে এবং জানিতও না; স্থতরাং তেমন নিগৃত কথা সম্বন্ধে যাহা কি ह তাহার দারা উক্ত তাহা যে একট দেখিয়া গুনিয়া গ্রহণ করা কর্তব্য. এইমাত্র সাবধান করিয়া দিই। অভঃপর শুন এখন গ্রীকদশক কি বলিতেছে। ৫৯

"ভারতীরের। মৃত ব্যক্তির শ্বরণার্থে কোন কীর্ছিস্ত স্থাপন করে না। তাহারা বলিয়া থাকে যে, তাহাদের জীবন ফালের মধ্যে কত সংকার্য্য যাহা, এবং তাহারই যে গুণগান, তাহাই তাহাদের পক্ষে উং ক্ট কীর্ত্তিস্কা।

"ভারতীয়েরা আহার বিহারে সর্বদাই পরিমিতজীবী;—বিশেষতঃ

ev | Hor. Od. I & II.

ta | Megas. Frag. XXVI & XXVII et Seq.

যথন দেনানিবাদের মধ্যে থাকিতে হয়। বিশৃষ্ণাল জনতাকে ইহারা
সর্বান স্থান করে, এ নিমিত্ত ইহাদের সর্ববিষয়েই সুশৃষ্টালা পরিদীপ্যানান। চৌর্যাদি ছজিল্যা কদাত ঘটিয়। থাকে। চক্রপ্তপ্তের শিবিরে অন্ন্
৪০০০০০ লোক থাকিত; কিন্তু এত লোকের সমাবেশ সন্বেও কোন
দিনেরই অপস্থত দ্বোর মূল্য কখনও ছইশত ড্রাম, অর্থাৎ ৮১০০ টাকার
উর্দ্ধে উঠে নাই।" এইখানে দর্শক আশ্চর্য্য ইইতেছেন যে, "যে জ্লাতির
মধ্যে লিখিত নিয়্মাদির অভাব; এবং লিখনপ্রণালী যাহাদের নিক্ট
এখনও অপরিজ্ঞাত, সে জাতি কেমন করিয়া এতটা শান্তি রক্ষা করিয়া
থাকে।" দর্শক হরত শিবিরবাসাদিগের মধ্যে লিখনপ্রণালীর ব্যবহার
দেখিতে পায়েন নাই। ৬০ সে যাহা হউক, পুনশ্ত:—

৬॰। মিগাস্থিনিস যে স্থানে লিখনপ্রণালীর অভাবের কথা বলিতেছে দে স্থানের অর্থ স্পষ্ট নহে: উহা সমস্ত হিন্দুজাতি সম্বন্ধে বলিতেছে, কি কেবল চন্দ্রগুপ্তের শিবিরস্থ লোকদিগের সম্বন্ধে বলিতেছে, তাহা ঠিক নিরূপণ করা যায় না। তথন ভারতের উচ্চ গৌরব ও উচ্চ সভাতার সময়, অতএব তথন যে লিখনপ্রণালীর অভিত ছিল না.এ কথা সমগ্র জাতি সম্বন্ধে প্রয়োগ করা নিতান্ত আশ্চয়োর বিষয় এবং প্রয়োগ-কারী যে নিতান্ত অনভিজ্ঞ তাহারই পরিচায়ক। কিন্তু যতদূর দেখা যাইতেছে, তাহাতে মিগাস্থান্সকে তত্দুর অনভিজ্ঞ দর্শক বলিয়াও বলা যাইতে পারে না। অভএব অনুমান হয়, ঐ কথা কেবল চন্দ্রগুপ্তের শিবিরস্থ লোকদিগের সম্বন্ধে প্রযুক্ত হুইয়াছে: এবং তথনকার কালে যুদ্ধার্থে নিযুক্ত নীচজাতীয় দৈনিকের পক্ষে নিরক্ষর হওয়াও কিছু অস্থ্র নহে। অধুনাতন কালে মক্ষমুলারাদি ইউরোপীয় পণ্ডিতের। বিবেচনা কার্যা থাকে যে, প্রাচীন ভারতে, এমন কি পাণিনির সময়ে পর্যান্ত, লিখন-প্রণালী এচলিত হয় নাই: পর্বতপ্রমাণ সমস্ত গ্রন্থরাশি কেবল স্থৃতিশক্তির সাহায়ে রচিত, অধীত ও রক্ষিত হইয়া আদিয়াছে। বাহার। দাধারণ স্মৃতির এরপ অন্তব ও অলৌকিক শক্তিতে স্বচ্ছদে বিশাস করিতে পারে, অথচ অতি সম্ভব ও সামান্য কথা লিখনপ্রণালীর অভিভৱতে বিশাস করিতে পারে না; যাহারা পুনঃ, সেই পর্বতপ্রমাণ গ্রন্থরাশিস্থ অপার শব্দসমুদ্র বিলোড়িত মথিত ও বিল্লেষিত করিয়া কেবল বর্ণমালার বর্ণ সকলের মারপেঁচ ও কাটাকাটিতে পাণিনির যে অন্তুত ও অসাধারণ ব্যাকরণ, তাহাও একমাত্র স্মৃতিশক্তির যোগে উৎপন্ন বলিয়া বিশ্বাস করিতে পারে; তাহাদের বৃদ্ধি ও वित्वहन। एक इत्कर धनावाम मिएक रहा। मिक्र विकृष वृद्धि । वित्वहना युक्त लाकि व

"ভারতীয়েরা পরম স্থংে বাস করিয়া থাকে; স্বভাবে পরিমিতঙ্গীবী, এবং ব্যবহারে আড়ম্বরশুনা ও স্থক্তির। কেবল যজ্ঞানির সময় ভির কথনও স্থরাপান করে না।" যজ্ঞের সময় স্থরাপান, বোধ করি, দর্শক সোমরদপানে দৃষ্ট করিয়া থাকিবে। "যবের পরিবর্ত্তে তগুল হইতে একরূপ পানীয় প্রস্তুত করিয়া, তাহা ইহারা ব্যবহার করিয়া থাকে। ইহাদিগের আহারীয় তণুলপাক অন্ন। ইহাদের আইন ও চ্ক্তি প্রভৃতি যে নিতান্ত আড়ম্বরশূনা, তাহা ইহারই দারা প্রমাণিত হইতেছে যে, তাহারা কলাচ থিচারালয়ের স্মরণ লইয়া থাকে। ইহা-দের মধ্যে চুক্তিভঙ্গ বা বিশ্বাস্থাতকাদি সম্বন্ধে কোন মোকদ্দমা হয় না, অথবা ইহারা সাক্ষা মোহরাদিরও আবশাক রাথে না। ইহারা যথন বাহার নিকট কিছু গঞ্ছিত করিবে, তাহা পরস্পরের প্রতি বিশ্বাদেব উপর নির্ভার করিয়াই করিয়া থাকে। ইহাদিগের গৃহ সম্পত্তি আদি অর্ফিতভাবে পড়িয়া থাকে, অথচ কোন বস্তু অপস্তহ্য না। এই সকলের দারা দৃষ্ট হইতেছে যে, ইহারা সৃষ্ঠিশালী এবং সংপ্রকৃতিস্থ।" এই স্থানে বিজ্ঞ ডিওগিনিসের গ্রীক আনালত দর্শনাস্তে যে উক্তি তাহা শ্বন ক্রিও,—''উভয় পক্ষের উকিলী শুনিয়া ইহাই প্রতিপন্ন হইতেছে যে, এক ব্যক্তি কথিত দ্রবাট চুরি করিয়াছে, আর অপর ব্যক্তির তাহা চরি যায় নাই।" ७३

পুনশ্চ মিগাস্থিনিস্ কহিতেছে, "ইহারা সতা এবং সততার সমধিক পরিমাণে সম্মান করিয়া থাকে। এজন্য ইহাদের মধ্যে কেবল বয়েবেজ নহে, জ্ঞানব্রজ হইলে তবে সম্মান প্রাপ্ত হইয়া থাকে।" মিগাস্থিনিসের আর এক অভূত কথা তুন,—"স্ত্রীলোকের সতীত্ব আয়াস-

সংক্ত ক ও বিচারে প্রবিষ্ঠ হওষার কোনই প্রয়োজন দেখা যায় না। অথবা তাহাদের উল্লেখ পর্যান্তও কেবল সময় অপবায়মাত্র। তবে একটা কথা এই যে, কেবল টটানটি সংস্কৃত জানকে মাত্র অবল্যন করিয়া যাহারা অচ্ছন্দে একপ আশ্চর্যা মত সকল প্রকাশে সাহসী হয়: তাহাদের সেই সাহস্টা দেখিবার ও কংলা ক্রিবার বিষয় বটো!!

^{55 |} Diog. Lacrt. VI Diog.

সাধ্যে রক্ষা না করিলে, তাহারা ছণ্চারিণী হইরা থাকে"; এ কথা
নিঃসন্দেহ অবরোধ-প্রথা দৃষ্টে উক্ত। যেমন বলিয়াছি, সমাস্কের
মন্তব্যলে যে দর্শকের দৃষ্টি ছিল না, ইহা তাহারই পরিচায়ক। বিশেষতঃ
যে দেশের স্ত্রীলোক গ্রীকপর্বাদির অংশভাগিনী; যথায় নিরবচ্ছিয় উলপ
প্রক্রবর্গের ক্রীড়া কৌতৃক স্ত্রীগণ স্বচ্ছন্দে এবং অকাতরে দাঁড়াইয়া
দেখিত; যে দেশের মধ্যে স্পার্টাভূমে উলপ যুবতী স্ত্রীগণ স্বচ্ছন্দে উলপ
স্বক্রের সঙ্গে কুন্তি লড়িত এবং যথায় যুবতী কামিনীগণ স্বচ্ছন্দ
অথসক্ষালনের নিমিত্ত গোপনীয় অংশ অবস্তারতে অগোপন করিয়া
রাখিত, ৬২ সে দেশের এক জন দর্শক, ভারতীয় সন্ধীণ স্ত্রীস্বাধীনতা
দেখিয়া, ওর্গণ কথা না বলিবে ত বলিবে কে ৪৬৩

ভারতীয়ের ধর্মবৃদ্ধি সম্বন্ধে, ঐ মিগাস্থিনিস্ বলিতেছে ৬৪—ইহালিগের আলোচ্য বিষয়ের অধিকাংশই মৃত্যু সম্বন্ধে। ইহারা এই জীবনকে গর্ভবাসের নাার বিবেচনা করিয়া থাকে এবং সেই গর্ভবাসের পূর্বতা আন্তে মৃত্যুই তাহাদের বিবেচনার প্রাক্ত জন্ম ;—মৃত্যুর পর হইতেই মধার্থ স্থ ও স্থথনর জীবনের আরম্ভ হয়। এই কারণে ইহারা মৃত্যুর নিমিত্র প্রস্তুহ ইহার জন্ম, সর্বাদানাবিধ ব্রত নিয়মানির আচরণ করিয়া থাকে। ইহলোকে মনুষাভাগ্যের যাহা কিছু স্থ্থ ছংখ, সেসক্লকে ইহারা কিছুই গণনার আনে না এবং তাহাকে নিরর্থক মারা জীড়া স্বরূপ বিবেচনা করিয়া থাকে। যদি তাহা মায়াজীড়া না হইয়া সত্য ও সংপদার্থ ইইত, তবে একই বস্তু এক ব্যক্তির নিকট ছংখনায়ক ও আর একজনের নিকট স্থানায়ক; অথবা একট বস্তু সাম্বভেদে বিভিন্ন ব্যক্তির বিভিন্নরূপ চিত্ত উদ্ধীপনার কারণ স্বরূপ হইবে কি

اجر Plut. Licurg.

৬০। অনেকের বিখাস যে, ভারতের অবরোধপ্রথা মুসলমানদের আমল হইতে:
সেটা লম। অবরোধপ্রথা ভারতে অতি প্রাচীনকাল হইতে প্রচলিত; তবে হইতে
পারে যে এখনকার নাায় তথন ততটা বাঁধাবাঁধি ছিল না। এ বিষয় লোকনীতি
প্রস্তাবে যথাস্থানে যথাযোগা ভাবে আলোচিত হইবে।

^{68 |} Mrgas, Faag. XII.

জন্য ? গ্রীক বিজ্ঞদিগের মনে এরূপ মারাবাদ আবাপনা হইতে কোন কালে কখনও প্রবেশ করে নাই।

প্নশ্চ, একদা মাকিছনিয়ার অধিপতি আলেক্জাণ্ডার, ব্রাহ্মণ-বিজ্ঞ দেখিবার জন্য নিতান্ত উৎস্থক হইয়া, আচার্য্যপদবীর দণ্ড (Dandames) ৬০ নামক জনৈক ব্রাহ্মণকে নিকটে আনিবার জনা, গ্রীকবিজ্ঞ অনেসিক্রিটোসকে ব্রাহ্মণমণ্ডলীতে প্রেরণ করেন। দণ্ডাচার্য্য পর্ণশ্যায় শায়িত, এমন সময়ে অনেসিক্রিটোদ্ যাইয়া তাঁহাকে আলেক্-জাগুারের অনুজ্ঞা এরূপে জ্ঞাপন করিল। "হে ব্রাহ্মণাচার্য্য, আপনার মঙ্গল হউক, দেবরাজ জিউলের পুত্র রাজাধিরাজ ও সর্বাজনস্বামী মহারাজ আলেক্জাণ্ডার আপনাকে একবার তাঁহার সকাশে উপস্থিত হইবার জন্য অনুজ্ঞা করিয়াছেন। আপনি সেই অনুজ্ঞা পালন করিলে, অপার পারিতোষিকদানে তিনি আপনাকে সম্রষ্ট করিবেন। কিন্ত যদি অবহেলা করেন, তাহা হইলে তলিপরীতে আপনার মন্তকচ্ছেদন হইবে।" দণ্ডাচার্যা উঠিবার পাত্র নহেন; সেই পর্ণশ্যাগিত স্থ্থ-শয়নে সমান শাষ্ত্রিত থাকিয়া ও অনুজ্ঞার প্রতি কিছুমাত্র জ্রাকেপ না করিয়া, এ কথা সে কথার পর শেষ উত্তর প্রদান করিয়া এরূপ কহিলেন.— "দেখ, ঈশ্বর বিনি, তিনিই সর্বোপরিত্ব এবং সর্বেশ্বর রাজা, এবং তাঁহা হইতে কথনও ধুষ্ট কদভিস্দ্ধির উৎপাদন হয় না। তিনি স্টিকর্ত্তা,— এই আলোকের, এই শান্তির, এই জীবকুলের, এই জলের, এই মহুষা দেহ এবং এই মহুষ্য-আত্মার; আবার ইহারা যথন মৃত্যুহন্তে পড়িয়া বন্ধনশূন্যে স্বাধীনত্ব লাভ করে, তিনিই তাহাদিগকে নির্বিকার প্রদয় মুখে পুনগ্রহণ করিয়া শান্তিদান করিয়া থাকেন। তিনি কোন যুদ্ধেরও প্রবর্ত্তনা বা হত্যারও প্রশ্রের দিয়া থাকেন না: সেই একমাত্র মঙ্গলময়

৬৫। কেই কেই বাল্লার "দওম।" লিখিয়া থাকে, তাহা ভূল। দও লংকর
ছিতীয়ান্ত পদ দওম, উহাকে প্রীক-ব্যাকরণামূরণ নামার-প্রতারে লইরা আদিলে
Dandames হইরা থাকে। আক্রের্ড বে, অতি বিজ্ঞ ও বছদর্শী লেখকদিগেরও এ ভূর
লক্ষ্যণত হয় নাই।

দেবই আবার স্বামী, এবং তাঁহারই নিকট আমি বিনতশির হইয়া থাকি। কিন্তু তোমার আলেকজাণ্ডার ঈশ্বর নহে, তাহাকেও এক ্দিন মরিতে হইবে। বিশেষ যে ব্যক্তি এখনও তীত্রবহা নদীর তীর পর্যান্ত যাইতে সমর্থ হয় নাই; অথবা যে এখনও বিশ্বরাজ্যের সিংহাসন অধিকার করিয়া তাহার উপর আর্চ হইতে পারে নাই, সে কেমন করিয়া সর্বাজন-স্বামী হইতে পারে ? অথবা আলেক্জাণ্ডার এখনও সশরীরে রসাতল গমনে সমর্থ হয় নাই : অধা সূর্য্য কোন পথ অবলম্বন করিয়া মধ্য আকাশ দিয়া গমন করিয়া থাকেন, তাহাও নিরূপণ করিতে পারে নাই। যদি তাহার বর্তমান রাজ্যারতনকে সে তাহার তরাকাজ্ফার অমুরূপ পুরুক বলিয়া বিবেচনা না করে, বলিও তাহাকে যেন এই গঙ্গা পার হইয়া ধাবিত হয়, তাহা হইলে তাহার আকাজ্জা পূরণের যথেষ্ট উপকরণ মিলিতে পারিবে। তুমি নিশ্চয়ই জানিও, আলেকজাণ্ডার আমাকে যে সন্মানদানে প্রস্তুত, অথবা সে আমাকে যে পুরন্ধারের প্রলোভন দেথাইতেছে, আমার পক্ষে তাহা নিতান্তই অকিঞ্চিৎকর। আমি যে দ্রোর সমাদর করিয়া থাকি এবং যাহা আমার কার্য্যে লাগিয়া থাকে, স্কুতরাং বাহা আমার নিকট মূল্যবান্ বলিয়া বিবেচিত, তাহা আমার এই শ্যা ও কুটীর নির্মায়ক পত্রপুঞ্জ; অথবা ঐ লতা যাহা আমার স্থবস আহারীয় যোগাইয়া থাকে; অথবা के जन गोहा जामात शानीय अनान कतिया थाकে। जिस्त जना त्य সকল আয়াসসাধ্য বস্তু,যাহা অন্যে সংগ্রহ করিয়া থাকে,তাহা তাহাদের পক্ষে পরিণামে কেবল তঃথ ও বিরক্তির কারণ স্বরূপ হইয়া দাঁড়ায়। কিন্তু আমি যাহার শ্ব্যা এই পর্ণপুঞ্জ এবং রক্ষণীয় বস্তু যাহার কিছুই নাই, আনার নিদ্রা কত স্থাবে !--বিদ আমি বত্রাদি সম্পত্তি সংগ্রহ করিতাম, তাহা হইলে আর আমার এ নিঃশঙ্ক স্থথের কিছুই থাকিত ना । मञ्चारनत व्यांक जननीत नाम, এই अवनी आमात ममन्त्र अखावहे পূরণ করিয়া থাকেন। জামি যেথানে ইচ্ছা সেইথানে গমন করিতে পারি, কোন বন্ধনেই আমি বন্ধ, বা কোন ভারে ভারভূত নহি। यদি আলেক্জাণ্ডার আমার মন্তক্ছেদ করে, তাহা বলিয়া আমার আত্মাকেও যে দে ধ্বংস করিতে পারিবে তাহা নহে। আমার মন্তক নির্কাক পড়িয়া রহিবে বটে; কিন্তু আমার আত্মা, এই শরীরকে ছিন্ন বসনের ক্রায়, যে পৃথিবী হইতে উহার উৎপত্তি তথার পরিত্যাগ করিয়া, বচ্ছেদে তাহার ঈশ্বর-সকাশে আরোহণ করিবে। যে ঈশ্বর আমাদিগকে শরীরী করিয়াছেন; যিনি, আমরা পৃথিবী-পতিত হইলে তাহার আজ্ঞাত্মবর্তী থাকি কি না তাহার পরীক্ষার্থে আমাদিগকে পৃথিবীতলে প্রেরণ করিয়াছেন; যিনি আমাদিগের এই জীবন অন্তে আমাদিগের কর্ম্মসমূহের বিচার করিবেন, যেহেতু তিনিই সর্কোগেরি বিচারক; এবং যাহার নিকট পীড়িতের যে আর্ভনাদ তাহাই পীড়াদায়কের শান্তির কারণ-স্করপ হইয়া থাকে; আমি দেই ঈশ্বর সকাশে উপনীত হইয়া শান্তিলাত করিব।"

"অত এব যাও, তোমার আলেক্জা প্রারকে বল গিয়া, ৭ সকন তীতিপ্রদর্শন তাহাদেরই প্রতি বিশেষ কার্যাকরী হইবে, যাহার। মৃত্যুকে ভয় করে, বা যাহারা স্থবর্গ সম্পত্তি আদি লাভের জন্য বাসনাক্ষিপ্ত; রাজ্মণেরা সম্পত্তি চাহে না বা মৃত্যুকেও ভয় করে না। যাও তবে, আলেক্জাপ্তারকে আবার বলিও, তোমার নিকট এমন কিছুই নাই যাহার প্রাপ্তি জন্য দও লোলুপ, এজন্য সে তোমার নিকট গাইতে অশক্ত; তবে তোমার যদি দওের নিকট কোন বিষয় প্রার্থনায় পাকে, তাহা হইলে তুমি তাহার নিকটে স্বছলে যাইতে পার।" ৬৬

দণ্ডাচার্য্যের এই উত্তরের উপর মিগাস্থিনিস্ লিথিতেছে—"আলেক্ কাণ্ডার অনেসিক্রিটোসের ধারা দণ্ডের নিকট হইতে এই উত্তর প্রাপ্তানে, দণ্ডকে দেখিবার জন্য অতাস্তই উৎস্ক হইয়াছিলেন। ৬৭ এই দণ্ড

৬১। Megas, Frag. LV. মিগান্থিনিদের সাময়িক ষ্ণাপ্রাপ্ত হিন্দুগন্ধের বিবরণ পরিশিষ্টে দেওয়া ঘাইবে।

৬৭। অন্যত্ত কথিত কাছে, আলেক্জাণ্ডার দণ্ডাচাধ্যের বৃত্তান্ত গুনিরা, গুঁচহাকে দেধিবার জন্য প্রথমে তিনি অরণ্যক্ষমণের ছলে দণ্ডাচাধ্যের তপোবনে আইদেন। কিন্ত

যদিও বৃদ্ধ এবং নথবেশী, কিন্তু ইনিই কেবল একমাত্র ব্যক্তি, বাঁগার নিকট সর্ব্বজাতিবিজয়ী জগজ্জেতা বার আলেক্সণ্ডার পরাত্র বীকার করিয়ছিলেন।" তথাস্তা। মাতঃ ভারতলক্ষি! এই আমাদের পিতৃপুক্ষ, ঐ তাঁহার স্বন্ধবল, আর সেই তাঁহার পরাভূত প্রতিহন্দী জগজ্জেতা বীর আলেক্সণ্ডার! আর এতাদৃক্ পিতৃপুক্ষ ইইতে উৎপন্ন ইইয়া আমরা বা করিতেছি কি?—বিধর্মী দাসত্বে বাহবা মিলিবে বলিয়া স্বন্ধন্দে দোমশূন্য মাতৃসপ্তানকে আঁশিকাঠে তুলিয়া দিতেছি; বিজাতীর বিধরপ্তকারীর প্রসন্নতার আশার, স্বন্ধন্দে মাতৃসপ্তানের অপ্রিয় সাধন করিয়া অপরের প্রিয়রচন করিতেছি; স্বজাতিধর্ষণে আনন্দে হাততালি দিতেছি; অপরয়া বিজাতি-গুণগানে কণ্ঠ ছিন্ন করিতেছি! মাতঃ ভারতলক্ষি! আর েমাকে কি বলিব ? ছি! ছি! ভাগ্যদোবে হয় তুমি চোথের মাথা থাইয়াছ; মতুবা সমুদ্রে-কি জল কমিয়া গিয়াছে,তাই এ দেশ তুবাইয়া আজিও দহ প্রভাইতে পার নাই ? কালের প্রভাবে কি ভরস্ত বৈষম্যই ঘটায়াছে।

অনেকের বিধাস, ভারতের উচ্চ জাতিরা নীচ জাতির প্রতি
ত্বিত্ব কঠোর ব্যবহার করিতেন; বিশেষতঃ শৃদ্রেরা ক্রীতদাসবং
পাকিত। তৎসম্বন্ধে মিগাস্থিনিস্ বলিতেছে;—"ভারতের আর
একটি আশ্চর্যা কথা এই যে, এথানে ভারতীয়মাত্রে স্বাধীন, ইহাদের
ক্রাধ্যে দাসপ্রেণীস্থ কেহ নাই। কেবল এই বিষয়ে ভারতীয় এবং
লাজিদিমোনিওদিগের মধ্যে বিষয়ের একতা দেখা ঘাইতেছে। তথাপি,
লাকিদিমোনিওদিগের মধ্যে হেলোটদিগকে দাসস্বরূপ বলিলে বলা যায়,
এবং হেলোটেরা দাসের ন্যার থাটিরাও থাকে; কিন্তু ভারতে ভাহাও
লাই। স্বদেশীয় লোকের কথা দূরে থাকুক, বিদেশীয়দিগেরও কাহার
প্রেতি ইহারা দাসের ন্যার ব্যবহার করে না।"৬৮

[্]ষধায় দেখিতে ৰা পাইলা, তাহাকে নিকটে লইলা ৰাইবার জন্য অনেসিকিটোদ্কে ষ্টাট্যাছিলেৰ। (Frag. LV.—B). দঙাচাথা আলেক্জাণ্ডারের নিকট যাইচে অবীকার করিলে, এরপ উক্ত আছে বে, আলেক্জাণ্ডার বলং আদিলা ওঁহাের সহিত আমিণং করিলাছিলেন। (Frag. LIV). আলেক্জাণ্ডারও কি প্রভূত মহামনা !

৬৮। Magas Frag. XXVI. গ্রীস এবং রোম, উভরেতেই দাসপ্রথা অভিশর

অতংপর, প্রীকদিগের ধর্মতন্ত ও তাহার প্রকৃতি আদি সম্বন্ধে, একজন ফরাসী ইতিহাসবেজার মতামত পাঠ করিয়া দেখ। "ইহাদিগের সমগ্র ধর্মতন্ত্ব; পর্কাহ এবং উৎসবাদির স্বভাব ও মতি (বাহার একমাত্র শিক্ষক এবং নেতা, কবিগণ); এবং দেবতাদিগের চরিত-আদর্শ পর্যান্ত (যে দেবতাদের ছর্দমনীয় কুপ্রবৃত্তি, নিন্দনীয় কীর্ত্তি এবং নিতান্ত ম্বাকর ক্রিয়া সকল, স্তোত্র বা গাথায় প্রথিত এবং লোকসম্হের উপাস্য এবং অফুকরণযোগ্য বলিয়া সন্মানিত ও গৃহীত হইলছে); এই সমস্তের মধ্যে এমন কিছু দেখিতে পাওরা যায় না বে, যাহা লোকচিত্তকে আলোকিত বা উন্নত, জ্ঞানাধার বা নীতিসম্পন্ন করিতে সমর্থ হয়। প্রতৃত্ত ইহাই বিশিষ্টরূপে লক্ষিত হয় বে, যে সকল বিষয় তাহাদের শুক্তম দৈবকার্য্য এবং নিতান্ত পবিত্র ও গৃঢ় গুহা ধর্মাচরণ বলিয়াগণিত; সে সকলের মধ্যে, মনুষ্য জ্ঞানসম্পন্ন ও নীতিসম্পন্ন হইয়া এই সাধারঃ জীবনক্রিয়া কিরূপে স্থভাবে অভিবাহিত করিতে পারে, তৎসম্বনীয় ও তৎপাষক কোন উপদেশ বা অন্তানস্ত্র থাকা দ্রে থাকুক; বরণ তৎপারবর্ধ্ব কছপদেশ ও তদ্বাতীত আইনের প্রভৃত্ব, প্রথার আধিপতা

প্রচলিত ছিল এবং দানেদের উপর যে বাবহার, তাহাও তেমনি কটিন ছিল। বেমনই গুণজ্ঞানসম্পন্ন বা গণামান্য লোক হউক, একলাতি অপরের নিকট বিজি হইলেই, জেতাকর্তৃক দাসত্বে বিক্রীত হইত ৷ রোমান দেনাপতি এমিলিয়স্ পৌল এপিরোস্ জর করিয়া, একদিনের বাজারেই ১০০০০০ এপিরোস্বাসীকে দাস্য বিক্রম করিয়াছিল ৷ কিপিও কার্থেজ জয়ের পর, একদিনে ০০০০০ কার্থেজবাসী দাসত্বে বিক্রম করে ৷ জাবোর এছে লিখিত আছে যে, মাকিছ্নিয়ায় একদিন বাজারে ১০০০০ দাস বিক্রীত হইয়াছিল ৷ এই সকল দাসেরা বিবাহ করিলে; বা প্রেরম উপর ইহাদের কোন অধিকার থাকিত না; কিছু উপার্জন করিলেও তা মুনিবের হইত; তাহাদের জীবন মর্য প্রভ্রুর রোষতোবের উপর নির্ভর করি ইতাদি ৷ প্রভূদের অভাচার এত ছিল যে, তাহার জন্য সময়ে সময়ে যোরতর দা বিজ্ঞোহ সকল ঘটিত ৷ রোমের রূপিলিরস্ ও আকুইলিয়স্ কর্তৃক উপশ্লিত দাবিলাহ বিরাহের মতে হইগাছিল ৷

শাসকবর্গের উপস্থিতি, রাজন্যবর্গ্যের সমিতি এবং পিতৃমাতৃদৃষ্টান্ত পর্যান্ত, কিসে এই সমস্ত জাতিকে আমূলতঃ, ধর্ম্মের নামে বা প্রকারান্তরে ধর্ম্মের দোহাই দিয়া, অপবিত্র এবং গুর্নীতিশীল উপাসনাম রত করিবে, তাহারই শিক্ষা দিয়া আসিয়াছে।" ৬১

এখানে আর একটি বিষয় পরিকার করিয়া বলা উচিত, তাহা এই; হিন্দুর ধর্মতত্ত্ব সম্বন্ধে উদ্বৃতাংশসমূহ বেদাদি উচ্চ শাস্ত্র হইত লইলাম কি জন্য এবং গ্রীকের বেলাই বা গ্রীক কবিগণ প্রভৃতির দোহাই দিলাম কেন ?—ইহার উত্তর পূর্বেই দিয়াছি। গ্রীক্দিগের মধ্যে বেদাদির নাম প্রতিষ্ঠিত শাস্ত্রগ্রের অভাব—কবিগণের রচনা ও গাথাদিই কেবল তথায় তংপদত্ব।

এক্ষণে একবার পূর্বাপর সমালোচনা করিয়া দেখা যাউক। ভারতীয় চিত্ত ক্রমে ক্রমে পারলোকিক তত্ত্বে এরপ সমাহিত হইল যে মানবচিত্ত, পরপর অদৃশ্য ভেদ করিতে ক্রমাগত উৎসাহবান হইয়া, মানবজীবনের ক্ষণভঙ্গুরতা দৃষ্টে প্রলোকের প্রতি সমস্ত নির্ভরতা স্থাপন পূর্বক, পার্থিব সমস্ত বিষয় অসার এবং তাহা ক্ষণমাত্রের বস্তু এরপ বোধ করিয়া, তাহার প্রতি অপেক্ষাকৃত শিথিল-য**ত্ন হইল**। উপাদ্য বিশ্বপতি, যিনি দেই বিশ্ববাদস্থানের পিতৃদেবতা। গ্রীকদিগেরও উপাস্য ইষ্টদেবতা আছে বটে, কিন্তু কিরূপ দেবতা, তাহা তাহাদের বিণিতুদেৰতত্ব দারা অবধারণ কর। ভারতীয়দিগের উপাসনার মুখ্য উদ্দেশ্য পারলৌকিক ঐশ্বর্যালাভ এবং প্রাপ্তমঙ্গলের নিমিত্ত ক্বতজ্ঞতা-প্রদর্শন; গ্রীকদিগের উপাদনার মুখ্য উদ্দেশ্য ইহলোকিক ঐশ্বর্যালাভ। গ্রীকবৃদ্ধির নিকট দেবতার প্রতি কৃতজ্ঞতা প্রদর্শনের বিশেষ কারণ কিছু দেখা যায় না; কারণ, যাহা আমি পাইয়াছি বা যাহা আমার আছে, তাহা আমারই হক্ প্রাপ্য তাই পাইয়াছি, তাহাতে আবার **কৃতজ্ঞতা**র সঙ্গে সম্বন্ধ কি ? আর এখন ?—এখন যেরূপ উপাদনা করিব, ভাহার যে ফল পাইব সে ত তেমনি তাহার প্রতিদানমাত্র।

ভারতীয়দিগের দৈবকার্যা বিষ্ণু প্রীতিকামার্থে; আর জমাথরচ-বিজ্ঞান-বিং প্রীকদিগের দৈবকার্য্য আয়াপ্রীতিকামার্থে। এ সংসার-ক্ষেত্রে যে চিত্তের অবলম্বনীয় বস্তু বেরূপ, সে চিত্তের এ সংসার-উপযোগী কর্ত্তরাধে ও নীতিমার্গও তজ্ঞপ হইরা থাকে। প্রীকদিগের কর্ত্তরাধে প্রম্থালাভ; ভারতীয়দিগের কর্ত্তরাবোধ ধর্মালাভ। স্ক্তরাং ভারতীয়দিগের নীতিমার্গ, যে কোন উপায়ে হউক, ধর্ম্মারিধায়ক; প্রীকদিগের নীতিমার্গ, বে কোন উপায়ে হউক, প্রম্থারিধায়ক। এতং কারণে ভারতীয়ের ধীর, শাস্ত, বিনীত, সর্কভৃতে সমান দয়ারিশিষ্ট, সর্ক্ষাবের প্রতি নৈতিকহিত্সাধনে আগ্রহবান্। আর প্রীকেরা নৈতিকহিতবিষয়ে উক্কত; বীরগর্মের গর্ম্বিভ; কার্য্যসম্পাদক উপস্থিত নীতিপ্রের; ক্ষমতার পক্ষপাতী—যাহার বল অধিক, সেই অধিকারী, সেই পুজনীয়; হিত ও দয়া আত্রহিতে সমানিষ্ট।

ভারতীয় এবং গ্রীকেরা যথন আদিতে স্ব স্থ উপনিবেশ-ভূমিতে পদার্পনিবেশ-ভূমিতে বিক্রম প্রকাশ পূর্বেক, তাহাদিগের পদানত করিয়া, তাহাদিগের বাসস্থান দথল করিতে হইয়াছিল। আদিমগণের উপর উভয়েই আয়্মপ্রভুত্ব স্থাপন করিয়াছিলেন। ভারতে তাহারা শূদ্র, গ্রীসে তাহারা পিলাস্গী বা পরবর্জী খ্যাতনামা হেলোট ভারতীয়দিগের নিকট শুদ্র বেরূপ সম্বন্ধযুক্ত, প্রীকদিগের নিকট পিলাস্গীও তদ্রপ। কির এখন দেখু, এই উভয় জাতি, আপন পদানত আদিম অধিবাসীদিগের উপর, কে কেমন ব্যবহার করিয়াছিল। ভারতীয়দিগের নিকট, মানব যতই হীনাবস্থার থাকুক না কেন, তথাপি প্রত্যোক মানব যথন অনস্থ আত্মার আত্মাবান্, তথন ধরিতে গেলে তাহাকেও স্বাধ্রের অংশমূর্ভি-স্বন্ধপ বলিতে হয়; অতএব কাহারও প্রতি একবারে হেয়ভাব প্রদর্শন করিলে, সে হেয়ভাব বস্তুতঃ ঈশ্বরের প্রতিই প্রদর্শন করা হয়। স্থারত-সন্তান তেমন কার্য্যে কথনই সাহসী হইতে পারে না। স্কৃত্রাং

শুদ্রেরা সহস্রগুণে নীচ হইলেও, তাহারা মানবীয় অধিকার হইতে চাত হইতে পারে না। এজনা শুদ্রেরা দাসার্ত্তি-অবলম্বী ছইলেও, তাহারা সামাজিক স্বাধীনতা ছইতে কোন অংশে বঞ্চিত নহে; এবং সাধারণ রাজ্বার ভিন্ন, কি আপন প্রভু, কি অপর কেহ, কাহারই নিকট তাহাদিগকে আপন সদসদের জবাবদিহি করিতে হইত না। পুনশ্চ, এই শুদ্রেরা দাসত্বয়তে হীনতা প্রাপ্ত হওয়া দূরে থাকুক, বরং পূর্ব্ব পশুভাব হইতে মুক্ত হইয়া মন্ত্র্যাভাবই প্রাপ্ত হইরাছিল। কিন্তু এ দিকে পিলাসগীদিগের অবস্থার প্রতি একবার অবলোকন করিয়া দেখ। (मथिट পाইবে যে, মানুষ হইয়া, মনুষ্যত্ব পরিত্যাগ পূর্বক, মানুষকে কতদুর পশুভাবে ব্যবহার করিতে পারে। এই পিলাস্গীদাসের। গোমেবাদি আর আর পশুপালের দঙ্গে সমজাতীয় অবস্থার সম্পত্তি বিশেষ ছিল। সমাজের সঙ্গে গো মেষাদি পশুপালের যে সম্বন্ধ ইহাদিগেরও দেই সম্বন্ধ। স্থতরাং দামাজিক স্বাধীনতার ইহার। একেবারে বঞ্চিত। প্রভুই সর্কেসর্কা, রাখিলে রাখিতে পারে, মারিলে মারিতে পারে। প্রভুরাও ইহাদের উপর ততোধিক অত্যাচার করিত এবং যথন ইচ্ছা যাহার প্রাণদণ্ড বা প্রাণরক্ষা দ্বারা আপনার বোষ বা তোষ ভাবের জ্ঞাপন করিত। সময়ে সময়ে এই হতভাগাদিগকে অবণাচর পশুর ন্যায় পালে পালে এককালে নিপাত করিবার পক্ষেও. উদ্মাহরণ বিরল নহে। এথানে দেথ, ইহলোকিক ঐশ্বর্যাপ্রিয়তাবশে নিজ স্বার্থসাধন হেতু, মুস্বাচিত্ত কিরুপ মুস্বাত্তপরিত্যাগে প্রস্তুত ছইয়াছিল। পিলাস্গীরা ইহাদের দাস্য, কৃষি, পশুপালরক্ষা, ইত্যাদি যাবতীয় শ্রম্পাধ্য এবং সামাজিক বোধে যাহা বাহা হেয়. সেই কার্য্য সমস্ত নির্মাহ করিত।

অনস্তর কোন্ ধর্ম কিরূপ শ্রেষ্ঠ, তদালোচনায় একটা প্রধান পরিচয়, ধর্মের ধার্মিকভাবিধায়ক শক্তিতে। আবার ধার্মিকভা বিধায়ক শক্তিকে উপলব্ধি করিবার প্রধান উপায়, ধর্মশিষাগণের প্রকৃতিপর্যালোচনে। তব এবং নাতি, অরবিস্তর সক্য ধর্মেই আছে: কিন্তু ভিত্তি উপলক্ষ্য এবং প্রয়োগ-প্রকরণ, এ দকলের তারতম্য ও বিভিন্নতা হেতু, কোথাও বা তাহা বর্ণমালার বর্ণযোজনা মাত্র, আর কোথাও বা জীবন্ত শক্তিশ্বরূপ হয়। মনে কর, কোন একটা নীতিবিশেষ, একদিকে স্থলপণ্ডিত এবং আর দিকে হিন্দুগুরু, উভয়ই আপন আপন শিষ্যকে শিক্ষা দিতেছে। এখন সে শিক্ষার ফল ফলিল কি ? দূর ফল যাহা হউক, আপাতত: নিকট ফলেই দেখা বায় যে, একদিকে পণ্ডিতমহাশয়ের টীকি লইয়া টানাটানি: **আ**র नित्क शुक्र (मववर পृक्षित्र ! व्यथवा मर्खकृत्व मममृष्टि, এक शारन हफ़ খাইলে আর গাল পাতিয়া দিতে হয়, অর্থ নশ্বর এবং তৃচ্ছ, ইত্যাদি; এ সকল বাইবেলও শিক্ষা দিতেছে এবং হিন্দুশাস্ত্রও শিক্ষা দিতেছে। কিন্তু ফলের বেলায় ? বাইবেলশিষ্যের, পৃথিবী মথিয়া, নানা দিপেশ লুটিয়া এবং জাতিসংঘের স্বাধীনতা-রত্ব হরিয়াও, উদর পুরে না; আর শাস্ত্রশিষ্য ঘরের পূঁজী স্বচ্ছন্দে পরকে বিলাইষা, সর্বভূতে নির্বৈর্কা সহ বনাশ্রম অবলম্বন করিয়া থাকে। এখন কাজেই বলিতে হয় যে, একেতে শিক্ষাগুলি বর্ণমালার বর্ণযোজনা মাত্র; অপরে তাহা জীবন্ত শক্তি। এই জীবন্ত শক্তি যে যে ধর্মে যত পরিমাণে অধিক, সেই পরিমাণে সে ধর্মের সতাতা এবং শ্রেষ্ঠতা উভয়ই জ্রাপিত হয়।

এখন এই জীবস্ত শক্তি লইয়া ধরিলে, নি হাস্ত বিপক্ষ বে,তাহাকেও স্বাকার করিতে হইবে বে, কি প্রাচীন কি আর্ ক্রিক, যে কোন ধর্ম হিন্দুধর্মের তুলনাতেই আদিতে পারে না। যেহেছ, হিন্দু সমাজের অতি উর্জ্জতম পর্যায় হইতে অতি নিম্নতম পর্যায় পর্যাস্ত সর্বাত্র, নৈতিকতা এবং ধর্মাতীকতা এবং পর্যান্ত পরিকা বার না। দেখ, তোমার ইউরোপে গ্রামে প্রামে ও পাড়ায় পাড়ায় গীর্জা এবং ধর্মায়জক; তাহা ছাড়া কত কত ধর্মাসভা, সমিতি এবং প্রচারক ও প্রচারিকা নানা দিকে ঘ্রিয়া বেড়াইতেছে; ইহা সত্বেও, তোমার নিম্নশ্রেণীস্থ ইউরোপীয় রীতি নীতি ও স্বভাবে হিংপ্রপশ্রবং নয় কি? আরু সেই শ্রেণীয় হিল্পুস্তানকে কোন উপদেষ্টা

কোন দিন ডাকিয়াও জিজ্ঞানাকরে না; অথচ তাহারা তাহাদের তুলনে দেববং বলিলে অত্যুক্তি হয় না। অতএব হিন্দুধর্মের শক্তি এতই দিগন্তবাাপী ও প্রবলতর!

কিন্তু তদ্ধপ ফলাফল সত্ত্বে, হিন্দু ঋষির দ্বদর্শিতার প্রশংসা করিতে পারি না। জগতের আার সর্বত্র পাশবশক্তির উপশমতা না হওয়া পর্যান্ত, হিন্দুলানকে নৈতিকতা জন্য এরপ নিরীহ মানুষে পরিণত করা উচিত হয় নাই। এ কথা কটা অনেক ছঃথেই আসিয়া পড়িল! দ্বিতীয়তঃ, নৈতিকতা অতিতরভাবে পরিণত হওয়ায়, হিন্দুলভানে স্বাধীন ক্রিয়াশক্তি বহু পরিমাণেই বিলুপ্ত হইয়া গিয়াছে।

ইতি তৃতীয় প্রস্তাবে ধর্মবিদ্যা।



চতুর্থ প্রস্তাব।

তত্ত্ববিদ্যা।

১। তত্ত্বিদ্যার স্বরূপ।

এ জগতে যদি অসতের অধিকার না থাকিত, তাহা হইলে কি ধর্মবিদ্যা কি তত্ত্ববিদ্যা, কি ধর্মাচরণ কি তত্ত্বাসুশীলন, এ সকলের কিছুরই প্রয়োজন হইত না ; অথবা অসৎ অভাবে এই সৃষ্টিরই সঞ্চার এবং সম্ভাবনা থাকিত কি না সন্দেহ। যাহা সংস্করপ ও সত্য, তাহা নিত্য, অব্যয়, অপরিবর্ত্তনীয় এবং সনাতন পদার্থ; কিন্তু স্বষ্ট সেরূপ नटर। दनथा यात्र दय, रुष्टि मृल इटेट्ड नर्सना পরিবর্তনীয়, नर्सना উৎপত্তি বৃদ্ধি ও ক্ষয়ের অধীন; অথবা হিন্দুর তত্ত্বপায় উহা সত্ত রজঃ, তমঃ এই ত্রিগুণময়ী এবং ত্রিগুণাত্মিকারূপে প্রসিদ্ধা। সৃষ্টিকেও স্তবাং স্বভাবতঃ অসৎ-মূল বলিয়া প্রতীত হয়। একমাত্র হিন্দুশান্ত্র, এই অসৎ-মূল বৈকারিক সৃষ্টি স্বীকার করিয়া থাকে। অন্যান্য জাতীয় শাস্ত্র, যদিও ধর্মা ও তত্ত্বোদয় সম্বন্ধে অসতের আদিকারণতা অস্বীকার করে না বটে; কিন্তু স্ষ্টি সম্বন্ধে বলিয়া থাকে যে, মূলে উহা অসং হইতে উদিত নহে, তবে উদয়ের পরক্ষণে বটে অসংপ্রভাবে বিকৃতি প্রাপ্ত হইয়াছে। যাহা হউক, দে বিচারে এখন প্রবিষ্ট হইবার প্রয়োজন নাই। এথানে এই পর্যাস্তই যথেষ্ট যে ধর্ম্মবিদ্যা এবং তত্ত্ব-বিদ্যা সম্বন্ধে, অস্থ-অধিকার যে আদি ও নিমিত্ত কারণ, ইহা সর্ববাদি-সম্মত। সেই অসংকে পুনঃ নিরসন ও নিরাকরণ করিবার নিমিত্তই ধর্মবিদ্যা ও তত্ত্ববিদ্যা, উভয়ের প্রয়োজনীয়তা। মানব অনংপ্রভাবে স্বীয় যে মূল স্বভাব হইতে বিচ্যুত হইয়াছে, তত্ত্ব এবং ধর্মবিদ্যা দ্বারা সেই স্বভাবের পরিজ্ঞান এবং প্রাপ্তি সাধন হয়।

খৃষ্টীয় পুরাণে কথিত আছে যে, সং-অসং বোধের প্রণমোদরে, বিধাতার আদি সৃষ্টি ইডেন-বিহারী আদমকে দিব্যাবস্থা হইতে পতিত ইইয়া, সুথতঃখমর সংসারক্ষেত্রে প্রবেশ করিতে হইয়াছিল। যথন দেই সং-অসং বোধের পূর্ণতায় সং হইতে অসতের পূর্ণ বিচ্নার্তি হেতু সদসৎ বোধরূপ ভেদভাবকৈ বলি দিতে সক্ষম হইয়া, (স্বার্থ-বলিরূপ) মহাবলিকে আশ্রয় এবং আত্মভূত করিতে পারিবে; তথনই আদমের পুনমু ক্তি-পুনর্কার সেই দিব্যাবস্থা লাভ। বাইবেল গ্রন্থের এই ঘোষণা কি অপূর্ব্ব, কি অভাবনীয় গৃঢ় সত্যপূর্ণ এবং সার্থক! যে জ্ঞান-বিজ্ঞ হিব্ৰু-ঋষি এই হুজ্ঞেয়ি গৃঢ় গুহ্য ভেদ করিয়াও তাঁহার দিব্য দৃষ্টি চালনা করিয়াছিলেন, তাঁহাকে বহু নমস্কার। বাইবেল গ্রন্থের এই কথা রূপক বা প্রকৃত যে ভাবেই গ্রহণ করা যাউক, ইহা কিন্তু নিশ্চয় এবং প্রত্যক্ষ যে, আদি পিত্রেবের এই পতনোল্লয়ন, অবশাস্তাবী উত্তরাধিকার স্বরূপে, তাঁহার সন্ততিবর্গের জীবনের প্রতি পর্কো এবং প্রতি গ্রন্থিতেই নিরস্তর ও অকুগ্রভাবে দেদীপামান রহিয়াছে। আমাদের, প্রত্যেক মানবের, আশৈশব সমগ্র জ্ঞানজীবনে ইহা নিত্য নিয়মিত ভাবে অভিনীত হইয়া যাইতেছে। আমরা আত্মদোষে জড়প্রায় ও ক্রীড়নক স্বরূপ হইয়া, তাহা উপলব্ধি করিতে পারি বা না পারি, তথাপি দে অভিনয়ের তিলমাত্র ক্ষান্তি নাই। ছর্ভাগ্যবান সে, যে ইহা প্রত্যক্ষরৎ অনুভব করিয়া তদুনুসরণে পদচারণ করিতে অসমর্থ।

• পুনশ্চ, ''বালকদিগকে আমার নিকটে আসিতে দেও, প্রতিবন্ধকত।
উপস্থিত করিও না, বেহেতু একপ প্রকৃতি লইরাই স্বর্গরাজ্য নির্মিত"—
এতদ্বাক্যে লোকহিতার্থে স্বার্থবিলির জীবস্ত মূর্ত্তি বিশুখৃষ্ট স্বীয় শিষাদিগের
প্রতি অনুযোগ করিরাছিলেন। যথার্থই ঐক্রপ বালকপ্রকৃতি লইয়া
স্বর্গরাজ্য নির্মিত। আদমের ক্থিত আদি অবস্থা ঐক্রপ বালকবং।
শিশু অনস্ত হইতে নবাগত, কুটিল কালের সহিত অপরিচিত এবং
তৎপ্রতি লক্ষ্যশ্ন্য, সদসং-বোধে অনভিজ্ঞ, রাজারও প্রজা নহে, সাধুরও
খাতক নহে, পাপপুণ্যের বিচার-বিহীন, নির্মাল, নিকলন্ধ, ম্থার্থতঃ এবং
স্ক্রিভোভাবেই ইডেনবিহারী আদমের প্রতিক্রপ। শ্যুতানপ্রতিক্রণ কাল-

প্রবর্ত্তনার শেষে সং-অসং-বোধের উদয়ে, শিশু এখন মাতুষ হইয়া সংসার-ক্ষেত্রে প্রবেশ করিল, এবং শয়তানের সহ নিত্য সংগ্রামে রত হইল। এই শিশুদ্ব ঘূচিয়া মামুষত্বে প্রবেশই আদমের দিব্যদশাচ্যুতি। আবার যথন মাতুর দেই সদস্ৎ-বোধকে আয়ত্ত করিয়া, সেই শয়তান-প্রলোভনকে উপেক্ষা পূর্বাক, পুনর্বার বালকত্ব লভিতে এবং স্বার্থকয়ে মহাবলির অমুকরণ স্টিত করিতে পারিবে; অথবা রূপকবাক্যে, খুইশিষা যথন আত্মিক খুষ্টের রক্তমাংস উদরস্থ করিতে সক্ষম হইবে, তথনই তাহার পুনমু ক্তি। ফলত: বালক,বালক ঘটিয়া মাতুষ হইলেও, যদি নিতা রাজ্যের অধিকারী হইতে চাহে, তবে আবার তাহাকে বালক না হইলে চলিবে না। বালক এবং প্রকৃত জ্ঞানী ইহাদিগের মধ্যে স্বভাবগত অন্য কিছু প্রভেদ নাই; প্রভেদ কেবল এই পর্যান্ত যে. ব্যোবালক যে সে অজ্ঞান বালক এবং জ্ঞান-বালক যে সে সজ্ঞান বালক। আমাদিগের এই সংসারক্ষেত্রে সং-অসং সূহ কর্ম্ম-সংগ্রামে. লাভের অঙ্ক কেবল শেষ বালকত্বে সেই সজ্ঞানতা টুকু। এই সজ্ঞান-তার অনেক গুণ। অজ্ঞান বালক কাল-প্রবর্ত্তনায় সহসা বিচলিত ছইয়াছিল, কিন্তু সজ্ঞান বালক অনম্ভকালের নিমিত্ত অটুট। অজ্ঞান বালক বিশ্বের প্রতি বিচারশূন্য; সজ্ঞান বালক বিশ্বের প্রতি পূর্ণ বিচার-দক্ষ অথচ তাহাতে শয়তানী বিকার ও বিকম্পনশূন্য, অসৎ প্রতিরূপে বোধশূন্য গ্রীষ্টার দিবা দূতের অসপেকণ শ্রেষ্ঠ। সে দিবা দূতেরও পতন সম্ভাবনা আছে, কিন্তু ইহাদের আরে পতন নাই। শয়তান আরে প্রলোভনে ইহাদিগের মধ্য হইতে স্থদলপুষ্টিকরণে অসমর্থ। অসংকে ভেদ করিয়া সতের উদয় হইয়া থাকে: এবং যে সং-বিশেষ যে অসং-বিশেবকে ভেদ করিয়া উদয় হয়, সেই সং সে অসতের নিকট একবারে অনুভকালের নিমিত্ত স্পর্ণের অভীত হুইয়া উঠে।

অতএব অজ্ঞান হইতে সজ্ঞান বালকত্বে উপস্থিত হইলেই, খুষীয়-রূপকে নষ্ট ইডেনের পুনরুদ্ধার হইয়া থাকে; এবং এবার সে ইডেন হইতে শয়তাদ বিধ্বস্ত, বিদূর্বিত এবং চুণ্শির। অবস্থাভেদে ক্থিত্মত

তারতম্য দৃষ্ট হইলেও, তথাপি এ উভয় বালকত্বই দিব্যাবস্থাসম্পন্ন স্থতরাং স্থথের। কিন্তু কি ভয়াবহ, ক্লেশকর এবং হঃখদকুল তহুভয়ের মধ্যসাময়িক অবস্থা। এক বালকত্ব লোপে অপর বালকত্বে উপনীত হওয়া পর্যান্ত, মানবের ইহা প্রকৃতই ইডেনচ্যুত পতিতকাল; উহাই প্রকৃত স্বার্থপূর্ণ সংসারী এবং মনুষ্য অবস্থা। মানব এখন স্বীয় বৃদ্ধিকীত, আত্মগর্কে বোরতর মোহাচ্ছন : প্রতি বিষয়ের জন্য আর এখন ঈশ্বরের উপর অকপট নির্ভরতাও নাই, স্থুতরাং নির্ভরতাঞ্জনিত শান্তিও নাই: অথবা ঈশ্বরও, বলিতে গেলে, এখন আর তাহাদিগের প্রতি বিষয়ে পূর্বের ন্যায় তত্ত্বাবধারণ করেন না। শয়তানকে প্রতিদ্বন্দ্রিরূপে সমুখীন দেথিয়া: এবং রক্ষণীয় বস্তু হইতে অরক্ষণীয় বস্তুরক্ষণে প্রতারিত হইয়া; আত্ম-রক্ষণের প্রবৃত্তি-স্ত্তের বিকারে, মানব এখন সতত ঘোর স্বার্থবান, স্বায়ত্ত-শক্তিতে ফীত, নিয়ত সংগ্রামরত, স্বয়ং-দর্বস্ব, আফু-বল-দৃপ্ত, আত্মবৃদ্ধিতে বৃহস্পতি, তর্কবৃদ্ধিতে বিশারদ; অথবা এক কথায়, হীনপক্ষ-বোধ-বিক্ষুৰ ও স্বপক্ষ-সহায়তায় সন্দিহান সন্মুপ যোদ্ধার যে কিছ দোষ গুণ তদ্মরা পরিচালিত। সংগ্রামে বিধ্বস্ততা ও শ্রম-ক্লিইতায়, সৎ যাহা তাহাই এখন শক্রক্রপে প্রতীয়মান হইতে থাকে ; কেবল শত্রু নহে, কখন কখন তাহাকে ছয়স্বপক্ষ ও ঘরের শত্রু ভাবিয়া, রাগে ও বিরক্তিতে বিপক্ষ অসংকে বন্ধু ভাবিয়া তাহার শরণাপন্ন হয় ও ক্ষণিক শান্তির প্রলোভনে তাহার আশ্ররগ্রহণে ব্যগ্রতা প্রকাশ করিয়া থাকে। মানবের এই মধ্য সময়—এই পতনদশাটিই বুদ্ধিমানের কাল, জ্যেষ্ঠত্ব বিস্তারের সময়, বিদ্যার জাহাজগিরি,তর্করঙ্গের ছড়াছড়ি; মানব এখন স্বীয় তেজে উন্মত্ত ষণ্ডের ন্যায় মদবিক্ষিপ্ত। কিন্তু এই সময়ে, এই ঘুণাবর্ত্তমধ্যেই, আবার ভাবী ভভাভভের বীজ ঘাহা তাহাও বপিত হইয়া থাকে।

মানবের এই জিবিধ বিভিন্ন অবস্থার অবলম্বনপদার্থও ত্রিবিধ।
অজ্ঞান বালকের অবলম্বন, পরিশুদ্ধ ঐশবিকসভামন্ত্রী প্রকৃতি দেবী
অবং: মধ্যাবস্থার অবলম্বন, বৃদ্ধি এবং বিচারণাশক্তি; সজ্ঞান বালক বা

চূড়ান্ত অবস্থার অবলয়ন, শ্রনা এবং ভক্তি। উক্ত তৃতীয় অবস্থার উপস্থিতিতে শয়তান যথন বিদ্রিত হইবাতে, বিভিন্ন অর্থের অভাবে আর্থকে বলি দিবার সময় আদিরা উপস্থিত হইবে; তথনই আবার আর্থকয় ঘারা মহাবলির আশ্রয় হেতু ঈশ্রসতা পুনর্কার অবলয়নস্থল হওরায়, মানবের পুনমুক্তি—শৃষ্টীয় নষ্ট ইডেনের পুনরুদ্ধার। প্রথম অবস্থার বিষয়ীভূত বিদ্যা বাহা, তাহা অবশাই সহজ জ্ঞান এবং ধূলাবেলা; দ্বিতীয় অবস্থা বা বৃদ্ধি এবং বিচারণাশক্তির বিষয়ীভূত বিদ্যা বাহা, সং-অসং বোধের স্থানির্পূত বিদ্যা বাহা, সং-অসং বোধের স্থানির্পূত বিদ্যা বাহা, তাহাকে তত্তবিদ্যা হত্তবিদ্যার বিষয় একংল আলোচা।

পুন: ক্রিয়ামার্গে, প্রথম অবস্থার সম্বল চিত্তচালনা; দ্বিতীয় অবস্থার সম্বল বৃদ্ধিচালনা; এবং তৃতীয় অবস্থার সম্বল হৃদয়চালনা। তত্ত্বিদ্যা সেই বুদ্ধিচালনা হেতু সাধারণ দূরদর্শনফলে উৎপন্ন। ধর্মবিদ্যা বেমন অন্তর্জগৎ ও বহির্জগৎ লইয়া অন্তর্দু ষ্টি ও বহিদু ষ্টি উভরবিধ দৃষ্টিযোগে কার্য্য করিয়া পাকে, তত্তবিদ্যার স্বভাব সেরূপ নহে; একমাত্র বহিদুষ্টি প্রধানতঃ ইহার উপায়। এই জন্য তত্ত্বিদ্যা এতটা হৃদয়শন্য এবং এই জন্যই লোকে, একজন অতি সামান্যালোকসম্পন্ন ধর্মশিক্ষকের শিষাত্ব গ্রহণ করিবে তাহাও স্বীকার, তথাপি তত্ত্তিদা৷ যত উচ্চ পর্যায়ের হউক না কেন, প্রাণ মন বিক্রেয় করিয়া কথনও তাহার শিষ্যত্ব স্বীকার করিতে চাহিবে না। একজন সামান্য শিক্ষকের ধর্মথাতিরেও লোকে প্রাণধন দর্মন্থ বিদর্জন করিয়াছে,এ দৃষ্টাত্ত বিরল নহে; কিন্তু তন্ত্ববিদ্যা যত উচ্চ হউক, তাহার থাতিরে কাহাকে কথনও সেত্রপ করিতে দেখিয়াছ কি ? কথায় মরা ও কাজে মরা যুত্টা অন্তর, বুদ্ধি এবং হানয়ে তদপেকা। কম অন্তর নহে। ফলত: ধর্মাবিদ্যা যত নিমু পর্যায়ের হউক, যদি माखिक रुष, তবে তাহা मर्सना क्वान ना कान मानवम्मत्क গ্রহণীয় এবং ভক্তির বিষয় হইবেই হইবে; কিন্তু তত্ত্বিদ্যার পক্ষে দেরূপ नरह। উহা বতই উৎকর্ষযুক্ত হউক না কেন, কেবল আদ্রণীয় ও

প্রামর্শ-নাত্ত্লীর হইরা থাকে। কিন্তু তাই বলিরা ইহাও ভাবিও না
বে, তত্ববিদ্যা (যদি তাহা সান্ধিক এবং ক্প্পঞ্জতিব্বক হর) সংসারে
অভি সামান্য কার্য্য করিরাই নিরক্ত হইরা থাকে; তাহা নহে।
তত্ববিদ্যা হইতেই ধর্মবিদ্যা স্থনির্মণ ও স্থান্ত হইরা থাকে। এ
সংসারে বেমন অন্যান্য বিষরে, তেমনি ধর্ম বিষরেতেও, "কেন?"
হেতু অনেক আটকাইরা বার। সোলা কথার, সেই "কেনর" উত্তরদানের নাম তত্বিদ্যা। ইহা বারা এখন ব্রিতে পারিবে যে, তত্ববিদ্যার প্রারোজনীরতা কি গুরুতর।

তম্ববিদ্যা মানবীর জ্ঞানজীবনের অনেক এবং অতি স্থমহৎ কার্য্য দকল সম্পন্ন করিয়া থাকে। প্রধানতঃ অমুকূল প্রতিকূল উভরবিধ বিপাকের নিরসন ছারা, অবলম্বনীর ধর্মবিদ্যাকে সর্বতোমুখে স্থাপন ও তাহার নির্ম্বলতা সাধন পক্ষে সাক্ষাং হেতু মূরপ হয়। এবং দ্বিতীয়ত: উত্তরোত্তর গুক্তম দ্রদর্শন চালনার জন্য, পূর্বোপার্জিত জ্ঞানকে সহজ-আয়ত্ত্সাধ্য ও স্ত্রবদ্ধ করিয়া সোপান্ত্ররণে পরিণ্ড করিয়া পাকে। পদার্থপর্বের রাসায়নিক ক্রিয়া যেমন বিবিধ পূর্ণ পদার্থের অবস্থাবিকার সাধন করিয়া, তাহাদের পরিপাচন পূর্বক, পদার্থান্তর উৎপাদনের উপার করিয়া দের; তত্ত্বিদ্যাও সেইরূপ জ্ঞান-সংসারে রাসারনিক ক্রিরার কার্য্য করিরা থাকে। এই রসায়ন-কাহল বেরূপ যেরূপ তত্ত্ব-উপকরণের অভাব বা অনভাব হয়; তত্ত্ব-বিদ্যাও তদমুরপ আকার ধারণ করে। এই আকারণত প্রভেদ হইতে, আত্তিক তত্ত্বিদ্যা, নাত্তিক তত্ত্বিদ্যা; আবার তাহার মধ্যেও ভিন্ন ডিল্ল মত-পরিপোষক তত্ববিদ্যা, ইত্যাদি পৃথকত্বের উৎপত্তি হয়। রসায়নের ন্যায় তত্ত্বিদ্যারও অবস্থা দ্বিধি; এক মদলাস্থলীয় পূর্ণ পদার্থ সকলের অবস্থা-বিক্তাতিসাধন, দিতীয়তঃ তৎসহযোগে উদ্দেশ্যভূত ভাবী পদার্থের অবেষৰ নির্মায়ণ। প্রথম অবস্থার অবলম্বনীয় ্তত্ববিষরিণী শাস্ত্রবিদ্যা, প্রধানতঃ তর্কদর্শনাদি ; দ্বিতীয় অবস্থার শাস্ত্র-বিদ্যা, তশ্ববিজ্ঞান প্রভৃতি। একের কার্য্য ভাঙ্গা, অপরেব কার্য্য গড়া। তর্ক সন্দেহের নিরসন করিয়া থাকে অরই; কিন্তু সন্দেহের উৎপত্তি করিয়া থাকে অনেক। বত তর্কতরজের ঘটা, ততই জ্ঞাননার্গে ঘৌর ঘূর্গাতরজ আসিয়া উপস্থিত হয়। "ভক্তিতে মিলরে রুক্ষ, তর্কে বহুদ্র," এই সাধারণ-উক্ত বাকাটি কি গৃঢ় সত্যাপূর্ণ! তর্কদর্শনের কার্যা ভাঙ্গা;—এই নিমিত্ত আমরা প্রায়ই দেখিতে পাইয়া থাকি যে, যে কোন জ্ঞানপর্যায়বিশেষের অবস্থা বিশ্রমন দশাতেই তহিষ্মিণী ও তংশ্রেণীর দর্শনবৃদ্ধির উদয় হইয়া থাকে। জ্ঞান-সংসারের ক্রমোরতি হেতু, বিখাস এবং শ্রদ্ধার বিষয়ীভূত প্রাতন বিষয় সকল যথন অর্থ-শ্ন্য হইয়া পড়ে, তথন আগে এই তর্কদর্শন উদয় হইয়া তাহার ধ্বংসকার্য্য সমধা করিয়া দেয়; তাহার পর আত্মজ্ঞান ও মনস্তত্থাদি আকারে তত্ত্বিজ্ঞান আসিয়া তংস্থানে নৃতন বিখাস্যা বিষয়ের নির্মাণ আরম্ভ করিয়া থাকে; সেই নির্মাণের পূর্ণ শ্রীসাধন ধর্মবিদাায়।

তথ্বিদ্যা ধর্মবিদ্যার তুলনে যতই নিম্ন পর্যায়ে থাকুক, তথাপি এ সংসারে দে মহুযাকে ছর্ভাগ্যবান্ বা অন্নভাগ্য বলিতে হইবে, যাহার ভাগ্যে তথ্বিদ্যান্ধপী ঘার না হইয়া ধন্মবিদ্যায় অধিকারী হইতে হয় : এবং তথ্বিদ্যান্ধপ উপায় সহযোগে যাহার ধর্মজ্ঞান পরিষ্কৃত ও পূর্ণতাপ্রাপ্ত না হইতে পায়। তথ্বিদ্যান্ধপী ঘার না হইয়া ধন্মবিদ্যায় বে অধিকার, তাহা কথন দৃঢ় বা অটল বা সর্কাবন্ধবস্কুক হম্ন না এবং তাহা না হইলে, ধর্মজীবনের পূর্ণতা পক্ষেও অবশ্য ক্রাট রহিন্না যায় ; স্থতরাং অল্প আঘাতেই তাহা সহসা বিচলিত হইন্না পড়ে। মানব সংসাবক্ষত্রে প্রবেশ করিবামাত্র, যে ঘোরতর সদসৎ-জালে জড়িত হন্ন এবং অসং-সংস্রবে বে দান্ধপ সন্দিন্ধ অবস্থা প্রাপ্ত ইইনা থাকে; তাহা হইতে, একমাত্র তথ্বিদ্যার সহায়তা ভিন্ন, সর্কালীনভাবে নির্মালতা প্রাপ্ত হওয়া ঘাইতে পারে না। কিন্তু এ কথা সকলে বুঝে না; পুন: ইহাও অনেকে বুঝে না যে, মানব আত্মপ্রকৃতির উন্নয়ন ব্যতীতে, উন্নত অবস্থা এবং ভাব, উভন্ন গ্রহণেই অক্ষম। কাহান্নও মৃক্তি অনেয়র উপর বরাতে, কেহবা কেবল তিলকছাপায় স্বর্গভূমি অধিকারে উদ্যত,

আবার অধিকাংশ লোক শুক নীতি শিথিরা ও শিধাইরা উদেশ্য সাধিরা লইবার জন্য বাস্ত । ধর্মণুন্য, কর্মণুন্য, কর্ম্বারুলানশূন্য বে নীতি, তাহা নব্য বালালির মৃন্ণুন্য ক্লপণ্ডিতী নীতি; এরপ নীতিজ্ঞের ধর্মাও তদ্ধপ কর্মাও তদ্ধপ ৷ কেহ বা আরও চতুরের চূড়ামণি, জমাওয়াশিনবাকীর ছারা পাপপ্ণোর হরণ পূরণ করিয়া পুণালোক অধিকারে অসন্দির্মানিত ;—জ্য়াচ্রি কর, অপহরণ কর, কিন্তু আহিক করিও বা গলায় নাহিও, পাপ কাটিবে; লোকের সর্কানাশ কর, ঘর জালাইরা দেও, কিন্তু সেই অর্থে পূলা করিও বা আন্ধানকে দান দিও, তোমার মৃক্তিহইবে। এ সকল কি নীতি না ধর্মণ উহা নীতিও নহে, ধর্মাও নহে;—বহুকালের গতান্ত নীতিও ধর্মাতব্যের বহু পুরাতন ও পরিত্যক্ত জীর্ণান্ডের উহা প্রাগল্ভ প্রকটন মাত্র। উহা অনীতি এবং অধর্মা।

ফলতঃ তন্ধাদি দহবোপে প্রস্কৃতির উন্নয়ন ব্যতীত, নীতি বা ধর্মতবাদির শিক্ষা এবং প্রয়োগ, অবিকল গালবানিক ব্যাটারী অর্থাৎ তাড়িতপ্রবাহের বেগদংযোগে শরীরয়ন্ত্রে সঞ্চালন-শক্তি উৎপাদন করার ন্যার; উভয়ই অফলপ্রদ বা উর্দ্ধসংখার ক্ষণিক ও মাত্রামাত্র ফলপ্রদ। ''চুরি করিও না", এ নীতি এ কাল ধরিয়া সকলেইত ঘোষণা করিয়া আসিতেছে; তথাপি লোকে কেন চুরি করায় আজি পর্যান্ত বিষত হইতে শিথিল না? তাহার কারণ, বাস্থারাম? তাহার কারণ আছে,—শিক্ষার সঙ্গে প্রকৃতির উন্নয়নের অভাব; স্থতরাং দেনীতি চিত্তন্থ বা কণ্ঠত্ব থাকিলেও, হৃদয়ন্থ হইতে পারে নাই এবং হৃদয়ন্থ না হইলে, প্রকৃত ফলও কথন ফলে না। এরূপ ভঙ্গনীতিবাদী এক্ষণকার বাস্থারাম-সম্প্রদায়ভূক প্রায় সকলেই; যদিও বিদ্যাভিমান যথেষ্ট আছে বটে, কিন্তু বলা বাহলা যে তাহারা কোন সান্ধিক তন্ধ্বিদ্যাবা বোনন প্রকার যথার্থ বিদ্যারই প্রকৃত ধার ধারে না। কেহ বা পড়াপাথী, মিল্ বা কোম্তের বুলি বলিতে শিথিয়াছে,—নিজের বুলি

অবশু নাই; কেছ বা তন্ধবিদ্যার অপেকা না রাখিয়াই অভিনব ধর্মবিদ্যার প্রচন্ড অধিকারী,—অভত: মুখে। ইহার উপর অমুকরণপ্রিরভা সর্বরে, কাপট্য অকভ্বণ,—কপটে স্বার্থ সাধিব অথচ বলিব
উহা ঈশরানিষ্ট; বাহির নীতি ভিতর নীতি, বাহির মান ভিতর মান—
বাহুদ্শাই সর্বাব। লাভবোধবিন্দু! নিজে নিজে এত ঠিকরাছ, এত
ঠকিতেছ, তথাপি ভোমার চৈতন্য হইল না! ভোমার আবার
নীতি—ভোমার আবার ধর্ম, নীতিধর্মের ভূমি কি ধার ধার?
পেনালকোড ভোমার কেন, স্বার্থ ভোমার গরা-গলা, 'পাঁচজন'
ভোমার গুরু, এবং বাহ্যদৃশ্য ভোমার অপ্রার। ইহাতে যে গতি
ভোমার প্রাপ্তর্য, ভোমার জন্য ভাহাই প্রস্তত হইলা রহিতেছে!

কিন্তু যাহাদের নীতি ও ধর্মে আত্থা আছে এবং প্রকৃত তত্তাম্বেণী ছাক্র বাহারা, তাহাদের ভাব ওরূপ নহে। তাহারা সহদা কোন বিষয়ে প্রবৃত্ত হয় না এবং একবার প্রবৃত্ত হইলে আর তাহা পরিত্যাগও করে না। তাহারা তত্ত্বাদি সহযোগে আত্মপরিশোধন পূর্ববক, নিজ প্রকৃতিকে এরপ উন্নীত করিয়া থাকে; দেখান হইতে নীতিচ্যুত হওন বা চুনীতিক্ষেত্রে জবতরণ তাহাদের পক্ষে একেবারেই অসম্ভব रहेत्रा भएए। साञ्च वाहा किছू वटन वा करत, **खारा खा**क्कि मश्रम **উपिछ इत्र। मरमात्रश्रादनकानी**न, नाना প্রতিকৃত্য काরণের তাড়নায়, প্রকৃতিতে বে কুত্রিমতা ও বিকৃতি আসিয়া বিক্রডিত হইয়া থাকে; তত্ত্বানাদি সহযোগে সেই ক্লত্ৰিমতা ও বিক্লতি বিদ্যুতি হয়। কাজেই তথন, উৎদের পরিগুদ্ধতা হেতু, প্রকৃতিপ্রস্ত বাহা কিছু, তাহা কখনও সং-বিরোধী বা নীতিবহিত্ব ভ হইতে পারে না। অতএব এখন বলা বাছল্য যে, প্রকৃতির উন্নয়ন বাতীন্ত, সর্বাঙ্গীন চুর্নীতি-পরিহারের আর কোন প্রনত্ত পদ্ধা নাই। কাপট্য, স্বার্থসাধন ও বাহাদৃশ্য বেখানে স্থান পার না; অভুকরণপ্রিরতা, আত্মনোপ ও আত্মনাশ সর্বতে পরিস্থার্য হট্যা থাকে। বস্ততঃ বাঞ্চারাম, অনুকরণ-প্রিয়তা ও আত্মনাশ সর্বাদা পরিহার করিবে। এমন কি, ওঞ্চশিষান্তবেও,

শ্বীর আয়ভাব সর্কান অট্ট্ রাথা বিধের। এটা নিশ্চর জানিবে, প্রতি মানব শ্বীর শতর প্রকৃতিকে প্রকাশ করিতে ও তাহাকেই কার্য্যে নিরোজিত করিতে এ জগতে প্রেরিত হইরাছে; অন্যের প্রকৃতিতে নিজ প্রকৃতি বিলুপ্ত করিতে প্রেরিত হয় নাই। অতএব যে কেহ যত বড় প্রেষ্ঠ এবং জগদ্ভর পর্যান্ত হউক না কেন, তাহার অদ্ধান্ত হয়াহয় হয়াহয়ার করি করা করেন উদ্দেশ্য নহে; তাহার প্রক্রিপ্ত আয়িক্ লিজবোগে তোমার শ্বনিহিত অয়িরাশিকে—শ্বীর প্রকৃতি-মৌলিকতাকে উদ্দিশিত করিয়া লওয়াই উদ্দেশ্য; শিক্ষকমাত্রের সঙ্গে এই পর্যান্ত সম্বদ্ধ নাই। প্রকৃত উত্তমের নিক্ট প্রকৃত অধ্যের যে বিনত ভাব অথবা প্রকৃত উচ্চের হারা প্রকৃত নীচের যে পরিচালিত হওন, এ কথা উহা হইতে শ্বতম্ব। প্রকৃত অধ্য এবং নীচের তজ্ঞপ বিনত ও পরিচালিত হওন, তাহার পক্ষে ভ্রণশ্বরূপ; অথবা ভূবণ কেবল নর, তাহা তাহার কর্ত্রবাশ্বরূপ বলিয়াও জানিও। উচ্চ ও নীচ সন্ধ্রে এই কর্ত্রবান্ত্রিক হইতে সমাজও নির্মিত হইয়া থাকে।

তব্বিদ্যার অনপেকশীল আরও এক প্রস্কৃতির লোক দ্বীর এ
জগতে সৃষ্টে করিয়া থাকেন। বেমন কতকগুলি লোক দেখা যার হে,
সহত্র স্থানকা ও সহত্র স্থানীতি চাপান সত্ত্বেও স্থারুতিযুক্ত কথন
হয় না; তেমনি আর কতকগুলি লোক আছে যে, সহত্র কুশিকা ও
কুদ্টান্ত সবেও, তাহাদের স্থার্গতি কথনও বিক্লতি প্রাপ্ত হয় না।
ইহাদিগকেই লোকে যথার্থতঃ স্বভাবসিদ্ধ দিব্যপ্রকৃতি বলিয়া আদর
করিয়া থাকে। প্রাথমিক বালকছের যে দিব্যভাব, তাহা আজীবন
ইহাদের সঙ্গে সহন্ধ রক্ষা করিয়া থাকে; স্থতরাং এরূপ প্রকৃতি
যাহাদের,তাহারা তব্বিদ্যার অপেকা না রাথিয়া একবারেই ধর্মবিদ্যার
আশ্রম স্বছ্লে গ্রহণ করিতে পারে এবং তাহাতে বিশেষ কোন কতি
হয় না। পুনশ্চ, ভক্ষশিক্ষা শুনিলেই ভাবিও না যে, সকলকেই যেন
দট পট বন্ধ শন্ধ আদি জ্ঞান শিথিতে ও নানাবিধ পুন্তক পড়িতে হইবে।
শিক্ষা যাহা, তাহা যে কোন বিষয়ের হউক, দেশকালপাত্র অনুসারে,

ক্ষমতা ও পরিমাণ অস্ক্রপ হওরা উচিত এবং তাহা কেবল পুস্তক না পড়িয়া আরও নানাবিধ উপায়ে সাধিত হইতে পারে।

তম্বিদ্যা ধারা যে স্থাকল কতটা ফলিতে পারে এবং প্রয়োজনীয়তাও যে তাহার কতদ্র, তাহা উপরে বলিরা আদিলাম। কিন্তু তথ্বিদ্যাকে কথন কথন আবার বিক্নৃত ফলও প্রাস্থাব করিতে দেখা যার। তাহার কারণ, যদি সে তথ্বিদ্যার সাত্মিক বৃদ্ধির অভাব হর; অথবা তত্থবিদ্যার যদি কেবল প্রতিপক্ষ অংশের অন্থ্যরণ করিয়া সপক্ষ অংশের সংশ্রব ছাড়িরা বাওরা হয়; অথবা উভয় পক্ষের অন্থ্যরণ করিয়াও, যদি তাহাদের উভয়েরই প্রকৃত উদ্দেশ্যে দৃষ্টিশূন্য হওয়া যায়। অত্রব, সাবধান, সর্বাদা যেন সাহসিকতা ও সোৎসাহে অথচ বিজ্ঞতার সহিত পদ সঞ্চরণ করিও।

মানবজীবনের অবলম্বন এবং উদ্দেশ্য দিবিধ, ধর্ম এবং কর্ম। ধর্ম ভাগ, আধ্যাত্মিক গুণপ্রধান এবং কর্মভাগ, আধিভৌতিক গুণ প্রধান। কর্ম্ম, ধর্মের পরিদৃশ্যমান মূর্ত্তি-প্রচারণামাত্র। অদৃষ্ট-সংসারে বে অমুজা বোষিত হইতেছে,কর্ম দৃষ্ট-সংসারে তাহার পালন ফলস্বরূপ। ধর্ম সেই অমুক্তা এবং পালন-ফলের মধ্যস্থানাধিকারী; স্কুতরাং মমুধ্যের ইহলোক ও পরলোকের মধ্যে যে সম্বন্ধ,তাহা একমাত্র ধর্মাই সংযোজিত করিয়া রাখিয়াছে ও রাখিতেছে; এবং উহারই সহযোগে মহুষা, ইহ-লোক হইতে পরলোক এবং পরলোক হইতে ইহলোক, এতত্বভয়ের মধ্যে আত্মিকভাবে গতায়াত করিয়া থাকে এবং উহাই তংপক্ষ একমাত্র সোপান স্বরূপ হয়। সেই ধর্ম এবং কর্ম,—তহভরের সং-অসং-বোধ লইয়াই প্রধানতঃ মানবীয় তত্ত্বিদ্যার কার্যা। স্থতরাং দেই ছই বিষয় বিভাগে তম্ববিদ্যাকেও ছই অংশে বিভক্ত করা যাইতে পারে। ধর্মের বিষয় যে তত্ত্বিদ্যার বিষয়ীভূত, লোকে তাহাকে আত্মজ্ঞান বা মনস্তত্ত্ব বা জ্ঞানতত্ত্ব, এবং কর্ম্মের বিষয় যে তত্ত্ববিদ্যার বিষয়ীভূত, তাহাকে কর্ম বা দামাজিক তত্ত্ব বলিয়া থাকে। একণে আমরা বেরুপ নাম ও বিষয় বিভাগে আলোচনা করিব, নিমে তাহা বলিতেছি।

পূর্ব্বেই বলা গিয়াছে যে, তত্ত্বিদ্যার অবলম্বনীয় শাস্ত্র প্রথমতঃ তর্কদর্শন, দ্বিতীয়তঃ তত্ত্বিজ্ঞান। প্রথমটির কার্য্য, কালে লুপ্তসার হইয়াছে যে বিশ্বাস এবং শ্রনার অবলম্বনীয় পদার্থ, তাহার প্রতিকৃল চিত্র দেখাইয়া অশান্তি-সমুদ্রে নিক্ষেপণ : দ্বিতীয়টির কার্য্য সেই বিশ্বাস্য বিষয়ে মলনিমুক্তি নৃতনত্ব উদ্ঘাটন পূর্বক, শান্তিকরীব্ধপে মন্থ্য-হৃদয়ের সহ তাহার দৃঢ় সংযোজন । একের ফলে, মানব দারুণ অশান্তিতরঙ্গে পতিত হইয়া প্রকৃত কার্য্যকরণে অস্থির বা দূষিতহস্ত হইয়া থাকে; অপরের ফলে, মনুষ্য স্বচ্ছন্দ দৌরকর-বিছসিত কূলভাগে প্রতিষ্ঠাপিত হইয়া সানন্দমনে কার্য্যান্ত্র্ঠানে প্রবৃত্ত হয়। প্রথমটির আতিশ্যা অবস্থাতেই নাস্তিকতা উপস্থিত হইয়া থাকে। এবং তাহা হইতে, প্রকৃতি-বহুল মানবকুলের অধ্যয়নভেদে, সর্বদেশে এবং সর্বসময়ে, তত্ত্ববিদ্যা আর একপ্রকার দ্বিবিধ বিভাগে বিভাজিত হয়;—তাহা আস্তিকতা ও নাস্তিকতা। সামাজিক তত্ত্ব সর্বানা প্রত্যক্ষ এবং আফুঠানিক হওয়ায়, নাস্তিকতা তথায় বড় তাল পাইয়া উঠে না ; কিন্তু জ্ঞানতত্ত্বে ইহার দৌরাঝ্ম অত্যস্ত বেশী। অতএব আমাদিগকেও বাধ্য হইয়া জ্ঞানতত্ত্বকে আন্তিকতা ও নান্তিকতা ভেদে আলোচনা করিতে হইতেছে; এবং এই নাস্তিকতা ও আস্তিকতাভেদে আলোচনা হেতু, আর তর্কদর্শন এবং তত্ত্বিজ্ঞান লইয়া পৃথক বিভাগ পূর্বক আলোচনার আবশ্যক হইবে না, যেহেতু নান্তিকতা ও আন্তিকতাই তত্ত্তীয়ের অবশস্থন ও শেষ ফল।

হিন্দুর তত্ত্বংসারে মাধবাচার্ব্যের সর্বাদর্শনসংগ্রহে যতগুলি দর্শন ও তত্ত্বিজ্ঞান আলোচিত হইরাছে, এবং তাহা ছাড়া অপেকাক্বত নগণ্য আরও যে সকল তত্ত্বগ্রন্থ পাওরা যায়, তাহার প্রায় সকলই আন্তিকতার পরিপূর্ণ। কেবল এক চার্ব্বাক্তকেই পূর্ণভাবে নান্তিক তত্ত্ব মধ্যে গণনা করা যায়। অনেকে সাখ্যকে নিরীশ্বর সাখ্যা বলিয়া নান্তিক তত্ত্ব মধ্যে গণনা করিয়া থাকে; কিন্তু বস্তুতঃ দেখিতে গেলে, সাখ্যাকে নান্তিকতত্ব বলা যায় না; তবে উহা যে জটিল আন্তিকতা, তাহা মুক্তকঠে খীকার্যা।

প্রীকদিগের মধ্যে এই নান্তিকতা ও আন্তিকতা ভাগ করিয়া লইতে যাওয়া একটু কঠিন। সে যাহা হউক, বদি কেবল লোকাতীত শক্তিতে বিশাস থাকিলে আন্তিকতা এবং তাহার বিপরীতে নান্তিকতা বলা যায়; তবে গ্রীকদিগের আন্তিক তব্বের উৎপত্তি থেলিস্ হইতে, যদিও তাহা নিতান্ত আক্টভাবে বটে। আর নান্তিক তব্বের প্রকাশ্য ও ধৃষ্টভাবে আরম্ভ; আরিষ্টপোস্ হইতে; এপিকুারসের সমরে আসিরা তাহার চুড়ান্ত প্রাপ্তি হইয়াছে।

আগে আন্তিকতা ও নান্তিকতাভেদে জ্ঞানতত্ত্ব আলোচনা করিয়া, পরে কর্ম্ম বা দামাজিক তত্ত্বের আলোচনা করিব।

২। তত্ত্বিদ্যায় আস্তিকতা।

হিন্দুর জ্ঞানতত্ত্ব দর্মন। এবং দর্মস্থানে প্রায় এই একমাত্র
অক্ষ উদ্দেশ্য, 'ত্রিবিধত্বংখাতাস্তনিবৃত্তিরতান্তপুক্ষার্থঃ।' প্রীকতব্বের
উদ্দেশ্য,—প্রাকৃতিক নিয়ম অনুযায়ী জীবনযাত্রা নির্মাহ করিতে
সক্ষম হওয়াই পরম পুক্ষার্থ; এই সক্ষমতা নীতিমার্গ অনুসরণে
সাধিত হয়, যেহেতু ভাহা তজ্ঞপ জীবন্যাত্রা নির্মাহই প্রবর্তিত
করিরা থাকে। ইহাই প্রায় সমস্ত গ্রীকতস্ববিদ্বর্গের ধারণা। ই

১। জিনোর উক্তি।

২। ক্রাদিপ্সের বিবাস, নাধারণ মানবায় নীতি যাহার অন্ধ্যাদন করিয়া থাকে. তাহার অন্ধ্যরণ করাই পরম পুক্ষার্থ; যেহেতু ঐ মানবায় নীতি যথন দেবস্তা বিশ্বনীতির অংশ কলা করপ, তথন উহা অবশ্য পালনীয় জ্ঞানে অন্ধ্যরণীর। ডিও গিনিসের উজি, প্রতি বাজির স্ব স্বভাব ও জ্ঞানামূলণ কাথ্যাম্ঠান করায় পরম পুরুষার্থ। আর্কিমিডিসের জ্ঞানে, যথাযোগ্য কর্ত্ত্বাদি সাধন করায় পুরুষার্থ। রিরাছিন করেন, বিশ্বনীতির অন্ধ্যরণ পুরুষার্থ, ভজ্জনা ব্যক্তিগত স্বভাব লইয়া কিছুমাল যায় আন্দেনা। পুনক, মানবার চিত্তের বৃদ্ধি সমস্ত একতায় সংখিলিত হেতু যে ছিলুম্ভি রিরাছিসের বিশ্বাসে তাহাই ধর্ম এবং এই ধর্ম জ্বান ফলের প্রত্যাশা না রাখিরা ধর্মেরই থাতিরে অনুধ্যনীয় বেহেতু তাহা ছইলে স্ক্রেক্স জীবনাতিবাহন করা স্বত্ত্ব স্বব্যর

হিন্দু নিরম্ভর বৃশ্ধাইতেছেন এবং বৃশ্ধিতেছেন যে, এই সংসারকে বে প্রকারেই স্থাধর করিতে চাও না কেন, তাহা হইতে হু:খের নির্ভি একবারে কথনই ছইবে না; অভতব যে কোন উপারে হউক, পুনজ্জন্মরহিত হইরা এই পৃথিবীর সহ অনস্তকালের জন্য সংশ্রবশূন্য হইতে পারিলেই পরম পু_{ক্}ষার্থ। গ্রীক বলিতেছেন, তাছা নহে; খভাব সহ আত্ম-প্রকৃতির সামল্লস্য দারা সভাবে ইহদংসারকে অতিবাহিত করিতে সক্ষম হওয়াই পরম পুরুষার্থ। অতএব হিন্দুর উদ্দেশ্য-ফল পরসংসারে, গ্রীকের সেই স্থলে তাহা ইহসংসারে। হিন্দুর তত্ত্ব, প্রারই ধর্মবিদ্যার বিচার ও বিশ্লেষণে আত্মবোধ; আর গ্রীকের তত্ত্ব, যে কোন বিষয় সম্বন্ধে বিজ্ঞতামাত্র। স্কুতরাং উভয়ের উদ্দেশ্য এবং আকারে অনেক অন্তর। কেবল প্লেটোতে কথঞ্চিৎ দেখিতে পাওয়া যার যে, তত্ত্বিদ্যা এবং তদমুসরণের ফল পরসংসার সহ সম্বন্ধবান। অন্যান্য সন্থবিদেরাও প্রসংসার লইয়া কিছু না কিছু আলোচনা না করিয়াছেন এমন নছে; কিন্তু অপেকাকৃত বিস্তৃত ও পরিষার ভাবে আলোচনা একমাত্র প্লেটোতে এবং প্লেটোতেই কেবল উচ্চ আকাজ্জা ও উচ্চ উদ্দেশ্যের অভিত্ব দেখিতে পাওয়া যায়।

অনস্তর উভর জাতির জ্ঞানতত্ব হইতে এই কয়ট মুথাতত্বের বিষয় আলোচনা করা যাউক ;—এই সৃষ্টি কোথা হইতে উৎপন্ন, . আমরা তথায় কোথা হইতে আসিয়াছি, জামাদের তাহার সঙ্গে সংস্রব হইয় থাকে। পিথাগোরীয়দিগেয় মতে নির্মালভাবে জীবনাভিবাইন এবং দেবতার প্রয়কায়্য সাধন করা কর্ত্ববা, যেহেতু তাহা হইলে জয়ায়ত্তরে শ্রেষ্ঠ জম্মের প্রাথি ইয়। জিনোর পিবাবর্গের মধ্যে পুরুষার্থ অর্থে আর একটি বিষয় ব্যাইত, অর্থাৎ হয়ও কেন্স হথাদিতে পূর্ণ অনাছাভাব। কিন্তু লিবার্গ যে সেই শিক্ষা সকলা কায়্যে পরিণত করিতে সক্ষম ইইয়াছিল,তাহা বড় বোধ ইয় না। ডিঙ্গিল্মাস্টোতাস্থাত্তর the Deserter)ভাহার চক্রের পীড়াজনিত ক্লেশ বিশ্বত হইতে না পায়ায়, গুরুর শিক্ষা ভাহাকে শেহে হাওয়ায় উড়াইতে হইয়াছিল। সেই হইতে হথাস্বরগই পুরুষার্থ বিলয় ভাহার ছায়া ঘোষিত হইত। মানব যে পর্যান্ত জুকভোগী না হয়, সে পর্যান্ত ক্তমতেই না প্রলাপ রটনা করিয়া থাকে!

কতন্ব, কি করিতে আসিরাছি এবং আমাদের শেষগতি কোথার।
বৈহেতু, এই এই তত্ব বৈরূপ বেরূপ ধারণাবোগে আয়স্তাধীন হয়,
তাহাদের ফল-প্রতিরূপ কর্মকরী মানবঙ্গীবনও তদ্ধপ প্রকৃতির হইরা
থাকে। অতএব অপ্রে তদ্ধপ তদ্ধপ ধারণা কোন্ জাতির মধ্যে
তত্ববিদ্যার প্রভাবে কিরূপ আকোর ধারণ করিবার জক্ত উদ্যত
হইয়াছিল, তাহা যথাবথ নিরূপণ করা ঘাউক। বিচারকাগ পরিত্যাগ
করিরা, বিচারকল্মাত্র সংক্ষেপে বিবরিত করা ঘাইবে।

সর্বাদ্ধ-সোঠবের প্রতি দৃষ্টি করিলে, প্রেটোর পূর্ব্বণত যাবতীর গ্রীকতব্বিৎ অপেক্ষা,প্রেটোর নির্মাণত তব্বই অপেক্ষাকৃত অধিক সর্বাদ্ধসম্পন্ন; অতএব তাহারই সারভাগ এথানে মূল স্থানে গ্রহণ করা
যাইতেছে। ও প্রেটোর সারাংশ মূল স্থানে গ্রহণের আরও উদ্দেশ্ত এই
বেন, যাবতীয় গ্রীকতত্ববিদ্যার মধ্যে প্রেটোর তব্বই হিন্দুতত্ববিদ্যার সহ
বহু পরিমাণে সাদ্শ্রস্কু। অপরাপর তব্বিদ্যণের মতামত বাহা, তাহা
টীকাকারে বা পার্মবর্ত্তী ভাবে সন্ধিবেশিত হইবে।

প্লেটোর পূর্ব্ধে আরও অনেকানেক গ্রীদীয় তত্ত্বিং স্ষ্টেতত্ত্বের আলোচনা করিয়াছিল। থেলিদের মতে জল, আদি কারণ; বথাস্বভাব

৩। স্লেটোর বে সারাংশ গ্রহণ করিতেছি,তাহ। সেটোর কোন স্থানবিশ্ব হইটে অবিকল অমুবাদ নহে। অবিকল বাক্যামুবাদ হইলে,গ্রীক ধরণ ধারণ ও শক ব্যবহারের বৈদেশিকতা হেতু,পাঠকেরা হরত তাহার কিছুই ব্রিতেন না; স্তরাং প্রথমভঃ শ্রম, র্থা হইত,বিঠারতঃ অবিকল অমুবাদ করিলে অরহানে কুলাইবার বিবয় নহে। এজন খালতে সংকেপ হর এবং পাঠকেরাও খাহাতে অর্থগ্রহ করিতে পারেন, এরুপ ভাবে সারসংগ্রহ করা পিয়াছে। তবে এই প্রান্ত পাঠকদিগের নিকটকড়ার দিতে পারি বে, সারসংগ্রহের ভিতর সমন্তই প্রেটোর কথা ভিত্র, একটিও নুতন ও বাহিরের কথা জানপুর্কাক প্রবেশ করিতে দিই নাই। এই সারসংগ্রহ প্রধানতঃ স্লেটোর টিমিয়েদ, এবং অংশত কিড়ো, কিড়োল ও সাধারণতর হইতে নির্কাহ করা হইয়াছে। সেটোর প্রতিত্ব বে হিন্দুর তত্ত্ব সংশ্রহ অধানতঃ করে বিক্রাক অনেকটা বিলে, ইহার কারণ অমুসন্তানস্থলে কেই কেই অমুমান করেন বে প্রেটো তাহার দেশপ্রমণকালে নিজ ভারতে আসিয়াই সে সকর। তব্ব সংগ্রহ করিয়াছিলেন। এ কথা ক্রদুর সত্য, তাহা বলিতে পারি না। কিক আমার

এই জলের পরিণাম ও পরিপাকে সৃষ্টি, সৃষ্টিস্থ জীবজন্ধ, মামুব একা দেবতা পর্যান্ত উৎপত্তি লাভ করিয়াছে; স্থতরাং খেলিসের মতে এক স্বভাব-পরিণাম ভিন্ন আদি স্ষ্টিকর্তা কেহ নাই। থেলিসের ন্যার্থ, অনাক্ষিমিনিদ্'ও ডিওগিনিদের মতে বায় এবং হিরাক্লিটোদের মতে অগ্নিই স্টের আদি কারণ। অনাক্ষিমিনিদের মতে আদিতে প্রলম্ভাবর্ত্ত মাত্র ছিল; তাহাতে নিয়মের স্বতঃ উদর ছওরার, নিয়মপ্রভাবে দেবতা মাত্রব ও জীবজন্ত সমন্বিত এই স্পষ্টির উদর হইরাছে। ইহাদের মধ্যে কেবল এক অনাক্ষগোরাদের মতে দেখা যায় যে, আদিতে একটি পর্ম জ্ঞানসভা ছিল এবং তাহারই কার্য্য ঘারা প্রলয়াবর্ত্ত, পরিপাক প্রাপ্ত হইরা. জীব ও জড়স্টির উদর করিয়াছে। প্রাচীন গ্রীকদিগের মধ্যে এইরূপ আরও নানা জনের নানা মত আছে, কিন্তু তাহাদের মধ্যে কেবল এক অনাক্ষগোরাস্ ভিন্ন, আর কেহ আদিকর্তাকে অনুভব করিতে পারে নাই। যাহাদের স্ষ্টিমূল এইরূপ, তাহারা জীবাত্মার অবিনাশিত্ব, পরলোকে তাহার বিভিন্ন গতি এবং দেই বিভিন্ন গতিপ্রদ পাপপুণোর যে স্পষ্ট ধারণা করিতে সক্ষম হইবে, তাহা সম্ভবপর নছে এবং কার্যাত: তাহা হয়ও নাই।

এই সকল প্রাচীন তর্বিদ্যাণের মতামত অতিক্রম করিলে, এক প্রেটোতে কেবল মতের গাঢ়তা ও গান্তার্য্য এবং বহু পরিমাণে সত্যাত্মভূতি দেখিতে পাওয়া যায়। প্রেটোর মতে, এই পরিদ্যামান যাবতীর
পদার্থ এক মহাস্প্টিম্ভির অন্তর্ভূত ও তাহার অংশস্বরূপ। সেই স্প্টিমৃত্তি মৃলে সাদি চইলেও, উত্তরভাগে অনস্ত এবং নিত্য প্রতিরূপ। বিনা
স্প্টিকের্ডায় এরপ স্প্টির উদয় হইতে পারে না এবং সেই স্টিকের্ডা
বিনি, তিনিই অনাদি এবং অনস্ত জ্ঞান ও শক্তি সম্পর পরমেশ্র;
পরমেশ্র দেব ও মানব, জড় ও অজড়, সকলেরই কর্তা এবং তাহাদের

বোধ হয়, উহাতে সভোর ভাগ অলই। আমার বোধ হয়, সেটোর চিত্তে উহা কতক পরিমাণে স্বাধীন ভাবে উৎপন্ন। প্রকৃত সতা অফুস্ত হইলো, সকল স্থানেই তাহা তত্ত্ব: একাকার ধারণ করিবার কথা; যেহেতু সতোর মূর্তি বিতীরবিধ নাই।

থাক ও অছিতীর অধীধর। পুনশ্চ প্রেটো বলেন বে, এই সৃষ্টি ও সৃষ্টিস্থ পদার্থ সমূদর যথন ইন্দ্রিয়-বিষররূপ ও মৃহঃ পরিবর্ত্তনশীল; তথন ইহারা কথনও সংস্কর্ম হইতে পারে না। অতএব ইহারের অতীতে এমন কোন একটি সভা আছে, বাহার ইহারা বাহ্য প্রচার ও বাহা ইহানের পদার্থত্ব পলে পরিমাণ স্বরূপ হর। একমাত্র সেই সভাকেই সং কলা বাইতে পারে, বেহেতু তাহার কথনও ক্ষর বা ধ্বংস নাই এবং নিতাই তাহা এক ও অকুল্ল ভাবে অবস্থান করিয়া পাকে। এই সভাই প্রেটার বর্ণিত স্থ্রিখাত "আইডিয়া"। স্টেমধ্যে এই সভা বা আইডিয়ার সন্নিবেশ কির্মণ, তাহা যথাস্থানে বিব্রিত করা বাইবে।

প্রাচীন প্রীকতত্ত্ববিদ্বর্গ হইতে, তত্ত্তাগে যেরূপ, সেইরূপ তত্তামু-সরণের প্রণালীতেও, প্লেটোতে যথেষ্ট পার্থকা দৃষ্ট হয়। প্লেটোর পূর্বে তত্তামুসারিগণের মধ্যে রীতি ছিল যে, তাহারা উপস্থিত ও চলিত মতামতকে বথেষ্ট সত্য জ্ঞান ও তাছাকেই ভিত্তি স্বরূপ করিয়া, তাহার উপর বিষয়বাদ ও বিষয় স্থাপন করিয়া বাইত। চলিত মতামতকে যথেই সতা বলিয়া প্রহণ করার পক্ষে তাহারা এই কারণ দর্শাইত যে, সে मकन यिन जड़ा ना इरेरिव, उरव छारा मर्समाधात्रत अठनिङ । मर्स-দাধারণ লোক কর্ত্তক সতা বলিয়া বিশাসিত ও অমুস্ত হইবে কি জন্য ? এরপ তবাবধারণে সাধারণতঃ সাধারণ-বৃদ্ধি লোকসকল সহজে সম্ভষ্ট ও সহজে বিষয় গ্রাহণ করিতে সমর্থ হইতে পারিত বটে.কিড দেরপ অবধারিত বিষয় সকলের মধ্যে, বস্তুত: সত্যের ভাগ অভি অর পরিমাণেই থাকার কথা ও থাকিত। প্লেটোর গুরু সক্রেটিস্ এবং প্লেটো, উভয়ে এ প্রথাকে সমীচীন জ্ঞান না করিয়া, কোন চলিত মতামতকেই ততকণ সভা বলিয়া গ্রহণ করিতেন না, যতকণ বিচারের ছারা তাহাদের সত্যতা অধগুনীররূপে প্রমাণিত না হইত। এরপ প্রণালীর অনুসরণে ঘটিত এই বে, চলিত মতামত বিধ্বস্ত ও তাহার উপর বিপু**ল সন্দেহ আ**সিয়া উপস্থিত হইত। চলিত মতাম^ত সকলকে এইরূপে দূষিত বলিয়া প্রমাণ করিতে থাকাই, সক্রেটিদের

উপর আথিনীয়গণের বিরাগ উপস্থিত ছওয়ার পক্ষে মুখ্যতম কারণ; কারণ, সাধারণ লোকে ভাবিত যে সক্রেটিদ্ বৃথি কি সর্বনেশে কুতর্ক উপস্থিত করিয়া চলিত সমস্ত বিবরকে ভাঙ্চ্র করিতে বসিয়ছে। ছিতীয়তঃ, সাময়িক জনেকানেক সফিটনামধের বিজ্ঞগণ এরপ তর্কপ্রণালীতে বিধ্বস্ত ও হতমান হওয়ায়, সক্রেটিসের মর্ম্মান্তিক শক্রও যথেষ্ট যুটীয়াছিল। অবশেষে সেই শক্রবর্গের শক্রতাবৃত্তির পরিপূরণ এবং আথিনীয়গণের আশক্ষার নিবারণ হয়, সক্রেটিস্কে বিষপান করাইয়া। সে বাহা হউক, যে সন্দেহের উৎপত্তি সাধারণের নিকট এতটা ভয়ের কারণ; সক্রেটিস্ ও প্লেটোর নিকট তাহাই প্রকৃত সত্য উদ্ভাবনের মূলস্থা। অতএব প্লেটোর তত্তামুসরণপ্রপালী, পূর্বগত তত্তামুসারিগণের ঠিক বিপরীত। উপস্থিত মতামতকে বিলোড্নপূর্বক তাহাদের অন্তর্নিহিত যে সত্য উপলব্ধি হইত, তাহারই সাহাযেয় তিনি বিষয় স্থাপন করিতেন। অথবা এক কথার বলিতে

৪। থ্রীকভূমে বিজ্ঞাপকে সৃষ্ঠিই বলিত। সন্ধিই শব্দে জ্ঞানী। ভারতে আগত আলেক্জাণ্ডারের সহচর থ্রীকেরা, ভারতীয় ব্রান্ধপবিজ্ঞাপকেও, সৃষ্ঠিই শব্দযোগে, পিন্নো-স্ফিট্ট (Gymnosophist) নামে নামিত করিয়াছে। পিন্নো, সংস্কৃত জ্ঞানশকের গ্রীকালারে অপ্রশাস: অতএব পিন্নো-স্ফিট্ট অর্থে জ্ঞানবিজ্ঞ বা জ্ঞানবাদী। অতি এবং বেদান্ত অনুসারে,জ্ঞানই মোক্ষের কারণ এবং ব্রান্ধপেরা ব্রথাকালে যোগাপ্রমে প্রকেশ করিবার পর নিয়ত জ্ঞানেরই অনুশীলন করিতেন: স্থতারা অ্থাকালে যোগাপ্রমে প্রকেশ করিবার পর নিয়ত জ্ঞানেরই অনুশীলন করিতেন: স্থতারা অভানবাদী নামে তাহারা সর্ববদা বিখ্যাত ছিলোন। সে বাহা হউক, সক্রেটিসের পূর্কে গ্রীকভূমে, স্ফিট্ট বালিলেই জ্ঞানী ও তত্ত্বিল ব্রথাইত এবং আলরও তাহাদের অতিশার ছিল। কিন্তু আলর বতটা, প্রকৃত জ্ঞানের ভাগ তাহাদের ততটা দেখা যায় না এবং অবশেষে তাহার। ঘোরতের কৃত্রক্রালী ও ভ্রান্তজ্ঞানের গুল্লমহাশের হইরা উরিয়াছিল। সক্রেটিস্র মর্দ্মান্তিক শক্র যদিও বংখাই যুটন এবং এমন কি, সক্রেটিস্কে বিষশান পর্যান্ত করাইয়া ক্লান্ত হইল। কেই হইতে সক্ষিট্ট নাম নিক্ষনীর ও উপহাসের বিষর হইয়া উলি ব্রং স্ফিট্ট বলিতে, কেবল ক্রজানী ও ক্তার্কিক মাত্র বুঝাইতে লাগিল।

গেলে, অন্য তত্ত্বিদ্গণের মত এই বে, চলিত মত সমস্তই সত্য, যতক্ষণ তাহা অসত্য বলিয়া প্রমাণিত না হর; আর প্লেটোর মত, সমস্তই অসত্য, যতক্ষণ না তাহা সত্য বলিয়া প্রমাণিত হয়।

প্রেটোর মতে, পরমেশ্বরই সমন্তের স্প্রেক্ডা। ভূত চারিট,—
ক্ষান্নি, জল, বায়ুও মৃত্তিকা। নিতা পদার্থ তিনটি,—পুক্ষ, জননশক্তিও দেশ। ও পুক্ষ, যাহা আত্মা বলিয়া নির্দেশিত; এই আত্মসতা, নিমে বর্ণিত প্রেটোর নিতা ভাব। জননশক্তি, যাহার প্রভাবে পদার্থনাত্রের উৎপত্তি বৃদ্ধি ও ক্ষয় হইয়া থাকে; ইহারই ক্রিয়মাণ অবস্থা, নিমে বর্ণিত প্রেটোর জনন ভাব। পরমেশ্বর, পুক্ষ, জননশক্তি ও ভূত সমস্তের বিষয় নিমে ক্রমান্বরে যথায়থ বিবরিত হইবে। এক্ষণে দেশ কাহাকে বলে, তাহা বলি। বিশ্ববাাপী সমস্ত স্থানের নাম দেশ; এই দেশকে আশ্রম্ব করিয়া স্প্রেটির স্থিতি। প্রেটো দেশের আরও একটা ব্যবহার কর্মনা করেম;—এই দেশের মধ্যে স্থলস্থির অতিরিক্ত অবসরস্থান যাহা, তাহা এক প্রকার জ্যোতি:পদার্থে পরিপুরিত। এই জ্যোতি:পদার্থে, যাবতীয় স্থল পদার্থনাত্রের আরুতি নিত্যকালের নিমিত্র রক্ষিত হইয়া থাকে। ৬ কথাটা আরও একটু স্পষ্ট করিয়া বলি। এই আবিভোতিক স্থল স্থিত্ব সমস্ত আবিভোতিক পদার্থ ই ইইতেছে ও ঘাইতেছে; এই মান্থ্যবিশেষটির দেহ, এই ভোমার বাড়ীটি, ইত্যাদি, ইহারা হইয়াছে

ইংরেজীতে, "Being," "Generation," 'Place." জননশক্তি, হিন্দুমায়য় সঙ্গে আয় অবিশেব পদার্থ। হিন্দুত্রাপুসারে, দেশের পৃথক্ সন্তা নাই; উহা ইন্দ্রিয় শক্তির বিষয়বোধের প্রকার বিশেষ মাত্র।

৬। আধুনিক থিওসফিষ্টদিগের ইহাই "Astral light" (নাক্ষত্রিক জ্যোতি ?)।
হিন্দুর আকাশ পদার্থস্থলীয়। থিওসফিষ্টদিগের উক্ত নামধের আকাশতক্ব যে প্লেটো
হইতে গৃহীত, তাহা স্পষ্টতই দৃষ্ট হইতেছে। ফলতঃ ইউরোপীর আধিকাংশই গৃঢ়ও
অতিলোকিক তন্ত্র সকল প্লেটো হইতে গৃহীত। কেছ কেছ বলিয়া থাকে যে এমন কি,
নূতন বাইবেলের প্রেটর প্রীয়ন্ত্র পর্যান্ত এই সেটো হইতে কির্দংশে গ্রহণ করা হইরাফে
এবং দেউলোহনের Logos ও সেটোর Logos একই পদার্থ এবং সেটো হইতে তাহা
লওরা।

এবং আবার একদিন ইহারা যাইবেও। কিন্তু এই যে উহাদের প্রপ্রেটাকের আকার ও ভাবভঙ্গী আদি, এ গুলিও কি উহাদের যাওয়ার সঙ্গে সনানে ধ্বংস হইরা যাইবে ? প্রেটো বলেন, তাহা হইবে না; পরার্থ ধ্বংস হইরা গেলেও, তাহার আকার ও ভঙ্গী আদি ধ্বংস হয় না; তাহারা দেশগত জ্যোতিঃপদার্থে রক্ষিত হইরা থাকে। এই সকল আকার ও ভঙ্গী আদি ছায়ার নায়, বস্তু-সভা উহাদিগেতে নাই; নিতা ভাবের উচারা একরূপ অনুকৃতি স্বরূপ। প্রেটো ক্ছেন, আমরা স্বপ্রে যে সকল বিষয় দেখিয়া থাকি, তাহা সেই জ্যোতিঃপদার্থে রক্ষিত পদার্থ-আকার প্রভৃতি মাত্র; তত্তির অন্য কিছুই নহে। গ

পুনশ্চ প্লেটো কহেন, এই পৃথিবী ও ইহার উপরিস্থ জীব ও জড় স্ষ্টিপ্রবাহ যাহা এক্ষণে আমরা দেখিতেছি, ইহাই প্রথম বা আদি

^{া।} Tim, XXVI & XXVII, এই স্থানের দ্বারা প্রেটো কর্তৃক স্বপ্লের কারণ অবধারিত হইল। হিন্দুতত্ত্বিদের। বলেন স্মৃতি, সংস্কার এবং প্রত্যাদেশ, এই ত্রিবিধ কারণ হইতে ম্বপ্ন দকল সাঘটিত হইতে পারে। এই ত্রিবিধ কারণের কার্যা কিরুপে হয়, তাহা অনুধাবন করিয়া দেখিলে দেখিতে পাওয়া যায় যে, প্রথমতঃ দর্শন প্রবণ ও মনন, এই ত্রিবিধ উপায়ের ছারা বিষয় সকল স্মৃতিতে সংগৃহীত হয়। মানুষের কি নিত্রা, কি জাগরণ,সকল সমরেতেই চিত্ত নিয়ত ক্রিয়াশীল, কিন্তু জ্ঞান নিত্রাবস্থায় সুষ্তি প্রাপ্ত হয়। জ্ঞানই চিত্তের ক্রিয়া সকলকে হসজ্জিত করিয়া থাকে। কিন্তু নিস্রা-কালে দেই জ্ঞানের ফুষ্প্তি হেড় কুসজিজত করণের অবভাবে, চিওক্রিয়া যদুচ্ছভাবে প্রবাহিত হইতে থাকে ও তাহারই মধ্যে যে যে কার্যাগুলি কিছু চটকের, তাহাই স্বপ্ন ৰলিয়া জাগরিত অবস্থায় স্মরণ হয়: এই গুলিকেই এলোমেলো এবং স্মৃতিজনা স্বপ্ন নামে বলা যায়। দ্বিতীয়তঃ, ধরে কথনও কথনও ফুলর ও সুসজ্জিত ভাবে এমন স্থান, জন ও ঘটনা সকল দৃষ্ট হয়, যাহা ইহজন্মে কখনও কোৰাও চিত্তমধ্যে কোন প্ৰকারে প্রবেশ করিতে পারে নাই: কাজেই এ গুলিকে জন্মান্তরীণ সাক্ষারজনা বল্প বলা যায়। ভূতীয়তঃ স্বপ্নে উষধাদির এমন উপদেশ এবং অপরাপর বিষয়েতেও কোন কোন আদেশ ও উপদেশাদি এমন প্রকারের পাওয়া বায় বে,বাহা কার্য্যে লাগাইলে প্রব ফল ফলিয়া খাকে এবং ফলও পুনঃ এমন যাহা মানুষের চেষ্টায় ফলাইতে পারা যায় নাই। এই **ভূতীর প্রকারের স্বপ্পকেই প্রত্যাদেশ জন্য বলা বার।**

নহে; অথবা পৃথিবীর আকারও বরাবর এইরপ ছিল না। এক এক রুগ গতে অধির ক্রিয়াবোগে এই পৃথিবীতে এক এক প্রকার উপস্থিত হইরা থাকে এবং সেই প্রলয়ে, পৃথিবীর পূর্বগত আকারপ্রকার এবং জড় ও জীব স্প্রের প্রবাহ প্রভৃতি, সমস্তই পরিবর্তিত হইরা যায়। এই-রূপে পূর্বের, পৃথিবীর আকারপ্রকারে অনেক পরিবর্তন ঘটনা হইরাছে এবং বিদ্যাবৃদ্ধি জ্ঞান ও সভ্যতাপূর্ণ অনেকবিধ মন্ত্র্যবংশ, আকার অবস্থা ও স্বভাবগত প্রভেদ সহ, উদয় ও বিলয় প্রাপ্ত হইয়া গিয়াছে। ৮

এক্ষণে জগৎকর্ত্তা প্রমেখরের জ্ঞান কিরূপে উপলব্ধি হইতে পারে, তৎসম্বন্ধে প্লেটো বলিতেছেন।—বে কোন পদার্থ জন্মবিশিষ্ঠ, তাহা অবশ্য কোন কারণ হইতে উৎপন্ন হইয়া থাকে; বেহেতু কারণ ব্যতীত তদ্রপ উৎপত্তি অসিদ। কারণ ব্যতীত কার্য্যের উৎপত্তি

থিওসফিষ্টদিগের স্টেতির যতদূর দেখিরাছি, তাহাতে স্পট্ট বোধ হর, যেন তাহা প্রেটার এই ছান হইতে অনুকরণ করিয়া লওয়া। থিওসফিউরাও, প্রেটার বর্ণনা মত, আট, লাণ্টিক মহাসাধরছ আট,লাণ্টিম নামক বীপাকার মহাকেশের বিগত অভিছে বিহাস করিয়া থাকে। প্রেটা বলেন, এই মহাবীপ ভৌতিক বিপ্লব বিশেবর ভাড়নার এখন সমুস্ততাগত হইয়া গিয়াছে। এই মহাবীপও, তাহার কথামত, অতি সভ্যতা তাহাতা ও সমৃদ্ধিপূর্ণ মহাদেশ ছিল। এই মহাদেশের প্রাচীন রাজশাসন ও সভাভাদির বিবয়, রূপকছলে বা সতা আভাসে যহাই ইউক, বহ পরিমাণে প্রেটার ফিট্রাই নামক প্রব্যে বর্ণিত হইয়াছে।

৮। প্রেটো যে প্রকার সাময়িক প্রলর বর্ণন করিয়াছেন, ইন্দুরাও সেইরূপ সাময়িক প্রলয় এবং অধিকয় মহাপ্রলয়ও ঘোষণা করিয়া থাকেন। কিন্তু প্রেটার বর্ণিত প্রলয়ের প্রকার ও প্রকরণ উভয়৽, হিন্দুর বর্ণনা হইতে অনেকটা অভয়। হিন্দুর বিবিধ প্রলয়, নিতা ও নৈমিত্তিক। প্রেটার প্রলয় এবং হিন্দুর নিতা প্রলয়, এ উভয়ে সময়াতীয়; উহাতে স্টের একেবারে ধ্বংস হয় না, কেবল প্রাতনের উপয় ন্তন্ত সম্পাদন হয় মায়। হিন্দুর নৈমিত্তিক প্রলয়ে সমস্ভই ধ্বংস হইয়া গেলে, নায়ায়ণ একার্ণবশায়ী হইয়া থাকেন এবং ভদনত্তর মায়াবীজ পরিপৃষ্ট হইলে, প্নক্রার স্পায়র হয়।

আবর্ত্তনশীল, তাহা অভেদ অপরিবর্ত্তনীয় ও নিত্য ভাবের প্রতিরূপ; আর যে চক্র অন্তর্ভাগে ও বামাবর্ত্তে আবর্ত্তিত, তাহা ভেদ, পরিবর্ত্তনীয় ও অনিতা ভাবের প্রতিরূপ। বহিশ্চক্র অভেদ ও নিত্যাবস্থা হেতৃ অখণ্ডিত ভাবে রহিল, কিন্তু অন্তশ্চক্র তদ্বিপরীত স্বভাব হেতৃ বহুভাগে বিভান্ধিত হইল; এজনা, বহিশ্চক্র হইতে একতা ও অন্তশ্চক্র হইতে বৈচিত্র বোধের উদয় ছইয়া থাকে। চক্রন্বয়, অথবা চক্রন্বয় ছাড়িয়া দিয়া এথন আত্মা বলিয়াই বলা যাউক;—আত্মার এরূপ গঠন ও স্বভাব হেতু, যথন কোন পদার্থ আত্মার সংলগ্নতায় আইদে, তথন আগে অন্তঃশতক্র সহ সংস্পর্শ হেতু ইক্তিয়-বিষয় রূপ স্থুল জ্ঞান, পরে সেই স্থূল জ্ঞানের দার দিয়া বহিশ্চক্র সংস্পর্শে পদার্থনিহিত সত্ত জ্ঞানের অকুভৃতি হয়। ঐ সৰ্জ্ঞান বহিশ্চক্রে মিলিত হইয়াও যদি বিধ্বস্ত না হইয়া অটল থাকিতে পারে, তাহা হইলে জানা গেল যে পদার্থটি সং আদর্শে নির্ম্মিত; নতুবা অসৎ উহার আদর্শ, স্কুতরাং পদার্থটি ছন্নপদার্থ এবং তনিহিত সম্বজ্ঞানও ভ্রমাত্মক। অতএব অন্তশ্চক্র দ্বারা পদার্থের ইক্রিয়-বিষয়তা জ্ঞান ও বহিশ্চক্র দারা পদার্থ-গত সন্থাংশের সদসং ১১ পরিমাণ হয়; অথবা বহিশ্চক্র প্রমাণিত যে জ্ঞান, তাছাই সত্য ও সং-স্বরূপ; আর অস্তশ্চক্র হইতে যে জ্ঞান তাহা অসত্য, ভ্রমসন্ত্র্ল ও ক্ষণ-স্থায়ী। এই বহিশ্চক্রজাত যে সত্য ও দংস্করপ জ্ঞান, তাহাই প্লেটোর স্থবিখ্যাত আইডিয়া। এই আইডিয়ার বিষয় পূর্বে উল্লেখ করিয়াছি এবং এখনও ইহার বিষয় কিছু বলিতে বাকী রহিল।

প্রেটো একবার বলিয়াছেন, আত্মা অস্ট ও অনন্ত পদার্থ। কিন্তু এখানে আবার দেখা গেল যে, কেবল অস্ট বলিয়াই ক্ষান্ত নহেন; অধিকন্ত আত্মা সৃষ্টি করার প্রকরণ, সেই সৃষ্টির মালমদলা এবং মাল-মদলার ভাগযোগ পর্যান্ত বিবরিত করিয়া যাইলেন। এ বিষম

১৩। এখানে বলিয়া দেওয়া উচিত যে, আমাদের বেদান্ত শাস্ত্রে সং ও অসং যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এখানে মুলভাগেও সং ও অসং শব্দ প্রায় সেইকাপ অর্থে ব্যব-হার করা ঘটতেছে।

মতবিরোধের কারণ কি;—প্লেটোর কি তবে মত স্থির নাই ? বালারাম, একটু আন্তে, বেশী বাস্ত ছইও না। মত স্থির বথেন্টই আছে এবং আত্মাও অস্ট্র পদার্থ বিটে; তথাপি যে এখানে তাহাকে স্ট্র বিলিয়া তাহার স্টিপ্রক্রিয়া দেখাইলেন, সে বোধ হয় কেবল লোক ব্রাইতে অধ্যাস-স্টি মাত্র; নতুবা প্রকৃত স্ট্র নহে। গুচু আত্মিকতন্ত্র সকল অধ্যাস-বিরতি বাতীত ভ্তভাবার্ল্ট মাত্র্যরের বৃদ্ধিতে যে সহজে আনিবার সাধ্য নাই, তাহা হিন্দু দার্শনিকেরা অনেক বার বলিয়াছেন এবং প্লেটোও তাহা সক্রেটিসের প্রতি টিমিয়োসের উক্তি নারা জানাইতে ক্রটি করেন নাই। ১৪ ফলতঃ কথিত স্ট্রপ্রক্রিয়া আত্মার নহে; আত্মার উপর উহা অধ্যাসমাত্র। এরপ অধ্যাসের উদ্দেশ্য যে তদ্বারা আধিভৌতিক স্ট্রের ক্রম ও প্রক্রিয়া স্তনা করা, তাহা প্লেটোর লাধিভৌতিক স্ট্রের বিষয় আলোচনা করিলেই সহজে প্রতিপন্ন হুইতে পারিবে।

আধি ছোতিক সৃষ্টি আলোচনার পূর্ব্বে আর একটি কথা বক্তবা আছে। আমি আরছে বলিয়াছি যে, হিন্দুত্ববিদ্যার সঙ্গে প্লেটোর মনেকটা সাদৃশ্য আছে। এখন জিজ্ঞাসা যে, যে পর্যান্ত আলোচনা করিয়া আসিলাম, তাহার মধ্যে কোন সাদৃশ্য দেখিতে পাওয়া যায় কিনা। আত্মার প্রোক্ত অন্তশক্ত ও বহিশ্চক্তে কতকটা সেই সাদৃশ্য পাওয়া বায়। হিন্দুত্বাহ্নসারে পরমায়ার অবলমনে প্রকৃতি, অংথবা অন্য কথায়, প্রকৃতি বয়ং বিষ্ণুচৈতনাের ঐশী শক্তিবরপা। সেই প্রকৃতিই ইক্রিয়-গ্রান্থ তাবৎ স্পান্তর জননা। এই পরমাত্মসত্তা ও প্রকৃতিই ইক্রিয়-গ্রান্থ তাবৎ স্পান্তর জননা। এই পরমাত্মসত্তা ও প্রকৃতি সহ, প্লেটোর বহিশ্চক্র ও অন্তশ্চকের বছল সাদৃশ্য দেখিতে পাওয়া যায়। প্রকৃতিবৎ অন্তশক্তর, আত্মান্থলীয় বহিশ্চক্রেকে জ্ঞানাত্মা এবং অবলম্বনে স্থিত; অথবা হিন্দুত্বান্থ্যারে, বহিশ্চক্রেকে জ্ঞানাত্মা এবং অবলম্বনে স্থিত; অথবা হিন্দুত্বান্থ্যারের, বহিশ্চক্রেকে জ্ঞানাত্মা এবং অন্তশক্তকে বিজ্ঞানাত্মা বলিয়াও বলা যাইতে পারে। পরমাত্মা ওছনতা কিন্তু প্রকৃতি বিকরার, স্কৃতরাং এই বিকার হেতু বিপরীত গতি

অসিদ্ধ, ইহা প্লেটো বছনর্শন হইতে স্বতঃসিদ্ধ স্থরূপ ধরিরা লইয়াছেন। পুনশ্চ, ইহাও সিদ্ধ যে যাহা কিছু ইন্দ্রিয়গ্রাহ্য, তাহাই জন্মবিশিষ্ট। এই বিশ্ব ইন্দ্রিরের বিষয়ীভূত, স্কুতরাং ইহাও জন্মবিশিষ্ট; এজন্য ইহাও জিন্মবিশিষ্ট; এজন্য ইহাও জিন্মবিশিষ্ট; এজন্য ইহাও জিন হইতেছে যে, এই জাত-মূর্ত্তি ও কার্যাস্থরূপ বিশ্বের কারণ-স্বান্ধ একজন স্পাইকর্ত্তা অবশ্য আছেন। তাহার পর ঈশ্বের স্বরূপতা সম্বন্ধে রলিভেছেন;—এই বিশ্বের যিনি পিতা এবং স্পাইকর্তা, তিনি এবং তাঁহার কার্যাকলাপ কিরূপ, তাহার আবিষ্করণ নিঃসন্দেহ অতি কঠিন। যদি বা আবিষ্কার করিতে পারা যায়, তথাপি এত গৃতৃ যে সাধারণ মানবীয় বৃদ্ধির নিকটে তাহা স্বপ্রকাশিত করা একেবারে অসাধ্য। প্লত্ত ব কার্যাদৃষ্টে কারণের উপলব্ধি স্বরূপ ঈশ্বর বিষয়ক যে জ্ঞান জন্মে, তাহাই সাধারণতঃ অবলম্বনীয়। প্নশ্চ, এই কার্য্যকারণ

"ইক্রং মিত্রং বরুণমগ্রিমাছরথো দিব্যঃ স হপর্ণো গরুস্বান্। একং সদ্বিপ্রা বছধা বদক্তি অগ্নিং যমং মাতরিখানমাছঃ॥"

बः (वः)।)७४।४७ ।

স্থানাস্তরে জিনো কহিরাছেন যে এই বিষই ঐখরিক মহাসভা, উহাই ঈখর। আরিষ্ট-টলও, অপরীরী একেখরবাদী। তিনি বলেন ঈখর স্বরং নিশ্চল; কিন্ত তাঁহার নির্মচক সর্ব্বত্র পরিব্যাপ্ত, এবং তাহাই যাবতীর বিষয়কে পরিচালিত করিরা ফিরিতেছে। জিনো এবং আরিষ্টটল, উভরই প্লেটোর পরবর্ত্তী লোক। আরিষ্টটল নিজে প্লেটোর শিষ্য ছিলেন।

৯। জিনোর সাম্প্রদায়িকেরা ক্রনা করিয়া থাকেন যে ঈশ্বর একটি অবিনাশী জীব শ্বরূপ, কিন্তু মনুষোর ন্যায় আকারবিশিষ্ট নহেন। তিনি জ্ঞান ও আনন্দর্যর এবং অসতের অতীত : এই পৃথিবীতে যাহা আছে ও যাহা ইইতেছে ও ইইবে, তিনি তাহার তবক্ত। তিনি এই পৃথিবীর স্টেকের্তা এবং সর্ক্রবস্তুতে তাহার সন্তা পরিব্যাপ্ত রহিয়াছে : এবং ঐ স্তাই স্থানবিশেষে পৃথক্ পৃথক্ দেবদেবীরূপে করিত ও পূজিত হইয়া থাকে, যথা দেমিতুর ক্ষিতিরূপে,পোসিদোন রসরূপে,আখিনা ক্লের বায়ুবা ইথার রূপে, হেপিন্তুস আয়িরূপে ইত্যাদি। ইহা বহরুপ ক্রনা মাত্র, নতুবা দেবতা যিনি তিনি এক। ইহার সহ আমাদিগের বৈদিক গাথা একবার মিলাইয়া দেখ— "হপ্ণম্বিপ্রাঃ ক্রেরো বচোজিঃ একম্ সন্তম্ব বহুধা ক্লেরভি।" খং বেং ১০১০ জ্ববা—

বোধক্ষম বৃদ্ধিযোগে ইহাও উপলদ্ধি হইতেছে যে, যথন এই বিশ্ব সমস্ত স্পষ্ট পদার্থের মধ্যে সর্বাপেক্ষা সোন্দর্যাশালী ও পূর্ণত্তপ্রাণ, তথন ইহার স্পষ্টিকর্ত্তাও অবশ্য দেষরহিত ও সতের আধার, তাহাতে সংশর নাই। এথানেও দৃষ্ট হইবে বে, প্লেটো কার্যাদৃষ্টে কারণের স্বভাবজ্ঞান উপলদ্ধি করিতেছেন।

তাহার পর আত্মা সম্বন্ধে প্লেটোর মতামত কি, তাহা বলিতে যাওয়া একটু গোলযোগের কথা। প্লেটোর ফিডোদ> নামক গ্রন্থ দত্তে দেখা যার যে, প্লেটো আত্মাকে কেবল অবিনাশী বলেন নাই: তিনি আরও বলিয়াছেন যে উহা অস্ষ্ট পদার্থ এবং অস্ষ্ট বলিয়াই অবিনাশী। কিন্তু টিমিয়োসে১১ আবার বলা হইয়াছে যে আত্মা স্ষ্ট পদার্থ বটে, তবে কিনা তাবং ভৌতিক সৃষ্টির পূর্ব্বজাত। একণে সেই আত্মার সৃষ্টি কিরুপে ও কি কি উপাদানে, তৎসম্বন্ধে বুলিতে-্ছন:--স্বির, একটি ক্ষর ও আর একটি অক্ষর, এই চুই তত্ত্বের সমা বেশে, তহভয়ের মধ্যবর্ত্তী ততীয় আর একটি সন্তার উৎপাদন করিলেন। তদনন্তর, উক্ত ক্ষর তত্ত্ব সহ 'ভেদ' ও অক্ষর তত্ত্ব সহ 'অভেদ' ১০ প্রকৃতি সংযোজিত করিয়া, তহুভয় সহ কথিত তৃতীয় সন্তাকে শক্তি সহযোগে সংমিলিত করিলেন। তাহার পর, এই তিন বিষয়ের বহুবিধ অংশ ও প্রত্যংশ ক্রমে বহুতর মিশ্রণের পর যে একটি মিশ্ররাশি উৎপন্ন হইল, সেই রাশিকে ছই অংশে বিভাগ করিলেন। রাশিবিভাগ ছইটিকে পুন: + ইত্যাকার সংস্থাপনে ও সংযোজনে এবং সংযোজিত ্রেখা চুইটির অস্তভাগের আনমনে, এক অপরে সন্নিবিষ্ট এরূপ চুইটি চক্রের উৎপত্তি করিলেন। এই চক্রন্বয়ই, সংমিলিত একত্ব ভাবে আত্মা। উক্ত চক্রন্বয়ের একটি বহিশ্চক্র ও একটি অন্তশ্চক্র এবং চক্রদ্বরে গতি সংযোজিত হইলে, উভয় উভয় সম্বন্ধে ছই বিপরীত দিকে आवर्जननीन इटेटज नाशिन। य ठक विट्डिश ও मिक्कगावर्ट

>+ Phoedrus, 51.

^{33 |} Timœus, 12.

১২। ইংরেজীতে ভেদ, different এবং অভেদ, same বলিয়া অমুবাদিত।

জন্য প্রেটোর অন্তশ্চক্রের বামাগতি কল্পনা সঙ্গত বলিয়া ধরিতে পারা যায়। তাহার পর অন্তশ্চক্রের বিভিন্ন বিভাগ, বৈচিত্র ও ইন্দ্রির-গ্রাহ্ম-বিষরপ্রাণতা প্রভৃতি সহ, প্রকৃতির ভেদ ও বৈকারিক স্থাষ্ট প্রভৃতির মপেটই সাল্ভ রহিয়াছে। পুনশ্চ, পরমাত্মা ও প্রকৃতি, এ উভয়ের মধ্যে যদিচ প্রকৃতিই একমাত্র ক্রিয়াশীলা বটে, তথাচ কিন্তু প্রকৃতি প্রমান্ত্রার সহায়তা ব্যতীত স্থান্ত করণে অক্ষম: অর্থাৎ প্রমান্ত্র-ভাদ প্রকৃতিতে যেরূপ যেরূপ প্রতিবিদ্বিত হয়, প্রকৃতি কেবল তাহারই বৈকারিক প্রচারে স্ষষ্টিপ্রপঞ্চকে প্রকাশিত করিতে দক্ষম হইয়া থাকেন। এতৎ সাদৃশ্রে প্লেটোও বলিতেছেন যে, পরমেশ্বর যাহা কিছ স্ষ্টি করেন, তাহা স্বীয় অন্ধর্মপতা অনুসারেই করিয়া থাকেন এবং পরমেশর স্বয়ংই এই ব্রহ্মাণ্ডরূপ স্টির আদর্শ। ১৫ আবার দেখ. প্রকৃতিতে পতিত প্রমাত্ম-ভাস প্রতিবিশ্বিত হওয়ায় যথন স্টে, তথন স্ট পদার্থের প্রকৃত সতাংশ যাহা তাহা প্রমাত্মদতায় নিহিত এবং নাহারা পুন: দেই সতা হইতে বহিমুখিগামী হয়, তাহারাই জগতে পাপের সঞ্চার করিয়া থাকে। প্রমাত্মভাস যাহা, তাহাই সং এবং প্রকৃতিজ্ব আধিভৌতিক প্রপঞ্চ যাহা কিছু, তাহা অসং: পুনঃ প্রমাত্ম-ভাস অভেদ, অব্যয়, সত্য ও নিত্য স্বরূপ, কিন্তু আধিভৌতিক প্রপঞ্চ ্দকল বিষয়েতেই তাহার বিপরীত : প্রকৃতিজ পদার্থবাধ, বিজ্ঞানমাত্র ; যথার্ছ জ্ঞান তাহাতে তথনই পাইতে পারা যায়, যথন বিজ্ঞানের সাহায়ে তল্লিছিত প্রমাত্মসভারপ জ্ঞানের উপলব্ধি হয়:- এখানেও, প্লেটোর অস্তুশ্চক্র ও বহিশ্চক জন্য যে যে ক্রিয়া কার্য্য ও তব্ব, তাহাদের উক্ত বিষয়গুলির সহ যথেষ্টই সাদৃশ্র দেখা বাইতেছে। ফলতঃ প্রকৃতিজ পদার্থ বোধরূপ বিজ্ঞান সহ, অন্তক্ষজাত স্থূল জ্ঞান এবং পদার্থনিহিত প্রমাজ্মবত্তাংশরপ জ্ঞানসহ, প্লেটোর আইডিয়ার অবিকল সাদৃশ্র দেখিলে আনন্দিত হইতে হয়। তত্তাসুসরণে হিন্দুর মুখা উদ্দেশ্য যেমন জ্ঞান, প্লেটোরও সেইরূপ আইডিয়া।

se | Tim. X.

একণে এই পরিদ্রভাষান বিশ্ববন্ধান্তরপ আধিভোতিক স্টীর উদয় হইল কিব্লপে, তৎসম্বন্ধে প্লেটো বলিতেছেন।—এই বিশ্ব দ্বৈত উপায় সংযোগে স্ট। একটি 'নিত্যভাব' ও অপরটির নাম १—'জনন ভাব' মাষেই বলা যাউক। নিত্য ভাব.—অব্যয়, অক্ষয়, অপরিবর্ত্তনীয়রপে নিত্য অবস্থা। জননভাব—হইতেছে কিন্তু হয় না; বাঞ্বারাম, বুঝিলে কিছু ?—গাজির কুড়ল নড়ে চড়ে থদে না! তামাদা নহে, ইউরোপীয় তাত্তিকেরা জননভাব অর্থে প্রায় সেইরপুই বঝিয়া থাকেন। জননভাব,-পদার্থাট জন্মিতেছে বটে, অথচ বস্তুতঃ কিন্তু পদার্থটি নাই; অন্ত কথায়, ইহা গ্রীক পোষাকে ঢাকা বেদান্তের মায়াতত্ত্ব মাত্র। এখন মারাবাদের তুলা স্ক্রাণুস্ক্র গাঢ় ও গুঢ় তত্ত্বলাখ্যান বোধ করি পৃথিবীতে আর কিছুই উৎপন্ন হয় নাই; কিন্তু ইউরোপীয়বৃদ্ধি জড়-বিজ্ঞান-বিষয়িণী, স্কুতরাং উহা তাহাদিগের নিকট গাজির কুড়ুল স্বরূপ হ ওয়ায় আ'শ্চর্যোর বিষয় কিছুই নাই। সাধারণ ইউরোপীয়বৃদ্ধির নিকট, নিত্যভাব,—বিচারশক্তিসম্পন্ন বৃদ্ধির বিষয় এবং জননভাব,— ইন্দ্রির-ক্রিয়োৎপন্ন সহজ জ্ঞানের বিষয়। ইউরোপীয়েরা এই ভাবদ্বয়ের কত দূর মর্মগ্রহ করিয়া থাকেন, তাহা পরেও প্রদর্শিত হইতেছে।

নিত্য ভাবই সত্য পদার্থ; জননভাব তদিপরীতে পরিবর্জনশীল,
হাস বৃদ্ধি ও ক্ষরের অধীন, অনিত্য ও অবস্ত — মর্থাং বস্তু বোধ

ইইতেছে বটে কিন্তু প্রকৃত বস্তু নহে, বস্তুত্রম মাত্র। স্থতরাং বৈদান্তিক
রজ্জুতে সর্পজ্ঞানের ন্যায়, নিত্যভাবের উপর জননভাবের অধ্যাসক্রমে,

ইক্তিরপ্রাহ্ বিষয় অর্থাং এই পরিদ্শামান পদার্থ এবং স্টেজ্ঞান হইয়া

থাকে। এথানে পুনং প্লেটোর আত্মায় স্টের অধ্যাস মিলাইয়া দেধ।

জ্ঞানাত্মা রূপ আত্মার বহিশ্চক্র নিত্যভাব এবং বিজ্ঞানাত্মা রূপ আত্মার

অস্তুশ্চক্র জননভাবে। কি থণ্ড কি সমূহ, যাবতীয় পদার্থরূপ, নিত্যভাবের উপর জননভাবের অধ্যাস বশতঃ উৎপন্ন হওয়ায়, প্রত্যেক
পদার্থমূলেই নিত্যসন্তা, অথবা প্লেটোর কথায় আছেডিয়া নিহিত
রহিয়াছে। তাবং থণ্ড পদার্থের থণ্ড আই ডিয়া সমূহ, নত-উন্নত

পর্যায়ক্রমে প্রথিত, সংযোজিত ও সমাবিষ্ঠ হইরা, শেষে মহাসমষ্টিবৃত্তে ঐশ্বরিক মহাসভাশ্বরূপে মহা আইডিয়া সংজ্ঞার খ্যাত হইরাছে। অতএব মানবের পক্ষে সেই ঐশ্বরিক সন্তার উপলব্ধি এবং তাহার অফুভবফুথে সামর্থ্য লাভ করিতে হইলে, তাহা পর পর পর্যায়ক্রমে একমাত্র
আইডিয়াজ্ঞানের অফুসরণে সংসিদ্ধ হইতে পারে। ভাল কথাই!
কিন্তু জর্মাণ পণ্ডিত রিটার, প্লেটোর আইডিয়া সম্বন্ধে এক স্থানে এরপ
মত ব্যক্ত করিয়াছে;—"প্লেটো এই দৃশ্মান জগতের অন্তিত্বত্ত্ব অবধারণ করিতে গিয়া, দিখিদিকশ্ল ভাবে একমাত্র আইডিয়া লারা
সেই অবধারণ কার্যোর পূর্ণ সংসাধনের চেষ্টা পাইয়াছেন। এ হেত্
অদ্শ হইতে এই জগতকে দৃশ্ম ক্ষেত্রে আনমনের জন্ম তাঁহার বে সেই
চেষ্টা, তাহাতে বহুপরিমাণেই অক্ট ও অপূর্ণভাব রহিয়া গিয়াছে।"
ইত্যাদি। ইউরোপীয় আইডিয়া বোধের ইহাও যে একটা পরিচয়আদর্শ, তাহাতে সন্দেহ নাই। বেদান্তজ্ঞানে যাহাদের প্লবেশ নাই,
সেরপ লোকে রিটারের ন্যায় যদি প্লেটোতে সমন্তই অক্ট ও অপূর্ণ
দেখিতে পায়, তাহাতে তাহাদিগকে তত দেষে দিতে পারা বায় না।

জননভাব সন্থারে প্লেটো বলিতেছেন যে, উহা সহজ জ্ঞানযুক্ত ইন্দ্রিয়ের দারা অনুভূত হইতে পারে। কিন্তু ইন্দ্রিয়িয়া জন্ত এই অনুভূতিতে বিশ্বাস করিতে নাই; যেহেতু পদার্থকপ ভ্রমাস্থাক, এজন্ত তহুৎপ্র জ্ঞানও ভ্রমাস্থাক; স্থাতরাং তাহা ক্ষাতা ও অসৌন্ধর্যের কারণ স্বরূপ হয়। পূর্ণতা ও পূর্ণ-সৌন্ধর্যের কারণ, নিত্যভাবোথিত জ্ঞান এবং সে জ্ঞান লাভ হইতে পারে একমাত্র বিবেকর্দ্ধি পরিলাচনা দারা নতুবা অন্ত প্রকারে হয় না। এজন্য প্লেটো বলিতেছেন যে, যে কোন অনুষ্ঠান বিষয়ে বিবেকজাত নিত্যভাবোথ জ্ঞানকে অবলম্বন করিলেই অনুষ্ঠিত বিষয় পূর্ণ ও সৌন্ধ্যাশালী হইতে পারে, নতুবা অন্তর্গ্রেপ হয় না। আমরা দেখিতেছি যে, এই স্পৃষ্টি নিরপ্র সৌন্ধ্যাশালিনী, অত এব ইহা নিশ্বয় হইতেছে যে, পরমেশ্বর ইহার স্প্রতে নিত্যভাবকেই মূলস্থানে অবলম্বন করিয়াছিলেন।

একণে ক্থিত ভাব ছুইটির সমাবেশে সুল স্ষ্টির উদয় ছইল কিরূপে. তৎসম্বন্ধে প্লেটো বলিতেছেন।—প্রমেশ্বর ইচ্ছা করিলেন যে সকল वस्रहे छे०क्रेष्ठे ७ सम्मत रु७शात श्रामानन ; এकाना **এ**ই श्रामानन পুরণার্থে দর্কপ্রথমে নিয়মশুন্য প্রবল ঘণাস্থলে নিয়মের উদয় করিলেন এবং সেই নিয়ম এই স্ষ্টের নিয়ামক হইল। তাহার পর, যাহা কিছু জন্মবিশিষ্ট, তাহা অবশ্য শারীরিক আকারবিশিষ্ট এবং দর্শনীয় ও স্পর্দনীয় হইবার কথা। এই সৃষ্টি জন্মবিশিষ্ট, এ নিমিত ইহাকে দর্শনীয়ত্ব ও স্পর্শনীয়ত্ব আদি গুণ প্রদান করিবার জন্ম পরমেশ্বর অগ্নি, জল বায়ুও মৃত্তিকা এই ভূতচতুষ্ঠয়ের সমাবেশে ইহাকে নির্মাণ ক রিলেন। বেহেতৃ পরমেশ্বর নিজের অফুরপতায় এই সৃষ্টি করিয়াছেন; এজন্ত স্ষ্টি, ঐশবিক মহাসভা বা মহা আইডিয়ারপ যাহা তাহার অবিকল বাহ্ন-প্রচার স্বরূপ হইল, স্বতরাং ইহার অঙ্গদৌর্চবেও আরে কোথায় (कान क्रम्भाका तहिल ना। आकारत हेटा शालाकात हरेल, कात्र গোলাকারই সম্পূর্ণ মূর্ত্তি এবং আর যাবতীয় আকার এই গোলাকারের অন্তর্ভ হয়। গোলাকার হেতু, এই স্থাষ্ট সর্কবিধ আকারের অধিষ্ঠানভূতা এবং জননী স্বরূপ হইল।

বিনা বৃদ্ধিশালিত্বে কোন পদার্থ সৌন্দর্যাশালী হইতে পারে না,বিনা চৈতন্তে বৃদ্ধিশালিত্ব হয় না এবং চৈতন্ত আবার আত্মার অনন্তিত্বে সন্তবপর নহে। কিন্তু স্টেকিন্তা স্বায়ং সং, এজন্ত তিনি সতেরই স্টেকি করিয়া থাকেন। অতএব দেই সততার বশবর্তী হইয়া, তাঁহার স্টেকে পূর্ণ সৌন্দর্যায়য়ী করিবার নিমিত্ত; পূর্বে যে আত্মার স্টিপ্রকরণ বলা হইয়াছে, সেই আত্মপদার্থকে আনিয়া স্টের অভ্যন্তরে নিহিত্ত করিয়া, স্টেকে আত্মাবিশিষ্ট এবং মহাবৃদ্ধি ও জ্ঞানশালিত্বের অধিকারিণী করিলেন। বলা বাছলায়ে, আত্মাপ্রাপ্রে স্টি আত্মাবান অবিতীয় মহাজীবের স্বরূপ হইল। ১৬

১৬। পীথাগোরীয় সাম্প্রদায়িক তত্ত্বিদেরাও, পৃথিবী অর্থাৎ স্কটকে জাবরূপে কল্পনা এবং তাহাতে বৃদ্ধিশক্তির অতিত আবোপ করিয়া থাকে। তাহাদেরমতে

অনম্বর আত্মাকে স্টেমধ্যে সন্নিবিষ্ট করা হইল কি ভাবে, তংসম্বন্ধে প্রেটো বলিতেছেন।—পরমেশ্বর আত্মাকে স্টেচক্রের ঠিক মধ্যস্থলে স্থাপিত করিলেন এবং তথা হইতে উহা স্টেচক্রের ভিতর বাহির সর্ব্বত্র ব্যাপ্ত হইল। বাহিরভাগে এমন কি, দ্রতম প্রাম্ত —চক্র স্থাও নক্ষত্ররাজি ছাড়াইরা বাহা কিছু আছে, তাহাও অতিক্রম করিয়া আত্মা পরিবাপ্ত হইল। আত্মার বহিশক্র ও অন্তশচক্রের সংস্থানবিধান মত, বহিশক্র বাহিরে এবং অন্তশ্চকে অন্তর্বের রহিয়া, নিজেদের আবর্ত্তনশীলতা হেতু, স্টেকেও সর্বানা আবর্ত্তনের বশবর্ত্তী করিল ১৭

আদিতে একতত্ত্ব (Monad) মাত্রের অন্তিত্ব ছিল। একতত্ত্ব ইইতে দ্বিত্ব (Duad), দ্বিত্ব হইতে সংখ্যা (অর্থাৎ ব্যক্তিত্ব), এবং সংখ্যা হইতে রেখা (অর্থাৎ ব্যক্তি আকৃতি), ইত্যাদির পরিপাক ও উন্নতি প্রম্পরার এই সৃষ্টি এতাদ্ক প্রকাশনান হইল। কথিত অাছে যে, গ্রীকতত্বিদ্দিগের মধ্যে অনাক্ষণোরাসই প্রথমে ভূতে চৈতনোর কল্পনা করেন। তাঁহার বিধাস এই ছিল যে, যাবতীয় পদার্থ আদিতে যদুচ্ছা ক্ষিপ্ত-বিক্ষিপ্ত ছিল, শেষে চৈতনা স্বতঃ উদয় হইয়া তাহাদিপকে নিয়মানুবর্তিতায় আনিয়া শৃখালাবদ্ধ িকরে। ক্রিনীপোস, আপলোডোরোস্, পোসিদোনিয়োস্ প্রভৃতি তত্ত্বিদ্দিগের ধারণা এই যে, জড়জগৎ জড় নহে; উহা গুণজ্ঞান ও চৈতন্যাদিসম্পন্ন মহাজীব এবং মানবীয় চৈতনা বা আত্মা দেই মহাচৈতনোর খণ্ডরপ। এথানেও পুনঃ হিলুঞ্জুাক সমষ্টি ও ব্যষ্টি তত্ত্বের কিঞ্চিৎ সাদৃশ্য দেখিতে পাওরা যায়। জিনোর শিষ্যবর্গেরা কহিয়া থাকে যে, আদিতে সকৰ্মক (active) এবং অকৰ্মক (passive) এই দ্বিধ শক্তির অস্তিত্ব ছিল। অকল্মকশক্তি ভূত এবং সকর্মকশক্তি চৈতন্য। তাহাদের বিখাদে. এই চৈতনাই ঈশ্বর। সকর্মক শক্তি অকর্মক শক্তিতে সংযোজিত হইলেই সৃষ্টি প্রচার হয়। সকর্ম্মক শক্তি নিতা, দেহশুনা এবং অবিনাশী ; কিন্তু অকর্মকশক্তির ভাব তাহার বিপরীত, স্তরাং তাহাতে ধ্বংস আছে। জিনোর এই সকর্মক এবং অকর্মক শক্তির নহ, প্লেটোর বহিশ্চক্র ও অন্তশ্চক্র এবং হিন্দুর পুরুষ ও প্রকৃতি, ইহাদের উভয় উভয়তঃ স্ভাব তুলনা করিলে, এথানেও পরস্পরের মধ্যে কতকটা একতা লক্ষিত হয়।

১৭। Plato Tim, 10-12. এই স্থান দৃষ্টে অনেকে সিদ্ধান্ত করিরা থাকে বে প্লেটোর এতত্বভর চক্তের তাৎপর্যা এরূপ বে, এই সংসারে কিছুরই উন্নতি বা অবনতি নাই : আমরা যাহা কিছু উন্নতি বা অবনতি বলিয়া দেখি তাহা ক্ষণিক বৈচিত্র, নতুবা একই বিবয় বার বার ব্রিয়া ফিরিয়া যাইতেছে আসিতেছে মাত্র। প্রাচীন কালের যে সকল এবং তাহার এই আবর্ত্তন ও আত্মার ব্যাপনশীলতা হইতে, স্ফটি চিরকালের জন্য অক্ষপ্রবাহ জীবকুলের আধারস্থলী হইল। বহি-ক্ষক্রের অপরিবর্ত্তনীয় নিতা ও অধৈতভাব এবং অস্তশ্চক্রের তহিপরীতে মৃত্যু পরিবর্ত্তনীয় ক্ষয়শীল ও থণ্ডভাব; পুনঃ আত্মার গঠনোপকরণে ভেদ, অভেদ ও সত্তা, এই ত্রিবিধ সন্নিবিষ্ট তত্ত্ব; এই সকলের যথাত্মক্রমিক ক্রিরা হেতু, স্টিও সেইরূপ স্বভাবাদি প্রাপ্ত হইল। এস্থানে প্লেটোর অর্থ বিল্লেষণ করিলে, ইহাই যেন উপলব্ধি হয় যে, আত্মার ব্যাপন-শীলতা ও বহিশ্যক্র বা নিত্যভাবের প্রভাবে জীবস্টিপ্রবাহ যদিও নিতা: কিন্তু অন্তশ্চক্র বা জননভাবের প্রভাবে, সেই স্ষষ্টিপ্রবাহ মধ্যে পুন: ইন্দ্রিয়গ্রাছ ক্ষণিক, পরিবর্তনীয় ও খণ্ডমূর্তি শারীর সৃষ্টিরও অভিনয় চলিতে লাগিল। অভেদ ও ভেদ তত্ত্বভু, সৃষ্টির সহ অবিচ্ছিন্ন ও তাহার অঙ্কশন্ত্রনশায়িভাবে অথচ পৃথক পৃথক মূর্ত্তিবিশিষ্ট জীবের উদয় হইল। তাহার পর, সভা নামক তৃতীয় তত্ত হেতু, উক্ত জীব সকল জ্ঞানাত্মা ও বিজ্ঞানাত্মা প্রাপ্ত হইয়া; একের প্রভাবে সভ্য এবং বৃদ্ধি ও বিবেকজাত জ্ঞান, আর অপরের প্রভাবে অজ্ঞান মোহ ও ইন্দ্রিয়গাত বাসনাদির বিকাশ করিতে থাকিল। প্লেটো এথানে বলিতেছেন যে, স্ষ্টি-আত্মারই অন্তর-বাহির উভয়তঃ সমাবেশ ও আবর্ত্তনশীলতা হেতু. স্ষ্টি নিত্যকালের জন্য জীবাধার হইল ১৮; আবার অন্যত্ত ১৯ জীব

মানবীর বা বে কোন ইতিহাস গুনিতেছ এবং এখন আবার বাহা দেখিতেছ, তাহাই পুন: ফিরির। পর পর আদিবে ও বাইবে। ফুতরাং জাতীর উন্নতি ও অবনতি প্রভৃতি কেবল এম। পৌরাপিক কল্লমম্বত্তরাদির কলনাও এলপ বটে এবং তাহাও বেন কতকটা একইবিধ ক্টির পুন: পুন: আগতি এবং বিরতি শিকা দেয়। নে যাহা হউক, হিল্পুরাণ এবং প্রেটো, এ উভরেরই নিগৃচ শিক্ষা যে ঠিক দেরূপ, এমনটা বোধ হয় না। অথবা চক্রবং পরিবর্ত্তনই যদি ধরিয়া লওয়া যায়, ভাহা হইলেও এফই পথে পুন:পুন:চক্র চালনা করিলে বে একই ধ্লা উড়াইতে হইবে, এমন কোন কথা নাই; বিশেষতঃ ইহাও পুন:বলা হইতেছে যে নিতা বিভিন্নতাই অভ্নতকর ধ্রা।

>v | Tim. XIII.

১৯ I Tim. XVII.--বে পাত্রে বে নকল মালমসলার পরিপাকে স্কট-আস্বা

সকলের অন্তর্নিহিত পৃথক্ পৃথক্ আত্মা আসিল কোথা হইতে, তংসম্বন্ধে বলিতেছেন বে, যে মালমদলার সংমিশ্রণরাশিতে স্বষ্ট-আত্মা
নির্মিত, স্ষ্টি-আত্মা নির্মাণানান্তে তাহার যে কতকটা অংশ অবশিষ্ট
ছিল, তাহাকেই নানাথণ্ডে বিভাগ ও বিভাগ পূর্বক প্রতি জীবকে
আত্মাবিশিষ্ট করা হইল। বলিতে পার বাঞ্ছারাম, ইহাতে কি ব্ঝা
যাইবে ? প্রশ্চ কালস্বৃষ্টি-কথনে প্রেটো বলিতেছেন বে, সংখ্যাতত্ব
অবলঘন করিয়া এক এবং অবৈত মূর্ত্তির মধ্যে তিনি বহুত্বের সমাবেশ
করিলেন। ২০ এ সকলের দারা বোধ করি এক মাত্র এই কথা অন্থমিত
হইতে পারে যে, সমস্ত স্বৃষ্টি এক অবৈত্বসূর্ত্তি এবং তরিহিত আত্মা
যিনি, তিনিও এক ও অবৈত সত্তা বটে; কিন্তু সংখ্যাতত্ব সেই আবৈত
স্কৃত্তিবে বাষ্টিভাব এবং প্রতিজ্ঞীবাত্মা স্কৃতরাং সেই মহান অবৈত স্কৃত্তিআত্মার থপ্ত বা বাষ্টিরূপ মাত্র।

ফলতঃ বতদ্ব দেখা পেল, তাহাতে ইহা প্রতীত হইতেছে যে,
ক্রিক্টকরপকাত্মক নিতাভাব বা জ্ঞানাত্মা যাহা, বাষ্ট-স্থাষ্ট সম্বন্ধে তাহাই
আদর্শ এবং আত্মিকতা ও ভাবাদির দাতা; আর অন্তক্ত-রূপকাত্মক
জননভাব বা বিজ্ঞানাত্মা যাহা, তাহা দেই সকল আদর্শাদি অমুদারে
বিভিন্ন বিভিন্ন ছূল স্থাষ্টর কার্মিতা। প্রারম্ভভাগে আত্মাম যেরূপ
স্থাষ্টপ্রকরণ অধ্যাসিত এবং তত্ত্ত্র ভাগে ছূল স্থাষ্টিতে দেই প্রকরণ
যেরূপ প্রেরাজিত হইতে দেখা গেল, তাহাতে এখানেও হিন্দুত্ত্বের সহ
বহল সাদৃশ্য দেখিতে পাওয়া যায়। প্রথমতঃ, স্থাষ্ট মহদাত্মাবান্

নির্মিত হইয়াছিল; সেইই পাত্রে সেই মালমদলার অবশিষ্ট অংশ পরিপাক করিয়। জীবাল্লা দকল গঠিত হইল। কিন্তু এই দকল আল্লা, সৃষ্টি-আল্লা অপেকা, স্বভাবে ও গুণে চুই তিন পর্যায় পরিমাণে নিকৃষ্টতাপ্রাপ্ত হইল।

২০। Tim. XIV. ইউরোপীয়েরা সংখ্যা অর্থে যে কি ব্যিরাছেন, তাহা স্পটরূপে
অনুভব করিতে পারিলাম না। কিন্তু সংখ্যা অর্থে যে হিন্দুতত্ত্বের বাইভাব ও ব্যষ্টিরূপতা, সে পকে সন্দেহ অতি অরই। সে অর্থ তির, অন্য কোনরূপেই উহার অর্থ
ইওরার স্কবনা দেখা বায় না।

মহাজীবস্বরূপ কর্না করায়,হিন্দুর বিরাটমূর্ত্তিবা বৈরাজ্বত্ব সহ কতকটা সাদৃশ্য আসিয়া পড়িয়াছে। বিতীয়তঃ, কি জীব কি জড় উভয় স্ষষ্টিতে যে নিত্যভাবের একত্ব ও জননভাবের বছত্ব এবং জননভাবজন্য যে পদার্থ-ভ্রম, সেই সকলে, হিন্দু অবৈত্তবাদ ও মায়াতত্ব যেন বহুলাংশেই প্রতিবিষিত হইয়াছে। তৃতীয়তঃ, প্লেটো বলিতেছেন বে পরমেধরের মনে যে আদর্শ বর্ত্তমান এবং নিত্যভাব যাহার প্রতিরূপ, জননভাব প্রভাবে স্ক্টি তদমুকরণে প্রকাশমান হইতেছে। এথানেও সাদৃশ্য যথেই। কি সমষ্টি কি ব্যষ্টি উভয় ভাবেই, আত্মায় অনম্ভ সংস্কারের বিদামানতা; সেই সংস্কারের যথন যাহা মায়াশক্তিতে যেরূপে প্রতিবিষ্থিত হয়, তথন সেইরূপেই স্ক্টিপ্রপঞ্চ প্রকাশমান হইয়া থাকে। আত্মিক সন্ভাই সত্য এবং তাহা একমাত্র বিবেক ও বৃদ্ধিজ্ঞাত জ্ঞানের দ্বারা ক্রেয়, মায়িক সন্তা তাহার বিপরীত। আমি প্লেটোর তত্ত্ব যতদূর বৃদ্ধিয়াছি, তাহাতে জগদাআই যেন থণ্ডরূপে জীবাত্মা। হিন্দুত্বেও তাহাই; প্রমাত্মা, সমষ্টি বা অবৈত্ব ম্বিতি জগদ্যাপনশীল বিষ্ণুমূর্তি এবং তাহার ব্যষ্টিভাব বাহা, তাহাই মায়িক আবেরণে জীবরূপে প্রকাশিত হইয়া থাকে।

এখানে একটা কথা আছে। অদৈততত্ত্ব নাম শুনিলে অনেকেই চম্কাইয়া উঠে এবং কেবল চম্কাইয়া কান্ত নহে, অধিকন্ত উহাকে নান্তিকতারও কাছাকাছি বলিরা মনে করিরা থাকে। তাহাদের ধারণা এই যে, জীব ও ঈশ্বর যে এক, এ কথা অতি অশ্রদ্ধের। আরও বলিরা থাকে যে, জীব ও ঈশ্বর যদি এক হইল এবং সেই একেতেই গিয়া যদি জীবাল্লা শেষে লয় পাইল, তবে জীবাল্লার থাকা না থাকা উভয়ই তুলা হইয়া দাঁড়াইল। কথাটা উঠিয়াছে অতি শুরুতর, ছই চারি কথার বলিবার বিষয় নহে; অথচ কিন্ত আমারও এখানে ছই চারি কথার অধিক বলিবার সময় ও স্থান উভয়ই নাই।

আমার বোধ হয়, অবৈতবাদ সম্বন্ধে লোকের এরূপ ধারণা, অবৈত তব্ব ভাল করিয়া না ব্ঝিবার ফল মাত্র। অবৈতত্ব প্রকৃত পক্ষে অন্ত কিছুই নহে, সমষ্টি ও বাষ্টিতব্ব মাত্র; অর্থাৎ একেত্তে বহু ও বহুতে

এক। জিজ্ঞাসা করি, এ সংসারে এমন কোন পদার্থ কোথাও দেখাইতে পার কি, যাহাতে যুগপৎ একত্ব ও বহুত্বের সমাবেশ নাই ? এই বে कलम, याहारक लाथा याहेरकहरू, जाहा रामन अकृषि भनार्थ अकृप वरहे. তেমনি আবার ঠিক একটিও নছে; উহা উপকরণ-আখাাধারী একত্র সমাবিষ্ট বহু পদার্থের যে একতর সমষ্টিরূপ, ভাহাতে সন্দেহমাত নাই। বাগান বলিলে একটি পদার্থ বুঝায়, কিন্তু প্রক্রতপক্ষে তাহা বহুবুক্ষের একত্র সমাবেশমাত্র। পুরুরিণীস্থ জল বলিলে একটি পদার্থ বুঝায়, কিন্তু বস্তুতঃ পক্ষে উহা অসংখ্য জলীয় কণা বা বাষ্পের একটি সমাবিষ্ট-মূর্তিবিশেষ। একটি বালুকাকণার প্রতি দৃষ্টি করিলে, তাহাতেও ঐ কথা। এক্ষণে ক্ষুদ্র পদার্থ পরিত্যাগ করিয়া, পর পর ক্রমোদ্ধে, এমন কি সমগ্র স্থাই-পদার্থের প্রতি একবার তোমার দৃষ্টি চালনা করিয়া ্দেথ; দেখিতে পাইবে দেখানেও,দেই সমষ্টি ও বাষ্টিতত্ত্বের বিদ্যমানতা। ফলতঃ এ সংসারে কুদ্রবৃহৎ এমন কোন পদার্থ নাই, যাহাতে একত্ব ও বছত্ব একধা সন্নিবিষ্ট নহে। আরও দেখ, এই যে একত্ব ও বছত্ব বা সমষ্টিও ব্যষ্টি বোধ এবং তত্ত্য শ্রেণীভেদে যে বহুতর পদার্থ জ্ঞান হয়; তাহা সমস্তই আমাদের ইন্দ্রিয়-বিষয়-বোধের আকার ও প্রকারভেদ জন্য তদ্ৰপ তদ্ৰপ হইয়া থাকে এবং আমাদেরই প্রদত্ত সংজ্ঞা হেতু পুনঃ, বাটি ও সমটি সেকল কেহে বাষ্প কেহে জল, বা স্কা হইতে স্কাতর ও স্থূন হইতে স্থলতর, নানাবিধ নামের দারা নামিত হয়। ভাল, এখন যদি একবার বিষয়বোধক আমাদের ইন্দ্রিয়গণকে প্রত্যাহরণ ও নাম-দায়ক সংজ্ঞা সকলকে সংহরণ করিয়া লই, তাহা হইলে বলিতে পার, বস্তুতঃ এ সংসারে থাকে কি ৪ তাহার পর এটাও লক্ষ্য করিবার বিষয় যে, কি সমষ্টি কি ব্যষ্টি, এ উভয়বিধ ভাবোদয়ের মধ্যে কি যোগ কি বিয়োগ এ উভয় স্থলেই, মূল পদার্থের ধ্বংস বা জন্মাদি কিছুমাত্র হুইতেছে না: হুইতেছে কেবল তাহাদের রূপেরই উদর বিলয় ও স্থিতি বিষয়ে ক্ষণিক পরিবর্ত্তন মাত্র। এখন একবার অন্য সমস্ত ভাব মন হইতে পরিত্যাগ করিয়া, একায়ত্তক এক সমগ্র দৃষ্টিতে অবলোকন

করিরা দেখ, সমষ্টিরপা এই সমগ্র স্থাষ্টি এক এবং অবৈতম্ভি কি না।
কিন্তু এ অবৈতম্ভির মধ্যে, ব্যাষ্টরপা পৃথক পদার্থ সকলের কি তা
বলিরা লোপ বা বিলর দৃষ্ট হয় ? তাহা হয় না। ফলতঃ ব্যাষ্টরপ
সকল সমষ্টিমধ্যে তত্ত্বতঃ পৃথকত্ব পরিত্যাগে একস্বরূপতার সমাবিষ্ট
হইলেও, ব্যাষ্টরিরপে পার্থক্য তাহাদের যাহা কিছু,তাহা তল্বারা লোপ না
হইরা, তথনও অভ্যন্তরভাগে অকুল্ল রহিরা যায়।

এখন আধিভৌতিকমূর্ত্তিমাত্রে, আধ্যাত্মিক কল্পনা-মূর্তির বাহ্য-প্রচার স্বরূপ। প্লেটো যে কল্পনামূত্তিকে ঈশ্বরের মনঃস্থিত আদর্শ বলিয়াছেন, হিন্দুতত্ত্বিৎ তাহাকেই জীবসকলের কামনা বলিয়া ঘোষিত করিয়াছেন। প্রতিজীবের পূথক কামনা ফলে পূথক পদার্থন্থ এবং সমষ্টি জীবের সমষ্টি কামনা ফলে এক এবং অদৈত পদার্থত। সমষ্টিকামনার এইরূপ ফল ও পরিণাম হেতু, পুরাণে বিধাতার মানদ সৃষ্টি বলিয়া বর্ণিত হয়। আধিভৌতিক মূর্ত্তি স্বাধ্যাত্মিক কল্পনামূর্ত্তির বাহ্য প্রচার হেতৃ, এই আধিভৌতিকসৃষ্টি দৃষ্টে আধ্যাত্মিক সংসারের ভাবও অবশ্য অনেকটা আমরা উপলব্ধি করিতে যে পারি, এ কথা নিতান্ত অসঙ্গত নহে। অতএব আধ্যাত্মিক সংসারে ব্যষ্টিভাবাত্মক কামনাবান প্রতি-জীবস্থ পৃথক আত্মা, দেবতাত্মা সকল এবং অপরাপর অবস্থা ও গুণ প্রাপ্ত তাবৎ আত্মা, এই সমস্ত লইয়া সমষ্টিরূপ এবং এই সমষ্টি আয়ভাবকেই ভাবভেদে ঈশ্বর বা পরমান্ত্রা বা ব্রহ্ম বা পুরুষ শব্দে কহা যায়। কামনা এবং কামনা জন্য পদার্থত্ব প্রকটন প্রকৃতির কার্য্য এবং সেই প্রকৃতিই পুরুষের শক্তি। এক্ষণে পুরুষের অন্বয়ে প্রকৃতি, প্রকৃতির অন্বয়ে সৃষ্টি; স্তরাং পরস্পর অচ্চেদ্য দম্বর ও আশ্রয়-আশ্রিত ভাব হেতু, জড়াঞ্জড় এবং স্বাস্থা ও ভূত সমন্ত লইয়া এক মহান বিরাট ও বিশ্বরূপ এবং স্ববৈত মূর্ত্তি বলা যায়। নতুবা অক্ষৈততত্ত্ব বলিলে, অনেকে যেরূপ বুঝিয়া থাকে, দেরণ এই স্ষ্টেমূর্ত্তিকেও ঈশ্বর বলে না অথবা প্রতি ব্যষ্টি আত্মা, পরমাত্মায় পরমগতি হেতু মিশিলেও, স্বীয় অন্তিম্বশূন্য হয় না। বেমন আধিভৌতিক সংসারে রূপেরই পরিবর্ত্তন,পদার্থতত্ত্বে ধ্বংসস্ষ্ট্যাদি নাই: আদ্মিক সংসামেও সেইকাপ জীবত্বেরই পরিবর্ত্তন, নত্বা আদ্মার স্পষ্টি-ধবংদাদি নাই। জীবাত্মাও, পরমাত্মার ব্যক্টিভাবতা হেত্, নিত্য এবং অস্ট পদার্থ। সমষ্টিভাবজন্য পুরুষের দর্মজ্ঞতা ও সম্পূর্ণতা হেত্, প্রকৃতি তাহার বশ এবং পুরুষে সেই প্রকৃতিক্রিয়ার অধ্যাস হেত্, পুরুষের কর্তৃত্ব বা ঈশ্বর্ষ। আর ব্যক্টিছ ভাবজন্য অজ্ঞতা ও অপূর্ণতা হেত্, ব্যক্টি আত্মা মহাপ্রকৃতির বশ্য এবং নেই প্রকৃতির ক্রিয়া তাহাতে অধ্যাসিত হওরায়, জীবের কর্মান্ব এবং আপ্রিত ভাব। পুনঃ ব্যক্টি আত্মার ব্যক্টি প্রকৃতি যত্তুক্, তাহা তাহার বশেই আছে এবং সেই বশ্যতা জন্য দে, আপ্রিত এবং কর্মান্বর্মান হইয়াও, স্বেছাচালনে ও স্বেছ্যা মত কর্ম্ম আচরণে সক্রম হয়। প্রকৃতিবশে পুনঃপুনঃ আবর্ত্তিত হওয়াই, জীবের জন্ম মরণ স্থম হংথাদি অবস্থাভেদ; পুনঃ জ্ঞানযোগে সমষ্টিমৃত্তি পুকৃষকে আপ্রয়ের দারা সমষ্টি প্রকৃতিক্রিয়া হইতে উত্তীর্ণ হওয়ার নামই হিন্দুত্রায়ুসারে মোক্ষ। নতদ্ব দেখা যান্ন,তাহাতে কি ধর্ম্ম কি তন্ধ, উভন্ন সম্বন্ধীর নাবতীয় হুরুহ ও কৃট প্রশ্ন, কেবল এই এক অবৈত্ববাদের সাহাযোই মাংমাসিত হইতে পারে, নতুবা অন্য কোনক্রপে হইতে পারে কি না সন্দেহ।

অতঃপর প্লেটো কালের স্থাষ্ট কল্পনা করিতেছেন। ঈশ্বর স্থাষ্টিরূপী মহাজীবের জ্ঞান ও চৈতন্য প্রভা দৃষ্টে, আনন্দবশে উহাকে নিতাশ্বরূপা করিয়া তুলিলেন। কিন্তু কেবল অব্যয় নিত্যশ্বরূপা হইলেও আবার চলে, না, যেছেতু তাহা হইলে জননভাবোৎপন্ন পদার্থের আর সম্ভবতা থাকে না; অথচ জননভাবও নিত্য ভাবের সঙ্গে সমস্থান্নী, যদিও তহংপন্ন পদার্থ সকল অবশ্য নিত্যশুরী নহে। অতএব জননভাবের ক্রিয়াজন্য নিত্যতে অনিত্য স্থাষ্টির বৃগপৎ সম্বাবেশ সাধনার্থে পর্যশ্বর, সংখ্যাতত্ব (ব্যষ্টিতত্ব) অবলম্বন করিয়া, অইন্তেসন্তাশান্নী নিত্যভাবেরই প্রেতিছান্না স্বরূপ এবং চলং-নিত্য প্রতিরূপ কালের স্থাষ্টি করিলেন। এই কালের গতিবশে উৎপত্তি, রৃদ্ধি, ক্ষ্মাদির সঞ্চার হইতে লাগিল। অতঃপর কালের পরিমাপক রূপে চক্ত স্থা গ্রহ নক্ষ্মাদির স্থাষ্টি হইল। ইহান্বারা রাত্রি দিবা, মাদ, সংবৎসর আদি কাল বিভাগের প্রবর্তনা

ছইল। প্লেটো কহেন, সৃষ্টি এবং কাল, উভয়ই অনন্তকালস্বায়ী। कारनत ज्ञ এवर ভविषा९ जाव, अर्था९ 'इरेब्राइं अवर 'इरेरव', रेहा কেবল স্বাষ্ট্রর জননভাবেতে আরোপিত এবং তাহারই অস্তিত্ব ও স্বভাব প্রকাশ করিয়া থাকে। 'হইয়াছে' বা 'হইবে' ইহা দ্বারা, বুদ্ধি ক্ষয়াদি অভিমুখে পরিবর্ত্তনশীলতা যাহা, তাহাই বিজ্ঞাপ্ত হয়। নিত্য ভাব এবং নিত্যবস্ত সম্বন্ধে সেরূপ নহে; তৎপক্ষে একমাত্র বর্ত্তমান কাল অর্থাৎ 'আছে' এরূপ কালবোধক ক্রিয়াপদ মাত্র প্রযুক্ত হইতে পারে। বর্ত্তমান কেবল এক এবং অপরিবর্ত্তনীয় নিতা ভাবকে বুঝাইয়া থাকে। জনন-ভাবোংপন্ন পদার্থে যদিও আমরা 'আছে' শব্দ প্রয়োগ করি বটে, কিন্তু তাহা সাধারণ বোধার্থে; নতুবা তংপক্ষে কেবল 'হইয়াছে'; 'হইতেছে' 'হইবে' ইহাই প্রয়োগ হইতে পারে। সৃষ্টি নিতাম্বর্রপা হইলেও, তাহাতে কালের এই ত্রিবিধ ভাব, অর্থাৎ 'হইয়াছে' 'হইতেছে' এবং 'হইবে' আরোপিত হওয়ায়, তাহার প্রভাবে ও সেই প্রভাব হইতে উত্তেজিত জননভাবের স্বভাবে, উৎপত্তি বৃদ্ধি ও ক্ষয়াদি গুণযুক্ত স্বই পদার্থ-সমূহের প্রকটন হইয়া থাকে। জিনো কহেন, কাল পৃথিবীর গতির ব্যবধান মাত্র। উহার ভূত ও ভবিষ্যং ভাগ অসীম, কেবল বৰ্মানভাগ সসীম।

কালের সহ নিত্যভাবের সম্বন্ধ সধ্বন্ধ প্রেটো বলিতেছেন যে, যাহা নিত্যস্বরূপে অবস্থিত,তাহা সর্বান এক মভেদ ও অপরিবর্ত্তনীয়; কোন সময়ে উহার যুবত্বও নাই, বৃদ্ধত্বও নাই; পূর্ব্দে কথনও উহা স্টেও হয় নাই, পরেও কথনও হইবে না, অনস্তকালই একভাবে আছে। অথবা ইক্রিয়গ্রাহ্থ বিষয় সকলের উপর জননভাব যে সকল বটনা ও অবস্থাদি আনিয়া উপস্থিত করে, নিত্যভাব বস্ততঃ তাহারও অধীন নহে। ইক্রিয়গ্রাহ্থ বিষয় সম্বন্ধে বলিতেছেন যে, উহারা অনন্তের অমুকারী কালপ্রভাবে সংঘটিত হয় এবং সংখ্যা (বাষ্টভাব) দ্বারা বিভক্ত অস্তব্দক্রান্থবর্তী হইয়া কালপথে নিয়ত আবর্ত্তিত হইয়া থাকে; অর্থাৎ ধ্বংস উৎপত্তি আদিযোগে কথনও উদয় কথনও বিলয় প্রাপ্ত হয়।

প্লেটো বলিতেছেন যে, ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় সকলের উপর জননভাব যে সকল ঘটনা ও অবস্থাদি আনিয়া উপস্থিত করে, নিত্য-ভাব বস্ততঃ তাহার অধীন নহে ; এই কথায় হিন্দুতত্ত্ব বিদ্যার একটা কথা মনে পড়িল। হিন্দুতত্ত্ববিদেরা বলিয়া থাকেন যে, জীবরূপে যে সকল জন্মনরণ ও স্থতঃখাদি ঘটনা ও অবস্থাদি উপস্থিত হয়; জীবের আত্মা যদিও তাহার কারণ ও নিমিত্ত বটে, কিন্তু তথাপি তাহা তথনও শুদ্ধ বৃদ্ধ ও মুক্ত অবস্থায় অবস্থান পূর্বকে প্রকৃত কিছুতে লিপ্ত হয় না। মনে কর, বহু নক্ষত্ররাজির মধ্যে একটি নক্ষত্রের প্রতিবিশ্ব জলে পতিত হইরাছে। নক্ষত্রটি যদিও তথনও আকাশে আছে বটে, কিন্তু জলে প্রতিবিম্ব দৃষ্টে তাহার এই ভ্রম জনিয়াছে;—আকাশস্থ আমি, আমি বা এ নক্ষত্ররাজির একতর নহি, ঐ জলে যে প্রতিবিশ্ব উহাই আমি। এই ভ্রমহেতু প্রথমে, আকাশস্থ নক্ষত্ররাজি হইতে নিজের ভেদজ্ঞান; দ্বিতীয়তঃ স্বীয় আকাশস্থ অবস্থার জ্ঞানলোপ; তৃতীয়তঃ, প্রতিবি**দে** আমিত্ব জ্ঞান জন্য, জলের আন্দোলন আলোড়ন আদি নানা ভাব হেত প্রতিবিশ্বটি যে সকল অবস্থান্তর প্রাপ্ত হইতেছে, নক্ষত্রটি সেই সকল অবস্থান্তর নিজেতে আরোপ করিয়া, অবস্থা সকলের পরিণাম-ভাগী হইতেছে। এই সকল অবস্থা ও পরিণাম ভোগ হইতে থাকিলেও, নক্ষত্রটি বস্তুতঃ তথন আছে কোথায় ?—তথনও দেই পূর্ব্ববৎ প্রতি-বিষ ও প্রতিবিষের অবস্থা সকল হইতে নির্লিপ্রভাবে আকাশে। প্রতিবিষের অবস্থা সকল, এক অপরের কার্য্য-কারণ আকারে, উত্তরো-ভর যতই অবস্থান্তর প্রাপ্ত হউক না কেন; নক্ষত্রট তথনও নির্লিপ্ত ভাবে দেই আকাশেই থাকে। তবে ভ্রমের অবশ্য উত্তরোত্তর বৃদ্ধি ভिन्न किम नारे वर्षे अवर (प्रश्चे वृक्ष ज्ञम (रुजू, अवस्था मकरनत कार्या-কারণতার, কারণে কামনা ও কার্য্যে কামনা-পরিণামের অধ্যাস হয়। জীবের জীবন্বও ঠিক ঐরূপ; মায়াজলে সমষ্টিচাত নিজ প্রতিবিশ্ব দর্শনে ভেদজ্ঞানের উদয় ও ঐ প্রতিবিধে আমিত বোধ হয় এবং তচতুরে নক্ষত্রের ন্যায়, প্রতিবিশ্বের অবস্থায় অবস্থান্মিত হইয়া থাকে। আবার

বথন, এই ভ্রম দূর হইয়া, আকাশস্থ নক্ষত্ররাঞ্জি সহ আবস্থায় অভেদস্থ অমুভব হইবে, তথনই জীবের মোক্ষপ্রাপ্তি। অবস্থা হইতে অবস্থান্তর উৎপাদনে অবস্থা সকলের কার্য্যকারণতায়, কারণে কামনা ও কার্য্যে পরিণামের অধ্যাস হয় বলিয়াই; গীতার একস্থানে এরপ উক্ত যে, প্রকৃতিই আপন গুণামুদারে কর্ম করিরা যায়, কিন্তু অহঙ্কার বিমূঢ়াত্মা যে, দে তাহাতে নিজের কর্ত্ত্ব আরোপ করিয়া মোহ প্রাপ্ত হইয়। থাকে। ২১ উক্ত কামনার মধ্যে পুন: যাহা শুভকর তাহা পুণা এবং ষাহা তদ্বিপরীত তাহা পাপ এবং কামনার পরিণামভেদে দেইরূপ স্বর্গনরকও ভেদ হয়। এক অবস্থায় বিভিন্নরপাদি, জীবনবিশেষের অবস্থাদি ভেদ এবং অবস্থা হইতে অবস্থান্তর পরিবর্ত্তনে,জন্ম মৃত্যু প্রভৃতি কল্লিত হয়। কাম কর্ম স্থুখ তুঃখাদির আরও সৃন্ধ বিভাগ বিন্যাদে এখানে প্রয়োজন নাই, উহারাও কামনা-পরিণাম ও অবস্থাদির স্ম্বিভাগ মাত্র। এখন বলা বাছলা যে পাপপুণা, স্বর্গনরক, জন্ম মৃত্যু, ইত্যাদির বস্তুত: কোন সন্তা নাই: উহারা আত্মার ভ্রম জন্য সংস্কার মাত্র। তবে কিনা যতদিন ভ্রম ঘুচিয়া সে স্কলের অতিক্রম-কারী জ্ঞানের উদয় না হইতেছে, ততদিন তাহারাও যে অথওনীয় সতাস্বরূপ, তাহাতে সন্দেহ নাই। তাই গীতার একস্থানে উক্ত হইরাছে যে, পর্মেশ্বর কাছারও পাপপুণ্যাদি সৃষ্টি বা ফলাফল প্রদান করেন না. প্রাণিগণ মোহবশতঃ আপনিই তাহা স্কলন করিয়া লয়। ২২

প্লেটো কহিতেছেন, স্রষ্টা একণে বিভিন্ন আইডিয়াপ্রাণ বিভিন্ন গুণ ও রাশি অনুসারে বিভিন্ন জীবসৃষ্টির বাসনা করিয়া, ক্রমান্তরে প্রথমতঃ দেবাদি দিব্য প্রাণিগণ, তৎপরে পক্ষবিশিষ্ট গগনচরগণ, তৃতীয়ে জলচর এবং চতুর্থে স্থলচরের উৎপত্তি সাধন করিলেন। সর্কপ্রথমে অগ্নি হইতে দেব নক্ষত্রাদির সৃষ্টি হয়; ইহারা কেবল দেখেরের ইচ্ছা হইতেই অমরত্বলাতে চরিত্রার্থি হইয়াছিল। অতঃপর প্লেটো দেববংশাবলীর

২১। ভগৰদণীতা ৫ম অধ্যায় ১৪ লোক।

২২। ভগবদগীতা ওয় অধ্যায় ২৭ লোক।

যথায়থ উৎপত্তি এবং সম্বন্ধ বর্ণন করিয়াছেন। ২০ ঈশ্বর দেববংশ স্থাষ্টি করণাস্তে, অপরাপর জীব সৃষ্টির ভার দেবতাদিগের উপর দিয়া, স্বয়ং স্বাভাবিক বিশ্রাম স্থথামূভবে রত হইলেন। দেবভারা ক্রমান্বয়ে মন্ত্র্যা ও নানাবিধ ইতর জীবের স্থাষ্টি করিলেন। এথানে দৃষ্ট হইবে যে প্রেটো, অবিকল হিন্দু দেবতত্ত্বের নাায়, ঈশ্বরের নিম্নে ও উদাজ্ঞাবাহী আর একদল মধ্যবর্ত্তী লোকপাল দেবতার অস্তিত্ব অবধারণ করিতেছেন। ইহারা গ্রীকদিগের পৌরাণিক দেবতা এবং হিন্দুর ইন্ত্রাদি লোকপাল-স্থানীয়। এমন কোন জাতিরই দেবতত্ত্ব দেখা যায় না, যাহাতে ঈশ্বর ও মান্ত্র্যের মধ্যবর্ত্তী কতকগুলি দিব্যুজাতীর জীবের অস্তিত্ব স্বীক্ত হয় নাই। তবে প্রভেদ এই, কোথাও তাহারা দেবতা, কোথাও স্বর্গীয় দৃত, ইত্যাদি বিবিধ আখ্যায় আখ্যাত হইয়াছে। এই মধ্যবর্ত্তী দেবতার কল্পনা ও সর্ক্রদেশীন হওয়ায়, ইহাকে স্বভাবিক ও সত্যপূর্ণ বলতে পারা যায় না কি প

অনাক্ষণোরাস্ বলিতেন যে, যাবতীয় জীবস্টি,তাপ শৈত্য ও পার্থিব পদার্থের সংমিলনে উৎপন্ন হইরাছে। - গ আর্কিলাউস্ বলিতেন তাপ এবং শৈতা, এই ছুই সকল উৎপন্ন বস্তুর আদি। জল তাপের দ্বারা দ্রব হইরা, পুনর্কার গুণবিকার বিশেষের দ্বারা অগ্রির সহ সংস্রবে ঘনীভূত হওরাতে, এই পৃথিবীর উৎপত্তি। সেই মিশ্রপদার্থ আবার যথন তরলিত হুর, তথন বায়ুর সঞ্চার হইরা থাকে। পৃথিবী বায়ুদারা পরিবেটিত

২০। থ্রীনে কেবল পুরাণকীর্তিত দেববংশহণণ দেবতা নহেন। লোকসমিতি ইচ্ছা করিলেও যাহাকে তাহাকে দেবতা করিতে পারিতেন। ধর্মবিদ্যা প্রস্তাবে দ্রষ্টবা। পুেটোর বর্ণিত দেবতাগণ সমস্তই পৌরাণিক; অমুক্তাক্রমে স্থাপিত দেবতার কথা অবশা তাহার মধ্যে গৃহীত হওয়া সম্ভব নহে।

২৪। অনাক্ষণোরার স্ট সম্বন্ধে বহবিধ অভুত মত ছিল। তাঁহার বিবাস, অর্ণাদি বস্তু যেরূপ বহু পদার্থের একত্র সমাবেশ ভিন্ন কিছুই নহে, পৃথিবীও সেইরূপ। পৃথা ইহার মতে একটি বৃহৎ তপ্ত লোহপিও। চন্দ্র জীবগণের বাসস্থানের উপযুক্ত, তথার লোকের গৃহাদি আছে এবং চন্দ্রের উপরিভাগ পর্বত অধিত্যকাদি বিশিষ্ট, ইত্যাদি।

এবং বিক্ষুর; বায়ু আবার অধিবারা বিক্ষুর হইয়া থাকে। তাপমুক মৃত্তিকা অপরাপর ভূতাদি সংযোগে পুষ্ঠতা প্রাপ্ত হইয়া, মনুষ্য প্রভৃতি যাবতীয় জীবাদির উৎপত্তি সাধন করিয়াছে।

প্লেটোর মত যেরূপ পুর্বে দেখান গিয়াছে, তাহাতে মানবও স্ষ্টি-রূপী মহাজীবের নাায় আত্মাও শরীর উভয় বিশিষ্ট হইল। মারুষের আত্মা কোথা হইতে আদিল, তাহাও পূৰ্কে বলা হইয়াছে ও দেখান হুইয়াছে যে উহা সৃষ্টির অন্তর্নিহিত মহান আত্মার অংশ স্বরূপ। মাতুষ আত্মিক ভাবে যেমন জ্ঞান বৃদ্ধি ও স্থুখতুঃখাদির অনুভবশক্তি প্রভৃতি পাইল; সেইরূপ আবার শারীরিক সংস্রব বশতঃ,কাম ক্রেধে দ্বেষ ভয়াদি অন্যান্য নানা ইতরবৃত্তি ও দেই সকল ইতরবৃত্তির পুনঃ ঠিক বিপরীত সংবৃত্তি সকলও প্রাপ্ত হইল। যে সকল মানুষ সেই সকল বৃত্তিকে সংযত করিতে সক্ষম, তাহাদেরই জীবন ন্যায়ামুগত ও পুণ্যের; আর যাহারা সেরূপ সংঘমে অপারক, তাহাদের জীবন পাপের। জীবন-কালে যাহারা ঐরপ সংযতভাবে পুণ্যঞ্জীবন অতিবাহিত করে, তাহারা অনুরূপ নক্ষত্রলোকে নীত হইয়া, উপযুক্ত সুখ ও আনন্দময় অবস্থা প্রাপ্ত হইয়া থাকে। २৫ কিন্তু যাহারা সেরপ সংযত ও স্থনীতিবান হইতে না পারে, তাহারা পরজন্ম স্ত্রীলোক; অথবা পাপের পরিমাণ অনুসারে, এমন কি, অত্যধম পশুযোনি পর্যান্ত প্রাপ্ত হইয়া থাকে। আর যাহারা, জ্ঞানবলে অতি হৰ্দান্ত ও অজ্ঞানাধাৰ আধিভৌতিক প্রকৃতিকে

হব। Tim. XVII. এই স্থান দৃষ্টে জানা বাইতেছে বে, প্লেটা অচল নক্ষত্ৰ সকলকে, পুণাবান ব্যক্তিদিগের আত্মার জন্য পরলোকে বাসস্থানরপে নিরূপণ করিতেছেন। প্রতি জাচল নক্ষত্র পৃথাবার, সে তাহার তজ্ঞাপ সমধ্যা নক্ষত্র লোকে অবস্থান করিয়া থাকে। চন্দ্র, স্থা, ব্ধ, বৃহস্পতি, মঙ্গল, শুক্র শুনানি, ইহারা সচল বলিয়া ইহাদিগকে জননচক্রের এবং অপরাপর নক্ষত্র সকল অচল বলিয়া তাহাদিগকে নিত্য চক্রের অধীন করা হইয়াছে। অচল নক্ষত্র সকল নিতা চক্রের অধীন বলিয়াই, নিত্যধশ্যী আত্মার উপযুক্ত অবস্থিতিস্থান বলিয়া-বিবেচিত হইয়াছে।

বশুতায় মানিয়া একেবারে তাহাকে মতিক্রম করিতে পারে, তাহারা সেই আত্মার মতি সং ও পরিশুদ্ধ প্রাথমিক স্ববস্থা প্রাপ্ত হইরা আনন্দবান হয়। ২৬

আত্মার বৃত্তি সকলের অপ্রতিহত পূর্ত্তি বা তাহাদের সংযমনের দারা পাপ ও পুণাসঞ্যের যেরূপ ক্রম প্রদর্শিত হইয়াছে, এবং সেই সকল পাপ ও পুণা অনুসারে পরিণাম স্বরূপ আত্মার ধেরূপ পুনর্জন্ম বা উচ্চলোক ভোগাদি বর্ণিত হইয়াছে, বৈদাস্তিক বা শ্রৌত তত্ত্ব সহ তাহার প্রভেদ অতি অন্নই দেখিতে পাওয়া যায়। পুনঃ শ্রুতিতে যাহা মোক্ষ বলিয়া বর্ণিত তাহার সহ, প্লেটোর বর্ণিত আত্মার সংও পরিশুদ্দ প্রাথমিক অবস্থা প্রাপ্তিকে একই পদার্থ বলিয়া ধরিতে পারা বায়। তত্ত্বমার্গে যদিও এইরূপ সাদৃশ্য দেখিতে পাওয়া যাইতেছে वरहे, किन्न ७९ ७९ उन्नास्यानी পतिगाम প্রাপ্তার্থে অনুষ্ঠানমার্গে. আর সেরপ সাদৃশ্য দেখিতে পাওয়া যায় না। সংক্ষেপে বলিতে গেলে. প্রেটোর তত্ত্বর্ণনাগুলি মতবিশেষ মাত্র, তদতিরিক্তে কার্য্যতঃ অন্য কিছুই বলা যায় না; কিন্তু হিন্দুর পক্ষে মতমাত্র নহে, তাহা অবশা পালনীয় ধর্মতত্ত্ব ও ধর্ম-অনুজ্ঞা বিশেষ। হিন্দুর বর্ণিত মোক্ষাদি উচ্চ অবস্থা প্রাপ্ত হইতে হইলে, কেবল বুত্তির সংযমন নহে; তদতিরিক্তে বৈরাগ্য, সন্ন্যাস, তপঃ, যোগ ও সমাধি প্রভৃতির অনুষ্ঠান করিতে হয় এবং এমন কি সংসার পরিত্যাগ করিয়া অরণ্য ও গিরিকলরাদি আশ্র করিতে হয়। আরু প্লেটোর তত্তারুসরণ করিতে হইলে. সে সকল কিছুই করিতে হয় না; ধন, জন, স্থুপ, সৌভাগ্য, বিলাদাদির মধ্যে বসিরা, পারের উপর পা দিরা, আরামের উপর স্থনীতিসম্পন্ন ভাল সামাজিক হইতে পারিলেই, প্লেটোর বর্ণিত মোক্ষকে পর্যান্ত প্রাপ্ত হইতে পারা বায়। এই অনুষ্ঠান-পর্কে যে বিষয়গত পার্থক্য, তাহা উভয়ত জাতীয় প্রকৃতির পৃথকত্ব বিষয়ে অনেকটা পরিচয় প্রদান করিয়া থাকে।

প্রেটো কহেন, ইচ্ছা করিয়া কেছ অসং হয় না। ২৭ শরীর, উহার গঠন-উপকরণের স্থভাব হইতে,রোগের আধার হইয়াছে; এবং শারীরিক রোগ হেত্ আত্মাও রোগের বশীভূত হইয়া থাকে। শারীরিক রোগ নানাবিধ, কিন্তু আত্মিক রোগ প্রধানতঃ বৃদ্ধিবিকার। শরীরকে স্বচ্ছন্দ-রূপে চালাইতে না পারিলে, সেই স্থত্রে আত্মিক রোগও উপস্থিত হইয়া থাকে। কুশিক্ষা, কুমতি, মাদকতা, ইত্যাদি আত্মিক রোগের নাায়, আত্মিক রোগেরও চিকিৎসা আছে; তল্বান্থশীলন, ধর্মে মতি, নীতির অস্ক্রসরণ, ইত্যাদি আত্মিক রোগের চিকিৎসা ও ঔষধ উভয়ই।

উপরে বরাবর দেখান হইয়াছে যে, আত্মার ভাব দ্বিবিধ, এক নিত্য ও অপর জননভাব: অথবা এক জ্ঞানাত্মা ও অপর বিজ্ঞানাত্মা। জ্ঞানাত্মার অবস্থান মন্তকে, ইহার দারা মানুষ জ্ঞানের অধিকারী হয়। বিজ্ঞানাম্ম তুইভাগে বিভক্ত; যে ভাগ কুণা তৃষ্ণাদির অধীন তাহা স্থায়ে এবং অপরভাগ, যাহা রাগ দ্বেষাদির অধীন, তাহা মন্তকের নিম্ন ভাগে অবস্থান করে। বিজ্ঞানাত্মার দোষেই মাতুষ অসং কার্যো প্রবৃত্ত ও তাহার ফলভাগী হইয়া থাকে। হিন্দুতত্ত্বিৎ আত্মার যে চতুবিব স্মবস্থা নিরূপণ করেন, অর্থাৎ বৈশ্বানর, তৈজ্প, প্রাক্ত ও ব্রহ্মা; এথানে তাহার সহিত কোন সাদশ্যই লক্ষিত হইতেছে না। প্লেটোর জ্ঞানাত্মা ও বিজ্ঞানাত্মা,এই দ্বিবিধ আত্মভাবোত্থ কারণের অবলম্বনেই কার্য্যপ্রবাহের উৎপাদন হইয়া থাকে; তন্মধ্যে এক দিব্য বা নিত্য কারণ, অপর জন্য বা নৈমিত্তিক কারণ। দিব্য কারণ আয়ত্ত করাই মন্তব্যজীবনের উদ্দেশ্য (এই উদ্দেশ্য সম্বন্ধে পরে বলা যাইবে)। প্লেটো কছেন,দিব্য কারণ এক-বারে আন্নত্ত করা মহুষ্যের সাধ্য নহে বটে, কিন্তু তথাপি মানব সর্বাদাই সেই দিকে চেষ্টাবান্ হইবে। অপর জন্য কারণ; ইহার অমুসরণ-ক্রিয়া দিব্য কারণকে অমুধাবন করিবার উপায় স্বরূপ, এ নিমিত্ত মনুষ্য সর্বাদা তাহার অনুসর্ণ করিবে; পর্স্তু নিতা কারণকে আদশ

করিয়াই জন্য কারণের দারা সমন্ত পদার্থ পরিণতি প্রাপ্ত হয়। জন্য কারণ এরূপ ছর্দমনীয় যে পিটাকস্ কহেন যে, স্বয়ং দেবতারাও ইহার বিফ্লাচরণ করিতে পারেন না।

পীথাগোরীর সাম্প্রদায়িকদিগের মতে আত্মা এক, কিন্তু ত্রিবিধ মূর্জিতে শরীরের ত্রিবিধ স্থানে বিরাজ করিয়া থাকেন। সহজবৃদ্ধি ও জ্ঞানরূপে মন্তিকে, এবং চিত্তরূপে শুলারে। সহজবৃদ্ধি ও চিত্তরূপ পর্যাদিতেও বিরাজমান আছে কিন্তু জ্ঞানরূপে নাই, শেষোক্রটি কেবল মন্ত্রতে প্রদত্ত হইরাছে। আত্মার প্রথম ছইটি বিভাগ ধ্বংসশক্তির অধান, কিন্তু জ্ঞানস্বরূপ যথা তাহা অবিনাশী। কেবল কোন কোন পীথাগোরীয় ভিন্ন, অতি প্রাচীনকালীয় প্রীকেরা আত্মার অবিনাশিয় বড় একটা বৃদ্ধিত না; তাহারা ভাবিত শরীরধ্বংদে বায়ু বা ধ্মের স্থায়া আত্মাও, তদ্ধণ্ডে বা (কাহারও কাহারও বিশ্বাদে) কিছু কাল নিম্নদেশে বাসান্তে, ধ্বংসপ্রাপ্ত এবং বিলীন হইয়া থাকে। ২৮ কেহ কেহ বলিয়া থাকে যে, আত্মার অবিনাশিয় সর্ব্বপ্রথমে থেলিসের হায়া সাব্যন্ত হয় এবং থেলিস্ জড় অজড় সমস্ত পদার্থেই আত্মার কল্পনা করিতেন। আত্মার অবিনাশিম্ব পক্ষে প্রথম হাইতেই প্রকৃষ্টরূপে স্থাপিত এবং গৃহীত হইতে আরম্ভ হয়।

প্রেটো যে হিন্দুদিগের ন্যায় পুনর্জন্ম স্বীকার করিয়া থাকেন, তাহা পূর্কেই দেখান হইয়ছে। এখন মানুষ কিরপে কর্মদোরে জন্মান্তরে নর হইতে নারীস্থ, অথবা উত্তরোত্তর আরও ইতর বা পশুঘোনি পর্যায় প্রাপ্ত হইয়া থাকে, তাহা দেখাইতেছেন। যে সকল নর ইহজন্ম অসং এবং অনর্থক প্রমোদস্থথে রত হইয়া কাল কাটাইয়া থাকে, তাহারাই পর জন্মে জ্রীলোক হইয়া জন্মে। যে সকল জ্রী এবং পুরুষ, যদিও নিরীহভাবে হউক কিন্তু অনর্থক ও অকার্য্যে, জ্রীবনাতিবাহিত করিয়া থাকে; এবং যাহারা নির্কোধের ন্যায় মনে করিয়া থাকে যে, দিব্যবিষয় সমস্তও নেত্রগোচর করণ স্থদাগ; ভাহারা পরজন্ম

বায়্বিহারী পশ্দিযোনি প্রাপ্ত হয়। বাহারা তব্বজ্ঞানরহিত হইয়া জীবনাতি বাহিত করিয়াছে, তাহারা পশুবোনি প্রাপ্ত হইয়া থাকে। পূন্দ যাহারা অজ্ঞানতায় পূর্ণ হইয়া নির্কোধের ন্যায় জীবন কাটাইয়া থাকে, তাহারা পরজন্ম মংস্যবোনি প্রাপ্ত হয়। ইত্যাদি, ইত্যাদি। প্রেটোর পূর্বে পীথাগোরীয় তত্ত্ববিদেরা প্নর্জন্মতত্বে বিশ্বাস করিত। ১৯ সক্রেটিসের বিশ্বাস ছিল যে, আত্মার আর পুনর্জন্ম নাই; কারণ, তাঁহার বাসনা বে মৃত্যুর পরেও তিনি পরলোকে গিয়া পার্থিব জীবনকালীনের ন্যায়, জ্ঞানমুদ্দিগকে বিধ্বস্ত করিয়া তাহানিগকে স্ক্রনে প্রদান করেন। ১৯

একণে মন্ব্যাজীবনের উদেশ্য কি, তৎসহদ্ধে প্রেটো কহেন যে, আচারের পবিত্রতা বারা, দেবতার ন্যায় পবিত্র জীবন সংসাধন করাই মনুষাজীবনের উদ্দেশ্য। ঐ পবিত্রতা যদিও অপরাপর বস্তর সাপেক্ষবিলীন হইয়া স্বরূই স্থথের আধার হইতে পারে; তথাপি সেই পবিত্রতালাভের জন্য উপকরণ এবং উপায় স্বরূপ অর্থ, বল, আভিজাত্য এবং যশাদি সাংসারিক বস্তর প্রয়োজন। প্রেটো স্থানাস্তরে বলিয়াছেন ৩০ যে, উচ্চতত্ত্ব যাহা কিছু তাহা কেবল আত্মার সহযোগেই লাভ হইতে পারে বটে, কিন্তু শরীর সে পক্ষে প্রায়ই প্রতিকৃলতা করিয়া থাকে, যেহেতু উহাই হল্ব, কলহ, হিংসা প্রভৃতি নিক্ষই প্ররৃত্তি সকলের

২০। পীথাগোরীর সম্প্রদারের প্রবর্তক পীথাগোরাস্ সম্বন্ধ এরূপ কিবঁদন্তি আছে বে, পোসিদোন্ দেবের নিকট দিবা স্থৃতি প্রাপ্ত হইরা, কোন্ রুব্ধে কি ছিলেন্ তাহা পীথাগোরাস্ এইরূপে প্রকাশ করিতেন;—তিনি বহু পূর্ক্কালে পোসিদোনের পুত্ররূপে ইম্লিদিস্ নামে প্রায়ুভ্ত হরেন। তাহার কিছুকাল পরে ইউফর্বস নাম লইরা জন্মান্তর প্রাপ্ত হরেন এবং টুর বৃদ্ধের যোগ্ধা মানিলসের দ্বারা আঘাতিত হইয়া ছিলেন। তৎপরে হার্মেটিমস্ নাম প্রাপ্ত ইইরা ক্লয় প্রহণ করেন। তৎপরে ভিলোস্নগরে, পিরুস্ নামে একজন মৎসাজীবী হরেন। এই জন্মের পরেই, মুইশত সাত বৎমর পরলোকে বাসান্তে, পীথাগোরাস রূপে ক্লয়গ্রহণ করিরাছিলেন।

o | Apology of Socrates 22.

¹ Phædo 29-31.

ম্লাধার। যথায় আত্মিক প্রকৃতিতে ঐ সকল নিকৃষ্ট প্রবৃত্তি জড়িত, তথায় কথনই দর্বাদিদ্ধির প্রত্যাশা করা যায় না; এজন্য তিনি বলেন বে, মহুবা কেবল মৃত্যুর পরেই প্রকৃত উচ্চতত্ত্বলাভে সক্ষম হয়। ইহ-জীবনেও তাহাতে বহুলাংশে ক্বতকার্যা হইতে না পারা যায় এমন নহে; কিন্তু যদি শরীরকে কেবল আবশ্যক মত রক্ষা ভিন্ন তাহার সঙ্গে আর কোন বিষয়ের সংস্রব বা কোন নিক্ষ বৃত্তির সহিত তাহাকে মিলিত হইতে না দিয়া, পরিশুদ্ধ ভাবে তত্ত্বের অন্তুধাবন করা হয়। এই স্থান দৃষ্টে সহসা যেন এরূপ অনুমিত হয় যে, প্লেটো বুঝি হিন্দুযোগী বা সন্ন্যাসীর ন্যায় কোন এক জীবন কল্পনা করিতেছেন; কিন্তু বস্তুতঃ তাহা নহে। তদ্ধপ যোগ বা সন্ন্যাসযুক্ত যে জীবন হইতে পারে, ইহা বোধ হয় গ্রীকের ধারণাতেও কথনও প্রবেশ করে নাই। প্লেটো যাহা এথানে বুঝাইতেছেন, তাহা সমাজ ও সংসারে থাকিয়াই, একটু উচ্চ ধরণের সংযমসাধন মাত্র; এবং সে সংযমনটাও যে কথনও কাহার দ্বারা পালিত হইয়াছিল,এরূপ পরিচয় পাওয়া যায় না। স্কুতরাং প্লেটোর কথাটাকে মতমাত্রে পর্য্যবসিত ভিন্ন আর কিছু বলা যাইতে পারে না। এই উপরে যাহা বলিলাম, প্লেটোর নিমোক্ত উক্তির দারা তাহা আরও স্পষ্টীকৃত হইতেছে। প্লেটো কহেন,ধন,বল,আভিজাত্যাদি না থাকিলেও যে জ্ঞানী ব্যক্তির স্থুখী হইবার পক্ষে বিশেষ কিছু প্রতিবন্ধকতা হয়, এমন নছে: বেছেত যদি তিনি সামাজিক ও রাজনৈতিক নিয়মাদি লজ্মন না করেন এবং যথন তাঁহার বিবাহ করণে এবং সমাজ ও রাজনীতি ইত্যাদিতে হস্তক্ষেপণে সম্পূর্ণ অধিকার আছে, তথন তাঁহার সুখী হইবার পক্ষে বিশেষ বাধকতা কিছুই থাকিতে পারে না।

জীবনের উদ্দেশ্য সম্বন্ধে অনাক্ষণোরাস্ বারেক জিজ্ঞাসিত হইয়া কহিয়াছিলেন যে, সূর্য্য চক্ত আকাশাদির বিষয় চিন্তনই তাঁহার মন্থ্য-জীবন ধারণের উদ্দেশ্য ৩২। তিনি ধনীর সন্তান হইয়াও, তন্ধান্থ-সন্ধানের থাতিরে সামাজিক স্থাদি পরিত্যাগ করিয়াছিলেন। তজ্জন্য

ος | Diog. Lært. Anaxagoras VI.

একবার কোন ব্যক্তি তিরস্কার করিয়াছিল, "তুমি স্থানেশর প্রতি
নিতান্তই মারাশ্ন্য।" তাহাতে তিনি উত্তর করেন, "দূর মূর্য, আফ্রদেশের প্রতি আমার স্নেহ অপরিদীম;" এই বলিয়া আফ্রদেশ নির্দেশ
হেতু আকাশের দিকে অঙ্গুলি নির্দেশ করিয়াছিলেন। একদা এক
মূচ ব্যক্তি, বিদেশে মৃত্যুশব্যার শুইতে হইল বলিয়া, বহুতর থেদ প্রকাশ
করায়; বিরক্তিপূর্ণ বিজ্ঞাপে অনাক্ষণোরাস্ তাহাকে এরূপ বৃঝাইয়া
ছিলেন, "এত ভাবনা কি জন্য বাপু! নরকের রাস্তা সকল স্থান হইতেই
সমান দূর।" খেলিদও একজন প্ররূপ কতকটা নির্লিপ্ত সংসারী ছিলেন।
ইহার সম্বন্ধে এরূপ কথিত আছে যে, যৌবনে ইহার জননী বিবাহ
করিতে অনুরোধ করিয়াছিলেন,তাহাতে তিনি উত্তর করেন—"এখনও
বিবাহের সময় হয় নাই।" আবার যৌবন অতিবাহিত হইয়া গেল,
পুনর্ম্বার অনুরোধ করায় উত্তর করেন—"বিবাহের সময় অতাত হইয়া
গিয়াছে।" স্থতরাং এ জীবনে আর বিবাহ করা হইল না!

প্রীসীর প্রার যাবভীর তত্ত্বিদ্দিগের মতে মন্তব্যাজীবনের উদ্দেশ্য তত্ত্বিদ্যা অন্ধর্শীলন বারা জ্ঞানলাভে জ্ঞানী হওয়। জ্ঞানীর পক্ষে পিটাকসের উপদেশ—"পরিমিত আচারী হইয়া পুণাচেতা হইবে; এবং সত্য, শ্রন্ধা, চতুরতা, সামাজিকতা এবং শ্রমশালিত্ব লাভ করিবে।" আরিষ্টটলের মতে আত্মিক পবিত্রতা সাধন পূর্বক, জ্ঞানচর্চার বারা স্থা হওয়াই মন্তব্যাজীবনের উদ্দেশ্য। স্থা কেবল ত্রিবিধ সতের সাধনে হইতে পারে। প্রথমতঃ আত্মিক সং, যথা জ্ঞানাদি; দ্বিতীয়তঃ দৈহিক সং, যথা স্বাস্থ্য, বল, সৌন্দর্যাদি; তৃতীয়তঃ বাহ্যিক সং, যথা আভিজাত্য, যশ, ধনাদি; মানব এই ত্রিবিধ সতের আশ্রম ভিন্ন, কেবল একমাত্র আত্মিক সতের সহায়ে স্থা ইতে পারে না। আরিষ্টটল বলেন, জ্ঞানী হইলেই যে সাধারণ মানবীর বৃত্তি সমস্তব্যে অতিক্রম করিতে পারা যার এমন নহে; তবে অজ্ঞানী হইতে জ্ঞানীর পৃথকত্ব কেবল এইমাত্র যে, জ্ঞানীরা সেই সকল বৃত্তি পরিমিতর্মণে চালনা করিয়্যাথাকেন;

জিনোর সাম্প্রদায়িকের। জ্ঞানীর এরূপ বর্ণনা করিয়া থাকেন।—
"খাহারা জ্ঞানী তাহারা সর্কান দেবতার প্রতি ভক্তিসংযুত এবং কথনই
তাহারা দেবতার অপ্রিয় কার্য্য সাধন করে না; তাহাদের জীবনও
পবিত্রতায় দেববং ভাবে পরিণত হইয়া থাকে। তাহারা সরল, সর্কান
সংপথাবলম্বী,কাপটা-বিহান ও যে কোন বিষয়ে আড়েম্বর ও মৌথিকতাশ্ন্য; তাহারা কথনই কর্তবার বিপরীতাচরণ করে না,অথবা নির্কোধের
নাায় বদ্চহা যে কোন কার্য্যে লিপ্তও হয় না। তাহারা মদিরা পান
করে বটে, কিন্তু কথনও তাহাতে মন্ততা প্রাপ্ত হয় না। স্বভাবে ইহারা
নির্মাল, প্রমোদে পরায়্র্য্য এবং কথনই স্থ্যতঃথের দোলায় দোহলামান
হইয়া তাহাতে ম্হামান হয় না। জ্ঞানীরা পিতা মাতার প্রতি ভক্তি,
সমাজের হিতসাধন, ইত্যাদি কার্য্য দেবনির্দিষ্ট কর্ত্তব্য বোধে, সর্কানাই
স্বত্বে আচরণ করিয়া থাকে। ক্ষিত আছে, গ্রীকভ্মে 'কর্তব্য' শব্দের
অর্থ ব্যক্তিকরণ ও তাহার প্রথম প্রচার জিনো হইতে প্রবর্ত্তিত হয়। ৩০

প্রেটো প্রভৃতির প্রজ্জন্মতত্ত্ব মানব কর্মফলে উচ্চনীচ বোনি
প্রাপ্ত হওয়ায়, স্পঠই প্রতীত হইতেছে যে, পরলোক পর্যান্ত প্রাপ্তির প্রাপ্ত বিশ্লিগের মধ্যে অনেকেরই বিশ্বাস ছিল এবং কর্মান্ত্রসারে মানব স্বর্গনরকের ভাগা হইত। পীথাগোরীয় সাম্প্রালারিকেরা
কহিতেন যে, পোসিদোন দেব মৃত বাক্তিবর্গের স্মান্ত্রার সংগ্রাহক,
পরিরক্ষক এবং পরিচালক; তিনিই, যাহার বেরপ কর্মা, তদমুসারে
ভাহাকে স্বর্গে বা নরকে নীত করেন। প্রেটো তাঁহার ফিড্রোসে ও
র্পা এবং মধ্যের রূপকে, সান্ত্রার অধ্য বা উর্জলাকে গমন বা পুনর্জন্ম
গ্রহণ আত স্কর্মপে প্রদশন করিয়াছেন। প্রক্র তাঁহার ফিড্রোতে
সক্রেটিসের মৃথ দিয়া বলাইতেছেন যে, এই পৃথিবীতেই স্বর্গ এবং নরক,
উভয়ই অবস্থিতি করিয়া থাকে। পৃথিবীর উর্জ্ব স্থান সমস্ত স্বর্গপর্যায়,
মধ্যস্থান নরনিবাস, নিম্নস্থান হইতে নরকবাসের আরম্ভ। তথায়

৩০। Diog. Laert. Zeno 62. জিনোর জন্ম আকুমানিক ৩০৭ খৃঃ পুঃ, মৃত্যু ২৬০ খৃঃ পুঃ।

^{08 |} Phaedrus 53-62,

মানবর্গণ স্থাক কর্মান্ত্রসারে নীত হইয়া, পাপ বা পুণ্যের ফলভোগান্তে,
শত বা সহস্রাদি বর্ষ পরে পুনর্কার জন্মগ্রহণ করিয়া থাকে। যাহারা
পাপী, তাহারা আগে পাপের ফল ভোগ করিয়া, পরে তাহাদের পুণ্যের
ফল ভোগ করিয়া থাকে; এবং যাহারা পুণ্যবান, তাহারা একেবারেই
শ্রেষ্ঠলোকে গমন করিয়া পুণ্যের ফল ভোগ করে। পুনশ্চ, যাহাদের
পাপের ভরা পরিপূর্ণ, তাহাদের আর নরক হইতে নির্ত্তি নাই।

প্রীকতন্ত্রবিদ্যার সারস্থরপ প্রেটোর তন্ত্রবাখ্যান যথাযথ বিবৃত্ত করিলাম। সঙ্গে সঙ্গে হিন্দুতন্ত্রবিদ্যার সারস্থরপ বেদাস্তের আভাস প্রদানেও জ্রটি হয় নাই। প্রাতিসকলে যেরপ তন্ত্রজ্ঞান প্রদর্শিত ও শিক্ষা দেওয়া ইইয়াছে, তাহার সঙ্কলিত সারাংশ মংপ্রণীত বাল্মীকি ও তৎসাময়িক বৃত্তান্ত নামক গ্রন্থ ইইতে এই পুস্তকের পরিশিপ্টভাগে উদ্ধৃত করিয়া দিলাম।

প্রীকদিগের মধ্যে কি তর্কদর্শন কি তত্ত্ববিজ্ঞান, উভয়বিধ তত্ত্ববিদ্যাই বহুশ্রেণীর এবং তাহাদের আলোচ্য বিষয়ও বহুতর এবং পৃথক্
পৃথক্। তাহারা কেবল ধর্ম ও মোক্ষাদি বিষয়ক তত্ত্ব-আলোচনায়
পর্যাবসিত হয় নাই; রাজনীতি, সমাজনীতি, ব্যবহার, অর্থ, ইত্যাদি
নানা বিষয়ের আলোচনায় নিয়োজিত হইয়া নানা আকার ধারণ
করিয়াছে। ভারতে দর্শন নামে বহুতর বিষয় গণিত হইয়া থাকে,
যেমন গাণিনির ব্যাকরণ, যেমন রসেশ্বর দর্শন, ইত্যাদি। কিন্তু প্রকৃত
তত্ত্ববিদ্যান্থলীয় যাহারা, তাহারা সমস্তই ধর্ম এবং মোক্ষ, এই তৃই
বিষয় লইয়া পর্যাবসিত হইয়াছে। ধর্ম সম্বন্ধ বাহা, তাহা সাধারণতঃ
কর্ম্মকাণ্ড লইয়া, এবং মোক্ষবিষয়ক যাহা, তাহা সাধারণতঃ জ্ঞানকাণ্ড
লইয়া। মোক্ষবিষয়ক তত্ত্বান্থ অনেক, কিন্তু তাহারা যে যত বিভিন্ন
শ্রেণীর হউক এবং যে যত বিভিন্ন পথে প্রস্থান করুক, উদ্দেশ্য এবং
শেষ ফল সকলেতেই প্রায় এক; সেই উদ্দেশ্য মোক্ষ এবং শেষ ফল
মোক্ষসাধনের উপায় স্বরূপ যোগের প্রয়োজনীয়তা ও যোগ। উদ্দেশ্য
এবং শেষ ফল সকলেতে একবিধ হওয়ায়; হিন্দুতত্ত্বিদ্যায় কেমন যেন

একটা একবেয়েপণা আসিয়া যুটয়াছে। তবে কি না, সে একবেয়েপণা অপবাদের উতরে, হিন্দুতত্ত্বর সপক্ষবাদীর। এই উত্তর করিতে পারে যে, সত্যন্থরপ বাহা তাহা লোকক্ষনির থাতির করিতে গিয়া পৃথক্ আকার ধরিতে পারে না; সত্যের আকার এক, অপরিবর্তনীয় এবং নিত্য, স্তরাং সেই সত্য লইয়া আলোচনা করিতে গেলে এক-বেয়েপণা কাজেই অপরিহার্য ছইয়া উঠে। সপক্ষবাদীদিগের এই উত্তর কতদ্র যে সার্থক বা তদনাতর, তাহা পাঠকেরা নিজ নিজ বৃদ্ধি ও মতি গতি অসুসারে অবধারণ করিয়া লইবেন।

ভারতে দর্শনপ্রাণ তর্বিদ্যার মধ্যে বড়দর্শনই প্রধান। তর্মধ্যে বেদান্তদর্শন সম্পূর্ণ শ্রোত ধর্মের আশ্রের এবং অবলম্বনে নির্মিত। শ্রুতিতে বাহা আদেশিত, দর্শনবোগে বেদান্তে তাহাই প্রতিষ্ঠাণিত হইয়াছে। এজনা শ্রুতির সহবোগে একমাত্র এই দর্শন, ধর্মার্থে দত্ত-জীবন ব্যক্তিবর্গের হারা গৃহীত ও অরুস্ত হইয়া থাকে। ৩৫ অপরাপর দর্শনগুলি সম্বন্ধে সেরুপ নহে। তাহাদের সাধনপ্রণালী প্রভৃতি শ্রুতি ক্রিকেগলি প্রভৃতি শ্রুতি ক্রিকেগ বিদ্যাশিক্ষান্থলে কেবল শিক্ষার অস্ববিশেষরূপে অধীত এবং সাধারণ বিদ্যাশিক্ষান্থলে কেবল শিক্ষার অস্ববিশেষরূপে গৃহীত হইয়া থাকে। এই সকল গ্রন্থ ভক্তিপূর্ব্বক ও কথন কথন অধীত না হয় এমন নহে, কিন্তু সে ভক্তি সম্পূর্ণত সাম্প্রদায়িক। সাম্প্রাদির ভাবে যে সকল তত্ত্বগ্রন্থ অধীত ও ভক্তিপূর্ব্বক গৃহীত হয়, তাহাদের মধ্যে সাঞ্যাদর্শন সর্ব্বাপেক্ষা প্রধান। এ দিকে পুনঃ বেদান্তের নিমে, পাতঞ্জলের

৩০। ভারতীয় তত্ত্ব-সারে বেদান্তর্শন যতটা প্রভুক্ করিয়ছে, সাঝোর প্রভুক্
যে তাহা অপেকা কিছু কম তাহা নহে। কিন্তু বেদান্তর্দনের প্রভুক্ যেমন সাক্ষাৎ
নথকে, নাঝোর প্রভুক্ দেরূপ সাক্ষাৎ সম্বন্ধ নহে। উহা, নান্তিকতা ভাবের
কতকটা আভাদ হেতু, প্রকাশ্রন্ধে প্রথিক গৃহীত হয় নাই বটে, কিন্তু উহার তত্ত্বপ্রকরণ হিন্দুশান্ত্র ও ধর্মের হাড়ে হাড়ে প্রবিষ্ট ইইয়া গিয়ছে। পৌরাণিক দেবতবের
প্রায় অধিকাংশভাগ সাঝাতবের রূপক। আধুনিক হিন্দুধর্মসংসারে, সাঝোর প্রকৃতি
ও পুরুষের প্রভুক্ যত বেশী এত বোধ করি আর কাহারও নহে।

যোগমীমাংসা এবং জৈমিনীর ধর্মমীমাংসাও, দর্মসাধারণ কর্তৃক ধর্ম-গ্রহম্বরূপে ভক্তিপূর্মক গৃহীত হইয়া থাকে।

এক্ষণে প্রাক এবং হিন্দু এ উভয় জাতির তর্বিদ্যা তুলনা করিলে, স্পষ্টতই দেখিতে পাওয়া যায় য়ে, গ্রীক তর্বিদ্যার মুখ্য উদেশ্য, জ্ঞানকে স্থমার্জিত করিয়া ইহজীবন বাহাতে স্থম্মজ্ঞলে অতিবাহিত হইতে পারে, তাহার উপায় সাধন করা। কলতঃ সে বিষয়ে য়তটা, পরজীবন বা পারলৌকিক তন্ত্ব নির্মণ বা মানবজীবনের নিগৃত অর্থায়্মসন্ধানের প্রতি ততটা লক্ষ্যানাই, অথবা তাহাতে পার্ম্মদুষ্টমাত্র লক্ষিত হইয়া থাকে। গ্রীকতন্ত্বিদ্যা, প্রকৃত প্রস্তাবে, ইহলৌকিক স্থায়্মনতন্ত্ব। তদনাতর বিষয়ের আলোচনায় য়িদিও অনেক গ্রীকতন্ত্ব-বিৎ হস্তক্ষেপ করিয়াছিলেন সন্দেহ নাই; ক্রিন্ত সে সকল, ইহলৌকিক স্থাছনতার সানিধ্যে, অপেক্ষায়ত নিয়তর পদবীপ্রাপ্ত বালয়াই যেন অন্থাতি হয়।

হিন্দুর তর্বিদা ইহার বিপরীত। গ্রীকতত্ব যেমন পার্থিব স্বছেন্দতার মোহে উচ্চ লোকের সহ বহুপরিমাণে ঘনিষ্ঠতা হারাইয়া, লোকিক ও সামাজিক বিষয় লইয়া আকুলতা প্রাপ্ত ইইয়াছিল; হিন্দুতত্ব তেমনি, তত্বিপরীতে অদৃষ্টপক্তির প্রতি জীতিহেতু,লোকাতাত বিষয় লইয়া আকুলতা প্রাপ্ত ইইয়াছে। হিন্দুতত্বের উদ্দেশ্য এবং বিষয় বদিও অনেকটা একবেরেপণায় পরিপূর্ণ, তথাপি উহার তত্বাবর্কে প্রবেশ করিলে, জনে জনে ও প্রস্থানভেদে, কতই বিচিত্র বিষয় দেখিতে পাওয়া যায়। যথায় রামায়্মস্থামা নিয়পণ করিতেছেন বে, পদার্থ তিন প্রকার, চিং, অচিং ও ঈশ্বর; স্বতরাং হৈততত্ব এবং প্রষ্টা-স্থ জ্ঞানের বিদ্যানতা; শঙ্করাচার্য্য তথায় বেদান্তভাষ্যে প্রতিপন্ন করিয়াদিতেছেন যে, এই বিশ্ব অবৈত্র, মহাবাক্য তত্ব্যদি উহার তত্ব এবং পরিণাম তাহার,—"আমিই শিব," "আমিই শিব," এবং প্রত্যভিজ্ঞা দর্শনও সেই সঙ্গে দেখাইতেছেন যে, "স এবেশ্বরোহহ্ম্।" কণাদের মতে জীবাত্মার গুণ, বৃদ্ধি, স্থথ, হৃংথ, ইচ্ছা, যক্স, দ্বেষ, চিন্তা, ধর্ম ও অধ্যম্ম ভ্রেম্ব, বৃদ্ধ, তুংথ, ইচ্ছা, যক্স, দেষ, চিন্তা, ধর্ম ও অধ্যম্ম

এই কয়ট বিষয় আছে এবং প্রমাস্থাতেও ঠিক তাই, প্রভেদ কেবল পরমাত্মার স্থপ, চঃপ, ছেব, চিন্তা, ধর্মা ও অধর্মা এই করটি নাই। ইহাঁর মতে জাবাত্মা ও প্রমাত্মা স্বতন্ত্র। সাংখ্যকে দ্বৈতবাদী বলে, কিন্তু তাহা জীবাত্মা ও প্রমাত্মার পৃথকত্ব দর্শাইয়া নহে, পুরুষ ও প্রধানের •স্বাতন্ত্রাও সমসাময়িকতাও সমস্বায়িত্ব লইয়া। সাভ্যা প্রমাত্মা বা পরমেশবের অন্তিত্ব স্বীকার করে না, এই জন্য সাম্ব্যুকে নিরীশ্বর দর্শন বলিয়া থাকে। সাঙ্খোর মতে পুরুষ ও প্রধান, এই চুই নিত্য বস্তু এবং ইহাদের সংযোগে সৃষ্টি। পুরুষ এক নহে, বছ অথবা অনন্ত। কিন্তু পুৰুষ নিজ্ঞিয় ও নিশুণ, কেবল প্ৰধানই শুণ ও ক্ৰিয়াশীলা। প্রধান বা প্রকৃতি, পুরুষে উপগত হইলে, জীব ও জড় স্টির উদয় হইয়া থাকে এবং পুরুষই, প্রকৃতিজ্ব গুণে আবদ্ধ হইয়া, জীবন্ধপে প্রকাশিত হয়। পুরুষ অনন্তসংখাক হেতু, স্ষ্টিপ্রবাহও অনন্ত। পুরুষ জীবত্ব প্রাপ্ত হইয়া, প্রকৃতিজন্য সংস্কারবশে পাপপুণাের অধীন হইয়া স্থথ-তঃথাদির ভাগী হয় এবং কামকর্মাত্মপারে বিবিধ যোনি পরিভ্রমণ করিয়া থাকে। এই জাবত্বরূপ বন্ধন হইতে পুরুষের তথনই কেবল মুক্তি সম্ভব, যখন দে জ্ঞান ও যোগের দারা প্রকৃতি হইতে স্বীয় স্বাতন্ত্র্য অমুভব করিতে সমর্থ হইবে। সাজ্যোর ভাষাকার বিজ্ঞানভিক্ষর মতে, সাজ্ঞা বেদান্তেরই একটি শাখাস্বরূপ মাত্র : অনুধাবন করিয়া ্দেখিলে বস্তুতঃ পক্ষে তাহাই অনুভূত হয়। বেদান্তের সমষ্টিতত্ত্ব পরিত্যাগ করিয়া যেখানে ব্যষ্টিতত্ত্বে উদয়, সেইখান হইতে সাজ্যোর আরেস্ত কল্পনা করিয়া লইলে, বেদান্তের দঙ্গে সাজ্যোর আর বিরোধ ভাগ অতি অল্লই দৃষ্ট হইতে পারে।

জীবাত্মা দৈতবাদীর হউন বা অদৈতবাদীরই হউন, এপন তাঁহার অবস্থা, কর্ত্তব্য ও পরিণাম কি ? কণাদ বলেন, জীবাত্মা স্থ্যত্থাদির অবীন; এবং স্থপ হংখাদি আবার ধর্ম বা অবর্মাত্তব উৎপন্ধ হয়। ধর্মা, ইহার মতে, তীর্ধাদি ভ্রমণ ও বাগাদিকরণ প্রভৃতি কর্মোর দ্বারা হয়: অধ্যা জ্বৈধ কর্মানুষ্ঠানে জ্মে, কিন্তু প্রায়াশ্চিত্রের দ্বারা

তাহার অনেকটা ক্ষর হইতেও পারে। ধর্মের ফল স্বর্গ, অধর্মের ফল নরক। ধর্ম ও অধর্ম, বা বৈধ ও অবৈধ কর্ম কাছাকে বলে, তৎস্থলে পাতঞ্জলদর্শন শিক্ষা দেন, বেদ অনুরূপ যাগ যজ্ঞাদি কর্ম বৈধ: আর তদিপরীত ও নিষিদ্ধ কর্ম অবৈধ। সাংসারিক প্রবৃত্তি যাহা, তাহা অস্মিতা হইতে উৎপদ্ধ হয় এবং এই অস্মিতা অজ্ঞানের ফল। এখন যাহা কিছু কর্ম বৈধ বলিয়া আদিষ্ট হইল, তাহাই বা করিতে হইবে কিরপে ?—করিতে হইবে কর্মফলের আশা পরিভাগে করিয়া; কারণ কর্মফল ঈশ্বরে অর্পণ পূর্ব্বক কর্ম্ম সম্পন্ন না করিলে, সে কর্মফল কুরুর-উচ্চিষ্ট পারসাদির ন্যায় এবং সে কর্মপরিণাম আরও গুরুতর বন্ধনের কারণ স্বরূপ হইয়া থাকে। এ ভাল কথা। বস্তুতঃ লোকে কর্তুবাকর্ম্মের সাধন এরপে না করিলে সে কর্ত্তব্যকর্ম বুথা। কর্ম স্কল যথন লোকহিত, সমাজহিত এবং সংসারের হিত্যাধনের জ্না সম্পাদিত হয়, তথনই কেবল তাহাদিগকে নিদ্ধাম কর্ম্ম বলা যাইতে পারে: নতুবা ক্ষা আত্মবার্থে আচ্রিত হইলে তাহা স্কাম হয়। কিন্তু আমাদের পণ্ডিত মহলে নিজাম শব্দের অর্থ অন্যরূপ: অর্থাৎ কর্ম্ম করিবার বেলা হইবে মামুষ, কিন্তু ফল গণনার বেলায় হইবে জ্ঞান ও বৃদ্ধিশানা জড়পিও, কিন্তু তাও কি কথনও সম্ভব হয় ? কামনাশূন্য হইলে মামুষে আর মাত্র্য থাকিতে পারে না। সে যাহা হউক, শাস্ত্রে কর্ত্তবাবুদ্ধির ধারণা যদিও অতি শ্রেষ্ঠ বলিয়া দেখা যাইতেছে বটে: কিন্তু সম্পাদ্য কর্ম সম্বন্ধীয় ধারণার প্রতি দৃষ্টি করিলে, তাহাতে সেরপ শ্রেষ্ঠতা সামান্য পরিমাণেই লক্ষিত হয়। সে কর্মধারণা বা কর্ত্তব্য কি ?—কর্মাকাও-পক্ষে সাধারণতঃ ও সর্ববাদিসম্মতরূপে, দেবসেবা, যাগযজ্ঞ, দান এবং ব্রত নিয়ম ও উপবাসাদি: বিদ্যা, বিজ্ঞান, সমাজ, রাজনীতি, প্রভৃতি এথানে একেবারেই উল্লেখবহিভূতি হইয়াছে। জ্ঞানকাণ্ড পক্ষে কর্ত্তব্য কি ? পাতঞ্জলি বলিতেছেন, কর্মের মধ্যে কেবল নিতানৈমিত্তিক ও চিত্তক্তিকর যোগাঙ্গের অনুষ্ঠান শ্রেষ্ঠ। এই যোগাঙ্গ অষ্টবিধ, যথা যম. নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি। পুনশ্চ

পূর্ণপ্রজ্ঞ দর্শন কর্ম ও কর্ত্তব্য সম্বন্ধে কি বলেন দেখ ;—এ জগতে সং ও দ্বিশ্বরের প্রির্ব্বর কার্য্য তিন প্রকার, অন্ধন অর্থাং গারে হরিনামের ছাপের ন্যায় নারায়পের শক্ষাক্রাদি চিচ্ন ধারণ; নামকরণ অর্থাং নিজ প্রপৌজাদির নারায়ণ-বোধক নামের ছারা নামকরণ করিবে, যাহাতে সেই উপলক্ষে দেবনাম সর্বাদা মূথে উচ্চারিত হইতে পারে; তৃতীয় ভজন। ভজন তিন প্রকার, কায়িক বাচিক ও মানসিক। কায়িক ভজন আবার তিবিধ, দান, পরিত্রাণ ও পরিরক্ষণ; বাচিক চারি প্রকার, সত্য, হিত, প্রিয় ও স্বাধ্যায়; মানসিক ভজনও তিন প্রকার, দয়, ম্পুহা ও শ্রম।

একণে উভয়জাতীয় তত্ত্বিদ্যা, স্ব স্ব প্রকৃতিভেনে, উভয়জাতীয় প্রকৃতিতে কিরূপ ফলের উৎপাদন করিয়াছে, তাহা একটু বিবেচনা করিয়া দেখা যাউক। যে দাধারণ-হিতচিন্তায় গ্রীক আত্ম বা আত্ম-পুত্র বলি দিতে প্রস্তুত, এবং যে সাংসারিক স্বচ্ছন্দতার চিন্তায় গ্রীক মনীষাশক্তি পর্যাবদিত হইয়াছে; হিন্দুপ্রকৃতিতে দে সকল তদ্রপ আকারে দেখিতে পাওয়া বায় না। সাধারণ-হিত্তিস্তা বা প্রহিত-সাধন,হিন্দুর একটি মুখ্য ব্রত সত্য; কিন্তু সে পরহিত্ত্রত জাতীয় আকার ধারণ করিয়াছিল অতি অল্লই। হিন্দু ব্যক্তিবিশেষের হিতচেপ্টায় যথেষ্ট আগ্রহবান বটে, কিন্তু জাতীয় হিত লইয়া যথায় কথা, তথায় . তাহ্নকে উদাদীন বলিলে অত্যক্তি হয় না। গ্রীকের সাংসারিক শ্বছন্দতা,—বাদনার অতিশয় পূরণ, ইন্দ্রিয়ন্ত্রের অতিশয় প্রাপ্তি,অথবা এক কথায় ভোগবিলাদিনী বৃত্তিনিচয়ের অতিশয় ফুর্ত্তিতে। হিন্দুও সাংসারিক স্বচ্ছন্দতা কামনা না করিতেন এমন নহে, কিন্তু তাঁহার সে স্বচ্ছনতা অন্যরূপ; বৃত্তি সকলের সংযম দ্বারা তাহা সাধ্য। উক্ত বিষয় ছইটির জাতিবয়ভেদে এরপ প্রকৃতিভেদ হেতু, কার্য্যমূলও তাহাদের উভয়েতে স্বতন্ত্র বলিয়া দৃষ্ট হয়; হিন্দু মোক্ষ বা পারলৌকিক মুখপ্রার্থী এবং সাধনা তাহার স্বতন্ত্র বা এককভাবে, আর গ্রীক ইহ-লৌকিক স্থপ্রার্থী এবং সাধনা তাহার সংমিলিত বা জাতীয় ভাবে।

হিন্দু মোক্ষপথে ঘোর স্বার্থবান, একক, অনাসঙ্গ, এমন কি আপন স্ত্রীপুত্রাদি পর্যান্ত স্থান ও অমুষ্ঠান বিশেষে তাহার ভাগী হইতে পারে না; অতএব তাহার তত্ত্ব ও ধর্ম, উভয় বিষয়ক অনুষ্ঠানই, যত একান্তে ও একক ভাবে সম্পন্ন হয়, তত্ত তাহা অধিক ফলোপধায়ক বলিয়া বিবেচিত হইয়া থাকে। কিন্তু সেই সকল অনুষ্ঠান করিতে হইলে, বৃত্তিগুলির কতক সংযম ও কতক ফ্রণ আবশাক; স্থতরাং হিন্দুকে তাহার নিজ প্রয়োজন হেতুই দর্বভূতে দয়া ও প্রীতিসম্পন্ন এবং পর-হিতব্রতে রত হইতে হইয়াছে। কিন্তু নামে সর্বভূতে হইলেও, কাজে তাহা দাঁড়ায় নাই; যেহেতু এককানুষ্ঠান জন্য, সেই সকল সন্নীতি জাতীয় আকার ধারণ না করিয়া, বাজিগতভাবেই পর্যাবদিত হইয়া গিয়াছে। সমস্ত জাতির মধ্যে কি হইতেছে না হইতেছে হিন্দু তাহার থোজ বড় রাথেন না, সে থোজ রাখার ভার রাজার উপর; তিনি বাস্ত, তাঁহার সন্মুথে উপস্থিত যে সকল লোক কেবল তাহাদিগকে লইয়া এবং বিশ্বপ্রীতি হেডু, সে সকল লোক কে ও কি জাতি,ভাহাতে বড় বিচার ছিল না। অভএব কাজেই বলিতে হইতেছে যে, হিন্দুর তত্ব এবং ধর্মানুসরণপ্রণালীই, হিন্দুর জাতীয় ভাব শিথিল করিবার পক্ষে একটি অন্যতর কারণ স্বরূপ। ইহা বেমন হিন্দুতত্ত্বিদ্যা ও তদমুসরণের আংশিক ফল বলিয়া অনুমিত হয়; সেইরূপ গ্রীকতন্ত্ত তদমুদরণের আংশিক ফলস্বরূপেও দেখা যায় যে, গ্রীকের ভাব জন্য-বিধ। গ্রীকের বে ইহলোকিক মুখানুদরণ, তাহা সংমিলিত জাতীয় চেষ্টা ভিন্ন পূর্ণভাবে দংসাধিত হইতে পারে না; এজন্য ব্যক্তিগত হিতের প্রতি উপেক্ষা প্রদর্শন পূর্বক জাতীয় হিতব্যাপারে গ্রীক বিশেষ রত। সন্মুখে উপস্থিত লোক সকল অতিশয় দয়ার পাত্র হইলেও গ্রীক তাহাতে मरनारवान करत ना, किन्न धकड़े का जीव अस्वितशांत जैनव इहेरनहे তাহাতে বিপুল পরিমাণে বিচলিত হইরা থাকে। গ্রীক ইহা বিলক্ষণ বুঝিত যে, জাতীয় উন্নতি ব্যতীত নিজের কোন উরতি সম্পূর্ণাবরব হইতে পারে না এবং নিজের কোন উন্নতি করিলেও, জ্বাজীয় উন্নতির অভাবে তাহা স্থায়ী হয় না। প্রীক, ব্যক্তিবিশেষের হিতের ভার (দেও যদি স্বজাতি হইত) রাজশাসনের উপর নিক্ষেপ করিয়া, নিজে জাতীয় হিতের নিমিত্ত উত্তেজিত হইয়া ফিরিত। কি ধর্ম্মা কি সামাজিক কি জাতীয়, দকল কার্য্যেই, গ্রীক এককান্মুঠানের দর্মতোভাবে ও দর্মন। বিরুদ্ধবাদী ছিল। বলা বাহ্ল্যা যে, ইহাদের ধর্মকার্য্য সামাজিক ও দামাজিক তাবিধায়ক।

উপরে যেরূপ আলোচিত হইল তাহাতে দেখা যায় যে, হিন্দুর হিত-ব্রতের ক্রিয়াস্থলী অতি দঙ্কীর্ণ এবং গ্রীকের ক্রিয়াস্থলী তাহার তুলনায় অতিশয় বিস্তার প্রাপ্ত হইয়াছে। হিন্দু যেটুকু হিত করেন, তাহা অবশ্র গ্রীকের তুলনায় যে অপেক্ষাকৃত অতিশয় নিঃস্বার্থ ও অহৈতুকী তাহাতে সন্দেহ নাই; কিন্তু সেই হিত জাতীয় অন্বয়ে সাধিত না হওয়াম, সমাজ তাহাতে উপকারের পরিবর্ত্তে কতকগুলি অকর্মা অলেম্ভপ্রিয় ও পরক্ত-হিতপ্রার্থীর দারা ভারাক্রান্ত হইয়া পড়িয়াছে। গ্রীক সেরূপ অকর্মা শ্রেণী হইতে সর্বাংশে রক্ষিত বলিলে অভ্যুক্তি হয় না। এখনও, সেই সমান কারণের উপস্থিতি ছেতু, হিন্দুসমাজ অকর্মা। দলের জ্ঞালায় জ্ঞালাতন হইয়া ফিরিতেছে। ইহলৌকিক বিষয়ের প্রতি হিন্দু, কিছুমাত্র স্বার্থপর না হইলেও, অনুষ্ঠানদোষে সাধারণ ও জাতীয় স্বার্থের প্রতি অনাস্থা হেতু, স্বার্থপরের ন্যায় দৃষ্ট হইয়া থাকে; . আর-গ্রীক, দেই দেই বিষয়ে মূলে স্বার্থপর হইলেও, জাতীয়ত্ব পক্ষে निः वार्थवात्नत नाात्र पृष्टे इत्र । शूनण्ड, हिण्डाट हिन्दूत किन्नाचनी महीर्प হওয়ায়, জাতীয় হিত ও জাতীয় কার্য্যবিষয়ে যে বিপুল কার্যাধারণা, তাহাতেও হিন্দুপ্রকৃতি অতিশয় কুপণতা প্রাপ্ত হইয়াছে। কেহ কেহ মহাভারতের ঘটনাবলী ও ক্লঞ্চরিত দর্শাইয়া সে ক্লপণতার থর্বত। দেখাইতে উৎস্কন। হইতে পারে দে থর্কতা সতা: কিন্তু তাহা হইলেও, কাগজে তাহা যতটা কাজে কিন্তু তত নহে। গ্রীকের কাগজে যতটা পাকুক বা না থাকুক,কাজে তাহা অনেক। ফলতঃ আত্মরুন্ডির ফ রণ ও পরিগুদ্ধিকল্পে যে কিছু অনুষ্ঠান,তাহার অতিরিক্তে হিন্দুর দৃষ্টি বড় চলিত

না। প্রত্যেক ব্যক্তি ধরিলে, হিন্দু অবশ্যই মন্থ্যত্বপূর্ণ এবং গ্রীকের তুলনে দেববং; কিন্তু হায়! সেই দেবত্বসমষ্টিকে একত্র বন্ধন করিয়া ভাহাকে জাতীয় আকার প্রদান করিবার উপযুক্ত যে বন্ধনরজ্জু, তাহার জ্বতার অতিশার।

উপরে যেরূপ প্রদর্শিত হইল হিন্দুর অবলম্বিত সেই হিতব্রত, আত্মগুদ্ধিকল্পে যে কিছু অফুষ্ঠান এবং ধর্মার্থে যাহা যাহা সান্থিক কার্য্য বলিয়া নিরূপিত, সেই স্কলের অতিরিক্ত আর বাহা কিছু তাহা হিন্দুর বিশ্বাদে অবিদ্যা, মায়া বা অজ্ঞানের ফল; স্কুতরাং দেই পরি-মাণে তাহারা তাজিলা বা ওদাসিনোর বিষয়। শৈবদর্শনমতে ভোগ, সাধন,কলা,কাল, নিয়তি, রোগ, প্রকৃতি ও শুণ ইত্যাদি তত্ত্বের বশীভূত জীব যাহারা,তাহারা অপক্রপাশদ্বয় শ্রেণিবিশিষ্ট: ইহাদিগকে শান্তিস্বরূপ মহেশ্বর সংসারকৃপে নিক্ষেপ করিরা থাকেন। হিন্দুতত্ত্বর শেষ নিরূপণ, "ত্রৈগুণাবিষয়া বেদা নিস্ত্রৈগুণো ভবার্জ্জুন।" অন্তে কর্ম্মাত্রের নির্বিশেষ ध्वः म । विकास चाकि याविष्ठीय कर्मात्त्र है के निका। कनान सरित्र के কথা; শ্রুতি পুরাণাদি দ্বারা আগে কর্ম্মাধনান্তে আত্মার স্বরূপ ও গুণাদি পরিজ্ঞাত হওনান্তর, নিদিধাাসন হারা আত্ম-সাক্ষাৎকার এবং তত্ত্ত্তান লাভ ব্যতীত, মুক্তির সম্ভাবনা নাই। জ্ঞানমার্গে উত্থানের পূর্বের সকল তত্ত্বশাস্ত্রই কর্মকাণ্ডের অবশ্যপালনীয়তা জ্ঞাপন করিয়া থাকেন; কিন্তু বস্তুতঃ সে কর্মকাণ্ড কি তাহা দেখিতে গোলে,. তাহা প্রায়ই একপিণ্ড আতপ চাউলের অন্ন আপনার উদরে একং আর এক পিও দেবোদ্ধেশে দানের অতিরিক্ত আর কিছুই নহে। এতদতিরিক্তে যাহা কিছু করা যায়, তাহা অবশ্য বলিতে হইবে যে তত্ববিদ্যার সঙ্গে একরূপ লাঠালাঠি করিয়া করা হয়। হিন্দুর তত্ত্বিদ্যা নিজে কিছু মন্দ নহে, বরং আরু সকল জাতির তুলনে,উহাকে সর্ব্বোৎকর্ষমন্ত্রী বলিলে অভ্যুক্তি হয় না। কিন্তু লোকসংসারে সাধারণ হিন্দুর তুল্য তত্ত্বিদ্যার এমন অবসমকারী অর্থকারক ও মর্দ্মগ্রাহক আর কোথাও নাই। অর্থগ্রহফলে এরপ দাঁড়াইয়াছে যে ধর্ম, অর্থ, কাম ও

মোক এই চারিটি পুরুষার্থ বটে, কিন্তু ইছার মধ্যে মোক্ষই নিজ্য, আর তিনটি অভায়ী ও অদার; অতএব বুদ্ধিমানু ব্যক্তির প্রধানতঃ মোক্ষণাডেই যত্ন করা উচিত। উৎদন্ধ-মূখ ভারতে, ফলেও তাহা দাঁড়াইরাছে; অথবা তাহারই ফলে ভারত উৎসব্ধমুথ হইরাছে। হিল্পেলের আদি ও সত্তবান্ শিক্ষক ঘাঁহারা ঘাঁহারা, জাঁহাদের শিক্ষা প্রকৃত ওরপ নহে; তাঁহাদের শিক্ষা ধর্ম অর্থ কাম মোক্ষা, এ সকলই সমভাবে সঞ্জ ও সকলেরই সন্থাবহার করিতে শিখ। কিন্তু যে বে লৌকিক ও প্রাক্তিক কারণসমূহের সমাবেশে ভারতে হিন্দুচরিত্র পঠিত হইয়াছিল, তাহাতে দে দামঞ্জল-সাধক স্থলিকা বহুদিন অনুস্ত হইবার কথা নহে। যে ভীতিতে মানবচিত্ত ভারতীয় প্রকৃতিমূর্ত্তিদর্শনে প্রথমে আকুলিত হইয়াছিল,সেই ভীতিই কালে হুৰ্দমনীয় মোক্ষের আকাজ্ঞায় পরিণত হইয়া মানবকে একমাত্র মোক্ষপ্রায়ানী করিয়াছিল। ধর্ম অর্থ কামে এখন জলাঞ্জলি, যরে বাহিরে দকল স্থানে একমাত্র মোক্ষই প্রধান প্রয়াসপদার্থ। হিন্দুসন্তান কেবল মনের সাধে মোক্ষের চিন্তা করিয়াছেন; এবং পদে পদে বুঝাইতে চেষ্টা করিয়াছেন যে, ধর্ম অর্থ काम ছায়াবাজী, किছু নহে-किছু নহে। উহাতে निश्व হওয়া দূরে থাকুক, উহার সংস্রব পর্য্যন্ত থাকিলে আর মোক্ষের প্রত্যাশা করিতে পারিবে না। অতএব হিন্দুসন্তান কায়মনে একমাত্র মোক্ষেরই আলোচনা করিয়া আসিরাছেন। এই আলোচনা করিতে গিয়া, ইইলোকেত তাঁছার দুর্দশার পরিসীমা নাই : ঈশ্বর করুন, পরলোকেও র্থেন তাঁহার সেরপ তুর্দশা না হয়। এত আগ্রহের মোক্ষচেষ্টা যেন কিঞ্চিৎ পরি-ৰাণেও ফলবান হয়!

গ্রীকতত্বনিদ্যা লৌকিকবিষরপ্রাণা ও আবিভৌতির্কপ্রশানা; ছিন্দুর তব্বিদ্যা তদিপরীতে অলৌকিকবিষরপ্রাণা ও আব্যামিকিগুল-প্রধানা। গ্রীকমনীবাশকি পারলৌকিক বিষয়ে একে সংকীর্শ প্রমিত আবদ্ধ, তাহাতে আবার মতামতের দৌড় সম্বদ্ধে হিন্দুর ন্যার সম পরিমাণে খাধীনতা অক্সত্ব করিতে পাইত না; এজন্য প্রীকতত্ববিং, তত্ত্বপথে যুত্ত ধাবিত হউন না কেন, শেষে আসিয়া জাতীয় ধর্মকর্মে প্রায়ই বিশ্রাম লাভ করিতেন। হিন্দুর আয়তনও প্রশস্ত এবং স্বাধীনতাও অনেক ৷ হিন্দু তত্ত্বপথে, রীতিনীতি, অর্থ, লোকব্যবহার, লোকপর্ম, কিছুরই প্রতি লক্ষ্য না রাখিয়া এবং তাহাদিগকে একটুমাত্র প্রতিকৃল एनिथालारे खळ्डान्न जांशानिशतक छेत्रका कतित्रा, अत्कवादत निश्चिमिक्शूना হইয়া ধাবিত হইয়াছেন। সম্মুখে শাস্ত্রীয় দেববংশাবলীতে বাধা পড়িল এবং তাহাদিগকে লঙ্ঘন করিলে শাস্ত্র লঙ্ঘন করিতে হয়; কিন্তু হিন্দুতত্ত্ববিৎ তাহাতেও প্রস্তত। অবলীলাক্রমে চলিত শাস্ত্রবন্ধনকে ছিন্ন করিয়া, দেববংশকে অতিক্রম পূর্ব্নক, নানাবিধ অপূর্ব্ব ও অভিনব মতাদিতে আদিয়া উপনীত হইলেন। ইহাতে পূর্বস্থ লোকক্চি, লোকপ্রবৃত্তি, এবং লোকের ধারণাশক্তির অপেক্ষা অন্নই রাথা হইল। লোকে অবাক হইল এবং নূতন মতাদি বুঝিতে ও তাহা আয়ত্ত করিতে পারিল না; স্থতরাং সেই সকল যথাক্থিতভাবে কথনই সাধারণ লোকবর্গের মধ্যে গৃহীত ও অনুস্ত হইল না। অথচ লোকে, সেই দকল দৃষ্টে ও তাহাদের তত্ত্বাবর্তে বিঘূর্ণিত হইয়া, মোটের উপর এইটুকু মাত্র অন্কুভব করিল যে তাহাদের নিজ অনুস্ত অর্থকামাদি অকিঞ্চিৎ-কর; পুনঃ তাহাদের বিশায়-আলুত বিশ্বাদে এই তত্ত্বিদেরা মহাজন; তাহার পর "মহাজনো যেন গতঃ স পর্যঃ," এ কথার উৎপত্তি ও বিস্তৃতি উভয়ই অতি সহজ। স্কুতরাং ইহারাও, দেখা দেখি, লৌক্ত্রিক বিদ্যা ও অর্থাদিতে আস্থাশূন্য হইয়া, তত্ত্বিদ্দিগের প্রদর্শিত উচ্চপথ বাহনের চেষ্টায় প্রবৃত্ত হইল; এ দিকে কিন্তু সে পথ ধারণার অতীত বলিয়া দূরগম্য,কাজেই তাহার বিক্রতিসাধনপূর্বক তাহাকে আত্মসমতায় আনিয়া, অভীপিত লাভ হইল বলিয়া বিবেচনা করিতে লাগিল। ইহাতে ফল এই দাঁড়াইল যে এক দিকে নিশ্চিত বিষয় যাহা,তাহা হস্তচ্যত হইতে লাগিল: অন্ত দিকে অনিশ্চিত বিষয়ত লাভ হইলই না. অধিকস্ক অনিশ্চিতের অনিশ্চিত—তাহার বিকার মাত্র হাতে আসিয়া সম্বল হইরা দাডাইল। কোন বিষয় একেবারেনা পাওয়া যায় সে ভাল,কিন্তু তাহার

বিকার ভাব পাওয়া কথনই ভাল নহে। না থাকাতে তত দোষ নাই,
বত বিক্বত ও কদর্যভাবে থাকায় দোষ আছে। অতএব জন কয়েক
প্রক্বত তত্ত্বশীলকে বাদ দিলে, সাধারণ লোকের পক্ষে তাহাদের আধ্যাস্থিক পথে একরূপ ত্কৃল ছুই হইল বলিতে হইবে। এই ছুইতা জন্য
ইল্প্টরিত্র কার্য্যতঃ অনিশ্চয়, অন্থিরপদ; বে কোন বিষয়ে আসন্তিও
ও দার্য্যতঃ অনিশ্চয়, অন্থিরপদ; বে কোন বিষয়ে আসন্তিও
ও দার্য্যতা-শুন্য। হিল্পজান যদি বা কথনও বহু আড়েয়রে ও বহু
আসন্তিতে কোন কার্য্য বা কার্য্যচিস্তায় রত হইলেন, এমন সময়ে
সহসা মনে উঠিল,—'মরিতে হইবে', অমনি তাহার সকল বন্ধন ঢিলা
হইয়া পড়িল, সকল আসন্তি অবসয় হইয়া আসিল; ইহাই হিল্ডরিত্রে
নিত্য দৃশ্য। কি শোচনীয় দৃশ্য! কিন্তু কি আশ্রুর্যা, এমন রত্নপ্রসাবিনী
ভারত, তথাপি ইহাতে এমন ব্যাথ্যাকারক আজিও জ্য়িল না যে
তত্ত্ববিদ্যাসমূহের সন্থাথ্য পূর্ব্যক, হ্লয়গ্রাহা ও ফলোপধায়ক ভাবে
এরপ শিক্ষা দিতে পারক হয় যে,ইহজীবনের যে কোন প্রকারের কার্য্যই
হউক না কেন,সংযত ও সান্ত্রিকভাবে সম্পাদিত হইলে, তাহা সর্ব্যাহী
প্রমপ্রক্ষার্থের অংশ কলারপে সহায়তা করিয়া থাকে।

তত্ত্বিদ্যার অসদ্যাখ্যান বা ভ্রান্ত অনুভূতি, যাহারই ফলে হউক, ক্ষ শিক্ষিত হিল্দিগের মধ্যে আর একটি মহৎ অনিষ্ট সাধিত হইরাছে;—
ইহা তাহাদিগকে বোর অদৃষ্টবাদী করিয়া ভূলিয়াছে। এ কথার উল্লেখ
. করিতাম না, কিন্তু ক্ষ শিক্ষিতগণ লইয়াই প্রধানতঃ সমাজ; বিতীরতঃ
তাহাদের অবলম্বিত বে অদৃষ্টবাদ, তাহা বড় বিক্রত ও অনিষ্টকারী,
প্রকৃত শাস্ত্রীয় নির্দোষ অদৃষ্টবাদ নহে। একে হিল্পুর ঘরে বাহিবে
ছন্নছাড়া বিক্রত মায়াবাদ, তাহার উপরে আবার এই দ্যিত অদৃষ্টবাদের
চাপাচাপি! মায়াবাদ ও অদৃষ্টবাদের নাায় এই তত্ত্বিদ্যারই বিক্রত
ব্যাখানের ফল। অতি শোভনীয় প্রাসাদস্থলী হইতে ক্ষকের ক্ষেত্র
বা রাখালের মাঠে পর্যান্ত, বেখানে যাইবে, সেইখানেই দেখিবে বিক্রত
মায়াবাদ ও দৃষিত অদৃষ্টবাদ সর্ব্বি পরিবাধ্য হইয়া রহিয়াছে; সবাই

কহিতেছে এ সংসার কেবল মায়ার কাও ; সবাই বলিতেছে, আমার মুখ ছঃখ, কর্ম অকর্ম, কর্মণ্য অকর্মণ্যভাব, সকলই অনুষ্ঠৰশে ঘটিভেছে: তাহার উপর আমার শক্তি কি, যাহা করাইতেছে আমি কেৰল তাহাই করিয়া যাইতেছি ;—চেষ্ঠায় আবার কল কি, অথবা এ মাদ্বাময় সংসারে বেশী আড়ম্বর করারই বা প্রয়োজন কি ? পুনঃ, তাহা কয়দিনের জনা ? বলিতে কি, বাস্থারাম, এমন অবসন্নকারী বিশ্বাস আর এ জগতে হইতে পারে না; এবং ইহা মানবকে যতদুর অর্কর্মণ্য করিতে সক্ষম, বোধ করি তেমন আর এ জগতে কিছুই নাই। ইহা কথায় বলিয়া আর কি করিব; নিত্য নিতা, প্রতি মুহুর্তে, প্রতিজনে, প্রতিবেশিবর্গের মধ্যে ইহার ফল যাহা প্রত্যক্ষ করিয়া আসিতেছি, তাহার উপর আর বর্ণনার অপেকা রাখে কোথার ? আমার নিজ প্রতিবেশিবর্গের মধ্যেই এই ष्मृष्ठेरारन्त्र हिंख चाद्र अनुहरू । चनाहारत, जनूहिल कियाय, ইহারা ও ইহাদের আশ্রিত পরিবারবর্গেরা নিত্য ক্রেশে, নিতা ধ্বংস-মুথে অগ্রসর হইতেছে: ইহারা স্বচ্ছদে দেখিতেছে এবং কি দেখিতেছে তাহাও বুঝিতেছে, তথাপি তাহার প্রতিবিধানের নিমিত্ত কিছুমাত্র যত্নগ্রহণ করিতেছে না। শৃগালকুকুরের জীবন অতিবাহিত করিবে তাহাও শ্রেম:, তথাপি উপায়ের জন্য ঘরের বাহির হইবে না; আরও আন্চর্য্য, উপার হাতে তুলিয়া দিলেও তাহা গ্রহণ করিতে চাহে না ! এক অনৃষ্ঠ দেখাইয়া, উপার অনুপার,ত্রথ হঃখ, আশা নিরাশা, সকলেরই নিবৃত্তি সাধন করিয়া থাকে। বলিতে কি. দেখিয়া শুনিয়া, উপারের অবাচিত সংগ্রাহক এবং দাতা মিনি, জাঁহাকে বরং অপ্রতিভ হইয়া অধোমুখে ফিরিয়া আসিতে হয়। আশ্বা! আশ্বা! মনুষাবৃদ্ধি জ্ঞানের আধার হইয়াও এতটা আত্মসংহারক হীনাবস্থার নামিতে পারে! ধনিষ্ঠতা প্রযুক্ত আমি যতটুকু স্থানের অভঃস্থল পর্যাক্ত দর্শনে এরপ চিত্র দেখিরা খেদাখিত হইতেছি: বোধ করি প্রত্যেক দর্শক দৃষ্টিচালনা করিলে সর্বত্রই এইরূপ চিত্র তাঁহার দৃষ্টিপথে পতিত হইবার পক্ষে অসন্তাব হইবে না। নিশ্চয়ই বাস্থারাম, ভারত অধঃপতনের শেষ

সীমায় আসিয়া উপনীত হইয়াছে! এখন হইতে কি তবে এ চিল্লের পরিবর্তনের আশা করা যাইতে পারে না ?

ভারতীয় তত্ত্ব এবং ধর্মবিদ্যার যে মায়াবাদ ও অদৃষ্টবাদ ঘোষিত হইরাছে, তাহা অতি উন্নত ও পবিত্র তত্ত্ব। মারাবাদ প্রমেশ্বরের শক্তিলীলা এবং অদৃষ্টবাদ পুরুষকার ও কর্ম্মের উত্তর পরিণতি। এ মারাবাদ এবং অদুষ্ঠবাদ সম্যক্ হৃদয়ক্ষম করিতে পারিলে, মারাবাদে ধার্ম্মিকতা এবং অদৃষ্টবাদে পুরুষকারের বৃদ্ধি করিয়া থাকে; কিন্তু ভারতের পোড়াভাগ্যে ফল ফলিয়াছে উহার বিপরীত। মায়াবাদ এবং অদৃষ্টবাদ উভয়ই অতি প্রাচীনতত্ত্ব; বেদে উহা উল্লিখিত, উপনিষংকর্ত্তাদিগের দারা স্থাপিত এবং দর্শনকর্ত্তাগণের দ্বারা উহা মীমাংসিত হইয়াছে। পরবর্ত্তী ধর্মগ্রন্থসমূহ, যথা পুরাণাদি, দেই দার্শনিক মীমাংদাদমূহের রূপক লইয়া প্রায় অধিকাংশ পরিমাণে গ্রথিত। এক্ষণে সমাজমধ্যে এই পুরাণাছি অভিনব শাস্ত্রগ্রুসমূহের আধিপত্যই দর্কেদর্কা : স্কুতরাং জ্ঞানী হইতে অজ্ঞানী পর্যান্ত সর্বাত্র মায়াবাদ এবং অদৃষ্টবাদের কথা কিছু না কিছু চালাচালি হইয়া গিয়াছে। বিষয় তুইটি বেমন উচ্চ, তেমনি বদি উচ্চশ্রেণীস্থ জ্ঞানীদিগের মধ্যে কেবল উহা আবদ্ধ থাকিত, তাহা হইলে আর কোন ক্ষতিই ছিল না। কিন্তু দারুণ অজ্ঞানী পর্যান্তে উহা চালিত হওয়ায়, দর্জনাশের স্থারুপে পরিণত হইয়া গিয়াছে। যে যেরূপ জ্ঞান-পর্ফায়ের লোক, তাহাকে তদপেক্ষা উচ্চতত্ত্ব দিলে, সে তাহার বিক্লতি-সাধন পূর্বাক আপন সমতায় না আনিয়া ক্লান্ত হয় না। মায়াবাদ ও অদৃষ্ট-বাদ সম্বন্ধেও সেই দশা ঘটিয়াছে। যে অপরমুখীন তত্ত্তান্থি, মায়াবাদ ও অদৃষ্টবাদ ছন্ন এবং বিক্নতিবিশিষ্ট হইলেও, বহু পরিষাণে তাহাদের সমতা সাধনে সক্ষ হইত, তাহা ইহাদের কাছে একেবারে শূনা। অতএব একে ইহাদের মায়াবাদ ও অদৃষ্টবাদ ছন্ন ও বিকৃত, তাহাতে আবার দে সকলের শিক্ষা একম্থী মাত্র; স্থতরাং কেন না তাহাতে নান। অনিষ্টের উৎপাদন হইতে থাকিবে ? ইহাদের শিক্ষা যে কি ভয়ন্ধর তাহা দেখ,একে মারার শিকা-এ সংসারে সমস্তই অনিত্য এবং অকিঞ্চিৎকর:

তাহার উপর আবার অদৃষ্ট শিক্ষা দিতেছে যে কোন মসলের আয়োজন করিতে বা অমসলের বেগ ফিরাইতে যাওয়া র্থা চেষ্টা, যাহা হইবার তাহা অবশাই হইবে। যে দিন ভারতে এরপ বিরুত তত্ত্বর প্রথম উদ্ভাবন, সেই দিন হইতেই ভারত উৎসন্ধ্রম্থ। উহারই জন্য প্রধানতঃ ভারত উৎসন্ধ্র গিরাছে, এবং এখনও বাইতেছে। এখনও কি সময় হয় নাই,বিধাতঃ,এখনও কি কাহাকে পাঠাইবে না, যে এই বেগ ফিরাইয়া অধংপাতিত ভারতকে পুনর্কার উর্জম্থ করাইতে সমর্থ হয় ? আসল মায়াবাদ ও অদৃষ্টবাদ হইতে তাহাদের বিরুত রূপকে পৃথক করিবার জন্য, শেবাক্তকে নিমে বিরুত শব্দের ঘারা বিশেষণ্যক্ত করা হইল।

ভাগ তোমার এ বিক্কত অদৃষ্টবাদে আছে কি? আইস বাঞ্চারাম, আমরা এই স্থানে স্ব স্থ জানযোগ মত একটু তাহা দেখিয়া লই। আমি একবার একজন বোর অদৃষ্টবাদীকে দেখিয়াছিলাম। আমি তাহার অদৃষ্ট পড়িয়া বলিলাম, তোমার অদৃষ্টে লেখা আছে বে, আমি তোমাকে এই উচ্চতট হইতে পদ্মার জলে নিক্ষেপ করিব, আইস তবে তোমাকে কেলিয়া দিই; তাহাতে সে অদৃষ্টে নির্ভর করিতে ও সম্মত হইতে পারিল না। কেবল ইহা নহে, তদ্রপ্রভাবাপর অপারপর বিষয়েতেও অদৃষ্টপাঠে অদৃষ্টবাদী আপন অদৃষ্ট দেখিতে পার না; দেখিতে পার সে কেবল যথন কোন মহৎ বা শ্রম ও ক্ট্রাধা কার্যা সে করিতে পারে না বা করিবে না অথবা যেখানে আলসেয়গা ভাষান দেওয়ায় বাগধা জন্ম। অতএব এ বিক্রত অদৃষ্টবাদিকে যে কিছু গোল আছে, ভাহা হারা আপনিই প্রতিপন্ন হইতেছে।

বিক্কত অনৃষ্টবাদকে ক্ষণেক স্থগিত রাখিয়া, আগে বিক্কত মায়াবাদের বিষয় একটু আলোচনা করা যাউক; যেহেতৃ প্রথমোক্তটি কিয়দংশে শেষাক্তের উপরে নির্ভর করিয়া থাকে। ধর্ম ও তর্গ্রাছোক্ত মায়াবাদ অতি উল্লত পদার্থ এবং তাহার ব্যাখ্যানভাগও এমন কৃটতর যে, অতি প্রশন্ত ও প্রথম বৃদ্ধি না হইলে তাহা স্কদ্মদম করিতে পারা যায় না। কিন্তু ভারতীয় ঋষিগণও অতিশয় বিচক্ষণ ছিলেন; তাঁহাদের বিচক্ষণভার

একটা প্রধান পরিচয় এই যে, কে কেমন অধিকারী, কাহার পক্ষে কি উপযুক্ত এবং কোনটাই বা কাহার পক্ষে অপকারী হইতে পারে, তাহা তাঁহারা বিলক্ষণ বুঝিতেন এবং সেই জন্যই তাঁহারা একের পক্ষে যাহা উপকারী, অন্যের পক্ষে এমন কি তাহার পরিচয় প্রাপ্তি পর্য্যন্ত নিষেধ করিয়া গিয়াছেন। সন্তবতঃ সেই কারণ হেতু, মায়াবাদেরও আলোচনা ও অমুষ্ঠান এমন দঙ্কীর্ণ সম্প্রদায়ের মধ্যে নির্দেশ করিয়া গিয়াছেন যে সাধারণ সংসারস্থলীতে, সংসারস্থলীর নিজের চেষ্টা ও দোষ ভিন্ন, তাহার প্রবিষ্ট হইবার সম্ভাবনা অতি অন্নই। এই জগৎ ও জগতন্ত বিষয় সমন্ত মায়িক স্ষ্টি, স্মৃতরাং অনিত্য এবং ভ্রমদৃশ্য বটে, কিন্তু সে অনিত্যতাদি কাহার তুলনে ?— অনস্ত সচ্চিদানন্দ পুরুষ ঘিনি তাঁহার! পুনশ্চ, মায়িক সংস্থারের অতীতে সত্যাসতা, ধর্মাধর্ম, পাপপুণ্য, স্বর্গ নরক, ইত্যাদি সমস্তই অলীক বলিয়া ব্যাখ্যাত;--কিন্তু বাপু বাঞ্ছারাম, একবার মনে কর দেথি, অনধিকারীর পক্ষে এই সকল কি ভয়ম্বর কথা এবং উহা সর্ব্ব-নাশের মূল অরূপ হয় কি না? ঋষিরাও এ কথানা ব্রিতেন এমন নহে। বুঝিতেন বলিয়াই তাঁহারা, মায়িক সংস্কারের অতীত তত্ত্ব ও অফুঠান যাহা, তাহার নাম জ্ঞানকাণ্ড এবং সংস্কারাধীন তত্ত্ব ও অফুঠান যাহা, ভাহার নাম কর্মকাণ্ড বলিয়া নির্দেশ করিয়া দিলেন এবং এই ও অপুরাপর সাধারণ বৃদ্ধির বিপ্লবকারী বিষয় সম্বন্ধে ইহাও শাসন করিতে ক্রটি করিলেন না যে, অত্যুচ্চ শাস্ত্র যে সকল, তাহার অধ্যয়ন ও অনু-ষ্ঠান, উভরই দংস্কারাচ্ছন্ত্র অল্পজ্ঞানীর পক্ষে নিষিক। এখন বুঝিবে কি त्य, এই निरंघ ए छेनकाती कि अनकाती अवर छेहा आर्थआ लानि कि তদনাতর

ত্রথনকার দিনে অনেকের বিশ্বাস যে ব্রাহ্মণেরা স্বার্থপ্রণো-দিত হইয়াই ওরূপ উচ্চ শাস্ত্রাধ্যয়নাদি নিষেধ করিয়াছিলেন !

এখন জ্ঞানকাপ্ত পালনীয় কাহার পক্ষে ?—যাহারা প্রকৃত সন্ধ্যাসাবলম্বী; যাহারা সংস্কারাতীত অত্যুক্ত সংস্করপ পদবীতে আরুঢ়; যাহাদিগকে আর কোন সন্দেহ, সংশন্ধ বা কিছুতেই ঈশ্বরামুগত পুথ হুইতে

বিচলিত করিতে পারে না। সৈইরূপ কর্মকাগু পালনীয়.—সংস্কারাচ্ছর সাধারণ জ্ঞানমাত্রসম্বল সংসারাবলম্বার পক্ষে; তাহাদের সমক্ষে এই স্থাষ্ট মারিক ও মিখ্যা নহে, উহা ষ্থাদৃষ্ট্রং সূত্য এবং জীব ও পরমেশ্বরের মধ্যে স্ট-ভ্রষ্টা সম্বন্ধ ও অনিবার্য্য; স্কুতরাং ইহার মধ্যে মায়িক অনিতাতা আদি, জ্ঞানসঙ্গত ভাবে স্থান পায় না এবং যদি বা জোর করিয়া স্থান পাইতে দেওয়া যায়, তাহা হইলে তাহা স্থানামুরূপ আত্মবিকৃতি না করিয়া তিষ্ঠিতে পারে না। লোক সকল যদি স্বীয় স্বীয় সংস্কার ও মতিগতি অনুসারে চলিত এবং সংস্কার অতিক্রমে সক্ষম না হওয়া পর্যান্ত, সংস্কারাতীত বিষয়ে হস্তক্ষেপ করিতে না চাহিত, তাহা হইলে আর কোনই গোল বা অনিষ্ঠের সম্ভাবনা থাকিত না। কিন্তু মানুষের ক্রমোন্নতি-বিষয়িণী আকাজকা সে কথা বড় বুঝে না, এজন্য তাহা কথনও ক্থনও সামঞ্জসাচাতিতে অ্যথা প্রধাবিত হইতে পাইয়া বিষম গোল বাধাইয়া বইদে। কার্য্যতঃ মায়িক ধারণা ও তদমুষ্ঠানের সামর্থ্য না থাকিলেও, অনায়ত্ত ব্যাখ্যান ও ভাক্ত জ্ঞান এ উভয়কে অবলম্বন পূৰ্বক, মাতুষ মায়িক অনিত্যাদি বৃদ্ধিকে বিকৃত করিয়া তুলিয়াছে। সেই বিক্লতবৃদ্ধিফলে এখন এরূপ দাঁড়াইয়াছে যে তন্তারা চেষ্ঠা এবং পুরুষকার উভয়ই প্রতিষিদ্ধ হওয়ায়, উদ্যম ও অধ্যবসায়শীল কার্যো মানুষ ভগ্ন-পদ হইয়া গিয়াছে এবং জীবনেরও প্রতি সম্ভবাতিরিক্ত মমতা বুদ্ধি হইবাতে, জীবনান্তপণে করণীয় যে সকল জাতীয় হিতকর কার্য্য তাহা দূরে প্রায়ন করিয়াছে। এক কথায়, মহুষ্প্রেকৃতি দাফ্য অবসম্বতা প্রাপ্ত হইয়াছে। মারাবাদ ভারতে পূর্বাপরই আছে, কিন্তু পূর্বে তাহা কোন অনিষ্ঠ করে নাই আর ইদানীং তাহা করিতেছে; ইহার কারণ, ব্রান্ধণেরা পূর্ব্বে জ্ঞানী ছিলেন এবং তাঁহাদের শাসনও অক্ষুণ্ণ ছিল; আর এখন তাঁহাদের সে জ্ঞানও কমিয়াছে এবং শাসনও শিথিল হইরা গিয়াছে। ১৬

৩৬। বোধ করি, এই বিকৃত মারাবাদকে নিন্দা করিবার জন্যই পদ্মপুরাণে এরপ উক্ত,—

সাধারণতঃ কর্মকাণ্ড আশ্রর করিয়াই জগৎ এবং হিন্দুশাস্ত্রামূ-সারে, জ্ঞানকাণ্ড-আশ্রমীর পক্ষেও কর্মকাণ্ড একেবারে পরিতাজনীয় নহে। পুনশ্চ, উপরে ইহাও উক্ত হইয়াছে যে, কর্মাত্মকদৃশ্রে এই স্কৃষ্ট যথাদ্বর্ত্তবং স্বত্য : স্কুত্রাং এই জগতে স্পনিত্যজ্ঞানে উপেক্ষা করিবার বিষয় কিছুই নাই। অনিত্যতা বুদ্ধির নিক্ট কর্ত্ব্যবৃদ্ধি তিঠে না, কর্ত্ব্যবৃদ্ধি না থাকিলে যথাৰ্থ কৰ্ম যাহা তাহা অসম্ভব হইয়া পড়ে: অথচ কিন্তু আমরা দেখিতেছি যে কর্মের দারাই এই জগৎ পরিচালিত হয়। অতএব তোমার অনিত্যতা বিষয়ক বৃদ্ধি, কর্মাদৃষ্টিতে দেখিতে গেলে, বড়ই গহিত বলিরা প্রতিপন্ন হয়। কর্মানৃষ্টিতে জগংও মিথ্যা নহে এবং বিষয়ও কোনটাকে অনিতা বলিতে পারা যায় না। অনিতা তাহাকেই বলা যায়. যাহার পূর্বতন তত্ত্বিদ্দিগের নির্দেশিত জন্ম বৃদ্ধি ও ক্ষয় ত আছেই, অধিকন্ত যাহা ক্ষয় হইলে দর্বপ্রেকারেই অন্তিত্বশূন্য হয় অর্থাৎ যাহার অন্তিত্বালীন নিক্ষিপ্ত উত্তেজন অথবা প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষ উত্তর ফল প্রভৃতি পশ্চাতে কিছু না থাকে: এবং পূর্বেষ যাহা গত হইল ও তাহার উত্তরে যাহা আসিতেছে, যদি তাহাদের মধ্যে সদম্বন্ধ ভাব না থাকে: এবং পূর্ব্বে গত বিষয়ের দারা যদি উত্তরে আগত বিষয় বিশেষণবিশিষ্ট না হয়। কিন্তু আমরা দেখিতেছি ইহার কিছুই হয় না।

বাঞ্যবাম, তোমার সম্বন্ধে বহিঃপ্রকৃতির অন্তিত্ব অনন্তিত্ব ভাব, তুমি তোমার নিজ পূর্ণ অহন্ধারবাধের বশ্যতার কিরপে উপলব্ধি করিয়া থাক; এবং তোমার সন্দে সম্বন্ধ আছে বলিয়াই কেবল সেই জন্য, বাহ্নজাং তোমার নিকট কিরপ মূর্ত্তিতে প্রতীয়মান হইয়া থাকে; অত্যে একবার তাহার অলোচনা করিয়া দেখ। বায়্ভরে কুস্থমগন্ধ আসিতেছে, আমি আণ পাইতেছি, অত্এব উহারা আছে। ঐরপ রপ, ঐরপ রস, ঐরপ শব্দ, ইত্যাদি ইত্যাদি। কিন্তু আমার যদি আণেক্রির, রসনেক্রিয়, শ্রবণেক্রিয়, ইত্যাদি না থাকিত, তাহা হুইলে উহাদের অন্তিত্ব থাকিত

"বেদার্থবন্মহাশাস্ত্রং মায়াবাদমবৈদিকং। মন্ত্রেৰ কৃথিত: দেবি জগতাং নাশকারণম॥" কোথার ? আমাদের যদি অন্সেতর-বোধশক্তি না থাকিত, তবে তোমার রুক,পত্ত,পত্ত,পর্বাত,সমুদ্র, শিলা, এ সকল ভিন্নতা-জ্ঞান কোথায় রহিত ? ভিন্নতাবোধক আমার বোধশক্তিও আমি যাই আছি, তাই উহারা আছে; আমি না থাকিলে উহারাও থাকিত না। অহস্কারপূর্ণ ও আত্মসম্বন্ধতে পদার্থদ্রষ্ঠা ভ্রাস্ত তত্ত্বদর্শিমাত্রে ঐরপ ভাবিয়া থাকে.. এবং উহারই কল্যানে নানাবিধ মোহজাল বিস্তার করিয়া আপনা আপনি তাহাতে আবদ্ধ হয়। ভাল, এখন জিজ্ঞাস্য, উহারা যদি ছিল না এবং পরেও যদি না থাকে, তবে তৃমি যথন নিঃসহায়, নিরুপায় শক্তি-সঞ্চালন-বিমৃত, বিবেকশ্ন্য, এই কর্মক্ষেত্রে আদিয়াছিলে, তথন তোমার অবলম্বন কি হইয়াছিল; এবং যথন আবার ঘাইবে, তথনই বা তোমার অবলম্বন কি হইবে ? কার্যামাত্রের পক্ষে কারণ বেমন অচ্ছেদ্য বা অপরিহার্য্য, অন্তিত্ব বা উৎপত্তি বা ক্ষয়াদির পক্ষে অবলম্বন পদার্থও দেইরূপ অপরিহার্য্য জানিবে। এই অবলম্বন পদার্থের মধ্যবর্ত্তিতা হেতৃই, জীব ও মানবের বৈরাজতত্ব সহ যে মহৎ সম্বন্ধ, তাহার সঞ্চার হইয়া থাকে। অতএব তুমি থাক বা না থাক, উহারা ছিল এবং থাকিবেও। ভাল, তুমিই কেন না ছিলে, বা থাকিবে না? তবে থাকিবে না কি ?—রপবৈচিত্র-আয়ত্তক তোমার প্রদত্ত সংজ্ঞা। এই সংজ্ঞানায়ক শক্তিই, তুমি মহাবিরাটের অংশ হইলেও, তোমাকে তাহা হইতে পুথক করিয়া রাখিয়াছে; উহার প্রভাবে তুমি অন্য সকল হইতে আপনাকে পৃথক বলিয়া ভাবিতেছ; উহার প্রভাবে তুমি বিশ্বের ষাবতীয় বস্তুর যাবতীয় বিষয়ে মানদণ্ডরূপে আপনাকে কল্পনা করিতেছ এবং যেন সেই দকল প্রাগলভ কর্ম্মের প্রায়শ্চিত্ত স্বরূপেই, সেই সংজ্ঞা-দায়ক শক্তিবশে আবার স্ববৃদ্ধি-নিরূপিত স্থথছঃথাভিঘাতে মুছমান এবং পরিমের বস্তুর ভাব সকলের দ্বারা ভাবান্তর প্রাপ্ত হইতেছ।

এখন একবার তোমার সঙ্গে সম্বন্ধ বিচ্ছেদ করিয়া দেখ, বহিঃ-প্রকৃতি বা বাহাজগৎ বস্তুতঃ কিরূপ দাঁড়াইয়া থাকে। এখন যদি সত্য সত্যই তোমাকে খুন না করিয়া, কেবল তোমার প্রদত্ত সংজ্ঞা এবং সেই সংজ্ঞাপ্রদায়ক তোমার চিত্তশক্তিমাত্র হরণ করিয়া, আর সমস্ত তোমার যেটা যেমন বজায় রাথিয়া, বাহ্যজগতাদির প্রতি অবলোকন ও তাহা ধারণা করিবার চেঠা করিতে দেওয়া য়ায়, তবে তাহাতে কিরূপ ফল দাঁড়াইবার সম্ভাবনা ? কি বলিব, বলিতে পারিতেছি না; হতসংজ্ঞায় বলিবার 'বলনই' নাই যেখানে, সেখানে কি বলিব ? সত্য কথা! তুমি কি করিয়া বলিবে, তোমার দোষ কি ? তোমাকে কিরূপ হইয়া দেখিতে বলিতেছি তাহা অবশ্য অমুভব করিয়াছ ?— বাহ্যজগৎ + (তুমি—সংজ্ঞা ও সংজ্ঞাদায়ক চিত্তশক্তি)। পাটাগণিত পড়িয়াছ, তবে এ অঙ্ক না বুঝিবে কেন ?

ভাল! তুমি বলিতে না পার, আমি দেখিতেছি। বাহুজগং হইতে দূরে দাঁড়াইয়া দেখিতেছি। আমি তুমি হইয়া দেখি, বা তুমি আমি হইরা দেখ, এ স্থানে তাহা একই কথা; কেবল এইমাত্র মনে রাথিও, কোধায় দাঁড়াইয়া এবং কিরূপ সম্বন্ধবিচ্ছিন্ন হইয়া দেথিতেছ। এখন দেখ, বাহুজ্গং হইতে সংজ্ঞা এবং তৎপ্রদায়ক চিত্রশক্তি হরণ পূর্বক উঠাইয়া লইলে রহিল কি ? নামশূন্য অপার রূপরাশিমাত্র; এবং যেমন দেখিয়া আসিলে, তুমিও, কেবল তোমার চৈতনা ও চিত্ত-শক্তি বাদে, সেই অপার রূপরাশির অপৃথক অংশ! রুক্ষ, লতা, পর্বত, সমুদ্র, শিলা, এবং তোমার তুমিত্ব বাদে তুমি, সেই মহান্রপরাশির অবিক্রিল অঙ্গবৈচিত বিশেষ। রূপরাশি বৈচিত্রময়, সচঞ্চল, পরিবর্ত্তন-শীল। ঐ যে পর্বতসাম, ঐ যে বনভূমির গর্ডদেশ, উহাতে কত নৃতন স্ষ্টির সূত্রপাত, কাহারও অঙ্কুর, কাহারও প্রাহ্নভাব, কাহারও বিলয় এবং তাহাতে আবার অপরের আবির্ভাবের স্থ্রপাত কতই যে হুইতেছে,তাহা ভূমি যদিও দেখিতে পাইতেছ না,তথাপি ভাহা হুইতেছে। তিল তিল করিয়া হইতেছে, অদুখা ভাবে হইতেছে; যথন দুখা হইবে, তখন যদি দেখিবার জন্য কোন চক্ষু থাকে, সে দেখিতে পাইবে মে, সে কার্য্য কি অভুত, কি অপূর্ন্ম ! যদি বুগারস্তে এবং যুগের অভে,তোমারও দেখিবার শক্তি থাকিত, তাহা হইলে তুমিও দেখিতে পাইতে যে, রূপ-বৈচিত্রের **কি** দারুণ তরক কালমূল হইতে আরস্ত করিরা কাল-অস্ত-মূপে ছুটিয়া চলিয়াছে।

কাল এবং শক্তির সংমিলনে রূপের প্রচার। জলবাস্পে সৌরকর-সংযোগে মেঘজনরে ইন্দ্রধকুর সঞ্চার দেখিরাছ, এরূপ রূপরাশির সঞ্চারও অবিকল তদ্রপ না হউক, সেই রকমের বটে;—কিন্তু এ কথা ব্যাখ্যের নহে, অমুভবনীয় মাত্র। বিষয় বত গুরুতর ও পাঢ় হর, ততই তাহা বাক্যের অতীত হইয়া উঠে। সে যাহা হউক, রূপ বস্তুবিশেষের বাহ-প্রচার মাত্র, স্বরং বস্তু নছে। অতএব রূপরাশিকে অতিক্রম করিয়া চল, যে বস্তুর উহা বাহ্যপ্রচার তাহার অনুসন্ধান কর। কই, দেখিতে পাইলে ?-কাল এবং শক্তির সংমিলন ভাব। সংমিলনও সম্পূর্ণ বস্ত নহে, সাহচর্য্যে উহা বস্তু। অতএব উহাও অতিক্রম করিয়া আইস. দেথ এথন কি আছে,—কাল এবং শক্তি! তাহাই। এখন বুঝিলে, যাহাকে তুমি বাহ্যজগৎ বলিয়া থাক, তাহা রূপ-প্রচার, কালহদয়ে শক্ত্যাভাসে এই রূপ-প্রচার সংঘটিত হয়: যাহাকে প্রকৃতি বলিয়া থাক তাহা শক্তি; যাহাকে আশ্রেয় বলিয়া থাক, তাহা কাল; যাহাকে আধার বলিয়া থাক, তাহা দেশ; যাহাকে কর্মা বা রূপ-বৈচিত্র সংঘটন বলিয়া থাক, তাহা কালসংমিলনে শক্তির গতিমাত। এই কাল ও শক্তি সাংখ্যকারের হাতে পড়িয়া পুরুষ ও প্রধান; এবং তন্ত্রকারের হাতে পডিয়া মহাকাল ও মহাকালীরূপে পরিণত হইরাছে। সাংখ্য-কারের নীরস পুরুষ ও প্রধান হইতে, বঙ্গগৃহে কালীমূর্জিটি বড় হৃস্কর দেখি, ও দেখিতে বড় ভাল বাসি। আৰ্য্য ঋষি অনেক দেখিয়া, জ্ঞানেক ভাবিয়া, কোণাও স্থির ভাবে বসিতে স্থান না পাইয়া, বছপ্রমবিধ্বন্ত হইয়া, অবশেষে এই কাল ও কালীকে অবলয়ন করিয়া কমঞ্চিৎ শান্তি লাভ করিতে সমর্থ হইয়াছিলেন। অমলরজভক্তে সহাত্ত-মাশু স্থির-নিশ্চল প্রশান্তমূর্ত্তি মহাকাল, পদতলৈ সর্বাদীনভাবে নিপতিত। উপরে উপগতা, নৃত্য-সচঞ্চলা, মেববরণা, বরাভয়-থর্পর-মুগুহস্তা, এবং "শবানাং করসংঘাতৈ: কৃতকাঞ্চী হসনুখী, ঘোররাবা মহারোদ্রী শ্মশানালয়বাদিনী" রূপে মহাশক্তিরপা শ্রামা বিরাজিত। উর্ক্রকেশা, উরুত্তা, উর্মাদিনী, বেগভরে আমৃলজগৎ কম্পিত,—স্বর্গে স্থা, পাতালে ভূজগাধিরাজ। কিন্ত দ্বিরক্ত শহাস্য-আস্য সেই মহাকেব কেনন হিরভাবে নিপতিত রহিদ্ধাছেন। যে দিকে দেখ,সর্বাত্তই সেই মহাকাল-ময় জগৎসংসার; সর্বত্তই বক্ত সমানভাবে পাতিয়া রহিয়াছেন। স্বত্তরাং, এ অঘোর নৃত্ত্যে নর্ত্তকীর পদ্চাতিজনিত স্থাইবিশৃশ্বশেষ সন্তানা নাই। তোমার সাংখ্যকারের পুরুষ ও প্রধানের স্থার, তন্ত্রকারের এই মহাকাল ও মহাকানী নিরস নির্মাক জড়জটিল আয়েসর্বাহ্ব নহেন; ইছারা উভয়েই আবার আপেন ইইবিশেষকে জপিয়া থাকেন; অথবা গুলকর্মাতীতে ইইাদিগকেই স্বর্গং ইই বলিয়া ব্যাধ্যাত না করি কেন,—"বহং রাজী সঙ্গমনী বস্নাঞ্চিকিত্বী প্রথমা যজিয়ানাং" এবং স্ত্রে মণিগণের ন্যান্ধ জগদ্রক্ষাও বাহাতে প্রথিত হইয়া রহিয়াছে? প্রথম বলিতে পার, সেই ইই কি ?

বিশ্বাবৈদিতে, অনন্ত বহুল হইলেও, ক্রমগংকোচে সংমিলিত হইরা

আত্ত যণার বিন্দুমাতে পরিণত হইরাছে, সেই বিন্দুই কি তবে দেই

"বস্য প্রভাবমতুলং ভগবান্ অনন্তরন্ধাহরণ নহি বক্তুমণং বলক"

এবভ্ত জনত মহিমাপূর্ণ ইউমূর্তি ? দেও আগষ্টিনের উক্তি—'যে বিন্দু
বিশ্বচক্রের সর্ব্রেই মধ্য-বিন্দুরূপে বিরাজিত, ভাহাই ঈধর।' বলিতে
পার, আমানের এ বিন্দুও কি দে সেই মধ্যবিন্দু ? ঘলিতে মা পার,
ভাবিরা দেগ; যতকণ বলিতে না পার,ততকণ এ কথা আর ত্লিও না,
এ কথা আর কহিও না। এই বিন্দুরূপী মহান্ মূল হইতে যে কমিনাপ্রবাহ ছুটীয়াছে, কামনার দেই প্রবাহ-গুণই হহাশক্তি। এই মহাশক্তির
আভাসবাস্থি, মহাকাল। মহাকালের বিস্তার-বিকাশে দেশ। মহাশক্তি
এই তাহার আল্লোধারভূত মহাকালের সহ সংমিলনে, ভদবন্ধনে বেগবতী

হইরা চলিরাছে। তবে কি এই জনাই, তান্ত্রিক প্রথি স্কাম বন্ধ-চৈত্তর
ব্রহ্মা বিশ্ব মহেশ্বর এই তিম্বির প্রস্তিরণে খংগ্মক বির্ম্ব করিয়া

ত্বিরা, তাইকেই আবার দেই মহেশ্বের পরিণীতারণে স্থাপন করিয়া

গিয়াছেন ? কি পূঢ় গুহু, কি হুকর তত্ব ! আবাৰ্য এবি ভিন্ন এ পূঢ় গুহু উত্তেদ করিরা তত্ব উদ্বাচন আর কাহার দ্বারা সন্তব হইতে পারে ? আব্যাঞ্চিয় ! পিতৃ-দেবতা ! তোমাকে শত শত নমস্বার ।

কাল অনস্তব্যাপ্ত এবং নিশ্চল। তদবলম্বনে মহাশক্তি প্রবাহিত। অনন্তমূল হইতে সমুদ্ধূত হইয়া, অনন্ত পথে, অনন্ত বেগে, অনন্ত অন্তে ছুটিয়া ঘাইতেছে। আশ্রয়ভূত কাল অনস্তব্যাপ্ত, স্কুতরাং হর্দম-গতিতেও আধাররপী কালচ্যতির সম্ভাবনা নাই। এই অনস্ত গতিবলৈ প্রতি-মূহুর্ত্তে, অথচ পূর্ব্ব ও পর মুহুর্ত্ত সহ অবিচিছন্ন ভাবে, কাল সহ শক্তির নিত্য নূতন সংমিলনে, নিরবচ্ছিল্ল নিত্য নূতন রূপ-বৈচিত্তের সঞ্চার। গতির বিরাম নাই, স্থতরাং নিত্য নূতন রূপ-বৈচিত্রেরও বিরাম নাই। এ বিষে যাহা কিছু দেখিতেছ, স্থুল নেত্রে যাহা কিছু নয়নগোচর হইতেছে, সকলেই সেই শক্তিস্লোতে নিরবচ্ছিন্ন ভাসিয়া যাইতেছে ; ইচ্ছায় অনিচ্ছায় সকলেই ভাসিয়া যাইতেছে; অথবা তাহাই বা বলি কি জন্য, শক্তিস্রোতে তাহারা ধারা প্রতিধারা ইত্যাদি মাত্র। ঐ যে বৈঠকের উপরে স্থন্দর বাঁধা ছকাটি দেখিতেছ, ঢাকাই শিল্পকৌশলে একটি ফীতগণ্ড ব্যাঘ্র হাঁ করিয়া, ছাগ বা মনুষ্যশিশুর অভাবে, একটি কুম্বমশিশুর মাথা ছিঁড়িতে উদ্যত: ভাবিতেছ যে উহাকে বেমন দিব্য ত্কাটি বসাইয়া রাথিয়াছি, উহা তেমনই দিব্য হুকাটি রহিয়াছে : শক্তি-্রোতের ত কোন চিহ্নই দেখি না, রূপেরই বা রূপান্তর কই ৪ কিন্তু নির্ব্বোধ ! তুমি যতই বল, আমি তোমাকে স্পষ্ট করিয়া বলিতেছি বে, তুমি যে সকল দেখিতে না পাইয়া উপহাস করিতেছ, তুমি দেখিতে পাও বা না পাও, তথাপি জানিও, ষাহা হইবার তাহা হইয়া ষাইতেছে। তুমি বতক্ষণ ধরিয়া এই কয়টি কথা কহিলে, চক্ষু থাকিলে দেখিতে পাইতে যে. ইহারই মধ্যে ব্যাস্ত্রিক্রম সমেত তোমার বাঁধা ছকাটি শক্তিলোতে কতদূর ওতপুত ভাসিরা চলিয়া গিয়াছে। তথাপি প্রতায় না হয়, আর এক কার্য্য কর, তোমার ঐ বাঁধা হুকাটি যেমন ভাবে আছে, ঠিক তেমনুই ভাবে পঞ্চাশ বংসর ঘরে চাবি দিয়া ফেলিয়া

রাথ, একবারও উঁকি দিয়া দেখিও না। পঞ্চাশ বংসর পরে বর খুলিয়া ছকাটি যেমন অবস্থার দেখিবে বলিও; তথন আবার তোমার সঙ্গে এ বিষয়ের বাক্যালাপ ও বাক্চাতুরী করা বাইবে।

ফলতঃ এই বিশ্বের প্রতি বারেক সমত্বে অবলোকন করিয়া দেথ।
পরমাণ্টি হইতে বৃহত্তম জ্যোতিকপিও পর্যান্ত বিশ্বন্থ বাবতীয় পদার্থ
সচল, স্কলেই নিরবছিয় গতিবশে অনন্তমুথে ছুটিয়া চলিয়াছে। শান্তি
নাই, বিরাম নাই, সেই একই মুথে ছুটিয়া চলিয়াছে। ঐ যে লোক
আসিতেছে, লোক যাইতেছে, কাপড় কিনিতেছে, কাপড় ছিঁড়িতেছে;
ভাত হইতেছে, ভাত পচিতেছে; এ সকল কি ? সেই সেই বস্তুর
সেই অবিশ্রান্ত গতিক্রিয়ামাত্র। কালসমুদ্রজলে জলব্রুদ্বং ক্ষণেক
উঠিতেছে, ক্ষণেক ডুবিতেছে। এই জলব্রুদ্বং যথন যাহা ভাসিয়া
উঠিতেছে, তথন ভাহা আমরা ভাত, কাপড়, বা যে কোন সংজ্ঞাবারী
বস্তুর্রপে ভাহাদিগকে অবলোকন; আবার যথন ডুবিতেছে, তথন ভাহাদিগকে ধ্বংসরূপে দর্শন করিয়া থাকি! অপার-শ্রনণক্ষেত্রিহারী
শ্রাম্যমাণ ধ্নকেত্ সদৃশ, এই বিশ্বরক্ত্মে বারেক মাত্র ভাহারা নয়নসমক্ষে সমৃদিত হইয়া, অবিলম্বে আবার স্বীয় গতিবশে নয়ন-অতীতপথে বিলীন হইয়া যাইতেছে; আর কথনও নয়নসমক্ষে আসিয়া
উপস্থিত হইবে কি না, কে বলিতে পারে!

₹বচিত্র হইতে বৈচিত্রান্তর প্রবর্তনে, পূর্কবৈচিত্রের যে ভিত্তিভাবে পরবৈচিত্র মধ্যে অপলোপ হয়, তাহাকেই আমরা আমাদের চলিত ভাষার ধ্বংস বলিয়া থাকি। তবে ধ্বংস কি বস্ততঃ
ধ্বংস? বাঞ্চারাম, কথন কোন বস্ত ধ্বংস হইবার সময় জ্ঞানচক্ষ্তে
কৈ তাহার প্রতি একবারও দৃষ্টিপাত করিয়া দেখিয়াছ? যদি
না দেখিয়া থাক, তবে একবার ভাল করিয়া দেখা উচিত। দেখিতে
পাইবে, কোন বস্তু পূর্তা প্রাপ্ত হওয়ার পর, ধ্বংসমূথে পতিত হইবার
নিমিত্ত বেথান হইতে তাহার অবনতিপ্রাপ্তির স্ত্রপাত হইয়াছে;
ঠিক সেইখান হইতে, তাহার গাত্র-উভ্ত ও গাত্র-সংলগ্ধতাবে, আর

একটি বস্তু সমৃদ্ধত হওয়ার স্ত্রপাত হইয়া চলিয়াছে। পূর্ব ইস্ত ক্রমেই উত্রোত্তর যেমন সঙ্কীর্ণতা প্রাপ্ত ও ধ্বংসমূখে অগ্রসর হইয়া আসিতে থাকে; উত্তর-বস্তুও তেমনি ক্রমে ক্রমে উত্তরোত্তর পুষ্টতা প্রাপ্ত হইয়া, পুর্বাবস্তার ক্রম-সন্ধীর্ণতা হেতুপরিতাক্ত স্থান অধিকার পূর্বাক, স্বীয় মধ্যाक रवीवनमूर्थ চলিয়া आहेरन। উত্তর-বস্ত ক্রমে ক্রমে, তিল তিল করিরা, যত দুরে আসিয়া পুণতা প্রাপ্ত হইল ;, পুরুবস্তুও ঠিক তৃতদূরে জ্ঞমে জ্ঞমে, তিল তিল ক্রিয়া, উত্তর বস্ততে সমাবিষ্ট হ্ইয়া লোকনয়নে ধ্বংসপ্রাপ্তে অদুশ্র হইয়া গেল। যেথানে পূর্ব্ব-বস্তর এই অপলোপ এবং উত্তরবস্তর পূর্ণতা দৃষ্টি করিলাম; ঠিক তাহার অব্যবহিত পরে বা সেইখান হইতেই, সেই পূৰ্ণতাপ্ৰাপ্ত উত্তর-বস্তর কোলে আবার এক নৃতন উত্তরবস্তুর সঞ্চার ;—প্রথমোক উত্তরবস্তু, আবার সেথান হইতে পূর্ববস্তুত্ব ভাব পাইয়া ধ্বংস প্রাপ্ত ছইতে চলিল। একের বিকার ও ধ্বংদে অপরের উদয় হয়, মৃত্যু ও জন্মের যুগপৎ একতা সমাবেশ ;—এ বিশ্বসংসারের এইই গতি! যে দিকে দেখিবে, ইহাই প্রতি মুহুতে অভিনয় হইয়া আসিতেছে। অতএব এখন জিজ্ঞাসা করি, ধ্বংস কি বস্ততঃ ধ্বংস ? রূপবৈচিত্র হইতে রূপবৈচিত্রান্তর গ্রহণ বা পূর্ব্ধ-বস্ত উত্তর-বস্তুতে ঢাকা পড়িয়া তাহার ভিত্তিরূপে পরিণত হওনকে যদি ধ্বংদ বল, তবে তাহাই। নতুবা বস্ততঃ ধ্বংদ কোথায় ? পদার্থমাত্রের, প্রাণিমাত্রের, ইহাই ক্ষয় অবস্থা বলিয়া পরিগণিত হইয়া থাকে। অনস্তমূর্ত্তি জগৎসংসার, অনস্তগতিযোগে ও অনস্ত প্রকারে তাহার রূপ হইতে রূপান্তর গ্রহণ এবং বস্ত হইতে বস্তুত্র সংঘটন ; তাই ভূমি দকল সমভাবে দেখিতে পাইতে ও মিলাইয়া লইতে না পারিয়া গোলে পড়িয়া থাক। কিন্ত তুমি গোলে পড়িয়া থাক বলিয়া, প্রকৃতির ক্রিয়া ও তাহার নিয়মে কথনও ব্যতিক্রম বটনা হইতে পারে না।

মহাকালপথে গম্যমান্ মহাশক্তিবশে আবর্ত্তনশীল পদার্থনিকরে, নিরস্তর স্থানান্তর কালান্তর ও অবস্থান্তর প্রোপ্তিতে তাইদের নিত্য নবগুণবিকার উপস্থিত হওয়ার, নিতা নবরূপবৈচিত্র সংঘটিত হওয়ার

সম্ভাবনা হর। ওণবিকারই লোকনয়নে ধ্বংস বা অসং; এবং রূপ, অন্তিত্ব বা সং। উপরে রূপবৈচিত্রসঞ্চারের যে নিপুঢ় তত্ব আলোচনা করা গিরাছে, এরপেই তাহার আধিতোতিক ও বহি:প্রচার হইরা থাকে। দ্বপ সং বলিয়াই, রূপ এবং রূপাত্মক বাবতীয় বিবর অনস্ত अमरतत (मोमर्गाःभ ७ ७७ाःभ वनित्रा कीर्छि**७ इत्र। 'त्रश' এ**वः 'বিকার', এই ভাবন্বর, ইহারাই আধিভৌতিক জগতে বিষয়ভেদে ও বস্তুভেদে, শুভাশুভ, আলোক অন্ধকার, দিবারাত্র, বসস্ত শিশির, উন্নতি অবনতি ইত্যাদি। বাঞ্চারাম, তুমি যে মনোহর বাসন্ত সমৃদ্ধি-পরিপুরিত প্রদোষকাল দেখিয়া স্থামুভব করিতে করিতে, আবার পরক্ষণেই তদ্বিপরীত মেঘ বিহাৎ বক্সবটা ঝড় জল দেখিয়া ভয়ে অভিভূত হইয়া কাঁপিতেছিলে, তাহা কি ? তোমার সেই স্থখময় প্রদোষ এবং তাহার পরক্ষণেই তল্লাশক সেই ঝড় জল, ইহারা এই দর্বজনীন অসৎ ও সতের প্রকারাস্তর অভিনয়মাত্র ; বস্তভেদে, বিষয়ভেদে, ভিন্নরূপ দেখাইতেছিল, তাই তাহাকে চিনিতে পার নাই। যদি অজ্ঞানতা বশতঃ তথন চিনিতে না পারিয়া থাক ; ভাল, এখন একবার দেখ দেখি চিনিতে পার কি না। কিন্তু আর এক তামাসা দেখিয়াছ এবং উপরেও তাহা আভাদিত করিয়াছি যে, যে অসংকে, যে অভত বা যে অব-নতিকে, আমরা সাধারণতঃ অসং বলিয়। বিবেচনা করিতেছি; এবং বাহা স্মরণ করিয়া তজ্জনা অনুতাপ বশতঃ মোহমুগ্ধ হইয়া থাকি, কথন কথন বা কতই বিলাপ-ব্যাকুলিত হই; তাহা পরিণামে সত্যসত্যই তজ্ঞপ বিলাপ বা অফুতাপের বিষয় নহে। যেহেতু, সহুদয়েরই ভাহা পূর্ব্বস্থত্ত এবং কথা আছে না, অসৎ হইতেই সতের উদয় হইয়া থাকে ? ইহা অবশ্য ব্রিরাছ যে, মহাশক্তি অগ্রগামিনী হইরাই চলিতেছে,পশ্চাৎ **হটিতেছে না: স্থতরাং পূর্ব্ব অবস্থা হইতে উত্তর অবস্থার যে গমন,** সেই গমনকে অগ্রন্থিত বা উচ্চ অবস্থার গতি এবং উন্নতিশালী বলিয়া वना यात्र। भूनः, এक अवश हहेर्छ अवशास्त्रवत मस्या (र अस्त्रका. তাহার অতিক্রমক্রিয়াই গুণবিকারভাব বা অসং; অতএব অসতের

পরিণান যাহা, দেখা যাইতেছে যে প্রকৃত পক্ষে তাহাই উচ্চে গতি বা সং; এবং যে অবস্থার যথন যাহাকে আমরা হ্রাদ বলিরা গণনা করিতেছি, সে অবস্থার তথন তাহা কার্য্যতঃ তজ্জাতীয় উচ্চপথে গতিক্রিয়ামাত্র। দেখ তবে এখন, অসংও বড় কম আদরের বস্তু নহে; অসং অভাবে উন্নতির সংসার অচল হইয়া যায়।

এথানে যথন সদসতের কথা উঠিয়াছে, তথন আর একটি কথা বলা কর্ত্তব্য। আধিভৌতিক জগতের দদদৎ দেখিয়া ভাবিও না যে, আধ্যাত্মিক জগতের বা আত্মিক সদসংও তদ্ধপ। ভূত পদার্থ দেশ-কালাদির অধীন, আত্মপদার্থ তাহার অতীত। অথবা ভূত পদার্থের মূল-উৎপাদক ও পরিচালক যে প্রাকৃতিক শক্তি, জীবের স্বেচ্ছাশক্তি তাহার শঙ্গে সমশ্রেণীর; স্থতরাং স্বেচ্ছাশক্তি ভূত পদার্থের অনেক উপরে এবং অনেক উপরে বলিরাই,জীব সকল জডজগতের উপর আধিপতা করিতে সক্ষম হয়। এখন দেখ শক্তির সদসৎ ভাব কি হইতে পারে १ শক্তির যখন একমাত্র পরিচয় ও কার্য্য গতিশীলতা, তথন তাহারই ব্যতিক্রম বা তদন্যতরে অসং বা সতের সম্ভাবনা হয়। অত এব, শক্তির যথাপথে গমনে সৎ এবং তদন্যতর বা অয়থা পথে গমনে অসৎ বলা যায়। শক্তির গতিশীলতার ফল কার্যা। স্থতরাং তাহার যথাপথ বা স্থপথগমনে স্কার্য্য হয়, আর বিপথ গমনে কুকার্য্য বা অকার্য্য এবং অকার্য্য হেতু সুকার্য্যের ব্যাঘাত হয়। এই অকার্য্য এবং অকার্যাজন্য স্থকার্ম্যের ব্যাঘাতে আত্মিক অসতের সঞ্চার হেতৃ, মানবে পাপের সঞ্চার হইয়া থাকে এবং ইহারই নিমিত্ত মানব ''স্বর্গনরকাদির" ভাগী হয়। যেমন মহাজ্ঞান হইতে মহাশক্তি চালিত হইতেছে, তেমনি মানবীয় জ্ঞান হইতে স্বেক্ষাশক্তি চালিত হইয়া থাকে। এই কারণে, মানব সেই শক্তির স্থপথ বা বিপথ গমনের নিমিত্ত দায়ী হইবার, পুণ্যবান বা পাপী হইয়া থাকে :—প্রাক্তিক শক্তি মহাজ্ঞান হইতে চালিত হওয়ায়,বস্ততঃ তাহা তজ্জাতীয় অনন্তাবপরিশূন্য। তথাপি যে আমরা প্রকৃতিতে অনৎ (অর্থাৎ বিকার বা ধ্বংস) দেখিয়া থাকি এবং যে অসতের বিষয়

অব্যবহিত পূর্ব্ধে আনোচনা করিয়া আদিলাম, তাহা বস্ততঃ রূপ হইতে রূপাস্তর পরিগ্রহণে মধাবর্ত্তী অবস্থার সংজ্ঞাবিশেব মাত্র। তাহাকে অসং বলিয়া বিবেচনা করার আরও এক বিশেষ কারণ এই বে, জীবের ভোতিক ভাগ, প্রকৃতির অংশভূত হওয়য়, য়থাপরিমাণে সেই বিকারে বিকারভাগী হয়; এবং জীবের চৈতন্য অংশ, তাহার ভোতিক ভাগসহ অচ্ছেদ্য সম্বন্ধ বিধায়, সেই বিকারে ক্রেশাভূভব করিয়া থাকে। সাম্যাবস্থাতেই চৈতন্যের স্কুথ, বিকারে ছঃথ এবং ছঃথই সাধারণতঃ অসংপ্রিণাম বলিয়া গণিত হয়।

এখন বলা বাহুল্য যে, উক্ত প্রাকৃতিক অসং যাহা তাহা কেবল বহবায়তন ও ক্রিয়া চুর্দ্ধতা হেতৃ এবং আমাদের ইন্দ্রিয়গণের বিষয়-গ্রাহিতার ভাব হইতেও,্যেন যথার্থ অসৎ বলিয়া প্রতীয়মান হইয়া থাকে। এই অসতেরই উন্মাদে, সাধারণ জ্ঞানিবর্গ হাতাকাতা ছাড়িয়া নানা রূপে উন্মাদিত হইয়া আসিতেছেন। একটা কাঁকুড়ে তিন লক্ষ বিচী হইয়াছে, তুইটার মাত্র চারা হইল, কিন্তু আর দকল ধ্বংদ হইয়া গেল; এরূপ কেহ বাঁচে কেহ মরে, কেহ পাকে কেহ ফুলে, এ তরবতর मनमः नीना (थनात कातन ?—ভावियाह आकून! हेशानत मत्छ (य কয়টা বিচীর চারা হইল, তাহাই দার্থক ও দতের কার্যা; যাহা নষ্ট হুইল তাহা অসার্থক ও অসতের কার্য। এই সদস্দের কারণ নির্থ করিতে গিয়া কেহ আনেন আত্রমজ্ব ও অংগ্নৈতু, কেহবা ঈশ্ব ও শয়তান; কেহ বলেন সংও অসং হুইটি নিতা সত্তা আছে এবং তাহারাই এ সংসারে নিরস্তর একাধিপত্য করিয়া থাকে। কেন বাপু, এত কল্পনা এত গোলযোগ! তোমারও ত প্রয়োজন আছে এক সেই প্রয়োজনে কত ভাঙ্গ ও কত গড়। তোমার যেমন. প্রকৃতিরও দেইরূপ প্রয়োজন থাকায় বাধা কি? মনে কর, প্রকৃতির ঘরে একটা নৃত্ন পুতৃণ তৈয়ার হইবে, ভাহার মদলার নিমিত্ত ছই কম তিন লক্ষ্ কাঁকুড়ের বিচীর বিকার হইতে প্রস্তুত মৃত্তিকার আবশ্যক;—আবশাক কিছু অভুত বা অসম্ভব নহে, তোমারও কলম বাঁধিতে ত নানা রকমের মৃত্তিকার দরকার হইয়া থাকে। আমার বাগান, আমার শ্রম, তিন লক্ষ বিচী তৈয়ার করিতেছি, ছইটি বা তাহার মধ্যে পুনরুৎপত্তির জন্য রাখিতেছি, বাকি মাটি করিয়া লইতেছি, তাহাতে তোমার মাধাব্যথা এত কেন ? শয়তান,শনি, মায়ার ধনদ অথবা জরপুল্লের অংগুমইফু বা ইংরেজ মিলের অসং-তত্ত্ব, ইহাদেরই বা মধ্যবর্ত্তিতার আবশাকতা গণিয়া থাক কি জন্য ? তাই ভাল জিজ্ঞাসা করি. এখন একবার তোমার নিজের কাজ (मिथित जान इस ना कि १-- भरतत (थाँदिक (यथन जैमान वह इड ना) উন্মাদ না হইয়া, নিজের সদসতের প্রতি দৃষ্টি রাথিলেইত ভাল হয়। বলা বাছলা যে,মানবীয় শক্তিচালনেও,শক্তিধর্মামুসারে,প্রকৃতি সহ সম-জাতীয় অসতের কিয়ৎ পরিমাণে সম্ভব অপরিহার্য্য: তবে কিনা তাহা সঙ্কীর্ণতা ও বছলাংশে আমতাধীনতা হেতু সচরাচর বড় একটা গণনায় আইসে না। বাহা হউক, আমরাও লোকাচার অনুসরণে ভাক্ত অর্থাৎ প্রাকৃতিক অনংকে গুদ্ধ অনং বলিয়াই সংজ্ঞাযুক্ত করিয়া যাইব; হয়ত তজ্জনা প্রবন্ধোতরদেশে সদসদ্বোধের জ্ঞান লইয়া কিছু জড়তা ঘটিয়া যাওয়ার সম্ভাবনা, কিন্তু বাঞ্চারাম, সে জড়তা হইতে আসল পদার্থ উদ্ধার করিয়া লইতে পারিবে না কি ?

এথানে আরও একটা কথা উঠিতেছে যে, তবে কি এ জগতের—
এ বিশ্বক্রাণ্ডের, প্রাকৃতিক তাবং বিবরে উন্নতি বা শুভই সর্ক্তম্ব ;
অবনতি বা অশুভ বাহা তাহা বার ? শুভ হইতে শুভান্তর উচ্চে নীত
হওনার্থ গতিক্রিয়ার নাম বদি অশুভ হয়, তবে অশুভ শব্দ সন্থরে
আমাদিগের যে ভন্ধভাব আছে, তাহা কি অলাক এবং অকারণ ? তাহা
এখন বার বিলিয়াই বােধ হইতেছে। এই যে অশুভ দেখিতেছি, ইহা
আমাদের ভেদ ও থপ্ত দৃষ্টিতে যতই অশ্পক্ষ ও বিপরীতধর্মী বিলিয়
অশ্ভত হউক না কেন, কিন্তু সমগ্র দৃষ্টিতে এখন যেন উহা প্রাথনীয়
বিলিয়াই বােধ হয়। আমাদের কাম মন্তর্ম ও দৃষ্টি, সমস্তই সীমাবিশিষ্ট;
ভাই অনস্ভান্ত বিষয় ব্রিতে না পারিয়া নানা গোলবােগ উপস্থিত

করিয়া থাকি। এখানে তুমি হয় ত তক্রপ উন্নতির অবশান্তাবিতা অস্বীকারে বলিবে যে মনে কর, একটা জাতি একেবারে উৎসন্ন হইয়া গেল: তাহার সে স্থলে উন্নতির সম্ভাবনা রহিল কোথায় ?--বিশ্ব-নিয়মে উন্নতি কিছু বন্ধ থাকিবে না; তবে কি না এথানে তাহা ব্যক্ত সংসার পরিত্যাগ করিয়া অব্যক্ত সংসারে আবরিত হইরাছে, এইমাত্র প্রভেদ। ইহা জানিও, নদীতে স্রোতোবেগের প্রবলতা হেতু অনেক ধারা বিপরীতগামী হইলেও, মোটের উপর সমস্ত ধারাই সমুদ্রে গিয়া পতিত হয়। তাই তবে এখন দেথিয়া বল দেখি যে বর্ণিত অন্তভের অন্তিত্ব না থাকিলে,উন্নতি অভাবে সমস্ত জগৎ অন্ধকারময় ও সৌন্দর্য্য-শুন্য হইয়া ধাইত কি না ় কিন্তু নিয়ন্তা যিনি তিনি মঙ্গলময়,তাঁহা হইতে তাহাও কি কথনও সম্ভব হয় ৭—মঙ্গলময় মহা-উৎস হইতে যাহার উৎপত্তি দে মহাশক্তি যেরপেই গতিশীলা হউক না কেন.তাহা কি কথন অমঙ্গলময়ী হইতে পারে, না তাহা হইতে অমঙ্গলময় অবনতি বা অভভ ফল ফলিতে পারে ৭ মঙ্গলময় মনীধা হইতে অমঙ্গলময় কামনার সম্ভাবনা কোথায় ? তুমি ইচ্ছা করিলে, আত্মবৃদ্ধিগুণে আপনাপনি কথন কথন মানুষ ঘুচিয়া বানর সাজিতে পার, কিন্তু নিয়ন্তার নিয়মপথ অবলম্বন করিলে কথনই সেরপ পারিবে না। সে নিয়ম ধরিয়া চলিলে, তোমার উচ্চ হইতে উচ্চতর মনুষাত্ব বা উন্নতি পথে যাওয়া ভিন্ন অন্য উপান্ন নাই•৷

রূপ এবং বিকার, এতছভরের মধ্যে 'রূপ' কি নিকট কি দূর উভর সম্বন্ধে অনাগত অনস্ত কার্যাসমষ্টির জনক, স্কৃতরাং ইহার সত্তা অনস্ত; 'বিকার' তাহা নহে, যেরূপ রূপ প্রবর্তিত করিতে উহা উপস্থিত, তাহা করিয়াই ক্ষান্ত হয়,স্কৃতরাং ইহার সত্তা অন্ত। মানবীয় অন্বরে ইহার একটা দৃষ্টান্ত দেখ,—রূপ নিতাই, উত্তর কার্যারাশির কল্পনা-মূর্ত্তি অর্থাৎ মানস-শরীর নির্মাণার্থে, নিজ স্করণোখ ভাবময় উপকরণ সকল যোগাইয়া তাইতেছে; কিন্তু বিকার তাহা ঘোগার না অথবা উর্ধ্ব সংখ্যায় মানস-শরীরনির্মাণে, ক্রাটবোধের কারণস্বরূপ হইয়া, সাবধান মাত্ত করিয়া

দের। যাহা হউক, নিরন্তর দেই অনন্ত ও অন্ত, রূপ ও বিকার, অথবা উৎপত্তি ও ধ্বংস সংঘটনে এই পরিদুশ্যমান ব্রহ্মাণ্ডক্রিয়া; তহভয়ের যুগপৎ সমাবেশ হেতু অথবা যুগপৎ জন্মযুত্য অভিনয়ের দারাই, এই পরিদৃশ্যমান স্থাষ্ট উত্তরগামিনী ও উন্নতিশালিনী হইয়া প্রবাহরূপে পর পর প্রকাশমান হইয়া আদিতেছে। বৈদান্তিক মারাবাদও, প্রবাহরূপে এই সৃষ্টির (স্কুতরাং সৃষ্টিস্থ বিষয় সকলের) অনস্তম্ভ স্বীকার করিয়া থাকে: পুনঃ উক্ত বৈদান্তিক শিক্ষা অমুসারেই, সংস্কারাধীনে এই অনস্তত্বজ্ঞান একেবারে অপরিহার্যা। ফলতঃ এই প্রত্যক্ষ অনন্তমূর্ত্তি এবং তাহার অনস্ত ক্রিয়াপ্রবাহ ও ক্রিয়া-পরিণাম সন্মথে দেখিয়াও, যে তাহাকে অনিত্য জ্ঞানে উদ্যম্পন্য হয়, তাহাকে বিষম ভ্রান্ত ও আত্মঘাতী ভিন্ন আর কি বলা যাইতে পারে ! তবেই দেখ, তুমি অন্তস্তরূপ বিকারের দারা অনস্তস্থরূপ রূপকে আরুষ্ট হইতে দেখিয়া এবং বিকারের ক্রিয়া-তেজে বিমূঢ় হইয়া, রূপ ও রূপময়ী সমস্ত জগৎকে অনিত্য জ্ঞানে, তাহাকে উন্মাদবৎ উপেক্ষা পূর্ব্বক কেবল আত্মনাশ ও সকলনাশ করিতে অগ্রসর হইয়াছ। ধ্বংসক্ষয়াদির অধীন হইলেও, যাহা ভূত বিষয়ের উপর পদ স্থাপন করিয়া উদ্ভূত এবং যাহা ভবিষ্যতের উৎপাদক ও উত্তেজক স্থলীয় হয়; স্থতরাং যাহা উভয়মুথেই অক্সন্ত সম্বন্ধ সর্বাদা অটুটভাবে রক্ষা করিয়া থাকে, তাহাকে কথনও অনিতা বলা বাইতে পারে না।

বেমন বলিলাম, এইরপেই ভূত ও ভবিবাৎ উভয় সহ অক্ষ সহদ রক্ষার রপোৎসারণে রূপান্তরের উৎপত্তি হয়। পুনশ্চ, এই সংসারে অনস্ত ও অন্ত এতহুভয়ের প্রভাবোৎপদ্ম চুইটি গুণ নিরস্তর কার্য্য করিয়া লাইতেছে এবং সেই কার্য্যফলে এই জগৎ। প্রথমটি পুরুষগুণ, দ্বিতীয়টি স্ত্রীগুণ। পুরুষগুণ সভা,স্ত্রীগুণ তদনাতর ও বিকার। সভা রূপ,বিকার ধ্বংস বা লোপ। ধ্বংস এবং লোপ, অয়য়শূন্য হইলেই, রূপে প্রকৃত অনিত্যভা আনিয়া উপস্থিত করিতে পারিত; কিন্তু তাহারা অয়য়শূন্য নহে; ধ্বংস —একের অপরে পরিণতি এবং লোপ,—এক অপরের ভিত্তিরূপে পরিণত

হওন। অতএব রূপ এবং রূপপ্রবাহ, স্থতরাং জগৎস্থ পদার্থ সকল, অনিত্য জ্ঞানে উপেকা করিবার বিষয় নহে। তাই আবার বিদ, জগৎ সত্য; তোমার অবলম্বিত মারাবাদ ও অনিত্যতাবৃদ্ধি মিথ্যা। আর সেরূপ বৃদ্ধির বশবর্তী হইরা উদ্যমশ্ন্যে আত্মনাশ ও সকল নই করিও না।

তোমার অবলম্বিত অদৃষ্টবাদও তজ্রপ। লোকে যেমন ধ্বংসলোপাদি-ক্রিয়ার প্রভাবদৃষ্টে ভ্রমান্ধতাবশতঃ রূপের অনিত্যতা কল্পনা করিয়া এবং বৈদিক মায়াবাদের বিকৃত ধারণায় মুগ্ধ হইয়া অনিষ্ঠভাগী হইয়াছে; দেইরূপ প্রাকৃতিক ক্রিয়াশব্জির প্রভাবদৃষ্টে, দৃষ্টিভ্রমবশতঃ স্বেচ্ছাশব্জি অর্থাৎ পুরুষকারের অভাব কল্পনা করিয়া, অদৃষ্টবাদে মুহুমান হইয়া নানাবিধরূপে অনর্থোৎপাদন করিতেছে। বৈদিক অদৃষ্টবাদ যথার্থ সভ্যোদ্ভাসক, স্থতরাং তাহাতে পুরুষকারেরও প্রয়োজন ও প্রবলতা সম পরিমাণে দৃষ্ট হয়। বৈদিকতত্ত্ব অনুসারে, পূর্ব্ব পূর্ব্ব জন্মের স্বেচ্ছোৎপন্ন কামকর্মজনা যে কর্মপুত্র, তাহাই ইহজন্মে অদৃষ্টরূপে পরিণত হইয়া ইচ্ছাতীত কার্য্য সকলের উৎপাদক হইতেছে; এবং ইহজন্মের স্কেক্ষোৎপন্ন কামকর্ম্ম যে সকল,তাহা পুনঃ ভবিষ্যৎ জন্মের জন্য অনুষ্ঠাকারে পরিণত হইবে। অতএব শ্রুতির মতে মূলস্থানে মামুষের স্বেচ্ছাশক্তিই প্রবলা এবং সেই স্বেচ্ছাশক্তি, জন্ম-জন্মান্তরভেদে,কখনও অদৃষ্ট কখনবা সাক্ষাৎ ্সেচ্ছাশক্তির আকারে কর্মরাশির উৎপাদন করিয়া থাকে। জন্মান্তর স্বীকার করিলে এ অদৃষ্টবাদ, জ্ঞান এবং যুক্তি উভয়দমত এবং বুদ্ধি-মানের নিকট পুরুষকারের পক্ষে যথেষ্ট উত্তেজক স্বরূপে গৃহীত হয়। কিন্ত তোমার অবলম্বিত অনুষ্টবাদ স্বতন্ত্র পদার্থ; তদমুদারে মানুষ, জন্ম হইতে মৃত্যু পর্যান্ত, কান্নিক বাচিক ও মানসিক এই ত্রিবিধ দ্বার দিয়া যাহা কিছু কর্ম আচরণ করিবে,তাহা সমস্তই অগ্রে বিধাতা কর্তৃক স্থিরীকৃত হইয়া রহিয়াছে এবং তাহার বিরুদ্ধে যে কিছু যত্ন ও চেষ্টা দে সমস্তই বিফল, বেহেতু মামুষের সাধ্য নাই যে এক পদও তাহার অন্তথার অগ্রসর হইতে পারে। এমন স্থলে মানুষের যে কিছু উদ্যম ও

অধ্যবদার, তাহা অধিকন্ত ও পশুশ্রমাত্র; অতএব এ অদৃষ্টবাদ পুরুষকারকে একেবারেই নই করিয়া,মানুষকে জড়পদার্থ স্বরূপে পরিণত করিয়াথাকে। এরূপ অদৃষ্টবাদীরা স্বেচ্ছাশক্তির অস্তিত্ব, তাহার চালনা ও তজ্জনিত ফলাফল, বড় একটা ব্যে না; জড় পদার্থের কলে ঘ্রিয়া বেড়ানর ন্যায়,মানবকে অদৃষ্টহত্তে ক্রীড়াপুত্লের স্বরূপ বিবেচনা করিয়া, অকর্শাশীলতায় মাট হয়। "যাহা অদৃষ্টে আছে তাহাই হইবে," এ বড় সর্কাশাশকর বিশ্বাস! কেন না মানব ইহার প্রভাবে অকর্শা হইয়া অধঃপাতের পথে অগ্রসর হইবে! বাহারাম, এরুপ অদৃষ্টকে আমরাও সত্য পূজা করিতাম, বদি দেখিতে পাই তাম বে মানবীয় স্বেচ্ছাশক্তি সর্ক্সময়েই, প্রাফৃতিক শক্তি হইতে অন্যথা গমন বা তাহা হইতে পিছু হটন বা তদপ্রগমনে অসমর্থ; অথবা স্ক্রাই বদি যথাচালিতরপে প্রাকৃতিক শক্তির অস্ক্সরণ করিয়া ফিরিত। কিন্তু আমরা দেখিতেছি, তাহা করে না।

এ বিশ্বে আমরা শক্তির কেবল এই দ্বিবিধ মাত্র বিভাগ দেখিতে পাই, এক প্রাকৃতিক শক্তি, অপর স্বেচ্ছাশক্তি; ইহা ব্যতীত আর তৃতীর শক্তিবিভাগ নাই। স্কুতরাং তৃমি যাহাকে অদৃষ্টশক্তি বলিয়া থাক, তাহা হর এই ছইরের একতরকে ব্যাইয়া থাকে, নতৃবা তাহা কিছুই ব্যায় না। একলে প্রাকৃতিক শক্তি ও স্বেচ্ছাশক্তির সম্বন্ধ বিবেচনা করিয়া দেখা যাউক। পূর্ব্বে অনেক স্থানে বলিয়াছি, প্রাকৃতিক শক্তি আলো, স্বেচ্ছাশক্তি তাহার পরে; এবং স্বেচ্ছাশক্তি প্রাকৃতিক শক্তির অন্বন্ধনামানী। এই অন্ধ্যনালায়ী ভাব দৃষ্টে এবং এতং হেতু তহুভয় শক্তির পৃথকত্ব উপলব্ধি করণে অসমর্থতা জনা, অজ্ব মানব এই বিক্বত এবং হর্দ্ধর্ব অদৃষ্টবাদের কয়না করিয়া ভূলিয়াছে। সে বাহা হউক, স্বেচ্ছাশক্তি প্রাকৃতিক শক্তির অন্ধ্যনালারী ও তহুৎপদ্ধ কার্য্য প্রাকৃতিক শক্তির অন্ধৃতাবে এক বা প্রাকৃতিক শক্তিতেই তাহা লীন হইয়া অন্তিম্বান্থ হইবে, এমন কোন কথা নহে। স্বেচ্ছাশক্তি,প্রাকৃতিক

শক্তির অমুক্দে সর্বাণ কর্মা করিবে সত্যা, কিন্তু কর্মনির্বাচন ও কার্য্য-আচরণকালে তাহার স্বাধীনতাও যথেষ্ট লক্ষিত হয়। স্বেচ্ছাশক্তির এই যুগপৎ স্বাধীন-পরাধীন ভাবই মঙ্গলকর, তদতিরিক্তে একেবারে স্বাধীন বা একেবারে পরাধীন উভয় ভাবই অমঙ্গলের কারণ হইরা থাকে।

আমরা দেখিতেছি, মানবচিত্ত বহির্জগৎ হইতে নানাবিধ ভাব সকল প্রাপ্ত হইতেছে; বহির্জগৎই কর্মের উপকরণরাশি যোগাইতেছে এবং বখন উপকরণরাশি যোগার, তথন ইহাও একরপ আভাস দিয়া দিতেছে যে কিরপ কিরপ কর্ম সেই সকল ভাব ও উপকরণযোগে সাধিত হইতে পারে। কিন্তু এখন সে সকলের মধ্য হইতে কর্ম্মবিশেষ নির্ম্বাচন এবং ভাহা সম্পাদন করিবে কে ? উপকরণ যোগান ও কর্ম্মাভাস দান করা পর্যান্তই অদৃষ্টহন্ত বলবান্ দেখিয়া আসিলাম, কিন্তু ভাহার পর ? তুমি বলিবে করিবার জন্য বে ইছা, ভাহারও প্রবর্ত্তক ক্থিত বহির্জগংস্থ ভাব সকল ও ভাবোথ উত্তেজনা; এবং করণ যাহা, তাহা কর্ম্মেক্রিয় দিয়া সেই ইছারই বাহ্যবিকাশ ভিন্ন অন্য কিছুই নহে। ভাল, এখন দেখা হউক, ভোমার এ কথা কভদুর সদার বা তদন্যতর।

কাঠে প্রস্তর সংঘর্ষে অগ্নির উৎপত্তি হইল; এথানে অগ্নির প্রকৃত উৎপাদক কে? আমরা জানি যে প্রস্তর বা তদীয় সংঘর্ষ, এ ছ্রের কেইই তাহার প্রকৃত উৎপাদক নহে। কাঠের স্বধর্মবাশ তাহাতে যে স্ব্যাতেজ নিহিত হইয়া থাকে,তাহাই অগ্নিরূপে প্রকাশিত হয়। তজ্ঞপ অগ্নিবৎ উপমেয় মানবের স্বেচ্ছাশক্তি যাহা, জাগতিক ভাব বা ভাবোথ উত্তেজনাকে তাহার উৎপাদক বলা যার না। স্বেচ্ছার উদ্দীপনে এবং প্রকাশনে উত্তেজক জাগতিক ভাব সকল কেবল নিমিত্ত স্বরূপ হইয়া থাকে; নতুবা স্বেচ্ছা পদার্থের আদি মূল যাহা তাহা সে সকল হইতে জনেক দ্রে। স্বেচ্ছাশক্তি মানবের স্বীয় স্বভাবাস্তর্গত বিষয়; বহিবিষয়েয় ভাবোথ উত্তেজনায় ভাহা উদ্দীপত অবশ্যই যথেই পরিমাণে হয় বটে, কিন্তু গে উদ্দীপিত স্বেচ্ছাকে শমতাকরণ শক্তিও ত অয়বিত্তর প্রায় সকল মানুষেতেই প্রত্যক্ষীভূত হইয়া থাকে।

জারও দেখ, ইচ্ছা উদ্দীপিত হইবামাত্র এবং তাহার পোষক উপ-কণরাশি সন্মুখে পাইলেও, মানব কলচালিতের ন্যায় তাহাতে কার্যা-প্রবন্ধ না ইরা, করে তি ছিবিরণী আরাআর ও হিতাহিতের কথা বিবেচনা করিরা থাকে; সেই হিতাহিত বিবেচনা ও তাহার জ্বনা যে কালব্যাজ, তাহাই স্বেচ্ছার স্বাধীনতা পক্ষে একটি বিশিষ্ট পরিচায়ক বলিয়া জানিও। স্বেচ্ছা সমগ্রত পরপ্রভাবোৎপর ও পরাপেদ্দী হইলে, সেরূপ কথনও হইতে পারিত না। এই স্প্টিতে মানবের নিজের যুগপং স্বাধীন-পরাধীন ভাব হেতু, তাহার স্বেচ্ছাশক্তিও স্বতরাং তজ্ঞপ অবস্থা প্রাপ্ত ইরাছে। জাগতিক ভাবে যে উদ্দীপিত হওন ও তজ্জনা কার্যো যে প্রবৃত্তির উৎপাদন, ইহাই প্রাকৃতিকশক্তি স্বকাশে স্বেচ্ছাশক্তির প্রাধীনতা জ্ঞাপন করিয়া থাকে; তাহার পর সেই কার্য্যের যে কর্ত্তরাাকর্ত্তব্য বিবেচনা ও তাহাতে যে প্রবর্ত্তনা বা অপুর্বর্তনা, তাহাই স্ক্তেভাতাবে তাহার স্বাধীনতার পরিচম দিয়া দেয়।

মান্তব শরীর এবং আত্মা উভরবিশিষ্ট হওয়ায়, শারীরভাগে মহাপ্রকৃতির অংশ-সম্ভবতা জন্য তাহার অধীনতা এবং আত্মিকভাগে, আত্মার অনাদি এবং শুরুব্দাদি সভা হেতু, তাহার স্বাধীনতা। শরীর এবং আত্মা, উভয় উভয়ের অপেকাশীন অতি ঘনিষ্ঠ সম্বন্ধে সম্বন্ধিত হওয়ায়, অধীনতা এবং স্বাধীনতা, উভয় উভয়তঃ পরিচালিত হইয়া, বহুপরিমাণে স্বভাবাস্তর সাধন পূর্বক অধীনতে স্বাধীন এবং স্বাধীনকে অধীনবং দেখাইয়া থাকে এবং অধীনতা ও স্বাধীনতা ইহাদের কাহার অধিকার-সীমা কতদ্রে, তাহা নিরূপণ করা অতিশয় কঠিন করিয়া তুলে। এই কঠিনতাজন্য অলজ্ঞানীরা লমে পড়িয়া, কেহ বা কেবল অধীনতার প্রভাব অন্থভবে, আলোচ্য বিকৃত অনুষ্ঠবাদের ন্যায়, একনাত্র অভাব অন্থভবে, আলোচ্য বিকৃত অনুষ্ঠবাদের ন্যায়, একনাত্র অভাব অন্থভবে, আলোচ্য বিকৃত অনুষ্ঠবাদের ন্যায়, একনাত্র অভাব অন্থভবে, আলোচ্য বিকৃত অনুষ্ঠবাদের ন্যায়, একনাত্র অনুষ্ঠবাদী অবং স্বাহ্ম অধিকার ঘোবণা করিয়া থাকে। বলং বাছলা যে, অনুষ্ঠবাদী এবং স্বেচ্ছাবাদী, উভয়্ত ঘোর ভ্রমান্ধতায় পতিত ব

ঋদৃষ্ট এবং স্বেচ্ছা, উভরেরই ক্রিয়া যুগপৎ চলিতেছে, এবং এই মানবীর সংসারে অধিকারও উভয়ের প্রায় সম্পরিমাণে দেখা যায়।

দেথ,প্রাকৃতিক শক্তি,তাহার অনম্ভ প্রবাহ-আবর্তনে,দিগন্ত প্রসারিত এক এক এবং পর পর এমন বিভিন্ন গুণ-তরঙ্গের আবর্ত্ত উপস্থিত করিয়া চলিয়া বাইতেছে যে, তাহার ভাবে অতিশয় ভাবাস্তর প্রাপ্ত হইয়া সমগ্র মনুষ্যজগৎ, অথবা আরও দীমাসঙ্কীর্ণতায় কোন এক জাতিবিশেষ, কথন মিয়মাণ, কথনও উদ্দীপিত; কথন ভীক্ন, কথনও বলদপ্ত ; কথন স্বদেশপ্রিয়, কথনও তদনাতর ; কখনও বা কার্য্যবিশেষ-শীল, ইত্যাদি ইত্যাদি নানা ভাব ধারণ করিয়া; বিশ্বরঙ্গাহে কাল-ममत्क नाना অভিনয়ে কখনও হাঁদাইয়। কখনও কাঁদাইয়া, श्रोध জীবনের সার্থকতা বা অস্থিকতা সম্পাদন ক্রিয়া যাইতেছে। কতই না অভিনয়-বৈচিত্র! নানা আবর্ত্তের আবর্ত্তন-পর্য্যায়ে, যথন আবার ধ্বংসাকর্ত্তের উপস্থিতি হইতেছে; তথন হয় ত তাহা সমস্ত জ্বাং বা দেশ হাহাকারে পরিপূর্ণ করিয়া চলিয়া যাইতেছে। এ সকল আবর্ত্তরঙ্গ ও তাহাদের দিগন্তব্যাপিনী ক্রিয়া দেখিলে, কে বল সহসা এরূপ মনে করিতে সাহস পায় যে একমাত্র অনুষ্টশক্তি বলবতা নহে; অথবা বেচ্ছাশক্তির ক্রিয়াও তাহার মধ্যে সমান পরিমাণে প্রবাহিত হইয়া যাইতেছে ? এই দকল কৃটগ্রন্থিলেই দাধারণতঃ মানুষ ভ্রান্তদুশ্যে ভ্রান্তমতি হইয়া যায়। সে যাহা হউক, আবর্ত্তরঙ্গ আসিতেছে যাইতেছে বটে কৈন্ত জনে জনে প্রতিজন ধরিয়া তাহার জ্রিয়া কি সর্বজনীন বলিয়া অবলোকিত হয়? কই, একই স্থানে কতজনকে যেমন সে আবর্ত্তরঙ্গে মাতিতে বা ওতপ্লত হইতে দেখা যায়, তেমনি আর কতজন আবার অনাস্থা-কেন্দ্রশায়িবৎ যথাপূর্ব তথাপর অমুত্তেজিতভাবে তাহাকে অতিক্রম করিতে সক্ষম হয়; যেমন ধ্বংসাবর্ত্তের বশীভূত হইয়া কতজন পৃষ্ঠভাসান দিতেছে, তেমনি আবার কতই না জন স্বচ্ছনে তাহাকে অটলভাবে উপেক্ষা করিতে সক্ষম হইতেছে ! এরূপ ফলভেদের কারণ ?--কেই বা শুভকর আবর্তরঙ্গ দেখিয়া, প্রধানতঃ স্বেচ্ছাশক্তির পরিচালনে, তাহাকে অবলম্বনপূর্বক স্থফলভাগী হয়; কেহ বা অশুভ আবর্ত্তহনে স্বেচ্ছাশক্তির পরিচালন অভাবে তাহাতে ওতপ্লুত হইরা পৃষ্ঠভাসান দেয়। অতএব স্বেচ্ছাশক্তির প্রয়োগ অপ্রয়োগও এরূপ বিভিন্ন ফলভোগের অন্যতর কারণ। যাহা জগৎ বা জাতি সম্বন্ধে বলিলাম, তাহাই সম্বীর্ণায়তন করিয়া লইলে, বাক্তিবিশেষে প্রযক্ত হয়।

পুনশ্চ দ্রষ্টব্য, প্রাকৃতিক শক্তির কার্য্য শারীরভাগকে লইয়া, আর বেচ্ছাশক্তির কার্য্য আত্মিকভাগকে লইয়া এবং মন, শরীর ও আত্মা এ উভয়ের সংযোগস্থল। এজন্য বাহুজগৎ যথন স্বীয় ভাবোথ উত্তেজনায় ইক্সিয় সকলকে উত্তেজিত করে,তখন সেই উত্তেজনা মনের দারা আত্মিক-ভাগেও চালিত হইবাতে, আগ্মিক ক্রিয়ার শমতা দাধন পূর্মক মানুষকে নানা গণনাতীত অবস্থায় পাতিত ও কল্পনাতীত কার্যো লিপ্ত করিয়া দেয়। সেইরূপ আত্মিকক্রিয়া যাহা তাহা মনের দ্বারা শরীরের উপর পরিচালিত হইয়া, শরীরের উপর প্রাকৃতিক ক্রিয়ারও নানা প্রকারে শমতা দাধন করিয়া থাকে। এখানে আত্মিকক্রিয়ার শমতা দাধন অদৃষ্টশক্তির কার্য্য, আর প্রাকৃতিক ক্রিয়ার শমতা সাধন স্বেচ্ছাশক্তির কার্যা: কিন্তু তাহা হইলেও,এ উভয় স্থলেই,প্রাক্তিক শক্তি ও স্বেচ্ছা-শক্তির কার্য্য এরূপ সংমিলিত হইয়া যায় যে, এক হইতে অপরকে পূথক করিয়া লওয়া বাস্তবিকই বড় কঠিন হইয়া উঠে। কিন্তু আবার এ উভয়ত: শমতা সংধনেরও একটা সীমা আছে. যে সীমার অতীতে উভয় উভয়ত: কেহ কাহারও শমতা সাধন করিতে পারে না এবং তাহাকেই শুদ্ধ অদৃষ্ট বা শুদ্ধ আত্মিক শক্তির কার্য্য বলা যাইতে পারে।

এই প্রাক্তিক শক্তির প্রভাবে, অথবা নৈস্থিক নিয়মান্থসারে, মাল্ল্য একক বা সমষ্টিভাবে নানা অবস্থার ভাগী হয়, এবং শারীর ভাগে নানাবিধ নির্যাতনে পাতিত হয়। ইহারই প্রভাবে দেশমধ্যে অতিবৃষ্টি, ম্যালেরিয়ার ন্যায় সর্বান্ধনীন রোগাদি, হর্তিক অথবা স্বৃষ্টি, স্থভিক, সাধারণ স্বাস্থ্য ইত্যাদি ইত্যাদি অগণনীয় বহুতর ভৌতিক ভভাততের উপস্থিতি হয় এবং মানব ইচ্ছার অতীতে ও পাশবদ্ধবং

তাহার ফলভাগী হইয়া থাকে। এতাদৃক প্রাকৃতিক শক্তিকেই প্রকৃত পক্ষে অদৃষ্টক্রীড়া বলা যায়, এবং যাহা কিছু মানব অন্ধভাবে অদৃষ্টের দাস তাহা এইথানে। প্রাকৃতিক শক্তি এথানে মানবের স্বাধিভৌতিক ভাগকে অবলম্বন করিয়া কার্য্য করিয়া থাকে বলিয়া, উহার উপর মানবের স্বেচ্ছাশক্তির চালনা করিবার সম্বন্ধ অতি অরই: এজন্য मानव (म नकन विषय कवाविनिधिगृना, এवः कवाविनिधिगृना विनयारे এ ঐ বিবয়ে সে সম্পূর্ণরূপে প্রাকৃতিক শক্তির ক্রীড়নকস্থলীর হয়। িকিন্তু মানবের তাহাতে নিজপ্রকৃতি বা আত্মিক পক্ষে আদে যায় কি ? সে যাহা হউক, বাঞ্চারাম, ইহাই অদষ্ট, তদ্তির আর দ্বিতীয় অদষ্ট নাই এবং ইহার সহিত শ্রুতিপ্রোক্ত অদৃষ্টেরও কোন বিরোধ দেখা যায় না; যেহেতু জন্মান্তরীণ কামকর্মজন্য যে অদৃষ্ঠ, তাহা প্রাক্ষতিক নিয়মের আকারেই কার্য্য করিয়া থাকে। কিন্তু এ আলোচনার মধ্যে তোমার কলিত ও অবলম্বিত অদৃষ্টের পরিচয় কোথাও পাওয়া যায় না, ফলতঃ তাহা মৃল্যাশূন্য মিথ্যা অপবাদমাত্ত। সে যাহা হইক, ইহাও যথেষ্ঠ দেখান হইয়াছে যে, অদৃষ্ট হইতে স্বেচ্ছাশক্তির পুথক অক্তিত্ব। স্বেচ্ছা-मिक्तित्र अधिकात यञ्चत महेशा, जञ्चत्त्रहे श्रीकृञ्जभाष्ट्र कर्त्तवा-अकर्त्तवा खान, श्विशिड-(वांध, मनमश-खान, श्विशानि ववः (मर्शे मकत्नत श्रूनः ভাব-অভাবে পাপপুণ্যের সঞ্চার ও জবাবদিহির উপস্থিতি হইয়া থাকে। বেচ্ছাশক্তির উপলব্ধি এবং প্রয়োগে, অর্থাৎ আত্মিকবৃত্তির পরিচালনে, জ্ঞান ও বিবেকবৃদ্ধির প্রয়োজন; সহজ জ্ঞানও সান্ত্রিক হইলে, সে বিষয়ে যথেষ্ট সহায়তা করিয়া থাকে। কিন্তু মানব প্রায় সর্বাদাই আত্মিকবৃত্তিপরিচালনে ঔলাভ্য ও হীনতা বশতঃ, বিষম প্রতাবারের ভাগী হইয়া অনর্থোৎপত্তি করিয়া থাকে। অতএব এখনও ংস্কোশক্তিতে প্রবুদ্ধ হও, আর রুণা অনুষ্ঠবাদ লইয়া আত্মধ্বংসে জগৎ-ध्वः मत्न तुरु बहे थ ना। हे हो है निया युक्ति धवः हे हो एउँ निया मुक्ति।

৩। তত্ত্বিদ্যায় নাস্তিকতা।

পূর্ব্যে ছায়া আছে, আলোকে অন্ধকার আছে, তাপে শৈত্য আছে, ধর্মে অধর্ম আছে, সত্যে মিথ্যা আছে, হাঁতে না আছে, স্থতরাং আন্তিকতায় নান্তিকতা না থাকিবে কেন ? থাকাই অবশুস্তাবী; না থাকা অসম্ভব, আশ্চর্যোর বিষয় ও অস্বাভাবিক। এই পরিদশুমান বিশ্বমণ্ডলে, কি আধ্যাত্মিক কি আধিভৌতিক উভয় জগতেই. চিং এবং অচিৎ বা দৎ । এবং অসৎ, এই দ্বিবিধ গুণের নিরস্তর বিদ্যমানতা। অসৎ সতের বিরোধী এবং নিত্য বৈপরীতাসাধনকারী; যেথানে ঐশ্বর স্বর্গ রচনা করিয়া থাকে নু, শয়তান তথায় নরকের আবিভাব করিয়া থাকে; অভ্রমজদ যথায় স্থথরাশি বিতরণ করিয়া থাকেন, অংগুমইন্থ তথার অন্তথের ছড়াছড়ি করিয়া থাকে। মূর্থ বাঞ্ছারাম, এ বড় ঠিক কথা, ইহাই নিতা হইয়া আসিতেছে, ইহাই নিতা হইতে পাকিবে। কিন্তু জান, সেই অন্ধকারে আলোকের উজ্জ্বলতা বৃদ্ধি করিয়া থাকে, দেই অসতে সতের প্রভা বৃদ্ধি হয়; মেঘমুক্ত দিবাকরের কিরণমালা উজ্জ্বলতার ও তেজে বড় থরতর ! যে আজীবন সম্পন্নাবস্থায় জীবনাতিবাহিত করিয়াছে, সে সম্পন্নাবস্থার মূল্য কি তাহা জানে না; সে মূল্য জানিতে হইলে ক্ষণিক অভাবভোগের নিতান্ত প্রয়োজন। কিন্তু এ সংসারে যথায়, যে বিষে আমি মরিলে সংসারের আপৎ চুকিয়া যায়, সে বিষ পর্যান্ত বিনা মূল্যে মিলে না; তথায় মূল্য জানাটাও নিতান্ত এবং আগে আবশ্যক। অতএব যদি আর কিছুরই জন্য না হয়, অন্ততঃ মূল্য জানার জন্যও, অসতের অপরিহার্য্যরূপে প্রয়োজন হইয়া থাকে। বিনা বৈপরীত্যে কোন বস্তুর রূপ, প্রভা বা মল্য প্রকটিত হয় না।

অতএব সতের পার্শ্বে অসতের অন্তিত্ব একাস্তই আবশ্রক, স্কুতরা স্বাভাবিক এবং অবশ্রস্তাবিরূপে অসৎ সর্বনাই সতের অন্থসরণ করিয়া থাকে। যে জাতীয় সৎ তাহার পার্শ্ববর্তী অসৎও সেই একজাতীয়

এবং সমশ্রেণীর, নতুবা বৈপরীতাসাধনে পারক হইবে কিরূপে? সংপদার্থ রূপ বা এ, অসং পদার্থ প্রকার। অসং, বিকার বা বৈপরীত্য সাধনে, সতের অগ্রবর্ত্তী পর্ববিশেষস্থ শ্রীবর্দ্ধন করিয়া, আপনি বিলুপ্ত ি হইয়া যায়; সং পুনর্কার নৃতন অসতের সহযোগে নৃতন শ্রীধারণে - অগ্রসর হয়। সতের অস্তিত্ব এবং গতি নিত্য, অসতের অস্তিত্ব এবং গতি ক্ষণস্থায়ী-প্রতিপদে সংকে অগ্রসারিত, প্রকটিত বা তাহার নব $rac{1}{2}$ 🔊 বর্জন করিয়া, অসতের ধ্বংস হইয়াযায়। সং পদার্থই এ বিশ্বের ু পরিমাণ,অসৎ পদার্থ তাহার ক্ষণিক ব্যতিক্রম। সাময়িক কাল, অজ্ঞান-বিৎ বিজ্ঞানবিৎ সকল লোকেরই নিকট, সর্বাদা হুঃথসঙ্কুল এবং অমুথময় ু এবং মৃত্তিমান্ কলির রাজস্ব; তাহার কারণ, তাহার সং-ভাব ও অসং-ভাব উভয়ই আমরা চোথের উপর দেদীপামান দেখিতে পাই বলিয়া। কিন্তু গুকুকাল ৪ সর্বদাই মনোব্যু, সর্বদাই পুজুনীয়, সর্বদাই তাহাকে এবং মৃত্তিমান কলির রাজত্ব ; তাহার কারণ, তাহার সং-ভাব ও অসং-किन्न গতकान ? मर्सनार मत्नातम, मर्सनार शृकनीय, मर्सनार जारात्क দেববং দেখিয়া থাকি; গতকালের নিতান্ত ক্রুরকর্মা যে দেও শ্রদ্ধা ি এবং ভক্তির পাত্র হইরা থাকে। তাহার কারণ, কাল সহ তাহার ু অসং-ভাব বিলয় পাইয়া গিয়াছে ; নিতাস্থায়ী একমাত্র সং-ভাব কেবল এখন নয়নপথে উদিত হইতেছে,—দৎ-ভাব কবে কাহার না পূজনীয়, কবে কাহার না ভাল লাগিয়া থাকে ? অসৎ পদার্থ অনিত্য এবং 🕻 মিথ্যা ; প্রতি কাল পরিবর্ত্তনে আবেশুকতার পরিপূরণসহ ধ্বংস হইয়া যাইড়তছে। এই অসৎ পদার্থ, মানবীয় বিভিন্ন ধারণাশক্তির ভারতম্য অনুসারে, জরথুত্তের নিকট অংগুমইমু, মুসা ও মহক্ষদের নিকট শ্রতান, বৈদান্তিকের নিকট অবিদ্যা, ইত্যাদি নানা আকার ধারণ করিয়াছে।

জ্ঞানধর্মাদি পর্বে আন্তিকতা সেই সং, নান্তিকতা সেই অসং; স্থতরাং নান্তিকতা না থাকিলে চলে কই? জ্ঞানসংসার অসম্পূর্ণ থাকিয়া যাইত। আন্তিকতা আধ্যাত্মিকগুণমন্ত্রী বটে কিন্তু উহাও, শরীরী আত্মার অবলম্বনভূত হওয়ায়, ভাবে এবং উৎকর্ম-অপকর্ষাদির প্রকরণাদিতে ভৌতিকধর্মী; অপরাপর পদার্থ বা মানবীয় চিত্তের অপরাপর গুণ পদার্থের ন্যার, উহাও শক্তিবশে গতিশীলতা, অগ্রগমন এবং শ্রীর বিষয়ীভূত। অতএব উহার বৈপরীত্যসাধক নান্তিকতা না থাকিলে, সেই সেই অগ্রগমন বা শ্রীধারণ প্রভৃতি সম্পন্ন হইতে পারিত না। মানবীর অপরাপর গুণ ও জ্ঞানের ন্যার আন্তিকতারও, পর পর গুৎকর্ষপ্রাপ্তির প্রয়োজনীয়তা আছে। কিন্তু এ সকল প্রয়োজন মান হইলে, আর অসং পদার্থের প্রয়োজন হইত না। অসংপ্রয়োগই কালগর্ভ হইতে সং জনারের একমাত্র উপায়। যতক্ষণ আমাদের কালবক্ষে স্থিতি, ততক্ষণ অসতের আবশ্রকতা অপরিহার্যা। বাঞ্চারাম, তুমি বিলিবে সতের পার্যে অসকতের আবশ্রকতা অপরিহার্যা। বাঞ্চারাম, তুমি বিলিবে সতের পার্যে অসতের বৃদি এতই আবশ্রক, আন্তিকতার পার্যে কিন্তার মাধা ধরাইতে বিসরাছ, কেনইবা নান্তিকতার প্রতি এতটা বিদ্বেষ ভাব প্রকাশ করিয়া থাক ?

সকল স্টির আদি প্রবর্ত্তক, আদিকর্ত্তা জ্ঞান। মানবে সেই জ্ঞান আংশতঃ প্রদত্ত হইরাছে; এজন্য মানব স্বয়ং স্ট হইরা এবং স্টিমধ্যে গাকিরাও, নিজে স্টিমম। এই কারণে, যে সকল কার্য্য অন্তর্ত্রপাকৃতিক নিরমে আপনা হইতে সম্পন্ন হইরা যার, মানুষ্টের মধ্যে সচরাচর তাহা হর না। মানব কিরদংশে স্বয়ংক্ষম বলিরা, প্রকৃতি তাহাদের প্রতি সেই পরিমাণে শিথিল-বত্র বলিলে অপ্রযুক্ত হয় না। অন্তর সং এবং অসতের উপর 'স্বয়ংক্ষম' ভাবের অভাব হেতু, প্রকৃতি তথার স্বয়ং যথাবিধানে কার্য্য করিয়া থাকেন; কিন্তু মন্থ্রা প্রকৃতিতে সেরপ নহে। মনুষা স্বয়ংক্ষম ভাব হেতু, স্বেচ্ছামত সং বা অসতের অপরিমিত সংগ্রহে পটু। বলা বাহলা যে, সংসংগ্রহই উদ্দেশ্য, অসংসংগ্রহ উদ্দেশ্য নহে। স্বতরাং অধিক অসংসংগ্রহ অর্থাৎ সতের উপার্জন অল হইতে দেখিলে, কাজেই গালিগালাক করিতে হয়। অনুমান হয়, আমরা কেবল শুদ্ধ আত্মিক স্বন্ধাশক্তির চালনা করিতে

পাইলে, হয়ত নিরবছিল্ল সং বা নিরবছিল্ল অসতের উপার্জ্ঞন করিতে পারিতাম। কিন্তু ডোতিক শরীরী হওয়ার আমাদিগেতে,প্রাকৃতিক শক্তিও ক্ষেছাশক্তি জড়িত এবং আধ্যাত্মিক সদসং ও আধিভোতিক সদসং মিলিত হইয়া বাওয়ায়; এবং প্রাকৃতিক শক্তিও ও তদম্পামী সদসং ক্ষেছাশক্তির অতীত ভাবে কার্যাশীল হওয়ায়; শুদ্ধ আত্মিক ক্ষেছাশক্তির অতীত ভাবে কার্যাশীল হওয়ায়; শুদ্ধ আত্মিক ক্ষেছাশক্তির অতীত ভাবে কার্যাশীল হওয়ায়; শুদ্ধ আত্মিক ক্ষেত্রে উচ্ছেদ বা উপার্জ্জনে আমরা অসমর্থ। কিন্তু তাই বলিয়া যথাসাধ্য সংসাধন জন্ত, প্রদত্ত শক্তির সম্যক্ সঞ্চালনে বিমুথ হওয়া আমাদের কর্ত্তরা নহে; কারণ তাহা হইলে ব্যতিক্রম হেতু আত্মিক অসতের সঞ্চার বা পাপের আবির্ভাব হইয়া থাকে।

আলোক হইতে অন্ধকার ছাড়াইবার সাধ্য নাই। সূর্য্যের আলোকে এবং প্রদীপের আলোকে তফাত কেন, যেহেতু প্রদীপের আলোকে অধিক পরিমাণে অন্ধকার মিশ্রিত থাকায়, তাহা স্থ্যালোক অপেকা মলিন। এখন জিজাদা করি, আলোক প্রাপ্তিই যথায় উদ্দেশ্য, তথায় উদাস্য বশতঃ যদি আলোকে আরও অপ্রিমিত অন্ধকার মিশিতে দেওয়া যায়, তাহা হইলে কি দে আলোকের শ্রীবর্দ্ধন বা তদ্বারা উদ্দেশ্য সাধন হুইয়া থাকে ? যদি তাহা না হয়, তবে এখন কর্ত্তব্য এই যে. আলোক হইতে অন্ধকার যথাসম্ভব বিচ্ছিন্ন করিয়া, যথাসাধ্য সেই ু আলোকের উজ্জলতা বৃদ্ধি করা। এতদর্থে হুইটি পরিমাণের আবশ্যক, প্রথম কোন পরিমাণে অন্ধকার বিচ্ছিন্ন হইলে আলোক আকাজ্ঞানুরপ পরিচিছন হইতে পারে, তাহার আদর্শ; অপর যথন আলোক এবং অন্ধকার অবিচ্ছিন্ন, তথন কত পরিমাণে তাহাকে বিচ্ছিন্ন করিতে চেষ্টা করিব বা না করিব বা করিতে পারি, তাহার দীমাবধারণ। আদর্শমাত্রে তত্ত্ব এবং কাব্যের বিষয়ীভূত পদার্থ; আদর্শ সন্মুথে রাথিয়া, সতের পরিবর্দ্ধন হেতৃ তন্মুথে প্রধাবিত হইব; এবং অসতের দূরীকরণে, প্রক্কৃতি আমাদিগকে যতদূর বাইতে দেয় ততদূর ষাইব। মানব স্বাধীন ও স্বেচ্ছাপূর্ণ হইলেও সে মহাপ্রকৃতির অঙ্কশয়নশায়ী, স্কুতরাং এখানেও সে প্রকৃতির শাসনবহিভূতি নহে;—মানবকে স্বাধীনতা দিয়াছেন বলিয়া
প্রকৃতি একেবারে তাহাদের সন্তব্ধে কার্যাবিরত ও ছিল্লসম্বন্ধ হয়েন
নাই; স্থতরাং এ মুখে তাঁহার শাসনসীমা পর্য্যন্ত আসাই চূড়ান্ত, যেহেতু
তদ্তিরিক্তে মানবীয় গতিচালনের চেষ্টা কেবল অনিষ্টের কারণ হইয়া
থাকে।

मकल জ्ञात्मत श्रामि मत्न्यत्वत उँ ९ अ छ। त्मरे मत्न्यर अतिशक रहेता. নান্তিকতার আকার ধারণ করিয়া থাকে। অনুসন্ধিৎদা বৃত্তির চালনে সন্দেহের উৎপত্তি হয়, পুনশ্চ সেই অমুসন্ধিৎসা বৃত্তির তহত্তরতর চালনেই আবার তাহার নিবৃত্তি। কিন্তু অনুসন্ধিৎসা শক্তি উত্রোত্তর অগ্রসর হইয়া আসিলে, যথন গুঢ়গুছভেদের সময় আসিয়া উপস্থিত হয়, তথন তাহা গুঢ়গুছের সমুখীন হইবাতে,ঘোর অন্ধকারে পতিতবৎ সহসা পথ না পাইয়া ব্যাকুলিত হইতে থাকে; এবং সেই ব্যাকুলতা হইতে চিত্ত শ্রমক্লান্ত হইয়া পড়ে। তথনই যে চিত্ত ক্ষীণ, সে ঘূর্ণাপতিতবং প্রান্তি, তাপ ও বৈক্লব্যে দিশাহারা হইয়া ক্ষিপ্ত-উন্মাদবৎ হয় এবং যেন আন্তিকতার উপর প্রতিহিংদা-প্রতিশোধ লইবার জনাই, জেন করিয়া নান্তিকতাকে গতির সীমা জ্ঞানে তদবলম্বনে শান্তি পাইবার চেষ্টা করিতে থাকে। যাহারা এই মধ্যপথে ভগ্নগতি হয়, তাহারাই এ জগতে নান্তিক নামে খ্যাতি প্রাপ্ত হয়। কিন্তু যাহাতে বিষ তাহাতেই নির্বিষ এবং একদেশের চরম দীমায় উঠিলেই, ঠিক তথা হইতে অপর দেশের স্ত্রপাত হইয়া থাকে। যে অনুসন্ধিৎসা শক্তির চালনে নান্তিকতারপ দীমায় উপস্থিত হইশ্বাছ, দেই অমুসন্ধিৎসা শক্তিকে তদতিক্রমী চালনা করিলেই আবার সেই সীমা ছাড়াইয়া, আন্তিকতারূপ নূতন দেশের শোভনতমা মোহিনী মূর্দ্তি পুরোভাগে দৃষ্টি করিতে পারিবে। তথায় বিচরণ কর, দেখিবে তাহা অপূর্ব মুথের আকর; দলেছের পূর্ব্বগত আন্তিকতা অপেকা তোমার এ আন্তিকতা অপরিসীম উচ্ছল ও চিত্তশান্তিকর,—তাহার কারণ ইহা বৈপরীত্যসমারেশে উৎপন্ন। এ জগতে সকল বস্তুরই

সার্থকতা আছে, স্থতরাং নান্তিকতারও সার্থকতা আছে এবং সে সার্থকতা এইরূপ বৈপরীতাসমাবেশস্থলে; নতুবা যথনই তাহা আপন অধিকার-সীমা অতিক্রম করিয়া আপনি সর্কেস্কা হইয়া দাঁড়ার, তথন তাহাকে শয়তানের প্রকৃত প্রতিমূর্ত্তি বলা গিয়া থাকে।

আমি অনেক ভাবিয়া দেখিরাছি, এ জগতে যত প্রকার জীব সৃষ্টি হইরাছে, তাহার মধ্যে বদ্ধমূল নাস্তিকের অপেক্ষা ত্রভাগ্যবান্ জীব আর ८क इंटे नाई। आजीवन अम कतिया, आजीवन माथा पुताहेशा, आजीवन তর্ক কাটাকাটি করিয়া, শেষে সিদ্ধান্ত করিলেন কি.—এ জগতের অগ্র কেছ নাই এবং আমিও কাহার স্থ নহি: এ জগতও কিছুই নহে এবং আমিও কিছুই নহি! এক মাত্র এই 'না' জানিতে 'হাঁ' প্রতিরূপ সমস্ত জীবন যে স্বচ্ছন্দে বিস্জ্জন করিতে পারে, অজ্ঞানকে স্থাপিত করিবার নিমিত্ত জ্ঞানকে যে আজীবন্যত্নে হাড়িকাঠে ফেলিয়া বলিদান দেয়, তাহার অপেক্ষা হুর্ভাগ্যবান নরকানুগৃহীত জীব স্থার কে হইতে পারে ? নান্তিকশিরোমণিগণ, কত কি গুরুচ্চার্যা দেড়গজি শদ খেলা, তর্কবিতর্ক, কার্য্যকারণ আলোড়ন করিয়া সিদ্ধান্ত করিলেন কি ?-এ জগতে নান্তিকভাই সৎ, আর সমস্ত অসং। অপূর্ব্য বৃদ্ধি! তর্ক-জালে সমস্তই আবদ্ধ করিয়া প্রাস করিতে উদ্যত, ঋষি অগস্তা অপেক্ষাও অন্ততকর্মা। মূর্থ বাঞ্চারাম, কত দিক ধরিয়া তর্ক টানিয়া শেষ ্করিরে ? এই বিশ্ব সাক্ষাৎ অনস্তমূর্ত্তি, বে দিকে দেখিবে সেই দিকেই অপার অনন্তস্ত্র বিস্তৃত ও তোমাকে বেইন করিয়া রহিয়াছে। প্রতি পদার্থে অনম্বের অসীম বিকাশ এবং সর্বপদার্থে ও সর্বত্ত শক্তির অনম্ভ মহিমা প্রকাশ, বারেক চিন্তা করিয়া দেখিয়াছ কি ? দেখ, সীমানিবদ্ধ কুত্রাবয়বময় কোন একটি সামান্য অক্ষরবিশেষ: সেটিও কোটি বিভিন্ন হস্তভেদে কোট বিভিন্ন ভঙ্গিতে প্রকটিত হইয়া থাকে; পুনঃ একই হস্তে কোটবার প্রস্বিত হইলেও, কোট পরিমাণে তাহাতে আকার ও প্রকারগত বিভিন্নতা লক্ষিত হয়। এক এবং অসংখ্য পর্ব্ব পর্য্যায় ও শ্রেণীতে, অসংখ্য পদার্থ নিত্য উৎপাদিত হইতেছে: অথচ সকলেই অসংখ্য

রকমের পৃথক পৃথক, কেহ তাহার মধ্যে কাহারও সঙ্গে একাকৃতি ও এক প্রকৃতি নহে। তবু যে আমরা সে অনস্তদৃশ্যে এথানে সেথানে সসীমতা দেখিয়া থাকি, সে সীমা অনস্তত্ত্বের সঙ্কোচ জন্য নহে; তাহা আমাদের যথা আবশ্যক ধারণা ও অবলম্বনের দৌকর্যার্থ আমরাই দিয়া থাকি; নতুবা মুছিয়া ফেল মানদণ্ডস্বরূপ তোমার চক্র সূর্য্য ও ভারকানিকর, এখনই দেখিবে তোমার এক মুহূর্ত্ত ও শত বৎসর সমান হইয়া গিয়াছে। অতএব অনস্তের মহিমা এবং তাহার অপার রচনা ও বিসারণ শক্তি কি অভাবনীয়, কি অচিম্বনীয় ! পুনঃ ইছা কেবল একদেশবাাপিনী নহে ! উদ্ধ অধঃ পার্শ্ব দিকে এবং ভৃত ভবিষ্যৎ বর্ত্তমান সর্বকোলে সমান অভিনীত। তুমি কি মনে করিয়াছ যে তোমার অস্তময় তর্করজ্ঞুতে সেই অনস্তরাশি বাঁধিয়া আপন আয়ত্তে আনিবে? ভ্রান্ত, এ অসম্ভবে সম্ভববুদ্ধি তোমাকে কে দিয়াছে? তোমার চারিদিকে নিবিড় অনস্তরাশি বিস্তৃত, চারিদিকে তোমার নিবিড় অন্ধকারময় গুঢ়গুহু পরিবেষ্টন করিয়া অনস্তের রত্মভাগুরিকে আবৃত করিয়া রাথিয়াছে; মধাস্থলে জীবিকাহেতু সেই রত্নপ্রার্থী তুমি এবং চৈতন্য-রূপিণী বিন্দুমাত্র আলোককণা তোমার আধার-আধেয়ত্ব প্রদর্শিত ও প্রতিবৃদ্ধ করাইয়া থাকে। সেই কণামাত্র আলোকে কণামাত্র স্থান আলোকিত দেখিতে পাইয়া ভ্রাস্ত মনে ভাবিতেছ, দকল পদার্থই ভাহাতে পরিচিত এক পরিদীমা প্রাপ্ত হইয়াছে; হাত বাড়াইলেই তাহা আয়ত্ত করিতে সক্ষম হও! তুমি ক্রমাগত তর্কস্ত্র প্রসব করিয়া, কিছু কেবল গুটিপোকার ভায়ে আপন জালে আপনি আবদ্ধ হইয়া, ভাবিতেছ, এই বিশ্ব ও বিশ্বমূলও তোমার তর্কজালের সীমায় পড়িয়া সমাপ্তি লাভ করিয়াছে। নির্বোধ, তাহা নহে। ভূমি চকু বুজিয়া জগৎ অন্ধকারময় দেখিতেছ বলিয়া, সত্য সত্যই জগৎ অন্ধকারময় इटेब्रा यात्र नारे। कारल व्यावक इटेड ना, जाल कांग्रेब्रा वाहित इड, নিবিড় গুঢ়গুহু ভেদ করিয়া সঞ্চরণ করিতে শিখ, অপরিজ্ঞের অথ্চ অমুভবনীর ঐশ্বরিক স্তার সংস্পর্শে শান্তিলাভ করিতে সমর্থ হইবে; অন্যথা গুটিবদ্ধ থাকিয়া হত ও পর্যাবদিত হইবে ভিন্ন অন্য কিছুই নহে।
অসীম পদার্থ তোমার জন্য সদীমের ন্যায় প্রতীয়মান হর বটে, কিন্তু
সে কেবল ভোমার কর্মক্ষেত্রে আবশ্যকের পরিমাণ অনুরূপ কর্মার্থে
অবলম্বন পদার্থ দিবার জন্য; সে আবশ্যকের অতীতে আরে সে সম্বন্ধ
নাই,—তোমার দোম যে তুমি সে আবশ্যকাতীতেও সদীমতা দেখিতে
ব্যগ্রহও।

কেবল তর্কে, আলোচ্য এ গুরুতর বিষয়ের মীমাংদা হয় না। যে কোন তর্ক যে কোন পদার্থকে স্বীয় ব্যুৎপত্তিবাদের ভিতরে সদীম করিয়া না জানিতে পারিলে,অগ্রসর হইতে অকম। প্রতি তর্কে প্রমাণের আব-শ্যক, কিন্তু এই বিশ্বে কোন বিষয়টি এ পর্য্যস্ত জানিয়া শেষ করিতে পারিয়াছ যে তাহাতে পূর্ণ ব্যুৎপত্নতা হেতু, তাহাকে সন্দেহরহিত প্রমাণ বলিয়া গ্রহণ করিতে সক্ষম হও ? আজনা জল যাহার অবলম্বন সে স্থলের অস্তিত্ব বুঝে না, অথচ মৃতিকাই জলের আধার। বাঞ্ছারাম, তাহার পর তোমার প্রত্যক্ষ প্রমাণ! কুকুরেরা মাধ্যাকর্ষণতত্ত্ব জানিতে পারে নাই, অথচ ঐ দেথ কেমন উর্দ্ধলাঙ্গুল চারি পায়ের উপর ভর দিয়া মনের আনন্দে দৌড়িতেছে; বলা বাহুল্য যে কুকুরবৃদ্ধির নিকট মাধাকৈর্যণের কথা নিতান্তই হাস্যাম্পদ। যথন এ তর্কের উপর একটা দামান্য প্রাত্যহিক ব্যাপার মীমাংদা করিছত পাঁচটা এড়াইয়া যায়; ত্যন এ গুরুত্মেরও গুরু বিষয় সম্বন্ধে, চিত্ত বুদ্ধি শ্রদ্ধা প্রভৃতি আর সমন্ত নিরূপক শক্তিকে দূরে নিক্ষেপ করিয়া, একমাত্র যুক্তিশক্তির উপর ইহকাল-পরকাল স্থাপন পূর্বক, যাহারা তৃপ্ত পাস্ত হইবার প্রত্যাশা করে, তাহারা কি ভ্রাস্ত ! ফলতঃ বাস্থারাম, নাস্তিকের নিকট ঈশ্বর যে অন্তিত্বশূন্য এ কথা ঠিক নহে; প্রক্রতপক্ষে নান্তিকই ঈশ্বরের নিকট শূন্য হইয়া থাকে।

বলি, তবে সত্য পতা এবং নিতান্তই কি প্রতাক্ষ প্রমাণ, প্রত্যক দৃষ্টি ভিন্ন তোমার মন উঠেনা এবং মন প্রত্যন্ত মানেনা ? কিন্তু জিজ্ঞাসা করি, কোন্প্রত্যক্ষে এ পর্যান্ত তোমার মন উঠাইতে পারিরাছ এবং কিসেই বা এখনও উঠাইতে পার ? বলিতে কি, মারুষ, বিশেষতঃ উচ্ছু আলচিত্ত মামুষ, এমনই অসাব্যস্ত এবং অব্যবস্থিতচিত্ত জীব যে, প্রত্যক্ষ অপ্রত্যক্ষ যে কোন বিষয়ই হউক না কেন, কিছুতেই দে চিত্তকে সাব্যস্ত ভাবে সমাহিত করিয়া তপ্ত এবং স্থির রাখিতে পারে না। ভাল, তুমি কিরূপ প্রত্যক্ষের প্রার্থী ? যদি ক্লত কার্য্যবিশেষের দ্বারা কর্তৃত্বপক্ষে প্রমাণপ্রার্থী হইয়া বল যে, 'অবশ্য কোন অন্তুত কাণ্ড দেখিলে, কেননা ঈশ্বরের অন্তিত্বে বিশ্বাস করিব ?' তাহা হইলে জিজ্ঞানা করি, এই বিশ্বমণ্ডল, এই পৃথিবী, এই স্ষ্টিমধ্যে যে সকল কাণ্ড প্রতিনিয়ত অভিনীত হইয়া যাইতেছে, তাহারা সকলেই ত অদ্তুত, তাহাদের অপেক্ষা আবারও অদ্তুত বা আশ্চর্য্য কাণ্ড কি আছে ? যদি বল তাহা নম্ন, পূর্ব্বে ঘাহা কখন দেখা যায় নাই এরূপ অদ্ভুত কাণ্ড দেখিব, আমি বলি তবে তুমি অন্ধ! এ স্ষ্টিতে এ পৰ্য্যস্ত কোনু কাণ্ড, কর্ম বা দ্রবাটি হইতে দেখিয়াছ, যাহা অপূর্ব্ব বা নৃতন নছে; যাহা পূর্ব্বগত পদার্থসমূহ সহ সর্বপ্রকারে একমূর্ত্তি এবং পৃথক্ত্ব-পরিশূন্য ? সকলেই ত অপূর্ব্য, সকলেই ত স্বতন্ত্র, সকলেই ত নূতন নূতন—এক গাছের ছই ফল, এক ঘাসের ছই পাতা,তাহাও পৃথক পৃথক; ইহার পর দেশ এবং কালগত পার্থক্য ও নূতনতার ত কথাই নাই! যদি বল, এ গুলি নিয়মে সম্পন্ন হইতেছে, অপরিচ্ছেদা স্বাধ্যকারণযোগে যাহা অবশ্য হইবার তাহা ই হইতেছে; অতএব আমি চাই, যাহা সেরূপ নিয়মের অতীত, যাহা নিয়মের ব্যত্যয়ে উৎপন্ন।—ইহার উত্তরে তোমাকে এই বলি থেঁ, এ ত্রন্ধাণ্ডে এমন কোন কার্য্যই হইতে পারে না, যাহার মূলে নিয়মের অভাব: অনিয়মে নিয়মের উদয়ের নামই সৃষ্টি এবং কার্য্য, অতএব নিয়মশূন্য কার্য্য দেখা আর চাঁদকে উদয় হইতে না দিয়া চক্রিকা দেখা,এ উভয়ই সমান। আজ্ম-পঙ্গুকে যিশুখুষ্ট স্পর্শমাত্র স্কুম্পরীর করিরাছিলেন, —এখানেও যে কিছু অনিয়মের কার্য্য হইল তাহা নহে, এখানেও নিয়ম অনুসারে কার্য্য হইয়াছে ; কিন্তু ভূমি যে তাহাকে তথাপি আশ্চর্য্যের বিষয় বলিয়া মানিতেছ, তাহার কারণ কার্যাটর অনিয়মসম্ভবতা জন্য নহে,

দেটা কেবল সেই নিয়মটির বোধ পক্ষে তোমার জ্ঞানের অভাব হেত্,—
বেরপ জ্ঞানাভাব হেত্ আদিম আমেরিকগণ বারুদ ও বন্দৃক দেখিরা
বিচ্যুৎ ও বক্স এবং তাহাদের ধারককে দেবতা জ্ঞান করিয়ছিল! বাদ
বিশুখ্টের পঙ্গুকে ভাল করাই আশ্চর্য্য কার্য্য বল, ভবে তেমন এবং
তাহা অপেকা অপার গুণে গুরুতম কার্য্য সকল নিতাই ত পৃথিবীতলে
সম্পন্ন হইয়া যাইতেছে। বাপ্, 'আশ্চর্য্য' করিয়া এত ক্ষিপ্ত ও
উন্মাদগ্রস্ত এবং সকল বিশ্বত হও কি জন্য ? 'আশ্চর্য্য' অর্থে হাতিও নহে,
বোড়াও নহে;—যাহার নিয়ম এবং কার্যাকারণ এখনও আমাদিগের
নিকট অক্তাত, তাহাই 'আশ্চর্য্য' বলিয়া গণিত হয়।

স্থলশরীরবিশিষ্ট এবং সসীমতায় সমাবিষ্ট এই স্বৃষ্টি, বা স্বৃষ্টিস্থ একটা সামান্য পদার্থও যথন তোমার অভ্রমদৃষ্টিতে আয়ত্ত করিবার শক্তি নাই; তথন এই স্ট্যতীত সৃশ্ম বা অশ্রীরী এবং অনম্বন্ধর স্ষ্টিপতিকে কেমন করিয়া দৃষ্টি এবং আয় ভগত করিতে সাহসী হও? শ্রীরী, শ্রীরী পদার্থ ই কত কত যখন দেখিতে পায় না, তখন আর স্ক্র অশরীরী পদার্থের কথা কেন বল। কৈ,মানব অপেক্ষাকৃত স্ক্রশরীর গ্যাদ দেখিতে পায় না ত,অনুভব করিতেও পারে না; কেবল কার্য্য বা ফল দৃষ্টে বুঝিতে পারে যে এইটি এই গ্যাস। ভাল কথা,কার্য্যদৃষ্টে গ্যাসের অন্তিত্ব অনুভব করিতে পার এবং তাহার সম্বন্ধে ইহাও মনে 👼 দয় হয় যে, হয়ত ইহার ভিতর আরও কত কি গুঢ় তত্ব নিহিত আছে ; কিন্তু কার্য্যদুঠে ঈশবের অস্তিত্ব তবে অমুভব করিতে না পার কেন; এবং যে স্থানে অপরে 'গুঢ় তত্ব নিহিত' বলিয়া মনে সন্দেহ হয়, এথানে সে স্থানে নান্তিকতার উপস্থিতি করিয়া থাকই বা কি জনা? একটা স্প্টবস্ত সম্বন্ধে মন ব্যাইতে পার, কিন্তু স্ষ্টিকর্তা সম্বন্ধে মন ব্যাইতে পার না ? গ্যাসের কার্য্য কেবল রাসায়নিক ক্রিরাযোগে দৃষ্ট, কিন্তু ঈশ্বরের কার্য্য স্মবি-চ্চিন্ন প্রতিনিয়ত প্রত্যক্ষবং : তথাপি সেই ঈশবের নাম হইলেই, অমনি দেখানে ঘটপট, যত্ত্বপত্ন, তর্কতরঙ্গের ঝাঁকা নামাইরা বসো,—তাই বলি তোমা অপেক্ষা আরও মূর্থ কোণায়! গ্যাদের সত্তা আর ঐশ্বরিক সত্তা, এতহ্তরের উপলব্ধিতে তোমার চিত্তক্রিরার এতই বিভিন্ন ভাবান্তর ও তাহার এতই বিভিন্ন ফল দৃষ্ট হয় কিজনা? সাক্ষাৎ সম্বন্ধে সাংসারিক লাভালাভ থতানই কি তাহার প্রধান কারণ? অবশা সে পক্ষে উভর উভরতঃ প্রভেদ অনেক এবং একটা প্রধান প্রভেদ এই দেখিতে পাই যে,গ্যাসের সন্তাকে ইচ্ছামত খাটাইতে পার আর প্রশ্বরিক সন্তাকে তাহা পার না। কিন্তু চাকর কি কথনও মুনিবকে খাটাইতে পারে? তাহা যদি না পারে, তাহা হইলে স্প্রত্ত এবং স্পষ্টিকর্তার কথা ত আরও অনেক দ্বে। তবে চাকরও কথন কখন মুনিবকে যে একেবারে খাটাইতে না পারিবে এমন নছে, কিন্তু সে কেবল স্থচাকরত্ব, ভক্তি এবং উপাসনার দারা। তোমার প্রধান দোষ, তুমি অহঙ্কারমত্তার লবুগুরুভিদশ্না হইরাছ; স্বতরাং তোমার ইচ্ছা, সকলকেই মৃষ্টিমধ্যে আনিরা আয়ত করিরা লও!

এখন একবার ত্মি কেমন অব্যবস্থিত চিত্ত জন্ত তাহা দেখা যাউক।

ক্ষা বা অশরীরীর কথা ত গেল; এখন যদি বলি যে ঈশ্বর তোমাকে

দেখা দিবার জন্য স্থল শরীর ধারণ করিয়া থাকেন, তাহা হইলে কি

বিশ্বাস করিবে? তাহা বদি করিতে তবে যিশুখুই, দশ অবতার, এ

সকল তোমার নিকট উপহাসের পদার্থ কি জন্য? যদি বল, ঈশ্বর সাক্ষাৎ

সম্বন্ধে মানবের সঙ্গে কথা কহিয়াছেন, সপ্রমাণ এরূপ বর্ণিত দেখিলে

বিশ্বাস করিতে পারা যায়; তাহা হইলে বলি,বাইবেল আদিতে সেরূপ ত

প্রভূত রূপেই বর্ণিত হইয়াছে, চাক্ষুর দর্শকের কথা-প্রমাণও তাহাতে

অনেক আছে, কই তথাপিত তাহা বিশ্বাস করিতে চাহ না? তাহাতে

বা তজ্ঞপ যে কোন শাস্ত্রে বিশ্বাস থাকিলেও ত অনেক কাজ হইত,

যেহেতু একবারে বিশ্বাসশ্ন্যতা অপেক্ষা যে কোন বিষয়ে সদ্বৃদ্ধিমুক্ত

সান্ধিক বিশ্বাস থাকিলে, তাহাতেও অনেক স্কুল ফলিয়া থাকে। ভাল

মনে কর,তোমান্বে প্রত্যায়ের জন্য যদি ঈশ্বর ঘোষণা করেন,—'অমুক

তারিখে আমি বিতীয় স্ব্যামৃর্ত্তিতে আকাশে উদ্ব হইব ;' এবং হইলেনও

সেইরূপ, তৃমিও তাহা দেখিলে এবং হয়ত মুহুর্ত্তের নিমিত্ত প্রত্যায়ও

করিলে, কিন্তু পরক্ষণে ? অসাবান্তচিত্ত জীব ! পরক্ষণে তোমার আর সে প্রত্যন্ন থাকিবে না। পরক্ষণে, কেছ হয়ত তদ্রুপ উদয়কে বৈজ্ঞা-নিক ঘটনাবিশেষ জ্ঞানে তাহার ভৌতিক কারণ অমুসন্ধানের নিমিত্ত বিজ্ঞান খুলিয়া বসিবে; কেহ বলিবে দৃষ্টিভ্ৰম; কেহ বা বলিবে সেদিন একটা নক্ষত্র জ্বলিয়াছিল: আবার উত্তর পুরুষেরা বলিবে, সকলেই সেই দিন উন্মত্ত হইয়াছিল, নতুবা এমন অন্তত কণা রটাইয়া রাখিবে কেন ? অথবা যদি সেই সূর্যামূর্ত্তি, সকল কালের এবং সকল দেশের मद ल (लाकरक है अदर्शित निवात जना मर्स्तान वाली ७ मर्सकानीन হইয়া থাকেন, তাহা হইলেই বা নিস্তার কই? হয়ত লোকে ছই দিনের জন্য বিশ্বাস করিবে, কিন্তু তৃতীয় দিন হইতেই কিছু অধিক বুদ্ধিমান হইয়া বলিতে থাকিবে,—'ইহা আর একটা সূর্য্য, পুর্ব্বকার লোকে মুর্থতা বশতঃ বুঝিতে পারিত না এবং কুসংস্কারাবিষ্ঠ হইয়া ইহাকে ঈশ্বর বলিয়া মানিত।' আমি কিছু এ সকল অত্যুক্তি করিতেছি না, তুমি ত নিতাই এরূপ নানা বিদ্যাবৃদ্ধির পরিচয় দিয়া থাক। অত-এব বাঞ্চারাম, আমি ব্ঝিতে পারি না, ঈশ্বর কিরূপ প্রত্যক্ষ-প্রমাণযুক্ত হইলে তবে তোমার এবং তোমার বংশাবলীর মনঃপুত এবং বিশ্বাদের পাত্র হইতে পারেন! বলিতে পার, এমন অসাব্যস্তচিত্ত যাহারা; তাহাদের কোন্ বস্ততে প্রত্যয় জন্মান সম্ভব ? প্রত্যয়প্রাপ্তি হয় • তাহাদের, যাহারা স্বয়ং প্রতায়-প্রতিরূপ। কিন্তু তুমি ? তুমি অপ্রত্যায়ের পুঞ্জ এবং রাশি, তোমার আবার প্রত্যয়!

শ্বনং যাহারা প্রত্যর-প্রতিরূপ, চিত্ত যাহাদের সাব্যস্ত,চেষ্টা যাহাদের সাত্ত্বিক, তাহারা সেই ঈশ্বরকে সহজেই অনুভব করিরা থাকে। ইহা নিশ্চর জানিবে, ঈশ্বরকে প্রত্যক্ষ অনুভব করা কঠিন নহে; কঠিন প্রভায়-প্রতিরূপতা, সাব্যস্ততিরূতা, সাত্ত্বিক চেষ্টা, ইত্যাদি সাধন দারা তদর্থে প্রস্তুত হওয়া। সেরপ প্রস্তুত না হইয়া ঈশ্বরকে প্রত্যক্ষ অমুভব করিতে যাওয়া,আর অক্ষরশ্নোর পক্ষে কালিদাদের কাবা পাঠ করিতে অগ্রস্র হওয়া, উভরই সমান। অক্ষরশ্না ব্যক্তি ভাবে, কথা ত এই

'थारे, गारे, नारे' रेजानि: हेरात मार्था आवात कालिनाम कि अवः कालिनाम नहेश तकम तमहे वा कि १-- 'कालिनाम' 'कलिनाम' याहाता করে, তাহারা নিশ্চয়ই ক্ষেপিয়াছে ! সকল বিষয়েরই জনা প্রস্তুত এবং অধিকারী হওয়া এবং সকল বিষয়েরই জন্য উপযুক্ত আয়োজনের আবশাক হয়: এ পৃথিবীতে এই হুই ভিন্ন কোন বিষয়ই ষথাবাঞ্চিত উপার্জনের সম্ভাবনা নাই। বিষয় যতই উচ্চ উচ্চ, ততই ক্লেশকর চেষ্টা এবং ততই হুর্দমনীয় চিত্তরুতি ও অপরিমিত অধ্যবসায়ের আবশ্যক হইয়া থাকে এবং তাহাতে যে ফল ও লাভ তাহা তোমার নিজেরই, অন্যের নহে। 'প্রত্যক্ষ' 'অপূর্ব্ব' 'অভূত', জ্ঞানচকু যাহার আছে, তাহাকে এ সকল অন্যত্র খুঁজিয়া বেড়াইতে হয় না; সকলই তোমার পার্ষে রহিয়াছে, তুমি কেবল অজানান্ধতা হেতু, তাহা অহুভব করিতে পারিতেছ না। সকলই তোমার চক্ষুসমক্ষে প্রতিমুহুর্ত্তে পরিক্রমণ করিয়া চলিয়া বাইতেছে, তুমি অজ্ঞানতা ও অনাস্থাবশতঃ দেখিয়াও দে সকলকে দেখিতে পাও না। ইহাতে দোষ 'প্রত্যক্ষ' 'অন্তত' বা 'অপূর্ব্বের' নছে; দোষ তোমার নিজের। তুমি অনাস্থাযুক্তচিত্ত, এ বয়দ ধরিয়া রথ দেথিয়া আদিতেছ, তোমার আর রথ দেথায় কৌতৃহল জন্মে না ; কিন্তু বালক যে, যে কখনও তাহা দেখে নাই, তাহার তাহা দেখিতে কৌতৃহল কত! অতএব অভূত অপূর্কাদির অর্থ এখন জানিবে যে কেবল আপেকিক মাত্র, নতুবা পদার্থাংশে যাহা বর্ত্তমান আছে তাহাই। এখন দেখ তোমার আক্ষেপ, আকাজ্ফা, বা তর্কফলের যথার্থ অর্থ ধরিতে গেলে এই দাঁড়ায় যে, কেন তুমি বালকবৎ নিতা অভিনবদর্শী হইরা স্বষ্ট হও নাই। কিন্তু ইহা স্মরণ রাখিও যে, তুমি কর্মজুমিতে প্রেরিত হইয়াছ : এমন স্থলে তুমি যদি নিতা অভিনব-প্রার্থী বালকবৎ হও, তবে আর তোমার ছারা কর্মদাধন হইতে পারে কিরপে १--বালকের ছারা কোন কর্ম সাধন হয় না। দেখ, ভূমি অনাস্থাদশী আর বালক অভিনবদশী; আবার তোমাদের ছাড়া আরও এক দল দশী আছে, যাহারা আজনা রথ দেখিয়া আসিয়া তথাপি

আবার দেখিবার জন্য ক্ষিপ্ত হয়; ইহারা ভক্ত। তাহারা নিত্য রথ দেখিয়া আদিলেও, তথাপি ষতবার দেখে, ততবারই দেই রথ তাহা-দিণের নিকট অভিনব, ততবারই তাহা চতুবর্গপ্রাপ্তির স্থল বলিয়া অনুভূত হয়। তুমিও দেইরূপ ভক্ত-দর্শক হও, দেখিতে পাইবে যে,এই ় নিত্যদৃষ্ট বস্তুতেই আবার কত কত অপূর্ব্ব ও অভিনব ভাব নিহিত ্ছইয়া রহিয়াছে; তাহা হইলে এবং কেবল তাহা হইলেই, দৃশ্য এবং দর্শক উভয়েতে সার্থকতা অমুভব করিয়া আনন্দবান হইতে পারিবে। কেবল এক সভক্তি চেষ্টাদারা ঈশ্বর অনুভূত এবং একমাত্র ভক্তিযুক্ত হওয়া, বে কোন সাধনার জন্যই একান্ত আবশ্যক হয়। বুরসায়নবিদ্যা শিথিতে গিয়া যে গোড়াতেই তাচ্ছিল্য ভাব প্রকাশ করে, অথবা নিজ সঙ্কীর্গ জ্বান ক্রম্ম করি ভক্তিযুক্ত কার্য্যযোগে তিনি প্রত্যক্ষগোচর হইয়া থাকেন। চেষ্টায় অথবা নিজ সঙ্কীর্ণ জ্ঞান জন্য উহার বিবৃত বিবরণগুলি গোড়াতেই উল্লেখ মাত্রে অদম্ভব বোধ হওয়ায় যে উদ্যমশূন্য হয়, সে কখনও ্রপায়নবিদ্যায় ক্বতকার্য্য হইতে পারে না। পুনশ্চ, কেবল চেষ্টা হইলে 🏿 হয় না, চেষ্টায় অধ্যবসায় চাই। অনেকে ক্ষেত্ৰতত্ত্ব আরম্ভ করিয়া, (करन देविक मीमाःमा পर्याञ्च शिवा, जीवत्न देविक मीमाःमात कि প্রয়োজন তাহা দেখিতে পায় না; স্কুতরাং পরীক্ষাকাল পর্য্যস্ত কোন রূপে তাহা স্মরণ রাখিয়া, পরে অনাবশাক বোধে তাহাতে জলাঞ্জলি দেয়। অবশ্যই, অনবিতভাবে, কেবল বৈথিক মীমাংসায় কিছুই প্রয়োজন বা ফল নাই; কিন্তু যদি তাহারা আরম্ভের সেই নিরাশকর-রূপে-প্রতীয়মান অংশ অতিক্রম করিয়া সফলতা যথায় সেই সীমা পর্যান্ত একবার ঘাইতে পারিত, তাহা হইলে অবশাই তাহারা সকল দিকে সার্থকতা দেখিয়া চরিতার্থ ও আনন্দ্বান হইতে পারিত। অতএব অনেক চেষ্টাশীলেরও, অধ্যবসায় অভাবে চেষ্টায় নানা ছর্দশা ঘটিয়া থাকে। আবার দেথ, অরেষণকারীর অরেষণ গভীর হইলেও, সে ব্যক্তি গভীরতার যতদূর সীমায় যাইতে সক্ষম বা যাওয়া উচিত ততদূর যদি না যায়, তবে একটু মাত্র ক্রটিতে হয়ত সমস্তই বৃথা হইয়া যাইবার কথা। মনে কর, ৭০ ফুট বালি কাটিয়া মাটিপ্রাপ্তে নদীগতে পুলের ভিত্তি আরম্ভ হইরাছে। সন্দেহবাদীদিগের কথা শুনিতে হইলে, হয়ত ১০ ফুট কাটিয়াই মাটি পাইলাম না ও পাওয়া যাইবে না বলিয়া, বালির উপরে ভিত্তি আরম্ভ করিতে হয়; এবং পুলও যে দৃশাতঃ সর্কাঙ্গস্থলর ভাবে সে ভিত্তির উপরে নির্মাণ না করা যায় এমন নহে, কিন্তু বালির উপর সে কাও কয় দিন থাকে? তোমার কোম্তে আদি দার্শনিকনীতি অবলম্বন করিয়া কর্মান্কেত্রে অবতরণ করিতে হইলে, এই বালির উপর পুলের পত্তন হইয়া থাকে। যে পাকা ভিত্তি খুঁজিতে চায়, তাহার পক্ষে ৯০ ফুট খুঁডিয়া কান্ত হইলেও নিস্তার নাই; কারণ তোমার ৬৯ ফুটেও যে দোর ১০ ফুটেও ত তাহাই! বাঞ্লারাম, নিক্ষ জানিবে, যেথানে আমার অন্থসন্ধিৎসা শক্তির সীমা; ঠিক সেই থানেতেই, আমার ধারণার উপযোগী অবলম্বন পদার্থকণী ঐশ্বিক স্তারও পূর্ণবিয়বে বিদ্যমান্তা। উহা স্থ্য কর্ত্তিই তক্রপ নিয়োজিত।

এই নান্তিকতাবৃদ্ধি, জ্ঞানপর্যায়বিশেষের বিপ্লবদশাতে উপস্থিত হইয়া থাকে। উপার্জ্জনের কাল, বৃথা জ্ঞানে বায় করিবার সময় নহে, তাহা পূর্ণ সান্থিক কাল; মান্থ্যের তথন বাক্যাড়ম্বর থাকে না, মান্থ্য তৃথন ধীরে নিজকে অথচ অধ্যবসায়পূর্ণ নিশ্চয়ভাবে উপার্জ্জনরত হইয়া থাকে। সর্কালাই নির্কাকভাব কার্যাক্ষমতার এবং বচনবাগীশী অকর্মা ভাবের লক্ষণ। এ সান্থিক সময়ে চাড়রী, কাপট্য, অসভ্য বা অপরিণামদশী প্রগল্ভ ভাব, বড় একটা স্থান পায় না; স্থতরাং মানবও তথন প্রকৃত বলে বলা। সারল্য বলের চিক্ত, কৌশল তাহার বিপর্যয়। উপার্জ্জনের শীর ভোগের আরস্ক, ভোগ ইইতে স্বাভাবিক শক্তি ও ভাবাদির বিকার উপস্থিত এবং ক্রিম কৌশল বা অলক্ষারের প্রতি ক্রি বিদ্ধিত হয়া থাকে; তথন আ্মিক শাত্র ও গুণের প্রতি ভক্তি বিদ্ধিত হয়া থাকে; তথন আ্মিক হয় পায়, সকল কনিষ্ঠ ক্রেষ্ঠ হইয়া উঠে এবং মহন্ত ও গুণের প্রতি ভক্তি লোগ হইয়া যায়; তর্ক ও অলক্ষারের ছড়াছড়ি এবং কৌশলসম্পন্ন বিষয় ও জ্ঞাটলতাই প্রশংসাস্থলীয় হইয়া থাকে; অসুকরণপ্রিয়তা উপস্থিত হয়,

অথচ দিথিদিককম্পিতকারী বাক্যাড়ম্বরের সীমা পরিসীমা থাকে না। আদল বিষয়ে একেবারে দৃষ্টিরোধ হইয়া বার,—নতুবা এই এক 'একতা', ইহার অর্থ বুঝিবার বা বুঝাইবার অভাবে সমগ্র ভারত ধ্বংস হয়। সভ্যাবলম্বন ও স্বাভাবিক সরল বিষয় যাহা, ভাহা প্রায়ই ্নগণ্যের মধ্যে পড়িয়া যায় এবং তাহা বুঝাইতে কেহ আয়াস লয় না এবং বুঝিতেও কেছ মন দেয় না। সরল বলিয়াই সামাভ ্জ্ঞান: স্মৃতরাং প্রকৃত বলের চিহ্ন যাহা, ঠিক তাহাই ছর্বলের চিহ্ন ্ৰলিনা উপেক্ষিত হয়। ভৌতিক সৰু ক্ৰমে ইন্ধন পাইয়া পরিপ্ট ছইতে থাকে, কিন্তু আত্মিক স্তু শীর্ণ হইয়া যায়। মানব সর্বাদা ুষাধীনচেতা হইবে বটে কিন্তু লাগামসংযুক্ত ; কিন্তু এ সময়ে সে স্বাধীন-চেতা ভাবও নাই অথচ দে লাগামও নাই; স্বাধীনতা, তেজস্বিতা এবং আত্মসম্মানের নাম করিয়া কেবল উচ্ছুগুলতাকে প্রাপ্ত হইয়া পাকে। মানব বদ্দ্রা কোলাহলে বদ্দ্রা তত্ত্ব উদ্ভাবন করিয়া ধ্বংশক্ষপী ঘণাবর্ত্তের আবির্ভাব করাইয়া থাকে। শক্তি কথনও ধবংস হইবার নহে এবং নিক্ষলও কখন হয় না; স্কুতরাং চালনার ফলে যুখন যেরূপ তথন সেইরূপ ফল প্রাস্থাব করে মাত্র। স্থাপথগমনে যে শক্তি আগে যতটা স্কুফল প্রস্ব করিত,বিপথগমনে এখন তাহাই তত্টা কুফল প্রস্ব করিয়া থাকে। যে হিন্দুশক্তি এতকাল স্থশাসনস্থাপনে, শাস্ত্রপ্রকটনে, তত্ত্ব-উদ্ভারনে এবং নানাবিধ মহৎ কার্য্যে অতিবাহিত হইত; এখনও সে শক্তি না আছে এমন নহে, এখনও তাহা তাহাই রহিয়াছে। কিন্তু তাহা এখন প্রয়োগভেদে নিমকহালালী গোলামীকরণে, গোলামীর মহিমা-গানে, অল্ফারশাস্ত্রনিস্পীডনে, বটতলা উচ্ছল করণে, কাব্য নাটক ও নবেল লিখনে, বিলাতি দর্শনবিজ্ঞানের বচনবাগীশী বিলোডনে এবং নান্তিকতা ও পজিটিবগিরী বা পাষ্ণুতাকে মহত্ত্বের চিহ্নরূপে পরি-ক্ষাপনে, পর্য্যাসিত হইয়া যাইতেছে। আশা কেবল এই, যণায় একের শীমা তথার অপরের আরম্ভ ;—বোধ হইতেছে যে, আমাদিগের এ সকল উচ্ছ খলতাও দীমার আদিরা উপস্থিত হইরাছে !

নান্তিকতা হুই প্রকার,এক ইচ্ছার নান্তিক,অপর বিপাকে নান্তিক। हैष्ट्रा-नान्तिक याहाता जाहाता द्रियंत ना थारकन, धर्म ७ कर्त्वग्रविद्यान থাকে, পাপ পুণ্য ও পরলোক বৃদ্ধি না থাকে, ইহাই নিয়ত বাঞ্ছা করিয়া পাকে ;—ইহা হইলে তাহাদের কুকর্মণীল জীবনের জন্ম আর ভয় পাইতে হর না, এবং এই হেতুই তাহারা নাস্তিক হইবার জন্য আগ্রহবান্। তাহারা আপন মনের স্বভাব অনুরূপ, মনঃপুত প্রমাণপদার্থাদি লইরা মনঃপুত ফল আকর্ষণ করিয়া থাকে। আমি প্রতাক্ষ নেথিয়াছি, অনেক কর্ম্মপশু আপন কর্মভয়ে নান্তিকতা অবলম্বন করিয়াছে। ইহারা কায়িক বাচিক মানদিক বা সর্বপ্রকার আপন কর্ম্মভয়ে, শান্তির আশায়, चारा अथर्य अथर्य अरमर्य कतिया अवः मकन थर्यावहे भामत सन ইতরবিশেষে কঠোরতায় প্রায় সমান দেখিয়া,অবশেষে না-ধর্ম্মের আশ্রয় গ্রহণ পূর্ম্বক মনকে প্রবোধ দিবার চেষ্টা করিয়া থাকে। বিপাকে নাস্তিকের ভাব সেরপ নহে। ইহারা ঈশ্বকে পাইবার জন্য অশেষবিধ চেষ্টা করিয়া,শেষে চেষ্টাচালনায় ভ্রান্তগতি হ ওয়াতে অভীষ্ট বস্তকে দেখিতে না পাইয়া, অগত্যা নান্তিকতার ভাব অবলম্বন করিয়া থাকে। ইহাদের উপর এখনও মাশা করা যাইতে পারে, এবং এখনও ইহাদিগকে প্রক্লুত ঈশ্বরের দাস বলিয়া প্রণনা করা যায়। ইহারা যে নাস্তিক হয়, তাহা পরিতাপের সহিত হইয়া থাকে। আরও এক শ্রেণীর নান্তিক আছে, তাহা প্রধানতঃ কেবল আমাদের দেশেই দেখিতে পাওয়া যায়: এ নান্তিকতার ভাব স্বতন্ত্র, ইহা কি বুলিচালনা, কি বিকৃত মতি, কি কর্মদোষ, কি ভ্রান্তমতি, ইহার কিছুরই অন্তুনরণে নহে। ইহা সাম্য়িক স্থ বা ফেসিয়ানের অনুসরণমাত্র। যে ফেসিয়ানের অনুসরণে কথন হিন্দু, ক্ষন ব্রাহ্ম, ক্থন খ্রীষ্টান; যাহার অনুসরণে দাড়ি চসমা কোট পোষাকে নিত্য নৃতন আকৃতি পরিবর্ত্তন হইয়া থাকে; এ নান্তিকতাও দেই ফেসি-য়ান হইতে উৎপন্ন। কোন স্কুলপাঠ্য তর্কদর্শন, কোন শিক্ষকবিশেষের শ্লেষাত্মক বাকাবিশেষ, বা ইয়ারগণের তদানীস্তন মতিগতি, তজপ মত প্রিবর্তনের পক্ষে যথেষ্ট। বঙ্গদস্তান বাস্থারাম যেমন দারশূন্য আন্তিকতাং

এবং ধর্মপথে, তেমনিই সারশ্ন্য নান্তিকতার এবং অধর্মপথে; অধিকন্ত উভন্ন দিকেই বচনের ছড়াছড়ি। বিপাক-নান্তিক, ইচ্ছা-নান্তিক ও ফেসিয়ান-নান্তিক, এই ত্রিবিধ নান্তিকের মধ্যে ফেসিয়ান নান্তিকই সর্ব্বাপেক্ষা অধম। সত্য বটে যে, ইচ্ছা-নান্তিক ঘোরতর কর্ম্মৃষিত, কিন্তু, তথাপি দেখিতে পাওয়া যাইতেছে যে, ভালয় হউক মন্দয় হউক, তাহার আয়-অন্তিত্বোধ এখনও লোপ হয় নাই।

নাত্তিক শিরোমণি বাঞ্চারাম কথা কহিয়া, ইতিহাস খুলিয়া, নানা-রূপে সর্বাদা দেখাইয়া থাকে যে, '' তোমরা যে আন্তিকতাকে সকল মঙ্গলের নিদান বলিয়া থাক, তাহা বস্তুতঃ সকল মঙ্গলের নিদান নছে: কারণ এ পথিবীতে ধর্ম লইয়া যত বিগ্রহ বিপ্লব রক্তপাত ও নানা কুকাণ্ড হইয়া গিয়াছে, এত আর কোন বিষয় লইয়া হয় নাই ; ধর্ম যদি প্রকৃত মঙ্গলের নিদান, তবে তাহাতে এত অমঙ্গলের ঘটনা কেন গ আর দেখ হিত্যাদ বা সামাবাদ, যদি তাহা কার্যো পরিণত হয়; তাহা হইলে এই পথিবী প্রাকৃত অর্গম্বরূপ হইয়া দাঁডায় কি না?" ধর্ম লইয়া যে এ পৃথিবীতে অনেক কাণ্ড হইয়া গিয়াছে তাহা অবশ্য স্বীকার্য্য বটে, কিন্তু সেই সঙ্গে ইহাও শ্বৰ্ত্ব্য যে, নান্তিকতা লইয়া এ পৃথিবীতে ্য কত কাণ্ড হইতে পারে তাহা এ পর্য্যন্ত দেখা হয় নাই; স্কুতরাং এরূপ ক্ষত্রে নাস্তিকতা ভাল কি আস্তিকতা ভাল তাহা প্রমাণিত হইতে পারে না। একবার, একবার এক মুহুর্ত মাত্র,এ জগতে নাস্তিকতা,হিত-বাদ, সাম্যবাদাদি কার্যো পরিণত করিবার চেষ্টা দেখিতে পাইয়াছিলাম; কিন্তু তাহাতে ফরাসি-রাজবিপ্লব-রূপ কি ভয়াবহ ও রোমহর্ষণকর ফলই না উৎপন্ন হইয়াছিল !—ভীষণতায় সমগ্র জাগতিক ইতিহাসের কোথাও আর তাহার সমান তুলনা পাওয়া যায় না। জীবজগতের অপরাপর জীব সহ,মানবও এক প্রকৃতিবিশিষ্ট একটি জীববিশেষ; স্থতরাং হিতাহিতশৃত উন্মাদ কুরবৃদ্ধি ও পাশবভাব, অপরাপর পশুর তায় মানবেও সমান অথবা মানব উচ্চ সৃষ্টি হেতৃ আরও অধিক পরিমাণে নিহিত রহিয়াছে। পশু হইতে মানবের পার্থক্য কেবল জ্ঞান ও ধর্ম্ম লইয়া;

এই জ্ঞান এবং ধর্মাই, স্বীয় শাসনবলে পাশবভাবকে প্রশমিত করিয়া, মানবকে প্রকৃত মনুষাত্বপথে লইয়া আসিতেছে। অবশ্য এমন প্রত্যাশা করিতে পার না যে, জ্ঞান ও ধর্ম্ম, কাল ও ক্রমের অপেক্ষা না রাখিয়াই সহসা স্বীয় শাসনকে এমন প্রবলতর করিরা তুলিবে ধে, মানবের আত্মিক ক্রমোৎকর্ষের সহ সমতা ও সামঞ্জ অতিক্রম পূর্বাক একেবারেই স্ব স্ব ভাবাধিপত্যের পূর্ণ ফল ফলাইতে সক্ষম হইতে পারিবে। স্থামরা দেখিতেছি, প্রকৃতি কোন কার্য্যই সহসা এবং সামঞ্জস্যচ্যুত হইয়া নিষ্পাদন করেন না ;—তিনি করেন ধীরে ধীরে, আন্তে আন্তে, ক্রমে ক্রমে, অতর্কিত ভাবে এবং দেশ কাল ও ক্রমপরিণতি সহ গতির সমতা রাথিয়া। কালের গতি ও পরিণতি সহ যতই মানব পশুত্বতাণে মন্ত্রাত্ব পথে অগ্রসর হইতেছে, ততই জ্ঞান ও ধর্ম্মের শাসন দঢ় হইয়া আসিতেছে এ সংসারে, আদিম অবস্থার শাসন পূর্ব্ব পূর্ব্ব মুখে যেমন ক্রমে শিথিল পরবর্ত্তী অবস্থার শাসন উত্তরোত্তর মুখে তেমনি আয়ত্তকরী হইবাতে: মনুষ্যের মনুষাত্রবিষয়ক অবস্থান্তর সকল সংঘটিত হইয়া আসিতেছে: এবং এই জন্মই, বাঞ্চারাম, একজন আদিম অসভা ও তথা হইতে প্র পর তোমা পর্যান্ত, মনুষাত্ব ভাবের এত তারতমা লক্ষিত হইয়া থাকে: পাশব বল সর্বলাই অন্ধ এবং আত্মবলদৃপ্ত, স্কুতরাং সহসা শৃঞ্জলব্দ হইতে চাহে না; এই জন্ত, ধর্মের নামে এ জগতে কথিত যে সকল কুকাণ্ডের বিস্তার দেখিতে পাই, তাহা বস্তুতঃ ধর্ম্মের ফল নহে : তাই ধর্মশাসনের প্রতি পাশব ভাবের বিদ্রোহাচরণের ফল বা পাশব ভাবের যে অংশটুকু এখনও অশাসিত তাহার ক্রীড়া। জ্ঞান ও ধর্মে মনুষাজ: এক্ষণে, তাহার অভাবে বা নান্তিকতার প্রবর্ত্তনে কতদূর ও কিরূপ ফ্^ল যে ফলিতে পারে,তাহা আর বলিবার আবেখকতা রাখে না। তবে সাম[্] বাদের সমতা যে তাহাতে পূর্ণভাবেই ফলিতে পারে তাহাতে আর সন্দেহমাত নাই; কে বলিবে যে বামরমগুলে ধনী আছে, দরিদ্র আছে, — চাবার ক্ষেত্র বা কলাবেগুনের গাছ সকলেরই নিকট সমান প্রাপা ! স্পার একটি কথা স্থামি বড় বুঝিয়া উঠিতে পারি না। ^{ব্রদি}

নান্তিকতাই সত্য হয়, তবে এ সংসার চলিতে পারে কিরূপে ? মানবের হিতাহিত-জ্ঞান না থাকিলে, পশুবংশের স্থায় একরূপ চলিবার পক্ষে বাধা হইত না; কিন্তু হিতাহিতজ্ঞানের অস্তিত্ব মথায়, তথায় দেরপ কোন মতেত চলিতে পারে না। পশুরা চলিয়া থাকে যথাপ্রকৃতি সহজ-বৃদ্ধি অনুসারে; কিন্তু মানুষে বৃদ্ধির আরোপাধিক্য হেতু, একমাত্র জ্ঞান ও ধর্মের দারা তাহা স্থশাসিত ও স্থনিয়ন্ত্রিত হইতে পারে এবং সে জ্ঞান ও ধর্ম পুনঃ তথনই স্বপদে দাঁডাইতে সক্ষম হয়, যথন তাহার মূল উর্দ্ধের সহিত সম্বদ্ধ হয়। ফলতঃ উর্দ্ধেরে সহিত বন্ধনশূর্য ছইলে, আমাদের সকল কার্য্য, সকল চিন্তা, সকল কথা, সকল নীতি, সকল জ্ঞান, সকল ধর্মা, সমস্তই অর্থশন্ত হইয়া পড়ে। তথন ধর্মা এবং মধর্ম, সত্য এবং মিথ্যা, হিত এবং অহিত, স্বদেশপ্রিয়তা, সম্বদয়তা, এ সকল অর্থহীন ও মনুষ্যনির্ম্মিত নির্কোধের বন্ধনপাশ হইয়া দাঁড়ায়। তথন প্রতি নতন তত্ত্বে আবিষ্কার প্রতি নতন অস্থথের কারণ স্বরূপ হয়, যেহেতু প্রতি আবিষ্কার নূতন অভাবের উৎপাদক এবং অভাবই এ সংসারে ত্রুখের কারণ স্বরূপ হয়। তথন সভ্যতার বৃদ্ধি, প্রয়োজন-জালের বিস্তার হেতু কেবল কণ্টজীবনের বৃদ্ধি বলিতে হইবে। আর বাদ বল বে তাহা নহে, সভ্যতার বৃদ্ধি অবশুই স্থঞ্জীবনের বৃদ্ধি; তাহা হইলে তছভুৱে বলিতে হয় যে, তুমি দে কথা বলিবে বটে কিন্তু তোমার শ্রেণীর অতীতক্ত আর কেহ সে কথা বলিবে না। প্রকৃত স্বথজীবন তহিকে বলা যায়, যাহা আপেক্ষিক বৃদ্ধিজাত ধারণা জন্য নহে; কিন্তু তোমার সভাতাজন্ত যে স্থঞ্জীবন, তাহা সম্পূর্ণ ই আপেক্ষিক বুদ্ধিজাত; —নতুবা ঐ দেখ, যে ফুলুর বসনে তুমি সম্ভোষ লাভ করিতেছ, অসভ্য অরণ্যবাদী তাহা টুকরা টুকরা করিয়া হেয়-নিক্ষেপ করিয়া ফেলিতেছে; যে পানভোজনাদিতে তুমি অশেষ তৃপ্তিলাভ করিয়া থাক, অন্তে হয় ত তাহাতে ঘুণায় নাকে হাত দিয়া অন্তরে সরিয়া দাঁড়ায়, ইত্যাদি। স্বাসন क्या वाक्षात्राम,यनि এ कौरन ও कीरनवर्गाभारतत्र भतिगाम किছू ना भारक. তাহা হইলে আমরা সকলেই বাতুলালয়ে প্রবেশ করিয়া বদিয়া আছি। যে

ব্যক্তি প্রতিভাশালী এবং নৃতনত্বের উদ্ভাবক ও আবিষ্কারক, তাহাপেক্ষা সমাজের দ্বিতীয় প্রবল শক্ত ও অনিষ্টকারী আর কে হইতে পারে ? বে ব্যক্তি তোমার স্থদেশপ্রিয়, যে সহানয়, যে প্রহিতের জন্য কাতর, আমি বলি প্রথম নম্বরের পাগল সেই; কারণ এরূপ সংসার যথার, তথায় স্বার্থপরতাই একমাত্র উপাদ্য দেবতা হওয়া উচিত। তুমি বলিবে পরহিতও ভাল বিষয়, কিন্তু আমি বলি এই "ভাল বিষয়" কেবল তোমার কথার, তদ্তির উহার অন্য কোন মূল নাই; ওরূপ মতিও মত তোমার মস্তিক্ষের শিরাধমনীর আকুঞ্চন-বিকুঞ্চনের একটু এদিক ওদিকের ফল মাত্র এবং আমরা জানি তদ্রপ আকৃঞ্চন-বিকৃঞ্চনের বিশেষ কোন মূল্য নাই। "অন্যের প্রতি সেইরূপ হিত আচরণ করিও যেরূপ তোমার প্রতি আচরিত হওয়ার বাঞ্চা করিয়া থাক"—ইহাই বদি তোমার নীতিমূল হয়, তাহা হইলে দেথ ইহা দারাও দেই আয়ু-স্বার্থের গৌরব স্টত হইতেছে, যেহেতু প্রতিদানে যে টুকুতে আমার ভাল, কেবল দেই টুকুই অপরের জন্য করিব; নতুবা তদতিরিক্তে কিছু করিলে কেবল আমার নিজের লোকসান এবং তেমন স্থলে কে না বলিবে যে আমি অঘোর নির্কোধ নহি। আমি আমার **স্বার্থস্থ** বহ বলি হইলাম, দেশ বা আর দশ জনে তাহাতে উপকার লাভ করিল; ইহাতে আমার লাভের অংশ কি ? আমার অংশ জীবনান্ত বা জীবনান্তবং ক্ষতি স্বীকার। আরও প্রথম নম্বরের পাগল কাছাকে বলে ? জীবনের অন্য পরিণাম না থাকিলে, একমাত্র স্থেই জীবনের উদ্দেশ্ত হইতে পারে এবং নান্তিক্যজ্ঞানবাদিগণও তাহাই ঘোষণা করিয়া থাকে; এরূপ স্থলে পরহিতের জন্য যে আত্মস্থাথের হানি করে, তাহাপেক্ষা আরও পাগল কে ? হিন্দু শাক্যসিংহ,হিক্র বিশুখুষ্ট, সামান্ত লোকের মধ্যে গ্রীক লিওনিদা প্রভৃতির স্থায় বোকা ভূভারতে নাই। জগতের অপরাপর হিতের জন্যও যাহারা জীবনের সাধারণ স্থাদিকে বিসর্জন করিয়া থাকে,যথা নিউটন, কলম্বস প্রভৃতি: তাহারাও সামাত বোকা নহে এবং এ সকল বোকাও যদি চিরত্মরণীয় হইতে পারে, তবে

নিশ্চয়ই দে কেবল তাহাদের অসাধারণ বোকামিত্বের জন্য! কেহ কেহ হয় ত ভাবে, জীবন উৎসর্গ করার একটা প্রধান ফল ও প্রধান স্থ বশ; কিন্তু জিজ্ঞাসা করি, তুমি যথন আমার যশোগান করিবে, আমি তথন থাকিব কোথায় ? তবু যদি আমি দেই যশের লোভে মজিয়া বাই, তবে আকাশকুস্তমে অপরাধ করিয়াছে কি ? ভোগী থাকিলেই ভোগ্যের মূল্য, অতএব আমি যথন থাকিব না, তখন আর দৈ যশের মূল্য কি এবং তাহার জন্য যে স্থুখ, তাহাই বা ভোগ করিবে 🕏 ভোগ করিতে আদিবে কে ? তাই বলি এরপ যে যশের ইচ্ছা, ভাহাও সেই মন্তিকের শিরা ধমনী আদির বিকৃত আকুঞ্চন ও বিকুঞ্চনের ফল; এবং তেমন স্থলে, তজপ সকল কর্মোর মূলদেশে বস্ততঃ একমাত্র থৈয়াল ভিন্ন অনা কিছুই দাঁড়ায় না। 'নিজের লোকসানে দশ জনের ভাল,' 'স্বকপোলকল্লিত ও মূলশূন্য ন্যায়-সন্যায় বৃদ্ধির ভ্রমে সংযম ও সম্ভোগবিরতি,' এই দকল থেয়ালকে অবলম্বন করিয়া যাহারা আত্ম-বঞ্চনা ও নানারূপ চিত্ততৃপ্তিকর পদার্থভোগ পরিত্যাগ করিয়া থাকে, 👸 হাদের তুল্য আরও অধিক তুর্ভাগ্যবান্কে ? কিন্ধ কি আশ্চর্য্য, ভ্রমাপি আমরা দেখিরা আসিতেছি যে, এ জ্বগং কেবল সেই থেয়ালী শাগল, বোকা বা ছর্ভাগ্যবানের দল হইতেই যাহা কিছু চির-উপক্কত ছিইরা আদিরাছে ও আদিতেছে, স্থবুদ্ধিদলের দারা কথন হয় নাই। ^{্রশ}ষাবজ্জীবেৎ স্থথং জীবেৎ ঋণং কৃত্বা ত্মতং পিবেৎ"—দেখা যাইতেছে **যে** ঋণ কঁরিয়া ঘৃত পান করিয়াও, বৃদ্ধিমানগণের স্থাথের অক্ষে সম্থান হওয়া দূরে থাকুক,বরং পদে পদে লাঞ্ছনা সহ অকুলান পড়িয়াই গিয়াছে; আমার পাগল যাহারা, তাহারা বুদ্ধিমানদিগকে ঋণ দিয়াও, হাসিতে হাসিতে উজ্জ্ব কোলাহলপূৰ্ণ আনন্দ সহ এ জগৎ হইতে বিদায় গ্ৰহণ করিয়াছে ।

নান্তিকাবৃদ্দি ব্যক্তি 'স্থ্থ'লপ ফলের জন্য কিছু অধিক আগ্রহবান্ এবং তাহার বিবেচনায় উহাই এ জগতে এবং এ জীবনে একমাত্র আকাজ্জ-শীয় পদার্থ; আন্তিকাবৃদ্ধিও যে সাধারণতঃ 'স্থুথ' পদার্থের জন্য কিছু

কম বাস্ত তাহা নহে। তবে কি না স্থ-ধারণা ও ধারণামূল, উভয়েতে স্বতম্র। 'স্থ' পদার্থ কি ?—ইহাতে যাহার যেমন ধারণা, সকলে সেই স্ব স্ব ধারণা অবলম্বনে তদাশয়ে, নিজ-কৃত ঘূর্ণাবর্ত্তমধ্যে বিঘূর্ণিত হইয়া ফিরিতেছে; এবং সতে বা অসতে যথায় যথন স্বীয় কল্পিত স্থাথের ছান্না পাত দেখিতেছে তথন তথায়, সতে বা অসতে, ইতস্ততঃ বিচরণ করিয় কথন আত্মভৃপ্তি, কথন বা আমূলতঃ আত্মধ্বংস করিতেছে। সুং পদার্থকে একমাত্র মুখ্য উদ্দেশ্য করিলে এবং স্থপদার্থ কি তাহার ধারণা ও ধারণামূল প্রকৃত না হইলে, কাজেই এরূপ ঘটনা অবশ্যস্তাবী **टकवन कीवनस्थारन्धीमिराव स्राथंत्र धातवा, माधात्वकः वाहा मन्नम** व ভোগে নিহিত; লোকেও সদস্থ নানা পথে জীবন মন বিক্রয় করিয়া তাহার অনুসরণ করিয়া থাকে; কিন্তু হায় ! তথাপি আমরা দেখিতে পাই যে, তাহাতে তাহাদের অস্থ-পদার্থের কিছুমাত্র নানতা হয় নাই স্কুতরাং এরূপ স্থাথের ধারণা ও তদমুসরণপ্রণালী এ হুইই যদি প্রকৃত হইত. তাহা হইলে তাহাতে এরপ ফল ফলিবে কেন? এ দিকে কিন্তু প্রকৃত কুন্দুদশী যাঁহারা, তাঁহারা সর্বদাই দেখিয়া থাকেন যে, অপার সম্পদে ও ভোগেও মানৰ অস্ত্ৰী, অথচ অসম্পদে ও অভোগেও অনেক মানুষ স্থী। ইহার কারণ ? বাঞ্চারাম, সূথ বাহ্য সম্পদে বা ভোগে নচে. এবং স্থথও ক্ষণিক চিত্তোন্মাদ নহে। চিত্তের যে তৃপ্তি,যাহাকে চিত্তপ্রসাণ বলে, তাহাই প্রকৃত স্থ। সে স্থ একমাত্র সাত্ত্বিক বৃদ্ধি ও কর্ত্তবাসাধনের দ্বারা প্রাপ্ত হওয়া যায়। যাহার জীবন, যথেষ্ট ধারণা অনুরূপ, আখুলতঃ সান্ত্রিক এবং কর্ত্তব্যপরায়ণ; তাহার চিত্তপ্রসাদ সর্বাক্ষণ এবং সেই ব্যক্তি কেবল এ জগতে প্রকৃত পক্ষে স্থা। সুথ কর্ত্তবাসাধনের মজুরীশ্বরপ। কর্তব্যবৃদ্ধির অপেকা নারাথিয়া স্থথের প্রার্থনা করা, আর মজুরের কার্য্য না করিয়া মজুরী প্রত্যাশা করা, উভয়ই সমান ' জ্ঞানীরা স্থাপ্তর মূল স্বরূপ কর্ত্তব্যসাধনকে জীবনের উদ্দেশ্য ভাবিষ্ট থাকেন, এবং স্থাথের প্রতি লক্ষ্য না রাখিয়াই তাহার অনুসরণ করেন: এই জন্য তাঁহাদের দারা জগতও স্থায়িরূপে উপকৃত হয়, অথচ সুংঃ

তাঁহাদের অঘাচিতের ন্তায় প্রাপ্তি হইরা থাকে। কর্ত্তবাবৃদ্ধির অভাবে বে স্থপের ধারণা, তাহা মূলশূনা ধারণা স্তরাং যদৃছ্যা-করিত ও বিকৃত; এ নিমিত্ত তাহার অমূসরণজিরা ও ফলও তজ্ঞপ বিকৃত এবং পরিণাম-বিরস হইরা থাকে। অভএব কেবল "মুখ" "মূখ" করিয়া মাতালের নাায় ল্রান্ডিমদে মাতিয়া বেড়াইও না। বেমন তোমার মূলশূন্য বিকৃত স্থপচেষ্টা অনীতি ও অহিতাদির কারণ স্বরূপর হর, তোমার যশের চেষ্টাও তজ্প; কারণ উহাও কর্ত্তবাসাধনের প্রক্লার বিশেষ বা স্থের অংশ-কলা, উহাও স্থেবর নাায় স্থেবরই জনা অমূসর্ভ্রব্য নহে। পুনশ্চ, কর্ত্তবাবৃদ্ধি ব্যতীত, কেবল যশংপ্রাথী কথন এ জগতে প্রতিষ্ঠালাভ করিতে পারে না; যশ উপার্জনে কোথাও না কোণাও তাহার গোল পড়িয়া ঘায়ই যায়। ভাল, আরও একটা কথা জ্জ্ঞাসা করি, যশ কত দিনের বস্তু ? কাল যথায় অনস্ত, তথায় যশ হিসহন্দ্র বা হিলক্ষ বর্ষ স্থায়ী হইলেও ত তাহা মূহূর্ভবং! মূহূর্ভ্র এবং বর্ষে প্রভেদ কি ? ইহার ধারণা কি এতই কঠিন ?

স্থাপর ধারণা নান্তিকদিগের সর্ব্বদাই বিক্লৃত, তাহার কারণ উর্ব্ব-দেশের সহ সংশ্রব ছিল্লে তাহাদের কর্ত্তবার্দ্ধির অত্যস্ত অভাব। স্থাধারণায় নান্তিকের মূল,বাসনা মাত্র; আর আন্তিকের মূল,কর্ত্তবার্দ্ধি। বাহা হউক, তথাপি দেখিতে পাওয়া যায় যে, কোন কোন নান্তিক এখনও আপনি না খাইয়া অন্যকে খাওয়ায়; কেহবা আপনার ক্ষতি করিয়া অনোর হিত করে; এবং সকলেই শুকর প্রতি ভক্তি, লঘুর প্রতি দয়া, সদাচার, সত্যাসতা, ইত্যাদির মোহ একবারে ছাড়াইতে পারে নাই। সাধ্য কি ৽ পথে হউক অপথে হউক, মানব স্বয়ং কর্ম্মুক্ষম বলিয়াই যে সে সকলকর্ম্ম্মম তাহা নহে, তাহারও সীমা আছে। স্পথমুথে হউক বা কুপথমুথে হউক, তাহার সাধ্য কি যে প্রকৃতির যে নির্দিষ্ট গণ্ডি তাহা একবারে অতিক্রম করিয়া স্বাধীন হয়। অত্যরব নান্তিক এবং আন্তিকের মধ্যে ফলে এই পর্যান্ত দ্বাড়ার,—যথায় অপরে জ্বীবন্ত ব্রক্ষের পূশান্ত্রাণে আমোদিত, ফলের রসাস্থাদনে তৃপ্ত, নবপত্র

পুঞ্জের শৈত্যে শাস্ত, এবং বৃক্ষন্থ বিহন্ধ মকুলকলে মোহিত হইরা থাকে; তথার নাস্তিকেরও দেইই বৃক্ষ আশ্রের বটে কিন্তু বৃক্ষ এথানে ছিন্নমূল হেতৃ কুল শুক নির্পন্ধ, ফল রসশূন্য বীতস্বাদ. পত্র শুক্ষ তাপোত্তেজক এবং কোন বিহন্ধ আসিয়া সে বৃক্ষে আশ্রের লয় না—যদি আসে ত সে দাড়কাক! কি স্থা! কি ভৃপ্তি! ইহাদের নিকট বিশ্বস্থ তাবং বিষয় বন্ধনশূন্য এবং বিকৃত; তত্ত্বলে তাবং বিষয়েরই মূল অনিরূপিত, অনির্দিপ্ত বা করানার নিহিত; সকলেই পৃথক্ পৃথক্ ও সামঞ্জস্যশূন্য; বহুত্বই সর্ব্ধত্র, একত্ব কোথাও নাই। কিন্তু যথায় তত্ত্বপ তুই বৃদ্ধির অভাব, তথায় ?—সর্ব্ধত্রই বহুত্বের মধ্যে একত্ব বিরাজিত; সর্ব্ধত্রই সকল বিষয় দক্ষ-নিরাক্ত হইবাতে মধ্যবিন্ধতে আসিয়া সমাহিত হইয়াছে। মধ্যবিন্ধূ হইতে বিচ্ছুরিত হইয়া তাবং বিষয় দিগন্ত-প্রসারিত হইয়াছা সংমিলিত হইয়া ঘাইতেছে। স্মৃতরাং সর্ব্ধত্রই সামঞ্জস্য ও স্থতানলয়ের তরঙ্গ থেলিয়া যাইতেছে। কি অতিন্তনীয়! কি অন ও বিকাশী লীলা-প্রেকট!

বখন মানবীয় সকলপ্রকার চিত্তর্ত্তি ও বৃত্তিজাত বিষর, যথা বৃদ্ধি বিদ্যাল তজ্জান প্রভৃতি, পর পর পর্যায়ক্রমে উন্নতি প্রাপ্ত হয়; তখন বল্য বাহুলা যে, আস্তিকতা ও তাহার বৈপরীত্যসাধক নাস্তিকতা সহদ্ধেও ঠিক সেইরূপ ঘটনা হইরাথাকে। যে কোন বস্তুর স্বাভাবিক অবস্থা এবং বিকারে, বস্তু ফলতঃ উভয়েতে এক; প্রভেদ কেবল অবস্থাহয়ের ভাব-ভেদমাত্র। অতএব যথন যে প্রকৃতির আস্তিকতা, তখন নাস্তিকতাও কেবল প্রকৃতির হয়। আস্তিকতা যথন উন্নত বা অবনত, নাস্তিকতাও তখন তাহাই। আস্তিকতা যথন উন্নত বা অবনত, নাস্তিকতাও তখন দেবতত্ব লইরা। আস্তিকতা যথন জ্ঞানকাণ্ডের উপর, নাস্তিকতাও তখন ক্রেকানকাণ্ড-আশ্রমী। আস্তিকতা যথন বৈজ্ঞানিক, নাস্তিকতাও তখন বৈজ্ঞানিক আকার ধারণ করিয়া থাকে। বর্ত্তমান ইউরোপীর আস্তিকতাও বা নাস্তিকতা উভয়ই বৈজ্ঞানিক; বর্ত্তমান বন্ধীয় আস্তিকতা

ও নান্তিকতা উভরই ফেদিরান-প্রাণ। আমরা যে সমরের আলোচনার প্রবৃত্ত হইরাছি, সে সমরের আন্তিকতা ও নান্তিকতা উভরই আংশিক দেবতর এবং আংশিক জ্ঞান-কাপ্ত-আশ্রমী। গ্রীকের নান্তিক-শিরোমণি এপিকুরেস্; হিন্দুর নান্তিক-শিরোমণি চার্ব্বাকদর্শন-প্রণেতা ধীবণ নামক ব্রাহ্মণসন্তান।—"ধাবজ্জীবেৎ স্থুণং জীবেৎ ঋণং কৃত্বা দ্বৃতং পিবেৎ।"

গ্রীকভূমে তত্ত্বদ্ধ নান্তিকতা আরিষ্টিপুদের সমর হইতে দৃষ্ট হয়। আরিষ্টিপুদের পূর্ব্বগত তত্ত্ববিদ্বর্গের মধ্যে যদিও বছ পরিমাণে নান্তিকতার আভাদ দেখিতে পাওয়া যায় বটে, কিন্তু তাহা আরিষ্টিপুদের ন্যায় দর্বাঙ্গদোষ্ঠিব কাণ্ডস্বরূপে শ্রেণীনিবদ্ধ হয় নাই। আরিষ্টিপুদ তত্ত্বিদ্যার ব্যবসায়ী ছিল। এই ব্যক্তি সক্রেতিসের নিকট তত্ত্বশিক্ষা করে, কিন্তু শেষে আত্মবৃদ্ধির কৌশলে নাস্তিকতা **অবলম্বন ক**রিয়াছিল। আরিষ্টপুদ প্লেটোর দম-দামন্ত্রিক লোক। ইহার বিশ্বাদ, যে কোন ব্যক্তির দঙ্গে যে যেমন দেইক্লপ হইয়া মিলিত হইতে পারাই, তত্ত্জান-লাভের একটি বিশেষ ফল। ইহার মতে পরম পুরুষার্থ,—'যে কোন উপায়ে হুথ বা প্রমোদলাভ এবং তাহা যদি কোন অপকুষ্ট বা দ্বণিত উপায় দারা সাধিত করার প্রয়োজন হয়, তাহাতেও ক্ষতি নাই। আরিষ্টিপুদ্বলিত, 'শারীরিক স্থথ মানসিক স্থথ অপেক্ষা শ্রেষ্ঠ এবং শারীরিক ছঃখ মানসিক ছঃখ অপেক্ষা মন্দ। প্রথিবীতে স্থুগ এবং গুঃখ এই দ্বিধ পদার্থ আছে, লোকে যে কোন দ্রব্য স্থুখজনক তাহা আহরণ করিবে এবং সেইরূপ যে কোন দ্রব্য হঃখন্সনক তাহা যে কোন উপায়ে পবিহাব কবিবে।'

আরিষ্টপুদ্ অতিশর কুতার্কিক ছিল এবং কুতর্কবাগে অসংকে
সং এবং সংকে অসং বলিয়া ভূলাইত। একদা প্রেটো তাহাকে অমিতব্যায়িতার জন্য ভর্মনা করায়, আরিষ্টপুদ্ প্রেটোকে জিজ্ঞাসা করিল,
"দিওনিস্তাস ভাল লোক কি না ?"

প্লেটো। "ভাল।"

আরি। "দিওনিস্থাস আমার অপেক। অনেক অধিক ব্যব করে

অথচ সে ভাল; অতএব দেখ অধিক বায় করা ও ভাল মাহুব হওরা, এ ছইই এক সঙ্গে না হইতে পারে এমন নহে।"

একদাকোন বাক্তি স্মারিষ্টিপুস্কে একটা বেশ্যা লইরা ঘরকর। করার নিমিত ভর্পনা করিলে,

আরি। "ভাল, একটা বাজী যথার বছলোক বাস করির। গিরাছে তথার, এবং যথার কেছ কথন বাস করে নাই তথার, এ ছই স্থানে বাস করার কিছু প্রভেদ আছে কি না?

উত্তর। "না।"

আন। ''যে জাহাজে আগে বহু সহত্র লোক পার হইয়া গিরাছে. এবং যাহাতে কেহ কথন পার হয় নাই, এই চয়ে পার হওয়ায় কিছু প্রভেদ আগছে কি না?

উ। "না"।

আ। "এখানেও ঠিক তাহাই, একটা স্ত্রীলোক ব'ার সঙ্গে বহুলোক সহবাস করিয়া গিয়াছে, এবং যাহাতে কেহু কথন উপগত হয় নাই. আমার পক্ষে এ উভয়ই সমান।"

এই স্ত্রীলোকটা গর্ভিণী হইলে, আরিষ্টিপুদের নিকট প্রকাশ করে যে তাহা কর্ত্বক তাহার গর্ভ ধারণ হইরাছে; ইহাতে সেই স্থালোকটার প্রতি আরিষ্টিপুদের উত্তর—"দেকি কথাবল, কাঁটাবন বেড়াইয়া কেই করে বলিতে পারে কি যে কোন কাঁটার আঁচড় লাগিয়ছে।" এরপ তর্ক ও বৃদ্ধি ধরচে আরিষ্টিপুদের শিষ্য থিওডোরুদ্ আরও পণ্ডিত। এই ব্যক্তি দর্কবিষয়ে, বিশেষতঃ স্ত্রীলোক সম্বন্ধে, অত্যন্ত যথেচ্ছাচারী ছিল; তজ্জনাইহার তর্ক এইরপ ছিল:—

থি। "যে স্ত্রীলোক শিক্ষিত, তাহার প্রয়োজনীয়তা সেই পরিমাণে অধিক কি না ?"

উ। "অধিক।"

থি। ''যে বালক বা যে যুবা যে পরিমাণে শিক্ষিত, তাহার প্রয়ো জনীয়তা সেই পরিমাণে অধিক কি না ?" উ। "অধিক।"

ধি। "এই নিয়ম অনুসারে বে জীলোক বাবে বালক বে পরিষাণে স্থান্ধর, সে সেই পরিমাণে শ্রেষ্ঠ কি না ?"

উ। "শ্ৰেষ্ঠ।"

িথি। ''যে যে পরিমাণে শ্রেষ্ঠ, তাহার প্রয়োজনীয়তা সেই শ্রিমাণে অধিক কিনা ?"

উ। "অধিক।"

খি। "ভাল, তাহা যদি হইল, তবে এখন দেখা বাইতেছে যে সৌন্দর্যোর প্রান্ধেনাজনীয়তা এই যে, তাহা অপরের দ্বারা সভুক্ত হওয়া; আমিও দেই পুভোগ করিয়া থাকি মাত্র। প্রয়োজনীয়তার প্রয়োজনীয় ভাব পালন ক্ষরাই ন্যায়সঙ্গত, তদ্ন্যতর অন্যায়, আমি দেই অন্যায় কার্য্য করি না।"

ইহারা অর্থপ্রাপ্তির জন্য যে কোন প্রকার নীচ্চা স্বীকারে কুন্টিচ ছিল না। দিওনিস্থাদের নিকট আরিষ্টিপুদ্ একদা অর্থ যাচ্ঞা করার, দিওনিস্থাস্ অত্যন্ত বিরক্ত হইয়াও ভংসনা করিয়া বলিল "তুমি বলিষা-ছিলে না যে, জ্ঞানীদিগের কথন অভাব হয় না ?"

জারিষ্টিপুদ্,—''আগে আমাকে কিঞ্চিৎ দিউন, পরে যাহা বলিবেন ভাহার উত্তর দিতেছি"।

দিওনিস্তাস্ কিঞ্চিৎ দান করিলে পর, অর্থ দেধাইরা—"এই দেখুন আমার কথা সত্য কি না।" আর এক সময়ে,

দি। "কি জনা তুমি এখানে আই**স** ?"

তা। "ধ্থন তত্ত্জানের আবশ্যক ছিল, তথন সক্রেটিসের ছ্যারে হাইতাম; এখন অর্থের আবশ্যক, এখন কাজেই তোমার ছ্যারে আসিয়া থাকি।" আরও এক সময়,

ি দি। "তত্ত্ববিদেরা কি কারণে ধনীর ছ্রারে আসিয়া থাকে, কই ধনীরাত তত্ত্বিদের ছ্রারে যায় না ?"

আ। "তাহার কারণ, তত্ত্ববিদেরা আপন অভাব বাহা তাহা বুঝে; কিন্তু ধনীরা আপন অভাব কি, তাহা বুঝে না।" ইহার মতে শিক্ষিত এবং অশিক্ষিতে, ভাঙ্গা এবং আভাঙ্গা ঘোড়ায় যে প্রভেদ, সেই প্রভেদ। আরিষ্টিপুসের শিক্ষায়, 'ন্যায়' 'বশ' 'আবশ' বিলিয়া বস্তুত: কোন পদার্থ নাই; লোকের মনের থেয়াল হইতে ঐ ঐ বিষয়ক জ্ঞান উৎপন্ন ও বন্ধমূল এবং ব্যবস্থৃত হইয়া আসিতেছে।

থিওডোক্লের মতে,—'ফুথ এবং ছঃখ, এই ছইটি মুখ্য বস্তু। স্থ জ্ঞানের দ্বারা লাভ হয়, গুঃথ অজ্ঞান হইতে প্রবর্ত্তিত হয়। বন্ধুত্ব বলিয়া কোন পদার্থ নাই, কারণ তাহা কি নির্মোধ কি জ্ঞানী কাহারই কোন कार्या नार्श ना : (यरहजू, अथरमाक वाकिनिरंगत निकं कार्या जैकात হইলেই বন্ধুত্বের কারণ লোপ হইল: দ্বিতীয়তঃ জ্ঞানী যাহারা তাহারা আপনাতেই আপনি পূর্ণ-আত্মা, স্বতরাং তাহারা অন্যের সাহায্যের অপেক্ষা রাথে না। থিওডোরুসের মতে বিজ্ঞতাটা অতি প্রধান গুণ। যে ব্যক্তি জ্ঞানী ও বিজ্ঞ, সে কথন স্বদেশপ্রিয়তার মোহে আশস্কার স্থলে পা দেয় না, কারণ কি জনা দেপাঁচ জন মূর্থের মঙ্গল হেতৃ আপনার বিপদ জড়াইতে যাইবে ;—বিশেষতঃ যে ব্যক্তি জ্ঞানী, দেশ তাহার নিকট কোন দীমাবদ্ধ স্থান নহে, সমস্ত পৃথিবীই তাহার দেশ। যে ব্যক্তি জ্ঞানী, সে স্বচ্ছনে চুরি, বেশ্যাগমন বা যে কোন অপকর্ম সময় স্বযোগ ও ইচ্ছামত করিতে পারে; কেবল এই পর্যান্ত তাহার দেখিয়া চলা আবশ্যক যে, যে সকল নির্কোধ্যগুলীর ধারণা অনুসারে ঐ ঐ গুলি অপকর্ম বলিয়া গণিত, তাহাদের দৃষ্টিতে যেন সে না পড়ে, কারণ্ সমাজ রক্ষা করাও একান্ত আবশ্যক। জ্ঞানী ব্যক্তি দেশকালপাত্র বজার রাথিয়া, যে কোন বিষয়ে মনের সাধ মিটাইতে পারেন। এইটি সত্য এইটি অসত্য, ইহা সং উহা অসং, ইত্যাদি যে ভেদবৃদ্ধি, তাহা কেবল লোকের যদুচ্ছা ধারণা ও চিরচলিত রীতি হইতে প্রবর্ত্তিত হইয়া আসিতেছে, তত্তির উহাদের অন্ত কোন অর্থ বা মূল নাই।' ইত্যাদি। ইহাই অল্প ইতরবিশেষে আরিষ্টিপুদের সাম্প্রদায়িক তাবৎ নাস্তিকের মত। আৰিষ্টিপুদের সম্প্রদায় ব্যতীত, ইউক্লিড ও বিওন প্রভৃতি আরও বছতর নান্তিক তত্ত্বিৎ ও তাহাদের শিষ্যাত্মশিষ্যগণ প্রাত্তূতি হইয়াছিল।

হিন্দ্দিগের মধ্যে নাস্তিকতা-পর্ব্বে চার্ব্বাক-দর্শন; তৎপূর্ব্বগত বৃহস্পতিস্ত্র, এবং তৎপূর্ব্বগত রামায়ণস্থ জাবালির উক্তি প্রভৃতি দৃষ্ট হয়। জাবালির উক্তি রামায়ণ হইতে নিয়ে উদ্কৃত করিয়া দেওয়া বাইতেছে। জাবালি রামকে ব্রাইতেছেন,—

• "রাম, তুমি স্থবৃদ্ধি এবং তপস্বী, সামান্ত মানবের স্থায় তোমার পিতৃবাক্য-প্রতিপালন-বিষয়িণী বৃদ্ধি নিরর্থক না হউক। কিন্তু পিতা পুত্র সম্বন্ধই মিথাা; এ জগতে কে কাহার বন্ধু, কাহার হারা কোন পুরুষ কি প্রাপ্ত হইয়া থাকে। জীব একাকীই জন্মগ্রহণ করে, আর একাকীই বিনষ্ট হয়, অত এব ইনি মাতা, ইনি পিতা, এইরূপ সম্বন্ধ নিবন্ধনপূর্থক যে ব্যক্তি তাহাতে আসক্ত হয়, তাহাকে উন্মন্তবং জ্ঞান কর, কেহই কাহারও নয়। যেমন কোন লোক প্রামান্তরে গমন করতঃ কোন গৃহের বহির্ভাগে বাস করে, পর্বিন সেই আবাস পরিত্যাগ পূর্থক প্রস্থান করিয়া থাকে, তেমনি পিতা মাতা গৃহ ধন সম্পত্তি মহুষ্যগণের আবাস মাত্র। হে কাকুংস্থ। সজ্জনগণ এ বিষয়ে সংসক্ত হয়েন না।" পুন্সত,

"দেশরথ তোমার কেহই নহেন, তুমিও তাঁহার কেইই নহ, রাজা সতন্ত্র, তুমি স্বতন্ত্র, অতএব আমি বাহা কহিতেছি তাহাই কর। পিতা জীবগণের বীজ, অর্থাৎ নিমিত্ত কারণ মাত্র; ঋতুমতী মাতার গর্ভে একঅ মিলিত শুক্র ও শোণিতই উৎপাদনের কারণ, অর্থাৎ তাহাতেই ইহলাকে, পুরুষের জন্ম হয়। সেই নৃপতি বে স্থানে গমন করিরাছেন, তোমাকেও তথার যাইতে হইবে, স্থতরাং তাঁহার সহিত তোমার সম্বদ্ধ কি? ভূত সকলের স্থভাবই এইরপ, কিন্তু তুমি পুরুষার্থাণো নিস্পৃহ হয়া বৃথা নই হইতেছ। যাহারা প্রতাক্ষসিদ্ধ রাজ্যাদিরপ পুরুষার্থ পরিত্যাগ পূর্কক অপ্রত্যক্ষ পারলৌকিক ধর্ম আশ্রম করিতে তৎপর হয়, আমি তাহাদিগের জন্ম স্থাথ প্রকাশ করি; অন্তের জন্ম শোক করি না, কেননা তাহারা ইলোকে ছ:খভোগ করিরা জীবনান্তে নিবৃত্তি প্রাপ্ত হয়া থাকে। অইকা প্রভৃতি পিতৃদৈবত্য শ্রাদ্ধ করিতে যে লোকে প্রস্তুত হয়, সে কেবল নিজ ভোগসাধন অরাদির হেতু; দেখ মৃত ব্যক্তি

কি ভোজন করিবে ? এই স্থানে অপরের কর্তৃক ভুক্ত অন্ন যদি অপরের উদরে গমন করে, তবে প্রবাদস্থ ব্যক্তির উদ্দেশে প্রাক্ত করিরা অন্নদান করুক, কৈ এরপ করিবো ভাহাতে ত পথিকের পাথের হয় না। দেব-পূজা কর, অন্নদান কর, যজ্ঞে দীক্ষিত হও, তপস্তা কর এবং সন্ন্যাদ অবলম্বন কর, এই সকল দানের বশীকরণোপায় স্বরূপ বেদাগমাদি প্রস্থ মেধাবী ধূর্ত্তাপ স্বার্থসম্পাদন কারণ ও পামরগণ বঞ্চনা করিরার জন্ত প্রস্তুত্ত করিয়াছে। হে মহামতে শুইহলোকের পর পারলৌকিক ধর্মাদি কিছুই নাই, তুমি নিজ বৃদ্ধিতে ইহা বিজ্ঞাত হও, যাহা প্রত্যক্ষ হইতেছে ভাহারই অনুষ্ঠান কর, আর অনুমানাদিগম্য পরোক্ষকে পরিভ্যাগ কর।" তদার উদ্ধৃত অংশ প্রক্ষিপ্ত বা যথার্থতঃই বাল্মীকির লেখনীনিঃস্কৃত্ত কিনা, সে মীমাংসা স্বতম্ব। সে মীমাংসার স্থান এখানে নহে।

এক্ষণে বৃহস্পতিস্ত্রন্থ বৃদ্ধিযোগে তর্কসমূদ মন্থনের ফল দেখা যাউক।
"কামশান্তান্থসারেণার্থকামাবের পুরুষার্থে । কামশান্তান্থসারে অর্থ এবং
কামই পুরুষার্থ। চার্কাকমতে "অঙ্গনালিঙ্গনাদিজভাং স্থথমের পুরুষার্থঃ"
অঙ্গনাদিগের আলিঙ্গনাদি জভা যে স্থথ, তাহাই পুরুষার্থ। বৃহস্পতিস্ত্র হিন্দুনান্তিকগণের বেদস্করূপ। হিন্দুদিগের মধ্যে সকল আন্তিক তত্ত্বই যেমন বেদের দোহাই দিয়া থাকে, তেমনি সকল নান্তিক তত্ত্ব বৃহস্পতিস্থ্রের দোহাই দেয়। এখন দেখ বৃহস্পতির শেষ শিক্ষা কিং, —"স্বর্গও নাই, অপবর্গও নাই, প্রলোকগামী আ্ব্রাও নাই। বর্ণ আ্তাশ্রাদির, কলদান্তিকা যে কোন ক্রিয়া তাহাও কিছু নাই। অগ্নিহোত্ত,

বর্দ্ধমানের রাজবাড়ীর প্রকাশিত রামারণ, অবোধ্যাকাও,২০৮ সর্গ; অবোরনাথ তত্ত্বিধির অনুবাদ।

২। সর্বদর্শনসংগ্রহ-ধৃত বৃহস্পতিবাক্য। এ অবস্তুই নকল বৃহস্পতি,দেবগুরু নহেন।

৩। নাত্তিকদিগের পক্ষে বর্ণাশ্রমাদি স্বীকার করিবার কোন আবশুক্তা নাই,এব' তাহারা স্বীকারও করে না। বর্ণাশ্রমাদি যে দিয় নহে, নাত্তিকের প্রদর্শিত তিহিষয়ক কারণ বা বিচার নৈষধকার চার্কাকের মুখ দিয়া এয়শে প্রকাশ করিয়াছেন,—

[&]quot;শুদ্ধিবংশ দ্বী শুদ্ধৌ পিত্রোঃ পিত্রোইদেকশঃ। তদনস্তকুলাদোধাদদোধা জাতিরক্তিকা।"—নৈষধ, ১৭ সর্গ।

বেদত্তম, দণ্ডধারণ, ও ভত্মগুঠন, এ সকল বৃদ্ধিপৌরুষহীন ব্যক্তিদিগের উপজীবিকা মাত্র। জ্যোতিষ্টোমে নিহত পণ্ড বদি মুর্গে গমন করে. তবে যুজ্ঞান কি জন্ম আপন পিতাকে দেই রূপে হিংসা না করিয়া থাকে ? —(যেহেতু শিতাকে স্বর্গে পাঠানর পক্ষে উহা অতি সহজ উপায়)। েষে সকল জীব মৃত, শ্রাদ্ধ যদি তাহাদের ভৃপ্তির কারণ হয়, তবে এথান হইতে দ্রগামী ব্যক্তির পাথেয় কল্পনা করার আবশুকতা কিছুই নাই। এখান হইতে ক্বত্ত দানে যদি স্বৰ্গস্থিত ব্যক্তির তৃপ্তিলাভ হয়, তবে এখানে প্রদত্ত দ্রব্যে প্রাসাদোপরিস্থিত ব্যক্তির তৃপ্তিলাভ না হইবে কেন ? অতএব সে সকল কোন কাজের কথা নহে। যতকাল বাঁচিবে. স্থাথ কাটাইবে, এবং ধার করিয়াও যদি ঘুতাদি স্থাকর দ্রব্য থাইতে ছম্ন, তাহাও খাইবে ; কারণ এই দেহ একবার ভস্মীভূত হইলে স্সার তাছার ফিরিয়া আদিবার সম্ভাবনা নাই। যদি আত্মা এই দেহ পরি-ত্যাগান্তে পরলোকে যাইতে পারিত, তবে কি জন্ত সে বন্ধুমেহসমাকুল হইয়া পুনঃ পুনঃ না আইদে? মৃত ব্যক্তির প্রেতকার্য্যের আর কোন অর্থ দেখিতে পাই না,কেবল এক ব্রাহ্মণদিগের জীবনোপায় বলিয়াই বিহিত দেখিতে পাওয়া যাইতেছে। ধূর্ত্ত ভণ্ড ও নিশাচর, এই তিন জন বেদের কর্ত্তা।"

চার্ধ্বাক কেবল উক্ত মত, প্রমাণাদি প্রয়োগ দারা সমর্থন
করিয়াছেন মাত্র। ইহার মতে ভূত চত্র্বিধ,ক্ষিতি,অপ্, তেজ ও মরুৎ।
বেমন ভিন্ন ভিন্ন প্রবাসংযোগে মদ প্রভৃতি বিভিন্নগুণবিশিষ্ট এক একটি
অন্তত্তর পদার্থ উৎপন্ন হইয়া থাকে, এই ভূতচত্ত্তীরের সংযোগেও
তেমনি চৈতক্তের উদর হয়; আবার সেই সংযোগ ভালিয়া গেলেই
চৈতক্ত বিনাশ প্রাপ্ত হয় এবং তাহাতে পরলোক বা প্রেত ক্রনার কোনই
আবশ্রকতা দেখা বায় না। চৈতক্তবিশিষ্ট দেহে দেহের অতিরিক্ত যে
আত্মা আছে দে পক্ষে প্রমাণাভাব, স্ক্তরাং তাহা অদিন। প্রমাণ
একমাত্র যাহা প্রত্যক্ষ তাহাই গ্রাহ্ণ; অনুমানাদি প্রমাণ নহে। ইহার
মতে ইষ্টানিষ্ট বা অনুষ্ঠ নাই, জগবৈচিত্র আক্ষিক এবং স্বভাব হইতে

উৎপন্ন। অদনা-আলিম্বনাদি জন্য স্থপপ্রাপ্তিই একমাত্র পুরুষার্থ, মানব তাহারই অমুসরণ করিবে। স্থপ প্রাপ্ত হইতে হইলে হুংপও অপরিহার্যা, বেহেত্ সকল বস্তুই স্থপহুংপজড়িত। কিন্তু তাই বলিয়া স্থামুসরণে ক্ষান্ত হইবে না। তাহা এইরূপ উপমাদ্বারা দেখান হইয়াছে, —দেখ মংস্যে শক কণ্টকাদি আছে, তাই বলিয়া কি কেহ মংস্ত ভক্ষণ পরিত্যাগ করিবে; অথবা ভিক্কুকে জালাতন করে বলিয়া, কে বল অন্নাদি পাক করিয়া না খান্ন, ইত্যাদি। যদি কোন ভীক্র হুংথের ভরে স্থপ পরিত্যাগ করে,তবে সে পশুবৎ মূর্থ। "যদি কন্টিং ভীক্রং দৃষ্টং স্থথ তাজেৎ তর্হি স পশুবন্মর্থা ভবেং।"

অতঃপর গ্রীক নান্তিকচ্ড়ামণি এপিকুারদের নান্তিকতার সারতন্ত্ব-গুলির কোন কোন অংশ, অগ্রে দিওগিনীস লেয়ার্টিয়দ হইতে সংগ্রহ করিয়া নিমে দেওয়া যাইতেছে।

"বাহা তৃপ্তিকর এবং ধবংস প্রাপ্ত হয় না, যাহা স্বয়ং ক্লেশাত্মক নছে বা অভ্যের পক্ষেও ক্লেশকর হয় না; পুনশ্চ যাহা অভ্যের ক্রোধ বা অক্তত্তত্ত্বার কারণোদ্দীপক হয় না, তাহাই পরম পুক্ষার্থ ও প্রকৃত স্থপদার্থ স্থরুপ।

"মৃত্যু কিছুই নহে; কারণ, যাহার ধ্বংস হয় তাহার অনুভবশক্তি রহিত হইয়া থাকে; যথন অনুভবশক্তি রহিত হয়, তথন তাহা অবশুই আমাদিগের নিকট কিছুই নহে।

"স্থায়দঙ্গত ভাবে এবং দততা ও বিজ্ঞতার দহিত না চলিলে, প্রকৃত স্থাদস্পূ ক্তরণে জীবনাতিবাহন করা অদন্তব; অগবা প্রকৃত স্থাদস্ ক্তরণে জীবনাতিবাহন করিতে গেলে, স্থায়দঙ্গতভাবে এবং সততা ও বিজ্ঞতার দহিত না চলা অদন্তব। যে ব্যক্তি স্থায়দঙ্গত ভাবে এবং সততা ও বিজ্ঞতার দহিত না চলা, দে কথন স্থা হইতে পারে না।

"বে কোন প্রকারে উৎপদ্ধ স্থা বস্তুতঃ মন্দ নহে; কিন্তু যে যে কারণযোগে সেই স্থাথের উৎপত্তি হয়, তাহার স্বাহ্যক্রিক ব্যতিক্রম-গুলির প্রাচ্ধ্য হেতুই তাহা দৃষ্ণীয় হইয়া থাকে। "কেবল মহ্বা-সম্ভব ও মহ্বালাধ্য প্রথকর বস্তর আরোজন করিতে পারিলেই যে মানুষ স্থী হইরা থাকে এমন নহে; যে পর্যান্ত পরলোক, নরক ও অপরাপর অদৃষ্টশক্তি প্রেভৃতি ভয়ের কারণ সকল নিরাকরণ করিতে না পারা বার, সে পর্যান্ত স্থথের সম্ভাবনা অতি অরই।

"অপরিমিত ক্ষমতা এবং ধন, মহুষ্য সম্বন্ধে মানবকে কিরং পরিমাণে নিঃশঙ্ক করিতে পারে বটে; কিন্তু যাবতীয় বিষয় সম্বন্ধে নিঃশঙ্ক হইতে হইলে, আকাজ্জার ক্ষান্তিও আত্মার শান্তির আবশ্যক হইরা থাকে।

"জ্ঞানী ব্যক্তি বাহারা, তাহারা প্রায়ই সৌভাগ্য দারা তিরস্কৃত হইয়া থাকে; কিন্তু তাহাদের মনীষাশক্তি তাহাদিগকে যে শ্রেষ্ঠ ও উৎকৃষ্ট রত্ন সকল নিয়ত প্রদান করে, তাহাই তাহারা সর্বাদৃ৷ সজ্ঞোগ করে এবং আজীবন করিতে থাকিবে।

"যে ব্যক্তি ভাষপথগামী সে সর্ব্বত্তই স্বাধীন এবং সে সর্ব্বদাই সর্ব্ব-লোক সমক্ষে শান্তি ভোগ করিয়া থাকে। অভায়কারী যে, সর্ব্বদাই সে তদ্বিপরীত ভাবের নিকট শঙ্কিত হয়।

"আমরা যুক্তিশক্তির সহায়তায় শরীরের পরিণাম এবং ধ্বংদ সম্বন্ধে তত্ত্ব স্থনির্গর পূর্বক যদি পরলোক বা অনস্ত সম্বন্ধীয় ভীতি হইতে ত্রাণ পাই এবং পরলোকসম্বন্ধীয় কল্পনা হইতে যদি একেবারেই মুক্ত হইতে পারি, তাহা হইলেই কেবল এই জীবন যে কোন প্রকার স্থামূভব ও স্থপদার্থের সংগ্রহে পারক হইতে পারে। মনের ভাব এইরূপ অর্থাং ভয়শৃন্ত করিতে পারিলে, নানাকারণজাত ক্লেশ সকল জীবনের ক্ষয়করিরূপে যন্ত্রণাদায়ক হইলেও, মানব তাহার মধ্যে স্থা হইতে পারে; এবং এরূপ অবস্থায় যে মৃত্যু, তাহা কেবল স্থা-জীবনের সীমাপ্রাপ্তি বা সর্বহিংথের নিরুত্তি ভিন্ন অন্য কিছুই নহে।

" 'স্থায়' ভাবের বস্ততঃ কোন অন্তিত্ব নাই; উহা পরস্পর লৌকিক অঙ্গীকার হইতে উৎপন্ন হয়, এবং পরস্পর পরস্পরের দ্বারা ক্ষতিগ্রস্ত বা ক্লেশবিদ্ধ হইতে না পায় এরূপ অর্থেই উহার সংঘটন হইরা থাকে। "অন্তাদ্ন" ভাব বস্ততঃ মন্দ নছে; তবে ইহা মন্দ এই জন্য যে ইহার সঙ্গে এরপ ভয় সংযোজিত আছে বে, যাহারা জন্যায় নিবারণে ও শান্তিরক্ষণে নিয়োজিত, তাহাদের হারা শ্বত হওয়া ও শান্তি পাওয়ার দায় হইতে প্লাইবার সম্ভাবনা নাই।

"অমুক বিষয় করিব না এবং পরস্পারের অহিতকর বা ক্লেশজনক অমুক কার্য্যে প্রবৃত্ত হইব না ;—পরস্পারের সহ এরূপ যে অঙ্গীকারে আবদ্ধ হওয়া যায়, কোন মানব গোপনে গোপনে যেন তাহার অঞ্থাচরণ না করে, বেহেতু সেরূপ করা উচিত নহে। কারণ, যদিও দে সহস্রবার এরূপ করিয়া সহস্রবার ফাঁকি দিতে সক্ষম হইয়াছে বটে, তথাপি তাহার এরূপ বিবেচনা করা অন্যায় যে, সে বরাবর ফাঁকি দিতে সক্ষম হইবে; যেহেতু তাহার মৃত্যু পূর্যান্ত জীবিতকালের মধ্যে সে যেকথন ধরা পড়িবে বা কথন পড়িবে না তাহার কোনই স্থিরতা নাই।

"যে সর্বজনসমক্ষে নিঃশঙ্কভাবে জীবনাতিবাহিত করিতে ইছে। করে, সে সকলেরই সঙ্গে বন্ধুতা স্থাপন করিবে। যাহাদের সঙ্গে বন্ধুতা করা সম্ভব নহে, অন্ততঃ তাহাদের সহ শক্রুতা যাহাতে না জন্মে, এরূপ যন্ধ্র করিয়া চলিবে। যদি তাহাও সম্ভব না হয়,তবে অন্ততঃপক্ষে আয়ৢয়ার্থ বন্ধায় রাথিয়া যতদূর সাধ্য তাহাদের সংশ্রবে আসিবে না।

"সেই ব্যক্তিই সর্বাপেক্ষা পরম হৃথী, বে এরূপ অবস্থায় আসিয়া পৌছিয়াছে যে, যথায় পার্শ্ববর্তী কোন বিষয় হইতেই তাহার ভ্রের সন্তাবনা নাই। এরূপ লোক, পরস্পারের উপর পূর্ণ বিশ্বাসবৃদ্ধি সহ পরস্পারের বন্ধুত্বস্থুপূর্ণভাবে ভোগ করিয়া, অথচ কোন বন্ধুর অকাল মৃত্যু হইতে শোকসম্ভব্য না হইয়া এবং সকল লোকেরই নিকট প্রীতিপূর্ণ থাকিয়া, নিজ জীবন অতিবাহন করিয়া থাকে।"

তাম্লতঃ পর্য্যালোচনাম দেখা যাইতেছে যে, এপিক্রনের প্রবর্তিত তান্থের মূলমন্ত্র ভার। কি লৌকিক কি পারলৌকিক যাবতীয় প্রকারের ভাষের নিরাকরণ করিরা,ইছলৌকিক স্থাদি যথাসম্ভব উপভোগ করাই পর্ম পুরুষার্থ। অভ্যান্ত নান্তিকগণ, প্রলোকবৃদ্ধিকে একবার উড়াইতে সক্ষম হইরা, বেমন বন্ধনছিল বাঁধা ছোড়ার ক্রায় একেবারে দিথি-দিকশৃত্ত হইয়া ছটিয়াছে; এপিক্যুরসে, যদিও সে পরলোক নিরাক্ত **এবং नाम-अनाम-छान मृत्रगृज श्रेमाए वर्टी, उथांति रम सावीनय ଓ** যথেজ্ঞাচারিত্ব তেমনটা পরিমানে দেখিতে পাওয়া যাইতেছে না। তাহার কারণ, ইহাঁর পরলোকের প্রতি ভয় এমন যে, তাহার নিরাকরণ করিতেই তাঁহার সমস্ত চেষ্টা পর্যাবসিত হইয়া গিয়াছে; তদতিরিকে উন্মাদিত হইতে আর অবসর হইয়া উঠে নাই। চিরভয়শূন্য গ্রীকচিত্তে, পরলোকবোধের নববৃদ্ধি, সহসা জাগরিত হওয়াতেই,এতটা ভয় সঞ্চালন করিতে সক্ষম হইয়াছিল !—অনভ্যাদমধ্যে সহসা অভ্যাদ, সাধারণ অপেকা সহজেই কিছু উগ্র মূর্ত্তি ধারণ করিয়া থাকে। এপিকু)রসের মানিত ন্যায় অন্যায়, সং অসং, সত্য অস্ত্য ইত্যাদি বিষয়ন্বয়, কেবল ভয়ের যে কিছু কারণ তাহার বিভীষিকা ও উত্তেজনা হইতে গঠিত। দেখা যাইতেছে যে, ইছার মতে স্থুখ যাহা ভাহা ভয়ের নিরাকরণে এবং তঃথ যাহা তাহা ভয়ের আধিকো। লৌকিক ভয়ের বিনাশ নিমিত্ত, নীতি ও বন্ধবের প্রয়োজন এবং লোকাতীত ভয় দূর করিবার জন্য, নান্তিকতাজ্ঞানের আবশ্রক। এপিক্যুরদের তত্ত্ব্যাখ্যান দেখিলে বোধ হয়,যেন তিনি নিতান্তই ভয়ত্রান্ত ছিলেন। হঃথের নিরাকরণ করিতে গিয়া বৃদ্ধদেবের নির্বাণ: আর ভয়ের নিরাকরণ করিতে গিয়া এপিকারদের নাব্তিকতা। অনুদ্রানে যতদূর পাওয়া যায়, তাহাতে এই জানা যায় যে, এপিকারদের জীবন অপেক্ষাকৃত নীতিসম্পন্ন ছিল এবং মৃত্যুকেও ইনি সহাস ও সদানন্দ চিত্তে আলিঙ্গন করিয়াছিলেন। ইহাঁর পরবর্ত্তী শিষাবর্গে কিন্তু আর সেরপ ভাব থাকে নাই: তাহারা বহু পরিমাণে যথেচ্চাচারী হইয়া উঠিয়াছিল।

এপিকুরেস কহিয়া থাকেন, এই বিধ অনস্ত; পরমাণু সহযোগে নির্দ্মিত। পরমাণু অনস্ত বিভাগে বিভাল্য নহে; উহারা অবিরত গতিশীল এবং পরস্পর যোগবিয়োগে অনস্ত আফুতি গ্রহণে পটু। পরমাণু সকল অনস্ত কাল হইতে যোগবিয়োগে স্ষ্টেরচনা ও ধ্বংসাদি

করিতেছে ও অনস্ত কাল করিতেও থাকিবে। পরমাণু ও তাহার স্বভাবের কথনও বিনাশ নাই। এপিকারদের নিকট ইন্দ্রিয়গ্রাছ প্রত্যক প্রমাণই বলবান, তবে অনুমানও একেবারে পরিতাক হয় নাই; অমুমানের দ্বারা আকাশ ও দেশের অন্তিত্ব অবধারিত হইয়া থাকে। বিশ্বক্ষাণ্ড অনস্ত এবং পৃথিবীও একটা নহে, বছতর এবং অসংখ্য। বলিয়াছি, পরমাণু অবিরত গতিশীল; সেই গতিযোগে এবং পরস্পর সংযোগে রূপের উৎপত্তি হইয়া থাকে। শরীরাদি বলিয়া আমরা যাহা প্রত্যক্ষ করি, তাহা ঐরপ রপবিশেষ। বহির্জগৎস্থ পদার্থনিচয়ের সহ ইব্রিয় সকল সমগুণধর্মাদিবিশিষ্ট হওয়ায়, তাহাদের পরস্পর আকর্ষণ ও ঘাত প্রতিঘাতে, শ্রবণ ঘাণ প্রভৃতি ইন্দ্রিয়-বিষয়গুলি সমুৎপাদিত হয়। চৈতন্য ও জ্ঞান যাহা, তাহা শরীরের অভ্যন্তরন্থ কতকগুলি সূক্ষ্ম প্রমাণুর সূক্ষ্ম সমাবেশ হইতে উৎপন্ন হয়। উহা যে যে শরীরে যে প্রকার ও যে পরিমাণে সমাবিষ্ট, তথায় সেইরূপ বিভিন্ন স্বভাব ও ক্রিয়া সকল প্রকাশ করিয়া থাকে; স্বতরাং ইহা হইতেই মানব বিভিন্ন প্রকৃতির হয়। প্রমাণুর ক্রিয়াশক্তি দেহের দঙ্গে সর্ব্বত্রই কিছু না কিছু সম্বন্ধবতী, এজন্য তাহার যে কিছু কার্য্য তাহা সমস্ত শারীরিক ইন্দ্রিয়কে স্পর্শ করিয়া থাকে। দেহঘটত দেই দকল কার্য্য পুনঃ আত্মাকেও গিয়া স্পর্শ করে: এজন্য দেহ ও আত্মা, ইহারা পরস্পর পরস্পরের স্থাথ ও তঃথে স্থতঃখ বান। দেহের সহ তরিছিত আত্মা এবং চৈতন্যেরও ধ্বংস হইয়া যায়। প্ৰিবীতে যে সকল জীব ও চৈতন্যপ্ৰবাহ চলিতেছে, তাহার বীজ অন্ত কোন পৃথিবী বা অনস্ত গর্ভ হইতে যে এখানে পৃথক্রপে আনীত ও নিহিত হইয়াছে এরপ নহে। এই পৃথিবীতেই সে বীজ নিহিত ছিল এবং এই পুথিবী হইতেই স্বতঃ তাহা উৎপন্ন হইয়াছে। মানব আকাশন্ত গ্রহনক্ষতাদিদর্শনে বিশ্বররসে মগ্ন হইয়া এবং তাহাদিগকে চৈত্ত্য-বিশিষ্ট কল্পনা করিয়া, তাহাদিগের উপর দেবত্বের আরোপ করিয়া থাকে এবং তাহা হইতেই লোকাতীত শক্তি ও স্বর্গনরকাদির ভয়

মানবের মনে বন্ধমূল হয়। এইরূপে এপিকুরেস দেখাইতেছেন যে, মানব আপনার করনোভূত ভরে আপনি আবন্ধ হইয়া, নিজের অস্থের কারণ নিজে উৎপাদন করিয়া থাকে।

ঈশ্বর ও দেবতাবর্গ সম্বন্ধে বলিতেছেন যে, যদি তাহাদের প্রতি বিশ্বাদের ছারা জীবনকে নীতিপথে লইয়া যাইতে পার, এবং ভাহাদের উপাসনা ও অর্চ্চনাদির দ্বারা পরলোকের ভর হইতে পরিতাণ পাও. তাহা হইলে সেই দেবতত্ত্ব কল্লিত হইলেও, তাহাকে অবলম্বন করা সর্বতোভাবে কর্ত্তর। বরং দেবতায় বিশ্বাস করা ভাল, তথাপি মৃঢ্ প্রাকৃতিক তত্ত্বদর্শীর অপরিহার্য্য ও গুরতিক্রম্য এবং অপরিণামদর্শী ও হিতাহিতজ্ঞানশূন্য প্রয়োজনজালে জড়িত হওয়া ভাল নছে। এপি-ক্যুরস আরও বলেন যে, যদি দেবতা ও ঈশ্বরে বিশ্বাস করিতে চাও, তবে যতদূর পবিত্র ও দিব্য বিভূতি ঐ দেবস্বজ্ঞানের সহিত সংযোজিত করিতে পার ততই প্রার্থনীয়। যে দেবচরিতে সকলে বিশ্বাস করিয়া থাকে, তাহাতে অবিশ্বাস করা ততটা দূবণীয় নহে; যতটা সাধারণ লোকে, তাহাদের সাধারণ জ্ঞানের অতুকরণে, দেবচরিতে যে অপ্রুপ্ত বিভৃতি আরোপ করিয়া থাকে তাহা। ফলতঃ এপিকুারনের উদ্দেশ্য এই,—যে কোন পদার্থ আদর্শ করিয়া হউক, নৈতিক ভাবে ও স্থথে জীবনাতিবাহিত করিতে পারা এবং পরলোকের প্রতি ভয়শূনা হওয়াই মনুযাজ্ঞানের মুখা ফল হওয়া উচিত। এই উদ্দেশাদাধনের জন্য তিনি বলিতেছেন,—যুবাও যেন ইহার অনুসরণ করিতে মনে না করে যে, তাহার এখনও সময় আছে; অথবা বৃদ্ধও যেন এমন মনে না করে যে, তাহার সময় নাই। আত্মার শিক্ষাকল্পে কোন সময়ই অযোগ্য বা প্রতিকৃল নছে।

এপিকুরনের প্রমাণপদার্থাদি এরপে ব্যাখ্যাত হয়। প্রমাণু সকলের সংযোগে রূপের সঞ্চার হয় এবং তাহাতেই স্বষ্ট প্রকাশমান হইয়া থাকে। প্রমাণু অবিরত গতিশীল, এজন্য তাহাদের সংযোগজাত

৪। এপিকারস হইতে মিনিকিওসের নিকট পত্র।

রূপ যাহা,তাহাও অনবরত পরিবর্ত্তিত হইরা যাইতেছে। কিন্তু পরিবর্ত্তন ছইয়া গেলেও, কতক **অংশ** পরমাণুবিকেপ দারা সেই 'রূপের' ষে প্রতিভাস রাথিয়া যাইতেছে; এবং প্রমাণু সহ স্থামাদের শ্রীর সমগুণধর্মী হওরার, যে প্রতিভাস শরীরে পতিত হইবাতে ইক্রিয়ের বিষয়ীভূত হইয়া পদার্থজ্ঞানস্বরূপে প্রতিভাত হইতেছে, তাহাই কেবল প্রতাক্ষ প্রমাণস্বরূপে বিচারস্থলে অবলম্বিত হওয়া উচিত। চিত্তরতি সকলের অনুভূত বিষয়ও প্রমাণস্থলে গ্রাহ্ম হইতে পারে: কিন্তু অগ্রে তাহার প্রামাণাভাব, রূপপ্রতিভাস-জনিত জ্ঞান দারা পরীক্ষিত হওয়া উচিত। যদি দে পরীক্ষায় তাহা তিষ্ঠে, তবেই তাহা প্রমাণ ; নতুবা ভ্রমের কারণ স্বরূপ হইয়া দাঁড়ায়। ভ্রম প্রধানতঃ এই চুই কারণে উৎপন্ন হয়; প্রথমতঃ যথন মনে এরূপ বিশ্বাস থাকে যে, আমার এই মত প্রমাণ দারা অবশ্যই প্রমাণিত হইবে; এরূপ স্থলে প্রকৃত প্রমাণ পদার্থ যথন না পাওয়া যায়, তথন আমাদের কল্পনা বা চিন্তাশক্তির প্রবর্ত্তনা দেই অভাবপুরণে সহায়তা করিয়া থাকে। সেই প্রবর্ত্তনা যদিও মূলে কোন রূপ-প্রতিভাস-দংশ্রবে উংপন্ন হইয়াছে বটে,কিন্তু পরে তাহার আর সাক্ষাৎ সম্বন্ধে রূপ-সংস্রব নাথাকায়, কাজেই তদ্বারা ভ্রমের উৎপত্তি হইয়া থাকে। দ্বিতীয়তঃ, যেরূপ রূপ-প্রতিভাদ প্রত্যক্ষ এবং অনুভূত হইতেছে, চিন্তাশক্তি যথন তাহাকে তাহার অতিরিক্ত বৃদ্ধিতে লইয়া বায়। বে কোন বিষয়, উপযুক্ত প্রমাণ গ্রহণ ও কথিত-মত ভ্রান্তি নিবারণ পূর্ব্বক, যুক্তি দ্বারা স্থাপিত করিলে, তাহাই বথার্থ সতা স্বরূপ হয়।

আশ্চর্যা! মানব কি সামান্য বিষয়ের উপর নির্ভর করিয়া, কি গুরুতর বিষয় সকলের মীমাংসা বা তাহার নিরাকরণ করিতে উদ্যত হইয়া থাকে! চোথের উপরেই প্রতি কালপরিবর্ত্তনে প্রতি দর্শনম্থিত মতাদি অকর্মণ্যতার পড়িয়া যাইতেছে, অথচ প্রত্যেক দার্শনিক ভাবিয়া থাকে যে আমি যাহা করিলাম, ইহা অভ্রান্ত এবং সর্বকামপ্রদ। না হইবে কেন, নিতা শত শত লোক মরিতে দেখিয়াও যে মানবুচিত

আপনাকে অমর বলিয়া জ্ঞান করে; সে মানবচিত্ত যে স্বন্ধত মত অহান্ত এবং সর্ব্ধকামপ্রদ বলিয়া বিবেচনা ক্রিবে তাহাতে বিচিত্রতা কি ?

নান্তিক-তত্ত্বিদ্যার ভালমন্দ ভেল অতি জরই, ইহা কলে সর্ক্রই
সমান এবং শিব্যবর্গও সর্ব্বত্ত সমান পরিপক যন্তা হইবার কথা।
নান্তিকতার গুণ এমনি যে, মানবকে পাবগু হইতেই হইবে! নান্তিকতার
উত্তাবক বাল্যাভান্ত আন্তিক্যশিক্ষার সংস্কারবশতঃ কোনরুপে ভাল
থাকিলেও, নান্তিকতার শিব্যবর্গকে ভাল থাকিতে প্রায়ই দেখা বার
না — এপিক্যুরসের সংশিক্ষা সত্ত্বেও, এপিক্যুরসের শিব্যবর্গের
যথেছাচার জগৎপ্রসিদ্ধ। ফল্তঃ, গ্রন্থনুত্তের অভাবে কথন মাল্য
স্থ্রাথিত ও স্থ্যজ্জিত হইতে পারে না; বিক্ষিপ্ত ছন্ন ভাবই দেরপ স্থলের
নিয়ম। পুনশ্চ, প্রকৃতির মিথ্যা বা অচিংভাগ বাহার মূল, সে তত্ব
কথনই স্থলল প্রদ্ব করিতে পারে না। ফল সর্ব্বনা মূলেরই ধর্ম
অন্তুসমন্ত্রণ করিয়া থাকে।

এক্ষণে দেখা যাউক নান্তিকতন্ব, বিভিন্ন জাতীর প্রকৃতি অনুসারে, কিরপ বিভিন্ন প্রকৃতির হইয়াছে এবং কতদ্র তাহা তত্তং জাতীয় জীবনের উপর আবিপত্য ও তাহাকে চালিত করিতে সক্ষম হইয়াছে। প্রীক নান্তিকতন্ব বহুলাংশে প্রাকৃতিক ও সামাজিক বিজ্ঞানের আপ্রয়ে গঠিত; আর হিন্দু নান্তিকতন্ব, হিন্দুর আন্তিক্য ও আধ্যান্ত্রিক তন্বপার্থে বৈপরীতা সমাবেশ-স্বরূপ মাত্র; প্রথমটি বিজ্ঞান-প্রাণ, আর দিতীয়টি স্বাত্ম-চিন্তা-প্রাণ। আরিষ্টিপুন ও তদীয় সাম্প্রদায়িক থিওভারুদ প্রভৃতির যে নান্তিকতা, তাহা বঞানির নান্তিকতা এবং এপিকুারদের যে নান্তিকতা, তাহা ভয়ের তাড়নে নান্তিকতা এবং এপিকুারদের যে নান্তিকতা, তাহা ভয়ের তাড়নে নান্তিকতা বলা বাছলা যে ইহারা সমস্তই প্রীক প্রকৃতির সহ সমধর্মী এবং প্ররূপ প্রকৃতি হইতে ক্রমণ ফলই আশা করা গিরা থাকে। আরিষ্টিপুনের সময়ে লোকের মনে পরিকার পারলোকিক-অন্তিত্ব-জ্ঞান কেবল প্রতিভাত হইয়াছিল মাত্র। সজ্ঞোটনের দারা পূর্বের উহা পূর্ণভাবে উপলব্ধ হইয়া, প্রেটো কর্ত্বক যথন তর্কতন্ত্রাদি দ্বারা সম্প্রারিত হইতেছিল; সেই সময়ে আরিষ্টাপুনের

নান্তিকতা যেন তাহার প্রতিহিংসা ও প্রতিহন্দীস্বরূপে উথিত হয় এবং প্রেটোর হারা যে পরিমাণে সভের মহিমা কীর্ত্তিত হইতেছিল,উহারা সেই পরিমাণে অসংকে বাড়াইয়া তাহাকে আসন প্রদান করিতে থাকে। এপিকুারসের সময়ের ভাব ভিন্নতর; তথন কি পরলোকবৃদ্ধি কি সামাজিক বৃদ্ধি উভয়ই বোর বিশৃখল ও ভয়সয়্প ভাব ধারণ করার, তাহা হইতে যেন মুক্তির উপায় স্বরূপ এপিকুারসের নান্তিকতার উৎপত্তি হয়। মত এবং কথায় ভয়ের হাত ছাড়াইলেও, ভয়হেতৃক আজন্মবর্দ্ধিত যে সংস্কার তাহার হাত সহজে ছাড়াইতে পারা বায় না; এজন্য তাহার অনিবার্য্য প্রভাব, মানবকে তথনও বছপরিমাণে ভয়নম করিয়া রাখে। এপিকুারসে সেই ভয়-ময়্রভাবের প্রবলতা হেতৃই, তাহার বর্ণিত তত্ত্বেন অমিপ্রতি অসতের প্রাহর্ণৰি দেখিতে পাওয়া বায় না।

তাহার পর আরও এক কথা আছে। যে পদার্থ যে পরিমাণে শ্রেষ্ঠ বা অপকৃষ্ট, তাহার বিকারও : সেই পরিমাণে অধিক বা অল্প মন্দ হইয়া থাকে। গ্রীকদিগের আন্তিকতা কথনই উচ্চ অঙ্গের ছিল না. ম্মুতরাং তাহাদের নাস্তিকতাও অতিশয় বীভংস আকার ধারণ করিতে পারে নাই। আরিষ্টিপুদের সাময়িক নাস্তিকতা আপাততঃ নিতান্ত বাভৎস আকারের বলিয়া বোধ হয় বটে; কিন্তু যেমন কোন প্রকার অসতেরই অবলম্বনে দোষ নাই বলিয়া আরিষ্টিপুদের দ্বারা ঘোষিত হইয়াছে, তেমনি আবার কোন অসংই, অস্ততঃ ক্তিকর অসং, দামাজিকতার থাতিরে যে অনবলম্বনীয় ইহাও তাহার দারা শিক্ষা দেওরার পক্ষে ক্রটি হয় নাই। ফলত: সমগ্র ধরিতে গেলে গ্রীকের নাস্তিকতাকে তাদুক্ প্রবল ও প্রচণ্ড বলা যায় না; নদ্রতা এবং সংযতভাব ভাছাতে ৰথেষ্ট পরিমাণে দেখিতে পাওয়া বায় এবং মূথে যত ফলিত কাজে তত পরিণত হইত না। হিন্দুর ভাব কিন্তু সেরূপ নহে। গ্রীকের আত্মিক-বিষয়িণী চিস্তাশক্তি ক্ষীণ বটে,কিন্তু তাহার বাহদর্শনশক্তি অতিশয় তীএ এবং বৈজ্ঞানিক; স্থতরাং আত্মিক সংসারে ইহাদের তত্ত্ব যদিও मझौर्गायुक्त এवः यनिष्ठ व्यमाधात्रन मात्रभूनं नार वर्ते, किन्छ याहा किहू

ইহানের দ্বারা উদ্ধাবিত ও উপলব্ধ তাহা অতিশব স্থাপজ্জিত, স্থাপিত ও মনোহর: এবং সেজনা, ইহাদের নান্তিকতার ভিতরেও যে নম্রভা, মাধুর্য্য এবং সংযতভাব যথেষ্ট দেখিতে পাওয়া যাইবে,তাহাতে আশ্চর্যের বিষয় কিছুই নাই। এ দিকে হিন্দুর চিম্বাশক্তি স্বভাবতঃই পগ্নভেদিনী। চার্কাকের প্রত্যক্ষপ্রমাণপ্রিয়তা হেতু যদিও তাহার তীক্ষ বাহুদ্রবনের আবশ্যক বটে, তথাপি চিস্তাশক্তির আতিশ্যা হেতু ইচ্ছা সম্বেও তাহার মন তদ্বিরে অন্যমনা ও অবৈজ্ঞানিক হইয়া পড়িয়াছে; এ নিমিত্ত হিন্দুর নান্তিক তত্ত্ব প্রবল ও প্রচণ্ড, শৃঞ্জলমূক্ত উন্মাদমূর্ত্তি, এবং অতিশন্ধ বীভংসভাবাপর। হিন্দুর আতিকতাও যেমন উচ্চ অংকর, উহার নান্তিকতার যে শিক্ষা তাহাও তদ্বিপরীতে তেমনি অতিশর বীভংস আকার ধারণ করিয়াছিল। হিন্দুর নান্তিকতা গ্রীকের সহ সম শ্রেণীর কোন কারণ বিশেষ হইতে উৎপন্ন হয় নাই; উহা প্রধানতঃ নিরাশা ছইতে উৎপন্ন। মোক্ষপ্রয়াসী হইয়া পরলোক নির্ণন্ন ও তাহা আয়ন্ত করিবার জন্য অপরিমিত চেষ্টা করিতে করিতে, হিন্দুনান্তিকের ভাগ্যে তাহার দন্ধান না মিলায়, হিন্দু নান্তিকতার উৎপত্তি হইরাছে। যথন উৎপন্ন হইল,তথন যাহার জন্ত চেষ্টা হেতু এত ক্লেশ পাওৱা গিরাছে সেই আন্তিকতার উপর যেন প্রতিশোধ লইবার জন্তই, নান্তিকতা ওরূপ বীভংস আকার ধারণ করিয়াছিল। অনেক যত্নের পদার্থে বিফলতা -উপস্থিত হইলে, তাহাতে অনেক ছৰ্দ্দা উপস্থিত হইয়া থাকে।

কিন্ত বোর অতিকতামর হিন্দুসমান্তে, নান্তিকতা বড় একটা পা মেলিতে ও আত্মপ্রকাশ করিরা উঠিতে পারে নাই। বৃদ্ধ শিক্ষাকে অনেকে নান্তিকতা বলিয়া থাকে বটে, কিন্তু কি কাজে কি অফুটানে তাহা পূর্ব আত্তিকতার আসিরা গাঁড়াইরাছে; উহাদের মধ্যে বহুপরবর্তী মাধ্যমিক নামক একটি সম্প্রদারই কেবল কতকটা নান্তিকতার ভাব অবলহন করিলছিল। বাহা হউক, এ দেশে নাত্তিকতার শিব্যসংখ্যা যদিও সমাজমধ্যে বিশেষ গণনার কথন আইসে নাই, তথাপি সমাজকে? এবং বিশেষতঃ ধর্মব্যবসায়ীদিগকে যে উক্ত নাত্তিকতা যথেষ্ট উত্তেজিত করিয়াছিল, দে পক্ষে সন্দেহ অতি অরই। ধর্মব্যবসায়ীরা যে ক্রমে ক্রমে ধর্মান্থলানকে জাঁকাল ও জটিলতর করিয়া তুলেন; তান্ত্রিক পঞ্চমকারের প্রবর্তনা পূর্বক, নাস্তিক যথেছাচারকেও যে ধর্মান্থলানভুক্ত করিয়া লয়েন; এবং শেবে লোকের অন্তর্গন্ধিংলা রৃত্তি ও দর্শনশক্তি প্রভৃতি হরণ করিয়া, সর্বালাধারণকে যে ধর্মকার্য্যের নানারূপ করিত কঠোর বন্ধনে বন্ধন করেন; এই নাস্তিকতার উত্তেজনা তাহার একটি অন্তত্তর কারণ শরুপ। অনেকে ভাবিয়া ধাকে যে, কেবল স্বার্থপাধন উদ্দেশেই ধর্মব্যবসায়ীরা প্রক্রপ প্রক্রপ অন্তর্গন ও আচরণ সকল অবলম্বন করিস্তাহিল; হইতে পারে অংশত তাহাই, কিন্তু কেবল তাহা নহে। যে বিধি, বা যে অন্তর্গন বহুলোক্মধ্যে ব্যাপনশীল হয়, কেবল স্বার্থমূলকতায় তাহা উৎপন্ন হইতে পারে না। হইতে পারে এ সময়ে স্বার্থের কিছু আধিকা হইন্নাছিল; কিন্তু তাহা হইনেও এমন কতকভাল উপলক্ষ্যের আবশ্রুক যে যদ্ধারা, স্বার্থসাধন করিতে করিতেও লোক সকলকে এমন ব্রাইতে পারা ধার যে, আমরা যাহা করিতেছি তাহা তোমাদেরই ভালর জন্য করিতেছি।

প্রীকভূমে নান্তিকতা বহুব্যাপিনী হইয়াছিল। সজেটিস ও প্রেটোর পূর্বের্ম পরলোকের ধারণা বা চিন্তা ততটা পরিক্ষু ট না থাকায়, লোকে আজিকতারকে সাধারণতঃ সংসারিক মঙ্গলোদেশেই নিয়োজিত করিত; অতএব আন্তিকতা এখানে অতি ক্ষীণপ্রাণ ছিল বলিতে হইবে। এমন স্থলে, ভয়শূন্য অক্ষুট যে পরলোক, যাহার থাকা বা থাকার প্রতিলোকে তত আগ্রহযুক্ত নহে, যদি বুকাইতে পারা যায় যে ভাহা বক্ততঃ অতিষ্পূন্য এবং সাংসারিক মঙ্গল যাহা তাহা দেবার্চনা না করিলেও পাওরা যায় অথচ সামাজিকতারও কোন হানি হয় না; ভাহা হইলে লোকে কেননা সে নাভিক্তা অধিক পরিমাণে প্রহণ করিবে? আন্তিকতার প্রতি লোকের জনপনের দৃঢ় সংকার হয় তথন, যথন পরলোকচিত্র এবং উর্দদেশের নিকট নিজের কর্তব্যাকর্তব্য ও পাণপুণ্য বোধ পরিক্ষুট ও পরিষ্কার হইয়া থাকে; কিন্তু শ্রীকৃদিগের মে

বোধ তেমন ছিল না। ক্ষীণ পদার্থ সহজেই স্থানচ্যত হইয়া থাকে; গ্রীক নান্তিকতা ও আন্তিকতা উভয়েই, গ্রীক্চিত্তে সেইরূপ সহসা স্থান পরিবর্তন করিয়া ফিরিত।

এপিক্যুরসের নাস্তিকতা গ্রীদে অত্যন্ত প্রভুত্ব বিস্তার করিয়াছিল সে সময়ে গ্রীস ধবংসোনুথ। ৫ তথন গ্রীসের পূর্বভী বিগত, আচার ব্যবহার উচ্ছু ঋল, রাজ্যমধ্যে স্বার্থবিপ্লবে আত্মকলহ ও রাষ্ট্রবিপ্লব, রাজ-নীতিজ্ঞগণ ক্ষীণচেতা ও ঘুষথোর—অর্থলাভে স্বচ্ছদে স্বদেশ পরের নিকট বিক্রম করিতেছে। তত্ত্বিল্লামধারিগণ, পতনসময়ে যেরূপ হইয়া থাকে, কুতর্ক, বাক্যাড়ম্বর, টীকা, টিপ্পনি প্রভৃতি লইয়া ব্যস্ত। অজ্ঞান মোহ এবং অধঃপতনের বিপুল তরঙ্গ যেন স্তরে স্তরে ক্তরেক স্তবকে আগত হইয়া দেশ প্লাবিত করিয়া ফেলিতেছে। পূর্ব্বগত পদার্থ-নিকরের পরিপাচনে কালে যে নব পদার্থের উৎপত্তি হইবে, তন্নিমিত্ত পূর্ব্ব পূর্ব্ব পদার্থ সকলের রাসায়নিক বিয়োজন ও বিশ্লেষণ হৈতৃই যেন এপিক্যুরদের নান্তিকতত্ত্বের প্রচার ও নান্তিকশিষ্যগণের স্মাজব্যাপী যথেচ্ছাচার। পুনশ্চ যে জ্গদ্ব্যাপী ধর্মবিপ্লব ও নীতিবিপ্লব পূর্ব্ব গগনে সমুদিত হইবে, তলিমিত্ত নবপ্রভাত আনয়নের জন্য, তাহা যেন পূর্ব দিবার অবদান ও অন্ধকারময়ী দন্ধ্যা স্বরূপ;—এথনও মধ্য-রাত্তির অপারক্লেশসমূল অন্ধতামস ও তাহার অতিক্রমক্রিয়া প্রোভাগে অক্রম রহিয়াছে। ঈশ্বর কি উপায়ে, কাহার দারা, কোথায় দিয়া যে কিরপ কার্য্য সম্পন্ন করাইয়া থাকেন, তাহা একমাত্র তিনিই জানেন; মনুষ্যবৃদ্ধির নিকট তাহা অপরিজ্ঞের; আমরা কেবল তাহার ছায়াকণা মাত্র অত্নভব করিতে পাইয়া, অনাহত বাগ্বিতণ্ডায় কালক্ষেপ করিয়া থাকি। "সহি ভূতানাং এব সর্বেশ্বর এব সর্বজ্ঞ এবোহস্তর্য্যাম্যেষ যোনিঃ সর্ব্বাস্য প্রভবোপ্যসৌ।"

৫। এপিকারদের জন আনুষ্টিক ৩৪২ বৃঃ পুঃ, এবং মৃত্য ২৭০ বৃঃ পুঃ। ইহার
 শিক্ষা সামেদি ও আবেদ এই উভয় রান হইতে এথম এচারিত হয়।

৩। তত্ত্বিদ্যার সামাজিকতা।

শামাজিকতা ও রাজনীতি অথবা মোটের উপরে সমগ্র সাংসাবিক সৎ-বিষয়ের প্রতি, মানবীয় আগ্রহ, পারলৌকিক তত্ত্বের প্রতি যেরূপ, ধরিতে গেলে, সেইরূপ সম পরিমাণেই হওয়া উচিত; তাহা হইলেই উভয় দিকে দমান ওজন রক্ষা হইবাতে, সামঞ্জস্য ভাবের উৎপত্তি टर्जू, निक्रनङ ख्रुकन अमित्रिज इरेबा थार्क। मानत मामाजिक जीत: এই কর্মক্ষেত্রে সে একাকী ঐশ্বরিক অভিপ্রায়-নিযুক্ত মহাকর্ম সম্পাদনে অক্ষম, কেবল বছজনের সহ মিলিত হইলেই তাহাতে পারক হইরা থাকে। মানবীয় আত্মা এ পৃথিবীতে কেবল পরলোক চিন্তা করিতে আইদে নাই, কর্ম করিতে আসিয়াছে :—যে ব্যক্তি এ কথা ভলিয়া গিয়া, কেবল প্রলোক্চিন্তায় রত হইয়া সন্ন্যাসীর ভায়ে সামাজিক্তা-পরিশূন্য জীবনাতিবাহন করে, সে যে কথন প্রকৃতরূপে ঈশ্বরের প্রিয় সাধন করিতে সমর্থ হয়, এরূপ বোধ হয় না: কার্ণ ফলে ইহা কার্য্য না করিয়া পুরস্কারের প্রার্থনা স্বরূপ হইয়া দাঁড়ায়। ইহলোককে আশ্রম করিয়াই পরলোক এবং ইহলোক সেই পরলোকের ভিত্তিস্বরূপ: ইহলোকে যেরূপ আচরণ ও অন্মুষ্ঠান করা যায়, তদমুসারেই পরলোক নির্ম্মিত হইরা থাকে। কর্মার্থে প্রাপ্তশক্তি মানবের পক্ষে, দেই শক্তির যথাবিহিত সং-ব্যবহার ভিন্ন, স্মার কি প্রকারে ইহলৌকিক জীবনের সার্থকতা সম্পাদিত হইতে পারে ? পরলোক ভোগস্থান এবং একমাত্র কর্ম জন্যই ভোগোৎপত্তি হয়; পুনশ্চ স্থপ ইহলৌকিক হউক বা পারলোকিক হউক, একমাত্র সৎকর্ম-পরিণাম হইতেই তাহা প্রবর্ত্তিত হইতে পারে। সমাজই আমাদের কর্ম্মন্ত্রী এবং আমাদের কর্মক্ষেত্র সংসারক্ষেত্রে: অতএব যদি সেই সাংসারিক ভাবই পরিত্যাগ করিলাম তবে আর আমার রহিল কি ? সতের ন্যুনতাও বেমন অসং, সতের অতিরেক ভাবও তেমনি অসৎ, অথবা এক কথায় যাহা দ্বারা কর্ম্ম পণ্ড हरेद वा कर्म हरेद ना, **जाहारे अम**ु विनया गुगु हया। क्रेस्त्रिहा

জন্য যে সন্ত্রাস, তাহা অবশ্য সদম্ভান, তাহাতে সন্দেহ নাই; কিন্ত যদি তদ্বারা কর্মশৃত্যতা আসিয়া উপস্থিত হয়, তবে তাহা যে সতের অতিরেক জন্য অসৎ তাহাতে সন্দেহমাত্র নাই এবং অসৎ, সতের অতিরেক বা নানতা যে জনাই হউক, কালের অকে সমানই দুষ্ণীয় হয়। অতএব প্রলোক বৃদ্ধির জন্য সন্ন্যাসী হওয়া উদ্দেশ্য নহে; পরলোক-বৃদ্ধি ও ঈশ্বরভক্তি দারা স্থপভাবে আসিয়া, সভ্য জ্ঞানে ও সাত্ত্বিক ভাবে কর্মক্ষেত্রন্থ কর্মসম্পাদনে সমর্থ হওরাই উদ্দেশ্য। ঈশ্বর যেমন প্রতি কার্য্য সহ তাহার পুরস্কার, আফুষঙ্গিক চিত্তপ্রসাদ বা চিত্ততপ্তি, সংযোজন করিয়া রাখিয়া দিয়াছেন: তেমনি কর্মজীবনরূপী সমস্ত কর্মানমষ্টির জন্মও পুরস্কারদমষ্টি দংযোজন করিয়া রাথিয়াছেন। সান্ত্ৰিক কৰ্ম্মনকলকে যেমন এক পক্ষে,অন্ততঃ ইহলোকে,অনন্তমন্ত্ৰত্ব হইয়া উত্তরোত্তর অনন্ত পরিণতিযোগে অনন্ত ফল প্রসব করিতে দেখা যায়: তাহার পুরস্কার-জনিত উন্নতি ও তৃপ্তিও অপর পক্ষে, যে লোকে হউক, সেইরূপ অনন্তবিদারণযুক্ত হইবার কথা। ঈশ্বরনিয়োজিত পদার্থ কখন বিফলে যায় না, স্থতরাং এ তৃপ্তিরূপী অনস্তভোগ্য পদার্থের জন্য ভাহার স্ফলতাসাধক অনম্ভন্নী ভোগীও একান্ত আবশাক.—ইহা দ্বারাও ইহলোকের পর পরলোকের অন্তিম্ব স্টিত হয়। এই অনন্ত-ভোগ্য পুরস্বারসমষ্টিকেই, লোকে স্ব স্ব ধারণার প্রকৃতি অনুসারে কেহ সুকৃতি, কেহ স্বৰ্গ ইত্যাদি নানাবিধ নামে জ্ঞান বা অজ্ঞান পূৰ্বক অভিহিত করিয়া থাকে। স্বর্গাদি স্থপরিণাম ভোগের যদি কিছু **অর্থ** খাকে তবে ইহাই সে অর্থ, তদ্ভিন্ন অন্য কিছু হইতে পারে না। এথন দেখ, জীবনকে যদি সংসারবিরতি দারা কর্মশূন্য করা যায়, তবে সেই পুরস্কারের প্রাপ্তি জন্য আশা এবং দেই আশা স্থফলবতী করা কিরুপে সঙ্গত হইতে পারে ?

জতএব মাহ্মকে সর্বতোভাবে কর্মাহ্মগত হইতে হইবে এবং সেরপ কর্মাহ্মগত মহুষ্যের পক্ষে, সমাজই কর্মহুলী এবং কর্মার্থে এক-মাত্র অবলয়ন। স্থতরাং সে সমাজকে পরিত্যাগ বা তাহার প্রতি উপেক্ষা করিলে, আর কর্মের, অন্ততঃ গণনীয় কর্মের, সম্ভবতা বহিল কোথায় ? এমন স্থলে কাজেই বলিতে হইবে যে একমাত্র সমাজকে অবলম্বন করিয়াই আমুরা পারবোকিক স্থথে হস্ত প্রসারণ করিতে मुमुर्थ इहे। मुमादक कृत्रनीम कार्या एक्क्य अत्मयविष ও अवन्तीय, তদ্ধপ অশেষবিধ যোগাতা সহ কর্ম্মকারকও অগণনীয় বাইতেছে ও আসিতেছে। পুন্ত কর্ম বলিলেই যে, যে সে কর্ম লইয়া লিপ্ত थाकित्न जामाव कीवत्नव छेत्क्ना मकन इरेन जारा नत्र; जामात्क যতটা কাৰ্য্যশক্তি দেওয়া হইয়াছে, তাহা যথন সম্পূৰ্ণতঃ ও সাত্ত্বিক তাবে কর্মার্থে নিয়োজিত হইবে, তথনই কেবল তোমার জীবনের উদ্দেশ্য স্ফল বলিয়া জানিও, নতুবা তোমাকে এতাদুক অধিক কার্য্যশক্তি প্রদান করার অভিপ্রায় কি? বার বার বলিয়াছি এবং আবারও বলিতেছি, পর্মেশ্বর নিফলতায় ও বিনা অভিপ্রায়ে কিছুই প্রদান করেন না। স্বভাবতঃ, মামুষে প্রদত্ত কার্য্যশক্তির কিয়দংশ জাগ্রত ও কিয়দংশ স্থপ্ত ভাবে মানবমনে তিঠে। জাগ্রত অংশ যাহা তাহা নিতা কর্মা জন্য এবং স্থপ্ত অংশ যাহা তাহা নৈমিত্তিক এবং গুরু কর্মের নিমিত্ত প্রয়োজন হয়। সুপ্ত শক্তির আভাদ হইতে, দেশ ও কণ অফুকুল হইলে, সেই শক্তিসাধ্য কর্মের নিমিত্ত মনে আকাজ্ঞা ও সাহসের উদয় হইয়া থাকে। সেই আকাজ্ঞা ও সাহসে যাহাবা ভর ক্রিয়া স্প্রশক্তিকে চিনিয়া লইয়া ও তাহাকে জাগ্রত করিয়া কার্যো প্রবুত্ত হয়, তাহারাই এ জগতে ধন্ত; যাহারা তাহা করে না, তাহারা অপুদার্থ বা কাপুরুষ; আবার সেই আকাজ্জা ও সাহদকে যাহার। পরিমাণাতিরিক্ত বিপুল ভাবে গ্রহণ করে, তাহাদিগকেই এ জগতে গোঁষার ও অপরিণামদর্শী বলা যায়। যাহা হউক, প্রত্যেক বাকির কর্ত্তবা, আপন আপন শক্তি ও যোগ্যতা অনুসারে যে যে কার্য্যে পারক; সে দেই কার্য্য প্রাণপণে সংসাধন করিতে থাকে। যথার যথার এরপ घটेना इस, छथाय समाझ मझनम्य এवः क्यांकातक ७, टेश्टलाक, शत-লোক, উভয় লোকে মঞ্ল-উপভোগী হয়। পুনর্বার বলিতেছি, এই কর্মসাধন কেবল বদ্চ্ছা বৃদ্ধিত উদ্ভাবিত ও সংসাধিত হয় না।
এতদর্থে অনলস পূর্ণ সান্থিক বৃদ্ধির প্রয়েজন; সেই সান্থিক বৃদ্ধি আবার
ধর্মবিদ্যা ও ধর্মচর্য্যার অনুশীলন দারা প্রাপ্ত এবং ঈশরে ভক্তি ও তাঁহার
নিয়ম চিন্তান দারা কর্ত্তর স্বরূপে পরিণত হইয়া থাকে। এইরূপেই কেবল
ইহলোক পরলোক, সামাজিকতা ও ধর্মানুশীলন, ইহাদের সামঞ্জস্য
রক্ষিত হয়। এই সামঞ্জস্যের বিপরীত হইলে, কর্মফল, অথবা কর্ম্মপ্রক্ষরণ এবং তাহার ফল উভয়তঃ, দৃষিত এবং ছয়পরিণামযুক্ত হইয়া
থাকে। কর্ম্ম এবং কর্মসামঞ্জস্যের প্রতি দৃষ্টি না রাখিয়া বে ঈশরের
প্রতি প্রার্থনা এবং ধ্যান ধারণা আদি, তাহারা যে বিশেষ কোন কাজে
আইলে এমনটা বোধ হয় না। প্রার্থনা ও ধ্যানধারণাদি অঙ্কশান্ত্রীয়
শ্নার ন্যায় স্বয়ং এবং একাকী মৃত্যশূন্য; কিন্তু কর্মন্ধপী অঙ্কের পার্মে
যথন বইদে; তথন তাহার মূল্য দশগুণ বিদ্ধিত হইয়া থাকে।

ধর্ম ও তত্থবিদ্যা সহ সামাজিকতার অবিচ্ছিন্ন সম্বন্ধ, প্রয়োজনীয়তাও সেইরূপ উভয়ের উভয় দিকে সমান; স্থতরাং উভয়ত: খ্রী এবং উৎকর্ষনাধন পক্ষে উভয় উভয়ের সাপেক্ষাপেক্ষী হয়। হিন্দুর তত্থবিদ্যা, সামাজিকতা বা সামাজিকতার সারাংশ স্বরূপ রাজনীতি বিয়য়, নির্ব্বাক্ত নিজ্জ। এ সকল বিষয়ে ধারাবাহিক কোন তত্থ বা বিচারগ্রন্থ নাই, কেবল বিধিনিষেধ এত উচ্চ উৎক্রষ্ট ও গাঢ় যে তদালোচনার ও ভাহাদের প্রকৃতিদৃষ্টে সহজেই অমুমিত হয় যে, হিন্দুরা সমাজ এবং রাজনীতি, বিশেষত: সমাজ সম্বন্ধে, রথেষ্ট গৃঢ় এবং গাঢ় আলোচনা করিয়া গিয়াছেন। ইহাদের সমাজনীতি এতই উৎক্রষ্ট যে, আজি পর্যান্ত ইহারা বছবিষয়ে, জগতের অন্ত তাবৎ জাতি হইতে, আপানাদের অপরিমিত প্রেষ্ঠতা পরিজ্ঞাপন করিতে সক্ষম হইতে পাবিতেছেন।

গ্রীকেরা হিন্দুদিগের স্থায় কেবল বিধিনিষেধ বিন্যাস করিয়া কাস্ত হর নাই। এ দিকে হিন্দুর মধ্যে বেমন সামাজিক ও রাজনৈতিক তন্ধ-গ্রন্থ একেবারে নাই, ওদিকে গ্রীকদিগের মধ্যে তেমনি তাহা পরিমাণ অপেকা প্রচুর বলিয়া দৃষ্ট হয়। গ্রীকদিগের তত্ত্বজীবনের উদ্দেশ্রই যেন সামাজিক ও রাজনৈতিক তত্ত্ব আলোচনা করা; স্তরাং তাহার মধ্যে যে ধর্মবিষরিণী তত্ত্বিদ্যা, তাহা প্রায়ই যেন আস্বাবের ভার ব্যবস্থাত ও আলোচিত।

শামাজিকতা-বিবন্ধিনী তত্ত্ববিদ্যা প্রীকদিগের মধ্যে বত প্রকারের উদ্ভাবিত হইরাছে, তাহার মধ্যে প্রেটোর সাধারণতন্ত্র (Republic) নামে যে গ্রন্থ, তাহাই বহুবিখ্যাত এবং সর্কপ্রেট বলিয়া পরিগণিত হইরাখাকে। প্রেটো ইহা আত্মিক মৃত্ত হইতে করনা এবং স্থাপনা করিরা গিরাছেন। প্রেটোর মতে মনীবা, শ্রন্ধা এবং আকাজ্জা এই তিনটি রুত্তি মন্থব্যকে ন্যায়পথে চালনা করিবার প্রধান পরিচালক। আকাজ্জা হইতে সকল প্রকার কার্য্যের উৎপত্তি হর, মনীবা তাহার সদসৎ নিরূপণ করিয়া থাকে, এবং শ্রন্ধার দেই সদসৎ ভাবের মধ্যে সং-ভাবকে স্থাপনার্থে মনীবাশক্তির সহায়তা করে। এই তিনের সংমিলনে "ন্যায়"-রূপী আরে একটি চতুর্থ পদার্থের উৎপত্তি হয়।

বাহা ব্যক্তিবিশেষের পরিচালক, ব্যক্তিস মূহ দারা সংঘটিত সমাজের পরিচালকও তাহাই। অতএব সমাজস্থাপন ও পরিচালনার্থে, মনীধার প্রতিরূপ রাজন্যবর্গ, শ্রদ্ধা প্রতিরূপ যােদ্বর্গ এবং আকাজন। প্রতিরূপ শ্রমজীবিগণ। এই তিন সংমিলিত হইলে আর একটা চতুর্থ পদার্থের উৎপত্তি হয়, তাহা ন্যারাধিকার (Law) অর্থাৎ রাজ্যনধ্যে স্থবিচারের আবিভাব। যে সকল ব্যক্তি অজ্ঞ ও তত্মজ্ঞানে অন্ধ অর্থাৎ নিম্প্রেণীর সমাজস্থাপ, তাহারা রাজন্যপদে অধিকার প্রাপ্ত হইবে না। যে শ্রেণী হইতে রাজন্যবর্গ মনােনীত হইয়া থাকে, যােদ্বর্গও তথা হইতে মনােনীত হইবে; অর্থাৎ একই শ্রেণীর মধ্যে শিক্ষা এবং শুণের তারতম্য অনুসারে, কেহ রাজন্য, কেহ রাজন্য, কেহ থােদ্ব্ শ্রেণীতৃক্ত হইবে। অত্যান্ধ এই ত্রিবিধ শ্রেণী যেরূপ পরস্পার স্থসংমিলনে কার্য্য করিবে,রাজ্যের ত্র্ভাগ্য বা সোভাগ্য তাহার উপর নির্ভর করিবে।

रेशत अत क्षिणि मामाकिक कीवनवाजात्र जिन्न जिन्न विरुद्धत कना,

ভিন্ন ভিন্ন প্রকার সমিতি ও অনুষ্ঠান আদির প্রকরণ বর্ণন করিয়াছেন ; এবং সেই প্রকরণাদির মধ্যে যাহাতে কথন কোন নৃতনত্ব প্রবেশ করিয়া সমাজকে উচ্ছ খল করিতে না পারে, তৎপক্ষে আশকা পূর্বক, বিশেষ বিশেষ নিয়ম সকলের অবতারণা করিয়াছেন। প্লেটো বোধ হয় ভাবিতেন যে লোকচরিত্তের আর পরিবর্ত্তন নাই. একই ভাবে চির কাল চলিবে। বিশ্বের পরিবর্তন-নীতিতে ইহার তাদৃক দৃষ্টি ছিল না। সে যাহা হউক, প্লেটোর মতে লোকের সামাজিক জীবন ব্যতীত আর পুথক জীবনের অন্তিত্ব না থাকে,এবং ব্যক্তিগত গৃহধর্ম্মও সামাজিকতার মধ্যে প্রবেশ করে অর্থাৎ সমস্ত সমাজ লইয়া যেন এক গৃহস্থের স্থায় হয়। সমাজের প্রত্যেক ব্যক্তি সম্পূর্ণরূপে আত্মস্বার্থকে বলি দিবে, এবং সম্পূর্ণরূপে নিজের হানি করিতে হইলেও, তাহা করিয়া সমাজের হিতসাধন করিবে। পুরুষেরা যে যে বিষয়ে বুদ্ধিমান ও পারক, সে দেইরূপ বিষয়ে শিক্ষিত ও দেইরূপ কার্য্যে নিয়োজিত হইবে। স্ত্রীলোকেরাও সেইরূপ সামাজিক একজন হইবে: এবং তাহাদের মতিগতি অনুসারে, সমাজের মধ্যে স্ত্রীস্থলভ কাজের যে যাহাতে বিশেষ পারক হইবার সম্ভাবনা, তাহাকে সেইরূপ শিক্ষা দিতে इहेरत । शूक्ररवत नाम खोगन अमानकाल ममारकात পরিরক্ষক হইবে, প্রভেদ কেবল ইছারা কোমল শক্তি বশতঃ স্বরায়ত্রসাধা কার্যাঞ্জলি সম্পাদন করিবে। ধন সম্পত্তি আদি ব্যক্তিগত না থাকিয়া সমাজিক স্ত্রীগণ সাধারণভোগ্যা হইবে; স্কুতরাং পুত্র কন্যা একমাত্র সমাজের সন্তান স্বরূপে গণিত হইবে। তী পুরুষ সম্বন্ধে, যাহার যাহাতে ইচ্ছা, পরম্পরের দম্মতিক্রমে, তাহাতে উপগত হইবে ও সম্ভানোৎপাদন করিবে। কে কাহার স্ত্রী, কে কাহার সন্তান, কিছুরই ঠিকানা না থাকে,কারণ তাহা হইলে সমাজের মধ্যে স্বার্থের অন্তিম্ব না পাকায় কোন অনিষ্ঠ হইতে পারিবে না; এবং সর্বনাই তথার শাস্তি বিরাজ করিতে থাকিবে। বাঞ্চারাম, মামুষ কি অভুত জন্ত। এমন

⁾ Plato, Rep. V & VII.

ফলিই নাই বে বাহির করিতে না পারে, এমন কাজই নাই বে ঘাহাতে পিছুপা হর। মহুবাহনরে স্বর্গ নরক উভরেরই সমান রাজত্ব। সাম্যবাদীরা জানে না খে, যে প্রকৃতিকে আপ্রায় করিরা তাহারা সাম্যবাদের ঘোষণা করিরা থাকে, সে প্রকৃতি স্বয়ং অসাম্যবাদী; তাহার তুল্য অসাম্যবাদী আর দ্বিতীর নাই! কি আধ্যাত্মিক, কি আধিত্তীতিক, কি আধিটেশবিক, সর্ব্ব্ এবং সর্ব্বসময়ে তাহার অসাম্যবাদ সমান ছরস্ত! বাহ্ণারাম, সাম্যবাদীদের সাম্যবাদ স্বত্ন; অসাম্যবাদের অতিরেক ভাব দ্ব্য; অসাম্যবাদের সমতা বা পরিমিত ভাব এ জগতের প্রকৃত মঙ্গলাদায়ী হয়।

থীকতত্ববিদ্দিগের মধ্যে আরিষ্টটল সর্ব্বাপেক্ষা সমতাবাদী। ইহার তত্বগুলিও, যাহা যাহা প্রকৃত পক্ষে কাজে লাগিতে পারে, এবং হাওয়ায় দড়ি না দিয়া উপস্থিত বিষয়কে কিন্নপে সংস্কার করিয়া কার্য্যে লাগাইতে পারা যায়, তদর্থে সতুপদেশ-দাঘ্মক। আরিষ্টটলের শিক্ষা এই যে ২, যে কোন বিষয় হউক, তাহার সং-ভাব অসং-ভাব, এ উভয় দিকের অতিভাব পরিত্যাগ করিয়া, দেই উভয়ের মাঝামাঝি যাহা তাহাই বুদ্ধিমানেরা গ্রহণ কবিয়া থাকেন: যেমন সাহস.—ভয় ও কাপুরুষের ভায় ভীকৃতা এবং দিখিদিক শূন্য উগ্রতা, এতহভয়ের মাঝামাঝি বাহা তাহাই প্রকৃত সাহস। সেইরূপ মিতাচার.—অপরিমিতাচার এবং শূন্যাচার এতহভয়ের মধ্যবর্তী যাহা তাহা মিতাচার। অর্থ সম্বন্ধে, ক্লপণতা এবং মুক্তহন্ততা ইহার মধ্যবর্তী যাহা তাহা দাতৃত্ব। নীচ ও বিনতচিত্ত এবং আত্মগরিমা,ইহার মধ্যবর্তী যাহা তাহা মহামুভাবকতা। নীরাগ এবং কথায় কথায় রাগ ইহার মধ্যবর্তী যাহা তাহা নত্রতা। হিংসা এবং কুর বৈরতা ইহার মধ্যবর্তী যাহা তাহা রাগ। গর্ব্ব এবং মুখচোরা ভাব ইহার মধ্যবর্তী যাহা তাহা লজ্জা। ইত্যাদি। এই মধ্যম-ভাবরূপী সং জ্ঞানে আসিবার নিমিত্ত আরিষ্টটল এই ত্রিবিধ উপদেশ দিতেছেন,—:ম: যে অতিরেক ভাব মধ্যম ভাবের বিরোধী তাহা

RI Aristot, Ethics II 7-9.

হইতে যভদ্র পার দূরে যাইবে ;—২র ; যে বিষরটির প্রতি মন নিতারি ধাবিত, তাহা যথাসাধ্য পরিহার করিবার চেষ্ঠা করিবে। ৩র: আমোদের মোহে ভূলিও না। স্বারিষ্টটল বলিতেছেন যে, স্বামরা যে ঠিক সামঞ্জন্যময় মধ্যভাবে সর্ব্বদাই উপস্থিত হইতে পারিব এমন আশা করা যাইতে পারে না; অতএব অল ইতর বিশেষ কিছু হইলে তাহা মার্জনীয়। পুনশ্চ এরপ মধ্যমভাবে উপস্থিত হওয়ার জন্ম. কোন নিয়মও ঠিক করিয়া বাঁধিয়া দেওয়া যাইতে পারে না; এ বিষয়ে আমাদের জ্ঞান এবং নীতিই ফুলর পথ-প্রদর্শক। আরিষ্টটল বয়:-বালককে বা বৃদ্ধকে, বালক বা বৃদ্ধ বলেননা ; জ্ঞানের তারতম্য অমুসারেই বালকবৃদ্ধাদি পৃথকত্ব হইয়া থাকে। ইহাঁর মতে সামাজিকতার শ্রীবৃদ্ধি সর্বতোভাবে সাধনই পরম পুরুষার্থ: এবং তজ্জন্য ইনি প্লেটোর স্থায় নৃতন সাধারণতন্ত্র কল্পনা করিতে প্রস্তুত নহেন; উপস্থিত অবস্থার সংস্কার দারা তাহাতেই যথাসাধ্য সৎ-ভাবের স্থাপন, ইহার উদ্দেশু। প্রেটোর সমাজ-তত্ত্ব সকলের সহ আরিষ্টটেলের বড় একটা সহাত্ত্ত্তি ছিল না। উপরে কথিত প্লেটোর সামাজিকতা, সামাজিক সম্পত্তি এবং সমাজিক স্ত্রীপুত্রবিষয়িণী তত্ত্ব, আরিষ্টটলের দারা যথেষ্ট পরিমাণে দূষিত এবং উপহদিত হইয়াছে। ০ ফলতঃ সমস্ত গ্রীকতত্ববিংদিগের মধ্যে একমাত্র আরিষ্টটল যেরূপ সমাজের এবং জগতের উপকারে লাগিয়াছে. এক্লপ আ্রার কেহ লাগে নাই; এবং সমগ্র বিবেচনা করিয়া দেখিলে, সারিষ্টটলকেই সমগ্র গ্রীকতত্ববিদ্বর্গের চূড়া বলিলে বলা যায়।

বাহা হউক আমাদের বাঞ্বামকে অভঃপর আর অধিক সংগ্রহ বা উদ্ভ করিয়া বিরক্ত করিব না। গ্রীকেরা যে বন্ধনশূন্য ভাবে সামাজিকতার দিকে কতদ্র পর্যান্ত দৌড়াইতে প্রস্তুত ছিল,তাহা প্রেটোর সামাজিকতত্ব হইতেই প্রতিপন্ন হইতে পারিবে। গ্রীকতত্ববিংদিগের মধ্যে প্রায় সকলেই সমাজতত্ব লইয়া কিছু না কিছু লিখিয়া গিরাছেন। সে সকলের এখানে আর উল্লেখের প্রয়েজন নাই। একংণে ফলের প্রতি

o | Aristot, Polit. II. c. 2.

দৃষ্টি করিলে দেখা যাইবে যে, হিন্দুরা যেমন একমাত্র রাজার উপর সকল বিষয়ের বরাত দিয়া, নির্ভাবনায় ও অন্তর্জিতভাবে ঘরে বসিয়া, গৃহত্বধ ভোগ করিত; প্রীকদিগের মধ্যে তেমন নহে। ইহারা দকলেই, চর্মাকার হইতে লক্ষের পর্যান্ত, পূর্ণমাত্রায় রাজনৈতিক বিগ্রহে মাতিয়া, সমাজকে উত্তেজিত, এবং শানকর্তা বা রাজন্যবর্গকে বিকম্পিত, ও বিশোধিত করিয়া ফিরিত।—গ্রীক ইতিহাদের চাক্চিক্য এবং উপকারিতাও, তাহাদের এই গুণ হইতে উৎপন্ধ ংইয়াছে।

ইতি চতুর্থ **প্রস্তা**ব।

পঞ্চম প্রস্তাব।

*লোকবিদ্যা।

১। বিদ্যাতত্ত্ব।

বিদ্যা কাহাকে বলে. বিদ্যার আবশুকতা কি ৪ ইহার উত্তরে আমাদের বাছারাম বাবু বলেন যে, যে উপায়ের ছারা ওকীলতি, ডিপুটী-গিরি, মুন্দফী, কেরাণীগিরি, অস্ততঃ রেলের চাকুরিটাও করিতে পারা যায়, তাহার নাম বিদ্যা। ইহাপেকা বিদ্যার আর কি সন্থাপ্যা ছইতে পারে ! তাহার পর, বিদ্যা কি, তাহা যদি এরপে স্থিরীক্লত হইল, তাহা হইলে আর 'বিদ্যার আবশুকতা কি ?' সে বিষয়ে অধিক কথা वनिवात প্রয়োজন হইবে না।—বিদ্যার আবশুক অর্থ উপার্জনের জন্ম. সময়ে সময়ে পাণ্ডিতা ফলাইয়া বাহবা লওয়ার জন্মন্ত বটে; তবে কথাটা কি, অর্থ উপার্জিত হইলেও বাবুগিরিটে যেমন সকলের ভাগ্যে ঘটিয়া উঠে না. বিদ্যা থাকিলে পাণ্ডিত্য ফলানও দেইরূপ সকলের ভাগ্যে ঘটে না: উহা ঘটান, সময় এবং স্থযোগের কাজ ও আয়েসের বিষয়। ইহার পর জিজ্ঞান্ত,-এছ, পুঁথি, কেতাব, এ সকল কি ? তাহার উত্তরে বাঞ্চারাম বাব বলেন, 'কালী-কলম লইয়া আঁচড় পাড়িয়া তাহা মুদ্রাযন্ত্র-যোগে মুদ্রিত ও প্রকাশিত করিতে পারিলেই, গ্রন্থ, পুঁথি, কেতাব, সকলই হইতে পারে।' অতঃপর সেইরূপ কালির আঁচড় বাঁহার। পাড়েন, তাঁহারা গ্রন্থকার; যদি তাহাই না হইবে, তবে প্রত্যেক কালী-কল্ম-বাবদায়ী বঙ্গদন্তান "গ্রন্থকার," "প্রসিদ্ধ লেখক," "কবি," "মহাক্বি" ইতাদি নামে একদিনের জন্ম খ্যাত হয়েন কিরূপে, এবং কেনই বা তাঁহাদের প্রতি চটা চাপাটা "প্রসিদ্ধ গ্রন্থ," "রুপ্রসিদ্ধ গ্রন্থ" ইজাদি খাতিতে বিখাত হইয়া থাকে? এখন গ্রন্থাদির উদ্দেশ্য কি?— कथांछ। किছু গোলমেলে বটে, किब মোটের উপর এই পর্যান্ত বলিলে

পর্যাপ্ত হইবে যে, গ্রন্থাদির উদ্দেশ্য ভাষার গারে গহনা পরান, ভাষার সম্পত্তি বৃদ্ধি করান,সঙ্গে সঙ্গে নিজের যশ খ্যাতি এবং বাহবা উপার্জ্জনও বটে। আমরাও বলি ভাইই, তবে কিনা নৃতন কেতাব লিখিতে বসিয়া কথাটা একটু কিরাইয়া ঘুরাইয়া নৃত্র করিয়া না বলিলে ভাল দেখার না, এই জ্নাই এখানে সে কথার এ কথার বাহা কিছু প্রভেদদুষ্ট হইবে।

এ সংসারে বিদ্যা এবং অবিদ্যার যুগপৎ রাজস্ব। বিদ্যা সত্যোজ্ঞাসক, অথবী স্বরংই সত্যস্তরূপ; অবিদ্যা তাহার বিপ্র্যার, মিধ্যা এবং এম। অথবা আরপ্ত সোজা কথার, বাহা কিছু সং-শিক্ষার বিষয় তাহাই বিদ্যা, এবং বাহা কিছু অসং-শিক্ষার বিষর তাহা অবিদ্যা। ক্রতিতে কথিত আছে যে, ইক্রপ্রমুখ দেবগণ ব্রহ্মাক্ষাতে দণ্ডারমান হইয়াও, ততক্ষণ তাহাকে কিছুমাত্র চিনিতে পারেন নাই, বতক্ষণ না বিদ্যাক্ষিপণী দেবী উমা-হৈমবতা তাঁহাদের সহায়তায় আগমন করিয়াছিলেন। মান্ত্র্য অনস্তহ্মরে দাঁড়াইয়াও, ততক্ষণ অনস্তকে কিছুমাত্র উপন্ন করিতে পারে না এবং সত্য-সাযুগ্য পাইয়াও ততক্ষণ সত্যকে কিছুমাত্র চিনিতে পারে না, যতক্ষণ না বিদ্যা আসিয়া তাহাদের সহায়তায় সমাগত হয়। বিদ্যার স্বর্গতা, সত্য; শক্তি তাহার, অপরিক্রাত্ত প্রনার্গ্রেক নির্মাধীন করিয়া জ্ঞাত সংসারে আনমন। ইহাগত মানবের পক্ষে লোকবিদ্যারই প্রথম প্ররোজন; ধর্ম ও তয়বিদ্যা প্রভৃতি বাহা, তাহা লোকবিদ্যাকে অবলম্বন করিয়াই আয়্ববিকাশে সক্ষম হয়।

কর্মস্থলী পৃথিবীতে কর্মসম্পাদনার্থে মানবের সমাগতি হইয়হে। সংসার অনস্ত হেতু কর্মও অনস্তায়ত। নিতা-আবর্ত্তনশীল কালচক্র সহ কর্মপদার্থের সংবোজন হেতু, তাহার প্রতি অভিনব রূপ ইথাবিহিত সম্পাদনার্থে নিতা এবং নব নব মৃহুর্তে মানবের নিকটে সম্পত্তিত হইয়া থাকে। সানব তাহার সম্পাদনকার্য্যে নিমৃক্ত, মানব কর্মকারক। কর্মকারক মাত্রে ছিতাগে বিভাজিত,—পরিচালক এ পরিচালিত। এ জগতে

অল্ল বিস্তর সকল মাতুষই পরিচালক, সকল মাতুষই পরিচালিত; তবে বেশী আর কম। সাধারণতঃ বেশী কমেতেই বিভাগ বন্ধ হয়। কাল ও কাল কর্ত্তক আনীত কর্ম-ভাবের প্রতি দৃষ্টি রাথিরা,ও যাহাতে কালের সহ সমতায় স্থালিতপদ না হয় এরূপ সতর্ক হইয়া, পরিচালককে পরিচালনা করিতে হয়: এ নিমিত্ত পরিচালিতের অপেক্ষা পরিচালকের ্ দৃষ্টি সর্বানা দূর-প্রসারিত বা দূরদর্শনসম্পন্ন হওয়া উচিত। এই দূরদর্শন-শক্তি চালিত হইয়া, পরিণাম অন্বরে অভিনব ও অনাগত সত্যস্বরূপ, এবং কর্মক্ষেত্রগত অনস্ত কর্মপ্রবাহমধ্যে করণীয় কর্মবিশ্রেষের নির্বাচক ও নির্বাহক, যে যে তত্ত্ব উপলব্ধি করিয়া থাকে,—যাহা উর্দ্ধাং উভন্ন লোক সম্বন্ধেই সম্ব এবং সৌন্দর্যাশোভায় দ্যোতনশীল,—ভাহার নাম বিদ্যা। দূরদর্শনশক্তির লযুত্ব, গুরুত্ব এবং প্রকৃতি ও প্রকরণাদিভেদে, বিদ্যাও ধর্মবিদ্যা, তম্ববিদ্যা, লোকবিদ্যা প্রভৃতি বিভিন্ন বিদ্যা; এবং এই এক একটি বিদ্যার ভিতরেও আবার অংশ এবং শ্রেণিভেদে বস্তু-বিষয়-জ্ঞান-বিজ্ঞানাদি নানাবিষ্যিণী নানা বিদ্যা, ইত্যাদি নানারূপে প্রকটিত ও নানা নামে বিভাজিত হইয়া থাকে। সাধারণতঃ বিদ্যা যাহাদের অবলম্বন ও যাহারা তাহার দারা পরিচালিত হইয়া থাকে তাহাদিগকে পরিমাণ অনুসারে ঋষি, গুরু, জ্ঞানী প্রভৃতি বলা গিয়া থাকে। কর্মস্থলে পরিচালক ও পরিচালিত ভিন্ন, শারিগাহকের ন্যায়, ' আরে ও একদল ভেড়ুয়া, ভাঁড় প্রভৃতির প্রয়োজন হইয়া থাকে; যথা প্রমোদকর উপতাস এবং ছুট্লে কাব্য প্রভৃতি। এ সকলেরও মধ্যে ভাল মন্দ্র আছে, ইহাদিগেরও ব্যবহার আছে; কে না জানে কপ্রসাধ্য কার্য্যে শারিগাহক কভটা সহায়তা করিয়া থাকে। শারিগান প্রায়ই অকর্মা অলস সময়ে গীতবদ্ধ হয়।

প্রতি পরিচালক ও পরিচালিতেরই, সংসারস্থলীতে কর্মক্লেতের পরিমাণ ও সীমা নিরূপণ করা রহিয়াছে; পরিচালকের দৃষ্টিদৃষ্ট বিষর বা সহজ কথায় তাহার উদ্ভাবিত সতা, সেই সীমান্তমধো প্রচারিত ও পরিজ্ঞাপিত হওরা আবৈশ্রক। এই সীমান্ত, বলা বাহুলা বে, দেশ ও কাল-এক এবং উভর ব্যাপিয়া প্রসারিত। সীমান্তর্বর্তী স্থান ও কাল সঙ্কীর্ণ হইলে. একা বাকোর স্বারা সেই উদ্ভাবিত নব সত্যের প্রচারণা পংসাধিত হইতে পারে। কিন্তু যথন তাহা বছবিস্তত ও বছবায়তন, ভথন আবে প্রচারকার্য্য একা বাক্যের দ্বারা সমাধা হইয়া উঠে না ; তথন কাজেই নানা লোকমুথে প্রচার এবং প্রচারের আরও বছ বিস্তার আবেশ্রক হওরার, কালী কলমের আবশ্রক হয়। এরপ প্রচারস্থলে, কালী কলমের বাবহার হইতে যে পদার্থের উৎপাদন হইয়া থাকে, তাহাকেই প্রক্তপক্ষে প্রস্থ বলা যায়; তদ্তির অন্ত সমস্ত গ্রন্থ নহে, তাহাদিগকে গ্রন্থার ভাষামাত্র বলা যায়। এরপ সত্তোদ্ভাসক প্রন্থের প্রন্থকার যাহারা, তাঁহারাই এ জগতে বছকাল জীবিত থাকিয়া জগলাসীর নিকট হইতে স্বেচ্ছা ও ভক্তিপ্রদৃত্ত পূজা প্রাপ্ত হইয়া থাকেন। নতৃবা অপর যাহারা, তাহারা উৎপতিতবৎ একবারমাত্র কালের তর্ত্তকল্লোলে উঠিয়া, অমনি আবার বিলীন হইয়া যায়। প্রকৃত গ্রন্থকার যাসীরা, তাহাদিগকে থোষ-আমোদ বা সথের গ্রন্থকার বলিয়া ভাবিও না। নিজের নিকট এ জগতে বাহা অকাটা অভিনব এবং অনুসরণীয় সত্য বলিয়া অনুভূত হইয়াছে, ধাহার থাতিরে জীবনবার করাও অতি তৃচ্ছ কথা, যাহা নিজের বিশ্বাস্য এবং অন্তর্ভয় পূর্ণমাত্রায় এবং যাহা জগতে বিশ্বাসিত ও অনুষ্ঠিত হওয়া একান্ত বাস্থনীয় বলিয়া অনুমিত, এরপ গ্রন্থকার সকল, সেই সকল কথা গ্রন্থবন্ধ করিবার নিমিত্তই, গ্রন্থর প্রবৃত্ত হইয়া থাকে। লাঞ্চনা, ক্লেশ, অনাদর, অর্থনিষ্ট, কিছুতেই ইহাদিগকে বিমুখ ও বিচলিত করিতে পারে না, এবং সে পক্ষে উদাহরণও বে কিছু বিরল তাহা নহে। যাহা নিজে বিশাস করিতে পারি নাই, তাহা অপরকে বিশ্বাস করাইব কিরপে; याजारक निर्फ हानिक हुई नाई, जाहा बाता अनुत्क हानना कतिव কিরপে ? যে নিজে বিশ্বাস করিতে না পারিয়া অভ্যকে বিশ্বাস ক্রাইতে চায়, যে নিজে চালিত না হইয়া অপরকে চালাইতে চায়, সে

ধৃষ্ট এবং ভণ্ড; এ জগতে দে কখনই সফলতা ও প্রতিষ্ঠালাভ করিতে পারে না এবং যদি বা কথন কালের কুটিল গতিতে পারে, তবে দে ছই দিনের জন্ত ! ছর্ভাগ্যক্রমে এ জগতে ধূর্ত্ত এবং ভণ্ডেরই রাজস্ব ও প্রভূত্ব বেশী। ফলতঃ বাস্থারাম, যদি তুমি এমনু কোন সত্য তত্ত্ব বা নুতন বিষয় অনুভব করিতে পারিয়া থাক যাহা অন্তের নিকট এথনও অনাবিষ্কৃত, তাহাই প্রকাশ করিতে বাকাফূর্ত্তি করিও; পুনশ্চ যদি তাহা সহজ এবং অল্প কথায় প্রকাশ করিয়া শেষ করিতে পার, তবে আবে বাঁকা কথা বা তদ্ধিকে লেখার দিকে যাইও না; ইহাই সং-পরামর্শ। আরও একটি সোজা কথা বলি, যাহা পদ্যে প্রকাশ করিতে পারিবে তাহাতে আর স্থর সংযোগ করিও না; যাহা গদ্যে প্রকাশ করিতে পার ভাহাতে আর পদ্য আনিরা ফেলিও না; এবং যাহা কথায় বলিলে চলিবে, তাহা গদ্য পদ্য কিছুতেই কথন লিখিও না। যাদ সহজে হয়, তবে কেন মিছা উত্রোত্তর পরিশ্রম স্বীকার ? লেখা প्र•ा वा बार्डित स्रष्टि, प्रांथवीरा वार्कवारत है ज्ञानि कान हरेरा हम्र नारे, সাবশ্বক মত ক্রমে ক্রমে হইয়াছে। যতদিন কথায় চলিত, ততদিন সঙ্কেতলিপি ছিল না; যতদিন সঙ্কেতলিপিতে চলিত, ততদিন লেখা পড়া ছিল না; যতদিন লেখায় চলিত, ততদিন ছাপার বন্দোবস্ত ছিল না; আবার ছাপায় যথন না চলিবে, তথন হয়ত নূতন রকমের আরও কিছু নৃতন আসিয়া উপস্থিত হইবে। এ প্রক্লাতর এই নিয়ম, আবিশ্রকাতিরিকে বিষয়োৎপত্তি হয় না; ইহা দেখিয়া, ইহা বুঝিয়া, তুমিও কেন তাহার অনুকরণ না কর বা নিজের জবাবদিহিতে প্রবৃদ্ধ না হও। তুমিও আবশুকাতিরিক্তে অমুষ্ঠানক্ষিপ্ত হইও না। পরস্ত বাহা কিছু তোমার করা প্রয়োজন এবং যাহা তুমি করিতে দক্ষম,আগে তাহা স্থাসম্পন্ন করিয়া তোল; পরে যদি কাজ না থাকে ও সময় পাও, তথন তাহার অতিবৃদ্ধি ও আড়ম্বরে মাতিও,কেহ তোমাকে বারণ করিবে না। এ কর্মাক্ষেত্রে প্রকৃত তেমন অবসর আছে কি ?

সকল পদার্থ ই এ জগতে দৈতকার্য্যের সাধক হয়, প্রথম আত্মসার্থকতা

সাধন, দ্বিতীয় অপরার্থে নিয়োজন। বিদ্যাও সেই দ্বিবিধ কার্য্য সাধন করির। থাকে। এক স্থামান্তর্বর্তী উদ্দেশ্য বা কর্ম্মের পরিচালন, অপর অনাগত ভাবী মানবের নিকট স্বায় এবং স্বসময়ের প্রতিকৃতি প্রকটন। বিদ্যার এই দ্বিধ কার্য্য হুই দিকেই বিশালায়ত হওয়ায়, জাতীয় উন্নতি বা অবনতিরও উহা পরিচায়ক স্বরূপ হইয়া থাকে। কার্য্যকারক আরব্ধ कार्या इन्छ अनान कतिरावे कार्या इम्र ना ; शृर्ख कजन्त क्रु इरेम्रा গিয়াছে এবং এখন যাহা করিতে হইবে তাহার প্রকৃতি ও প্রকরণ কি, পূর্বারত অংশের সহ তাহার দম্বন্ধ কতদূর এবং পূর্বাক্তত অংশ কি সাক্ষ্য প্রদান করিতেছে, পরিণামিত্ব কি প্রকার এবং ভবিষাৎ সহ সম্বন্ধে কিরূপ দাঁডাইবে, এ সকল জ্ঞাত হওয়া আবশুক। এ নিমিত্ত, শিক্ষা-স্থলে, পূর্ব্বগত ও অধুনাতন এবং ভবিষ্যদাভাস, এই সকলের উপলব্ধি ও অর্ভৃতির নিমিত যথোপযুক্ত শিক্ষার আবশুকতা হইরা্থাকে। তদর্থে শিক্ষার একান্ত প্রোজন; তবে শিক্ষায় অব্যা বহুত্ব নানত্ব আছে বটে, কিন্তু সে কেবল শিক্ষানবিশের শক্তির পরিমাণ লইঊ। যথায় যথোপযুক্ত শিক্ষার পক্ষে কোনরূপে হানি হয়, অথচ যথায় মানবে নিহিত কার্য্যশক্তি প্রয়োজনাত্মরূপ পূর্ণ শিক্ষাগ্রহণের পক্ষে উপযুক্ত; তথার কার্যাশক্তি যে সেই পরিমাণে ভ্রান্ত হইরা থাকে, তাহা বলা বাছলামাত্র। অথবা যে স্থানবিশেষে, যাহাদের পরিচালিত হওয়া উচিত: তাহারা যদি সে স্থানে, স্বভাব ছাড়িয়া, পরিচালকের কার্য্যে প্রবৃত্ত হইতে যায়, তাহা হইলেও স্থানগের সম্ভাবনা দূরগমন কার্মিয়া থাকে। কালের আন্তর্জন সহ কার্যাও যেমন নব নব ও উত্রোভর গুরুতর হইয়া আসিতেছে, শিক্ষারও নূতনত্ব ও গুরুত্ব পক্ষে তেমনি প্রয়োজন বৃদ্ধি হইয়া উঠিতেছে। শিক্ষাই মানবজাবনের একমাত্র পরিচালক। মানবজাবনের সার স্বরূপ ধর্ম এবং কর্ম, উভয়ই এই শিক্ষার উপর নির্ভর করিয়া থাকে। বিদারেপিণী দেবী উমা হৈমবতীর কুপাকটাক্ষ হেতুই মানব, ব্রাক্ষীপ্রপঞ্চ স্বরূপ জীবনপ্রবাহ এবং তহদেশ্য ও তাহার পরিণাম সহ পরিচয় প্রাপ্তে, মহুষাত্ব ও কর্ম-

পাথে অগ্রসর হইরা কৃতক্কতার্থভালাভে সমর্থ হইতে পারিভেছে; নতুবা মানব আজিও অকৃতার্থ এবং প্রতবং থাকিয়া বাইত।

একণে বাস্থারামী ব্যাখ্যার আলোচনা করিলেও দেখিতে পাওয়া যায় বে, বিদ্যার উদ্দেশ্য অর্থ উপার্জ্জন নহে, তবে স্থৈ উপার্জ্জন বলিতে পারা যায় বটে: কিন্তু সূথ অর্থে নহে, অর্থ ও সম্পদের সূথ যাহা তাহা সম্পূর্ণ ই আপেক্ষিক, স্বয়ং কথন পূর্ণ রূথ নহে। স্থকার্য্য সংযত ও সান্ধিক ভাবে সম্পাদন করিলে যে চিত্তপ্রসাদ উপস্থিত হয়, তাহাই পূর্ণ স্থা। স্থকার্যান্তেণীপ্রন্থিত বা স্কার্যাদম্ভিদ্বরূপ যাহার জীবন এবং যে সংঘমী, সেই কেবল এ জগতে পূর্ণ স্থাথ স্থী ছইতে পারে: কোন অবস্থা বা ঘটনা চক্র তাহাকে বিচলিত করিতে সমর্থ হয় না এবং তাহার যেমন ইহলোক, পরলোকপরিণামও তেমনি স্থমর হইরা থাকে। অর্থ সম্পদাদির হুথ ক্ষণিক উন্মাদনমাত্র, প্রকৃত তাহা স্থুখ নহে। অথবা যদি অর্থ উপার্জ্জনই বিদ্যার একমাত্র উদ্দেশু হয়, তাহা হইলে তাহার জন্ম এত আয়াদ ও আড়েশ্ব কি জন্ম 🖰 অভি সাপাস বিদ্যাতেই আত প্রচর অর্থ উপার্জ্জিত হইয়া থাকে; আর অতি মহৎ বিদ্যাতে ? বরং অতি দামান্ত অর্থ উপার্জিত হইতে দেখা যায়। অর্থ সামাক্তর কর্ম সম্পাদনের মজুরী স্বরূপ। কর্ম মহৎ হইলে, তাহার मञ्जूती (करन चार्थ कूनारेशा चेर्छ ना, महर विवान ও महर কর্মকারকেরা প্রায়ই অর্থহীন এবং সম্পৎস্থান্থ দরিদ্র!

অগব বিদ্যার অন্তর ব্যাথ্য করিয়া, তাহাকে কর্মাতহ বলিলেও সঙ্গত হর। যে বিদ্যা প্রধানতঃ পারলোকিক কর্মাবিষরিণী, তাহাকে প্রকৃতিভেদে ধর্মবিদ্যা ও তত্ত্বিদ্যা বলা যায়; আর বে বিদ্যার সাহায়ে প্রধানতঃ ইছলোকিক বিবর সমস্ত নির্মাহিত হয়, তাহাকেই লোকবিদ্যা নামে আখ্যাত করা বাইতেছে। কিন্তু কি ইছলোক কি পরলোক, উভয়ভঃ পূর্ণমন্ত্রাত্তলাভ কেবল তথনই সন্তবপর হইয়া থাকে, বর্মন ধর্মবিদ্যা, তত্ত্বিদ্যা ও লোকবিদ্যা, এই ত্রিবিধ বিদ্যা আসিয়া একভার এবং সামগ্রস্ক সংমিলিত হয়। তত্ত্বপ পূর্ণ মন্ত্র্যাবিধায়ক কর্মক্ষেত্র

মধ্যে,ধর্মবিলা ও তথ্ববিদ্যা নিরামক স্বরূপ এবং লোকবিল্যা বাহা তাহা প্রবর্তক। লোকবিল্যারও দিবিধ প্রকৃতি হেতু আমরা এথানে তাহাকে দিবিধ বিভাগে বিভক্ত করিতেছি, এক উপপাদ্য ও অপর আফুর্চানিক। উপপাদ্য বিদ্যা বাহা, তাহা প্রধানতঃ অন্তর্জগৎকে অবলয়ন করিয়া উৎপর বা অন্তর্দর্শনে মৃগ্প ও তদ্দিকে লীন। আফুর্চানিক বিদ্যা বাহা, তাহা প্রধানতঃ বহির্জগৎকে অবলয়ন করিয়া উৎপর বা বহির্দর্শনে মৃগ্প ও তদ্দিকে লীন। উপপাদ্য বিদ্যার লীলাভূমি প্রধানতঃ চিন্তাক্ষেত্র, আর আফুর্চানিক বিদ্যার লীলাভূমি প্রধানতঃ ক্রিরাক্ষেত্র।

এ পর্যান্ত আমরা এতছভয়জাতীয় জীবন যতদুর আলোচনা করিয়া আদিলাম, তাহাতে সহজেই উপলব্ধি হইবে যে, হিন্দুর প্রকৃতি চিম্বাশীল, ভাবিতে যত পটু করিতে ততটা পটু নহে; আর গ্রীকের প্রকৃতি ক্রিয়াশীল, করিতে যতটা পটু, ভাবিতে তত পটু নহে। চিন্তা च्रजावजः সাধারণ বিষয়কে অতিক্রম করিয়া ধাবিত হইতে ভালবানে, কিত ক্রিয়া সাহা ভাহাকে স্বভাবত:ই উপস্থিত সংসার লইয়া বাাপ্ত हरेट इम्र ;-- हिन्दू य किक्क भातालोकिक विषय नहेमा अधिक রত এবং গ্রীক যে কিজন্ম ইহ সংসার লইয়া অধিক রত, উক্ত প্রকৃতি ভেদ ঘারাই তাহা স্পষ্টীকৃত হইতেছে। সে যাহা হউক, জ্বাতিছরের এরপ প্রকৃতিভেদ হেতু, যে বিদ্যা উপপাদ্য, ভাষাতে হিন্দুদিগের এবং याश आयूर्शनिक, তाहां धीकिनिश्तत उपकर्मना कतिवात कथा। বস্ততঃ তাহাই ঘটরাছিল। হিন্দুরা যে কোন বিষয়ে যাহা দেখিতেন, তাহাই উপপাদিকা দৃষ্টির সাহায়ো; গ্রীকেরা সেইরূপ যে কোন বিষয়ে याहा (मिथ्ठ, जाहा आसूर्वानिक मृष्टित नाहात्या । कन्छः এ উভन्न मृष्टि, এ উত্তর জাতিকে এতদুর আকৃষ্ট করিয়াছিল বে, বিষয় আফুটানিক হইলেও,হিন্দুর হাতে পড়িবামাত্র তাহা উপপাদ্য আকার ধারণ করে; সেইরপ যাহা উপপাদ্য তাহা গ্রীকের হাতে পড়িলে, আফুষ্ঠানিক স্থাকার ধারণ করিবা থাকে। ইহার ফল এই যে, যে কোন বিষয় হউক, তৎসম্বন্ধে হিন্দুর তত্ত্তাগ যেমন ভাল, কর্মভাগ ভেমন

স্বদশ্যদিত নহে, বরং অনেক স্থলে কুদশ্যদিত বলিয়া বলা যার; আর গ্রীকের তবভাগ যেমন ভাল নহে বটে, কিন্তু কর্মভাগ অতি স্বদশ্যদিত ও নয়নতৃপ্তিকর। হিন্দু ভাবিতেন উচ্চ,বৃদ্ধিতেনও উচ্চ, কিন্তু কার্য্যে ভাহা তেমন পরিণত করিতে পারিতেন না; গ্রীক ভাবিত অপেকারুত সামান্য, বৃদ্ধিতও অপেকারুত সামান্য, বৃদ্ধিতও অপেকারুত সামান্য, কিন্তু কার্য্যে ভাহা ধারণার অতিরিক্ত স্বসম্পাদিত করিত বলিলে নিতান্ত অসম্পত হয় না। এই নিমিত্ত গ্রীকের চাক্টিক্য এত অধিক এবং এই নিমিত্ত হিন্দু উচ্চ হইয়ও নিদর্শনশৃত।

উপপাদ্যরীতি যুক্তিমার্গ অবলম্বন করিয়া, যথন যেথানে উপনীত হয় ও যাহা লক্ষ্য করে, তথন তদম্বয়ে পরিণামও শুভাশুভ গণনা পূর্ব্বক, ফলাকর্ষণ করিয়া থাকে। হিন্দুরাও তাহাই করিতেন; তাঁহাদের নিকট, কি বিষয়্পলনে কি বিষয় সংশোধনে, ব্যবহার অপেক্ষা য়ক্তিই অধিক বলবতী ছিল। হিন্দু শাস্ত্রাদি প্রধানতঃ এই যুক্তিতত্ত্বের উপর স্থাপিত। কিন্তু হিন্দু জ্ঞানিগণ সাধারণ লোকবর্গকে যুক্তিমার্গে বিবৃর্ণিত না করিবার অভিপ্রায়ে হউক বা যে কোন করেণে হউক, ফলাকর্ষণের আকর্ষণপ্রণালী অর্থাৎ যুক্তিমার্গ পরিত্যাগ করিয়া, ফলটিমাত্র বিধিনিষেধ আকারে শাস্ত্রনিবদ্ধ করিয়া গিয়াছেন। ২ বিধিনিষেধ পালনে, কর্মস্থলে দোষাদোৰ পর্যাবেক্ষণপক্ষে

১। আক্ষিত ফল বিধিনিবেধে নিবন্ধ হওরার, আকর্ষণপ্রণালী সকল সমরেতেই বে বিল্পু হইরা যাইত, ঠিক তাহা নহে। অনেক বিষয়ে, আকর্ষণপ্রণালী ও তদামুবলিক তত্ম সকল কেহ জানিতে ইচ্ছা করিলে, শিবাড় আচরবের বারা সাপ্রাকারিক গুলুর নিকট জানিতে পারিত। পুরাকালে লিখনকার্য্য সংক্ষেপ করিবার লক্ষ্যই হউক বা লেখনপ্রণালীর বিরল প্রচার হেতুই হউক বা যে কোন কারবেই হউক, ভিতরের কথা সকল গুলুমুখে গুনিয়া ও ব্রিয়া, মুগ্য কথা যাহা তাহা বিধিনিবেধবরপে অথবা স্ফোকারে মুরণ করিয়া রাখিতে ছইত। স্ফু সকল, মুথে মুখে বাাখাত বিষয়ের আরক্লিপি মাত্র। ভিতরের কথা সকল গুলুমুখগত হওরায়, হিন্দুদিশের মধ্যে ওকর এতটা মান ; বেহেতু

স্বাধীনতার ভাগ অতি অবই;—বিশেষতঃ যথন হিন্দু বিধি-নিষেধ সকল দেবাজ্ঞাস্বরূপে প্রচারিত। আফুটানিক রীতি, তক্রপ मार्न ७ প্রথা অবলম্বনে তদ্রেপ ফলাকর্ষণ না করিয়া এবং বিধিনিষেধে বাধ্য না হইয়া,পূর্ব্ব পূর্ব্ব ঘটনা সকলের সামঞ্জন্ত ও সমীকরণ এবং কার্য্য-কারণ নিরূপণে যে ফলাকর্ষণ করে, তাহারই দ্বারা অত্যেপরিচালনা করিয়া থাকে এবং প্রত্যক্ষ দর্শনের ছারা দোবাদোষ সংশোধন পূর্বক, ক্রিরাপথে অগ্রসর হয়। বলা বাছলা যে, এ পথে অনুষ্ঠাতার স্বাধীনতা-ভাগ অনেক অধিক। উপপাদ্য রীতির ফল, তত্ত্ব: আর আফুঠানিক রীতির ফল, বিজ্ঞান। তত্ত্ব ভাবী পরিণাম এবং বিজ্ঞান উপস্থিত শুভা-🐃 ভ লইয়া ব্যস্ত। তত্ত্ব ভাবী পরিণামব্যবসায়ী বলিয়া অপেক্ষাকৃত দ্রদর্শনসম্পন্ন: আর বিজ্ঞান তদ্রপ কারণাভাব হেতু দূরদর্শনে অপেক্ষা-কৃত হীন। এই কারণ হেতু দেখা যায় যে, উপপাদ্যক্ষেত্রে, বিষয় স্কল দূরদর্শনসম্পন্ন হওয়াতে, অনুষ্ঠানে হীনতা সত্ত্বেও, অপেক্ষাকৃত দীর্ঘস্বায়ী হয়। হিন্দুর জাতীয় জীবন ও কর্মাএবং গ্রীকের জাতীয় জীবন ও কর্মা, এতত্ত্তয়ের দীর্ঘস্থায়িত্ব তুলনা করিলেও, তাহা প্রতিপন্ন হইতে পারিবে।

উপরি-উক্ত বিরতি দারা প্রতিপন্ন হইবে যে, প্রকৃতিতে হিন্দু তাত্ত্বিক,

গুদ্ধ কট হইলে অনেক কথানা শিথাইতে পারেন এবং তুই হইলে সকল কথাই শিথাইতে পারেন। বিতীয়ত: গুলুভভি: বিষয় বিশেবে বিষান স্থাপনেরও উপার্যস্থল বাট; ঘেহেতু হিন্দুধর্মে অনেক বিষয় আছে যাহ। অকথট বিশ্বাসের উপর নির্ভর করিয়া থাকে। সে যাহ। হউক, ভিতরের কথা সকল গুলুমুবগাত হওরার এখন দোব এই যে, তাহা সাধারণের অগোচর থাকার, কার্যকারণ ও লোপাণ জ্ঞান জনা বে বিষয়ের উত্তর উন্নতি তাহা হইতে পার না। বিতীয়তঃ কালে উপযুক্ত গুলুর অভাবে তাহা একবারেই লোপা হইরা যাওরার সন্তাবনা;—
আনেক বিষয়েতে ইইরাহেও তাহাই, আনেক বিষয়েতেই এখন নেড়া বোঁচা বিশিব্নিথ মাত্র লক্ষিত হয়। তৃতীয়তঃ ছইওর ও ছইমতের বড়ই প্রাভুভাব হইরা থাকে এইং তাহাতে অপরিনীয় অনুর্ব্দিনিত হয়; বর্তমান নুমর অপেকা ইহার ক্লেকর দুইাত্ব আরি ইইনে পারে না।

আর গ্রীক, বৈজ্ঞানিক। ২ তত্ত্ব এবং বিজ্ঞানে অনেক তফাত। তত্ত্বের কার্য্য, প্রাপ্ত পদার্থের যথাদৃষ্ট ভাবে সম্ভূষ্ট না হইয়া, তাহার স্বরূপতা জ্ঞানের অনুসরণ। আর বিজ্ঞানের কার্য্য, যথাদৃষ্ট ভাবকেই যথেষ্ট জ্ঞান করিয়া, পদার্থটির সাধ্যসাধন প্রক্রিয়া অবধারণ পূর্ব্বক তদবলম্বনে পদার্থান্তরের উপলব্ধি ও প্রাপণ। তত্ত্ব আধ্যাত্মিক পথে অধিকতর কার্য্যকরী হইলে ছইতে পারে: কিন্তু সাংসারিক পথে, বিজ্ঞানের কার্য্য-কারিতা অপরিদীম। তবে একটা কথা এই, তত্ত্বজাত জ্ঞান আয়তনে সন্ধীৰ্ণ হইলেও জিনিস্টা খাঁটী এবং তাহা সামঞ্জ গুণে সক্ষঃ বৈজ্ঞা-নিক জ্ঞানের স্থায় একের প্রশ্রেষ দিতে গিয়া অপর দিকে বিপ্লব বাধাইয়া. ভূয়োদর্শনের বহুল প্রায়োজনীয়তা সৃষ্টি করে না। তত্ত্বের ফল স্থিরতা ও শান্তি, আর বিজ্ঞানের ফল অস্থিরতা ও অশান্তি; তহভয়ের অসু-সরণকারী হিন্দু এবং গ্রীক চরিত্রেও তাহা স্থন্দরভাবে স্থচিত্রিত দেখিতে পাওয়া যায়। পুনশ্চ, তত্ত্ত্তান উপলব্ধি করিতে ধ্যান ও অফুভৃতির ক্রিয়া যতটা, সাধ্যসাধন প্রক্রিয়ার কার্য্য ততটা দেখা যায় না এবং এই জনাই বোধ হয়, হিন্দুচিত্তজাত বিদ্যা ও বিষয়াদি বিধিনিষেধ আকারে যতটা, সাধাসাধন প্রক্রিয়াক্রমে ততটা প্রকাশিত ও প্রচারিত হয় নাই। যে কোন বিষয় প্রকট কার্যাকারণাত্মক বৈজ্ঞানিক প্রণালীতে গ্রথিত, তাহার উপর উন্নতি চলিতে পারে: কিন্তু যাহার কার্য্যকারণ . জ্ঞান ,বিলুপ্ত, এরূপ বিধিনিষেধাত্মক শাস্ত্রের উপর উন্নতি চলে না। ইহার প্রত্যক্ষ দৃষ্টান্ত স্বরূপ দেখিতে পাওয়া যায় যে, গ্রীকমূল পাশ্চাত্য বিজ্ঞান কি বিপুল উন্নতিপথে ধাবিত হইতেছে; আর হিন্দুসস্তান আজি ও সেই প্রাচীন ঋষিপ্রণীত বচন আওড়াইয়া কার্য্য সারিতেছেন !

হিন্দুর লোকবিদ্যা, গ্রীকের লোকবিদ্যার ভাষ, উত্তর উন্নতি সম পরিমাণে প্রাপ্ত না হওয়ার পক্ষে অপরাপর কারণও দৃষ্ট হইয়া থাকে। পূর্বে দেখা গিয়াছে যে, আদিতে হিন্দুকে চিন্তাশীল ও আধ্যাত্মিক গুণপ্রধান এবং গ্রীককে কর্মনীল ও আধিভৌতিক গুণপ্রধান করিবার পক্ষে, জীবনব্যাপার নির্বাহকল্পে উপায়ে ইতর্বিশেষ ভাব একটি অন্যতর কারণ। মনুষ্যের মন রুখনও নিজ্মা হইয়া পাকে না এবং যাহার জন্ত মানসিক থাটুনি ও আকাজ্ঞা অধিক, সেই পদার্থ ই সভাবতঃ মানুষের অধিক প্রিয় হইয়া থাকে। আহারীয়ের স্বচ্চলতা হেতৃ হিন্দুর জীবনব্যাপার অতি সহজে নিম্পন্ন হওয়াতে, প্রথমতঃ ইচ-লৌকিক বিষয় সম্বন্ধে আকাজ্ঞা এবং আকাজ্ঞা হইতে ক্রমোত্তর চেষ্টাজাত ধারণা, উভয়ই সন্ধীৰ্ণতা প্ৰাপ্ত হইয়া আসিল; দ্বিতীয়তঃ ইহলৌকিক এবং আনুষ্ঠানিক বিষয়াভিনিবেশে তাদৃশ প্রয়োজনাভাব হেতু, আমকাজ্জাও আসক্তি যাহা তাহা চিস্তা ও কল্পনা ক্ষেত্র এবং পারলৌকিক বিষয়ে সমাহিত হইল ;—ছতরাং পারলৌকিকবিষয়মূল ধর্ম এবং চিম্ভা ও কল্পনামূল বিদ্যা, ইহারাই হিন্দুর পরম প্রিয় পদার্থ হইয়া দাঁড়াইল। গ্রীকের নিকট তৎপরিবর্ত্তে, প্রত্যক্ষদৃষ্ট জগুৎ এবং লোক্যাতাবিধায়ক কর্মপন্থাই প্রধানতঃ প্রিয় পদার্থে পরিণ্ড হইল: এবং অমুষ্ঠানের প্রতি আস্তি জন্ম সাংসারিক বিষয় সম্বন্ধে ধারণা ও আকাজ্ঞা বৃদ্ধি পাইতে থাকায়, ইহলোকের শ্রেয়োবিধায়ক লোক-, বিদ্যাও পুষ্ণতা প্রাপ্ত হইতে লাগিল। হিন্দুর মধ্যেও লোকবিদ্যার

ইউরোপে লোকযাত্রা চলা ছ্কর ! বলা বাহল্য যে, এই বিজ্ঞানপ্রাসাদাং আধুনিক ইউরোপীরগণ সর্ব্বদাই জগৎ-প্রমেলে সত্যবাদী; আর ভারতীয়ের পোড়া কপাল পোড়া! কেবল সেই বিজ্ঞানের অভাবহেতু, কুঁড়ের কোণে নির্বাক বিসরাও পাহাড়ে মিধ্যাবাদী!! কে না বলিবে, ছিটা ফোটা কালির দাগ অপেকা সব কালীতে শোভা এবং গরব বেশী! ধন্য পাশ্চাতোর বিজ্ঞানশক্তি! ধন্য ডিপ্লোমেসী প্রস্তুত উন্নতি-শালিনী থীলীর ইউরোপ!! বল-বোলেটেগিরীকে আরও ধন্য; বাহাতে চুর্ব্বল বা পারাধীনের প্রতি বদ্দহা বাক্যপ্ররোগে সাহস হয়!!!

প্রবর্জনা ও উন্নতি না ইইমাছিল, এমন নছে; কিন্ধ যে গুলির ধর্ম সহ সম্বন্ধ আছে তাহারই এবং সে দকলেরও পুন: ধর্মাতিরিক্ত গতি যেখানে, দেখানে জার হিন্দু অগ্রসর হওয়ার আবশ্রকতা বিবেচনা করেন নাই। জাবার যে দকল বিদ্যার ধর্ম দহ প্রত্যক্ষে কোনই দংশ্রব নাই, দেখানে হিন্দু কেবল উপস্থিত প্রয়োজন পূরণ করিয়া কান্ত হইয়াছেন; আর উন্নতি কামনা করেন নাই। এই জন্যই হিন্দুর অনেক বিষয় সম্বন্ধ দেখিতে পাওয়া যায় যে, অতি প্রাচীনকালে তাহাদের যে ভাব ছিল, এখনও তাহারা সেই একই ভাবে বর্তমান রহিয়াছে। এ বিবরের দৃষ্টান্ত সহজ্বপ্রাগ্রিধায়, উল্লেখবিশেবের প্রয়োন নাই।

বেরপ চিস্তামার্গ হিন্দুরা অবলম্বন করিয়াছিলেন, তাহার বিষয়ীভূত পদার্থ অপ্রত্যক্ষ ও অনির্দিষ্ট; স্কুতরাং এথানে চিস্তা বহুপথ
অবলম্বনে বহু মত প্রদর্ব না করিয়া থাকিতে পারে না; কিন্তু অমুষ্ঠানপ্রিয় গ্রীকের মধ্যে সেরপ পৃথ ও মতবহুলতা ঘটিবার কথা নহে!
এ কারণে, হিন্দুর শাস্ত্রসংসার অতিশয় বিপুল; ভাহাতে নানা অভিনর কথা ও মত সকল লক্ষিত হয়, এবং ধর্মে বিবিধ উপধর্ম, তত্ত্বে বিবিধ
পন্থা, বিধিনিষেধে বিবিধ প্রকারতেদ এবং বিষয় বিশেষে বিভিন্ন ও
বিপরীত মত সকলের সমাবেশ দেখিতে পাওয়া যায়। হিন্দুশাস্ত্রের
ব্যাথ্যাকারকগণ সেই সকল বিরোধ মীমাংসার নিমিত্ত নানা উপায় ও
নানা কৌশল অবলম্বন করিয়া থাকেন; কিন্তু ভাহা সত্ত্বেও ভাহারা
যে সকল বিরোধের মীমাংসা করিয়া উঠিতে পারেন এমনটা বোধ হয়
না।ও দিতীয়তঃ প্রোক্ত তত্ব এবং মতবহুলতা হুইতে, হিন্দুর শাস্ত্রসংসারও অভিশয় বিপুলায়তন প্রাপ্ত ইয়াছে। গ্রীকের শাস্ত্রায়তনও
অনেক কম এবং মতবহুলতা ও বিরোধিতাও ভাদুশ দৃষ্ট হয় না।

ও। এই সকল বিরোধ মীমাংনার নিমিত,কথনও বা বিরোধী অংশকে কল্লান্তর বর্ণনা,' কথনও বা 'অধিকারিভেদে পৃথক ব্যবস্থা, ইত্যাদি ব্যাখ্যা ও ব্যবস্থা সকল প্রদর্শিত হইরা থাকে। আজি কালি বৈজ্ঞানিক ধর্মব্যাখ্যা উৎপদ্ধ হইরা, সে পক্ষেব্য একটা কম সহারতা ক্রিতেছে না।

ইহা স্বাভাবিক বে, বেথানে অনুষ্ঠানপর্ব্ব স্কীর্ণ, অনুষ্ঠানবছলতা হইতে যে দ্রদর্শন এবং সেই দ্রদর্শন হইতে যে বিবিধ কার্য্যকরী ও কার্য্যারতিকারী মতের উৎপত্তি হয়, তাহার সক্ষে সেধানে বড় একটা সম্পর্ক থাকে না। এরূপ হলের মতবছলতা বস্তুতঃ কেবল প্রস্থানভেদের বিভিন্নতা মাত্র, নতুবা বিষয় এবং বিশেষ্য যাহা, তাহা : প্রায়্ম সকল মতেই এক প্রকার। হিন্দুদিগের শাস্ত্রসংসারের প্রতি দৃষ্টি করিলে, সর্ব্রেই ইহার বিশিষ্ট প্রমাণ পাওয়া যায়। তথায় কি দর্শন, কি বিজ্ঞান, কি অন্ত কিছু, সকলেরই স্ব স্ব বিভাগে আশয়, অভিপ্রায়, উদ্দেশ্য এবং মীমাংসা প্রায় একরূপ ও একথেয়ে; কেবল ভিন্ন চিন্তামার্গভেদে বিবিধ প্রস্থানভেদ হেতু প্রকারবহলতা দৃষ্ট হয়, নতুবা তাহাতে উত্তরগতি বা উন্নতির চিহ্ন অল্পই দেখিতে পাওয়া যায়,—উহা কুলে আবদ্ধ নৌকায় সমস্ত রাত্রি ধরিয়া বিবিধ ভঙ্গীতে দাঁত বাহিয়া প্রাস্ত হওয়ায় যে ফল তদতিরিক্ত নহে।

চিন্তা বতই উচ্চ হউক, বেখানে অনুত্রপ উচ্চ অন্থ্রানের সহ সামজন্মন্য, সেথানে এইরপ দশাই হইরা থাকে। কলতঃ চিন্তা এবং
অনুত্রান, উভরই এক অপরের সহ সামঞ্জস্যশূন্য হইলে, নানাবিধ
প্রকারে বিকৃত হইরা অনথোৎপাদন করিয়া থাকে। ভারতে চিন্তার
সহ বদি অনুষ্ঠানের সামঞ্জস্য থাকিত, তাহা হইলে ভারতের আজিকে
এরপ হর্দশা ঘটিত না। ভারতকে আবার উন্নতমুখী করাইতে হুইলে,
চিন্তার সহ অনুষ্ঠানের সামঞ্জস্য ব্যতীত কথনই তাহা ঘটিবে না।
বোধ হয়, সেই অনুষ্ঠান শিক্ষা দিবার জনাই, বিধাতা কর্তৃক ভারতে
আজি পরাধীনতার এতজপ প্রগাঢ় নিয়োজন। আর এক কথা,
বেখানকার উচ্চ শ্রেণী অনুষ্ঠানবিম্থতায় উচ্চ চিন্তামার্গ লইয়া বাণ্ডল;
সেথানকার নিম শ্রেণী চিন্তাপ্রত্ত বিষয়গ্রহণে অসমর্থ বিধায় দ্রপতিত
হইবাতে, প্রায় উচ্চতর জাতীয় বিষয় সমন্তে অতিশম আয়াশ্ন্য হইয়া
থাকে। এ বিষয়ের ফ্লর দূইন্ডে, হিন্দু এবং গ্রীকের রাজনীতিক্ষেত্রের
তুলনা করিলে, দেখিতে পাওয়া যায়।

২। রাজনীতি।

গ্রীকের রাজনীতিক্ষেত্র সম্পূর্ণতঃ আত্মন্তানিক বৃদ্ধির উপরে স্থাপিত; এজন্ম সমাজের অতি উচ্চলেণী হইতে অতি নিম্লেণী পর্যন্ত, সকল শ্রেণীস্থেরাই রাজনীতি বিষয়ে আগ্রহবান এবং নিরস্তর তাহাকে चारलाठनाशृर्वक नर्मन ও विठाताधीरन चानिया थारक। এडक्षाता স্বভাৰত: যে অভিজ্ঞতা ও বছদর্শিতা লাভ হয়, তদ্যুৱা উপস্থিত রাজ-নীতিকে সংশোধন, পরিবর্দ্ধন বা অবস্থারুযায়ী পরিবর্ত্তন করিরা ফিরে। ইহারা কি উপপাদ্য জ্ঞান, কি ভ্যোদর্শনের সহ অন্বয়শৃত্য চিন্তা, এ সকলের কোন ধার ধারে না: প্রত্যক্ষ দৃষ্টি ও বহুদর্শনে যথন যাহা ভাল বোধ হইতেছে, তথন সেইরূপ করিতেছে। এই জ্বন্ত আমর। ইতিহাস আলোডন করিলে দেখিতে পাই যে, গ্রীসে কথনও রাজতন্ত্র, কথনও সাধারণতন্ত্র, কথনও সম্ভান্ততন্ত্র, ইত্যাদি নানাতন্ত্রীয় রাজশাসন পর পর আসিতেছে ও যাইতেছে এবং প্রত্যেকেই পুনঃ স্ব স্ব সাময়িক অভাবাতুরূপ আরুতি ধারণ করায়, তাহা ইতিহাদে এরূপ উজ্জ্বল আলোক বিকীর্ণ করিতে সমর্থ হইতেছে বে, তাহার থতৈকের সঙ্গেও ভারতীয় কোন এক সময় তুলনায় আসিতে পারে কিনা সন্দেহ। এথানকার তত্ত্বিদেরাও রাজনীতি সম্বন্ধে যাহা কিছু আলোচনা করিয়াছে, তাহাও অনুষ্ঠানক্ষেত্রস্থ ভূয়োদর্শনকে অবলম্বন করিয়া; হিন্দুরীজনীতিজ্ঞের ভাষে ভূষেদেশনশৃত্য মনঃক্লিত সম্ভবতা ও অসম্ভবতা প্রভৃতির অবলম্বনে নহে।

হিন্দুর রাজনীতিক্ষেত্র সম্পূর্ণতঃ উপপাদ্য জ্ঞানের উপরে স্থাপিত। হিন্দু রাজনীতিজ্ঞ ভূয়েদর্শনের অপেকা না রাথিয়া, স্বীয় পার্শ্বে মাত্র দৃষ্টি করিয়া এবং নিজ চিত্তজাত সদসং এবং নস্তবতা ও অসম্ভবতা জ্ঞানের অবলম্বন হায়া, বিধিনিষেধাত্মক বৃদ্ধিতে যাহা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, তাহাই আবহমান কাল একই ভাবে রাজনীতিস্বরূপে প্রচলিত হইয়া আদিরাছে। পরবর্তী সমরেতেও, যে যত

রাজনীতিজ্ঞ প্রাছর্ত হউক না কেন, তাহারা রাজনীতি লইরা থে
কিছু আলোচনা করিরাছে, তাহাও সেই যথা মীমাংসিত বিবরের
বিভিন্ন দিপদান ভিন্ন অন্য কিছুই নহে; স্থতরাং তাহাতে পরিবর্ত্তন
ঘটনা অতি অনই।

হিন্দুরাজনীতিজ্ঞের রাজনীতিধারণা স্বীয় পার্সস্থ পারিবারিক দৃশু হইতে সমুদ্রত হইয়াছে। এরপ রাজনীতিতে একদেয়ে শান্তির সম্ভবতা অধিক বিধায়, ঐতিহাসিক চাকচিক্য অধিক ঘটিতে পায় না বটে ;কিন্তু রাজনীতির প্রতি নিয়ত লক্ষ্য ও নিতা পরিবর্তন হেতু যে একটা ঘোর অশান্তি, তাহা বড একটা অথবা আদৌ প্রজাবর্গকে ভোগ করিতে হয় না। ফলতঃ এরূপ রাজতন্ত্রে বাহ্ন উন্নতি ও বাহ্ন চাক্চিক্যের সম্ভাবনা যতই কম থাকুক না কেন, প্রজারা নির্বিরোধে যে শান্তিম্বথ ভোগ করিয়া থাকে, তাহা বস্তুতঃ অতুলনীয়। পরিবারের মধ্যে গৃহপতি যেমন সর্ব্বোপরি কর্তা এবং পরিবারস্থ আর আর সকলের মধ্যে সম্বন্ধের ন্যনেতর হেতু যেমন পর পর এক অপরের অধীন; হিন্দুরাজ্যও সেইরূপ একটি বিস্তীর্ণায়তন পরিবারবিশেষ এবং রাজা সেই বিশাল পরিবারের মধ্যে সর্বতোমুখী ক্ষমতাশালী প্রবল গৃহপতিবিশেষ মাত্র। রাজা তাঁহার সমস্ত রাজ্যাধিকার নিজে চালাইতেন না; রাজ্যাট বিভিন্ন ও বহু কুদ্রাধিকারে বিভক্ত হইয়া, পুরপতি, শতগ্রামাধিপতি, দশগ্রামাধিপতি, গ্রামপতি, ইত্যাদি বছতর বিভিন্ন কর্মচারীর হস্তে হাস্ত হইত। কিন্ত ইহারাও আকারে ও ক্ষমতায়, অপেক্ষাক্ত কুদ্র বা বৃহৎ গৃৎপতি এবং অধিকারসীমা ইহাদের ক্ষুদ্র বা বৃহৎ পারিবারিক অভিনয়ের অতিরিক্ত ছিল না। অতএব কোন এক পরিবার বিশেষ হইতে তাবং রাজ্যাংশ ও রাজ্য এবং রাজন্মপর্য্যায়ে পর্যান্ত সর্বাত্ত, কেবল এক পারিবারিক অভিনয়ই দৃষ্টিগোচর হইত; প্রভেদ যাহা কিছু তাহা রাজ্ঞপর্যায়ের উচ্চ নীচ শ্রেণী অমুসারে কুদ্রবৃহৎ আয়তনভেদ মাত্র। ইহাই হিন্দুর উপপাদিত রাজনীতি এবং উহাই বৈদিক সময় হইতে আরম্ভ করিয়া হিন্দুসাধীনতালোপের অব্যবহিত সময় পর্যান্ত

প্রার একভাবে চলিয়া আসিরাছিল;—কালপ্রভাবে পরিবর্তনের অবশ্রস্তাবিতা হেতৃ পরিবর্তন তাহাতে বাহা কিছু ঘটিয়াছিল, গণনার তাহাকে অতি দামাশুই বলিতে হয়।

মধ্যে মধ্যে কোন কোন রাজা পার্শ্বহু রাজ্য সমুদর পরাজয়পুর্বাক স্বীর অধিকারভ্ক করিয়া সার্বভৌম পদবী গ্রহণ না করিতেন, এমন নহে; কিন্তু ভাহাতে পার্শ্বরী কোন রাজা বা রাজপরিবার স্বীর অধিকারচ্যুত হইত অতি অয়ই। আগে তাঁহারা নিছর স্বাধীন ভাবে কাটাইতেন, এখন পরাজয়ের পর হইতে সার্বভৌম রাজাকে কিঞ্চিং কর প্রদান করিতে বাধ্য হইতেন, এইমাত্র যাহা কিছু তাঁহাদের অবস্থার প্রভেদ ঘটিত; নতুবা কি অধিকার, কি সর্বাকোম্বী ক্ষমতা, তাহা পূর্ববং তাঁহাদের তখনও সম্পূর্ণভাবে অক্ষুর থাকিত। এরপ স্থলে প্রজা বাহারা, তাহারা স্বীয় রাজার জয়পরাজয়ে, স্বীয় এবং স্বদেশের স্বাধীনতার রিদ্ধি বা লোপ ইহার কিছুই অয়ভব করিতে পাইত না; মৃতরাং রাজায় রাজায় যুদ্ধ বিগ্রহ বাধিলে, প্রজারা আপনা হইতে কথনই তাহাতে কিছুবাত্র উত্তেজিত বা আস্থাযুক্ত হইত না।

ফলতঃ রাজনীতি পাশ্চাত্য প্রকৃতির না হইলেও, প্রজা সকল কি গ্রীস কি আর সকল দেশ, সর্ব্বাপেক্ষা পরম স্থথে জীবনযাত্রা নির্ব্বাহ করিত। রাজ্যের নীতিদাতা ছিলেন রাজ্যেলেরা, রাজা ও রাজ্যুবর্গ কেবল সেই নীতিই কার্যো খাটাইয়া রাজ্যচালনা করিতেন মাত্র। পুনশ্চ রাজ্যের সন্মান সর্ব্বর সমান বিধায়, একইবিধ নীতিবন্ধন প্রায় সকল রাজ্যে সমানভাবে প্রচলিত ছিল। তাহার পর রাজ্মণদিগের যে নীতি এবং ধর্ম্মবল, সমাজের সর্ব্বর পরিচালিত হইয়া, লোক সকলকে নৈতিক ধর্মভীক এবং মনুষ্যত্বপূর্ব করিয়াছিল; রাজা ও রাজনাবর্নের মধ্যেও সেই নীতি এবং ধর্মবল সমভাবে পরিচালিত হইয়া,তজ্ঞাপ সমান ফল প্রস্বব করিতে ক্রটি করে নাই। বিশেষতঃ কোন রাজা ছর্ক্ ভ হইলে, রাজ্যণেরাই ধর্মবলের কৌশলে, তাহাকে এরূপ শাসন করিতেন যে, অচিরাৎ তাহাকে আপন স্বভাব পরিত্যাগ করিয়া

যথাদিষ্ট নৈতিক পথে পরিবর্ত্তিত হইতে হইত। এই সকল কারণে. মোটের উপরে, হিন্দুরাজা ও তাহার প্রজাবর্গ উভন্নই নৈতিক, ধর্মজীক. ও মহুষ্যঅপূর্ণ এবং দেশ রামরাজ্যবৎ ছিল: পরিবারবৎ রাজ্ঞত্বে রাজার। যথাথত:ই আপনাদিগকে পিতৃত্বলীয় এবং প্রজাবর্গকে পুত্রত্বলীয় বলিয়া ভাবিতেন এবং আচার ও অনুষ্ঠানেও সেইরূপ চলিতেন। এজন্ম রাজ্য ও রাজনীতিকল্পে স্থথে জীবনাতিবাহন সম্বন্ধে,প্রজাবর্ণের কোনই অভাব পরিলক্ষিত হইত না বা কিছুই থেদের বিষয় থাকিত না। উপস্থিত রাজার স্বাধিকারচ্যুতিতে অন্ত কোন রাজা রাজ্য গ্রহণ করিলে, দেও স্বজাতীয় এবং সেও সেই সমান এক নীতিতে রাজ্য চালাইত; স্থতরাং রাজপরিবর্ত্তনেও প্রজাদিগের পক্ষে বিশেষ ক্ষতিবৃদ্ধির বিষয় কিছুই ছিল না। এরূপ স্থলে,প্রজাবর্গের দৃশ্যতঃ কোনই অভাব না থাকা,রাজনীতি বিষয়ে তাহাদের আস্বাযুক্ত না হওয়া বা তাহাতে হস্তক্ষেপ করিতে না বা ওয়ার পক্ষে অন্যতর কারণস্বরূপ। কাজে কাজেই ভারতীয়গণ ক্রমে রাজা ও রাজনীতি বিষয়ে এরূপ অসাড় এবং মনাস্থাযুক্ত হইয়া পড়িয়া-ছিল যে, আজি পর্যান্ত তাহাদের বংশধরগণের চরিত্রে তাহার জাজল্য-মান প্রতিকৃতি সকল দেখিতে পাওয়া ষায়। আবহমানকালব্যাপী ও বংশপরম্পরামুগত অনাস্থা, স্বভাব স্বরূপে পরিণত হইয়া যাওয়ায়, এখনও, রাজনীতি বিষয়ে উত্তেজিত হওয়ার যথেষ্ট কারণ সম্বেও, ভারতীয়গণ কিছুতেই উত্তেজিত হইতে চাহে না। ইংরেজরাজা ও ইংরেজরাজনীতি এখনও যেন হাণয়খন করিতে অনিচ্ছুক হুইয়া, ইংরেজরাজকে পিতৃমাতৃস্থলীয় জ্ঞানে উপাসনা করিতে উদ্যত হইয়া থাকে ;--ফল তাহার ইংরেজপক্ষ হইতে ঘুণা ও উপহাস বর্ষণ!

প্রীকরাজনীতি শত শত লোকের ছারা শত মুথে বর্ণিত হই রাছে, কিন্তু ভারতীয় রাজনীতি সেরূপ বর্ণিত হয় নাই। অতএব ভারতীয় রাজনীতির বিষয় কিঞ্ছিৎ আলোচনা করা যাউক এবং সে আলোচনা একজন বিদেশীয়ের মূখ দিয়া হওয়াই ভাল, যেহেতু তাহা অধিক বিশ্বাসযোগ্য হইবে। পূর্বেক বিলয়াছি, ভারতীয় রাজনীতি অগ্ন

ই তরবিশেষে আবহমানকাল একভাবেই চলিয়া আসিয়াছে; স্থতরাং এখানে যে ছবি দেওয়া যাইতেছে, তাহা অল্ল ইতরবিশেষে প্রায় সমস্ত হিন্দু সময়ের প্রতি বর্ত্তিতে পারে।

রাজা।—রাজা মদ্য বা অপর কোন মাদক দ্রব্য ব্যবহার দারা উন্মন্ত হইতে পারিতেন না। দিবানিলা নিষেধ। রাজার শরীর রক্ষার্থে স্থানেনানী নিযুক্ত থাকিত এবং ষড়যন্ত্র বিফল করিবার নিমিত্ত নিত্য রাজা করেতেনার করিতে হইত। রাজা নিজেও বিচারকার্য্যাদি সম্পন্ন করিতেন। রাজগমনের সময় জনতা নিবারণের জন্ম পথস্থ গম্যাংশের ছই ধারে দড়ি টাঙ্গাইয়া গণ্ডি দেওয়া হইত। রাজা পণে বাহির হইবার পূর্বের, ঢাক ঢোল প্রভৃতি বাদোর দারা ঘোষণা হইতে থাকিত। বাজকার্য্য চালাইবার ও পরামর্শ দিবার নিমিত্ত নিয়মিত মিল্লিখণা নিযুক্ত থাকিত ৬; তাহা ব্যতীত সম্বংসর ধরিয়া সাধারণ রাজকার্য্য কিরূপ চলিবে, তাহা অবধারণ করিবার নিমিত্ত বংসরের প্রথমেই দেশস্থ সমস্ত বিজ্ঞ জ্ঞানী এবং তত্ত্ববিদ্বর্গকে লইয়া এক মহাসভা ব্যান হইত।

রাজধানী ও পূর্ত্তকার্য।—পাটলিপুত্রের বর্ণনার দেখা যার যে, রাজধানী পরিথা ও প্রাচীর বেষ্টিত। পাটলিপুত্রের প্রাচীরে ৬৪ দরজা ও ৫৭০ প্রহরীমঞ্চ ছিল এবং প্রাচীরের গাত্র, ভিতর হইতে আরু চালনার জনা, অসংখ্য ক্ষুদ্র ক্রাথাক ও ছিল্রুক্ত ছিল। ভারতের প্রার সমস্ত প্রধান নগরই হয় নদী নয় সমুদ্র তটে স্থাপিত এবং পাটলিপুত্রও গঙ্গার উপর স্থাপিত ছিল। নগর প্রায় সমস্তই ইষ্টকনির্ম্মিত এবং অবশিষ্ট অংশ কাঠের দারা নির্মিত ছিল।

সমস্ত উত্তর ভারতবর্ষব্যাপী রাজপথের পরিচয় পাওয়া যায়। একটা রাজপথের এরূপ বর্ণনা আছে যে তাহা ভারতের পশ্চিম সীমা

^{8 |} Kts. Frag. XXXII.

e | Megasthenes Frag. XXVII.

[&]amp; Arr. Ind XII.

^{9 |} Megas. Fr. XXX III,

۱ Megas, Fr. XXV & XXVI.

হইতে শতক্রনদ পর্যান্ত, তথা হইতে যমুনা নদী, তথা হইতে গদানদী এবং পাটলিপুত্র এবং পাটলিপুত্র হইতে গদানগারসদম পর্যান্ত বিস্তৃত ছিল। পথের প্রত্যেক ১০ ষ্টেডিয়া অন্তরে একটি করিয়া নিদর্শনীক্তম্ভ স্থাপিত ছিল, ঐ সকল ক্তম্ভে পথের দূরত্ব এবং শাধাপথ সকলের দিভ্নিরূপণ পরিজ্ঞাপিত হইত। রাজপথত্ব আড্ডা সকলের তালিকা রক্ষিত হইত। বিদেশীয় প্থিকদিগের তত্বাবধারণের নিমিত্ত রাজকর্মানারী নিযুক্ত থাকিত; পথে তাহাদিগকে প্থদর্শক দেওয়া হইত, পীড়া হইলে তাহাদের যত্ন করা হইত এবং মরিলে, সম্পত্তি অমুসদ্ধান পূর্মক তাহাদের আত্মীয়ের নিকট পাঠাইয়া দেওয়া হইত।

রাজকার্যানির্ন্ধাহের নিমিত্ত নির্নাপত বিবিধ অট্টালিকা, দেবমন্দির এবং বন্দর সকলের নির্মাণ ও মেরামতের নিমিত্ত, স্বর্দা রাজকর্মচারী সকল নিযুক্ত থাকিত ।১০

রাজকর।—ভূমিমাত্রই রাজার সম্পত্তি ছিল। বাহারা ঐ ভূমিতে কৃষিকার্য্য করিত, তাহাদিগকে উৎপন্ন দ্রব্যের এক চতুর্যাংশ রাজকর দিতে হইত।১১ রাজার পক্ষ হইতে চাষের নিমিত্ত জল বাঁধিয়া রাখা

গ্রীক এক ষ্টেডিরার ইংরেজী মাপের ৬০৬৸৽ ফুট হর, স্তরাং প্রার ৮॥• ষ্টেডিরার এক মাইল।

ই। Megas. Frs. IV, XXXIV, LVI. রাজপথের বন্দোবস্ত স্থক্ষে হিয়াংসা:
তাহার অমণ্যুত্তান্তের দিতীয় খণ্ডে কাণ্যুক্জবর্ণনার লিখিয়াছেন বে, সমত্ত
রাজপথেই প্রতি আড্ডার যথেই পরিমাণে ঔবধ সহ চিকিৎসক নিযুক্ত থাকিত।
পথিক এবং পার্থবঙ্জী ছানীয় দরিত্র হাহারা, তাহারা বিনা ব্যয়েও অতিষ্ত্রের সহিত
তথার চিকিৎসিত হইত। ইহা ব্যতীত পাছনিবাসে পথিকদিগের অল্পানাদি
পাইবার স্বিধা ছিল। স্থানান্তরে পুনলি থিত আছে বে, রাজপথের ছুই ধারে ছায়াদ্রারক বৃক্ষাদি রোপিত থাকিত।

> Megas. XXXIV.

১১। হিরাংসাং তাঁহার ভারতীয় বৃত্তান্তে লিখিয়াছেন বে, ষ্ঠাংশমাত্র রাজকর আদায় হইত । ভারতীয় প্রাচীন গ্রন্থ সমুদায়েও, এই ষ্ঠাংশমাত্র কর নির্দ্ধায়িত দেখিতে পাওয়া য়য়।

হইত এবং তত্বাবধারকের অধীনে আবশুক্ষত চাষাকে জলপ্রদান করা হইত। চাষারা শদ্যের হারা এবং পশুপালকেরা পশুর হারা রাজকর প্রদান করিত। ১২ মূল্রা সম্বন্ধে দেখা যার যে স্বর্গাদিমূলা এবং পিতলের মূল্যাও ব্যবহৃত হইত। ১৯ কেহ একাধিক ব্যবসায় অবলম্বন করিলে, তাহাকে ভবল ট্যাক্স দিতে হইত। ১৯ কিন্তু যাহারা যুরার্থে অস্ত্রশন্ত্র প্রস্তুত করিত, যাহারা তোপ নির্মাণ করিত এবং যাহারা নদীগত্তে নৌকাচালনা করিত, তাহারা সক্ষবিধ কর হইতে নিস্কৃতি পাইত। ১৫ বিশিষ্ট শিল্পজাত জব্য সকল, আগে বোষণা প্রদান করিয়া, তবে বিক্রেয় করিতে হইত। পুরাতন জব্য আলাহিদা এবং নূতন জব্য আলাহিদা করিয়া বিক্রেয় করিতে হইত; যেহেতু নূতন ও পুরাতন দ্ব্য বিক্রেয়স্থলে একত্র হইতে ও মিলিতে দেওয়া নিষেধ ছিল। ১৬

আইন-আদালত।—গ্রামপতি হইতে আরম্ভ করিয়। দশপতি, শতপতি প্রভৃতি সকলেরই হস্তে পর পর উচ্চ বিচারক্ষমতা বিনাপ্ত ছিল। সর্বাতম্যৌ ক্ষমতা কেবল এক রাজা ও তাঁহার প্রধান ধর্মাধিকারের হাতে নাস্ত ছিল। নগর সকলে, এধনকার সিটী মাজিষ্ট্রেটের ন্যায় মাজিষ্ট্রেট এবং মিগাস্থিনিস কর্ত্তক ওবার্রাস্নার নামে উক্ত নাগরিক পুলিশাধিপতি ছিল। ১৭ মিগাস্থিনিস্ সর্বাত্রই প্রশংসা করিয়াছেন যে, এরূপ স্থশাসিত দেশ অতি কম দেখা যায়; সর্বাত্র শাস্তি বিরাজিত, চুরী ডাকাতি নিতান্ত বিরল এবং লোক সকল ঘরের ছয়ার খুলিয়া রাখিয়া দিলেও কোন জব্য অপস্থত হয় না! এই প্রস্থের ভৃতীয় প্রস্তাবে মিগাস্থিনিস্ হইতে উদ্ধৃত করিয়া দেখান হইয়াছে যে,লোকের পরস্পর পরস্পরের প্রতি এরূপ দৃঢ় বিশ্বাস ছিল যে কেহ কাহারও নিকট

Sel Megas, Frs. XXXII & XXXIV and Arr : Ind.

>0 | Peri, 6 and 63.

^{38 |} Megas XXXIV.

oe | Arr. Ind XII.

³⁹¹ Megas. XXXIII and XXXIV.

কোন বিষয় গচ্ছিত করিতে হইলে,তাহা ধর্মসাক্ষ্য ধারা নিশার করিড, অথচ কথনও তাহাদের বিধাসভদ্দ হইত না। চুক্তিভদ্দের মোকর্দ্ধনা আদালতে কদাচিং উপস্থিত হইরা থাকে। মিগান্থিনিস্ আড়ম্বরশ্না আইন ও আদালতের প্রশংসা করিরাছেন। ২৮ জন্মসূত্য রেজিপ্টরী করারও উল্লেখ দেখা যায়। ২৯ মিগান্থিনিসের প্রছে লেখা আছে নটে যে, স্দ লইয়া ধার লওয়া বা দেওয়ার রীতি নাই এবং সেরূপ ঋণ আদালত হইতে কোনই সাহায়া দেওয়া হইত না; কিন্তু একখাত প্রামাণিক বলিয়া বোধ হয় না। ২০ কেহ কাহারও যামিন হওয়া বা কাহারও সঙ্গে কোন চুক্তি করা, পরস্পার পরস্পারের উপর বিধাসের দ্বারাই নির্কাহিত হইত এবং লোক সকলও এরূপভাবে চলিত যে, কেহ কাহাকে কপ্ট না দের এবং নিজেও কোন ব্যক্তি হইতে কপ্ট না পার। ২২

কতকগুলি শান্তির উল্লেখ করিয়া মিগাস্থিনিস্ লিখিরাছেন যে.
মিথাা সাক্ষা দিলে, সাক্ষাদাতার কোন এক অঙ্গছেদ করিয়া দেওয়া

ইত। কেহ কাহারও কোন বিশেষ অঙ্গ নষ্ট করিলে, তাহার সেই
অঙ্গ নষ্ট করা হইত। কেহ শিল্পকারের হাত কাটিয়া দিলে, তাহার
বধদণ্ড পর্যান্ত ইইতে পারিত। বিশেষ বিশেষ অপরাধে মাথা মুড়াইয়া
নির্বাদিত করিয়া দেওয়া হইত। ২২

Megas. Fr. XXVII.

>> | Megas, XXXIV.

২০। Megas. XXVII B and C. এই অংশ ঠিক নিগাছিনিদের কি না তাহাতে সন্দেহ আছে। যেহেতু হিন্দুব্যবহার এছে যথন হৃদ লওরার বিধিনিষেধ যথেষ্ট দেখা যায়, তথন হৃদ সমেত ঋণ আদায়ের সাহায্য যে আদালত হইতে দেওয়া হইত না, ইহা বড় বিধানযোগ্য নহে।

^{₹&}gt; 1 Megas, XXVII B.

২২। Megas XXVII and XX VII D. হিমাংলাং তাঁহার জনগর্ভান্তের ছিতীয় অধ্যায়ে ভারতের সাধারণ বর্ণনাপ্রদানহলে লিথিয়াছেন যে, শারীরিক দও প্রায়ইছিল না, সাধারণ অপরাধে অর্থদওই প্রচুর ছিল। অতি গুরুতর অপরাধে কেবল কারাবাস, শারীরিক দও বা নির্বাসন আদিট হইত।

युक्तविमा। -- युक्तार्थ वाजरेनना हजूर्सिंग, रखी, अथ, दशी ७ भगाजि। দৈনিকদিপ্রের প্রয়োজন সঙ্গান উদ্দেশে হউক স্থার যে কারণেই হউক, রাজ্যের যাবতীয় হস্তী ও অহ আইন মত রাজার অধিকারাধীনংত: স্থুতরাং অপরে উহা ব্যবহার করিলে, রাজ-অনুমতি অনুসারে করিতে ছইত, তবে কি না ভজ্জনা কোন প্রকার কর লাগিত না। নৌ-ट्राना, त्नो-त्रनाधिपण्डि (देश्ताको नात्म यादात्क आम्मितान वतन), এবং রণতরী সমূহেরও উল্লেখ দেখা যায়। ১৯ সৈন্যগণ যুদ্ধের সমর যুদ্ধ ব্যতীত, অপর সময় প্রাপ্য বেতনে যদুছা অতিবাহিত করিত। ক্ষত্রিয় ভিন্ন বৈশ্য বা শূদ্র, ইহাদের মধ্য হইতে সৈনাসংগ্রহ হইত না। যুদ্ধসজ্জার বর্ণনায় দেখা যায় যে, হস্তীর শরীর অন্ত্রনিবারক আবেরণে আবরিত থাকিত এবং দস্তদ্বরে শাণিত অস্ত্র সংলগ্ন করিয়া দেওরা হইত। রথী রথের উপরে থাকিয়া যুদ্ধ করিত এবং তাহার একট নিমদেশে দাঁড়াইয়া ছইজন সার্থীতে র্থচালনা করিত: র্থ পার্ম্বাপার্শ্বভাবে সংলগ্ন চারিটি অধের দারা বাহিত হই চাংগ অস্ত্রশস্তের মধ্যে থজা, ধকু, বল্লম, কুঠার প্রভৃতি। থড়া সকল এ দেশে এতই উত্তম নির্দ্মিত হইত যে, ইউরোপভূমে তাহার ভূষ্দী প্রশংদা বশতঃ তথার প্রভুর পরিমাণে রপ্তানী হইত।২৬ একরপ জনজ কীট হইতে অতিশয় অগ্নাদীপক তৈল পাওয়া যাইত এবং তাহা হইতে যুদ্ধার্থে আগ্নেরাস্ত্র সকল প্রস্তুত ও ব্যবস্তুত হইকু।^{২৭} ঋষির শাসনে ভারতীয়েরা মনুষ্যত্বপথে এতই উন্নত হইরা-ছিলেন যে, শক্ররাজ ও মিত্ররাজ উভয়ে যথন যুদ্ধ চলিতেছে, তথন ও চাৰা তাহার ক্ষেত্রের কার্য্য এবং ব্যবদায়দার তাহার ব্যবদায়ের কার্য্য, যে যেখানকার সে সেখানে নির্ভয়ে ও স্বচ্ছলে চালাইতে পারিত: এমন কি তাহাদের কার্যা যুদ্ধক্ষেত্রের অতি নিকটস্থ হইলেও, কোন পক্ষের কেহ তাহাদিগকে কোন প্রকারে উত্তাক্ত করিত না। ২৮ ফলতঃ যুদ্ধ

es | Megas, XXXVI, and XXXIV. 28 | Megas, XXXVI and Arr. Ind XII.

Re | Megas XXXIII and XXXV and Arr. Ind XI and XII.

Red Pliny XXXIV 41. Ref. Kts. Fr. XXVI. Ref. Megas XXXIII;

জন্য সাধারণ প্রজাবর্গকে, বুটুপাট বা কোন প্রকার অত্যাচারের ভরে, কিছুমাত্র আধারিত হইতে হইত না। যুরন্থলেও, তারজুীরন্দের থক্ত কণ্টতা বা বিশাস্থাতকতা বা গুপ্ত আক্রমণারি প্রার ছিল না। সুক্ষের প্রারম্ভে উভর পক্ষের সম্মতিক্রমে বে বে নিয়ম স্থাপিত হইত, তদম্বারে বর্ষাযুর্ব চলিত। যুরন্থলেও ভারতীয়নের এতাদৃক্ সর্বতা, সভাপ্রিরতা এবং ধার্মিক্রা! কিন্তু হার! দগ্ধবিধির বিজ্যনার সেই সর্বভাত প্রম্ভৃতির জন্মই; নীতিশৃত্য, পশুবলদৃপ্ত বথন বে পাশ্চাত্য ভাকাইত ভারত আক্রমণ করিয়াছিল, তথনই ভারতীরেরা ক্ষতিপ্রস্ত হইয়াছিলন।

কি যুদ্ধকার্য, কি অপর কোন প্রকার রাজার কার্যোর নিমিন্ত, বাাগার ধরার রীতি ছিল না। কাজ পড়িলে লোককে কাজ করিতে বাধা হইতে হইত বটে, কিন্তু তাহাদের উপযুক্ত মজুরী তপ্পনই দেওয়া হইতে। যুদ্ধস্রাাদি বহনের নিমিন্ত, বহুসংখ্যক গল্পর গাড়ী সর্বাদ্ রাজসরকারে নিযুক্ত থাকিত। ২৯ মিগাস্থিনিসের সময়ে, ভারতের প্রবল প্রতাপান্থিত রাজা মগধেশর। তাঁহার দৈল্পসংখ্যা এরপে বর্ণিত হইয়াছে;—৬০০০০০ পদাতি, ৩০০০০ অশ্বারোহী ও র্থী, এবং ৯০০০ হস্তী। ০০

শিক্ষাপ্রণালী।—প্রায় এরোদশ শত বংসর পূর্বে, যথন চীর পরিবাদক হিয়াংসাং ভারতভ্রমণে আইনেন, তথন কাণ্যকুক্ষের শীলাদিতা উত্তর ভারতের সম্রাট ছিলেন। শীলাদিতোর বিবরণে হিয়াংসাং লিথিরাছেন বে,শীলাদিতোর যাহা কিছু রাজস্ব আদার হইত, তাহার এক-চতুর্থাংশা ধর্মকার্য্য, দান ও শিক্ষাকার্য্যের নিমিত্ত ব্যয়িত হইত। এক্ষাকার ভারে-বেতনগ্রাহী ক্ষাক্রেজ তথন ছিল না। ধনী বা রাজসর্কার হইতে অধ্যাপকেরা সাহা্য্য পাইতেন এবং সেই সাহা্য্যবেল

^{₹≈ |} Megar XXXIV,

৩-। Megas XXXIV, দিগান্থিনিস, আরও অনেকানেক রাজার সৈনাক্ষণা প্রমান করিয়াছেন।

তাঁহারা অধুনাতন টোলের স্থায় ছাত্রগণকে আহারীয়, থাকিবার স্থান ও বিদ্যা দান করিতেন। তত্তির রাজসাহার্টো অনিক কঠি ছাঁপিত ছিল এবং দেই সকল মঠেও ছাত্রগণ বিনা বারে থাকিতে ও বিদ্যাভ্যাস করিতে পাইত। এইরপ মঠ সকলের মধ্যে, নগধরাজ্ঞান্থ নালন্দার মঠ হিরাংসাঙের বারা প্রধান বলিয়া উক্ত এবং উহা বিদ্যাবিধরে অভিবিধ্যাত বলিয়া কথিত। এই মঠ রাজদত্ত একণত প্রামের কর বারা প্রতিপালিত হইত এবং ভ্রথান্থ পাঁচ শত অধ্যাপক ও দশ সহল্র ছাত্র প্রতিপালিত হইত এবং ভ্রথান্থ প্রতিপালিত হইত এবং ভ্রান্থ প্রতিপালিত হইত পাইত। হিরাংসাং যাহা বর্ণনা করিয়াছেন, অদ্যাপিও বর্তমান টোলপ্রথা এবং মঠ সকলে তাহার পরিচর পাওরা বার; এবং সভ্রতঃ হিরাংসাঙের বর্ণিত প্রথা হিয়াংসাঙের বহু শতাকা পুর্বেণ্ড প্রচলিত ছিল।

মিগান্থিনিসের বর্ণনাতেও অন্থমিত হয় যে, বিদ্যা বিনা বারে বিত-রিত হইত: কারণ ধাঁহারা বিদ্যা বিতরণ করিতেন, তাঁহারা প্রায়ই সকলে সকল অভাবকে অতিক্রমপূর্বক নগরসন্ধিহিত বনে বাস করি-তেন। তাঁহারা পর্ণকূটীরে পত্রশয্যায় শয়ন করিতেন, সংসারবিরহিত এবং ভিকামভোজী ছিলেন; সর্বাদা তত্ত্বিদ্যার আলোচনা করিতেন এবং যে কেহ শিক্ষাপ্রার্থী হইত, তাহাকে শিক্ষা দান করিতেন। ব্রাহ্মণ-সন্তানেরা জন্মের পর হুইতেই সাবধানে রক্ষিত ও নানাবিধ সংস্কারে তাঁহারা সাঁইত্রিশ বর্ষ বয়:ক্রম পর্য্যন্ত ব্রহ্মচর্য্য অবলম্বনে সংস্কৃত হইত। শিক্ষালাভ করিয়া পরে গৃহস্থাশ্রমে প্রবেশ করিতেন। তৎকালে উচ্চতর শিক্ষার মধ্যে, মিগান্থিনিসের বর্ণনার অনুমতি হর বে, বেলান্ত বিলারেই প্রাধান্য ছিল এবং এই বিদ্যা অমুপযুক্ত স্ত্রীলোককে শিক্ষা দেওয়া নিষেধ ছिল। अ मः इंड थातीन अट्ड मूनिनिरंगत (बक्रभ वर्गना विशादं, মিগান্থিনিদের বিবরণে দেরপ মুনিবৃত্তির যথেষ্টই পরিচয় পাওয়া বার। श्रूनक, भिगाविनिम निथित्राष्ट्रन (य, (य (व विमा) ও (य (व वियद्भद्र ठर्फ) প্রীকভূমে হইত, প্রায় তৎসমন্তেরই প্রতিচ্ছায়া ভারতে দেখিতে পাওরা

যায়। ৩২ ফলত: নানাবিধ বিলায় যে সে সময়ে অনুশীশন হইত; তাহা এতদাবাই সপ্রমাণ হয়।

আর অধিক বিত্তারের স্থান এখানে নাই। এইত সেই প্রাচীন-কালীয় হিন্দুরাজ্যের স্থাতি সংক্ষিপ্ত চিত্র এবং তাহারও অধিকাংশভাগ আবার বিদেশীয় প্রাকের মুখ হইতে! তথাপি জিজালা করি, রামরাজ্য আর কাহাকে বলে ?

"বহুপতে ! ক গতা মধুরাপুরী, রঘুপতে ! ক গতোত্তরকোশনা" !!!!
সেই আর এই !!

৩। ব্যবহারশাস্ত্র।

এক্ষণে ব্যবহারশান্তের বিষয় আনোচনা করা যাউক। ব্যবহারশান্ত্র, প্রকৃত পক্ষে ধরিতে গেলে, স্বভাবে এবং প্রয়োগে, প্রায় সম্পূর্ণই আফুর্চানিক এবং লোকিক। লোক্যাত্রা নিরূপণ ও নিয়ন্তিত করা উহার উদিই বিষয়; স্তরাং উহা দৈব এবং নৈতিক নিয়মের কোনরূপে বিক্ষনাধী হইয়া সামঞ্জসাচ্যত হইতে না পায় কেবল এই পর্যন্ত দৃষ্টি রাখিয়া, দেশকালাফ্রপ যথাসন্তব লোক্যাত্রা বিধায়করূপে উহার অবধারণা করিলেই উদ্দেশ্য স্থানিত কোন্তবারনীতি ধর্মনীতির ফলস্বরূপ, স্বয়ং ধর্মনীতির নহে। অতএব ব্যবহারনীতি, পারলোকিক গুঢ়ভাবসমাহিত ধর্মনীতির পদবীতে কথনও উঠিবে না; অথচ ব্যবহারনীতি বার্বহার-নীতিই থাকিয়া, ধর্মনীতির বিক্ষরবাদী হইয়া বিক্রত হইতে পাইবে না; ইহা হইলে, সেই ব্যবহারনীতি, ধর্মনীতির সহ সামঞ্জস্য সংরক্ষিত হইবাতে,পূর্ণ সংসারহিতকর আকার ধারণ করিয়া থাকে। হিন্দু এবং ক্রীকদিগের মধ্যে প্রচলিত ব্যবহারশান্ত্র আলোচনা করিলে. সেই সামঞ্জস্যের বড়ই অভাব দেখিতে পাওয়া বায়। স্ব স্থ বিভিন্ধগণ্মম চিত্ত ও প্রকৃতি অফুসারে, একের হাতে যেমন উহা ধর্মনীতির সপ্রবীতে

উথিত এবং তাহার থাতিরে, প্রকৃত লৌকিক স্বার্থ বাহা, তাহা কথন কখন উপেক্ষিত; তেমনি অপরের হাতে উহা ব্যবহারনীতির অতিব্যবহার নীতিত্বে আনীত এবং তজ্জন্য ধর্মনীতিও কখন ক্থন উপেক্ষিত, ইহাই দেখিতে পাইরা থাকি। উভয়েতেই, সম্ভবপর ও সাময়িক লোকাচারকে অভিক্রম করিয়া, বিধান প্রদানের ঘটায় কিছুমাত্র ক্রটি হয় নাই; এজস্ত উভয় স্থানেই,ব্যবহারশান্ত্রের কোন কোন অংশ লোকসাধ্যে**র সাধনাতীত** হেতৃ, অনুমুষ্ঠিত হইয়া পড়িয়াছিল। কিন্তু কি জনা—কোথায়—কি কি বিষয়ে সেই সকল অতিনীতি, যাহা অনুষ্ঠিত ? এথানেও ব ব ৰাজীয় খভাব আত্মপরিচয় প্রদান করিতেছে। হিন্দুদিগের ব্যবহারনীভিতে, ধর্মনীতির প্রতি আবশ্রুকের অতিরিক্ত দৃষ্টিহেতু, নৈতিক জটিলতা দীনতা এবং চারিত্র সঙ্কোচ: আরে গ্রীকদিগের মধ্যে লোকনীতির প্রতি আবশ্যকের অতিরিক্ত দৃষ্টিহেড়, নীতিতে অতি ঋত্বতা, আচারে ক্রেরতা এবং চরিত্রে স্বাধীনতা আসিয়া উপস্থিত হইয়াছে। ব্যবহারগুণে, হিন্দু त्यथात कीवनगांकरक श्रांकभन विधिनित्यधीनगरक व्यावक रहेश भनत्करभ সম্কৃতিত; প্রীক সেধানে ব্যবহার-উদারতায় স্বেচ্ছাস্থপে প্রধাবিত। অভীষ্টপথে হিন্দু মেখানে দীনতাময়, কারুণ্যপূর্ণ এবং পাপোৎপত্তিভয়ে কৃষ্ঠিত; গ্রীক সেখানে পাপপুণাজ্ঞানশূন্য কর্কশভাব ও জার কর্মে উল্লাদিত। এমন কি. হিন্দুর অশন বসন আহার বিহার পর্যান্ত বিধিনিষেধের বিষয়ীভূত; কিন্তু গ্রীক ব্যবহার সেই সেই স্থলে माञ्चरक यर्षहेरे श्वाबीनजा श्रानान कांत्रबारह ।

অতংপর স্ব জাতীর প্রকৃতি অফুসারে, কাহার ব্যবহার কোন পথে ধাবিত হইরা কিরুপ ও কতটা বাড়াবাড়ী করিয়া তুলিয়াছে তাহা, ভারতীয় প্রাচীন ব্যবহারশাস্ত্র এবং সমপ্রাচীনতাযুক্ত স্পার্টাদেশীয় লাইকর্গসপ্রণীত ব্যবহারশাস্ত্র, এতহভরের তুলনা করিলে প্রাতীয়ম্পন হইবে। লাইকর্গসের ব্যবহারশাস্ত্রের ব্যবস্থা, কিরুপে সমাজের লৌকিক সচ্ছন্দতা সাধিত হইবে, তাহা নিরুপণ করিতে পর্যাবসিত হইরাছে; এবং ব্যবহারদাতার তবিষয়ে ঔৎস্বকার আধিকা হেতু, তাঁহার নিরপিত লৌকিক সভ্দশত। ও তাহার প্রকরণ মতি ভরন্ধর আকার ধারণ করিয়াছে।

লাইকর্গদের চিত্তে যাহা লৌকিক সচ্ছন্দতা বলিয়া ধারণা, তাহা বড় সহজ পদার্থ নহে ;—উহা একমাত্র সাংসারিক ও জাতীয় স্বাধীনতা সাধক দৈহিক বলদুপ্ত ভাব। লাইকর্গসের উদ্দেশা, মাতুষকে মুখ্যাত্বযুক্ত এবং সমাজকে 'লৌকতা ও মৌলিকতার পূর্ণ করণ, এ नकल नत्ह: मानवतक किथ-रेनिक এवः नमाकतक वलमन-छन्मानिङ সেনানিবেশে পরিণত করণ, ইহাই তাঁহার উদ্দেশ:; ইহাই তাঁহার নয়নে সামাজিক মঙ্গল বলিয়া প্রণোদিত হইত। এই সামাজিক মঙ্গলের জনা, পারিবারিক স্লেহের দমন: অস্থত্তর, অথাদা, ও অকচিকর থাদা ভোজন; ইচ্ছার অনভিপ্রায়েও মানবীয় প্রকৃতির ৰিপৰ্যানে, বছতর ও বহুসংখ্যক লোকের এক আথড়া ও এক গৃঙ্ ৰাস: চৌৰ্য্যাদি অপকর্মের সংকর্মভাবে পরিণতি, ইত্যাদি ইত্যাদি বিধানিত দেখিতে পাওয়া যায়। ফলতঃ এই সমাজ-সচ্চলতার থাতিরে. বে কোন নৈতিক বিষয় বা মন্ত্রাত্তকে যদি তাহার নিকট বলি দিতে হয়, তাহাও অবিকৃতমূথে স্বীকার্যা। লাইকর্পদের সকল বিধিরই অভিপ্রায়, দেই একমাত্র স্থির উদ্দেশ্যসাধন; তদ্বাতীত অন্য কিছুই নহে। সামাজিক মঙ্গল স্থপ্রকৃতিত্ব হইলে, ধর্ম ও নীতির কথনও বিরুদ্ধার্টারী হয় না: কিন্তু লাইকর্গদের সামাজিক মঙ্গলে দে বিরোধিতা যথেষ্ট, স্বতরাং তাহা যে স্বপ্রকৃতিস্থ নহে, তাহা বলাই বাহল্য।

একণে হিন্দুদিগের ব্যবহারগ্রন্থের প্রতি দৃষ্টিপাত কর, ঠিক উহার বিপরীত দেখিতে পাইবে। ধর্মনোধে যে যে বিষয় পবিত্র বলিয়া বিবেচিত, পবিত্রতা ও ধার্মিকতা যাহাতে সঞ্চয় হইতে পারে এবং ধর্ম-বোধের পক্ষে যাহা ভূলেও কথন বিরোধী হইবার নহে; হিন্দুব্যবহার-প্রস্থমন্থে তাহার সংসাধন পক্ষেই অধিকাংশ বিধি প্রদানিত হইয়াছে। তজ্জন্য যদি লৌকিক হিত ও বাহাসম্পৎ বলি দিতে হয়, তাহাতেও ক্রেট হয় নাই। বাহাসম্পৎ সমস্তই বাউক, তাহাতে ক্ষতি নাই;

কিন্তু যাহাতে পরনোকে সছলতা লাভ হইছে পারে, এরপ পবিত্রতা সাধনে যেন জাট না হয়। লাইকর্গন বাহাসম্পদের অম্বরাধে, অসম্পন্ধঅবন্ধব বা জীণদেহ শিশুহত্যায় কিছুমাত্র ক্ষু হয়েন নাই; বা তাঁহার
মনে ডক্ষনা, এমন কি, একটু বিষানও উপস্থিত হয় নাই। কিন্তু হিন্দু
ইচ্ছায় বা অনিচ্ছায়, মান্ত্র দ্রে থাকুক, কোন একটি ইতরঙ্গাতীয়
প্রাণীর প্রাণবধন্ধনিত্ত নিমিত্তের ভাগী হইলে, তথনই কোনরূপ
প্রাণীর প্রাণবধন্ধনিত নিমিত্তের ভাগী হইলে, তথনই কোনরূপ
প্রাণীন প্রাণবধন্ধনিত নিমিত্তের ভাগী হইলে, তথনই কোনরূপ
প্রাণিত হারা তাহাকে পরলোকের পথপরিকারক মন ও অন্ধপবিত্রতা
সাধন করিতে হইত। অথবা, গ্রীকমণ্ডলে বে, কাণাথোঁড়াকে শৈশবেই
নিপাত করিবার নিমিত্ত নির্দ্ধিকারিটিত্তে বিধি সকল প্রণত্ত ও পালিত
ইইয়াছে; হিন্দুর নিকট সেই কাণাথোঁড়াকে, এমন কি, কাণাথোঁড়া
ভাকের বারা মনে ক্রেশ প্রদান করিলেত্ত, প্রান্ধনিত্রবোগ্য মহাপাপের
ক্ষার হয়। এরপ পাণোৎপত্তির বিরুদ্ধে, মন্ত্রসংহিতা ও অন্তান্ত প্রছে,
প্রকাধিক বিধিনিবেশ দৃষ্ট হইয়া থাকে! এতদপেকা বিভিন্নজাতীয়
ব্যবহারশান্ত্রহার প্রক্রতিবিভিন্নতা সম্বন্ধে স্থলর দৃষ্টান্ত আর কি
হইতে পারে ?

বথার বিষয়ট তাহার সমগ্রত ধরিয়া আলোচা, তথার আংশবিশেষের উদ্ধারপুর্বক উদাহরণ প্রদর্শন করিতে বাওয়া, বিশেষ
স্থাবিবেচনার কাট্য নহে। ইহাতে বিবিধ জ্ঞানভ্রম উপস্থিত হইতে
পারে, প্রথমতঃ, বে জ্ঞান আম্লতঃ দর্শনের উপর স্থাপিত হওয়া
উচিত; তাহা আংশবিশেষের বারা প্রদর্শিত হইবাতে, সন্ধার্ণতা প্রাপ্ত
হইবার আশহা। বিতীরতঃ, অংশবিশেষের উদ্ধারে, সমগ্রের গুণাগুণ
পাঠকসমন্দে উপস্থিত করা সম্ভবপর নহে; এজন্য তাহা করিলে
সমগ্রের প্রতি একরূপ অন্যারাচরণ করা হয় বলিতে হইবে। তৃতীয়তঃ,
ন্মার একটি কথা, পাঠক মূর্থ হইলে, ওরূপ উদ্ধারে লেখককে
কথম কথন একদেশদর্শী ও প্রতারকের নাম ও কলন্ধও বহন করিতে
হয়। বাহা হউক, তথাপি বাঞ্ছারাম বাব্র প্রীত্যর্থে, ব্যবহারশাস্ত্র
হতৈ কিঞ্চিং কিঞ্চিং উদ্ধৃত করিয়া দেখাইব।

নিমোদ্ত লাইকর্গসকৃত বিধি সকলের তাৎপর্যা, বিভিন্ন ঐকি প্রস্থ এবং প্লটার্ক কৃত লাইকর্গসের জীবনী হইতে সংগৃহীত হইরাছে।

- ১। দেশমধ্যে অক্ষরপরিচয়াদির অতীত, সাহিত্য বিজ্ঞানাদি অধীত হইতে পারিবে না; বেহেত্ তাহা, লোকহিতে চিত্তনিবেশন এবং সাহস ও সামরিক প্রস্তুতির পক্ষে, প্রতিবন্ধকতা করিতে পারে।
- । সন্তান বিকলাক হইলে, তাহা পর্বত গুহায় পরিত্যক হইবে;
 বেহেতু যে সন্তান হর্বল, সে সমাজের উপর অকশা ভারস্বন্ধপ হইবার কথা।
- ৩। সন্তান সপ্তবর্ষ বয়ঃক্রম প্রাপ্ত ইইলে, ভাষাকে পিতামাভার নিকট ইইতে অন্তর করিয়া, সাধারণ বালকাগারে প্রতিপালিত ও শিক্ষিত করিতে ইইবে। মত্বা পিতামাতা কর্তৃক প্রতিপালনে স্বভাব-কোমলতা প্রাপ্ত ইইবার সন্তাবনা।
- ৫। পুরুষ ত্রিংশ বর্ষ এবং স্ত্রীলোক বিংশ বর্ষ বয়ঃক্রমের পূর্বে
 বিবাহ করিতে পাইবে না।
- ৬। পুক্ষ বিবাহের পরও বাইট বর্ষ বয়:ক্রম পর্যান্ত, সামাজিক হিতার্থেও তৎসাধনের বশ্যতা হেতু, অবিচ্ছিন্নভাবে আপন স্ত্রী সহ সহবাস করিতে পারিবে না; যে কিছু সহবাস তাহা চুরি করিয়া করিবে, যেন অন্যু কেহ তাহা জানিতে না পারে।৩৩
- গুরাগণকে বিংশ বর্ষ বয়দ পর্যান্ত অবিকল পুরুষের ন্যায়,
 ম্পার্টার পুরুষোচিত কঠোর শিক্ষায় শিক্ষিত হইতে হইবে ৩৪ এবং

৩০। পুরুবের। ইচছামত আগ্ড়া ছাড়িয়া গৃহে বাইতে ও শ্রীসহবাস করিতে না পারার, তাহাদের কামিনীগণ পুরুবের বেশ ধরিরা ছলবেশে আগ্ড়ার আংসিরা বাফি সহবাস করিরা বাইত।

৩৪। এই শিকাও শিকাকালীন বেশপুৰা দয়কে, গ্ৰীদদেশের প্রদিদ্ধ ইতিহাস বেকা ইংরেজ গ্রেট এরপ লিখিয়াছে,—"The Spartan damsels underwent."

ভাহার পরে তাহার। বিবাহ করিতে পাইবে। বীর**প্রসবিনী ও** বীরসঙ্গিনী হইবার নিমিত্ত,জীজনোচিত কোমলতা পরিত্যাগ **করাইবার** জন্য এবছিধ শিক্ষার আবশ্যকতা।

- ৮। কোন অপরিচিত ব্যক্তি গৃহে আসিলে, স্থা**ন পাইবে না**; বেহেতু তাহার আচারব্যবহার বিধর্মী ছইলে, সংস্ত্রব হেতু **অভিথি-**সংকারকের আচারব্যবহার কলুষিত হওয়ার সম্ভাবনা।
- ৯। মদ্যপায়ী এবং কুবাবহারকারীর উপর সমাজস্থ ধ্বকক্লিগের স্থা উৎপাদন করাইবার নিমিত্ত দৃষ্টান্ত দেখাইতে, হিলটদিগকে
 মদ্যপানে উন্মন্ত করাইয়া দেই উন্মন্তভাবের প্রতীকার স্বরূপ তাহাদিগের উপর ক্রুরাচরণের অনুষ্ঠান ক্রিতে হইবে।৩৫
 - ১০। সপ্তান বিকলাদ হেতৃ পরিত্যক্ত অথবা সামর্থাপরীকায় বা রণে হত হইলে, তজ্জনা পিতা মাতার চক্ত্রল মোচন লোকসমাজে ক্রিনিন্দনীয় ও অয়শস্কর বলিয়া পরিগণিত হইবে। ইত্যাদি, ইত্যাদি।

bodily training analogous to that of the Spartan youth—being formally exercised, and contending with each other in running, wrestling and boxing agreeably to the forms of the Greecian agones. They seem to have worn a tight tunic, cut open at the skirts, so as to leave the limbs both free and exposed to view—hence Plutarch speaks of them as completely uncovered, while other critics in different quarters of Greece heaped similar reproach upon the practice, as if it had been perfect nakedness."

তং ু লাইকর্গসের আগত বিধানমালা কোণাও পাওয় বায় না। কেবল
মুটার্ক ও পরবর্তা ইতিহাসবিংদিগের হারা যাহা কিছু লাইকর্গসের বলিয়া উল্ল হইয়াছে, একমাত্র ভাহাই ঐতিহাসিকদিগের সম্বল। অতএব কোন্ নীতি ঐক লাইকর্গসের এবং কোন্টি বা ভাহার পূর্ক হইতে প্রচলিত অববা কোন্টি প্রবাধমূলক, ভাহা নিরূপণ করিবার সাধ্য নাই। এই ১ন সংবাক নীতি প্রকৃত লাইকর্গস কর্ত্ব প্রকাশ্যরণে প্রচারিত হইয়াছিল কি না, ভংপক্ষে কেহ কেহ সন্দেহ করেন। হইতে পারে উহা লাইকর্গসের নর, কিন্তু এটা নিশ্চর বে, ঐরূপ নীতি স্পার্টায় প্রচলিত ছিল। আমাদেরও ইহা ইইলেই বথেয় কারণ আমাদের উদ্দেশ্য লাইকর্গসের অনুসন্ধান লওয়া নহে, অনুসন্ধান লওয়া একি চরিত্রের।

এ স্কল কিলের জন্য ? সামাজিক স্বাধীনতা এবং সাংসারিক বৃদ্ধিতে যাহা সৌভাগ্য ও সম্পৎ বলিয়া ধারণা, তাহা বাহাতে অটুট থাকে, ভাহারই উপায় সংসাধন জনা। এখন দেখ, ব্যবহারনীতির নিকট ধর্মনীতি এবং অধিক কথা কি. যে মনুষ্যান্তের জন্য ব্যবহারনীতির আবশাক, সেই মনুষাত্ব পর্যান্ত, কিরূপ নুশংসভাবে বলি প্রদত্ত হইরাছে। এই ব্যবস্থাদাতার ব্যবস্থামালার, আমরা ধাহাকে ধর্মবৃদ্ধি বলি, তাহার সঙ্গে কোন কারবারই নাই; তবে ইইতে পারে তাহার নিজের বিক্লত ধর্মবৃদ্ধির সঙ্গে এ সকল সামঞ্জস্যযুক্ত ছিল। কথিত আছে, এই সকল ব্যবস্থা প্রাণ্ডন করিয়া লাইকর্গস ডেলফিনগরস্থ আপলো দেবের সমতি গ্রহণ করেন। গ্রীকের দেবতারাও চতুর সংসারবিৎ, যথন যেরূপ ভক্ত দেখিতেন, তথন সেইরূপ অনুমোদন বা অননুমোদন করিতেন। এই ডেলকির দেবমন্দিরে আলেকজাগুরের এক টিপনে, কুদিন বুচাইয়া আলেক্জাপ্তারের ইচ্ছামত স্থানি কৃত হইরাছিল। সে ঘহা হউক, ভাবিয়াছিলাম, ভারতীয় নীতির দঙ্গে উদ্বত গ্রীকনীতির ছই একটা তুলনা করিয়া দেখান ঘাইবে যে, পরস্পারের মধ্যে প্রভেদ কোথায়। কিন্তু ভারতীয় নীতিসমূহের মধ্যে এমন একটিও খুঁজিয়া পাই না, বাহা উহার কোন না কোনটির সহ সমলাতীয়ত্বহেতু তল্জপ ভূলনায় আসিতে পারে।

গ্রীকের মধ্যে সর্বাপেকা প্রাচীন ব্যবহারশাস্ত্র তাহা, যাহা মিনো কর্ত্ত্ব ক্রীটদেশে প্রদত্ত হইরাছিল; কিন্তু তাহা কিন্ত্রপ, তদর্থে অধিক পরিচর দিবার আবশ্যক নাই। এই পর্যান্ত বলিলে পর্যাপ্ত ইইবে বে, লাইকর্গনপ্রণীত ব্যবহারশাস্ত্র উহাকেই অবলম্বন এবং ভিত্তি স্বন্ধপ করিয়া নির্মিত। গ্রীকদিগের মধ্যে আর এক জন মাননাম ব্যবহারবিং ছিলেন, উহার নাম সোলন। সোলনের বিধির প্রধান প্রথাতি এই যে, উহাতে ক্মনো এবং লাইকর্গনের ন্যায় মন্ত্রমাত্ত এই যে, উহাতে ক্মনো এবং লাইকর্গনের ন্যায় মন্ত্রমাত্ত একেবারে ক্রিপ্রত্র ন্যায় ধর্মনীতিতেও একেবারে দৃষ্টিশ্ন্য ছিল না। মোটের

উপর ধরিতে গেলে, ভাৎকালিক গ্রীকসমান্তের পক্ষে, সোলনের বিধিকে বহুলাংশে লোকহিতকর বলা হাইতে পারে।

সোলনের সর্বপ্রধান ও সর্বপ্রথম বিধি অধমর্ণের স্বপক্ষে। পূর্বে व्याधिनीव्रगंदक शांत्र कतिराज शहरत, भूख, कन्ता, गृहिंगी अवः व्याभनारक পর্যান্ত বন্ধক দিয়া ধার করিতে হইত। নিয়মিত সমরের মধ্যে সেই ঋণ পরিশোধ করিতে না পারিলে, উত্তমর্ণ যদি ইচ্ছা করিত, তবে ঐ ঋণী ব্যক্তির পুত্র কন্যা স্ত্রী বা তাহাকে, অথবা সর্তুমত সকলকেই, দাসরূপে চাই নিজে রাখিতে, চাই অনাত্র বিক্রন্ন করিতে পারিত। উত্তমর্ণ ইচ্ছা করিলে অধমর্ণকে কয়েদ করিতে ও বেগারু খাটাইয়াও লাইতে পারিত। সোলন ইহা রহিত করিয়া এই নিয়ম করেন যে, অধমর্ণকে কয়েদ করা,তাহাকে বা তাহার কোন পরিজনকে দাসত্বে বিক্রেয় করা, অথবা তাহার ভূসম্পত্তির উপর হস্তক্ষেপ করা, উত্তমর্ণ এ সকল কিছুই করিতে পারিবে না; ঋণ পরিশোধ করিতে না পারিলে, কেবল তাহার অস্থাবর সম্পত্তি ক্রোক করিতে উত্তমর্ণের অধিকার থাকিবে। এই বিধিপ্রদানের দারা সোলন অত্যাচারী সম্ভ্রাস্ত সমাজের নিকট নিতান্ত বিরাগভাজন হইয়াছিলেন: এই ্সম্ভ্রাস্তবংশ অত্যাচার এবং লোকপীড়নে এদেশীয় জমিদারের অফুরূপ ছিল। যাহা হউক, সোলন নিজে এই বিধানের ফলে আপন পাওনা খাণের প্রাপ্তি পক্ষে সমূহ ক্ষতিগ্রন্ত হওয়ার, তাঁহার নিম্বার্থভাব প্রমাণ হইবাতে ও সাধারণ লোক সকল তাঁহার পুঠপোষক থাকাতে. কেহ কিছু করিয়া উঠিতে পারে নাই।

ভারতে অধমর্ণের প্রতি, গ্রীদের প্রাচীনকালীর কঠোরতা কথনই প্রচলিত ছিল না। অধমর্ণের নিকট ঋণ আদার সম্বন্ধে, উত্তমর্ণের হত্তে নস্থ কেবল এইমাত্র কমতা প্রদান করিরাছেন বে,উত্তমণ ঋণ আদারের খনা অধমর্ণকে বলাংকার অর্থাৎ রজ্জুদারা বাঁধিয়া, আপনার গৃহে আনাইয়া ভাড়নাদি করিতে পারিবে। ভারতেও যদি আদার না হয়, তথন রাজ্লারে অভিযোগ দারা আদার করিতে হইবে। ভারতে

স্ত্রীপুজাদি বন্ধক দেওরার বিষয় কেছ কথন অবগত ছিল না এবং ইছা যে সম্ভবপর তাহাও স্বপ্নে কেছ কথন ভাবে নাই। তবে জ্ব্যাদি বন্ধক দেওরার রীতি এখন যেমন আছে. তথনও তেমনি ছিল। কিন্তু বন্ধকী জ্বা উত্তমর্থ গিছিত ধনের ন্যার না রাখিরা যদি কোন রূপে ব্যবহার করে, তবে তৎসম্বন্ধে মহু এরপ শাসন করিতেছেন যে, তেমন স্থাদে উত্তমর্থকে খাণের বৃদ্ধি পরিত্যাগ করিতে ছইবে এবং ব্যবহারের দ্বারা বস্তার যে মূল্য ক্মিয়া গিয়াছে তাহা পূর্ণ করিয়া দিতে ছইবে; যদি সেক্ষপ পূরণ না করা হর, তবে উত্তমর্থ চোরের ন্যায় দঙ্গনীয় হইবে। ৩০

সোলনের দিতীয় প্রধান বিধি দার সহজে। সোলনের পূর্বে আধিনীয়দিগের মধ্যে দায় সহজে বিশেষ কোন নিরম ছিল না; পিতৃ-সম্পত্তি সস্তান থাকিলে পাইত, নতৃবা তদভাবে প্রায়ই তাহা জাতীয় কোষভুক্ত হইত। সোলন তাহা নিবারণ করিরা নিরম করেন বে,

১ম। সন্তানাদি না থাকিলে, মৃত ব্যক্তি তাহার সম্পত্তি যাহাকে ইচ্ছা তাহাকে দিয়া যাইতে পারিবে।

২য়। সন্তান থাকিলে, পুত্র বিষয়াধিকারী হইবে বটে কিছ ভাহাকে অবিবাহিত ভগ্নীদিগের বিবাহের ভার লইতে হইবে; তদনস্তর্ সম্পত্তি বংশপরম্পরা চলিয়া আসিবে।

তম। বদি মৃত ব্যক্তির সন্তান না থাকে ও বদি সে উইল না করির। মরিরা বার, তাহা হইলে উত্তরাধিকার এরূপে বর্ত্তিবে;—প্রথমে মৃত ব্যক্তির পিতা, তদভাবে ভাতা, তদভাবে ভাতা, তদভাবে ভাতা, তদভাবে ভাতা, তদভাবে ভাতান, তদভাবে আহু করিব। ত্র্বানে মিলাইয়া দেখার জন্য হিন্দুলায়ের উল্লেখ করিবার আবিশাক নাই, কারণ ঐ দায়তত্ত্ব হিন্দুসন্তানমাত্ত্বে জ্লাত আহ্লেন।

সোলনের অপর বিধি এই বে, কন্যা বিবাহকালীন, পরিধের ধুতি,

৩৬। মৃত্দ।১৪৪।

বিছানা এবং অপর অপর জজপ ছই একটি সামান্ত কবা ভিন্ন, মৃব্যক্তন্
কোন সম্পত্তি বা অবজার কি বৌতুক্ষরপ কি অন্ত প্রকারে পিতৃপৃত্ত হইতে খণ্ডরগৃহে লইরা বাইতে পারিবে না; এবং বাহাও বা বইরা যাইবে, যদি সেই কন্তা পরে মৃত হর, তবে জামাতাকে তাহা খণ্ডর-গৃহে ফিরাইরা দিতে হইবে। বলিতে কি, উহা প্রকৃত পক্ষে ইহলোকিক ঐশ্ব্যামমতাপূর্ণ গ্রীকনীতি! একণে হিন্দু খবি কি বলেন, দেখা যাজ্ঞবক্তা কহিতেছেন, পিতা, ভাতা, জ্ঞাতি, খণ্ডর, খশ্রু, স্থামী ও দেবর প্রভৃতি, সতা জীকে শক্তাম্পারে বসন, ভূষণ ও ভোজনাদি হারা সন্মান্যুক্ত করিবে। ১৭ মন্ত ঐ কথা বলিয়া আরও বলিয়াছেন যে, যথার বন্ত অসক্ষারাদি হারা জী পূজিত হয়েন, তথার দেবতারা প্রসন্ধ থাকেন এবং যথার তাহা না হইরা জীর অনাদর হয়, তথার সকল ক্রিয়া নিম্পল হইয়া থাকে। অন্তান্ত ব্যবস্থা-কারেরাও অর ইতরবিশেষে ঐ একই কথা বলিয়া গিয়াছেন। স্ত্রী মৃত হইলে স্ত্রীকে দত্ত ধন যে জামাতাকে ক্ষেরত দিতে হয়, এ কথা তাহাদের মনেও কথন প্রবেশ করে নাই।

কোন স্ত্রীর উপর কেহ বলাংকার করিলে, সেরপ স্থলে সোনন বাবস্থা করিয়াছেন,—বে স্ত্রী কথন দাসত্বে বিক্রয় হয় নাই, তাহাকে বলাংকার করিলে ১০০ ড্রাম অর্থাং ৪০॥৮০ টাকা এবং ভূলাইয়া হয়ণ করিলে ২০ ড্রাম অর্থাং ৮৮/০ টাকা, অপরাধীকে দণ্ড দিতে হইবে। মছু এরপ ব্যভিচারস্থলে, ভিন্ন ভিন্ন জাতি বিচারে ভিন্ন ভিন্ন রূপ দণ্ড বিধান করিয়াছেন এবং সে সমস্ত দণ্ডই ইহা অপেকা ঘোরতর কঠোরতাপূর্ণ। অকামা পরস্ত্রীগমন্ত্রন লিক্সছেদনাদিরপ বধদণ্ড; সকামাগমনে বধদণ্ড হইবে না বটে, কিন্তু তংপরিবর্ত্তে বিবিধ প্রকার কঠোর শান্তি বর্ণিত আছে। ব্যভিচারবিষর্ক শান্তি সম্বন্ধে মনুর চূড়ান্ত বিধান, প্রজ্ঞানত লোহমর শ্যার শয়ন করাইয়া দাহ করা, পর্যান্ত আছে। মছু যে কেন এখানে এত কঠোরতা অবলম্বন করিয়াছেন,

৩৭। সংহিতার আচার অধ্যার, ৮২।

ভাষার কারণ মহুই বলিয়া গিয়াছেন,—"ব্যভিচার হেতু বর্ণসঙ্কর হর, বর্ণসঙ্কর হইলে সকল ধর্ম লোপ হইরা উঠে। ত পুনশ্চ পিতা পিতামহাদি পিছুগণের পরলোকে পুত্রপিণ্ডের একান্ত প্রয়োজন, কিন্তু পুত্র সান্ধর্যোৎ-পন্ন হইলে সে প্রয়োজন নিক্ষণ হইরা বার এবং হিন্দুর বিশ্বাদে ইহণর লোকে ভাষাপেক্ষা ভূভাগ্য ও ধর্মত্রইতা আর কিছুই হইতে পারে না। অতএব মহুর কঠোরতা, সকলের সার ধর্মপথে ব্যাঘাত হর বলিয়া!

সোলনের অপর বিধি,সামাজিক যে কেহ রাজকীয় চর্চার অংশভাগী না হইবে, সে অসম্মানিত ও দেশমধ্য হইতে বহিন্ধত হইবে। হিন্দ্ ব্যবস্থাগ্রছে ইহার সহিত তুলনীয় বিধি কোথাও খুঁজিয়া পাওয়া যায় না। এতজ্বারা কোন্ জাতি রাজনৈতিক ও সামাজিক জীবনে কতটা লিপ্ত ও আস্থায়ক্ত ছিল এবং কোথায় কি পরিমাণে লোকে তাহাতে অংশভাগী হইত, তাহার স্থান্দর পরিচয় পাওয়া যাইতেছে।

মন্থর বিধি, যদি কেছ কাণা, থোঁড়া কুঁজোকে, কাণা থোঁড়াদি শক্তে ডাকে তবে তাহার এক কার্ষাপণ দণ্ড হইবে। মাতা পত্নী ভাতা প্র অথবা গুরু, ইহাদিগের যে মানি করে ও গুরুকে যে পথ না দেয়, তাহার একশত পণ দণ্ড হইবে। গ্রীক ব্যবস্থাগ্রন্থে এরূপ দ্যাদাক্ষিণ্যপূর্ণ বিধি কোথাও পাওয়া যায় না; বরং তহিপরীতে কঠোরতা ও ক্রুবতার একশেষ! উপরের বিধি যেমন গ্রীকচরিত্রের, এই বিধিষয় তেমনি হিন্দুচরিত্রের সুন্ধর নির্দেশক বলিয়া জানিবে।

সোলনের পূর্ব্বে লোক, মৃত শত্রুর শরীর লইরা নানা থণ্ডবিথণ্ড ও তাহার উপর নানাবিধ বীভংস আচরণ করিত ও করিতে পাইত; এবং হত আত্মীরের জন্য রাজ্যারে অভিযোগ না করিয়াই, প্রতিশোধ শরুপ হত্যাকারীকে হত করিতে পারিত। সোলনের সময়ে উহা রহিত হর। হিন্দুর ব্যবহার, মৃতদেহ সর্ব্বনাই ধর্মবিধানে অস্পাচরণ হইতে স্ব্রক্তি; এবং প্রায় বে কোন শুফ্তর অপরাধস্থলে, রাজহার ভির অন্য উপান্নে প্রতিশোধ লওয়ার নির্ম ছিল না।

ব্যবছারজীবীদিগের দপুবিবরিণী শিক্ষা দেখা গেল। এক্ষণে নীতি-বিষয়িণী শিক্ষা কিঞ্চিৎ দেখা যাউক।

পিতামাতা সম্বন্ধে সোলনের শিক্ষা, পিতামাতা যদি সন্তানকৈ তাহার শিক্ষার বয়সে কোন ব্যবদায় বা জীবননির্বাহ-উপযোগী কোন র্ভিবিশেষ শিক্ষা দিতে জাট করেন, তাহা হইলে দেই পুত্র পিতামাতার ছঃখ মোচন করিতে বা তাহাদের আজ্ঞাহ্লবর্ত্তী থাকিতে বাধ্য নহে। মহুর এতবিষয়ে শিক্ষা,— যদিও ভাহাদের নিকট স্থ্যবহার প্রাপ্ত না হইয়া থাকুক; তথাপি পিতা, মাতা, শুক্র এবং জ্যেটের প্রতি কোনরূপে অবজ্ঞা প্রদর্শন করিবে না। পুনশ্চ, পিতা, মাতা ও শুক্র যাহাতে সম্কুই থাকেন, পুত্র তৎপক্ষে সর্বাদ্য মহুবান্ রহিবে, যেহেতু ইইারা সম্কুই থাকিলে সকল তপস্যার ফল পাওয়া যায়; যিনি ইইাদের সংকার করেন, তাঁহার সকল ধর্মকর্মেরই অমুষ্ঠান করা হয়; আর যিনি ইহাদের অনাদর করেন, তাঁহার করেন

মন্ত্র শিক্ষা, "কেহ কোন অপমানজনক বাক্য বলিলে সন্থ করিবে, কাহাকেও অপমান দারা পরিভব করিবে না, এই অন্থির ব্যাধিমন্দির দেহ ধারণ করিয়া কাহারও সহিত বৈর করিবে না। কেহ জ্রোধ করিলে তাহার প্রতি জ্রোধ না করিয়া বরং সন্তোম প্রকাশ করিবে; কেহ নিন্দা করিলে তাহার নিন্দা না করিয়া ভক্ত ও উত্তর প্রভৃতি মিই সম্ভাবণ করিবে।" এ থিওগনিসের নীতি সাধারণতঃ বিশুদ্ধ শ্রেষ্ঠ এবং উচ্চনীতি বলিয়া গণিত হইয়া থাকে। সেই থিওগনিসের মধ্য হইতে মন্তর কথিত নীতিগুলির সহ এই সমজাতীর উদাহরণ পাওরা দার—"বে কেহ ভোমার প্রতি শক্ততাচরণ করিবে, মিই বাক্য দারা ভূলাইয়া তাহাকে স্বল্প আনিতে চেটা করিবে; এবং যেমন সে ভোমার বস্তুভার আনিবে, অমনি তাহার আরে কোন কথাই না শুনিয়া বথাসাধ্য তাহার উপর প্রতিশোধ লইতে ক্রটি করিবে না"। ও ইহার সহিত হেমিওদের

৩৯ । সমু ৬।৪৭---৪৮।

ৰীতি মিলাইয়া দেখ। ছেলিওদ একজন ধর্মশিক্ষক। এই ধর্মগুরু এরপ স্থলে কেবল প্রতিশোধ নহে, দ্বিগুণ প্রতিশোধ লইতে উপদেশ দিতে-ছেন। १३ পুনশ্চ,মতু শিক্ষা দিতেছেন: — "পার্থিব সৌভাগ্য বিষৰৎ অম্পর্শ-নীর জ্ঞানে পরিহার করিবে"। এখানে থিওগনিস, নির্ধন এবং গৌরব-শূস্ত অবস্থার প্রতি বহু বিলাপের পর, শেষ শিক্ষা দিতেছেন, "হে প্রিয় কির্ণন, দরিক্ততাতাপে তপ্ত হওয়া অপেকা, নির্ধনের পক্ষে মৃত্যুই একাস্ক শ্রেমন্বর"। এথানে আর্যাগুরু মনুর আর একটি শিক্ষার প্রতি দৃষ্টি-পাত কর ; তুমি দরিত হইলে হইলেই, তাহাতে কি যায়, আইনে?— "যে কোন আরন্ধ কার্য্যের শুভ ফল, অদৃষ্ট এবং মানবীয় চেষ্টা উভয়ের উপর নির্ভর করিয়া থাকে; যাহা অদৃষ্টের কার্য্য,তাহা মন্ত্র্যের আয়ন্তা-তীত, অতএব তাহার প্রতি প্রতিনিয়ত লক্ষ্য রাখিতেছ কি জন্ত; তোমার সাধ্য বাহা তুমি ভাহাতে কৃতকার্য্যভালাভের দারা আত্মদার্থকতা-সাধনে যত্নপর হও।" অভঃপর বলিতে কি, আর গ্রীকনীতি ভারতীয় নীতির সঙ্গে তুলনা করিতে যাওয়ায়, ভারতীয় নীতির অপমান করা হয়। ব্যবহারনীতি এবং ধর্মনীতি, ভারতীয়দিগের মধ্যে **প্রভে**দ করিয়া লওয়া চুক্কর। ভারতীক্ষের গর্ভবাস **অবস্থা হইতে ধর্মকা**র্য্য আরম্ভ হয়, আজীবন তাহাতেই বাহিত হইয়া যায়, তাহার পর স্বতঃ প্রত: মৃত্যুর প্রেও তাহা হইতে নিষ্কৃতি নাই।

প্রীকদিগের অতিনীতি লাইকর্গদ্ প্রভৃতিতে দেখিরাছ; এক্ষণে ভারতীয়নিগের অতিনীতির প্রতি একবার দৃষ্টিপাত কর। এই অতিনীতির প্রাবল্য বদিও প্রায় সর্ব্ব বিষয়ে, কিন্তু উহার ঘটাটা পাপকালন কর প্রায়ন্দিন্ত পর্ব্বেই কিছু অধিক। উহা কি অত্ত ও হাস্তাম্পদ অতিসীমাতেই আনীত হইরাছে। নিয়োকুত অংশ দ্রষ্টব্য।—

১। চণ্ডালদর্শনের প্রায়শ্চিত্ত স্থ্যদর্শন, তাহার সহ সম্ভাবণের প্রারশ্যিত প্রায়ণসম্ভাবণ, তাহার উচ্ছিষ্ট দর্শনে একরাত্র উপবাদ, সংস্পর্শে ত্রিরাত্ত্ব, এবং সঙ্গে গমনে সবক্ত স্থান প্রায়শ্চিত হয়।—বৌধায়ন।

^{81 |} Works and Days.

- ২। স্মাতকের ব্রতলোপে, উপবাস প্রারশ্চিত্ত; অগ্নিতে পাদনিক্ষেপে আহোরাত্র উপবাস, দেবতাগৃহের ইউকাদি সইয়া গৃহাদিকরণে প্রাজ্ঞাপত্য প্রায়শ্চিত্ত হয়।—মন্ত্র।
- ত। চণ্ডালাদির ভূক-উচ্ছিষ্ট কিশা রজবলা স্ত্রী অজ্ঞানপূর্বক স্পৃষ্ট ছইলে, অষ্টোত্তর শত গায়ত্রী লগ পূর্বক ত্রিরাত্র উপবাস এবং পঞ্চগব্য-গানে প্রায়ন্চিত্ত হয় —শাতাজপ।
- ৪। ক্রোধ হেত্ ত্রাহ্মণ যদি ত্রাহ্মণের যজোপবীত ছেদন করে, ভবে

 মনস্তাপ, প্রাণাদ্বামত্রয় এবং উপবাস করিবে।—আপস্তম্ব।
- শুক্রে যদি যজ্ঞোপবীত ছেদন করে, তবে তিংশংপণ দণ্ড দিয়া
 প্রাজাপতা ত্রত করিবে।—রুহম্পতি।
- ৬। দিবাভাগে, শ্রাদ্ধদিনে, পর্কদিবদে, স্ত্রীসঙ্গ করিলে, **অহোরাত্র** উপবাস করিতে হয়।—মন্থ।
- १। যদি ভোজনোত্তর আচমন না করিয়া, কুকুব, শৃকর, অস্তাজ
 ইত্যাদিকে স্পর্শ করে, তবে সাস্তপন ব্রত করিবে। তাহার অস্ত্রকর
 ধেক্রয় ।—কশ্রপ।
- ৮। বিড়াল কাক নকুলাদির উচ্ছিষ্ট ভক্ষণে একরাত্র উপবাস হয়। জ্ঞানপূর্বাক হইলে ত্রিরাত্র উপবাস বিধি।—মন্থু।
- >। রোগাদি জন্ম যে গো ক্ষীণ হইরাছে তাহা অফুভব করিতে না
 পারিরা যদি রোধ করিরা রাথে ও দেই রোধ নিমিত্ত দেই গো যদি
 করে, তবে তাহার জন্ম প্রাকাপত্যের একপাদ প্রারশ্চিত করিতে
 ভইবে।—অস্বিরা।
- ১০। সর্পহত্যা করিলে প্রায়শ্চিত্তররূপ ব্রাহ্মণকে তীক্ষাঞ্জ এক লৌহদণ্ড দান করিবে।—মন্থ।
- ১)। শৃকর বধ করিলে শ্বতপূর্ণ ঘট প্রাশ্নণকে দান করিবে। তিত্তির পক্ষিবধে চারি আচক পরিমিত তিল প্রাদান করিবে। শুক-পক্ষিবধে বিবর্ষীয় বৎস এবং ক্রোঞ্চনামক পক্ষিবধে তিববীয় বৎস প্রাশ্নণকে দান করিবে। হংস, বলাকা, বক, ময়ুর, বানর, শ্রেন ও

ভাসপক্ষী, ইহার কোন একটি বধ করিলে, ব্রাহ্মণকে একটি গো প্রাধারী করিবে।—মন্থ।

- ২২। জ্ঞানতঃ বিড়াল, নকুল, চাষপক্ষী, ভেক, কুকুর, গোধা, পেচক, কাক, ইহার বে কোন একটিকে হত্যা করিলে, শ্রেরধাক্ত চান্তারণ বত করিবে। অজ্ঞানতঃ মার্জারাদি বধে তিন দিন ছয় পান করিরা থাকিবে, ইহাতে অসমর্থ হইলে ত্রিরাত্র এক বোজন পথ ত্রমণ করিবে, তাহাতে অশক্ত হইলে ত্রিরাত্র নদীতে স্নান করিবে এবং তাহাতেও অশক্ত হইলে, ত্রিরাত্র আপোহিষ্টাদি স্কুল মন্ত্র কপ করিবে।
 —মন্ত্র।
- ১৩। আমমাংসভক্ষণশীল ব্যান্তাদির হননে পরস্থিনী ধেছদান করিবে, হরিণাদি পশু হনন করিলে বংসতরী দান করিবে, উষ্ট্রবধে এক রতি স্বর্ণ দান করিবে।—মন্থ।
- ১৪। বাতকর্ম্মে, নিষ্ঠীবে, দস্তাশ্লিষ্টে, অনৃতে, ক্ষৃতে এবং পতিত সস্তাবে, জলম্পর্ন ; তদভাবে দক্ষিণকর্ণ ম্পর্ন করিবে।—মমু।

এই সকল অপেকা আর কি হাস্তাম্পদ অতিনীতি সম্ভবিতে পারে পূ
অনেকের বিশ্বাস এবং অনেকে বলিরা থাকে যে, উক্ত প্রারক্তিনিধি
প্রভৃতি যে সকল অতিনীতি, তাহাদের অধিকাংশই ব্রাক্ষণিদগের শ্বার্থ
পরতা হইতে উৎপর হইরাছে। তাহাদের এই বিশ্বাস ও এরূপ বলার
ভূলা, এমন মিথা বিশ্বাস ও মিথা বলা আর কিছুই হইতে পারে না।
বাহারা আনে যে মিথা, কৌশল ও শঠতা অবলম্বন করিলেও সংসার
নির্বিদ্ধে চলিতে পারে; কেবল তাহাদিগেরই ওরূপ বিশ্বাস ও ওরূপ
বলা সম্ভবিতে পারে। এ সকল অতিনীতি প্রারই ব্রাক্ষণদের নিজের
জন্য এবং নিজেকে নিজে মারার অনেক শ্বার্থ বটে। সে বাহা হউক,
মন্ত্রাপ্রভাব আলোচনা করিলে,নীতিগুলির সমন্তই যে অক্ষ্রভাবে প্রতিপালিত হইরাছিল, সে পক্ষে কিঞ্চিৎ সন্দেহ উপস্থিত হর। সাধারণতঃ,
সামারিক ও রাজনৈতিক বিধি দ্বিবধ প্রকারে উৎপন্ন হয়। প্রথমতঃ,
সামারিক চলিত ক্রাক্তর্কতি এবং আচার ও বিশ্বাস বাহা, তাহা

বিধিবদ্ধ করিয়া তাহাদের স্থারিত্বসাধন; দিতীয়ত:, উপস্থিত সামাজিক রীতিনীতি ও বিধিব্যবস্থার বথার বথার অপূর্ণতা ও হীনতা দৃষ্ট বা অমুমিত হইতেছে তথার তথার লোকরুচি সহ সামঞ্জস্যুক্ত হইতে পারে এক্লপ ভাবে,নববিধিযোগে অপূর্ণতার সংশোধন ও হীনতার .পূরণ করিয়া দেওন। এই দ্বিপ্রকারের ব্বন্যতর যে কোন বিধি বা উভয়ই সমাজের পরিচালক; এবং অল্ল বা অধিক বে পরিমাণে হউক, সমাজের পক্ষে তাহারা মদলদায়ক হইরা থাকে। এই ছই রকষের স্বতীতে আর একটি তৃতীয় রকম সামাজিক ব্যবস্থা আছে,যাহা দেশ কলে ও পাত্র किছतरे अलका ताए ना। "अतल रहेल जान रह" क्लब अरे दिख्य উপর ভর করিয়া ও তর্ক খরচের সাহায্যে তাহা উদ্ভাবিত হয়: বেমন প্লেটোর সাধারণতত্ত্ত ক্ষোর সোসিরাল কণ্টাক্ট (সামাজিক সংস্থান), বেছাম ও মিল প্রভৃতির বিধিতত্ব ও ইউটিলিটী, ইত্যাদি। এ সকল সর্বাসময়েই অসার অকার্য্যকর এবং ভ্রান্তিমরীচিকা স্বরূপ; কার্য্যে লাগাইতে গেলে, কেবল ঘুর্ণাবর্ত্ত ও বিপ্লব উপস্থিত হইয়া থাকে। সে বাহাহউক, গ্রীকদিগের বিধি বাহা তাহা প্রধানত: প্রথম রকমের; স্বার হিন্দুদিগের বিধি প্রধানতঃ দিতীয় রকমের। হিন্দু ঋষিরা,সামাজিকতার অপূর্ণ ও হীন অংশ পূরণ করিতে গিরা কিছু বাডাবাডি করিয়া ফেলিয়াছেন: এই জন্য, তাঁহাদের অনেক বিধি লোকের দারা প্রতিপালিত হওরা অসাধ্য হইরা উঠিয়াছিল। তথাপি, হিন্দু ঋষিরা যে সীমা অতিক্রম করিয়া কথিত তৃতীয় রক্ম বিধিদাতা-দিগের শ্রেণীতে আসিয়া উপস্থিত হয়েন নাই তাহার প্রমাণ এই বে. হিন্দুরা মেই দকল অতিবিধি পালন করিতে না পারিলেও, পালনফোগ্য ক্তানে সেই সকলের নিকট ভক্তিসংযুত ছিল;--কলত: অতি-विधि इहेटल ७, तम कान ७ भारत नीमा विद्यु ७ इटेग्रा यात्र नाहे ; বীর স্বীর সামঞ্জাপরিত্যাগে চূড়ান্ত সীমার উঠিরাছিল মাত্র। লাইকর্মন এবং সোলনের বিধি দেখিলে আপাততঃ উহা দিতীর রক্ষেত্র विधि विभिन्न तिथा समार्थ भारत वर्षे, किंद वच्छः छोशं नरह।

লাইকর্গসের বিধি বছলাংশে দ্বিতীর রক্ষে প্রসারিত বলিরা বনিও ধরিরী লাইতে পারা যায়, কিন্তু সোলনের সহদ্ধে সে কথা বড় একটা থাটে না। সোলনের বিধি প্রধানতঃ প্রথম রক্ষের এবং দেশ কাল ও পাত্র অনুসারে রচিত ও স্থাপিত হইয়াছিল। সতা বটে সোলনের বিক্ষে বিদ্রোহাচরণ অনেক হইয়াছে, কিন্তু তাহা কেবল জনকরেক স্থাবসাধক লোকের দারা; নতুবা সাধারণে তাহার প্রতি আগ্রহাতিশয়মুক্ত ও অনুক্ল ছিল। বলা বাইলা যে লাইকর্গস এবং সোলনের বিধিও, স্থপৌর অতিনীতিতে অরবিস্তর প্রসারিত।

্ঞীকদিগের ও হিন্দুদিশের ব্যবস্থাগ্রন্থ ইইতে উদ্ভ অংশ সকলের দারা যে সকল অতিনীতি অমুভূত হইতেছে, তাহার মধ্যে গ্রীকদিগের অতিনীতি ঘাহা, তাহা লোক্যাত্রার অর্থা অনুসরণফলে উৎপন্ন :--উহা ব্যবহারনীতির বিকৃতি প্রাপ্তি এবং সাংসারিকতার অতিসীমা। হিন্দু-দিগের অতিনীতি যাহা, তাহা ধর্মবৃদ্ধির অযথা অনুসরণফলে উৎপন্ন; উহা ধর্মনীতির বিক্বতি প্রাপ্তি এবং পারলোকিক ভাবমুগ্ধতার অতি-সীমা। উভয়েতেই, ব্যবহারনীতি এবং ধর্মনীতি, এতহভয়ের মধ্যে ষ্থাপরিমাণ সহামুভূতি ও সামঞ্জস্য গুণের অভাব। হিন্দুর ব্যবহারনীতি হিন্দুজাতির স্বাবলম্বনে এবং গ্রীকের ব্যবহারনীতি গ্রীকল্পাতির অত্যধিক বিজাতীয় সংস্রবসংঘটনে পরিবর্দ্ধিত হওয়াতেই, বোধ করি ওরুপ সামঞ্জন্যগুণের অভাব ঘটিয়াছে। গ্রীকনীতি কর্কশ বা পৌক্রমণ্ডণময়ী এবং হিন্দুনীতি কোমল বা ক্মনীয়গুণময়ী। কিন্তু কি পৌরুষ, কি কমনীয় গুণ কেহই, পরস্পর অসংমিলনে, সৰদ্ধশূন্য ভাবে ও স্বাবলম্বনে, স্থফল প্ৰস্বে পটু নহে। এই নিমিত্ত উভয় নীতিই, উভয় হানে, উভয় জাতির জাতীয় বিক্লতি ও অধঃপতনের কারণ স্বরূপ হইয়াছিল। গ্রীকদিগের বালা, কেবল আস্মবলে, আমরা আত্মপ্রাধান্য রক্ষা করিব। ইহাদিগের নিকট দেছে বল ও মনে স্বার্থ, এ জগতে সর্বস্থ : কিন্ত ইছারা জানিত না যে, বল এবং স্বার্থেরও এ জগতে দীমা এবং প্রতিবন্দিতা উভয়ই আছে। অন্য দিকে

হিন্দ্রনিগের ইচ্ছা, কেবল ধর্ম ও কোমল মনুবারপ্তণে আমরা এ জগৎ-याजा कार्गादेव এवर धर्म ও मसूबाब खनदे छन्। अ कीवत्मन जिल्ला: किन हैश खानिल मा (य (करल (कांगल खन, महांत्रम्म) इहेटन, मसंत সাপন জালে আপনি জড়াইয়া হস্তপদবদ্ধ এবং নিজীব হয়, স্থতরাং বে কাহারও দারা বিধ্বস্ত ও হতগোরব হইয়া থাকে। গ্রীকদিগের গৌরব-নিশান ততদিনই উভিয়াছিল, বতদিন তাহাদের বলসর্বস্থ ও স্বার্থ-ভাবের বহিঃপ্রচার হয় নাই। পার্রাসকেরা যথন দেখিল যে,তাহাদিগকে কেবল বলে পারিয়া উঠা ছকর: তথন তাহাদের মধ্যে যে স্বার্থবিষক্ষে নৈতিক হিতাহিতজ্ঞানের ন্যুনতা, তাহার আশ্রর গ্রহণ করিয়া, গ্রীক-চরিত্রকে কলুষিতকরণের দারা অভীষ্ট সিদ্ধ করিতে প্রবৃত্ত হ**ইল। ফিলিপ** এবং আলেকজাগুরিও, ক্রমারয়ে উৎকোচ এবং স্থোভ, উভরের স্বারা তাহাদিগকে ভুলাইয়া আত্মবশে আনিয়াছিল। যে সমতায় সকল রক্ষা, যন্ত্রানিজের পরিমাণ করিয়া ন্যায্য বলচালনায় সমর্থ হইতে পারা যায়, বলগর্বে কখন ইহারা দে সমতার দেখা পায় নাই; সেইক্সপ বে নীতিতে সকল স্থায়িত্ব, যন্থারা আত্মদাবধান করিয়া চলিতে পারা যায়, স্বার্থ-বন্মতার কথন ইহারা দে নীতির দেখা পায় নাই। ইহাদের বলগর্ক ছেতু ইছাদের রহিঃশক্র আকর্ষিত; এবং স্বার্থপরতা ছেতু বহিঃ-শক্র কর্ত্তক নিপাতিত হইয়াছিল। পুনশ্চ, যাহা অযথা দান্তিক গৌরবের ় নিদানুভূত, ভাহাই সর্বাদা সেই দাক্তিক জনের সর্বনাশের কারণ হইয়৷ থাকে ;—বিধাতার এই নিয়ম বেন পুনরভিনীত করণার্থেই,যে বলগর্মের গ্রীক কাহাকেও গ্রাহ্য করিত না এবং বে স্বার্থে মন্ত্রব্যন্তের দিকে তাকাইত না, লোমক চাতুরীতে পড়িয়া, সেই বল ও সেই স্বার্থই তাহারা আপনাপনির মধ্যে পরস্পরের প্রতি প্রয়োগে, পরস্পরের সর্বনাশ সাধন করিয়াছিল ,--মনুষ্যন্থ ও ধর্মনীতি সহ সামলসাপরিশূন্য এক-মাত্র পাশব বল ও পাশব স্বার্থ পরিচালনের মাল কার্ম্যে পরিণত হইনা-ছিল। आत हिन् ? ইहारनत रोजाशाध्यका अपनक निन উ छित्र।-ছিল: তাহার কারণ, প্রথমতঃ, মহুষ্যত্ত ও ধর্মমূলক নীতি ঘতই অতিনীতিবিশিষ্ট হউক, তাহার ফল, পাশব বল ও শার্থ মূলকনীতি অপেকা অধিক হারী হইবার কথা। দ্বিতীরতঃ, ভারতলোল্প বিজ্ঞাতীর লোকনরন তথনও উন্নীলিত হর নাই; বদি হইত, তাহা হইলে অতিমন্ত্রাত্রণোবে ভারত বে অরকালে ও আনারাসে একেবারে ছারেপারে বাইত, তাহাতে অতি অরই সন্দেহ এবং শেবে বে গিরাছে, তাহাও সেই জন্য। স্ত্রীলোক আত্মরকণে অপ্টু; তারত ধর্মনীতিতে,কোমলগুণে,বিক্নত নারাবাদ ও অদ্ট্রাদিন্দে, স্ত্রী এবং জ্ছুবিশেষ; স্ক্তরাং ভাহার অধংপতনের কারণ অধিক বলিতে বাওয়া সময় অপব্যয়মাত্র। এ বিষয়ে রূপক ভাবে বলিতে গেলে, ভারত শিক্ষিতা রূপদী স্ত্রী; আর গ্রীক বর্ণজ্ঞানশ্ন্য বোমবেটে। কে না জানে স্কুণা স্কুরণা নিরীহ ও উৎপাতশ্ন্য স্ত্রীজীবন, শ্বতঃ-প্রতঃ উৎপাতস্হচর অবার বোমবেটে অপেকা অনেক দীর্ঘস্থারী হইয়া থাকে।

ভারতসন্তান! একা পৌরুষ গুণ বা একা কমনীয় গুণ কথনও কলপ্রসবী হইতে পারে না। এতহ ভারের সংমিলনে জগং সংসার; এতহ ভারের সংমিলনে জগং সংসার; এতহ ভারের সংমিলনেই যে কিছু প্রকৃত পদার্থ প্রসবিত হয়। তুমি তোমার এ দীর্ঘ নিদ্রাভঙ্গে যদি জাতীয় জীবনে আবার গৌরব-নিশান উড়াইতে ইছোবান্ হও, ভবে ঐ উভয় গুণের সমাবেশ বা বিবাহ দিছে শিশ, তাহাদের সংমিলন সাধন কর। বিক্তিপরিত্যাগে গ্রীকের যে পৌরুষগুণ এবং বিক্তিপরিত্যাগে হিন্দুর যে কমনীয় গুণ, তাহার সামঞ্জন্য সাধন করিতে শিক্ষা কর এবং সেই সামঞ্চন্যের ফল যাহা তাহা অনুষ্ঠান কর, কৃতকার্য্য হইতে পারিবে। কেবল ধর্মেও কিছু হয় না, কেবল যার্থেও কিছু হয় না, কেবল বলেও কিছু হয় না, বা কেবল বলেও কিছু হয় না।

বিদ্যাক্ষেত্রস্থ অপরাপর বিষয়ক শাস্ত্রালোচনার পূর্বে,ছিলুর কার্য্যগত অনুষ্ঠান বৃত্তিটা কতদূর, তাহা একটু দেখা কর্ত্তর্য। তজ্জন্য কৃষি শিল্প ও বাণিজ্যই প্রধান লক্ষ্যস্থাীয়।

৪। কৃষি, শিল্প, বাণিজ্য।

প্রীকদিগের কবি, শিল্প ও বাণিজ্যের সবিস্তার আলোচনা করিতে যাওরা অনাবশ্যক, কারণ তাহা শত শত মুখে শত শত জন আলোচনা করিরা গিরাছে ও বাইতেছে। 'বে কোন বিস্তৃত প্রীক ইতিহাস দৃষ্ট করিলে তাহা জ্ঞাত হইতে পারা বায়। অতএব একেবারে অনালোচিত বে ভারতীয় ক্লবিশিলাদি, আমরা এথানে তাহারই বিষয় কিঞ্চিৎ আলোচনা করিয়া বাইব; এবং বেহেতু আমরা ভারতসম্ভান, আমাদিগের পক্ষে তাহা কর্ত্রন্ত হইতেছে। বাহ্ণারাম, যদি তুমি এ সঙ্গীর্গ স্থানে কোন বিস্তৃত আলোচনার প্রত্যাশা করিয়া থাক, তাহা হইলে তোমার ভুল!

বে দেশে পবিত্র সপ্তাসিদ্ধ এবং পুণাসলিলা সরিবরা গলা ছহিত্গণ সহ হিমগিরি পরিত্যাগ করিয়া, শতমুখে সাগরগামিনী হইরাছেন; বে দেশে কমলাসনা লক্ষ্মীদেবীর প্রতব ও জন্ম; বে দেশের ভূমি রক্ষ্রপ্রতিনী; সে দেশে যে অতি প্রাচীন কাল হইতেই কৃষিবিষয়ে লোকের আগ্রহাধিক্য, তাহা বলিতে যাওয়া দ্বিক্রক্তিমাত্র। আর্থাজাতির অতি প্রাচীনতম এবং ঐতিহাসিক তত্ত্বপ্রধার শেক্ষরাত্তর অতি প্রাচীনতম এবং ঐতিহাসিক তত্ত্বপ্রধার শেক্লাগাত্তর অতি প্রচীনতম এবং ঐতিহাসিক তত্ত্বপ্রধার শেক্লাগাত্তর অতি প্রচীনতম এবং ব্যবহার স্চন হইরাছে। তন্বতীত ক্রিমাজানার জলপ্রতাহার শেষ্ঠতা জ্ঞাপন, এবং ক্রমির জন্ম "কুলাগাত্তর অতিত্ব এবং ব্যবহার স্চন হইরাছে। তন্বতীত ক্রিমাজানার জল বাঁধিয়া তাহা হইতে আবণ্যক অন্নারে জলগ্রহণ প্রকি, ক্রমিকার্য্য নির্বাহ করার উল্লেখ দেখিতে পাওয়া যায়। এই সকলের হারা অনুমান হয় যে, বৈদিক সময়ে তৎসময়েচিত ও আশামুক্রপ ক্রমিকার্য্যের উন্নতিনাধন হইয়াছিল এবং আর্যাগণ নানা উপায়ে ও পরিশ্রেম, রক্মপ্রস্বিনী বস্ক্ষরা হইতে, বছরম্ব দোহন করিয়া লইতে সক্ষম হইয়াছিলেন। রাজ্গণও ক্রমিকার্য্যের পক্ষেরে বে নিতান্ত অমনোযোগী ছিলেন, একপ বোধ হয় না।

हर । चः (वः ১०-७৪-১७। ১०-১১१-१। ১०-८७-१ हेजामि।

অবোধ্যাকাণ্ডে (> ম দর্গে) রাম ভরতকে জিজ্ঞানা করিতেছেন.— "দীমন্তে ক্ষেত্র দকল হলকর্ষিত ও শদ্য-প্রচুর, যথা নদীব্দলেই ক্ষুষ্টিকর্ম্ম সম্পন্ন হইতেছে, সেই স্থসমৃদ্ধ জনপদ ত একণে উপদ্ৰবশূন্য ? ক্বৰত ও প্রপালকেরা ত তোমার প্রিরপাত হইরাছে? এবং উহারা স্ব স্ব কার্য্যে রত থাকিয়া স্থথ স্বচ্ছন্দেত কাল যাপন করিতেছে ? ইষ্টসাধন ও অনিষ্টনিবারণ পূর্ব্বক তুমিত উহাদিগকে প্রতিপালন করিয়া থাক ?" ইত্যাদি। কৃষিকার্য্য, দেখিতে পাওয়া যায় যে কেবল জাতিবা শ্রেণীবিশেষে আবদ্ধ ছিল না। সর্বেগিচ্চ লাতি ব্রান্ধণেরা পর্যান্ত স্বহন্তে লাঙ্গল ধরিয়া কৃষিকার্য্যের অনুসরণ করিতেন।৪০ সে যাহা হউক, এটা কিন্তু কি আশ্চর্য্য ও পরিতাপের বিষয় যে. যে ভারত চিরকালই ক্ষবিপ্রধান ও ক্রবিপ্রাণ দেশ, সে ভারতে ক্রবিপ্রণালীর উত্তরোত্তর উন্নতি হওয়ার কোনই নিদর্শন পাওয়া যায় না; বরং তদ্বিপরীতে ভাহার কোন কোন অংশে অবনতি ঘটনাই লক্ষিত হয়! বলিতে কি বে কৃষিপ্রণালী অতি প্রাচীনতমকালে অনুস্ত হইত এখনও অর ইতর্বিশেষে প্রায় তাহাই চলিয়া আসিতেছে। কিন্তু ক্লুষিই যেথান-কার জীবনোপায়, দেখানে এরপ হওয়ার কারণ ?-প্রথমতঃ ভূমি রত্বস্বিনী হেতৃ, পেটের ভাত স্কুলান হওয়ার পক্ষে সেই ক্লবি-প্রণালীই যথেষ্ট ছিল। দিতীয়তঃ, ইহলোকিক স্থথের প্রতি যথোচিত আসক্তি না থাকার এবং উপস্থিত অবস্থায় প্রায় সকলেই সম্ভূষ্ট হওয়ায়, বিপুল ও বিস্তৃত শিল্পবাণিজ্যাদির দারা আত্ম অবস্থার উল্লভিসাধনপক্ষে সাধারণতঃ যত্নাভাব; স্থতরাং পেটের ভাতের অতিরিক্ত শস্যোৎ-পাদন করিবার জন্য কোনই প্রয়োজন দেখা যায় না। অভএব আকাজ্ঞা, আগ্রহ ও অধ্যবসায় যেখানে কলিকাতেই এরাপ বিদলিত, দেখানে আর উন্নতির সম্ভব হইবে কাহাকে **অবলয়ন** করিয়া ? সাংসারিক শ্রেরোবিষরে অনাস্থাকেব্রশয়নশায়ী এমন জাতি আর কি

৪৩। ততাদীং পিকলো পার্গারজটো নাম বৈ ছিল:।

कडवृष्टिर्दरन निजाः सालकृषालनाजनी ।--वात्रावन ।।०२।२०।

কোধার উৎপন্ন হইরাছে! ভারতভূমি যদি এরপ দরাশালিনী জননীর নাায় না হইরা কিঞিৎ বিমাত্বৎ আচরণ করিতেন, তাহা হুইলে বোধ হয় অনেকটা ভাল হুইত।

क्षिञ्जनानी रामनरे शाकुक अवः रा कातनित्नरतंत कार्यायनकः ह ঘটনা হউক, প্রাচীন প্রস্থপাঠে কিন্তু সেই প্রাচীন কালে যেরূপ অপরিমিত ধনশালিক, স্থশুঞ্জ বিলাস এবং সুখস্বচ্ছন্দতা দেখা যায়, ভাহাতে ভাহাকে, সে সময় বিবেচনা করিলে, নিঃসন্দেহ অতি আশ্চর্য্য-জনক বলিতে হইবে। রামায়ণদৃষ্টে দেখা যায় যে, তথন ভারতে বহু ধনের সমাগম হইয়াছে এবং ধনিজনের বিলাস জনা ব্তত্তর শিল্পী সকল নিরম্ভর নিয়োজিত হইয়া রহিয়াছে। ঋরেদে স্বর্ণা, স্কুবর্ণ কোষ ৪৪, ধনাঢ্য অবস্থা ৪৫, সামুদ্রিক বণিক্ ৪৬, পান্থনিবাস ৫৭,ইত্যাদির উল্লেখে, তৎকালেও তত্তৎ বিষয়ের অস্তিত্ব এবং তজ্জনিত সৌভাগা বহুপরিমাণে স্টিত হয়। রামায়ণে মণিকার, তত্ত্বায়, কুস্তকার, শञ्चनिर्माणवरवनात्री, मारूवक (महुवलूट्डित होता नानाविध वस्त्रत निर्माण-कांतक), कतांकि, त्वधक (भिन भुक्तांनि त्वध करत यांशांता), मस्त्रकांत (যাহারা গজনতম্বর কার্য্য করিয়া থাকে), গন্ধোপজীবা (গন্ধ দ্রুবা খাহারা বিক্রম করে), স্থবর্ণকার, কম্বলকার, মাপক, অঙ্গমর্দক, ধুপক (ধুপবিক্রমকরৌ), শৌগুক, রঙ্গক, তুলবায় (দর্জি), স্থাকার (যে চ্ণ . লেপন, করে), বাইজি ও ভেড়ো ৪৮, ইত্যাদি শিল্পী ও ব্যবসায়ীর উল্লেখ দেখিতে পাওয়া যায়। তদ্ভিন্ন, ভূমিপ্রদেশজ্ঞ, শিবিরনির্মায়ক, খনক, যন্ত্ৰক, স্থপতি, যন্ত্ৰকোবিৎ, মাৰ্গিণ, বৃক্ষভক্ষক, 82 ইত্যাদি আরও অনেক প্রকার ব্যবসায়ীর উল্লেথ রামায়ণে রহিয়াছে। এই नकन निही এवः वावनात्रीत नाम कर्तितन, नत्न नत्नु जाहात्नत्रं पति-পোষক ও আমুষদিক অপরাপর অনেক শিল্পী ও ব্যবসায়ীর সম্ভবতা ও

^{88 ।} बः (वः ७।८१।२२ ।

^{1 8-01 4:} C4: 717761 1 08

कर । जामायन २५७१३२-- ३६।

^{86 ।} अः (यः श्रविमा)

^{89 ।} यः (वः अध्यक्ष)

SAL STATE OF LES

অন্তিত্ব আপনা হইতে আদিয়া পড়ে। একণে এই সমগ্র একতা করিয়া দেখিলে অবশ্য বলিতে হয় যে, যে সমাজ এতগুলি শিল্পী ও ব্যবসায়-দারকে থাটাইতে পারিত, তাহা অবশাই উন্নত সমাজ; এবং উপ্লত সমাজ যে সকল শিল্প ও ব্যবসায়ের প্রশ্রেষ বা উৎসাহ দেয়, তাহা অবশ্যই উন্নত এবং উৎকৃষ্ট শিল্প ও ব্যবসায় হইবার কথা। কিন্তু এই সকল শিল্প ও ব্যবসায় যতই উন্নত বা উৎকৃষ্ট হউক না কেন, তাহারা ব্যক্তি-বিশেষ ও বিলাসিবিশেষের অভাব পূরণ করিত মাত্র; জাতীয় সর্ব-সাধারণের অভাব পূরণ করিতে কথনও কোন অংশে নিযুক্ত হইত কি না,তাহার কোনই নিদর্শন কিছু পাওয়া যায় না। গ্রীকের শিল্প ও বাব-সাম্বের ভাব ওরূপ নহে, উহা প্রকৃত জাতীয় আকার ধারণ করিয়াছিল: এবং আজি পর্যান্ত তাহার ভূরি ভূরি নিদর্শন চতুর্দ্দিকে দেদীপামান। গ্রীকেরা যেখানে কোন উচ্চ শিল্প বা বাণিজ্যজ্ঞাত দ্রব্য, উপায় অভাবে বাজিকবিশেষের আত্মসম্পত্তিতে পরিণত কবিয়া বাবহার করিতে পারিত না; সেথানে তাহাকে জাতীয় ব্যবহারে লাগাইয়া সকলেই তাহার ভোগ ও ব্যবহারের অংশভাগী হইত; স্থতরাং অতি দরিদ্র গ্রীকেরও অতি উচ্চতর ও মূল্যবান তত্ত**ে** দ্রব্যে অনাস্থাযুক্ত এবং তাহার উৎ-পাদনে আগ্রহ ও অধ্যবসায় শূন্য হইবার কোন কারণ ছিল না'। ভারতের ভাব অন্যরূপ, তথায় তদ্রপ জাতীয় ভোগ ও ব্যবহারের রীতি ছিল না; স্থতরাং দেরূপ মূল্যবান দ্রব্যের গমন ও গতি একমাত্র ধনি-বিশেষের নিভত ককায়, স্কুতরাং সর্বসোধারণ লোক তাহার উৎপত্তি ও উন্নতি বিষয়ে আস্থাযুক্ত হইবে কি, তাহার অন্তিত্বই তাহাদের জ্ঞাত-সারে আসিত কিনা সন্দেহ। সাধারণ লোক কাজেই সহজোৎপন্ন দেবে সম্ভষ্ট থাকিত এবং কোন একটা মূল্যবান বা বিলাদের পদার্থ সম্বন্ধে, উহা 'আমার অবেশীয় ও অবজাতীয় বলিয়া' তাহার উপর যে একটা জাতীয়ত্বের মমতা তাহা ঘটিত না। স্বদেশীয় ও বিদেশীয় সকল পদার্থ ই সমান চক্ষে দৃষ্ট হইত। জাতীয়ত্বে এই মমতার অভাব দীর্ঘকাল-ব্যাপকতায় স্বভাবে পরিণত হইয়া যাওয়াতে, অন্যাণিও হিন্দৃদস্তান ভাহার ছাত ছাড়াইরা উঠিতে পারে নাই। এখনও বার্কীর বাগানে, বৈঠকখানার, বিলাদ-উদ্দীপক বিলাতি অনক্ষমন্ত্রী, রতিকান, বা রদিক রদিকার ছবির অভাব নাই; কিন্তু কি দেশীর ছবি, কি একটা স্বজাতীয় বা অভাবে যে কোন জাতীয় মহাপুরুষের ছবির সঙ্গে দেখা নাই। এইরূপ যাবতীয় বিষয়ে। যেমন অতি আশ্চর্য্য, তেমনি অতি বিভূষনার কথা বলিতে হইবে। যাউক, আর বাজে কথায় কাক্ত নাই।

প্নশ্চ, রামায়ণদৃষ্টে স্পষ্টতঃ দেখা যার যে,তথন ভারতবর্ধ বছ ধনের সমাগ্রম ও বছ শিল্পের আবির্ভাব হইয়াছে। ক্ষাটিক-গবাক্ষযুক্ত ও ইক্সভবনত্ল্য অত্যাচ্চ অট্টালিকা, স্থরমা উদ্যানমালা, রথ শিবিকা প্রভৃতি যান, মণিমাণিক্যের ছড়াছড়ি, দেশীয় ও বিদেশীয় শিরকাত বছবিধ দ্রব্য সকল, বুকাবলী-শোভিত এবং কৃপ ও পাছনিবাসানিমুক্ত, কাঁকর দিয়া বাঁবা, প্রশন্ত রাজপথ, ইত্যাদির ভ্রঃ উল্লেখে কে না অস্থনান করিবে যে, রামায়ণের সময়ে উত্তর ভারত অত্যন্ত সমৃদ্দিশালী হইয়াছিল। কেবল রামায়ণের প্রমাণ যদি অত্যক্তি বলিয়া অভ্যন্ত-ভাবে প্রহণ করিতে না পারা যায়, তবে মহুসংহিতা দেখ; তথায় বালীকির বর্ণিত সমাজের ন্যায় অস্করূপ উন্নত সমাজের চিহ্ন পাওয়া বাইবে, এবং বলা বাছল্য যে, সেই চিহ্ন বহলাংশে রামায়ণের সময়ের উপর বিনা আগতিতে বর্তিতে পারে।

কিন্তু উপরের চিত্র যতই তৃত্তিকর বা যতই মনোহর হউক, আক্ষেপের বিষয় এই যে তাহা সর্ব্বজনীন ছিল না। এ বিলাস, এ ধন, এ স্বছন্দতা, কোথায় প্রবাহিত হইত ?—ধনীর বরে, রাজার ঘরে; কিন্তু ধনী বা রাজা দেশগুদ্ধ লোক নহে। বিশ্ববাপী রোমরাজ্য, রাজ্যের শেষাবস্থায়, যেমন ছই সহস্র মাত্র পরিরারের স্থ্থোৎপাদন করিত; এবং তথার যেমন অপর লোক চীরমাত্র পরিরাও অথাদ্য

e । রামারণ গাস্প। ইউরোপভূমে শ্লিনীর সময় কাচের ব্যবহার আরম্ভ ইইতে কেবা বার।

ধাইৰা জীবনকাল কাটাইত: ভারতেও তেমনি তাৎকালীক বীৰ্ঘটা क्रियक विश्वकृति अभिवास्त्रत अस्था आवस हिन वनिशा स्वा। এক্লপ ৰটিবার কাংণ পূর্বেই উক্ত হইয়াছে। যেমন বৃদ্ধিতে, লোক সকল ইহলোকিক স্থথে তাদৃশ আসক্তিযুক্ত ছিল না; তেমনি কাজেও, সহজোৎপদ্ধ দ্রব্য এবং এমন কি, পেটের ভাতমাত্রে যথেষ্ট অভাব পূরণ হইল বলিরা বিবেচনা করিত। অথবা, অন্য দৃষ্টিতে দেখিতে গেলে, যেথানেই অন্নসংখ্যক কয়েকটি লোকে অধিক বাহ্য সৌভাগ্যের আড়ম্বর, সেইখানেই কাঙ্গালের দশা সকল কালে সমাম। রাজকব যদিও অভি সামান্য এবং রাজশাসন মোটের উপর যদিও শান্তিলারক ছিল বটে; কিন্তু ষেধানে সর্বতোমুখী ক্ষমতা একজনের ছাতে নাল্ড, সেখালে যে সময়ে সময়ে ব্যতিক্রম ঘটত না; এমন হইতেই পারে না। ভাহার পর, রাজকর্মচারীর অত্যাচার বা প্রজার ধনরক্ষায় রাজার অমনোযোগিতা, ইত্যাদি জাটিও প্রজার নির্ধনতার পক্ষে অপর কারণ: এই শেষোক্ত কারণ বোধ হয় সময়ে সময়ে বিশেষরূপে প্রবল হইত: যেছেতু দেখিতে পাওয়া যায় যে, কৃষক, আপন আবশ্যকের অতিরিক্ত কিছু বেশী ধন উপাৰ্জ্জন করিলে, তাহা ভয়প্রযুক্ত ভূগর্ভে প্রোথিত করিয়া রাখিত। ৫১

ফলতঃ সৌভাগ্যাদি যথন জাতিগত না হইরা "ব্যক্তিবিশেষগত হয়, তথন সেই সৌভাগ্য এবং শিলাদি, যতই উন্নতি প্রাপ্ত ইউক না কেন, স্থানী কোন চিহ্ন এ জগতে রাধিনা যাইতে পারে না। শিল সৌভাগ্যাদি জাতিগত হইলে, সাধারণতঃ এরূপ হয় না; তথন তাহা দের ফলত্বরূপ জাতীর কীর্ত্তি প্রায়ই নানা রূপে স্থানী হইয়া, জাতীর মহাপ্রাপতার সাক্ষ্য প্রদান করিরা থাকে। এই কারণে গ্রীক শিল্প ও সৌভাগ্যাদি, ভারতীয় শিল্প ও সৌভাগ্যাদির অপেকা, কতই অপুর্ক

८३। अदल्लेश्वानकाट्य, तात्र क्रांस वाहेरक वितिष्ठा, त्वारक प्रस्तुष्ठ। देकरकरी
 शृञ्जिकरणेत्र तालरण वाग कतिराज क्षेरत এहे ज्ञात किराजर्क,

[&]quot;সমুক্তানি ধনানি পরিধক্তাজিরাণিচ। উপাত্ধনধানানি হতসারাণি মর্কাশঃ॥"

অপূর্ক কীর্ত্তি সকল কালসমকে দণ্ডায়মান রাখিতে সক্ষম হইয়াছে। গ্রীকের ধনবতা ভারতের শতাংশের একাংশ নহে বটে, কিন্তু তথাপি গ্রীক তাহার ধনবতার যে মনোহর চিহ্ন সকল রাথিয়া গিয়াছে: ভারত তাহার শতাংশের একাংশ রাখিতেও সমর্থ হয় নাই। ভারত যাহা রাখিয়া গিয়াছে, তাহা কেবল পুঁথিগত খেয়ালপূর্ণ কতকগুলি বর্ণনাঘটামাত্র। মিদরও ধর্মোন্মত্ত ছিল, কিন্তু তথাপি ত অনেক কীর্ত্তি রাখিয়া গিয়াছে ! সত্য বটে, কিন্তু মিসরের রাখা আর ভারতের না রাখা, এ উভয়কে সমশ্রেণীর ও সমকারণসভূত বলিলে বলা যায়। মিসর কীর্ত্তি অনেক রাখিয়া গিয়াছে বটে, কিন্তু সে সকল জাতীয় কীর্ত্তি নহে: তাহাও ব্যক্তিগত,—তাহা ব্যক্তিবিশেষের ধর্মোনাদ এবং মিদরীয় প্রলোকবৃদ্ধি ছইতে উৎপন্ন। ভারতের ধর্মবৃদ্ধি এবং পরলোকবৃদ্ধি পতন্ত্র। একে স্বতন্ত্র; তাহাতে আবার যে পর্য্যায়ের ধর্ম্মোনাদে লৌকিক ঘোরঘটা ও আড়ম্বর উৎপন্ন হইতে পারে, ভারত তাহাকেও অনেকদুর অতিক্রম করিয়াছিল—"জ্ঞানং বিমোক্ষায় ন কর্ম্মাধনং।" অতএব যে ধর্ম ও পরলোকবৃদ্ধি হইতে মিসরে কীর্ত্তি, তাহারই ফলে ভারতে কীর্ভিশ্ন্যতা। দ্বিতীয়তঃ, মিসর এবং ভারত উভয়ে,অন্ন করেক জনের বরে অপরিমিত ধনসঞ্চয় হেতু সাধারণে দারিদ্র্য ও শ্রমস্থলভতা ঘটিবাতে: ভারতীয় ধনী যেথানে বিলাস কল্পনা করিত. মিস্রীয় ধনী সেথানে প্রলোক জাগান কীর্ত্তি কল্পনায় সক্ষম হইতে ু পারিত, এইমাত্র প্রভেদ;—উভয়ে কারণ এক,কার্য্যে কেবল থেয়ালভেদ সাত্র। সে যাহা হউক, এখন সোভাগ্য বল, সামাজিকতা বল, রাজনীতি বল, বা যাহাই বল, যতকণ তাহা স্বজনীন না হইবে এবং যতকণ তাহাতে দর্মসাধারণ লোক অংশভাগী ও উৎসাহিত হইতে না পারিবে. ভতক্ষণ তাহা উজ্জ্ব ও স্থারী চিত্রপ্রদর্শনে এবং জাতীর জীবনের ভিত্তি দুঢ়বন্ধনে কথন সমর্থ হইবে না। সকল স্থানেই, নিম খেণীর দরিদ্রতা, সাধারণতঃ জাতীয় জীবনের দৃঢ়বন্ধন পক্ষে অন্তরায় স্বরূপ হয়; কিন্ত ভারতের পক্ষে, বিশেষতঃ আধুনিক ভারতের পক্ষে, তাহাত আছেই:

অধিক ভ ভারতীয় অনাস্থায়ুক্ত মানবপ্রকৃতি তাহাতে শোণার সোহাগা স্বরূপ হইরা দাঁড়াইরাছে! একের জালার রক্ষা নাই, তাহার উপর এই বৃগলসংযোগ! বাহারাম, বদি আবার জাতীর সোহাগ্যের প্রার্থী হও, তবে এরূপ নির্বিবাদী ঔদাস্যপূর্ণ প্রকৃতি অপ্রে সংশোধন কর; তাহার পর সর্ব্বজনীন ভাবের অন্তর্বায় বাহা বাহা, তাহা কায়মনে নিপাত কর। সাধারণ লোককে অপ্রে উথিত কর, নতুবা মঙ্গলের স্ক্রাবনা নাই। তুমি একা উঠিলে ফল কি, তোমার পুঠবল কোথার প্

কৃষিশির্মাদি সম্বন্ধে যে চিত্র দেখা গেল, বাণিজাবিষয়ক চিত্র যে তাহা অপেকা কিছু অধিক মনোহর, তাহা নহে। ভাল দেখা বাউক। অন্তর্বাণিজ্য অর্থাৎ দেশমধ্যে যে বাণিজ্যের চলাচল হইয়া থাকে, তাহার বিষয় কিছু বলিবার আবেশুক রাথে না। যথন দেখা বাইতেছে বে, অসভ্য সমাজের মধ্যেও অন্তর্বাণিজ্যের চালনা রহিয়া থাকে, তথন এই সভ্য সমাজেও যে ছিল তাহা ব্রাইতে যাওয়া সময় অপব্যয়মাত্র। সমাজের সভ্যতা ও সোভাগ্যাবস্থা, প্রচুর পরিমাণে কৃষিজাত জব্যের উৎপত্তি, লোক এবং জ্বাাদি চলাচলের জন্য বান ও রাজপথাদি, এবং এরূপ নদীমাতৃক দেশে নৌকাগমনাগমনের বহল উল্লেখ, এই সকলকে যদি সে কালের অন্তর্বাণিজ্যের বহুবিস্তৃতি পক্ষে বহিশিক্ত স্বরূপ থায়ে; তাহা হইলে ভারতীয় প্রাচীন গ্রন্থাদিতে তাহাদের এতই উল্লেখ আছে যে, তাহাতে ভারতের তাৎকালিক মন্তর্বাণিজ্য অতি সমৃদ্ধিশালী ছিল বলিয়াই বলিতে হয়। আমরাও, এথানে তল্পপ বলিয়া ক্লান্ত হইলাম। অতঃপর বহিবাণিজ্যের বিষয় কিঞ্চিৎ দেখা যাউক।

ধনাগমের প্রধান উপায় স্বরূপ বৈদেশিক বাণিজ্যের অবস্থা, সেই প্রাচীন সময়ে কিরূপ বিস্তৃত ও উন্নতিশালী হইয়াছিল, তাহা আলোচনা করা বাইতেছে। এথানে প্রায়ই অন্ধকারে পদক্ষেপ করিতে হইবে। বিদেশ-বাণিজ্য সম্বন্ধে "বণিজো দ্রগামিনঃ" ইহা বান্ধীকি কর্তুক অসংখ্য বার উল্লিখিত হইয়াছে। পুনশ্চ, রামায়ণে দ্বীপবাদী এবং সামুদ্রিক বণিকের তত অধিক পরিমাণে উল্লেখ না পাওরা বাউক, কিন্তু পাওরা বার। রামারণের এক স্থানে লিখিত আছে, "উত্তর পশ্চিম এবং দক্ষিণ দেশস্থ স্থীপবাসী এবং সামুদ্রিক বণিকেরা রক্ক উপহার প্রদান করুক।" ৫২

এখানে দেখা যাইতেছে যে, বহদূরগামী বাণিজ্ঞা কেবল হলপথে মতে, জলপথেও আছে। জলপথে গমন কেবল বাল্মীকির সময়ে নছে, বৈদিক আমলেও ইহার উল্লেখ দেখিতে পাওয়া যায়। (১-১১৬,১-২৫,৭-৮৮) "নাব সামুজীয়" বাক্যের উল্লেখে, অবশ্যই সমুক্তগামী জাহাজ বলিয়া প্রতীত হইবে। কিন্তু এথন কথা এই যে, এ সমূদ্র-গমন আর্য্যেরা আপনারা করিতেন, না অন্যকে গমনাগমন করিতে দেখিয়া "নাবসামূদ্রীয়" শব্দ মন্ত্রমধ্যে গাঁথিয়া রাখিরাছেন ? বাহা হউক, এখানে একটি বিষয় কিন্তু নিশ্চয়রূপে প্রতিপন্ন ছইতেছে বে. আর্য্যেরাই জাহাজে চড়িয়া অন্যের দেশে ঘাউন বা অন্যেই জাহাজে চড়িয়া তাঁহাদের দেশে আম্রক, এ ছয়ের যে কোন হতে হউক, জাহাজী বাণিজ্যের তৎকালে দেশমধ্যে একেবারে **অপ্র**চার ছিল না। তাহার পর কথা এই, আর্যোরা বদি জাহাজে চড়িয়া না যাইতেন, তবে আদিত কাহারা ? অথবা আর্যোরা যে সত্য সত্যই একেবারে জাহাজে চড়িতেন না তাই বা বলি কি করিয়া। পরবর্তী গ্রন্থ মনুতে ভূরোভূমঃ সমুদ্রগামীর কথার উল্লেখ এবং তাহাদের সম্বন্ধে नानाकुल वावशां निर्मिष्ठे श्रेयार । आवात नातनीरम नर्पास्र

"----সমুদ্রবাতা স্বীকার:।

ইমান্ ধর্মান্ কলো বৃগে বর্জ্যানাছর্মনীবিণ: ॥"
পূর্ক্কালীন সমুজ্যাত্রা-প্রথা হুচনা করিয়া, কলিয়ৃগে তাহা নিবিদ্ধ বলা
হইয়াছে। স্থতরাং মানিতে হইবে যে প্রাচীনকালে আর্য্যেরা, অল্ল
হউক বা অধিক হউক, সমুজ্যমনে একবারে বিমুথ ছিলেন না। কিন্তু

আবার ঐ মন্তে (২।২৩-২৩) দেখ, তথার আর্য্য বাসস্থান সম্বন্ধে শেষ নির্দেশ এই করা হইরাছে যে, ক্লফ্র্যার মূগ স্বভাবত: যেথানে যেথানে বিচৰণ করে, তাহাই বাজিক দেশ: তাহাতেই আর্য্যেরা অধিবাদ করিতে পারেন, অন্যত্ত কলাপি নহে। কিন্তু শুক্তের পক্ষে এ বিধান নাই, তাহারা জীবিকার্থে যথায় তথায় গমন এবং বাদে সমর্থ। ৩ এ কথা সম্ভবতঃ বাল্মীকির সময়েও থাটে। আবার বাল্মীকির পরবর্ত্তী সময়ের ঘটনাবলী যদি ইহার কিছুমাত্র প্রতিপোষক হয়, তবে দেখা যায় যে Sarmancherya (সম্ভবতঃ শূর্ম্মণাচার্য্য) নামে এক ব্রাহ্মণ গ্রীক ভূমে গমনান্তর, স্লেচ্ছদেশে আগমনে আপনাকে পতিত জ্ঞান করিয়া. প্রারশ্চিত্তস্করপ আথেন্স নগরে অগ্নিপ্রবেশ করে। এরপ কল্যান নামে আর এক প্রাহ্মণ আলেকজাণ্ডারের সহগামী হইয়া, ঐ একই কারণ হেতু Pasargada (পাদগর্দা) নগরে অগ্নিপ্রবেশ করিয়া-ছিল। অতএব ধর্মভীক ভারতে, স্বদেশপরিত্যাগ এবং মেচ্ছদেশে গমন ধখন এমন দৃষণীয়, তখন কিরুপেই বা নির্ণয় করিতে পারা ষায় যে, ভারতীয়েরা সমুদ্রপথে পোতারোহণপূর্বক অতি দূরদেশে গমনাগমন এবং বিদেশবাণিজ্য সম্পন্ন করিতেন। হিন্দু দাঁড়ী মাঝি লইয়া সমুদ্র-याळा (यन तकान भएक मभाषा इहेन; किन्छ त्य (मान मह वानिका করিতে হইবে, সে দেশে সম্ভবতঃ কতকগুলি লোককে আজীবন না হউক, কিছু দিনের জন্য ত বাস করিয়া থাকিতে হইবে। সে সময়ে সামুদ্রিক জলপথে গতিবিধি থাকিলেও, নিঃসন্দেহ উন্নত ভাবের ছিল না: স্বতরাং যাওয়া আসার স্থবিধার অভাবে, সে কিছুদিন বাস নেহাত किছ्निन नरह। आत्र छ कथा, यनि ध किছू निरनत विरम्भवारम स्नाय ना পড়ে, তবে কাৰোজ প্রভৃতি প্রদেশীয় লোকেরা কেন মেছত্ব প্রাপ্ত হইল ? কিলাযদি বলা যায়, শুদ্রেরা যদুচ্ছা গমনে দক্ষম, স্থুতরাং

৫০। Hero. vii 65, 86. dc. একিদেশে বৃদ্ধণামী দৈনামধ্যে ভারতীয় পদাতি ও অবারোহীয় উল্লেখ পাওয়া যায়। ইহায়া কিয়প ভারতীয় তাহা জ্ঞাত নহি। হইতে পারে, ভারতত্ব পার্ক্কভীয় বা তক্রপ অপয়াপয় কোন নিকৃষ্ট জাতি হইবে।

তাহাদের বারা বিদেশবাণিজ্য সমাধা হইত; তাহা হইবে জিজ্ঞাস্য,
শৃলেরা সমাজে তবে এত হীন ও নির্ধন হইল কেন ? বিশেষতঃ দেখা
যায়, শৃলেরা সমাজের মধ্যে সর্বাদাই সন্দেহের পাত্র; এমন কি, মহু
তাহাদের সঙ্গে একাকী পথ চলাচল পর্যান্ত নিষেধ করিয়াছেন।
অতএব এরূপ শৃলের হাতে যে ধনাগমের উপায় স্বরূপ বাণিজ্যভার
অর্পণ করিয়া আর্যোরা নিশ্চিন্ত থাকিবেন, এরূপ বোধ হয় না।
এই সক্ল কারণে আপাততঃ কোধ হইতে শীরে যে, আর্যোরা
সম্দ্র্যাত্রার যে বাণিজ্য করিতেন, তাহা ক্ষ্ণসার বিচরিত দেশমধ্যেই
আবদ্ধ ছিল; অর্থাৎ ভারতেরই অধ্বেশিত উপকূলভাগ এবং দল্লিকটছ
দ্বীপপুঞ্জ সহ তাঁহাদের সামুদ্ধিক বাণিজ্য সমাধা হইত।

কিন্তু প্রকৃতপক্ষে হিন্দুরা ততটা সন্ধীর্ণদেশে আবদ্ধ ছিলেন না। শর্মণাচার্য্য ও কল্যাণ শর্মা ফ্লেচ্ছদেশগমনে নিজেকে পতিত জ্ঞান করিলেও এবং মমু প্রভৃতিতে ক্লফ্ষ্যার-বিচরিত দেশের অতিরিক্ত গমনে বিধিবিধান না থাকিলেও, সে প্রাচীন কালে হিন্দুরা কার্য্যতঃ এতটা বিধিব্যবস্থা মানিয়া আপনাকে কুঞ্চিতপদ করেন নাই। শর্মণা-চার্য, ও কল্যাণ শর্মা, উভয়ই সংসারত্যাগী বান প্রস্থাবলম্বী। সংসার-ত্যাগীর ধর্ম ও বিধিনিষেধ হইতে, সংসারীর ধর্ম ও বিধি^{নি}ষেধ হিন্দু-সমাজের মধ্যে সকল কালেই পৃথক্। এজন্য অনেক বিষয়ে দেখা যায় যে, যে আচরণ একের পক্ষে নিষিদ্ধ, অন্যের পক্ষে তাহা প্রশস্ত। অতএব শর্মণাচার্য্য প্রভৃতি যেখানে পতিত জ্ঞান করিতেন, সংসারিগণ সেখানে সেরূপ পতিত জ্ঞান নাও করিতে পারেন। তাহার পর. মমুদংহিতা প্রভৃতিতে যত বিধিনিষেধ দেখিতে পাওয়া যায়, সকলেই যে সংহিতার সঙ্গে সমপ্রাচীন, তাহা নহে: কালক্রমে প্রক্রিপ্ত অংশও ভাছাতে অনেক যুটিয়াছিল। এখন কে বলিতে পারে বে,দূরদেশগমনের নিষেধাত্মক বিধি দকল দেইরূপ প্রক্রিপ্ত অংশভূত নছে। ফুল্ড: প্রাচীন কালের প্রচলিত বাবহার বাহা দেখা বার, তাহা বেন সে সকল নিষেধকে প্রক্রিপ্ত স্বরূপই প্রমাণ করাইছা থাকে।

কার্যাতঃ আমরা দেখিতে পাই যে, যে ক্লেছদেশগমনে শর্মণাচার্যা ও কল্যাণ পতিত জ্ঞান করিয়াছিলেন; সেই স্লেক্কন্যাকে স্থাবার হিন্দুরাজ চন্দ্রগুপ্ত পদ্মীদ্বে গ্রহণ করিয়াছিলেন অথচ পতিত হয়েন নাই। ফলত: তৎকালে বাক্তিরাদেশস্থ গ্রীকদের সঙ্গে বিবাহসম্বন্ধ অনেক হিন্দুরই ঘটয়াছিল। পুরাণ ও মহাভারত প্রভৃতিতে দেখিতে পাওয়া যায় যে, অনেক হিন্দু রাজা বা রাজপুরুষ, দিখিজয় প্রসঙ্গ বা তথাবিধ কারণে, সক্রীন্য ফ্রেছনেক্রশ গমনপূর্বক বছদিন তথায় বিনা বাধার অবস্থিতি করিতেছে। প্রাচীন গ্রীকগ্রন্থকার আরিয়ান কহেন যে, বছ প্রাচীন কাল হইতে, এমন কি তাহার নিজ সময়ে পর্যান্ত, যে সকল ভারতীয় ব্যবসায়দারগণ নানাবিধ বাণিজ্যদ্রব্য গ্রীকভূমে আনয়ন করিত; তাহারা মুক্তারও ব্যবসায় চালাইত এবং তাহারা নানা বিদেশীয় বন্দর সকলে গিয়া মুক্তা বিক্রন্ত করিয়া আসিত। আরিয়ান আরও কহেন যে, অতি পূর্বকালে ধনবান্ গ্রীকেরা যেরূপ আগ্রহপূর্বক মুক্তা কিনিত: বর্ত্তমান অর্থাৎ আরিয়ানের নিজ সময়ে রোমকেরা সেইরূপ আগ্রহের সহিত কিনিয়া থাকে। ৫৩ক অতএব ভারতীয়েরা যে গ্রীস ও অন্যান্য বিদেশীয় বন্দর সকলে স্বয়ং গমনপূর্বক ব্যবসায় চালাইত, এইত তাহার ভাল ও অথগুনীয় চাকুষ প্রমাণ পাওয়া যাইতেছে। খুষ্টের প্রথম শতাকীতে আমরা দেখিতে পাই যে, সকোটাদ্বীপের অধিবাদীরা অনেকে, গ্রীক ও ভারতীয়দিগের সান্ধর্য্যে উৎপন্ধ: ৫১ কাজেই এথানে ধরিতে হইবে যে তাহার বহপূর্ব হইতেই ভারতীয়দিগের তথার গতিবিধি ছিল। জাবা ও বালী দ্বীপত্ব ত্রাহ্মণাদি জাতিচতৃষ্ট্য সমন্বিত হিন্দু অধিবাসীদিগের সম্বন্ধেও অবিকল এরপ কথা বলা যাইতে পারে। পুরাণে বলিতেছে বটে যে কলিযুগে সমুত্রবাত্রা প্রভৃতি নিষেধ, ৫৫ কিন্ত তথাপি অধুনাতন কালে, প্রায়

^{¢≎♥ |} Arr. Ind. VIII.

es | Peri. 30.

৫০। সেই একই শাল্লীয় বচনে, সমুক্তবাতার ন্যায় অব্যেপও কলিয়ুগে নিবিদ্ধ।
 লগচ কিন্তু দেবা বায়, মুনলমানাক্রমণের অব্যবহিতপূর্বে, কাণায়ুক্তবায় অব্যেপ্ত

পঞ্চদশ শত বৎসর পূর্বেও, আমরা দেখিতে পাই যে, হিন্দুরা নিজে জাহাজ চালনা করিয়া তমলুক হইতে লঙ্কা, লঙ্কা হইতে জাবা এবং তথা হইতে চীনদেশ পর্যান্ত গমনাগমন করিতেছেন। যে জাহাজে চীন পরিবাজক ফাহিয়াং জাবা হইতে চীনে গমন করেন, তাহা হিন্দুজাহাজ এবং তাহাতে অনেক ব্রাহ্মণ পথিকও ছিল। ঐ জাহাক একবার তুফানে পতিত হইলে,দেই ব্রাহ্মণেরা, ফাহিয়াং বিধ্যমী,স্থতরাং তাহাকে অমঙ্গলের কারণ স্বরূপ অনুমান করিয়া, তাহাকে সমুদ্রে ফেলিয়া দিতে প্রস্তুত হয়; ফাহিয়াং দানপতি নামে একজন মুরুব্বীর অনুগ্রহে কেবল তাহাতে রক্ষা পাইয়াছিলেন। সে যাহা হউক, এত-ন্দারা ইহা স্পষ্টতঃ দৃষ্ট হইতেছে যে,এখনও ব্রাহ্মণদিগের যদুচ্ছা গমনাদি আচারে যথেষ্ঠ স্বাধীনতা রহিয়াছে এবং বর্ত্তমানের ন্যায় সঙ্কীর্ণতা তথনও উপস্থিত হয় নাই। পারসাদেশে হিন্দুরা অতি প্রাচীনকাল হইতেই বিনা বাধায় যাতায়াত করিত:--পার্স্যুরাজ সভাসদ গ্রীকবৈদ্য ক্তিসিয়াসও অনেক হিন্দুর তথায় গমনাগমন দেখিতে পাইয়াছিলেন। ৫৭ হিরোদোতদের দ্বারাও ইহা উক্ত যে, পারস্য-রাজের দৈনামধ্যে অনেক ভারতীয় সেনা ছিল। ৫৮

এই সকল দৃষ্টান্ত দারা স্পাষ্টতঃ লক্ষিত হইতেছে যে, প্রাচীনকালে হিন্দুরা আবশ্যকাত্মসারে যদৃচ্ছা বিদেশে গমন করিতেন এবং তাহাতে তাঁহাদের এথনকার ন্যায় জাতিচ্যুত হইতে হইত না। ফলতঃ

অস্ঠান করিতেছেন এবং সেই হত্তে কাণাকুজেখর ও পৃথুরাজের মধ্যে বিষম সনান্তর উপস্থিত হইরাছে। এডদারা লার কিছুনা হউক, এটা বেশ প্রমাণিত হয় যে, উক্ নিবেধবিধি অতিশয় আধুনিক এবং প্রক্রিপ্ত: নতুবা এ কথা বলিতে পারা বার না যে, কাণাকুজেখনের সভায় শাস্ত্রজ্ঞ ছিল না, বা রাজা শাস্ত্রবিধি লজন করিয়াছিলেন। উক নিবেধবিধি নারদীর ও মার্কণ্ডেয় প্রাণ ছুইটিতে দেখিতে পাওয়া বায়। একপ আধুনিক ও প্রক্রিপ্ত বিধি অনেক আছে এবং সে সকলের বারা আচারপথে হিন্দুকাতির নানার্রপেই প্রক্রেষ্ঠিক হাইছাছে।

et | Beal's Budhist Records of the Western World V. 1 pp. XXXI.

eg | Kts. Fr.

^{€ |} Hero, vii 65 and 86.

মুসলমান অধিকারের অব্যবহিত্তকাল পর্যান্ত, হিন্দুদিগের আচারে অনেকটা স্বাধীনতা ছিল। উচ্চ ক্লাতিরা নিমন্ত জাতির কন্যা গ্রহণ করিতে পারিত। বিধবারা দেবরের দারা স্থতোৎপত্তি করিত।^{৫৯} উচ্চ জাতি নীচ জাতির অন্ন,স্থলবিশেষে গ্রহণ করিলে পতিত হইত না। মন্ত্রও এ সকল আচার-স্বাধীনতার পোষণ ভিন্ন বিরুদ্ধাচরণ করেন নাই: তিনি অবস্থাবিশেষে আপন চাকরের অন্ন থাইতে বিধি দিয়াছেন এবং বৈশাজাতির পক্ষে সর্বনাগারণের প্রয়োজনীয় স্থপকার বৃত্তিও নির্দেশ করিয়াছেন। প্রাচীন হিন্দুগ্রন্থ সকলে উচ্চ নীচ জাতিভেদে, অমতেদ অতি কমই দেখা যায়: — বাহ্মণেরা ক্ষত্রিয়ের অল থাইতেন ৬০ এবং গোপারভোজী ক্ষাবলরামকে ক্ষত্রিয় সমাজে উঠিতে কোনই ক্লেশ পাইতে হয় নাই, ইত্যাদি। ভীম ও অর্জুন রাক্ষপ ও নাগকন্যা প্রভৃতি বিবাহ করিতেছেন এবং বিশেষ বিশেষ স্বয়ম্বরস্থলে, পণপুরণের দ্বারা যে কোন জাতি কন্যাগ্রহণের অনুমতি পাইতেছে। খুষ্টায় পূর্ব প্রথম শতাব্দির লিখিত নাটক মুচ্ছকটিকে দেখা যায় যে, বেশ্যাকন্যা বসস্তবেনা স্বচ্ছনে ও অবিরোধে ব্রহ্মেণ চারুদত্তের পত্নীতে গৃহীত হইয়াছে। মন্তুতে আছে বটে যে,ক্ষুসার-বিচরিত দেশের স্বতীত স্থানে হিন্দুর থাকা নিষেধ; কিন্তু এ দিকে ত্রয়োদশ শতবর্ষ পূর্বেও, চীন পরিব্রাজক হিয়াংসাং দেখিয়াছিলেন যে, তদ্ধপ দেশে এবং ভারতের সীমাতিরিক্ত স্থানে হিন্দুরা স্বচ্ছন্দে বসতবাস করিতেছে।৬১ অতএব

৫৯। অদ্যাণিও উড়িয়াদেশে এই প্রথা প্রচলিত আছে। তথায় জ্যোটের বিধবা স্ত্রীকে কনিঠ স্ত্রীতে গ্রহণ করিয়া থাকে। এজনা বোধ হয়, উহার বিরুদ্ধবাদী আধুনিক বিধি বথাকালে উড়িয়াদের মধ্যে পৌছে নাই বা পৌছিয়াও খীয় বিক্রম প্রকাশ করিতে পারে নাই।

৬ । ক্ষত্রিরের পুরোহিত স্বার্থৎ ত্রাহ্মণেরা এখনও যজমানের অন্ধ গ্রহণ করিলা থাকে।

৬১ | Hiuen Taiang—Si-yu-ki. Book I. মধ্য আসিয়াতে কুলগ-টাগি পর্বতের মিকট কুচানামক অংশণ, কোহিতানের উত্তর কণিশা নামক অংশণ,

প্রভাক ঘটনা এবং বর্ত্তমান আকার প্রাপ্ত শাস্ত্রীয় বিধিনিষেধ, এ উভরের বিরোধভঞ্জন ও মিলন করা বড়ই কঠিন। এজন্য কাজেই ক্ষন্থমান করিতে হয় যে, প্রাচীনকালে হিন্দুদের কি গমনাগমন, কি ক্ষাহারব্যবহার, এ সকলেতে যথেইই স্বাধীনতা ছিল এবং তাহার বিরুদ্ধবাদী বিধিনিষেধ যে সকল তাহা প্রায়ই আধুনিক এবং প্রক্রিপ্ত।

হিল্পুর দ্রদেশে গমনাগমনের পারগতা সম্বন্ধে এই পর্যান্ত । একণে হিল্পুর নিজের জাহাজ ছিল কি না তাহা দেখা যাউক । উপরে ফাহিরাঙের ব্দেশগমন সম্বন্ধীর ঘটনার উল্লেখে দেখান হইরাছে যে, প্রীর চতুর্থ শতালীতে হিল্পু আপন জাহাজে তমলুক হইতে লহা, লহা হইতে যব (জাবা) ও বালীদ্বীপ, এবং তথা হইতে চীনে গমন করিত। ফাহিয়াং বে জাহাজে গিয়াছিলেন, তাহাতে প্রায় হই শত লোক ছিল, তদ্বাতীত তাহা যত দিন সমুদ্রে ছিল ও তাহার যেরূপ তুফানে পতিত হওয়ার বর্ণনা আছে, তাহাতে সে জাহাজকে সামান্য গঠনের এবং জাহাজচালনার কৌশলকে সামান্য ধরণের বলিয়া কোন মতেই বলিতে পারা যায় না। খ্রীর সপ্তম শতালীতেও, হিয়াংসাং তমলুক হইতে উক্ত পথ সমুদারে, হিল্পু জাহাজ-গমনাগমনের প্রচলন দেখিয়াছিলেন। একণে খ্রীয় চতুর্থ শতালীর পূর্বের পরিচয় বদি অন্মন্ধান করা যায়, তাহা হইলে দেখিতে পাওয়া যায় ব্যে, খ্রীয় প্রথম শতালীর প্রন্থ পেরিয়ুদে লেখা আছে, ভারতীয়েরা জাহাজে করিয়া এডেনের বলর বদ্বর পর্যান্ত আদিত ৩২ পুনশ্চ প্রীনিষ্ক প্রান্থ

কাব্ল নদের উষ্টরন্থ আমথান প্রদেশ ও নগরহার বা আলালাবাদ প্রদেশ, ইত্যাদি ভারতবহিত্ত হানে হিনাসোং কর্তৃক হিন্দুজাতির বসতবাস দৃষ্ট হইরাছিল। যে কাবোজবাসী মুক্তে জাতিচ্তে বলিয়া কথিত, সে কাবোজ ঐ সকল প্রদেশ অপেক্ষা ভারতের অনেক নিকট,এবং সেখানেও হিনাগোং কর্তৃক হিন্দুর অতিত দৃষ্ট হইয়াছিল। কিন্তু তাহার পর যথন মুসলমানের প্রাহ্ডাব হইল, তথন আর ঐ সকল দেশ হিন্দু রহিল না।

^{42 |} Mc crindel's Peri PP 85.

উক্ত যে,ভারতীয় পশ্চিম সম্দ্রে জলদস্থার প্রান্থভাব অত্যন্ত বেশী পাকার, ভারতীয় রাজারা তাহাদিগকে দমন করিবার নিমিত্ত প্রতি বংসর ধমুর্জারী যোজা সমেত সমুদ্রে জাহাজ সকল প্রেরণ করিতেন। প্রীনিজারেও বলেন যে, ভারতীয় জাহাজ সকল, ভারতীয় বন্দর হইতে আফুকার উপকূলস্থ বন্দর সকলে গমনাগমন করিত।৬০ অতঃপর আরও প্রাচীন পরিচয় অহুসন্ধান করিলে দেখা যায় যে, গৃষ্টীয় পূর্ব্ব ভূতীর শতাব্দীতে, মিসরের রাজা প্রলেমী ফিলাডেল্ফোস্, ভারত ও মিসরের মধ্যে সামুদ্রিক বাণিজ্য চলাচল সম্বন্ধে, আর্মিনোয়ের পরিবর্গ্তে মিওস্ হরমুজকে (বর্ত্তমান জিফাতান) বাণিজ্যবন্দর বলিয়া নিরূপণ করিতেছে। ঐ বা উহার নিকটবর্ত্তী সময়ে, ভারতে জাহাজনির্দ্মাণকারীরও উল্লেখ দেখিতে পাওরা যায়।৬৪ আরও প্রাচীন পরিচম্ব অন্থলনে করিলে, রামায়ণ ও মন্থ এবং অবশেষে বেদের "নাবসামূলীয়"৬৫ প্রভৃতির উল্লেখে প্রাচীনকালীয় জাহাজযোগে সমুদ্রগমনাগমনের অন্তিম্ব স্থাকার করিরা কান্ত হইতে হয়।

সে বাহা ইউক, ভারতীয় প্রাচান সমুদ্রগমনাগমন যতই প্রমাণিত করা যাউক না কেন, বর্ত্তমান জাহাজী কালের ত্লনায় তাহা যে মতি নগণা ছিল তাহা বালাই বাহলা। কিন্তু তথাপি, দেই মতি প্রাচীনকালে দ্রবর্ত্তী দেশ সকলের সহ ভারতের জলপথে বাণিজা তাদৃশ বহুলতাবিশিষ্ট না থাকিলেও, দেখিতে পাওয়া যায় বে, পাশচাতা ভ্লাগের তংকালপরিচিত দ্রতম দেশে পর্যান্ত, ভারতের ধনবতা ও গৌরব সর্বাদা ধ্রনিত হইত; এবং তাৎকালিক প্রায় সকল সভা দেশেই এরপ নানাপ্রকার দ্রব্য সকল ব্যবহৃত হইত, যাহাদের জন্ম কেবল এক ভারতবর্ষেই সম্ভব এবং সম্ভবতঃ কেবল ভারতবর্ষই তৎকালে তাহাদের জন্মভূমি ছিল। কিন্তু ইহা কিরপে সম্ভবে ও ভারতের বিনেশগমন যথায়ও উপরে আলোচিত হইল। গ্রীক্দিগেরও সে প্রাচীন কালে তহিষ্ব্যে বিশেষ

اده Pliny VI-XXVI.

^{68 |} Arr. Ind. XII.

निश्ना मुद्दे हम ना । दहांमाद्वाद नम्दम, निविद्या धवर मिनवरानन दक्वन জনশ্রুতিতে পরিচিত ছিল: ইটালী একবারেই অপুরিক্সাত ছিল; এমন কি ক্ষুদাগরের অন্তিত্ব পর্যান্ত কেহ জ্ঞাত ছিল না। বিশেষতঃ হেদিওদের গ্রন্থে, সমুদ্রবাত্রা বেরূপ ভরাবহ এবং জাহাজগঠন-প্রণালী বেরূপ কুৎনিৎ ৰলিয়া অমুমিত হয়:৬৬ তাহাতে সে সময়ে দুর্দেশাদিতে, কি স্থলপথে কি জলপথে,গ্রীকদিগের গমনাগমন অতি সংকীর্ণই ছিল বলিতে হইবে। তথাপি, দেই গ্রীদে এমন অনেক বস্তুর ব্যবহার তৎকালে দেখা যায় যে, যাহার জন্মস্থান কেবল ভারতবর্ষ। ঐক্রপ পুরাতন বাইবেল গ্রন্থের यवाध्यात्य वर्षिक व्यक्तित तमक त्य प्रकल खवः शिक्ततम् वामनानी शहेक. ভাহাদের অবস্থাগত বিবরণ দৃষ্টে পণ্ডিতবর মক্ষমূলর বিবেচনা করেন যে, দে সকল দ্রবা ভারতবর্ষে জাত এবং অফির দেশ সৌবীর দেশের নামের অপভংশমাত্র।৬৭ বাইবেল গ্রন্থের আরে এক স্থলে৬৮ টারর নপরের ঐশ্বর্যা বর্ণনে জানা যায় যে, তদেশে নাল, উত্তমোত্তম কার্পাদবস্ত্র এবং নানাবিধ প্রের কাজযুক্ত পট্রবন্ত্র, পলা, মুক্তা ইত্যাদি আমদানী হইত। ইহাদের সকলেই যে ভারতে উৎপন্ন এমন নহে, কিন্ধু সে সমস্ত যে ভারতবর্ষ ও ডল্লিকটস্থ অন্তান্ত পূর্বাদেশজাত দ্রব্য, তৎপক্ষে দন্দেহ অতি অল্লই। এখন সেই সকল দ্রবা যদি সতা সতাই পূর্বদেশজ হয়, তবে দেই স্তত্তে ভারতবর্ষের সঙ্গে তাৎকালিক পাশ্চাত্য বাণিজ্যের সম্বন্ধ অক্ষণভাবে স্থাপিত হইতে পারে। নীল বহুপর্বকাল হইতে এবং আমেরিকার যতদিন পর্যাস্ত তাহা আবাদ না হইয়াছিল তত দিন পর্যান্ত, কেবল ভারতবর্ষ হইতে যে আর সর্প্রত নীত হইত, তৎপক্ষে বহুতর প্রতিপোষক প্রমাণাদি পাওয়া যায়। ৬২ বাইবেলে त्य नीत्नत्र कथा आर्ष्ट, तम नीत्नत मद्यस्त औ कथा अयुक्त इटेरिंड भारत ।

⁵⁵ Grote's Greece I-491.

^{49 |} Max Muller's Science of Language, I.748.

by Ezekiel XXVII.

৬»। উপরে যে দকল বাণিজাসবাের নামোলের হইরাছে, অস্ততঃ তাহাদের

টারর নগরে নীত পূর্বদেশজ বিবিধ প্রব্য সম্বন্ধে প্রাতম্বজ্ঞ ইংরাজ বিন্দেট করে বে, এজিকিরেল অধ্যারে শিরজাত পট্টবর প্রভৃতির বে উরেধ আছে :—বংসম্বন্ধে তংগুলে ইহাও কবিত হুইরাছে ধে, সেই

একটারও সম্বন্ধে দুই চারি কথা বলিরা দেখাইরা দেওরা উচিত বে এতদিবরক অমুমানের সভ্যাসভা কভদুর। নীলের কথা বলা বাউক। নীল সম্বন্ধে অধ্যাপক বেক্ষান বলেন যে, অতি প্রাচীন কাল হইতে, আমেরিকা উপনিবেশিত হওয়ার পূর্ব পর্যান্ত, ইউরোপে বাবজত সমন্ত নীল একা ভারতবর্ব ইইতে আমদানী হইড: এবং উত্তমাশা অন্তরীপ (Cape of Good-Hope) দিয়া ভারতবর্ষের পথ বাহির হওরার পূর্বে উহা, ভারতীয় অন্যানা দ্রব্যের সহ, পারস্য উপসাগর হইয়া ও ওলপথে ব্যাবিলন বা আরবদেশের মধ্য দিয়া মিদরে নীত হইত এবং তথা হইতে ইউরোপের অন্যান্য দেশে ৰাইভ। নীলের জন্মভূমি এবং বাণিজ্য সম্বন্ধে উক্ত অধ্যাপক বলেন—"The proper country of this production is India : that is to say, Gudseherat or Gutsche: rad, and Cambave or Cambava, from which it seems to have been brought to Europe since the earliest periods. It is found mentioned, from time to time, in every century; it is never spoken of as a new article, and it has always retained its old name; which seems to be a proof that it has be en used and employed in commerce without interruption." 975 "I shall now prove what I have already asserted, that indigo was at all times used, and continued without interruption to be imported from India."-Johnston's Translation of Beckmann's History of Inventions and Discoveries, Vol. II. 260, 260. ঐ প্রস্থে যত প্রমাণ উদ্ধৃত করা হইরাছে তাহা প্রারই পুষ্টের পরস্থ এবং অল অংশে পূৰ্ব্যন্ত এবং দে সমন্তই প্ৰায় অকাটা। কিন্তু প্ৰাচীনতম প্ৰমাণ ৰঙ উদ্ধৃত করা উচিত ছিল, यनिक-देवकमान जाहा करतन माहे. उथानि जिनि एक मे अकान করিয়াছেন, যত দিন তাহার বিরুদ্ধে কোন কটল প্রমাণ না পাওরা বার, ততদিন সে মত অথওনীর এবং পাঠক চেটা করিলে ঐ মত সমর্থনে যত দক্ষ ছটবেন খণ্ডনে তত श्रेट्रिन ना । नोलाब छेर्पामन श्राहीनकारण रा चात्राञ्ज अकरहिता हिला, अवः अथन्छ তাহার উৎপাদকস্থানসমূহের মধ্যে ভারত বে নিতান্ত প্রবান, নীলের আমদানী ও রপ্তানীর বর্জমানদাম্ভিক ভালিকাতেও দে কথা কতকটা সমর্থন করিবে। ১৮৪৬ খঃ অ: মৃদ্রিত Waterson's Cyclopoedia of Commerce নামক পুরুকে সমস্ত সম্ভাত্য (मान नीत्मत अति अहेत्म (मान वाह :---

দকল বন্ধ ইউক্টোচন দদীর তীরস্থ হারাণ, কাষেক প্রস্তৃতি নগর হইতে আমদানী হইত ;—দেই সকল জবা বাত্তবিক সেই সকল হান হইতে আমদানী হইত না। ইউদ্রেটিসতীরস্থ নাগরিকেরা সে সকল জবা বে আমদানী হইত না। ইউদ্রেটিসতীরস্থ নাগরিকেরা সে সকল জবা বে আসিরা মহাদেশের পূর্বাণ্ড হইতে আমদানী হইত, তৎপক্ষে সন্দেহ নাই। এবং ইহাতেও অর সন্দেহ আছে বে, ডিডন ও ইড়ুমিয়া নগর হইরা আরবদেশের মধ্য দিয়া বে বাণিজ্য চলিত এবং পট্টবক্সাদি যাহার প্রধান বাণিজ্য জবা ছিল, সেই বাণিজ্যপ্রোতের মূলস্থান ভারত্বর্ধ। পুরাতন বাইবেলের কোন স্থানে স্পষ্টতঃ ভারতবর্ধের নামোর্মেথ নাই; কিন্তু ঐ বাইবেলে, পূর্বদেশজাত শিল্পব্যাদি পাশ্চাত্য ভূভাগে নীতার্থে, বহুপূর্বাকাল হইতে স্থাপিত বণিক্দিগের পতারাত জ্ঞা দ্রগত বাণিজ্যপথের উল্লেখ আছে। ও একণে এরপ বিবেচনা করিতে পারা যায় বে, এই বণিক্গতায়াতের পথ নি:সন্দেহ বহুপূর্বাতর দেশে প্রধাবিত এবং ইহার সঙ্গে ভারতবর্ষীয় বাণিজ্যের সম্পূর্ণ সম্বন্ধ ছিল।

বাণিজ্যদ্রব্যের চলাচল সহদ্ধে আরও অনুসন্ধান করিলে দেখিতে

বুটনদ্বীপে	১১৫০০ বাস্ত্র।
কা সে	٧٠٠٠ ع
জর্মানি এবং ইউরোপের অপরাপর নমস্ত দেশে	১৩৫০- ঐ
পারস্যে	٠٠٠٠ ك
ভারতবর্ষ নিজের	२१०० व
ইউনাইটেড ষ্টেট রাজ্যে	હે
चनाना प्रवेख (कर्ष	২••• ঐ
সমূলবে	8७३०० ঐ

ইহার মধ্যে উত্তর ভারতবর্ষ হইতে ৩৪০০০, এবং মাল্রাজ ও গোরাটীমালা অভৃতি আমেরিক ছান হইতে ৮০০০ উৎপন্ন ও রপ্তানী হইরা থাকে। Page 885. art : Indigo.

 [&]quot;Murray's History of India" নামক পুস্তকে এই ধবরের অনুসন্ধান পাইরা, পরীকাপুর্বক এ অংশ সঙ্কলিত হইল।

পাওয়া যায় বে, ভারতীয় মুক্তা অতি প্রাচীন কাল হইতেই গ্রীক্তকে নীত ও বিক্রীত হইত। ১১ ভারতজাত চিনিও অতি প্রাচীনকাল হইতে গ্রীস ও রোমে নীত হইত এবং থিওফুাইসের গ্রন্থে উহার প্রথম উল্লেখ দেখা যায়। পাথরের বাসন সকল ভারতবর্ষ হইতে রোম নগরে নীত হইয়া অতিশয় উচ্চ মূল্যে বিক্রীত হইত। १२ বিদেশে রপ্তানী জভ দ্রব্য কেবল যে ভারতের কোন এক স্থানবিশেষ হইতে, স্বথবা ইউরোপীয় ভূমির অপেকাকৃত সন্নিকট ভারতের পাশ্চাত্য প্রদেশ হইতে প্রেরিত হইত,তাহা নহে; কারণ দেখা যায় যে,ভারতের পূর্ব্ধপ্রান্তন্থ বাঙ্গালাদেশ হইতেও, থদথদ এবং কার্পাদবন্ত প্রচুর পরিমাণে রপ্তানী হইত। ৭০ পুনশ্চ, বাঙ্গালা দেশ ২ইতে "কলিত" নামে অর্ণমূদ্রারও রপ্তানী ছিল। १६ চীনদেশের সঙ্গেও যে বাণিজ্যের চলাচল ছিল, তাহা ভারতভূমি হইতে পাশ্চাত্য ভূভাগে চীনদেশজাত চর্মের রপ্তানীতে জানিতে পারা যায় ৷ ৭৫ উপরে যে যে দ্রব্যের উল্লেখ করিলাম, অতি প্রাচীন-কাল হইতেই তাহাদের আমদানী ও রপ্তানী হইয়া আসিতেছে। অবশ্র, (महे थातीन काल रा आव अनानाविध खरवाव आमनानी अ वशानी চলিত, তাহা বলা বাহুলা; কিন্তু এক্ষণে সে সকলের নাম, লিপি অভাবে, বিশ্বতিসাগরে ডুবিয়া গিয়াছে। খুষ্টায় প্রথম শতাব্দীতে যে সকল ভব্যের **আমদানী ও রপ্তানী হইত, তাহা**রা সংখ্যায় অনেক এবং **আ**রব-সমুদ্র সম্বন্ধীয় পেরিপ্লুস্ প্রন্থে তাহাদের লম্বা লম্বা তালিকা স্কল দেওয়া আছে।

অতি প্রাচীন কালে, সামুদ্রিক বাণিজ্যপোত সকল কোন্ কিশেষ

^{95 |} Arr. Ind. VIII. 98 | Pliny XXXIII 7 et. Seq.

৭০। Peri. 48. 56. 63. রোমক গ্রন্থকারদিগের গ্রন্থে কার্পানদন্দেরই পরিকার উল্লেখ আছে।—"Carpaso Indi Corpora "&c-Q. Curtius. VIII 9.

^{98। &}quot;মরক্তশকলকলিতকলথে)তলিপেরিবরতিজ্যুলেথং।"—জন্পের। এই কলিত শব্দ কি সেই কলিত নামক বর্ণ মুক্রার উল্লেখ? কলিত শব্দে টীকাকারের বাংগাা অবশ্য অন্যারুগ।

^{90 |} Peri . 64.

বন্দর হইতে ভারত পরিত্যাগ করিয়া এবং সমুদ্রের কোন্ কোন্ অংশ দিরা বে কোথার গিরা উপস্থিত হইত, তাহার আর কোনই নিদর্শন পাইবার সম্ভাবনা নাই। তবে ভারত, আরবদেশস্থ বর্তমান এডেনের নিকটবর্ত্তী স্থান এবং আফিকার উপকৃত্তত্ব বন্দর স্কল, ইহালের মধ্যে যে জাহান্ত সকলের চলাচল হইত.ইহাই কেবল নিশ্চিত করিরা বলিতে পারা যায়। খুষ্টার প্রথম শতাব্দীতে,ঐ সকল স্থানের মধ্যে কোন কোন পথে যে জাহাজ চলাচল হইত, তাহা পেরিপ্লুদ গ্রন্থে এরূপ নির্দেশ कता त्रहिशाटह ;--- बिविध পথে সামুদ্রিক বাণিজ্ঞা সমাধা হইত। আরবের দিক হইতে নির্দেশ করিতে হইলে; প্রথমতঃ, আরব, কার্মান ও গিজোসিয়ার উপকূল বাহিয়া ব্রোচের বন্দরে আসিত: দ্বিতীয়ত:. আরবের দক্ষিণ উপকৃলস্থ আধুনিক ফার্টাকুই নামক অন্তরীপ এবং তৃতীয়ত:, গার্ডাফিউ নামক অন্তরীপ হইতে যাত্রা করিয়া, সমুদ্র পাড়ী দিয়া মালাবার উপকৃলস্থ স্থদিরী ও নীলকুণ্ডা নামক বন্দরদ্বরে উপনীত হইত। প্রাচীনকালেও সম্ভবতঃ এই দ্বিতীয় ও তৃতীয় সংখ্যক পরে বাণিজ্যজাহাজ অধিকাংশ ভাগে যাতায়াত করিত এবং ভারতীয় জাহাজ সকল আরবীয় উপকূলমাত্রে আবদ্ধ না হইয়া, সকোট। প্রভৃতি দীপ এবং মিসরীয় বন্দর সকলে গমনাগমন করিত। কারণ এরপ গমনাগমন না থাকিলে, সকোটাতে ভারতীয় ও অপরাপর জাতির সান্ধর্যো সন্ধর জাতির উৎপত্তি হইত না; অথবা মিসররাজও মিওস হরমুজকে ভারতীয় বাণিজ্যের নিমিত্ত বাণিজ্যবন্দর বলিয়া নির্ণয় করিত না। প্রথমসংখ্যক পথে বোধ হয় ততটা চলাচল ছিল না; কারণ তাহা থাকিলে, নিয়ার্থোদের সমুত্রবাত্রার পথ সকল বেন অনাবিষ্কৃতের ভায় নৃতন বলিয়া বোধ ইইবে কেন। ৭৬ পেরিপ্ল, দে, ভারতীয় অন্তর্কাণিজ্যের চলাচল সম্বন্ধে, ভারতস্থ অনেক বাণিজ্য-পথের তালিকা ও বর্ণনা দেওয়া আছে।

৭৬। প্রাচীন কালে বাণিজ্য জাহাজের চলাচল সম্বন্ধে "The Circumnavigation of the Erythraen" নামক প্রাচীন গ্রন্থ জন্তবা।

জলপথে যে বাণিজ্য চলিত, তাহাতে জাহাক-চলাচলের নীমা পর্যান্তই বেন ভারতীয় বণিকের গতারাত-নীমা বলিয়া বোধ হয়। তথাপি ইউরোপভূমে যে কখনও কখনও আমরা ভারতীয় বণিকের দেখা পাই, সে বোধ হয় যে কেবল কুলপথ বাহিয়া বাহারা তথার উপনীত হইত, তাহারাই। সমুদ্রপথে জাহাজ আরব বা আফিকার উপকৃলে পৌছিলে, বাণিজাদ্রব্য দক্ল তথা হইতে স্থলপথে ভূমধা সাগরের বন্দর সকলে নীত হইয়া, ইউরোপের নানাদেশে ছড়াইয়া পড়িত। এ দিকে স্থলপথ বাহিন্না যে বাণিজ্ঞা চলিত, তাহার পথামু-সন্ধান করিলে জানিতে পারা যায় যে, ভারতের পঞ্চাব প্রদেশ হইতে বহির্গত হইয়া গান্ধার দেশ দিয়া পারস্যভূমে উপনীত হইত। পারস্য ছইতে, গ্রীস এবং পারস্যের মধ্যে অতি প্রাচীনকাল ছইতে চলাচলের যে পথ ছিল, সেই পথ বাহিয়া বাণিজ্যদ্রব্য ইউরোপে ঘাইয়া পৌছিত। शीम ७ भारतमात मर्या अधान अधान वानिकाष्ट्रान, भामगर्मा, পার্সিপোলিস, স্কুসা, ইপিসোস, টায়র প্রভৃতি। অথবা সে প্রাচীনকালে বাণিজ্যের স্থবিধা ও অস্থবিধা অনুসারে কতই যে বিভিন্ন বিভিন্ন পথ ও সহর অবলম্বিত হইত, তাহা কে বলিতে পারে ? ফলতঃ কেবল এই পর্যান্ত নিশ্চয় করিয়া বলিতে পারা যায় য়ে, দ্রব্যাদি ভারত হইতে পশ্চিম মুখে পারস্যের ভিতর দিয়া ও ইউফ্টেস নদীর তীরন্থ বন্দর সকল হইয়া, ভূমধাদাগরের পশ্চিম উপকূলে পৌছিত এবং তথা হইতে সমুদ্রযোগে গ্রীসে বাইত।

কিন্তু ভারতীয়ের। স্বয়ং বিদেশগমনের **ঘারা** বাশিক্ষ্য নির্কাষ্ট করিলেও, ইউরোপভূমে এমন অনেক ভারতীয় প্রবারের ব্যবহার দেখিতে পাওরা যার বে, বাহার ভারতীয় ধ্যাতিলোপ হওয়ার, প্রকৃত উহা কোন্ দেশজাত তাহা তথাকার লোকে বলিতে পারিত না। ভারতীয়েরা সর্বাদা নিজের দ্রব্য নিক্ত হল্পে বিক্রন্থ করিলে, এরূপ ঘটিবার কথা নহে। এতন্ত্রারা এই বোধ হন্ন যে, গৃহস্থব ও জন্মভূমিভক্ত ভারতীয়েরা বিদেশে যাইতেন বটে, কিন্তু তত বেশী

शतिमात्न राहिरजन ना. रठि। वितनीयान ভाরতে আঁসিয়া আমদানী ও রথানী উভরই চালাইত। ফলত: প্রাচীনকালীর স্থলবাশিলোর আলোচনার প্রারই দেখিতে পাওরা বার বে, দুরবাবধানস্থিত ছুই দেশের উৎপর তাবা পরস্পারের মধ্যে বিনিমর হইতেছে বটে, অখচ উভর एंग्लिन लाक मोकार मधरक अबल्लातन माना विका करने मा छतः হয় ত কেহ কাঁহাকে চিনেও না। এরপ স্থলে ইছাই অনুমিত হয় যে, ব্যবধানের মধ্যান্থিত জাতিসমূহের ঘারা হস্ত হইতে হস্তান্তরে ব্যবসায়দ্রব্য নীত হইয়া দেশ-বিদেশে বিকীপ হইত। অতি প্রাচীন কালে হিজ্ঞ বা গ্রীকভূমে যাদও নানাবিধ ভারতীয় স্তব্যের ব্যবহার দেখা যাইতেছে বটে, কিন্তু ভারতীয় লোকের তথায় বড় একটা দেখা নাই: ঐরপ ভারতেও আবার ঐ ঐ জাতির নাম কেহ ভূমিয়াছে, কেহবা শুনে নাই। ভারতের প্রতিবেশী পহলব বা পারসিকগণ সর্বাদাই ভারতে গমনাগমন করিত এবং ভারতের অভ্যন্তরত্ত অনেক দুরদেশে পর্যান্ত যাইত। উড়িয়ার ঐতিহাসিক গ্রন্থাদিতে দৃষ্ট হয় যে, ৫৩৮ थुः शृः यथन वख्रामव উড़ियाति निःशामत व्यविताश्य करतन, उथन পার সাবাসী ত্রেচ্ছেরা উড়িয়া পর্যান্ত গমনাগমন করিতে আরম্ভ করিরা-ছিল। প্রোক্ত পরোক্ষন্তলবাণিজ্য সম্বন্ধে আমার বোধ হর, সেই পজ্লবজাতিরাই ভারতবর্ষের সহ পাশ্চাতা বাণিজ্য চালনায় প্রথম গ্রন্থি: ভাহাদের হাত হইতে তদপ্রবর্ত্তী জাতি, তদপ্রবর্ত্তী হইতে তদপ্রবর্ত্তী. এইব্লপ হাতপরম্পরার দ্রব্যাদি ক্রমে দূর পাশ্চাত্যভূমে পৌছিত।

উপরে বলিয়াছি যে, ভারতীয়েরা যদিও মেচ্ছদেশে গমন করিতেন বটে, কিন্তু ততটা নছে, যতটা মেচ্ছগণ ভারতে আগমনের বারা বাণিজ্য কাষা নির্মাহ করিত। সত্য বটে তাহাতেও ধনর্ত্তি পক্ষে লাভ ভিন্ন লোকসান নাই; কিন্তু কথা এই, বিদেশগমনে সর্ম্মণা শ্বরং ফুডী ইইলে যত্তদ্র হইবার সম্ভাবনা, সেরপ লাভ ইহাতে অবশাই হইবে না। আডাম শ্বিথ বলেন, যে, যথন বিদেশে ক্রব্যগ্রহণ এবং বিদেশ হইতে ক্রব্যগ্রহণে শ্বরং ফুডী ইইতে না পারা যায়,তথন শ্বদেশকাত বন্ধ সকলের

व्यवशाखाद निरत्नागारभका, देवसिनक यस्त्र विस्तरम नौछ इटेटम अ यस्थि লাভেব সম্ভাবনা আছে: এবং তিনি দেখাইয়াছেন বে, এই নিয়ন **ट्रिक खाठीन कान इटेर्ड मिन्रज, हीन এवर ভाরতবর্ষ, বয়ং বৈদেশিক** বাণিজ্যবিমুথ হইলেও, বিপুল ধনশালী হইরাছিল। তিনি আরও দেখাইয়াছেন যে, এই কারণেই,উত্তর আমেরিকা এবং পশ্চিমভারতীয় উপনিবেশ সকলের ধনশালিত্ব বৃদ্ধি প্রাপ্ত হইরাছে। হইতে পারে তাহাই, কিন্তু এখন আর ভারতের ভাগ্যে সে কথা খাটে না। যাহাদের উৎপন্ন, তাহারা শ্বহস্তে দেই উৎপন্ন দ্রব্য বিক্রম করিতে পারিলে এ কথা না থাটে. এমন নহে: কিন্তু যেখানে উৎপল্পকারক উদরাল্পমাত লইয়া উৎপন্ন দ্রব্য মাথায় বহিয়া অপরকে দিতেছে, এবং যেথানে তাহাদের পরিবর্জে বিদেশীয়গণ সেই সকল এখানেও বিক্রেয় করিতেছে ও সেথানেও কিনিতেছে, সেথানে এ কথা কিরূপে থাটিবে ? বরে ও বিদেশে উভয়তঃ বিদেশীয় হইলে,কাজেই লাভের অন্ধ সমস্তই বিদেশীয়ের হত্তে গমন করিয়া থাকে। ভারতলন্ত্রী এখন জলধিতলে, আবার বদি কথন সমুদ্রমন্থনের আয়োজন হয়, তবেই মঙ্গল। এথানে আমার রামা কৈবর্ত্তের কথা মনে পড়িয়া গেল। বাঞ্ছারাম, শুন একটা গল করা যাউক।

এক্দা এক উদরারশৃস্ত দরিত্র আন্দণের চাকর রাখিবার ইচ্ছা হইয়া-ছিল। উমেদার রামা কৈবর্ত্ত উপস্থিত লইয়া বলিল, "ঠাকুর, তুমি নিজে থাইতে পাও না, তুমি চাকর রাখিবে কি দিয়া।"

ত্রা। "যা দিরা হউক, বাপু, তোমার বেতন লইয়া কথা, তোমার বেতন পাইলেই ত হইল। তুমি চাকর হও, বেতন নির্ভাবনার পাইবে; আর বাপু, আমি যাহা যাহা করিতে বলিব, তুমি চাকর যথন তথন তাহা বিনা আপতিতে করিবে।"

রা। "যে আনজ্ঞে ঠাকুর, বেতন যদি ঠিক মত পাই, তবে না করিব কেন ?"

বান্ধণের সলে রামার হুক্তি শেষ হইল। প্রদিন রামা কার্ষ্যে

হাজির হইরা জিজ্ঞাসা করিল, "ঠাকুর কি করিতে হইবে।" ঠাকুর উত্তর করিলেন, "বাপু, তোমাকে ভিকার যাইতে হইবে এবং ভিকার বোজ রোজ বাহা পাও তাহা আমাকে আনিয়া দিতে হইবে।" রাম তাহাই করিতে লাগিল।,

ক্রমে ভিক্ষার চাউল অনেক জমা হইল এবং তাহার বিক্রয়ে বান্ধণের টাকাও সংগ্রহ হইতে লাগিল অনেক; স্কুতরাং রামারও নিয়মিত সময়ে বেতন পাওয়ার পক্ষে কোন বাধা হইল না।

ব্রাহ্মণ ক্রমে বড় মাত্র্য হাইরা উঠিল; এবং রামাও ক্রমে প্রাতন চাকর হইবায় নেমকহালালীর বৃদ্ধিতে, প্রা টানে ভিক্ষা করিরা আনিয়া দিতে লাগিল।

ভিক্ষার পথ, বামনের চাকুরী স্বীকার করিলেও যেরপ পরিষ্কার, না করিলেও সেইরূপ পরিষ্কার; তথাপি জন্ম, কর্ম্ম ও বৃদ্ধি গুণে রামার এমন সাহস নাই যে, স্বয়ং হইয়া ভিক্ষায় প্রারুত্ত হয়।

ভারতসন্তান! আমাদিগের, আমাদিগের ব্যবসায়দারদের এবং পুঁজিপাটা দানে মুংস্থাদিগিরির জন্য উমেদার কলিকাতার পেটমোটা বাব্দিগের, অবিকল এই রামা কৈবর্ত্তের দশা। আমাদিগের পোড়া কপাল।

পূর্বেই বলিয়াছি, গ্রীকদিপের কৃষি শিল্প ও বাণিজ্যাদির বিষয় বহু বিষরের অথানে আলোচনা করিব না, কারণ তাহাদের সেই সেই বিষরের আলোচনা শত শত রহিয়াছে। গ্রীকদিগের কৃষি বিষরে শিল্পা হেসিওদের সময় হইতে বিধিবদ্ধ রূপে আরম্ভ হইয়াছে; গ্রীকের শিল্পা স্থাপত্যাদি জগদিখ্যাত, আজি পর্যান্ত নানা চিচ্ছ দেনীপ্যমান থাকিয়া তাহার সাক্ষ্য প্রদান করিতেছে; বাণিজ্য দিগস্বব্যাপী, বাণিজ্যার্থে স্থদেশের অসংখ্য লোক বিদেশে বাইতেছে এবং বিদেশের অসংখ্য লোক স্বদেশে আসিতেছে। ফলতঃ বাণিজ্যের উপরেই, গ্রীকদিগের জীবনবাত্তা-নির্বাহ-উপযোগী জ্ব্যাদির প্রাপ্তি, প্রধানতঃ নির্ভর করিত। এই সকলের আবার গ্রীকদিগের মধ্যে পুরুষামুক্তমে উন্নতি হইরা

আসিলাছে। ভারতে সে উন্নতি হর নাই; তথার প্রার যে কোন বিষয় প্রকরার উন্তাবিত হওমার পর আর তাহার উন্নতি সাধিত হয় নাই,বরং উন্নতির পরিবর্গ্তে অনেক বিষরের অধাগতিই সাধিত হইরাছে, বেমন সামুদ্রিক বাগিজ্যাদি। হিন্দুচরিত্র যতদূর দেখিয়া আসা গেল, ভাহাতে এইরপই হইবার কথা। যে যে বিষরে লোকের বেশী আঁইট, ভাহারই পর পর উন্নতি সাধিত হইয়া থাকে; আর যাহাতে তেমন আঁইট নাই এবং ঘহিষরক অভাবও রুদ্ধি না হইয়া ছিরভাবে থাকে, তাহার উন্নতি চলিত আবশ্যক প্রণের অতিরিক্তে প্রায় না। অতএব, সংসারস্থাথে বিরত এবং উদাসীন ভারতে যে সেই বিষয়ের আর বিশেষ উন্নতি হয় নাই, বরং কালের গতিবশে তাহাদের যে অধাগতিই হইয়াছিল, তাহাতে আশ্চর্গ্যের বিষয় কিছুই নাই। স্বয়াসভাবই এথানকার মানবীয় শ্রেষ্ঠ উন্নতি।

ভারতের সৌভাগা, সাধারণতঃ সাধারণের মধ্যে যে ব্যক্তি চতুর, কৌশলী এবং কর্দ্মশীল অথচ স্থাভিলাষী, তাহারই অন্তগত হইয়ছিল, এজন্য যেমন একদিকে সাধারণে দরিদ্রতা, তেমনি আর দিকে কয়েকজন ব্যক্তিবিশেষে অসহা বিলাসের আড়ম্বর ঘটা। গ্রীসের চরিত্র সেরপ নহে। গ্রীসের সৌভাগ্য এবং সৌভাগ্য-বৃদ্ধি কিরূপ সর্ব্বজনীন, তাহার একটি চিত্র প্রদর্শন করিব।—"যে জাতি বস্তুতঃ এত মহৎ; এবং বলিতে কি, বাহাদের আরম্ধ কার্যা এরপ বহুবারতন; তাহাদের অন্যান্য বিষয়ে বাহাদৃশ্যের প্রতি দৃষ্টি করিলে কিন্তু, তাহার অন্তরূপ কোনই বহুবাড়ম্বর বা বিলাসযোগ্য অনুষ্ঠান দেখিতে পাওয়া যায় না। ইহাদের আহারায়, পরিছেদ, গৃহসজ্জা, বা গৃহস্থলীর যে কোন বিষর বল্য সমন্তই সাধারণ, আবশাছের আনতিরিক্ত, পরিমিত এবং সমন্তই পরিমিতাচারের পরিচায়ক। কিন্তু, বখনই আবার ইহাদের আতীর এবং রাজ্যসম্বন্ধীয় বিষয়ের প্রতি দৃষ্টিশাত করিবে, তথন দেখিতে পাইবে যে, তাহা প্রতই সমৃদ্ধিশালী এবং ভাকজ্মকমৃক্ত যে তাহা

সর্কতোভাবে দেশের গৌরববর্দ্ধক বলিয়া প্রতীরমান হইবে। বারম্বার জয়লাভ, বিদেশধিকার, ধনসম্পত্তি এবং আদিয়ামাইনরের লোকদিগের সহ ঘনিষ্ঠতা সম্বেও, অসহ্য বিলাস, হরাকাজ্জা, রুথা আড়ম্বর
বা রুথা জাঁক ইহাদিগকে কথন স্পর্শ করিতে পারে নাই। বেশ ভ্রা
দেখিলে, কে নাগরিক, কে দাস, এ চিনিবার সম্ভাবনা ছিল না।
বিপুলধন্সম্পত্তিশালী ব্যক্তি বা দিগস্তজ্মী বীর সেনানায়কেরাও, স্বয়ং
বাজার হাট করিতে কিছুমাত্র লজ্জা বোধ করিত না।" । ইহা
গ্রীকনিগের সৌভাগ্যসময়ের চিত্র,—অতি স্থলর চিত্র; সাংসারিক স্থথ
এবং সৌভাগ্যের ইহা সন্থাবহার। কিন্তু গ্রীকের অধঃপাতে বাইবার
দিনে আর এ চিত্র খুঁজিয়া পাওয়া যায় না; তথন স্বার্থ, জাতীয় ভাব
পরিত্যাগ করিয়া, ব্যক্তিগত আকার ধারণ করিয়াছিল।

৫। বিজ্ঞান সাহিত্যাদি।

পূর্বেই বিদ্যাছি, ভারতীয় আছুঠানিক বিদ্যাক্ষেত্রে প্রবেশ করিলে, আর বিশেষ উল্লেখযোগ্য শাস্ত্র অতি কমই প্রাপ্ত হওয়া যায়। কিন্তু প্রীকণিগের তাহা নহে। সেই দ্রতম কালেও ইহারা যে দকল ভূবিদ্যা, ইতিহাদ, ভান্তর্যা, স্থাপত্যাদির উন্নতি দাধন করিয়া গিয়াছে; আজি পর্যান্ত তাহা আলোচনা করিলে, আশ্চর্যো স্তন্তিত হইতে হয়। বিজ্ঞান বিষয়ে ইহারা যে স্ত্রপাত করিয়া গিয়াছিল, তাহাই ধরিয়া এবং তাহাকেই ভিত্তি করিয়া, ইউরোপীয় এমন উজ্জ্বল আধুনিক বিজ্ঞানের উৎপত্তি; এবং তাহাই ধরিয়া আজি পর্যান্ত ইউরোপীয় বিজ্ঞানের উন্নতি সাধিত হইয়া আদিতেছে। আর ভারত ? ভারতীয় প্রাচীন বিজ্ঞানের ফলে, আজি পর্যান্ত নবমীতে লাউ থাইলে গোমাংস ভক্ষণ হয়; অইমীতে নারিকেল থাইলে মূর্থ হয়; ইত্যাদি উক্তপ্রকার বিধিনিষেধগুলি আজি পর্যান্ত বিজ্ঞানবৃদ্ধিবিষয়ে ভট্টাচার্য্য

⁹⁹⁴ Rollin's Ancient History, B. 10. C. 2, S. 5.

মহাশ্যের একমাত্র দম্বল !— উছাদের আগুরীক্ষণিক উপকার অপকার দশাইয়া ছিন্দুবৈজ্ঞানিকতার গৌরব উত্থাপন করিয়া থাকেন ! আর চাই কি ?

কিন্তু তাহা ছাড়িয়া উপপাদ্য বিদ্যাক্ষেত্রে নামিলে, আর দে নবমীতে লাউ থাওয়ার বন্দোবস্ত নহে। আবার তোমাকে আর্য্য-কীর্ত্তি ও আর্য্যবৃদ্ধির অসাধারণ শক্তি দেথিয়া, আশ্চর্য্যে স্তম্ভিত্ত হইতে হইবে। হোমার ও হেসিওদের সময়ে, যথন গ্রীকদিগের মধ্যে লিখন-প্রণালীরও উৎপত্তি হয় নাই, তথন এবং সে দূরতম কালেরও পূর্ব্বে, আর্য্য বিদ্যাবন্ধি গগন স্পর্শ করিয়া ছটিয়াছে। আয়র্কেদ, জ্যোতিষ এবং তদারুষঙ্গিক উচ্চশ্রেণীস্থ গণিতশাস্ত্র সম্বন্ধে, আর্য্যদিগের প্রাধান্য বারেক আলোচনা করিয়া দেখ। আয়ুর্কেদ অংশতঃ আনুষ্ঠানিক বিদ্যা বটে; কিন্তু তথাপি উহার যে এতদূর উন্নতি সাধিত হইয়াছিল, তাহার কারণ শারীরিক স্বাস্থ্য লইয়া যেথানে কথা, সেথানে মামুষ-মাত্রেরই আনুষ্ঠানিক না হইলে চলে না। দ্বিতীয়তঃ, হিলুদিগের দম্বন্ধে এতহল্লেথও অদঙ্গত নহে যে, শারীরিক স্বচ্ছন্দতা ব্যতীত. হিন্দুদিগের ধর্ম্মকর্ম্ম সাধন হইতে পারিত না। ফলতঃ হিন্দুরা প্রথম হইতেই আয়ুর্কেদের উন্নতিকল্পে অতিশয় মনোনিবেশ করিয়াছিলেন ; এবং এরূপ তীক্ষ্ধী মন যাহাতেই সম্পূর্ণ ভাবে নিবেশিত হইবে, তাহাতেই অপার শ্রী এবং উন্নতি দাধিত হইবার কথা। ,আর্য়্রুদ্ধি কোন বিষয়ে অক্ষম ছিল না,যাহা ধরিবে তাহাই দাধন করিয়া তুলিবার উপযুক্ত ছিল; তথাপি যে বিষয়ভেদে ফলের তারতম্য ঘটিয়াছে, সে কেবল বিভিন্ন কারণাদিবশে চিত্ত নিবেশিত বা অনিবেশিত ছওনের তারতমাফলে। সে যাহা হউক, আয়ুর্কেদ সম্বন্ধে অতি অল দিনেই ইহাঁরা, অন্যত্র যাহা সম্ভব, তাহার অপেক্ষা বছগুণে অতিরিক্ত ফল উপার্জন করিয়াছিলেন। এই সত্তে বছবিধ রাসায়নিক, পাশব ও উদ্ভিৎ তত্ত্বাদি খণ্ড খণ্ড ভাবে উদ্ভাবিত হইয়াছিল! উহারা এত প্রাচীন সময়ে উদ্বাবিত হইয়াছিল যে, গ্রীকেরা হয়ত

তথনও পশুবৎ বনে বিচরণ করিয়া ফিরিড; অথবা মিদরীয়দিগের নিকট ভৈষজ্যবিদ্যা কর্জ্জ করিবে বলিয়া, তাহাদের মনে তথন তাহার অফুট করনামাত উদয় হইতেছিল। ভারতীয় এই আয়ুর্কেদ ও ভৈষজ্যবিদ্যা, কালে আরও উৎকর্ষ প্রাপ্ত এবং অন্তান্ত জাতি দারা পরিগৃহীত হয়। প্রাকভূমে ইহা একরূপ সর্বাবয়বেই গৃহীত হইরাছিল। যে দেশে যে যে রোগের উৎপত্তি, তাহার আরোগ্য-উপান্নও বিধাতা তদেশে নিহিত করিয়া থাকেন। হিন্দুদিপের এই আয়ুর্বেদ, হিন্দুর ছীন দশা সহ মধ্যপথে ভগ্নপদ না হইয়া, যদি কালের সঙ্গে সমানপদে উন্নতিমূথে চলিন্না আসিত; তাহা হইলে আমাদিগের পক্ষে উপবেণিতায়, বোধ করি, আর যে কোন আয়ুর্কেদ ইহার সমকক্ষতার আদিতে পারিত না। হিন্দুচিত্তের যে কি অপরিমিত গভীর শক্তি, তাহার আর অধিক পরিচয় কি দিব,—কেবল ইহাই দেখিলে যথেষ্ট হইবে যে, এই चायुर्व्यमिवधारम रमहे मृत्रुक्य कारमुख रय मकन छेयथक ब्याविङ्गक হইয়াছে, আজি পর্যান্ত তাহারা, নানা উন্নতিশীল নানাবিধ ও নানা শ্রেণীর আধুনিক চিকিৎসাবিদ্যা অপেক্ষা, বছবিষয়ে শ্রেষ্ঠতা রক্ষা করিয়া চলিতে দক্ষম হইতেছে। আর তোমার রোমক, মিদরীয় ও থ্রীক আয়ুর্কেদ ? কবে তাহারা কালপর্ভে চিহ্নণূত্র হইয়। বিলীন হইয়। গিয়াছে !

জ্যোতিষ ও গণিতশাস্ত্রেও প্রাচীন ভারতীয়ের। দর্কপ্রের্ছ এবং জগতের প্রায় সকল জাতিকেই তাঁহারা গণিত শিক্ষা দিরাছেন। যে জাতি ভারকতাপূর্ণ এবং করনাপ্রিয় এবং চিত্ত যাহার নিয়ত নিদর্গসন্দর্শনে মুশ্ধ, তাহার নিকট জ্যোতিঙ্গপিওপরিপূর্ণ প্রত্যক্ষ অনন্তমূর্ত্তি আকাশপটের স্থায় দর্শনীয় পদার্থ আর কি হইতে পারে গ চিত্ত যে কোন পদার্থ আগ্রহাতিশয়ো দর্শন করিয়া থাকে, তাহারই তক্ত্ব উদ্ভাবনের নিমিত্ত গাঢ়তররূপে নিবিষ্ট হয়। পুনশ্চ, এ কথা যদি সত্য হয় যে, চক্র, সূর্যা, গ্রহম গুলীর বিশ্বয়কর গতিবিধি এবং অদৃষ্টপূর্ব্ব প্রাকৃতিক কার্য্যকলাপদর্শনে আদি মানবের মনে যে বিশ্বয়রদের উৎপাদন হয় এবং নিদর্শাতীত

শক্তির অস্তিত্ব বিষয়ে যে বোধ জন্মে, তাহা হইতে কালক্রমে দেবতত্ত প্রধানত: রূপ গ্রহণ করিয়া থাকে এবং সেই সকল চিত্তমোহকর পদার্থ দেবত্বব্যঞ্জক দেবপ্রতিমূর্ত্তিপদে বরিত হয়; তাহা হইলে, স্বচ্ছলতাযুক্ত मानविष्ठि (य व्यापन व्यवमत्रकारणत किञ्चमःभ, स्मरे स्मरे स्मरे उ ভেদ ও দেবত্বব্যঞ্জক দেবপ্রতিমর্ত্তিগণের স্বভাব ও গতিবিধি নিরূপণে ব্যয়িত করিবে, তাহাতে আশ্চর্যা কিছুই নাই। এই নিমিত্ত আমরা দেখিতে পাই যে, প্রাচীন কালে যে যে দেশ স্বচ্ছলতাহেতু অতি অৱ দিনেই অবসর লাভ করিয়াছে, সেইখানেই মানবচিত্ত জ্যোতিক মণ্ডলের কোন না কোনরূপ চর্চায় নিবিষ্ট হইয়া তাহাতে প্রতিপত্তি লাভে সিদ্ধকাম হইয়াছে। এ কারণে, প্রাচীন জ্যোতিষতঃ আলোচনাস্থলে মিদর, ব্যাবিলন, চীন ও ভারতবর্ষের নাম যেরূপ অগ্রে গণনায় আদিবে, গ্রীদ কি রোম কিম্বা তদ্রপ অন্তান্ত পাশ্চাত্য দেশের নাম সেরপ গণনায় আসিবে না। ভাল, জ্যোতিষ বিষয়ে প্রাচীন ইতিহাস কিঞ্চিৎ আলোচনা করিয়া দেখা যাউক যে, এ বিষয়ে কে. কোন কালে এবং কি প্রকার, সার্থকতা লাভ করিতে সম্থ হইয়াছিল।

এরপ উক্ত যে, মিসর দেশে এতই প্রাচীন কালে জ্যোতি বিক তথ উদ্ভাবিত হয় যে, খুঠীয় শকের ২৫০০ বংসর পূর্বে মিসরীয়েরা রাশিচক ও দাদশ রাশি নিরূপণ এবং তাহাদের অবস্থান নির্দিষ্ট করিতে সক্ষম হইরাছিল। ইহাও কথিত আছে যে, মিসরীয়েরাই পাশ্চাতাভূমে সর্ব্ধপ্রথম সপ্তাহ বিভাগ এবং গ্রহগণের নামাম্পারে সাপ্তাহিক বিবস সকলের নামকরণ করিয়াছিল। তত্তির অন্তান্ত বছবিধ তত্ত্বও তাহাদিগের দ্বারা আবিদ্ধৃত ও উদ্ভূত হয়। ঐরপ চীনদিগের জ্যোতিবিক তত্ত্ব নিরূপণের প্রাচীনত্ব সম্বন্ধে কথিত হয় যে, খুঠীয় শকের ২৬৯৭ বংসর পূর্বে হোয়াংসির রাজ্বসম্বে,নক্ষত্রমগুল প্র্যবেক্ষিত ও তাহাদের আনেকের গতি নিরূপিত ইইয়াছিল। ইহা দ্বারা অস্ততঃ এটা স্প্রমাণ হইতেছে যে, যদিও ঐ তারিথ সন্দেহত্বলীয় হয় এবং ঐ

নকত্রপর্যাবেক্ষণ যদিও নামে মাত্র ও দামান্ত আকারের বলিরা ধরা যায়, তথাপি ইছা নিশ্চর যে, চীনেরা অতি প্রাচীন কালেই জ্যোতির্বিদ্যার মন: সংযোগ করিতে আরম্ভ করিয়াছিল। ব্যাবিলনবাসী ও কাল্ডীয়া-বাসীরাও, জ্যোতির্বিদ্যা-আলোচনার, প্রাচীনত্বে নান নহে। তাহারাও বহু প্রাচীন কালে বছবিধ নূভন তত্ত্বাদি আবিষ্কার করিয়াছিল। কোন কোন পুরাবুত্তবিৎ পণ্ডিত বিবেচনা করেন যে, যে জাতি অধিক পরিমাণে ভ্রমণশীল, তাহাদিগের মধ্যে, দর্জদা স্থানপরিবর্তনের আবশুকতা হেতু দিক্ ও সময় নিরূপণ উপলক্ষে,অন্তান্ত জাতি অপেকা, অনেক অধিক পরিমাণে জ্যোতিষমগুল পর্যাবেক্ষিত হইবার কথা; এবং বস্তুত পক্ষেত্ত এই সূত্র হইতে প্রাচীনকালে সর্বপ্রথম গ্রহ-নক্ষতাদি আবিষ্কৃত হইতে আরম্ভ হয়। এ কথা কিয়ৎ পরিমাণে সতা বটে, তাহাতে সন্দেহ নাই। কিন্তু এরপ বন্য ও নিরক্ষর ভ্রমণশীল অবস্থায় আবিষ্কৃত ও স্থিরীকৃত জ্যোতিষিক বিষয় সমস্ত, জ্যোতির্বিদ্যা পক্ষে সাক্ষাৎ সম্বন্ধে যে বিশেষ কোন স্থারী ফল প্রস্ব করিতে পারে. এরূপ বোধ হয় না। পূর্বস্থান পরিত্যাগের পর গ্রীকেরা অনাশ্রমী ভাবে যতকাল ধরিয়া ঘুরিতে ঘুরিতে গন্তব্য স্থানে উপস্থিত হইয়াছিল, ভারতীয়াদগকে তাহার শতাংশের একাংশও ঘারতে হয় নাই; পুনশ্চ দেখিতে পাওয়া যায় বে, স্কান্দিনেবীয়েরা আবার গ্রীকদিগের অপেক্ষা আরও অধিক পরিমাণে নিরাশ্রমী ভাবে ঘুরিয়া বেড়াইয়াছে। এমন স্থলে অবশুই বলিতে হইবে যে, স্কান্দিনেবীয়দিগের মধ্যে স্ক্তপ্র্যম জ্যোতিষ্কি জ্ঞানের উৎপাদন এবং উন্নতি ও বিস্তার সাধন হওয়া উচিত। কিন্তু কোথায় ? ফলামুসন্ধান করিলে দেথিতে পাওয়া যায় য়ে, এই স্কান্দিনেবীয়দিগের মধ্যে জ্যোতিষ্বিধয়ক গণনীয় জ্ঞান কিছুই ছিল না। গ্রীকদিণের মধ্যে, খুষ্টের ছয়ণত বৎসর পূর্বে, জ্যোতিষ বিষয়ক জ্ঞান অতি সামান্ত ও নগণিত ছিল। থেলিসের সময় উহা বিজ্ঞানরূপে অধীত হইতে আরম্ভ হয়। কথিত আছে যে, থেলিদ একটি স্থাগ্রহণের আনুমানিক কাল গণনা করিয়া বলিতে সক্ষম

হইয়াছিলেন। ঠিক কোন সময়ে হইবে ইহা বলিতে পারেন নাই. তবে অনুমান এই সময়ে হইবে ইহাই বলিয়াছিলেন। ক্থিত খুঃ পুঃ সময়ের অব্যবহিত পর হইতে গ্রীকেরা মিদরীয় ও কাল্ডীয় জাতিদিগের নিকট হইতে **জ্যোতি**ষবিষয়ক জ্ঞান শিক্ষা করিতে আরম্ভ করে, এবং বলিতে হইবে যে খৃঃ পূঃ চতুর্থ শতান্দীতেই ইহারা তাৎকালিক গণনীয় জ্ঞান লাভ করিতে দক্ষম হইয়াছিল। ঐ সময়ে জ্যোতিষ্বিষয়ক প্রথম গ্রন্থ-প্রণেতা অতোলিক, সচল গোলক ও প্রহণণের উদয়ান্ত সম্বন্ধে হুই খানি গ্রন্থ প্রণয়ন করে। তৎপরে খৃঃ পূঃ তৃতীয় শতান্দীতে অরিস্তরিক এবং ইরতস্থিনিদ ও আর্কিমিডিদ্ জ্যোতিবের সমধিক উন্নতি সাধন করিয়াছিল। এক্ষণে ভারতীয়দের প্রতি দেখ, তাঁহাদের ঋগ্রৈদিক গাখা সকল কোন্ দূরতম কালে প্রস্তুত ও গীত হইয়াছে তাহার স্থিরতা নাই: অথচ তাহাতে জোতির্বিদ্যাবিষয়ক এমন বহুতর গূচ় ও সারতস্ত্রসমূহের ব্ছল উল্লেখ পাওয়া যায়, যাহাদের মধ্যে কোন কোনটার জ্ঞান অতি অল্ল দিন হইল ইউরোপভূমে আবিষ্কৃত ও পরিচিত হইয়াছে। তদ্বাতীত मारतिनीय (गांकिनीय नवश्रशांखिशतिनिष्ठे, अथर्वतिनीय नक्कवक्र, গ্রহযুদ্ধ, নক্ষত্রহোৎপাত লক্ষণ,কেতৃচার, রাহুচার,এবং ঋতুকেতৃলক্ষণ, ইত্যাদি প্রাচীনতম গ্রন্থ সকল সাক্ষ্য দিতেছে যে, অতি প্রাচীনকালেই জ্যোতির্বিষয়ক জ্ঞান ভারতে অপ্রিমিত ভাবে উন্নতি লাভ করিয়া-ছিল। তৎপরে অপেকাকত আধুনিক সময়ে অবতরণ করিলা, আর্য্যভট্ ভান্ধরাচার্য্য প্রভৃতি মহামহোপাধ্যান্নগণ ইহার কতদূর উন্নতি সাধন করিয়াছিলেন, এখানে তাহার পরিচয় দিবার আবশুক নাই।

ফলিত জ্যোতিষপ্ত সম্পূর্ণতঃ ভারতের একচোটয়া সম্পত্তি কি না তাহা বলিতে পারি না; তবে এটা ঠিক যে ভারতে তাহার স্বাধীন উৎপত্তি এবং তাহাতে অপর কোন জাতির সাহায্য অপেকা করিতে হয় নাই। ইহার উৎপত্তি বৈদিক সময় হইতে ধরিতে হয়, কারণ তথন হইতেই দেখিতে পাওয়া যায় য়ে, শুভাশুভ তিথি নক্ষ্ত্রাদি ভেদে মুক্তকার্যা বিধেয় তাহা নিরূপিত হইতেছে। যেখান হইতে

জ্যোতিকগণের ভটাভভ গুণ বিচারের আরম্ভ, সেইখান হইতেই ফলিত জ্বোতিষের উৎপত্তি ধরিতে পারা যায়। রামায়ণে রামের জন্ম-কোষ্ঠীই দেওয়া হইরাছে এবং মহাভারতে আর 9 বিস্তার পূর্বক,ফলাফল ভেদে অনেক প্রকার গ্রহযোগ বর্ণিত হইরাছে। রাহকেতৃকে গ্রহমধ্যে গণিয়া, তাহাদের ভভাভভকারকতা নির্দেশ আধুনিক কালের কার্য্য; কারণ দেখা যায় যে, রামায়ণে রামের কোষ্ঠীতে রাহুকেতৃ একেবারে পরিতাক্ত। বিষ্ণুধর্মোত্তরেও রাছকেতৃকে স্পষ্টতঃ গ্রহমধ্যে গণনা ৰুরে নাই; কিন্তু এ দিকে আবার শ্রীক্ষের জন্মকোষ্ঠীতে রাছকেতুকে গ্রহমধ্যে পরিতে দেখা যায়। সে যাহা হউক, ফলিত জ্যোতিষের প্রাচীন কোন সংহিতা কিন্তু পাওয়া যায় না। যদিও বশিষ্ঠসংহিতা, প্রাশ্রসংহিতা, ভৃগুসংহিতা, জৈমিনীসূত্র ইত্যাদি অনেক প্রাচীন-নামবিশিষ্ট সংহিতা পাওয়া যায় বটে; কিন্তু সে গুলি দেখিবামাত্রই দহজে বোধ হয় যে, তাহারা বস্ততঃ অতি আধুনিক গ্রন্থ। বর্তুমানে যে সকল প্রামাণিক ফলিত জ্যোতিষের গ্রন্থ আছে, তাহার মধ্যে (উক্ত সংহিতাগুলিকে গণনাবহিভূতি করিলে) সর্বাপেক্ষা প্রাচীন গ্রন্থ বাহা তাহা বরাহমিহির কৃত। অবশিষ্ট গ্রন্থ লার অধিকাংশই বরাছমিছিরের সময় হইতে ১৪০০ শকের মধ্যে প্রাত্তন্তি দৈবজ্ঞগণের ছাবা বিবচিত।

জালেকজাগুরের ভারতাগমন হইতে, প্রীক এবং মিদরীর ফলিত জ্যোতিরের অনেকানেক বিষয় ভারতীয় ফলিত জ্যোতিরে প্রবিষ্ট হইয়াছে। বেরূপ মুদলমানা জ্যোতির অবলম্বনে নীলকণ্ঠকত সংস্কৃত তাজিক গ্রন্থ; সেইরূপ গ্রীক জ্যোতির হইতে যাহা সংগৃহাত, তাহা যবনিস্থাক্ত নামে বিখ্যাত হইয়াছে। তত্তির আমাদের ফলিত গ্রন্থের নিজাক্তিতেই জানিতে পারা যায় যে, যবন এবং ময় ও মণিখ নামক স্লেছ পণ্ডিত হইতে অনেক তক্ত সংগৃহীত হইয়াছে। গ্রীক ফলিত জ্যোতির হইতে অনেক শক্ত পর্যন্তিও ভারতীয় ফলিত জ্যোতিরে গ্রন্থেক লাভ করিয়াছে। যথাঃ—হেলা, তার্রী, লেয়, কেক্তা, কেক্তাণ,

আপোরিন, পণফর, আকোকের ইত্যাদি। হিন্দ্ জ্যোতিরে গ্রহচজের বাদশ গৃহে যে যে বিষয়ের ফলাফল নির্দেশ করা হইরা থাকে, গ্রীক জ্যোতিরেও অল ইতর বিশেষে তাহাই করা হইরাছে। সে যাহা হউক, এক সময়ে এই ফলিত জ্যোতিষ পৃথিবীর সকল দেশেই অলবিস্তর প্রচলিত ছিল। এখন প্রায় সকল দেশ হইতেই তাহা লোপ পাইরাছে, কিছু ভারতে এখনও তাহা লোপ হয় নাই; তাহার কারণ ?—ভারতীয় ফলিত জ্যোতিষ বহু পরিমাণে সত্যোদ্ভাসক স্ক্রোশল ও ভ্যোদর্শনের উপর স্থাপিত বলিয়া কি ?

ভারতীয়দের জ্যোতির্বিদ্যা সর্বপ্রকারে ধর্মশাস্ত্রে সহ সম্বন্ধযুক্ত। কি প্রাচীন কালে, কি বর্ত্তমান কালে, ধর্মবিষয়ক ক্রিয়াকলাপ এতং-সাহায়ে নিরূপিত দিনক্ষণের উপর এরূপ নির্ভর করে যে, একের অভাবে অপরটি হইতে পারে না বলিলে অহাক্তি হয় না। ফলতঃ ধম্মশাস্ত্র এবং জ্যোতিষ্শাস্ত্র, এতত্ত্তমের উৎপাদনমূল বহুলাংশে পুথক্ হইলেও, প্রাকৃতিক-শক্তি-বিমোহিত প্রাচীন ভারতে উছারা অনতি-বিলম্বে এরূপ সংমিলিত হইয়াছিল, যেন একই বস্তুর উহারা চুই বিভিন্ন অংশবয়রূপে প্রতীয়মান হইত। ভারতে যথনই জ্যোতিষ্বিষয়ক কোন নুত্র তত্ত্ব উদ্তাবিত হইয়াছে, তথনই আর্যাঠাকুরেরা তাহাকে বিজ্ঞান বিষয়িণী জ্ঞানোল্লতি না বলিয়া, দেবপ্রদাদে বেন ধর্ম্মবিষয়ক একটি নতন জ্ঞানলাভ হইল বলিয়া ধরিয়া লইয়াছেন। ফলতঃ কেবল এই ধর্মবোধের বশবর্তী হইয়াই, ভারতে যত দিন উন্নতির কাল ছিল, ভারতসন্তানেরা ততদিন পর পর আরও নূতন তত্ব উদ্ভাবনে রত হইয়া-ছিলেন। ইহাদের উদ্ভাবিত জ্যোতির্বিদ্যা প্রথমে আরবদিগের কর্তৃক দেশান্তরিত হয়; পরে কাল সহকারে উহা ইউরোপ প্রভৃতি দেশে নীত হইয়াছে: - অন্ততঃ লোকে এইরূপ বলিয়া থাকে।

পরবর্ত্তী সময়ে যদিও সাহিত্যবিষয়ে ভারতীয়ের। অপরিমিত উন্নতি লাভ করিয়াছিলেন; এবং এ পক্ষে তাঁহাদের স্কৃত্তী বস্থবিষয়, কালে যদিও অনেকের আদর্শবরণ হইয়াছিল; তথাপি অতি প্রাচীনকালী ইউল্ভ অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায় যে, আর্যাঠাকুরদিগের সাহিত্য, কলনাবছল ও প্রায় ধর্মবিষয়ক প্রসঙ্গেই সমাহিত হইলাছে। কেবল এক সেই জগছজ্জলকারক অতুলনীয় মহাকাব্য, অর্থাৎ মহর্ষি বালীকি প্রণীত রামায়ণ, ধর্মগ্রন্থ হইতে স্বতন্ত্র আকারে, ধর্মশাস্ত্র হইতে সাহিত্যবিষয়ক স্বাতন্ত্র্য ভাবের পরিচয় প্রদান করিতেছে। কিন্তু তথাপি রামায়ণে ধর্ম এবং দেববিষয়ক প্রসঙ্গের আধিক্য এত অধিক পরিমাণে আছে যে, কেবল আমরাই উহার ধর্মগ্রন্থ হইতে স্বাতস্ত্রভাব নির্বাচন করিলাম; নতুবা প্রগাঢ় গোঁড়ামী-সম্পন্ন হিন্দুধর্মাশ্রয়ী কোন ব্যক্তি কথনই তাহা করিবে না এবং অন্ত কেহ করিলেও তাহা সহ্বকরিতে পারিবে না। উহা তাহাদের মনে ধর্মশাস্ত্র বলিয়া এতদূরই প্রতীত বে, প্ৰ্যাপ্ৰদ পৰিত্ৰ ইতিহাদ ও ধৰ্মগ্ৰন্থ বলিয়াই কেবল উহাকে পাঠ ও সমাদর করিয়া থাকে; এবং তাহাদের আরও বিশ্বাস এই যে, উহা পাঠ করিলে, পাপ হইতে নিষ্কৃতি এবং পুণালোকে অবস্থান লাভ হইয়া থাকে। যাহা হউক, আমরা রামায়ণকে কাব্য বলিয়াই ধরিলাম। নলা বাছল্য যে, এই রামায়ণ জগতের একথানি অতি অতুলনীয় মহাকাবা, সর্বত্ত মহত্ত এবং রসমাধুর্ঘা ও রমণীয়তা ভাবে পরিপূর্ণ! এই কাবাগ্রস্থ আমাদিগের বিদ্যাবৃদ্ধি হইতে এতই উচ্চে অবস্থান করে যে.তৎসম্বন্ধে ভাল কি মন্দ যাহাই বলিতে যাই না কেন, যেন ভাহাতে কেম্ন একটু বাধ-বাধ ও লজ্জা-লজ্জা বোধ হয় এবং আপনাপনিই থেন ধৃষ্টতা বোধে কুঞ্চিত হইতে হয়। ফলতঃ এই প্রান্থ কাব্য-বিষয়ে চরমোৎকর্ষ। অতঃপর এই কাব্য সম্বন্ধে যাহা কিছু বলিতে প্রবুত্ত হইতেছি, তাহা অতি বিনীত ভাবে এবং আগে আদিকবি বালীকির পদে বছ শত বার প্রণিপাতপূর্বক।

বাহ্য ও অন্তঃপদার্থের যে স্থসমাবেশভাব, তাহার মাধুর্য-সন্দর্শনে হানর উদ্বেলিত ও চিত্ত বিকম্পিত হইলে, সেই মাধুর্য যথন বাক্য দ্বারা ব্যক্ত হয়, তাহা কাব্য। যে বিষয়ে কাব্য, সেই বিষয়ের উহা আদর্শ-জ্ঞালেখ্য শ্বরূপ। মাধুর্যা অর্থে যে কেবল বাসন্ত দক্ষিণানিলের মিশ্ধ-স্পর্ণ বা তথাবিধ

বস্তু, তাহা নহে; তমদাচ্ছন্ন নিশি, নিবিড় ঘনঘটা, বিহাৎ, বজ্লাগ্নি বা কোন বীভৎস বস্তু, সকলেতেই এই মাধুর্য্য বিদ্যমান আছে। এ কথা শুনিয়া বাঞ্চারামের নাায় পণ্ডিত হয় ত বলিবে যে মধু হইতে যথন মাধুর্যা, তথন বীভংস বা হিংসা প্রভৃতি ব্যাপারে, ভীষণ দৃষ্ঠ বা কদর্য্য ঘটনাবলীর মধ্যে, মাধুর্য্যের সম্ভবতা কোথায় ? কিন্তু বাঞ্চারাম ! জানিবে যে, চিত্ত যথন যে রসের আকাজ্জায় আকাজ্জিত হয়,দেই আকাজ্জাকে বাহা বাহা পূরণ করিয়া তৎস্থানে তদনুগামী অবশুস্তাবী তৃপ্তির উৎপাদন করিয়া থাকে, ভাহাকেই সেই আকাক্ষিত বিষয়ের মাধুর্য্য বলা যায়। যদি ইংরেজী নাটককারের যিয়াগোর খলচ্বিত্রপাঠে, ভোমার মন ক্থন খলচরিত্রসম্বন্ধীয় আকাজ্ঞা পরিতৃপ্ত হওয়ায় তৃপ্তি বোধ করিয়া থাকে, তাহা হইলে নিশ্চয় যে দে তুরস্ত খলচরিত্রও মাধুর্যাশৃত্য নহে: বরং তথার খলচরিত্রের পূর্ণ প্রতিভাসে, মাধুর্ঘাগুণ সাধারণ পরিমাণের ষ্মতীত। চিত্তের বস্তবোধ যথন বহির্জগৎ সংযোগে প্রতিভাসিত ছইয়া স্বীয় স্বরূপতা প্রকাশে সক্ষম হয়, তথনই মাধুর্য্যের যথার্থতঃ সঞ্চার হইয়া থাকে। এই প্রতিভাসপূর্ণ স্বরূপতাভাব যত পরিক্ষ ট ও যত পূর্ণভাবে প্রকটিত হইতে থাকে, বলা বাহুলা যে, তথায় মাধুর্যাও সেই পরিমাণে পরিচ্ছিন্ন পূর্ণ এবং আদর্শস্থলীয় হয়। চিস্তা এবং কল্পনা সাপেক্ষ বস্তবোধ, যেরূপ যেরূপ পন্থা সকল অবলম্বনে বহির্জ্ঞগৎ সহ সংযোজিত হয়, এবং চিত্ত যখন বে ভাবে আপ্লুত হইয়া তদীয় প্ৰতি-ভাসিত স্বরূপতা সম্বন্ধে দর্শনকার্যা নির্বাহ করিয়া থাকে: কাব্যও তথন সেইরূপ বৈচিত্রবহল ও অফুরূপ মাধুর্যাপ্রচুর এবং সেই সেই ভাবে পরিপুরিত হইয়া অমুরূপ আকার ধারণ করিয়া থাকে।

সে যাহা হউক, চিন্তা এবং কল্পনাদক্ষ ও ধর্মজাবপরিপ্রিত ভারতভূমিতে যে রামায়ণের স্থায় স্থান্দর চিত্রযুক্ত এবং দেবধর্মানপাল, বিবিধবৈচিত্রশালী ও নানারসবিশিষ্ট মহাকাব্যের উৎপত্তি হইবে, ইহা একরপ
মতঃসিদ্ধ বলিলে বুলা যায়। রামায়ণের সহ পার্সাপার্মিভাবে আর এক
বিরাটম্থিধর গ্রন্থ কথন কথন মহাকাব্যের গণনার গণিত হইরা থাকে।

বলা বাছল্য যে উহা মহাভারত। উহার বিষয় এখানে আর অবতারণা করিবার আবশুক নাই। কিন্তু উহাও যে কিরূপ শ্বভাবের কাব্য, তাহা হিন্দুসন্তানমাত্রেই কণেক চিন্তা করিলে বুঝিতে পারিবেন। যে প্রাচীনকালে রামায়ণ প্রভৃতি কাব্যের উৎপত্তি হইয়াছিল, সে সময়ের অপর কোন শ্রেণীর কাব্য বা নাটক বা অপর কোন সাহিত্য পুস্তক কালের সঙ্গে এতদূর পর্যান্ত আদিয়া পৌছিতে পারে নাই। তবে প্রাচীন গ্রন্থাবলীতে ঐ সকলের ক্ষণিক উল্লেখ সকল দৃষ্টে বোধ হয় যে, তাহাদেরও তথন নিতান্ত অপ্রচার ছিল না। সে যাহা হউক. আমাদের হাতে অন্যান্য কাব্যাদি যাহা আসিয়া পৌছিয়াছে, তাহা দে প্রাচীন কালের তুলনায় অতি অল্প দিনের। কিন্তু আশ্চর্য্য এই যে ভারতীয় কাব্য নাটক ও প্রায় যাবতীয় সাহিত্য গ্রন্থ, প্রাচীনই হউক আর আধুনিকই হউক,সকলেই পুরাণাদি কোন না কোন ধর্মপুস্তকের ঘটনা বিশেষ লইয়া নিশ্মিত। যেথানে ইচ্ছামুরূপ পৌরাণিক ঘটনা न मिलिशाएइ, त्मथक (मथात अज्ञावशक्क (भोतानिक घटेनावनीत অনুকরণে ঘটনা দকল কল্পনা করিয়া, আপনার অভাব পূরণ করিয়া ল ইয়াছেন।

এক্ষণে একবার গ্রীকদিগের সাহিত্যসংসারে প্রবেশ করিয়া দেথ, দেখিতে পাইবে দিব্য একথানি বড়বাজারের মণিহারীর দোকান সাজান রহিয়াছে, ইহাতে আছে অনেক বস্তু সন্দেহ নাই,কিন্তু ভিতরে কাহারও জন্য অনুসন্ধান করিতে হয় না; বাহা কিছু দেথাইবার ও দেখিবার, সকলই সন্মুথে থরে থরে সাজান আছে; সকলই দেখিতে চক্ মক্ ঝক্ মক্ করিয়া চন্দু ঝল্সাইয়া দিতেছে, চটক-দৃশ্যে বাহিরের ধরিদদার ভিতরে টানিয়া আনিতেছে, অথচ কিন্তু সকলেরই দাম কম। আর ভারতীয় সাহিত্য সংসার ?—উহা আমাদের দেশীয় অলম্বারব্যবসায়ী স্বর্ণকারের দোকান; নভুবা ঐ কালিঝুলি ছাইকয়লার নিশালে, বাঁকমল, গঁইচে, বাউটা, হাঁন্সলি প্রভৃতি সাজান রহিয়ছে কেন? মোটা-মোটা, ভারি ভারি, ঠসকশ্ন্ত, চটকশ্ন্ত, মণিহারীর দোকানের

শতাংশের এক অংশও ত নয়নরঞ্জক নহে! থরিদদার আপাততঃ দৈখিবামাত্র হয়ত উপহাদে মুথ বাঁকাইয়া চলিয়া যায়। কিন্তু বাপু, তোমার আমার উহা নয়নরঞ্জন না করুক, তোমার আমার উহাতে দরকার নাই থাকুক; কিন্তু যে সোণার মর্ম্ম বুঝে, সে ঐ দোকান ভিন্ন দোণার তল্লাদে অন্য দোকানে যাইবে না। ঐ গহনাগুলি নমুনামাত্র, উহা দেখিয়া যদি কেহ দোকান চিনিয়া লয়, তথন তাহাকে কেমন থরিদদার ভাহা বুঝিয়া তেমন তেমন গহনা সিন্ধুক হইতে বাহির ক্রিয়া দেখান যাইবে। ভারত-সাহিত্যের ভাব এই যে, চিন্তনীয়কে অবলম্বন মাত্র করিয়া, তৎপ্রতি দৃষ্টিপাত অনাবশ্যক বোধে, একেবারে অচিন্তনীয়তে লইয়া উপস্থিত করে: আর গ্রীকসাহিত্যের ভাব এই যে, যে চিন্তনীয় অপরের দারা অনাবশাকবোধে বিনা দর্শনে পরিত্যক্ত, উহা সেই চিন্তনীয়কেই সর্বাবিয়বে স্থাননি স্থানর ও বৈচিত্রবহুলরূপে দেখাইয়া তংপ্রতি তোমার মোহ উৎপাদন ও মনকে তাহাতে অনুক্ষণ আরুই করিরা থাকে। ভারতে রামায়ণ যে শ্রেণীর মহাকাব্য, গ্রীকভূমে হোমারের ইলির্দও দেই শ্রেণীর মহাকাব্য। উভয়েরই মূল ঘটনা প্রায় এক ধরণের এবং উভয়েতেই কর্মক্ষেত্র স্বর্গ-মর্ত্তা-পাতাল এই ত্রিভূবন ব্যাপিয়া। উভয়েরই ভাব ও রদবৈচিত্র অপরিদীম। উভয়হ নবরসাধার,উভয়েতেই অপার ঐশ্বর্য-বিস্তার। এখন এ হুইথানি গ্রন্থ পাঠ করিয়া দেখ, চিত্তে কিরূপ ভাবের উদয় হয়। রামায়ণপাঠে, ক্রমান্বরে, বাসন্তী শোভা ও সাংসারিক স্থ্যাধুরীতে মোহিত হইলাম: স্থথের দোলায় ছলিলাম; কিন্তু কোথায় তৃপ্তি ? তৃপ্তির দেখা পাইতে না পাইতে অমনি হঠাৎ কে আবার এ দৈবছর্ব্বিপাক উপস্থিত করিয়া স্বেহশৃত্থল ছিল্লে হৃদ্য নির্যাতন করিতে দণ্ডায়মান ? ক্রমে বিবাদের তুমুল তরঙ্গ, পরে হাহাকার, শেষে কাঁদিতে কাঁদিতে দারুণ ছঃখ-তরঙ্গে নিমগন।—কিন্তু সহসা একি শব্দ, এ রণশঙ্খ কোথায় বাজিতেছে! হৃদয় শব্দে শব্দে মাতিয়া উঠিল, তর তরে শিরায় শোণিত বছিল, চকু দিয়া অগ্নিক ুটিল, ভ্লারধ্বনিতে দিক নিনাদিত; মার-মার,

ধর—ধর, রব !—''ভেদয় ভেদয়, ছেদয় ছেদয়, হন হন, দহ দহ, মারয় মারয়—" একি প্রলয়কাল উপস্থিত,না রুদ্রদেব মহারুদ্রমূর্ত্তিতে সংহার-শূল ধারণ করিয়াছেন ? এ দিকে এ কে ? বরাভয়থর্পরমুগুহস্তা রণরঙ্গিণী উগ্রচণ্ডা !—কি প্রচণ্ড তাণ্ডব, প্রোংক্ষিপ্তোৎক্ষিপ্ত দিগ্গজা বহুদ্ধরা পদভরে ঘন টল্টলায়মান। কাহারা পুনঃ ঐ অন্তক্বদনে তাহাদের স্থগণ সহ দলে দলে প্রবেশ করিয়া বিলীন হইয়া যাইতেছে,—এ ঐ। দেখিতে দেখিতে আবার ঐ দেখ, দেখিতে দেখিতে পলকপ্রমাণে সেই সকল কোথায় পলাইল, কোথায় দে রৌত্ত মূর্ত্তি—ছায়াবাজিপ্রায় কোথায় লুকাইয়া গেল। উহা লুকাইতেছে বটে,কিন্ত যেমন লুকাইতেছে,আবার ঐ দেথ, উহার পার্ষে ঐ স্লিগ্ধ পূর্ণচক্রবৎ ও কি উদয় হইতেছে ?— আহা কি চিত্র, কি মধুর স্থাচিত্র, কি মধুর সংসার-স্থাচিত্র ! কিন্তু হায়! উহার মাধুরীতে হৃদয় আপ্লুত হইতে না হইতেই আবার ঐ কালমেঘ কোথা হইতে আসিয়া সকল আবরিত করিয়া ফেলিল. স্বপ্লবৎ সে মোহন দৃশ্য সকল কোথায় লুকাইল, কি দারুণ তিমির-রাশি !-পতিদেবতা দীতা বনে ? "রমা রদা দারমার," দিক শূন্য হইল, হ্নায় শূনা হইল—কোথায় শান্তি! কোথায় শান্তি! এ কর্ম-ক্ষেত্রে কর্মলীলার ত দেখিতেছি এই শেষ; তবে আর আমার এ শান্তি কোথায় মিলিবে, কোথায় এ শূন্য হৃদয় পূর্ণ হইবে,— বাঞ্চারাম ! বলিতে পার, কোথায় পূর্ণ হইবে ?—সর্যুনীরে ? তাহাই হউক। তাই বলিতেছিলাম যে, রামায়ণ পড়িয়া নানা রসে নানা ভাব-ভরক্তে চলিলাম বটে, কিন্তু শেষে এমন অশান্তি জন্মাইয়া দিয়া গেল যে, শান্তির আশায় তথন টুক্নি হাতে বনে যাইতে হয়।

একণে হোমারের ইলিয়দ-সংসারে একবার প্রবেশ করিয়া দেখ।
প্রবেশপথ দারদেশেই সরক্ত ধর্পরমুগু ঝুলিতেছে; কিন্তু ভয় পাইও না,
প্রবেশ কর। কে বলে ভয় পাইও না! সম্মুথেই এ কি, য়ুগান্তজ্ঞালাকর
এ মহানু কালামিকুও কোথা হইতে আসিল,—কঠোরকলোলে দারুণ
প্রবার্মিবৎ দিখিদিক মধিয়া লক্লক্ জিহ্বায় যেন জগৎ গ্রাস

করিবার নিমিত্ত, আকাশ-লেলিহান লোহিত শিথায় ছুটিয়া ছুটিয়া উঠিতেছে! কি দেখিতেছ়ে উহা প্রজ্ঞানত ক্রোধাগ্নিকুও;— গ্রীস্বাদিগণের ছরস্ত ক্রোধান্ত্রি কালানলরূপে, দপ্ দপ করিয়া, গম গম শব্দে, তাপে উত্তাপে, যাহা স্পর্শ করিতেছে তাহাই দক্ষ করিয়া ফেলিতেছে। উহা কি জন্মেজয়ের সর্পযজ্ঞ ?—তাহা হইতেও উহা ভীষণতর। জন্মেজয়ের যজ্ঞে ইন্দ্র-সিংহাসনের আশ্রয়ে নাগরাজ তক্ষক পরিত্রাণ পাইয়াছিল, কিন্তু এ দারুণ যজে দে পরিত্রাণেরও আশা নাই। বীরবর্ণের উৎসাহবায়ুতে সমর-ইন্ধনে এ দারুণ অগ্নি নিরস্তর দপ দপু করিয়া জ্বলিতেছে। হাস্য, বীভৎস অভুত, শাস্তি, যে কোন রস সে অগ্নি সাম্য করিতে ঢালিয়া দিতেছে: তাহাতে কোথায় সামা ? অগ্নি ক্ষণেক মান হইতেছে যেমন, পরক্ষণেই পুনঃ রৌদ্র হইতে রৌদ্রতর ভাবে প্রজ্ঞলিত শিথায়, আকাশতল দহন করিয়া ছুটিয়া ছুটিয়া উঠিতেছে। একা রুদ্রমূর্ত্তি সংহারশূল হতে দণ্ডায়মান ; যে কোন মূর্ত্তি নিকটে আসিতেছে, তাহাই সে রুদ্রতেজে মিশিয়া রুদ্রশূলের কলেবর বুদ্ধি করিতেছে। ইলিয়দের রসমাধুর্যা সর্বত পূর্ণবিষ্ব। কিন্তু এ প্রবল রোদ্ররদের মধ্যে অপরাপর রদের সমাবেশ, ঠিক যেন স্থমা-কুস্থম-কোমলা কামিনীগণ ছরন্ত শাদ্দি লগুহায় নিক্ষিপ্তবৎ। রাবণকে সংহারার্থে মৃত্যুশর সঞ্চালনকালীন, সেই শরকে অবার্থ করিবার জন্য, তাহার পর্ব্বে পর্ব্বে দেবতাবর্গের অধিষ্ঠান সাধন করা হইয়াছিল: ইলিয়দের দেববর্গ ও দেবশক্তির অবতারণাও তজ্ঞপ এই ইলিয়দ শিওরে করিয়া গ্রীকসস্তান জগজ্জেতা হইয়াছিল।—এই রামায়ণ শিওরে করিয়া ভারতসন্তান রামায়েৎ সন্ন্যাসী হইয়া ফিরিতেছে!

বে কল্পনাশক্তি রামায়ণে নিরস্তর লৌকিককে অলৌকিকপে পরিণত করিতে পর্য্যবসিত হইয়াছে, সেই কল্পনাশক্তিই ইলিয়দে সর্ব্ধদা অলৌকিককে লৌকিকত্বে আনিবার চেষ্টা পাইয়াছে। যদিও শেষোক্তের সে চেষ্টায় কোথাও ক্রটি দেখা যায়, তাহা কল্পনা বা কবির দোষ নহে; লৌকিকের ন্যায় অলৌকিক সর্ব্ধদাই আয়ত্তসাধ্য নহে

সেই জন্য। রামায়ণে লোকের ক্রচি অরুচির প্রতি বড একটা বিশেষ খাতির নাই; কবির বাঞ্চার সহিত সংমিলিত হইয়া কলন। যতদূর ইচ্ছা ছুটিরা গিরাছে। কিন্তু ইলিয়দে তাহা নহে; দকলই সম্ভবের মধ্যে, সকলই সীমার ভিতর, এবং সর্বত্তই লোক-রুচির সহ সামঞ্জস্য পক্ষে বাহাতে ব্যতিক্রম না হয় তাহার প্রতি দৃষ্টি পদে পদে। রামায়ণে নিহিত রত্নরাশি অমূল্য ; কিন্তু গায় অনেক খনিজ আবরণ হেতু পূর্ণপ্রভ হইতে পারে নাই; পাণ্ডিত্য অন্তুত, কিন্তু যেন বিশ্ব আয়ত্ত করিতে হস্ত প্রসারিত, স্থতরাং গাঁজাখুরীর আভাসও অনেক। ইলিয়দের রত্নরাশিও বছমূল্য; যদিও রামায়ণের ন্যায় অমূল্য নহে বটে, কিন্তু এমন চাক্চিকাশালী যে তাহার কাছে অমূল্য রত্নও দাঁড়াইতে লজ্জা বোধ করে।-পাশ্চান্ড্যের পালিস চিরকালই চক্চকে; চিরকালই পাশ্চাত্যগণ পালিসসর্কম। পাণ্ডিত্যও অনেক, কিন্তু দীমান্তর্বর্ত্তী ও প্রকৃতি সহ সামঞ্জস্যুক্ত, স্থতরাং গাঁজাখুরীও কম ৷ বাঞ্চারাম ! এখন किछानिए भार, तामायन वर्ष कि है नियम वर्ष १— (कहहे वर्ष नरह, কেহই ছোট নহে। আপন আপন ঘরে উহারা আপনি আপনার রাজা। যে যথন যাহার ঘরে প্রজাভাবে যাইবে, সেই তথন তাহাকে বড়ভাবে দেখিতে পাইবে।

কিন্তু সে যাহা হউক, আমরা যাহা দেখিতে এখানে প্রবেশ করিরাছিলাম, তাহা ফেলিরা অন্য কথার সমর কটোইতেছি। দেখ পুনর্বার, ইলিরদের অগ্রিকুণ্ডে কি দহিতেছে। ইলিরদের বিংশ সর্গ বাহির কর। বহুতর রসপ্রক্ষেপ আহতি শ্বরূপে পরিণত হওরার, অগ্রিকুণ্ড কি ভীষণ আকার ধারণ করিরাছে! কেবল মানবীর বুদ্ধে আর রণভ্যা পরিভূগ্ড হইতেছে না। এক্ষণে যুদ্ধার্থে দেবদল বিভাগে বিভক্ত হইরা মানব-সহযোগে সংগ্রামে প্রবৃত্ত হইলেন। এই বার লক্ষবলি। আহতিপাতরূপে মহাসর্প সকল ধড়ফড় করিরা, আসিরা পড়িতেছে। বিশাল জিহ্বা প্রসারিত করিরা, সধ্ম অগ্রিশিধা, উন্মন্ত অট্টাসের ন্যার আলোকাক্ষকারে গগন পরিব্যাপ্তে যুগাস্ত-মূর্জ্বিৎ সমুপ্রিত। আকাশে

অগ্নিবর্ষণ, ঘন বজ্রখোষে দিখলর নিনাদিত, জীবজগৎ চমকিত,ভারভরে পৃথিবী টলুমল্ করিয়া ছলিতেছে। স্থাশশী কাল তিমিরে আচ্ছাদিত: থাকিয়া থাকিয়া প্রকৃতির চমকবং কালাগ্রিশিবায় জগং আমূলত: ক্ষণে ক্ষণে লোহিতনীলাভার আলোকিত ইইয়া উঠিতেছে। কি অভূত, কি ভয়ক্তর দৃশ্য ় এইবার নাগরাজ উক্ষকের পতন,—ত্রয়-ভরসাহেক্টরের পতন হইবে। হেক্টর পড়িল। অভাবনীয় আছিতি লাভে, অভাবনীয় বল প্রাপ্তে, অগ্নিশিধা বিপুলবেগে ধাবমান হইল। স্বর্গে দেবদল, মর্ত্তে মানব, সকলেই স্পক্ষিত। কবি তথন স্ষ্টিনাশের আশকায়---আত্মনাশের আশকায়--অগ্নি নির্বাপিত করিবার জন্য আন্ত্রমেকি,প্রিয়াম ও তৎপরিজনবর্গের করুণারস ঢালিতে লাগিলেম। অপরিমিত ভাবে ঢালিতে লাগিলেন। অগ্নি নির্বাপিত হইল বটে. কিন্তু একবারে নির্বাপিত হইল না। উপরে শীতল হইল, কিন্তু ভিতরে এখনও অগ্নি ধিকি ধিকি করিয়া আক্ষালন করিতেছে: একট বাতাস পাইলেই ধক্ধক্ করিয়া জ্লিয়া উঠিবে। এখনও সেই চিতার মধ্য হইতে মার মার শব্দে হেব্রুর ও পারফ্লুসের আত্ম চীৎকার করিয়া, আপনাপন পক্ষকে প্রতিশোধ লইবার জন্ম উৎসাহিত করিতেছে। এথনও চীৎকার করিয়া সাবধান করিতেছে, দেখিও যেন গ্রীকম্বন্দরী হেলেনা ও স্পার্টার রত্বরাশি হস্তাস্তরিত হইতে না পায়। স্বতরাং এ অগ্নি একেবারে নির্বাপিত হইল না, , আবার জ্বলিয়া উঠিবার নিমিত্ত সময় প্রতীক্ষা করিতেছে মাত্র। ইলিয়দ্ও কিয়ৎকাল ধর্মপুত্তকভাবে গৃহীত হইয়াছিল, কিন্তু রামায়ণের তুলনায় তাহা হুই মুহুর্তের জন্ম বলিলে হয়।

হোমারের পর আর্কিলোকুস হইতে পরবর্তী সময়ের প্রায় সমত কবি ও নাটককারগণের আর কেহই ধর্মশাস্ত্র বা পৌরাণিক বিষয় লইরা গ্রন্থ রচনা করে নাই। যদিও বা কেহ কোথায় দেবতাদিগের অবতারণা করিয়াছে, তাহা প্রায়ই দেবতাদিগকে উপহাস করিবার উদ্দেশ্যতে অধিক; এবং এই উপহাসের চূড়াস্কসীমা আরিষ্টকানিদের গ্রন্থে সাধিত হইরাছে। ইহা ভিন্ন, এই সকল প্রস্থকারের রচনা অধিকাংশই সামাজিক ও রাজনৈতিক; অথবা ব্যক্তিবিশেষের দোষাংশ হউক বা গুণাংশ হউক,তাহা লইরা রচিত। যথায়ই দোষাংশ-বাহালাের অন্তিম, তাহা কি রাজগৃহে কি অন্যত্র কি আপন ঘরে হউক, কোথা ও কবির কটাক্ষ হইতে নিস্তার পাইবার যো নাই। অর্কিলােকুসের প্রধান গ্রন্থ তাহার শক্তর লিকাম্বিদের বিপক্ষে। ঐ গ্রন্থ কটাক্ষ এবং ব্যক্ষাক্তিতে এরূপ পরিপূর্ণ যে,লিকাম্বিদ তজ্জন্য কিপ্তপ্রায় হইরাছিল। রাজপুরুষ হইলেও বে কবির বাক্যবাণ হইতে নিস্তায় নাই, তজ্জন্য কেবল আরিষ্টফানিসক্রত লিশিস্ত্রাতা নামক নাটকের নামমাত্র উল্লেখ করিলাম। এই আরিষ্টফানিসের বাক্যবাণ হইতে মানবগুক্ষ সক্রেতিসেরও নিস্তার ছিল না। প্রাচীন সংস্কৃত সাহিত্যসংসার বিলােড়ন করিলে, এতজ্ঞপ শ্রেণীর কোন গ্রন্থ পাওয়া যায় কি না বলিতে পারি না। আধুনিক সংস্কৃতে থাকিলে থাকিতে পারে।

যে সকল গ্রীক-কবিদিগের নাম উপরে করা হইল, ভাহারা যে সময়ে গ্রীকভূমে প্রাছর্ভ হইয়াছিল; তাহার সম-সময়ে সংস্কৃত সাহিত্য-সংসারে প্রাচীন রামায়ণ ও মহাভারত ভিন্ন, অপর কোন প্রকার সাহিত্য গ্রন্থ ছিল কি না তাহা বলিতে পারা যায় না। যদি বলা যায় যে ছিল, তবে তাহা নিঃসন্দেহ লোপ হইয়াছে এবং আমাদের হাতে আসিয়া পোঁছে নাই। ভারতীয় প্রভূত বিপ্রবরাশির মধ্যে লোপ হওয়ার সম্ভাকনাই অধিক। রামায়ণ ও মহাভারত ছাড়িয়া দিলে, তাহাদের নিমে সর্বাপেকা প্রাচীন সাহিত্য গ্রন্থ মৃচ্কটিককে ধরিতে হয়। এই মৃচ্কটিক কথিত গ্রীক লেথকদিগের অপেকা কিঞিং আধুনিক। উচা খ্রের শত বংসর পূর্বের রচিত হয়। এই গ্রন্থের অপর কোন উদ্দেশ্য নাই, প্রধান উদ্দেশ্য প্রেমবর্ণনা;—গ্রীক-কবিদিগের সাধারণ উদ্দেশ্যের সঙ্গে অনেক তফাত। সে যাহা হউক যদিও কথিত গ্রীক সাহিত্যগ্রন্থ সকলের নাায় সেকালের সাহিত্য গ্রন্থ বেশী পাওয়া যায় না বটে; কিন্ত ওৎপরিবর্ত্তে অসীম প্রতিভা ও পাণ্ডিত্যপরিসূর্ণ

বিবিধ বেদাঙ্গ ও তাহার ছারা শ্রমী অপূর্ব রন্ধসম্থে পরিপূর্ণ অপরাপর-বিষয়ক বিবিধ প্রায় এক পাওয়া যায় যে, তাহাদের কি সংখ্যা, কি সায়ন্ধ, এ সকলের তুলনে, প্রীকের বিদ্যাগ্রন্থ সকল বছলাংশে নগণিতের মধ্যে পড়িয়া যায়। প্রীক বিদ্যাগ্রন্থ সকল সাধারণতঃ রাজনীতি, সমাজনীতি, লোকযাত্রা বিবরে; আর হিন্দুর বিদ্যাগ্রন্থ সকল সাধারণতঃ ধর্মানীতি ও ব্যবহারনীতি বিষয়ে। এথানেও স্বাস্থ জাতীয় প্রকৃতির পরিচয়। যে কোন বিষয়ের সংশোধনে,—ব্যঙ্গোক্তি, রূপক; কটাক্ষণতে, দৃশ্যাভিনয় প্রভৃতি, সামাজিক মুথপ্রিয় গ্রীকের প্রধান অয়। তত্তৎ হলে, হিন্দুচরিত্র স্বতন্ত্র। হিন্দুর দৃক্পাতশূন্য নিষ্ঠা ও রুচি এমনিই কঠোর ও থরতর যে, তিনি যাহা কিছু সংশোধন করিছে চাহিবেন, তাহাই অরুশাসন—ধর্মান্থশাসন বাকো; ব্যঙ্গোক্তি প্রভৃতি থোষ-পোষাকী উপায়ের ধার ধারিতেন না। বাঞ্চারাম, খেদ করিও না; কেবল আলো চাউল আর কাঁচকলায় থোষপোষাক আসিবেই বা কোথা হইতে।

যে সকল বিদ্যা এবং বিজ্ঞান আফুঠানিক বা বাহার আশু কল পার্থিব স্থাও স্বচ্ছন্দতা লাভ, এরূপ বিদ্যা ও বিজ্ঞানের অন্তর্নিহিত সত্য, খণ্ড ভাবে ভারতে অনেকই উদ্ভাবিত এবং আবশ্যকতা অন্থলারে নিয়োজিতও দেখিতে পাওয়া যায় বটে; কিন্তু তাহাদের মধ্যে প্রত্যেক সমজাতীয়গণের পৃথক ভাবে শ্রেণীনির্কাচন,ধারাবাহিকরূপে সংযোজন ও বিজ্ঞানপদবীতে সংস্থাপন, ইহা কোথাও দৃষ্ট হয় না। পৃর্পেই এক স্থানে বলা গিয়াছে যে, অন্যান্য বিষয়ায়ুসন্ধান উপলক্ষে ভারতে ভূবিদ্যা, ভূতত্ত্ববিদ্যা, পাশবতত্ত্বইত্যাদি, যাহারা অধুনা উচ্চ-বিজ্ঞান শন্দে খ্যাত; তাহাদের বছল তত্ত্ব, এমন কি গুড়তম সত্য পর্যান্ত, খণ্ড খণ্ড ভাবে উদ্ভাবিত ও কার্য্যে নিয়োজিত হইয়াছিল; কিন্তু কোথাও ভাবে উদ্ভাবিত ও কার্য্য নিয়োজিত হইয়াছিল; কিন্তু কোথাও ভাবাদের কেহ ধারাবাহিকরূপে শ্রেণীবদ্ধ বা বিভিন্ন শাস্ত্র-পদ্পতিন্তিত হয় নাই। এমনও ঘটিয়াছে যে, তত্তৎ শাস্ত্রাদিবিব্যক্ষ সাধারণ জ্ঞানের যে ফল, কার্য্যতঃ ভারাতে ভারতীয়েরা হয়ত অনেক

সময়ে গ্রীকদিগের অপেকা জিতিয়া গিয়াছেন: কিন্তু তাহা হইলেও, তজ্জনা, গ্রীকদিগকে অতিক্রম করিয়া, ভারতীয়দিগকে জয় দিতে পারা যায় না। কারণ, ভারতীয়েরা যথন যাহা লাভ করিতেন, তাহা অদৃষ্টপূর্বের ন্যায় এবং ভারতীয়েরা দে সকলকে বিধি-নিষেধাতীত বৈজ্ঞানিক প্রণালীতে সাজাইয়া একত্র করিতে জানিতেন না। ভারতীয়েরা দেই সকল বিষয়ে, কি কার্য্যকারণ পদ্মক্রমে কোন ফললাভ করিব এবং সেই ফল আমাদের কার্য্যে—কেবল উপস্থিত কার্য্যে নহে,—সন্য কার্য্যেও কতদুর আসিতে পারিবে, তৎপক্ষে এবং কেবল তাহারই নিমিত্ত, কথনও চেষ্টা বা চিন্তা করিতেন না। তাঁহাদের যাহা প্রিয় অনুসন্ধান ও প্রিয় আলোচনা, সেই বিষয়বিশেষ উপলক্ষে যদি অন্তাবিধ কোন তত্ত্ব অভাবনীয় ভাবে উদয় হইল, ভালই; কিন্তু তাহাকে যে আবার স্থ্রান্থনে ভিত্তিস্বরূপ করিয়া তদবলম্বনে তজ্জাতীয় নূতন তত্ত্বের আশায় श्ख-व्यमात्रन এवः তৎস্তে এক নৃতন विमावित्मस्वत উদ্ভাবন করিব, দে অভ্যাদ বড় নাই। স্বতরাং বলিতে হইবে বে, ইহারা যাহা কিছ তদ্রপ তদ্রপ জ্ঞান লাভ করিতেন, সে জ্ঞান যতই উচ্চ হউক, তাহা দৈব-প্রেরিতবৎ এবং তাহা থণ্ড ও বিস্তারশূন্য রুট্ জ্ঞান। বলা বাহুল্য যে, অসাবাস্ত সূত্র বা দৈবের উপর যে যে জ্ঞানের জন্য যাহাকে নির্ভর করিতে হয়, সেই সেই জ্ঞান সম্বন্ধে তাহার অপেকা ছঃখী ও অসাবান্ত মামুষ পৃথিবীতে আর নাই। গ্রীক-জীবনে এরূপ নহে; ক্রিয়াক্ষেত্রে কথিত বিষয়দমূহে যথন যে জ্ঞান নৃতন লাভ করিয়াছে, তাহাকে তৎক্ষণাৎ সাজাইয়া এবং যথোপযুক্ত তাহার শ্রেণী নির্দিষ্ট করিয়া বিজ্ঞানপদ্বীতে প্রতিষ্ঠিত করিয়াছে, এবং তাছাকে আবার অবলম্বন করিয়া নৃতন তত্ত্বের অহুসন্ধানে প্রবৃত্ত হইয়াছে। পুন*চ, একম্প্রকারে কার্য্য-কারণ দশ্বর নির্বাচন সহ উদ্যাবিত তত্ত্ব সকল শ্রেণীবদ্ধ আকারে পরিণত হওরাতে; তাহা পৃথক শান্ত্রূপে গণিত ও অধীত এবং কার্য্যকালে অমুস্ত

হুইত এবং তজ্জ্বন্ত তত্ত্বিষয়ক যে কিছু সম্ভবপর উত্তর উর্লাত, গ্রীকেরা তাহা ইচ্ছাপূর্ব্বক, জ্ঞানপূর্ব্বক এবং আত্মগণনার অভি-মতরূপ লাভে সমর্থ হইতে পারিত। অতএব গ্রীকদিগের দ্বারা উত্তাবিত ও শ্রেণীবদ্ধ তত্ত্বসমূহ, কোন কোন অংশে অপেক্ষাক্ষত সামান্য হইলেও, তাহা সাব্যস্ত এবং তাহাকে অবলম্বন করিয়া তত্তৎ বিষয়ের অগ্র পশ্চাৎ দেখিতে পারা যায়। হিন্দুদিণের উদ্ভাবিত তত্ব সকল খণ্ডাকৃতি হেতু ইতস্ততঃ বিক্ষিপ্ত থাকায় ও জাহাদের পরস্পারের মধ্যে গ্রন্থনরজ্জুর অভাব হওয়ায়, তাহাদের অবলম্বনে যথাযোগ্য অগ্রপশ্চাৎ অবলোকন অথবা তাহাদের উপরে কোন প্রকার উন্নতি-বীজ বপন করিতে পারা যায় না। এমন স্থলে হিন্দুদিগের মধ্যে সেই সকল খণ্ড তত্ত্ব থাকা বা না থাকা উভয়ই সমান: এবং জগতের প্রয়োজন অমুরূপ ধরিতে গেলে, একেবারে ছিল না বলিলেই চলে। হিন্দুদের বোধ অনুরূপ যতদূর হইলে উপস্থিত জীবনযাত্রা স্বচ্ছনে নির্ব্বাহ হইতে পারে, হিন্দুরা তাহাই ধারাবাহিকরূপে সাধন করিয়া গিয়াছেন। ফলতঃ যে জাতির জগতের প্রতি বৈরাগ্য এত যে, পার্থিব জীবনের অনিত্যতাও তৎপ্রতি তুচ্ছতা শিক্ষা দিবার নিমিত্ত লোমশ মুনির উপাথ্যান কল্লিত হইয়াছে; সে জাতির মধ্যে যে এ সকল লৌকিক বিদ্যা বা বিজ্ঞানের উদ্ভাবন ও উৎকর্ষ সাধন হয় নাই কেন. তাহা বলিবার আশ্যকতা রাথে না। পুরাণে এই লোমশ মুনির ইতিহাস বিষয়ে এরূপ কথিত আছে যে, ইহার সর্বাঙ্গ মেববং লোমে আছের ছিল। ঐ লোম প্রতি ইন্দ্রপাতে এক একটি করিয়া থদিত। এই হিসাবে একটি একটি করিয়া থসিতে থসিতে সমস্ত অঙ্গ যে দিন একেবারে নির্লোম হইবে, দেই দিনই তাঁহার মৃত্যুদিন আসিয়া উপস্থিত হইবে। এ হিসাবে তাঁহার আয়ু ব্রন্ধার অপেকাও অধিক হইয়া পডে। তথাপি এই ঋষি, কেন যে আপনার আশ্রমকুটীরের উপরি জলবায়ুনিবারক আচ্ছাদন দিবেন, এবং এই অল্প কয়দিনের জন্য তাহার আবশ্যকতাই বা কি, তাহা নিরূপণ করিয়া উঠিতে পারেন নাই।

ফলত: ভারতীয়দিগের ভূ-বিদ্যার ধারাবাহিক জ্ঞান, স্বর্ণচূড় স্থমেরু, ক্ষকপন্নশোভিত মানস্পরোবর, লবণ ইকু সুরা সর্পি প্রভৃতি সমুদ্র, ত্রিকোণময়ী পৃথিবী, ইত্যাদিতে আসিয়া সমাপ্ত হইয়াছে। ভূতত্ব-বিদ্যায় জ্ঞান—বাস্থকীর মন্তকে পৃথিবীর অবস্থিতি, এবং তাহার মাথা ঝাড়াতেই ভ কম্পনের উপস্থিতি হইয়া থাকে। উদ্ভিদ্বিদ্যার ব্যৎপত্তি —কোন, গাছ ব্ৰাহ্মণ, কোন গাছ চণ্ডাল, কোন গাছ পুৰুষ, কোন গাছ স্ত্রী, এবস্তৃত বিভাগবোধ। পাশবতস্থবিদ্যা—আত্মার কর্মপুত্রবশে ইতর হইতে ইতরতর অবস্থা প্রাপ্তার্থে চৌরাশী লক্ষ যোনির সৃষ্টি. ইত্যাদি। কিন্তু এক কথা। হিন্দুরা চিরকাল আত্মদেশমধ্যে আবন্ধ-প্রায়, গ্রীকের তুলনায় অপারাপর দেশীয় লোকের দহিত সংস্রবে অল্লই আসিয়াছিল বলিতে হয়; অন্য দিকে গ্রীকেরা তদ্বিপরীতে অপরিমিতভাবে অপরাপর দেশীয়দিগের সংস্রবে আসিয়াছিল। স্থতরাং ইহারা একই বিষয়ে পাঁচদেশীর পাঁচরূপ বৃদ্ধির সন্ধলনে এবং তাহার সভিত নিজবৃদ্ধির সামঞ্জসাসাধনে, বিষয়বিশেষ লইয়া যে ভারতকে অনেক অতিক্রম করিয়া চলিয়া যাইবে, তাহাতে বিচিত্র কিছুই নাই। কারণ একে সেই সেই বিষয় হয়ত হিন্দুদিগের প্রক্লতিযুজ্য নহে, তাহাতে আবার বাহ্য সাহায্য তাহাতে কিছুমাত্র ছিন্ন না। কিন্তু আবার যে যে বিষয়, গ্রীক এবং হিন্দু উভয়েরই প্রকৃতি কর্তৃক সর্ব্বাংশে অমুমোদিত, এবং যাহা উভয়কেই বিনা সাহায্যে অমুসরণ করিতে হইয়াছে, তথার একবার সেই অনুস্ত বিষয়ের মধ্যে বিচার করিয়া দেখ. কে কতদুর দৌড় দেখাইতে সমর্থ হইয়াছে; তাহা হইলে মনীষা-চালনায় কে কতটা উচ্চতর, তাহা স্পষ্টতঃ জানিতে পারিবে। তেমন ন্তলে ভারতকে উর্দ্ধে ভিন্ন নিমে দেখিতে পাইবে না।

এক্ষণে পূর্ব্বাপর আলোচনা করিলে দেখিতে পাওয়া যায় যে, আয়ুষ্ঠানিক বিদ্যাদিতে হিন্দুরা বিশেষ কিছুই উয়তি সাধন করিতে পারেন
নাই। ব্যবহারগ্রন্থাদি ধর্মবিষয়ক অতিনীতিবহল। সাহিত্য ধর্মবৃদ্ধিতে পরিপুষ্ট ও অতি উচ্চ। কৃষি, বাণিজ্য, সমুদ্রবাতা, শিল্প

প্রভৃতি বিদ্যার ভারতে আবশাক অনুরূপ উন্নতি সাধিত হইরাছিল বটে : কিন্তু ইহারাও স্কাংশে অনুষ্ঠানপ্রধান বিষয় হওয়াতে এবং উপ-পাদ্য জ্ঞানের সাল্লিধ্যে ইছারা বছলাংশে প্রকৃতিবিভিন্নতাযুক্ত থাকাতে, ইহাদের যতদূর উন্নতি সামিরিক জ্ঞান ও বৃদ্ধি অমুসারে হইতে পারে তাহা হর নাই। অতিদূরতম কালেও, কৃষি, সমুক্রযাতা, বাণিজ্য প্রভৃতি বিষয়ে গ্রীকভূমে যেরপ উৎকর্ষ সাধিত হইরাছিল এবং লোকের শিক্ষার্থে তাহা বেরূপ ও যতটা যত্ন এবং সাবধানতার সহিত विधिवक इरेग्नाहिल, जारा आत्नाहना कतित्व आन्हर्या रहेरछ रत्र। ভারতসম্ভান, বে সমরে তুমি ক্লফসার মূগের অংবিচরিত দেশ অনার্যানিবাস ভাবিয়া, পুণাসলিলা গঙ্গার তটে ঘনীভূত হইয়া বসিতেছ; সেই একই সময়ে, দূরবিচরণকারী গ্রীকসম্ভান ভোমার সেই গঙ্গারই তট হইতে ধনরত্ব স্থায় করিয়া, গৃহ এবং গৃহলক্ষীকে সজ্জিত ও ইহলৌকিক স্থথের চূড়াস্ত করিয়া তুলিতেছে। তোমার তাহা দেখিয়া ধিকার বোধ হইত না ! তখন ও কি তোমার গৃহলক্ষীগণ আদরিণী হইয়া সমার্জ্জনী ধরিতে শিথিয়াছিলেন ? তুমি কি তথনও রাগ হইলে ভাতের হাঁড়ি ভাঙ্গিতে?

ইতি পঞ্চম প্রস্তাব।

ষষ্ঠ প্রস্তাব।

লোকনীতি।

১। নীতিবিচার।

প্লেটো হইতে রুষো পর্যান্ত, যুগে যুগে উদ্ভূত খ্যাতনামাবর্গ, কি জানি কি স্ত্র ধরিয়া, বিশ্বাস করিতেন যে, বেমন কতক গুলি স্বতঃসিদ্ধ ও তর্কাদিযোগে ক্ষেত্রতত্ত্বের প্রতিজ্ঞা বা তথাবিধ বিষয় সকল স্থাপিত হইয়া থাকে: লোকসমাজ ও লোকনীতিও সেইরূপ প্রকরণে স্থাপিত ও বর্দ্ধিত করিতে পারা যায়। হইত, তাহা না হয় সম্ভবপরও ছিল. তক্রপ স্থাপিত লোকনীতি দারা লোক্যাত্রাও বদ্ধিত ও পরিচালিত হইতে পারিত এবং আমরাও তাহাতে বিশেষ সন্দেহ করিতাম না: কিন্ত এক কথা, যদি তাবং লোক প্লেটো বা ৰুষো হইত। ছৰ্ভাগ্য-ক্রমে এ জগতে তাবং লোক প্রেটো হইয়াও কথন জনায়না, বা कृत्या इहेबाउ कथन जनाम ना। এ अवनी (यमन अनस्त्रह्मा, मानव-প্রকৃতিও তেমনি অনন্তবহুল; স্বতরাং কে একা-প্রকৃতি তোমার বা একা-প্রকৃতি আমার তর্কপ্রস্ত আড়গড়ার মধ্যে আবদ্ধ হইয়া স্বাধীনতা লোপ করিতে স্বীকৃত হইবে; এবং একা-প্রকৃতি তুমি আমিই বা কেমন করিয়া প্রত্যাশা করিতে পারি যে, মংকৃত রজ্জুতে অনন্ত প্রকৃতি আবদ্ধ করিয়া মম বৃদ্ধি-অমুরূপ শৃঙ্খলাবদ্ধপূর্বক তাহাদিগকে চালাইতে সমর্থ হইব ? বিশেষতঃ আমাতে যে দিব্য আত্মা, অন্যেতেও সেই দিব্য আত্মা বিরাজ করিতেছে; সমান সমান সম্বন্ধ: তথন কেন অন্যে মংক্লত সূত্ৰে বিনত হইয়া আবদ্ধ হইতে যাইবে ? কোন মানৰ তাহা হয়ও না। শিষ্য অবশ্য গুৰুৱ निक्रे आवह इम्र वर्षे, किन्न त्म अक्रभ आवह नत्ह ; अक्रकुछभात्म নছে, গুরু কর্ত্তক পরিচালিত হইবার জন্যও নহে: গুরুতে

যে জ্ঞানালোকটুকু আছে তাহাই মাত্র লাভ করিবার জন্য। যতদূর দেখিয়াছি, তাহাতে এ বিখে কেবল একটিমাত্র স্থাতে যাহাতে সকলেই, ইচ্ছায় অনিচ্ছায়, সর্ব্ধ প্রকারে আবদ্ধ হয় এবং সান্ত্রিক প্রকৃতির লোক হইলে আবার ভক্তি-ব্যাকুলতায় আবদ্ধ হয়: সে হত্ত তাহা, যাহাতে সকলেরই উৎপত্তি। কিন্তু এ হত্ত যেমন একদিকে একভায় সম্বন্ধ করে, তেমনি অন্য দিকে কিছুমাত্র বছত্ত্বের বিলোপ করে না। তোমার মনুষ্যক্ত স্ত্রের ধর্ম তাহা নহে; একা-প্রকৃতি হইতে উৎপত্তি হেতু একমুখী একতাই উহার সন্থন, অতএব কেন বা কেমন করিয়া উহাতে বছত্বপূর্ণ লোকনীতি আবদ্ধ হইবে ? হয়ও নাই কখন। স্কুতরাং আমরাও এখানে, যে লোকনীতি স্ত্র কেবল বচনে মাত্র স্থিত, কার্য্যে কথনও আনীত হয় নাই, তাহা লইয়া আর বাকবিতভায় অধিক সময় অপব্যয় করিব না। যাহা লোকপ্রকৃতি অমুরূপ স্বতঃ হইতেছে ও হইবে, এ এক নীতি; আর বাহা তর্কফলে এরপ হইলে ভাল হয়, সে এক নীতি: এ গুয়েতে অনেক তদাত। প্রথমোক্ত নীতিই স্বাভাবিক, যেহেতু তাহা স্বতঃ প্রকৃতি-উৎপন্ন বিষয়ের সততা স্বচ্ছন্দতা ও পরিচ্ছিন্নতা সংসাধন করিয়াই ক্ষান্ত হয়: তদতিরিক্তে যায় না।

ছিতীয়তঃ, আর কতকগুলি ক্ষুত্রর থাতিনামা আছে, বাহাদের বিশাস—"তোমার উপর যেরপ কৃত হইতে অভিলাষ কর,অন্যের প্রতি সেইরপ আচরণ করিও"—এই নীতিই লোকনীতির মৃল এবং উহার উপর নির্ভর করিয়াই সাধারণ লোক্যাত্রাবিধান নির্দ্মিত হইয়াছে। এ নীতিতে, অকশাস্ত্রের আর সমস্ত ফেলিয়া দিয়া, কেবল এক কমা ধরচের বিপুল প্রয়োজন দৃষ্ট হয়;—যেমন দেবে তেমনি পাবে, যেমন পাবে তেমনি দেবে। কিন্ত ইহা হইলে, এ জগতে আর নিঃবার্থ মহন্দের অস্তিছ এবং আবশ্যকতা থাকে না; কারণ মহন্দের এথানে অবলম্বন হল কোথায় ?—অবলম্বন ব্যতীত কোন পদার্থ এ স্থল জগতে তিষ্ঠিতে পারে না। আত্মন্থ ও স্বার্থ ধথন জীবনের উদ্দেশ্য, তথন

কেন আমি পরের জন্য প্রতিদানের অতিরিক্ত থাটিয়া মরি ? ইয় ত এরূপ স্থলে বলিবে, মহস্বের দরকার নাই! তাহা যেন হইল, কিন্তু তথাচ আমরা দেখিতেছি, মহন্বের রুপা ও করুণা ব্যতীত এ জগং ত একদিনও চলে না। স্থতরাং কাজেই বলিতে হইবে যে, ক্থিত লোকনীতির মূল অলীক এবং অকিঞ্চিৎকর; অতএব উহা লইয়া সমর অপব্যর ক্রিবার আবশ্যক নাই।

আমরা দেখিতে পাইতেছি যে, লোক যে যেমন অবস্থায় পতিত, ভাহার লোক্যাত্রাবিধানও সেইরূপ। যে কথা লোক্বিশেষে প্রযুক্ত. জাতিবিশেষ এবং সমগ্র মানবজাতির পক্ষেও সেই কথা প্রযুক্ত হইতে পারে। যে যেমন কর্মক্ষেত্রে পতিত হুইয়াছে, তাহার লোক্ষাত্রাবিধান ও লোকনীতিও সেই কর্মক্ষেত্রের উপযোগী হইবার জন্য, সেইরূপ আকার ধারণ করিয়াছে। স্বতরাং যে জাতি যেরূপ, তাহার নীতিমার্গ তদমুদারী এবং তাহার কর্মপ্রবাহও দেইরূপ আকার ধারণ করিয়া থাকে। সমগ্র মানব এক-প্রকৃতি, তাহার উপর আবার বিভিন্ন জাতি বিভিন্ন প্রকৃতি: আবার জাতির মধ্যেও বিভিন্ন সমাজ ও বিভিন্ন মানব ভেদে আরও বিভিন্ন বিভিন্ন প্রকৃতি দৃষ্ট হয়। এ বিশ্বপ্রপঞ্চের এক মুখে একত্ব, আর মুথে বছত্ব; উহা তাহারই পরিচায়ক ও অভিনয় মাত্র। ঐশ্বিক একই কার্য্যবিশেষ এবং তাহার পুনঃ পর্যায় অংশ, কলা প্রভতি সাধনের নিমিত্ত, মানব-স্পষ্টতে একত্বের উপর এক্লপ প্রকৃতি-বিভিন্নতা স্ষ্ট। এই নিমিত্ত মানবসাধারণ, জাতিবিশেষ, সমাজবিশেষ এবং ব্যক্তিবিশেষে, এরূপ সাধারণ এবং বিশেষ ভেদ অনুসারে, এ জগতে যেমন মুলনীতির একতা, সেইরূপ বিশেষ নীতির বিভিন্নতা সর্বত্র পরিলক্ষিত হইয়া থাকে। বাস্থারাম, দেখ এথানে, একত্ব এবং বহুড়ে কেমন চমৎকার স্থসমাবেশ এবং কেমন চমৎকার স্থসংমিলন ! এখন বুঝিলে, লোকনীতি কেবল আমাদের মনের কল্পনা বা কেবল चामारित युक्ति-मञ्जू व्यामानन हरेरा छेरभन हन नाहे; छेहा अ দর্মস্বরূপ মহা উৎদ হইতে নিঃস্ত: উহাও দেই ঐশ্বরিক প্রয়োজনবলে উৎপন্ন, মানবের উহাতে কোন হাত নাই। উহাও কর্মক্রের কর্মক্রবেশে উদ্ভ ; আমাদের হারা নির্মিত হইবার বিষয় নহে ;—ভবে মানব সহ সম্বন্ধযুক্ত অপরাপর বিষয়ের ন্যায়, সংক্ষার প্রাপ্ত হইবার বিষয় বটে।

যে কিছু আচার ও অনুষ্ঠান সমূহ মানবকে ইহলোকে পরিবেটিত করিয়া রহিয়াছে : ভত্তাবতের উন্নতি বা অবনতি,ঔৎকর্ম বা অপকর্মতা-প্রাপ্তি,মানবীয় আধ্যাত্মিক জীবনের উন্নত বা অবনত,উৎকর্ষ বা অপকর্ষ ভাবের উপর নির্ভর করিয়া থাকে। এই লোকনীতিও সে নিয়মের বহি-ভূতি নহে। কি ব্যক্তিগত কি জাতিগত, যখনকার আধ্যাত্মিক জীবন যেরূপ উৎকর্ষ বা অপকর্ষ ভাবযুক্ত: তথনকার লোকনীতিও সেইরূপ ঔৎকর্ষ বা অপকর্মতা প্রাপ্ত হইয়া থাকে। আধ্যাত্মিক জীবন যথন যে পর্যায়ে আছে, লোকনীতি যদি সে সময়ে নিম্ন পর্য্যায়ের দেওয়া যায়. তাহা হইলে নিশ্চয় জানিবে, আধ্যাত্মিক জীবন তাহাকে সংস্কৃত ও স্থান্তরূপ করিয়া লইয়া, নিজ পর্যায়ে উঠাইয়া লইবে: অথবা লোক-নীতি যদি উচ্চতর পর্যায়ের দেওয়া যায়, তাহা হইলে সেইরূপ তাহার অপকর্ষতা সাধনপূর্বক আপন পর্য্যায়ে নামাইয়া লইবে। অতএব লোক-নীতির উৎকর্ষসাধন করিতে হইলে,কেবল বহিঃসংস্থার অবলম্বনে কোন ফল হয় না: সঙ্গে সঙ্গে অন্তঃসংস্কার অর্থাৎ আধ্যাত্মিক উৎকর্ষসাধনই **প্রধানত: ক**র্ত্তব্য । পুনশ্চ, লোকনীতির পবিত্রতা বা হুইভাব, সুরুচির বা কুরুচির ভাব, নান বা অতিরেক ভাব, কর্মক্ষম বা কর্মধ্বংসী ভাব, উহাও আধ্যাত্মিক জীবনের তত্তৎ অবস্থার উপর নির্ভর করিয়া থাকে: ফলত: আধ্যাত্মিক জীবনকেই প্রকৃতপক্ষে ও সর্বতোভাবে লোকনীতির নিয়ামক ও সংস্কারক বলা যায়। আরও দেখ, ধর্ম ও ধর্মজীবন চুটতে কর্ম্ম ও কর্মজীবনের প্রবর্তনা: অথবা কর্ম ও কর্মজীবন, ধর্ম ও ধর্মজীবনের প্রকট সংসারলীলা স্বরূপ। লোকনীতি যথন আধ্যাত্মিক मृत (महे धर्म ও धर्माकीवनरक व्यवना व्यक्तत्र करत, उथन कारकहे हेश শ্বির যে উহা কর্ম ও কর্মজীবনেরও অমুরূপ, অমুকুল ও পরিপো^{হক} শ্বরূপ হয়। অতএব লোকনীতিও সম্পূর্ণরূপে, কি অধাত্ম কি অধিভূত অথবা কি ধর্ম কি কর্ম, উভয় সহদ্ধে জাতীর উৎকর্ষ ও অপকর্ষের পরিচায়ক হইরা থাকে।

উপরে লোকনীতির ঔংকর্ষ ও অপকর্ষতার কথা যাহা বলিরা আদিলান, তাহা ছাড়া লোকনীতির আর একটি অবস্থা আছে যাহাকে ব্যতিক্রম বলা যায়। প্রাকৃতিক উন্নতিপথে আধ্যাত্মিক জীবন, উন্নত বা অবনত, যথন যেমন পর্য্যায়ে; তাহার উপর নির্ভর হেতৃ, লোকনীতির প্রোক্ত উৎকর্ষ বা অপকর্ষ ভাব, উভয়ই স্বাভাবিক। কিন্তু ব্যতিক্রম যাহা, তাহা উহা হইতে স্বতন্ত্র এবং তাহা অস্বাভাবিক; তাহা কি উৎকৃষ্ট কি অপকৃষ্ট, উভয়বিধ লোকনীতিতেই ঘটনা হইতে পারে। প্রথমটিতে সাত্মিকতার অন্তিম্ব ও ক্রীড়া অসম্ভব হইতে পারে না, কিন্তু দিতীয়টিতে অসম্ভব। নীতিপালকের অসং বৃদ্ধিবশে নীতিমূল বিকৃত হইলে, নীতিতে বিকৃতি জন্য এবং তাহাতে সাত্মিকতার অভাব হেতৃ ব্যত্তিক্রম ঘটনা হয়। ব্যতিক্রম জন্য প্রাণেণপত্তি হয়।

লোকনীতির নিরামক যাহা, উপরে তাহা যথায়ও দেখিরা আসিলাম; একণে সেই লোকনীতির প্রবর্ত্তক যাহা যাহা, তাহার অফ্সদ্ধান করা যাউক। আমাদের সমধিক নিকট সগন্ধ, যাহা যাহা প্রবর্ত্তক ও মূল হুত্র, তাহাদের সঙ্গে; কারণ তাহাদের যথাভাবে স্থিতি বা বিক্লতির উপর আমাদের পূণ্য বা পাপের সঞ্চার, অথবা অন্য কথার কি লৌকিক কি পারলোকিক, উভরবিধ ভভাভত নির্ভর করিরা থাকে। যে লোকনীতি সান্দিকতাপূর্ণ, যাহার কার্য্যকল প্রকৃতি অফুক্লে, স্থতরাং এ সংসারে বাহা হিতকরী এবং বাহার সেই কার্য্যকল ভৃতকালকে পদস্থাপক করিরা ভবিষয়ৎ পর্যান্ত ভালারকরণে প্রসারিত হয় এবং যাহা অপর ভারী স্থকার্য্য ও কার্য্যকলের ভিত্তিত্বরূপ হইতে পারে; ভাহার একমাত্র মূল, পূর্ণ ধর্মপ্রাণতাপ্রস্থত সবৃদ্ধি এবং কার্যান্টি কর্মনিয়াকেন বোধ অর্থাৎ যাহাকে ক্ষমর সকাশে কর্ত্তব্যক্তি বিলার বলা বায়। এতত্তির আর যে কোন প্রকারের নীতি ও তাহার

कार्याकन, जाहा नमाकांनिष्ठ कर्यानिताकन (बाध इटेटज উৎপन्न हन्। গ্রেথরোক্ত মূল বতক্ষণ স্থভাবে এবং সর্বসামঞ্জস্যক্ষ উদার বৃদ্ধিতে দৃঢ় ধৃত হয়, ততক্ষণ কোন মতে ব্যতিক্রম ঘটনার সম্ভাবনা নাই; किन्छ विजीरतांक मृत्न मर्रामारे वाजिक्रम घटेनात यर्थष्टे मस्रापना দেখিতে পাওয়া বার। দিতীয়োক মূল হইতেই প্রধানত: পাণতাপের উৎপত্তি এবং ব্যক্তি ও সমাজ উভয়েরই অধঃপতন স্ঠ হইয়া থাকে। ্ৰথমোক্ত অৰ্থাৎ ঈশ্বরক্ত নিয়োজনবোধরূপী যে নীতিমূল, বলা বাছল্য যে তাহাই সর্বাপেক্ষা সং ও মহং, স্কুতরাং সর্বতোভাবে অব-লম্বনীয় । ইহার মূল স্থানে দিব্য স্বার্থ; ইহারই শাসনে কেবল, মানুষ সাত্ত্বিভাবে আত্মপ্রকৃতিবান হইতে পারে। দিবা স্বার্থ তাহাকে বলা ষায়, যাহা পার্থিব স্বার্থকে দূরে ফেলিয়া, কর্ত্তব্যসাধন দারা সমাজহিত ও ঈশরপ্রীতিমাত্র খুঁজিয়া থাকে এবং এরূপ খোঁজে যে কিছু ফলাফল বা শুভাশুভ, তাহাই যাহার লক্ষাস্থলীয় হয়। তাহার যে কিছু অনুষ্ঠান তাহা বিষ্ণুপ্রীতিকামে কৃত হয়। অতএব মনুষ্য ইহার শাসনে নীতি-বান হইয়া থাকে এই ভাবিয়াযে, 'আমার এ নীতি ঈশ্বর কর্তৃক আদিষ্ট ; যে কার্য্যরাশি সম্পাদন করিবার নিমিত্ত আমার কর্মভূমিতে আগতি, ইহা তাহারই নিয়ামক এবং প্রবর্তক; ইহার স্থপালন বা কুপাননের উপর আমার ভাবী জীবন ও জীবনের সার্থকতা যাহাতে দেই কর্মপ্রবাহ এবং তদুদ্ধে আমার ঈশবের রোষ বা তোষ প্রাপ্তি পর্যান্ত নির্ভির করিয়া থাকে। অত এব ঘণাজ্ঞান কেবল এক কর্ত্তব্যবুদ্ধি অমুসারে চলিব এবং তাহাতে লোকের কথা বা রোষতোষে কিছুমাত্র বিচ্ছিত বা চঞ্চলপদ হইব না।' ফলতঃ, লোক বা সমাজ অনেক সময়েই व्यक्त, कथन अनागरक व्यनाग, व्यनागरक नाग क तिथा भारक এवर यथन এ জগতে সং বা অসং এমন লোকই দেখিতে পাই না যে, সমাজম্ধো বাহার শক্ত এবং মিত্র উভয়ই নাই; তথন এরপ অন্ধ ও বৃদ্ধিবিকর বিশিষ্ট যে লোক বা সমাজ, তাহার মুখ্যাতি বা অখ্যাতির প্রতি দৃষ্টি বাথিয়া ফল কি ৪ সমাজের সঙ্গে কেবল জীবনাত পর্যান্ত সমল, কিউ

আদিট কার্য্য যাহার তাহার সহ সম্বন্ধ অনন্ত। প্রন্দ, কর্ত্তব্যসাধনে জীবনান্ত যথার পণ এবং জীবনই যথন তত্ত্বেশে, তথন সমাজের অধ্যাতি বা অধ্যাতি দৃষ্টে রতি বা বিরতির বিষয় কি হইতে পারে ?

ফলতঃ বাহা ঈশ্বর সকালে কর্ত্তব্য বলিয়া বিবেচিত ও অবধারিত. ডাহিনে বামে না তাকাইরা অক্লিষ্টচিত্তে তাহা সম্পাদন করিরা ঘাইবে; ভাহাতে সমাজ অনুকৃল বা প্রতিকৃল যাহাই হউক, তৎপ্রতি ভ্রাক্ষেপ করিবার কিছুমাত্র প্রয়োজন নাই। হইতে পারে, সমাজ এখন তোমার প্রতিকৃষ ; কিন্তু ধ্থন তোমার কার্য্য সমাজের হিতকারিরূপে উদ্ভাসিত ভইতে থাকিবে এবং যখন সমাজ তোমার কার্যা ও কার্যামূল ব্রিতে **ও** অনুভব করিতে পারিবে, তথন সমাজের সঙ্গে তোমার আপনা হইতেই মিলন হইয়া যাইবে। সান্তিক নীতিপ্রস্ত সান্তিক কার্য্য সহ আথেরে সমাজের এইরূপ মিলনই ঘটনা হইয়া থাকে, কখনও তাহাতে ব্যতিক্রম হয় না। ওরপ মিলনের জন্য কিছুমাত্র যত্ন বা চিন্তা করিতে হয় না, প্রাকৃতিক নিয়মে তাহা আপনা হইতেই ঘটনা হইয়া থাকে। স্থপথ সর্বাদাই সহজ, ভাহাতে চিন্তা কৌশল বা কৃটকচাল কিছু নাই;-সে সকল বিপরীত পথের সম্পত্তি। পুনশ্চ, ব্যক্তিবিশেষ যেরূপ, সেই-রূপ সমাজও एখন কর্ত্তব্যবৃদ্ধিযুক্ত সান্ত্রিক প্রকৃতির হয়, তথন সমাজস্থ-গণের প্রস্পরের মধ্যেও আরে অমিল ঘটনা হয় না: তথন প্রস্পরের কার্য্য, পরস্পারের সহায়তাসাধক হওয়াতে, অতি মহৎ সামাজিক কার্য্য সকলের উৎপাদন করিয়া থাকে। সমাজস্তুগণ, অন্ততঃ তাহাদের অধি-কাংশভাগ, স্থনীতিসম্পন্ন ও কর্ত্তবাপরায়ণ হইলেই, সমাজকে সাঞ্চিশ প্রকৃতিযুক্ত বলা যায়।

এই জগৎ যাহাদিগের দারা এ পর্যান্ত স্থায়িভাবে উপক্ষত হইরা আদিয়াছে, দে সমন্ত মহাপুক্ষেরই নাঁতি এবং কর্মমূল এই ঈশ্বরুত নিয়োজন-বোধ। ফলত: যেমন মহং বা মহন্তর হউক, এই নীতিমূলের অবলম্বন ব্যতীত, কথনও তাহা সম্ভবপর হইতে পারে না। এ পথের পথবাহকদিগের মধ্যে উচ্চতম আদর্শ, বৃদ্ধ, খৃষ্ট, মহম্ম প্রভৃতি। মানব-

মণ্ডলীতে ইহাদের অপেক্ষা উচ্চতম জাদর্শ আজি পর্যাপ্ত প্রদিক্ত হয়নাই।

দ্বিতীয়তঃ, সমাজকৃত নিয়োজনবোধ। ইহার মূলস্থানে পার্থিব স্বার্থ। এই স্বার্থের পরোক্ষ ও অপরোক্ষ, ক্রিয়াভেদে, এ পথ দ্বিবিধ ভাগে বিভাজিত হয়। এ চুয়ের মধ্যে স্বার্থের পরোক্ষ ক্রিয়াপথই শ্রেষ্ঠ। পরোক্ষ স্বার্থের অধীনে, মাতুষ এরূপ বৃদ্ধিতে কর্মপ্রবৃত্ত হয়,— 'সমাজের সর্বাঙ্গীন উন্নতি বাতীত, আমার ও আমার নিজজনের উন্নতি কখনও পূর্ণ ও স্থায়ী হইতে পারে না: অতএব সামাজিক মঙ্গলসাধনের প্রতিই সর্বাব্রে দৃষ্টিপাত করা বিধেয়। সামাজিক মঙ্গল সাধিত হইলে, আমারও যে কিছু মঙ্গল সাধা, তাহা সম্ভবপর, ফুদাধিত ও বন্ধমূল হইতে পারিবে।' পুনশ্চ, ''যদি তোমার আপনাতে হিত বাঞ্চা থাকে, তবে যথাসাধ্য পরহিত্সাধনে ব্রতী হও" এবং ''বেরূপ আপনাতে ক্ত হইতে বাঞ্চ কর, দেইরূপ অনেরে প্রতি করিও",--এ কণাগুলির প্রভূত্বও এখানে বিপুল। যদিও গণনায় গুরুতর নহে, কিন্তু সামাজিক কার্যা-প্রবৃত্তির আরও একটি হত্ত আছে ;—কতকগুলি লোক আছে,যাহাদের প্রধান মুখ নিজ নিজ মতের প্রকাশে ও প্রশ্রের; এখন সে উদ্দেশ্য, সামাজিক কার্যো লিপ্ত না হইলে, পুর্ণভাবে স্কুসিদ্ধ হইতে পারে না। এই মতামতপ্রিয় লোকেরাই দাধারণতঃ দমাজের নেতা হইবার স্পর্কা করিয়া থাকে এবং অনেক সময়ে তাহাদিগকে তাহাতে কুতকার্য্যও হইতে দেখা যায়।

সে বাহা হউক, এই পরোক্ষ স্বার্থমূলক নিরোজনে অনুষ্ঠান ও বছ এতহভরে আন্তরিকতার অভাব না হইলেও, মূলস্থানে সান্ধিকতার পরিবর্ত্তে রাজসিক বৃদ্ধির প্রাবলা হেতু, কর্মধারণা যতই বিস্তৃত ও বিপুল হউক না কেন, তাহা সর্বাঙ্গসম্পন্ন ও সামঞ্জসাক্ষম হইতে পারে না। রাজসিকতার বাহ্ চাকচিকো যদিও তাহা আপাততঃ সম্পূর্ণ ও পরিণামদর্শিতপূর্ণের নাায় প্রতীয়মান হয় বটে, কিন্তু বস্তুতঃ তাহা অসম্পূর্ণ ও অপরিণামদর্শিতে পরিপূর্ণ। স্থতরাং এক্লপ ক্রমধারণা, কলেও সর্বান স্ফল প্রস্ব করে না; প্রত্যুক্ত অধিক বাড়াবাড়িতে,
সমাজ উচ্চু অলতা প্রাপ্ত হইয়া থাকে। যাহা হ উক, তথাপি এ স্বোৎপন্ন নীতি ও কার্য্য একেবারে বিফলে যায় না। এ নীতিমূল প্রথমোক্ত নীতিমূলের নিম্পর্যারে। বেশী-বাড়াবাড়ি না করিলে, এ মূল ধরিয়াও

কিন্তু অপরোক্ষ স্বার্থ অতি ভয়ানক প্রার্থ। প্রথমোক্ত মূলের লক্ষণ, সান্ত্রিকতা, ঈশ্বরপ্রীতি ও দিবা স্বার্থ বা চলিত কথায় নিঃস্বার্থ ভাব: দ্বিতীয়োক্ত মূলের প্রথম বিভাগ অর্থাৎ পরোক্ষ স্বার্থমূলকতার লকণ, রাজদিকতা, সমাজপ্রীতি ও উচ্চ সাংদারিক স্বার্থ: আর 🏗 বিতীয় বিভাগ অর্থাৎ অপরোক্ষ স্বার্থমূলকতার লক্ষণ, তামনিকতা, পাঁচজনপ্রীতি ও নীচ সাংসারিক স্বার্থ বা চলিত কথায় যাহাকে আস্মু-ভিরিতা বলা যায়। এই তুলনা দারা এখন বুঝিতে পারিবে যে. অপরোক্ষ স্বার্থমূলক নীতি কৈরূপ নীচ, কেমন ভয়ানক ও কতটা ছ্ট-পথাবলম্বী হইবার কথা। অপরোক্ষ স্বার্থসূলকতা অনুসারে আত্মস্বার্থই সর্বস্থ, সামাজিক বা আর যে কোন স্বার্থ তাহার নিকট ভুচ্ছামুভুচ্ছের মধ্যে গণ্য হয়। এতদরুসারে মারুষ আয়াতীতে দৃষ্টিশূনা; এজনা অন্যের হানি করিয়া, অন্যের লুটপাট করিয়া যদি নিজের ভাল করিতে হয়, তাহাও স্বীকার। পাঁচজনের হানি হয় হউক, সমাজ ও লোক ্সকল উ্ডিয়া পুড়িয়া যায় যাউক,আমার তাহাতে কি ?—আমার ভাল হইলেই যথেষ্ট! সকলে কমিয়া যাউক আমি বৃদ্ধি পাই, সকলে ছোট হউক আমি বড় হই, ইহাই এ পথের প্রার্থনা; স্কুতরাং সমাজের হিত ত দুরের কথা, প্রকারান্তরে সমাজের অহিতই অন্তরের নিভূত বাসনায় পরিণত হয়। এ পথে পরস্পরের প্রতি বিশ্বাস থাকে না: জাতীয় বা সামাজিক সহামুভূতি থাকে না; চকুলজ্জা মমতা এবং আফুরক্তি. এ সকলও পরিতাক্ত হয় এবং পরমাখীয়ও পরমাখীয়ের শত্রুত। করিতে কৃষ্টিত হয় না। নিজে, কেবল নিজে কেমন করিয়া বাড়িব, কেমন করিয়া স্থাথ থাকিব, ইহাই একমাত্র জীবনের অভিপ্রায় এবং উদ্দেশ্ত হইরা দাঁড়ার। কিন্তু হার , কার্য্যে তাহার কিছুই ঘটে না; সে সকল বাসনার কিছুই পূরে না; অধিকন্ত পরস্পরের শত্রুতায় পরস্পর অধংপাতে বার এবং সেই সঙ্গে নিজেকেও অধংপাতে বাইতে হয়। লোক সকল এমনই অন্ধ হইয়া পড়ে যে এ সামান্ত জ্ঞানটুকুও তথন অন্তত্বে আইসে না যে, দশজন লইয়া যেথানে সমান্ত, দেখানে দশজনই যদি পরস্পর এরপ নাতির অনুসরণ করে, তাহা হইলে এই দাঁড়ায় মে শত্রুতাকের শত্রু নয়জন; সেইরপ অন্য দিকে, দশজনই যদি পরস্পরের হিত চেষ্টা পায়, তাহা হইলে প্রত্যেকের হিত কারী দাঁড়ায় নয়জন; ফলও স্কুতরাং পরস্পরের শত্রুতা ও মিত্রতা ভেদে অনুরূপ ঘটনা হয়। যাহার নয়জন শত্রু, সে নিজের সহস্র ভাল চেষ্টা সজ্বেও, কেননা দশ জনের সঙ্গে সমান অধংপাতে যাইবে ৪২

১। এই স্ত্রে একটা কৌতুককর ঘটনার কথা মনে হইল: তাছা প্রকৃত এই তাহা ঘটনা হইয়াছিল কোন এক পল্লিগ্রামবিশেষে। গ্রামটি স্থানার এবং কলি অপেরোক স্বার্থ যতদুর জঘনা পদবীতে নামিতে পারে, তথায় তাহা নামিয়াছিল লোক সমস্তই নিঃমু, কিন্তু ভাত না হউক, তথাপি ছুধের প্রয়োজনটা যেন কিছু বেং এজন্য প্রায় সকলেরই একটি বা একাধিক গাইগরুছিল। এখন বেশী দুধে আশার গরাট বাহাতে বাইয়া গুব পুষ্ট হর এই অভিপ্রায়ে প্রত্যেকেই রাত্রে লুকাইয় পরুছাডিয়া দিত, উদ্দেশ্য-মাঠ হইতে লোকের ফনল থাইয়া আইসে। প্রত্যেই প্রতিদিন এইরূপ করিত; অথচ প্রচোকেই ভাবিত, "আমি যে কৌশল খেলিডেছি ৰুনো তাহা জানে না।" কিন্তু শেষে জানিল সকলে এবং ফলও হইল এই, যে, ^{টো} প্রত্যেক কৌশলী ব্যক্তিকে সে বংসর নিজ নিজ ফসল বড একটা আর ম্য উঠাইরা আনিতে হয় নাই। আরও ফল,—আগামী বর্গে কাহারও কাহারও চাং ক্রিবার সামর্থা প্যান্ত লোপ পাইয়া গেল এবং অনা ডানের চাষী যে ছই এ^{হর্ন} ভাহাদের মধ্যে ছিল, তাহার৷ দে মাঠের জমি ছাডিয়া অন্যত চলিয়া গেল; ব দিকে আবার স্তরাং, জমির থাজনার উপর যাহাদের নির্ভর, তাহারাও অনেকটা ক্ষতিগ্ৰস্ত হইল। কিন্তু হার ! তথাপি তথার গল ছাড়ার পক্ষে আন্ত চৈতনা হ^{ইটে} দেখি নাই। কিন্তু বাঞ্চারাম মনে করিও না যে, কেবল এই পরিব গ্রাম এ^{ক্টি} নিন্দার ভাগী। তাহা নহে। বাসলাদেশের প্রায় সকল প্রাম ও সকল লোকা^{চার} কারবারেই ওরূপ ঘটনার এখন প্রতিচ্ছায়া দেখিতে পাওয়া যায় !

এই অপরোক স্বার্থমূলক সামাজিক নিয়োজনকে প্রোক্ত নামে না ভাকিয়া, উহাকে শয়তানী বা মহাপ্রলয়-নিয়োজন বলিয়া ভাকিলেই সঙ্গুত হয়। এই শয়তানী ভূতীয় মূল, জাতীয় জীবনের অংশেতন অবস্থা,বা এক অবস্থা হইতে অবস্থান্তর পরিগ্রহের প্রাক্ষালে,অবলম্বিত হইরা থাকে। এই সময়টি তজুপ অধংপাতিত জাতীর জীবনের পকে কলিযুগ স্বরূপ । এ সময়ে ধর্ম যথার্থতই ভগ্ন-ত্রিপদ, প্রস্থিনী ব**হুম্বরা** ংখিদ্যমানা, দেবদুৰ নিদ্ৰিত : একমাত্ৰ পাপাশয় কলি সমস্ত জ্বগৎ অথিত করিয়া ফিরিয়া বেড়ায়। উর্দ্ধ-অধঃ-পার্ম্বে, চতুর্দ্ধিকে মানবের স-আশ-দৃষ্টিস্থলে একমাত্র শূন্যপাত। প্রতি সহচর তথন মেফিইফিলির অবতার। ফইকে ভ্রমপাতিত করিতে এক মেফিইফিলিতে রক্ষা ছিল না; কিন্তু এথানে প্রতি সামান্তপ্রাণ মানবকে ঘূর্ণাচক্রে ফেলিতে, শত শত মেফিইফিলি নিয়তঃ দণ্ডায়মান। এ সময়ে দেবগুরুর প্রতি ্ভিক্তি হ্রাস হয়; মানব সকল পরম্পর সমক্ষে ক্যেষ্ঠত্ব অবলম্বন করে; ্সর্কপরিচালক জ্ঞান, সন্দেহের বিষয়ীভূত হইয়া দাঁড়ায়; আনভাস্তরীণ বিশ্বাস এবং অবলম্বন মানবের কোন বিষয়েতেই থাকে না: স্থুতরাং সমাজমধ্যে সান্ধিকবৃদ্ধিযুক্ত স্থপরিচালকের অভাব সর্ব্বিতই হইয়া থাকে। এ সময়ের বুদ্ধিপরিচালক স্থলে, একমাত বঙ্গসন্তানের চির-প্রসিদ্ধ "পাঁচজন" আসিয়া দাঁড়ায়; লোকে একক কোন ব্যক্তিকে গুরু বলিতে অস্বীকৃত,অথচ "পাচ জনের" অমুমোদন বা অনমুমোদনের দাসাফুদাস। কিন্তু সেই দাসাফুদাস ভাব কি স্ব্রাপ্তরীণ ভাবে, তাহা নহে ;--বুদ্ধাপুষ্ঠপ্রদর্শনে পাঁচজনকে ভুলাইব, অথচ ভাহারা সুখ্যাতি করিবে! স্থ্যাতির কার্য্য নাই, অথচ স্থ্যাতির বাসনা অনেক! লোক দকলও প্রয়োজনামুদ্ধপ স্থগা তি বা অথ্যাতি বর্ষণ করিয়া থাকে এবং সেই দক্ষে এটাও ঠিক যে, তাহাও অমুরূপ বৃদ্ধাসূর্চপ্রদর্শী। সেই "পাঁচজনের" নিকট বাহিরে আত্মগ্রহুতির বলিদান: ভিতরে পুন: (कार्टच এवः आञ्चाडितिणांग পतिशृतः; हेरारे तम कार्तम भन्नम পুরুষার্থক্রণে স্থিরীকৃত হয়। বাহদর্শনে "পাঁচজনের" বাহা ক্রচিকর তাহা কর্ত্তবা, বাহা অকচিকর তাহা অকর্ত্তবা; অথচ এ বিবেচনাশৃষ্ঠ বে, তাহারই মত সারবান ব্যক্তি সকল লইরা "পাচজন" গঠিত ইইরাছে। ফলত: এ সংসারে বাহারা অপাত্র এবং অধ্যাতির কারণশীল, তাহারাই স্থ্যাতির জন্ত বেশী লালারিত হয়; এমন কি অর্থবোগেও স্থ্যাতিক্ররে তাহাদের ক্রটি হয় না। কালধর্মে সকলেরই নীতি এথন কণ্ঠগত এবং বচনে মাত্র পরিচিত, স্বতরাং দ্রদর্শনশৃষ্ঠ; পুনশ্চ, বে অন্তর্দর্শন দ্রদর্শনের নিদান, তাহার অন্তর্গে পর্যান্ত এথন অবিধাস! দর্শন অভাবে মানব অন্ধ; অন্ধ প্রায়ই থানা ভোবায় পড়িয়া প্রাণ হারাইয়া থাকে।

আরও দেখ, এ সংসারে মানুষের প্রতি মানুষের যত কিছু ক্রু<mark>রাচরণ</mark> এবং সমাজমধ্যে যে কিছু সামাজিক অবনতি ও অধঃপতন, তাহাও এই তৃতীয় মূলক নীতি হইতে সংঘটিত হয়। ইহার প্রভাবে মাহুষের শক্র মামুষ এবং মামুষ পুনঃ মামুষের বেরূপ ভয়ত্বর ও নিঠুর শত্রু হইতে পারে, দর্পব্যাদ্রাদি হিংস্র পশুর শক্ততা তাহার দঙ্গে তুলনাতেই আইদে না। পথাদি শক্রতা করে প্রাকৃতিক বৃদ্ধিবশে, স্মৃতরাং একই প্রকার ও প্রকরণে; কিন্তু মানুষে নিজবৃদ্ধি ও উদ্ভাবনী শক্তির অন্তিত্ব হেতু, মাতুৰ শক্ত হইতে মাতুৰ যে ক্লেশ ও যন্ত্রণা পায় তাহা তরবতর ও অভুত, অসহনীয় ও অতুলনীয়। প্রাচীন ভারতের শূল; মুদলমানের জীবিতের ত্বগুল্মোচন, জীবস্তে কবর দেওন, কুকুর দিয়া থাওয়ান; রোমক-মণ্ডলে কুধিত দিংহব্যান্তাদির মুখে নিক্ষেপণ; মধ্যকালিক ইউরোপে দূরভূগর্ভনিহিত গুহার স্থড়ঙ্গযোগে নিক্ষেপণ, গুষীয় অগ্নিকুগু ও নানা-বিধ ষম্ভণার প্রকরণ, খৃষ্টীয় প্রধান ধর্মযাজক পোপকর্তৃক ডিউক উগোলিনো প্রভৃতির হত্যাপ্রকরণ এবং ইউরোপীরগণ কর্ত্তক আদিম আমেরিকগণের পশুবৎ শিকার ও নানাবিধরূপে নির্যাতন ;—এ সকল কি রোমহর্ষণকর ব্যাপার! স্বরণে শরীর সিহরিয়া উঠে এবং ভোগীর যন্ত্রণাভোগ ভাবিতে গেলে থেদ আতত্ব ও হতাশে হৃদর ফাটিরা যার। অধুনাতন কাঁসির প্রথা এবং ফাঁসির প্রত্যাশায় অপরাধীর কাল্যাপনের

কথাটাই বা বারেক ধারণা করিতে চেষ্টা করিয়া দেখনা কেন ? ই ভাবিতে ও ধারণা ধরিতে হতাশে হৃদয় তান্তিত হয়, অথচ বলিব কি. এ সকল এই মামুষেই করিয়াছে ও করিতেছে এবং এই মামুষেই সহিয়াছে ও সহিতেছে। তাই মানুষ, অনেক সময়ে লোকালয় অপেকা হিংস্রপশুর আলয় অধিক নিরাপদ জ্ঞান করে এবং অনেক সময়ে, হায়। দেখিতেও পাওয়া যায় যে, বরং হিংল্র পশুর কাছে নিস্তার আছে, তর মামুধের কাছে নিস্তার নাই ! এ সকল সামাজিক শত্রুতা, ইহা ছাড়া ব্যক্তিগত শক্রতা ত আছেই—হায় ৷ মানুষে দেবত্বও যতটা, দানবত্ব 9 ততটা বা তাহার অধিক। মানুষ শত্রুর মধ্যেও আবার বিজাতীয় অপেকারজাতীয় শক্র. পর অপেকা ঘরের শক্র. আরও ভয়ানক ও আরও অধিক যন্ত্রণাদায়ক। ভারতসন্তান, এখন বুঝিবে কি, কিজন্য বিদেশীয় অপেক্ষা বিদেশীয়ের আশ্রয়প্রাপ্ত স্বজাতীয়ের দারা তুমি অধিক লাঞ্চিত ছইয়া থাক ? হিংস্ৰ পশু শত্ৰু হওয়ায় পার আছে ; কিন্তু মারুষশক্তর কাছে পারাপার নাই, মারুষশক্ত মন্ত্রৌষধি মানে না। অতএব হিংল্র পশুকে শক্ত করিতে হয় করিও, কিন্তু যেন মানুষশক্ত করিও না।

তাহার পর সামাজিক অবনতি ও অধঃপতন;—তৎসম্বন্ধে এই
নীতি পথকেই একমাত্র মূলকারণ বলিয়া উল্লেখ করিলে অসঙ্গত হয়
না। স্থাধবশে চুর্কলের উপর প্রবলের যে অত্যাচার, প্রাকৃতিক
নিরমে তাহার দ্বিধি পরিণাম দেখা যায়;—এক নিকট অপর গৌণ।

২। এরপ শান্তির কাষ্যকারিতা আলোচনার দেখিতে পাওয়া যার যে, শান্তির নিত্য সম্ভবতা সন্তেও, প্রতিবংসরের অপরাধ ও শান্তিসংখ্যা অক ইতরবিশেবে প্রায় একরপ। বেখানে ফলের অবে অপরাধ ও শান্তিসংখ্যার কিছুমাত্র হাস দেখা বার না, সেধানে সে শান্তির কাষ্যকারিতা ও সফলতা অবধারিত হইতে পারে কিরপে গ কলের অবে কেবল অবৈধ ক্রতা ও নিত্রতা মাত্র সার হয়। মূহুর্ভে জীবননাশ অপেকা, জীবনবাপী ব্রুপা ও অনুভাগ ভোগে অধিক ফল,—কিন্তু আশ্রুণ্ড বিরুদ্ধে না।

নিকট পরিণামে, পীড়িতের অবস্থা বা ভাবব্যতিক্রম: আর গৌণ পরি-ণামে, পীড়িতের মর্দ্মান্তিক মনোবেদনা বা দীর্ঘধাস যাহা.তাহা অবিলম্বে উ র্দ্ধে উথিত এবং ঈশ্বরের সিংহাসনতলে নীত হইয়া তথায় সঞ্চিত হইতে থাকে. অথচ কিন্তু অত্যাচারকারী তাহার কিছুই বুঝিতে পারে না এবং কেহ বুঝাইরা দিলেও, অসম্ভবজ্ঞানে হাসিয়া উড়াইয়া দেয়। এই 4 সঞ্জ ক্রমে এবং কালে স্তৃপীকৃত ছইয়া যথন চারিপোয়ায় পরিপূর্ণ হয়, তথনই তাহা বিভীবিকাপূর্ণ ঘোর বিপ্লববাত্যার আকারে প্রত্যাগত ছইরা এবং বেগ ও বলে দিগস্ত মথিত করিয়া, অত্যাচারীকে বিলোড়িত বিধবস্ত ও প্রাস করিতে উদ্যত হইয়া থাকে। এই বিপ্লববাত্যাই মহিমাপূর্ণ ভগবান প্রীক্লঞ্চর অথণ্ডিত, নিত্য ও অনন্তস্ক্ষ বিচার-মাহাত্মা এবং উহাই পাপের প্রতিফল আখ্যায় ঘোষিত হয়। এই বিপ্লববাত্যাই হন্ধতিসমূহের বিনাশ ও হরণ পূরণের দারা, পুনর্বার জগতীতলে স্কৃতি সঞ্চার করিয়া থাকে এবং ইহারই প্রভাবে পীড়িতের যে আর্ত্তনাদ তাহা পীড়াদায়কের শাস্তি স্বরূপ হয়। বাঞ্চারাম, দিনের পর দিনের উদয়ও বেমন সতা, উক্ত বিপ্লববাত্যাদারা চৃষ্ণতির হরণ পূরণও তেমনি অথগুনীয় সত্য বলিয়া জানিও।

ু এই নীতির প্রাবল্য সময়ে, সমাজমধ্যে উচ্চ নীচ সমস্ত পর্যারে।
মানবীর চরিত্র প্রবল স্বার্থপূর্ণ, আত্মন্তরী, অথবা এক কথার সর্ব্বপ্রকারেই যে দ্বিত হইরা থাকে তাহা পূর্ব্বে বলিরাছি। সবল এখন এ
ছর্বলের উপর নানা অত্যাচারপ্রয়োগে তাহাকে পেষণ করিয়া আত্মপরিপোষণ করিতে চার; ছর্বলও, সময় ও সাময়িক নীতিবশে স্বপ্রেণিতে
পরস্পার অমিল হেতু, তাহাতে কি একক কি সংমিলিত, কোন প্রকার
প্রতিবন্ধকতা আচরণ করিতে পারে না। স্কুতরাং ছর্বলে যাহা কিছু
উপার্জ্জন করে, তাহার অধিকাংশ স্বলের হস্তে বা অন্য উপসর্গ্রোগ
অন্ত প্রকারে অন্য দিকে চলিয়া যায়। ক্রমে ছর্বলগণ, ঘণোচিত প্রম ও
উপার্জ্জন করিয়াও, যেমন এক দিকে পেটের ভাতে পর্যান্ত বঞ্চিত হইতে
থাকে; তেমনি অন্য দিকে তাহাদের উপর প্রবলগণের অত্যাচার

ক্রমে আরও প্রবল্ভর হইতে আরম্ভ হয়। ছর্কলকে মুমুর্, সহনশীল এবং সর্বতোভাবে পদানত দেখিয়া, প্রবল বা কেছই সে সময়ে এমন মনে করিতে পারে না যে, ইহাদেরই দারা না কি আবার অত্যাচারের বিরুদ্ধে কখনও কোন ব্যাকৃ।ক্টুর্তি সম্ভব হইতে পারে! কিন্তু মামুষ ৰতই ধীর, যতই ছুর্বল, যতই শান্তিপ্রিয় ও বতই নিরীহ হউক; চুর্বলতা ও সহনশীলতা, মুমুর্ব ও পদানত ভাব, এ সকলেরও একটা সীমা আছে, যে সীমায় উত্তীর্ণ হইলে বিপরীত মুখে প্রত্যাবর্ত্তন অবশান্তাবী। তথন চর্কলে আর চর্কলতা থাকে না; ধীর, শান্ত ও নিরীহ প্রভৃতি ভাব পূর্বে যতটা অধিক ছিল, এখন সেই পরিমাণে বিপরীত দিকে দে দকলের বিপরীত গুণে পরিবর্ত্তন হয়। অগ্নাৎপাতের পূর্বে আগ্নেরগিরি অভিশয় ঠাণ্ডামূর্ত্তি ধারণ করিয়া থাকে। যে ছর্বলের পক্ষে কোন প্রকার বাক্যফূর্ত্তি অসম্ভব বোধ হইত; সেই হর্মল শরীরে এখন সহস্র মন্ত হস্তার বল প্রবিষ্ট হয়। আগে কাণামেষ, ক্রমে শন শন শব্দ, পরে বিছাৎ চকম্কি, পরে সেই প্রবল বাতা। উপস্থিত হইয়া প্রলয়কাণ্ডের অভিনয়ে প্রবৃত্ত হয়। সে প্রবল বাত্যায় তোমার সাধের সমাজ ছারখার,সামাজিক সবলগণ ও তাহাদের ধনপ্রাণ প্রবল অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইয়া ভস্মীভূত হইয়া যায়। সমস্ত হছাতির এইরূপে ধ্বংস হইয়া গেলে,তথন সমাজে সাত্তিকতা ও ঐশ্বরিক সত্তা পুনঃ প্রবিষ্ট হওয়াতে, আবার নৃতন শ্রীধারণে সমাজের নৃতন গঠন আরম্ভ হয়। ইহাই অপরোক্ষ স্বার্থের চূড়ান্ত পরিণাম। কথনও কথনও বা বহিঃস্থ রাজশক্তি বা অনুরূপ শক্তিবিশেষের সহায়তা অথবা অপরবিধ নীতি প্রভৃতির সময়কালে মধ্যবর্ত্তিতা হেতু, প্রবল বাত্যা ও পাপ উভয়েরই অপেক্ষাকৃত ধীর ভাবে শান্তি ও সমতা হইতে দেখা যায়; কিন্তু সকলের ভাগ্যেই যে সে স্থােগ ঘটিবে তাহার সম্ভবতা কোথার গ

্রকণে কথিত ত্রিবিধ মূলোৎপদ্ন নীতিগুলির প্রয়োগপক্ষে উদাহরণের একটু আলোচনা করা যাউক। তৃতীয়মূলোৎপদ্ন নীতির

জাজন্যমান উদাহরণ, অধুনাতন ভারতীর সমাজ। লোক সকল নীচ, স্বার্থপর, জ্যেষ্ঠ, বিশাসবিহীন, এবং শক্ততার একগৃহস্থলীম্বিত এক অপরের নামে এমন কি ফৌজদারী পর্যান্ত করিতে কিছুমাত্র পশ্চাৎপদ হয় না। জাতীয় সহামুভতির কথা না বলাই ভাল। অনেকের বিশ্বাস, ইংরেজেরা আমাদের উপর বেশী অত্যাচার করে। আইনকায়নে বাধিয়া কোন অভ্যাচার পাকিলে সে শ্বতন্ত্র কথা: ভঙ্কি অন্যান্য অত্যাচার সম্বন্ধে জিজ্ঞানা করি যে, ইংরেজ মুষ্টিমের, আর ভূমি সংখ্যায় অনস্ত বলিলেই হয়। মৃষ্টিমেয়ের কার্য্য সাক্ষাৎ সম্বন্ধে কি অনস্ত আয়তনে এক জেলাপুলিশের মাথায় একজন ইংরেজ, এক জেলার ভিতর একজন ইংরেজ মাজিট্রেট, ইত্যাদি। এখন এই এক এক জন ইংরেজ কতই অত্যাচারের মতলব আঁটিয়া কতই তাহা কার্য্যে থাটাইতে পারে, যাহাতে দেশের ছোট বড় নির্বিশেষে অসংখ্যসংখ্যক मकलारे मुर्स्यकारत जानाजन रुप्त ? हेश अमुख्य। जुनना कतिया দেখিলে, ইংরেজ নিজে অত্যাচার করে না তত: অত্যাচার ইংরেজের আশ্রমে হইয়া থাকে যত। নীলকরের এলাকায়, প্রকৃতপক্ষে তুলনা করিলে, নীলকর নিজে অত্যাচার তত কিছু গুরুতর করে না, করে যতটা নীলকরের আমলা ও চাকরে। একা পুলিশ-ইংরেজ কতই করিতে পারে ? লোকের উপর পুলিসের অত্যাচার যাহা, তাহা করে পুলিশের বাবু ও কনষ্টেবলে। সেইরূপ মাজিষ্ট্রেট্পক্ষ হইতেও অত্যাচার প্রধানত: করে, মাজিছেটের আমলা ও চাকরে। এখন জিজ্ঞান্য, নীলকরের আমলা ও চাকর, পুলিশের বাবু ও কনষ্টেবল, মাজিষ্ট্রেটের আমলা ও চাকর, ইহারা কোন দেশীয় ? তোমার স্বদেশীয় নহে কি ? অতএব ইংরেজ উপলক্ষ মাত্র, অত্যাচার যাহা কিছু তাহা আমরাই আমাদের উপর করিয়া থাকি। অধিকাংশ অভাচারস্থলে ইংরেজ কেবল আত্মারাম-সরকার-হুলীয় হয়। অদেশীয় ও অজাতীয় ব্যতীত, ছোট বড় স্কলেতে ও স্বাভান্তরে অত্যাচার চালান কি

বিদেশীরের দাধ্য, না তাহারা তাহার সন্ধানই জ্ঞাত আছে 😲 আরও দেখ, তোমার ফৌজনারীর নৃশংস শান্তি,—একজন ইংরেজ মাজিট্রেট্ তত দেয় না, যত দেয় তোমার ডিপ্টা বাবু; একজন দেশীয় সম্ভান্তকে হতমান করিতে ও কারদার ফেলিতে ইংরেজ মাজিট্রেট্ ততটা আহলাদিত বা অগ্রপদ নহে, যতটা তোমার ডিপুটী:—আহলাদে অধীর ,হইরা তাহার সে কাজপানে ছটিরা যাওরারই বা ঘটা কত ! (करन करत्रनीत উপत नुगःम चाठत्रन, चिक्षकाःमहे एठामात (कनवात्त्र) আপাত-ব্যাপারে দেশীয় প্রজাগণ কাহার দারা অধিক পেষিত, পদদলিত, উৎপীড়িত ও পেটের ভাতের জন্য বালায়িত হয়? গবর্ণমেণ্ট না তোমার দেশীয় জমীদার প্রভুর দ্বারা ? অন্য দিকে ছোট লোকের অত্যাচারও স্থযোগমতে পাল্টাপাল্টী;—থানদামাজীর থট্থটা ও লাঞ্জনা, পেয়াদাজীর পয়জার-পট্পটী,—দূর হউক,অতঃপর 'ইত্যাদি' वनाइ ভान ! তाई वनि, आवात वनि, आधताई आधारित अधीन শক্র। চাকুরের সাফাইতে তুমি বলিবে, তাহারা বেতনভোগী; কাজেই মুনিবের তুকুম না মানিয়া, তুকুমে অত্যাচার না করিয়া বাঁচিতে পারে না। এ কথায় প্রথম প্রত্যুত্তর,—বেতনভোগীতে যদি কিছুমাত্র জাতীয় সহামুভৃতি থাকিত,তাহা হইলে বেদনদাতাও তাহাদিগকে সেরপ হকুম দিতে সাহস করিত না। দ্বিতীয়তঃ, তাহারা বেন চাকর, তোমরা ত নহ ; কিন্তু তোমাদেরই বা অজাতি-সহাত্মভৃতি কই ? যাহার যে সদ্ত্রণ আছে অথবা যে যে গুণের প্রতিষ্ঠা করে, কোথাও তাহার ব্যতিক্রম দেখিলে, তথায় সে নেহাতপক্ষে বিমুধ হইয়াও চলিয়া যায়। अভএব তোমাদেরও যদি কিছুমাত্র স্বজাতির প্রতি সহাযুভৃতি থাকিত, তাহা হইলে তোমরাও, স্বজাতিদ্রোহীর সঙ্গে বাক্যালাপ করা দূরে থাকুক তাহার প্রতি ফিরিয়া কথনও তাকাইতে না: এবং স্বজাতি-ল্রোহীও, সমাজের এরপ বিরুদ্ধ বদন দেখিলে, অবিলয়ে বজাতি-দ্রোহিতা পরিত্যাগ করিতে পথ পাইত না। জাতীয় সহাত্ত্রতি महत्क এই পर्यास । ইराव পর আর অন্যান্য ঋণের কথা ভূলিরা কাল নাই। মোটের উপর এই পর্যান্ত বলিলেই পর্যাপ্ত হইবে যে, এই তৃতীয়মূলক নীতি যতদ্র অধম সীমার নামিতে পারে, তাহা আধুনিক ভারতীর সমাকে নামিরাছে। দেশের হুর্জল ও ইতরপ্রেণীকে যতদ্র পদদলিত, পেষিত, পীড়িত ও পেটের ভাতের জন্য লালায়িত হইতে হয়, তাহা হইতেছে। এখন কোথার গিয়া যে এ অবস্থার সীমান্ত প্রাপ্তি হইবে, তাহা এক ঈশ্বরই বলিতে পারেন, অন্য কেহ নহে।

ভৃতী মন্লাৎপদ্ধ নীতির উদাহরণ উপরে বলিলাম। আর ছই ম্লোৎপদ্ধ নীতির আদর্শন্থল প্রাচীন হিন্দু ও প্রাচীন গ্রীক। ইহার মধ্যে প্রথমোক্তম্লোৎপদ্ধ নীতিপালক ছিলেন প্রাচীন হিন্দু এবং দিতীয়োক্তম্লোৎপদ্ধ নীতিপালক ছিল প্রাচীন গ্রীক। কিন্তু উভয়েতেই উভয়নীতি অসম্পূর্ণ রহিয়া গিয়াছে। হিন্দুর নীতিমূল যদিও সর্বোৎক্ষই, কিন্তু হিন্দুর ইহলৌকিক সমাজ ও সংসারের প্রতি তাদৃশ আসক্তি না থাকাতে, সমাজদর্শনোৎপদ্ধ বহুদর্শনসিদ্ধ প্রায়োগে যে প্রসারতা ও উদারতা আসিয়া উপন্থিত হয়, তাহার অভাব হেতু হিন্দুনীতির অসম্পূর্ণতা ঘটয়াছে; আর প্রীকের অসম্পূর্ণতা, ঈশ্বরসকাশে কপ্তবাবৃদ্ধির অভাব জন্য। লোকনীতি সম্পূর্ণ ও সর্বাঙ্গম্পনাংশ্য কপ্তবার্দ্ধির অভাব জন্য। লোকনীতি সম্পূর্ণ ও সর্বাঙ্গম্পনাংশ্য নীতিতে ইহলোকিক সমাজ ও সংসারদর্শনও আসিয়া যথাযোগ্যমাত্রার যোগদান করিতে পারিবে। দেরপ সাত্ত্বিক্তাময়ী সর্ব্বসম্পূর্ণ নীতি আজিও এ জগতে প্রচলিত ও অমুস্তে হয় নাই।—আসিবে কি সেদিন ভারতে ?

২। নীতি সমন্বয়।

প্রীক এবং হিন্দু, উভয়েরই অবলম্বিত নীতি, স্ব কর্মকেজছ তাৎকালিক কর্মরাশি সম্ৎপাদনের গংক অন্থপযোগী ছিল না। কোন একটি উদ্দেশ্যভূত বিষয় নির্মাণ করিতে হইলে, অধ্যে তাহার এক

একটি উপকরণপদার্থ পৃথকরণে আয়োজন ও নির্মাণ করিরা আনিতে হয়। উত্তরকালে যে সর্বসম্পূর্ণ ও মহন্ববিশিষ্ট জাতীয় জীবনবিশেষ সমাগত হইবে, যেন তাহার উপকরণপদার্থস্বরূপ হিন্দু এবং গ্রীক চরিত্র, দেইরূপ ় পুথকরূপে এবং পুথকভাবে নির্দ্মিত ছইবার আবশ্যকতা হেতৃই; তৎ তৎ নীতি ও কর্ম-নিয়োজন তত্ত্তর জাতির প্রক্ষে উপযোগী স্বরূপ হইয়াছিল। হিন্দুলোকনীতির উদ্দেশ্য ঈশ্বরকে সম্ভষ্ট করণ, লোকেও যদি তাহাতে সম্ভষ্ট হইল ভালই ∳িযদি না হয়, তবে লোকের দোষ এবং সেই দোবে সম্ভোষ উৎপাদন করিতে প্রদাস পাওয়া চটের কার্য্য: লোকে বিরূপ হর হউক, তথাপি প্রাণাস্ত-পণে কর্ত্তব্যপথে খলিত হইব না। গ্রীকলোকনীতির উদ্দেশ্য তবে দে দেবতাদের দোষ: সে দোষে সম্ভোষ উৎপাদন করিতে যাওয়া বাতুলের কার্যা, যেহেতু দেবতাকর্ত্তক অহিত অনিশ্চিত, কিন্তু লোক কর্ত্তক যে অহিত তাহা নিশ্চিত এবং হাতে হাতে তাহার ফল প্রাপ্ত হওয়া যায়। গ্রীকের তুলনায় বলিতে গেলে, সাংসারিক জীবনে হিন্দু উদাসীন; সংসারস্থলীতে যাহা কিছু সাংসারিক দৃষ্টিতে দ্রষ্টব্য, ভাহাও দেখিয়া থাকেন আধ্যাত্মিক দৃষ্টিতে। পুনঃ সেই আধ্যাত্মিক দৃষ্টিতে তথায় যাহা কিছু নিজ হইতে শ্রেষ্ঠ দেখিতেছেন, তাহারই সস্তোষার্থে বিনত হইয়া পড়িতেছেন; এবং উন্নত-বিনতই জগতের নিয়ম দেখিয়া, অন্য দিকে আবার বিনতের উপর তেমনি বিষম নৈতিক আধিপতা চালাইতেছেন। কিন্তু গ্রীক সাংসারিক জ্ঞানে পূর্ণদক্ষ এবং তদ্বিষয়ক বহুদর্শনফলে সমত্ব-বিকশিত উদার্চিত; প্রবোদ্ধন-পূরকতা অনুসারে বে যেমন মূল্যের, তাহাকে সেই ভাবে গ্রহণ করিয়া, তাহার প্রতি সপ্রেম ব্যবহার বা সম্পাত্রবভাব প্রদর্শন করিতেছে। হিন্দুর বেখানে ভক্তি, গ্রীকের দেখানে ভদ্রতা; হিন্দুর বেধানে প্রণর, গ্রীকের সেধানে উপহাস; হিন্দুর त्यथात्न विनग्न, खीत्कव त्यथात्न मिष्ठे जायः, शिन्तुव त्यथात्न कमा,

গ্রীকের সেথানে নিষ্ঠ্রতা; হিন্দুর যেথানে নৈতিকতা, গ্রীকের সেধানে পাবগুতা; হিন্দু বেথানে বিজ্ঞ, গ্রীক সেধানে গোঁয়ার; হিন্দু বেথানে বৃদ্ধিমান, গ্রীক সেধানে চতুরচূড়ামাণ; হিন্দুর যেথানে করুণা, গ্রীকের সেধানে স্থা।; হিন্দু যেথানে সন্থাতিত, গ্রীক সেধানে ন্দ্রিমান; হিন্দুর যেথানে অত্যাচার, গ্রীকের সেধানে শক্রতা; হিন্দু বেথানে হত্তপ্রসারণে কুটিত, গ্রীক সেধানে সপ্রতিত রাজরাজেশ্বর গৃহপতি সদৃশী। ইহাই হিন্দু এবং গ্রীকের সাংসারিক বা লোকনীতি বিষয়ে ভাবপ্রতেল।

हिन्दूत नी जिम्ल ७ कर्म-निरम्ना जनरां छाल वरहे, मर्ल्स्ट नाहे; কিন্তু অসম্পূর্ণতা হেতু, সাংসারিক ঐশ্বর্যাবুদ্ধিতে দেখিতে গেলে, ফল তেমন লোভনীয় হইতে পায় নাই, যেমন গ্রীকের নীতি ও নিয়োজন-বোধের অপকর্ষতা দত্তেও লোভনীয় হইয়াছে। তাহার কারণ আছে। निरम्राजनरवार्थ व्यत्नक कतिया जूलिरा भारत वरहे, किन्न मकल नरह। নিয়োজনবোধ দং হইলে কেবল এই পর্যান্ত করিতে পারে যে. কার্যাধারণা ও কার্যাট সং ও সান্ত্রিক ভাবে সম্পাদিত হইয়াছে। কিন্তু কার্য্যাট কিরূপ প্রকৃতির, মহৎ কি কুদ্র, এবং তাহার ব্যাপকতা কতদুর, তাহা নিয়োজনবোধের বিষয়ীভূত নছে; তাহা তত্তৎ কার্য্য-বিষয়ক বিক্ষারিত জ্ঞান ও বছদর্শনের বিষয়ীভূত। বিক্ষারিত জ্ঞান ও বছদর্শন যাহার যে প্রকারের, তাহার কার্য্যধারণাও সেইরূপ উদার বা তদন্যতর হয়। হিন্দু ভূলিয়াছিলেন যে তাঁহার জীবাত্মাও যে ঈশবে সৃষ্টি. সেই জীবাত্মার পালক এই লোকসমাজও সেই ঈশবের স্ষ্টি: স্থতরাং উভয়ই সমান বড়ের এবং উভয়েরই প্রতি সমান আগ্রহ হওয়া উচিত। এই নিমিত ইহাঁরা আত্মিক নীতিতে যদিও নিপুণতাশৃন্ত নহেন,কিন্ত লোকনীতিতে ইহাঁদের নিপুণতাশূন্য থেয়ালের ভাগ বেশী; এবং অষ্থা ক্ষমাবান ও বিনীতপ্ৰভাব হেতু ইইাদের সংসারধর্ম পরিমাণের অতিরিক্ত হিতরত ও বিনয়পূর্ণ এবং তছভয়ের ফলম্বরণ সন্ধাণতাযুক্ত হইয়াছে। গ্রীক আত্মিকনীতি বড় একটা

বৃধিতেন নাও তাহার ধার ধরিতেন না; কিছ লোকনীতি বৃধিতেন ভাল। মূল ছুই হইলেও, লোকনীতির কার্য্য ও কল প্রত্যক্ষের বিষয়ীভৃত হওরার, অনুসত বিষয়ে অনেকটা রুতকার্য্য হইতে পারিরাছিলেন। ইইাদের লোকনীতিতে সন্ধার্ণতা দূরে থাকুক, বরং উহা সীমা ছাড়াইরা অতিরেক ভাবে গিরা পৌছিয়াছে। এরুপ অতিরেক ভাবের কারণ, নীতিতে ঐখরিক মূলশূন্যতা ভির অন্য কিছুই নহে। একে অতিরেক ভাব, অপরে ন্নতা, স্কুতরাং উভয়ই অংশতঃ ছুই। ইন্দ্র ছুই ভাব, ধারণার সন্ধার্ণতা হেতু; গ্রীকের ছুই ভাবে, মূলের ছুইতা ও ধারণার অতিরেক ভাব হেতু। যথার ছুই ভাবের এই সকল কারণ বিদ্রিত হইয়া সামঞ্জস্য সাধন হইবে, তথারই জানিবে লোকনীতি অপুর্ব্ধ প্রী ধারণ করিয়া জগতে শোভা বিস্তার করিতে থাকিবে। ভারতসন্তান, এই উভয়জাতীর সংমিলনে তোমার পক্ষে সেই সামঞ্জস্য সাধনই কর্ত্তর হইতেছে; ইহাতেই তুমি প্রতিষ্ঠা-লাভে সমর্থ হইতে পারিবে।

সে যাহা হউক, সমাজের প্রতি সম্যক্ দর্শনের অভাবে, হিন্দ্র কর্মধারণা সন্ধীর্ণ হইলেও; হিন্দুপ্রকৃতি যে ফলে কতদ্র সৎ, সাত্ত্বিকালালালালাও স্থাবিতাগী তাহা একবার ভিক্লোপজীবী অরণ্যবাদী আল্পাদিগের প্রতি দৃষ্টি করিয়া অফুভব করিয়া লও। ইহাঁয়া অরণ্যমধ্যে পর্ণকৃটীরে বাদ করিয়া, গাছের বক্তল পরিয়া, মৃষ্টিভিন্দালাল অলে উদর পালিয়া যাহা যাহা করিয়া গিয়াহেন; তাহা ম্মরণ করিলে আনন্দ ও আশ্চর্যে স্তন্তিত হইতে হয়। আলি পর্যান্ত যে আমারা দিংহের বংশ বলিয়া বিজ্ঞাতীয়দিগের নিকট গৌরব করিয়া থাকি, এবং বিজ্ঞাতীয়েয়াও যে আমাদের প্রাচীন অবস্থার থাতিরে আজি পর্যান্ত আমাদিগের কিছু কিছু গৌরব করিয়া থাকে, দেও সেই ভিন্দুক আন্মাদিগের প্রসাদাৎ। অনেক মূর্থ বলিয়া থাকে রাজ্মণেরা অযথা আপন গণ্ডা চাহিয়া আম্ব্রার্থে দেশ উৎসন্ধ দিয়া গিয়াছেন এবং আপন স্থাবাধনের জন্য অযথা ক্রিয়াকলাপের বিজ্ঞার

করিয়া লোক সকলকে আকুলিত করিরা তুলিয়াছেন। বস্তুতই মুর্গ ভিন্ন, জ্ঞানাদ্ধ ভিন্ন আর কেহ এরপ বলিতে পারে না। ব্রাহ্মণ বিলাসপ্রির হইলে পতিত হইবে বলিয়া যথায় বিধানিত; এবং ক্রিয়াকলাপ সহস্রপ্তণে রৃদ্ধি হইলেও প্রাপা অংশ যাহাদের কেবল কিঞ্চিৎ আতপ চাউল ও হই কাঁচকলা ভিন্ন অন্য কিছুই নহে; বলিতে পার বাপু বাঞ্চারাম, তথায় আয়্ম্বার্থের অন্তিম্ব সম্ভবপর কোন জায়গায় ? মুষ্টিভিক্ষা, গাছের বন্ধল এবং গাছের তলায় এমন কোন্ স্বার্থ যাইরা আশ্রম লইতে পারে, যাহাতে ভোমার, ভোমার বংশাবলীর এবং ভোমার জাতির যথাসর্ব্ধিয় হাত হওয়ায় সন্তাবনা এবং যাহার জন্য আজি পর্যান্ত তোমাকে লাঞ্নার ভাগী হইতে হন্ন ? ফলতঃ নরাধম ভিন্ন আর কেহই প্রাচীন ব্রাহ্মণের নিন্ধাবোষণায় অগ্রসর হইতে পারে না।—

"কো ধর্ম্ম: কশ্চ দেবেতি কিং কর্ম্মেতি তথাপরে, বদস্তি ছর্জ্জনা মূঢ়াঃ ব্রক্ষহিংসাপুরায়ণাঃ।"

মহতের অবমাননাই শয়তানী সময়ের প্রথম ও প্রধান লক্ষণ।
পিতৃপুক্ষরণ, তোমাদিগের প্রতি ভক্তির দিন উদয় হইতে এখনও
অনেক বিলম্ব! রাক্ষণণ নিজগঠিত সমাজের প্রতি নিজে এক
সময়ে অনিইকর হইয়াছিলেন বটে, কিন্তু সে অর্থাদি স্বার্থবশে নহে,
শাস্ত্রজানের সন্ধার্ণতা ও তত্ৎপদ্দ ভ্রমান্ধতা হেতু; এবং তাহাও, বখন
পার্ম্বর মানবগণের অবাধাভাবোৎপদ্দ মূর্যতার সংস্পর্শে ভ্রমান্ধকার
আসিয়া স্বতঃ উপস্থিত হইয়াছিল। যাহা হউক তথাপি রাক্ষণেরা
যাহা করিয়া গিয়াছেন, বাঞ্চারাম, তরিমিত্ত তাহাদিগের নিক্ট এখনও
ভক্তি-বিনত হও; এবং ক্রতজ্ঞতাধর্ম এখনও যদি তোমাকে পরিত্যাগ
করিয়া নাথাকে,তবে তোমার ইংরাজীনবিশী ক্ষণকালের নিমিত্ত স্থাতি
রাথিয়া, সেই রাক্ষণের সন্থতিবর্গকে তাহাদের উত্তরাধিকারস্বরূপ
সেই ভক্তির অংশ এখনও কিঞ্চিৎ প্রদান করিও;—রাক্ষণ-দেবদ্বের
প্রতি নহে, রাক্ষণ-মন্থ্যতের প্রতি। ভারতে রাক্ষণেরা যেরপ নিঃম্বার্থ

ও বাহা করিয়া গিরাছেন, জাগতিক ইতিহাদের কোন 'স্থানই' ভাহার' তুলনা দেখা যার না। : • •

কিন্তু, হিন্দুদিগের ঘারা সেই নিঃস্বার্থ লোকহিতকর কার্য্য যাহা কিছু ক্লত, তাহা যে কোন উদ্দিষ্ট মহৎ হিতের ধারাবাহিক পর পর ক্রম সংসাধন করিবার অভিপ্রায়ে, তাহা নহে। ধারণায় যে সঙ্কীর্ণতা, এরপে তাহা লীলায়িত হইয়াছে।—হিন্দুদের কর্মধারণায় প্রধান ক্রটি এই যে, সমগ্রের সহিত ইহাঁরা আপন সম্বন্ধ দেখিতে পাইতেন না: সমগ্র বিলেষণ করিলে খণ্ড এবং খণ্ড সমষ্টি করিলে সমগ্র ছর, এ কথা আধ্যাত্মিক বিষয়ে অনেকটা ব্রিলেও, সাংসারিক বিষয়ে বড একটা তাঁহারা বুঝিতেন না; স্থতরাং খণ্ড ভাবে কার্য্য করিব বটে অথচ দে কার্য্য সমগ্র সহ সমষ্টি বাঁধিবে, ইহা ঘটিয়া উঠে নাই। সাংসারিক ভাবৎ বিষয়কে ইহাঁরা থণ্ডমূর্ত্তিতে অবলোকন করিতেন। ই**হাঁরা** যেমন ভাবিতেন, এই যে কার্য্য করিতেছি ইহা ঔর্দ্ধদেশিক নিয়োজন অমুসারে: তেমনি এটাও ভাবিতেন যে, আমার কর্ম্ম-নিয়োজন মত কার্যা আমি করিয়া যাই, তাহাতে ধারাবাহিক কোন গঠন নিবদ্ধ হয় ভালই, না হয় নাই। অতএব ইহাঁরা থণ্ড মূর্ত্তিকেই সর্বান্থ ভাবিতেন, সমাজের ভিতরে থাকিয়াও সমাজকে দেখিতে পাইতেন না, দেখিতে পাইতেন কেবল আপনাকে ও ঈশ্বরকে। হায়! সত্য সতাই কি হস্তী .তবে আপুন অবয়ব দেখিতে পায় না ? দেখিতে পাইলে কি না করিতে পারিত। অতঃপর হিন্দু এবং গ্রীকের সাংসারিক কার্য্য ও নীতি বিশ্লেষণ করিলে, এরপ রূপক রচনা করিতে পারা যায়। একজন মুক্তারাশি উপার্জন করিয়াছে মালা গাঁথিবার থাতিরে এবং মালা গাঁথিয়াছে: আর সেই উপার্জন আর একজন করিয়াছে কেবল সেই মুক্তারই থাতিরে, স্বতরাং উপার্জ্জনাস্তে তাহা পরিত্যক্তবং পতিত রহিরাছে। কে না বলিবে বে যদুছাবিক্ষিপ্ত মুক্তারাশি হইতে মুক্তার মালা অধিক শোভাকর। গ্রীকের লোকহিত সেই মুক্তামালার দাঁড়াইরাছে; আর হিন্দুর তদ্ধপ শত শত মালার উপযুক্ত যুক্তারানি, এমন কি অপেকাঞ্চত শত শত খলে বছম্লা
মুক্তারানি, তুপীকৃত পড়িরা রহিয়াছে একং যেমন হবোগ পাইতেছে,
কেমনি এক একটি করিয়া ইন্দুর ও ছুঁচোতে হরণ করিয়া শইয়া
ঘাইতেছে। কি পরিভাপ ! ভারতসন্তান, দেখ দেখি তোমারই মুকা
দাঁতে ধরিয়া, ছুঁচোর ছুঁচোমী ও আক্ষালন, কি অসহনীয় হইয়া
উঠিয়াছে ! আর ভূমি ? হেলায় তোমার রয়রাশি হারাইয়া, মাথায়
হাত দিয়া পথে বিদিয়া কাঁদিতেছ !

হিন্দসন্তান জানিতেন যে, ব্যক্তি হউক বা জাতি হউক, উভয়-निर्कित्मरव, मानत्वत रा नाःनातिक कीवन, छाहा यथन এठ क्रमञ्जामी: তথন তাহার আবার মূলাই বা কি: আর তাহার জন্য হিসাব রাখা-রাথিই বা কি। কর্মক্ষেত্রে আসিয়াছি কর্ম করিতে, কর্ম করিতেছি; — हेडा विराम ७ वामावाणी। कर्य (भव इटेला यथन वाणी याहेरा হইবে, নিত্যবাদ যথন অন্তত্ত : তথন বাদাবাড়ীকে বাদাথানা ও বিদেশীয়কে প্রাণের কুটম্ব কে করিয়া থাকে, অথবা তাহার জন্য পাগলই বা হয় কে ?--করিতে পারে কেবল সেই, হইতে পারে কেবল সেই, যাহার অর্থ রাখিবার আর জায়গা নাই অথবা যে উপার্জনের উদ্দেশ্য ভূলিয়া কেবল লৌকিক মোহে মজিয়া বেড়ায়। বিশেষ যথন বিদেশে মান কেনার অপেকা দেশে মান কেনা শ্রেমঃ: তথন দেশে যাইয়া যাহাতে তাহা সিদ্ধ হইতে পারে, সেজন্য, যতদিন বিদেশে থাকিবে, ততদিন এদিক ওদিক না চলিয়া, এদিক ওদিক না তাকাইয়া, কোন রূপে শরীর ধারণ পূর্বক সেইরূপ উপার্জন করাই কর্ত্তব্য। হিন্দুসন্তান পৃথিবী-প্রবাদ দূরে থাকুক, সামান্য বিষয়কার্য্যোপলকে বিদেশ-প্রবাসী হইলেও; প্রবাসস্থান সম্বন্ধে, জাতীয় আত্মিক স্বভাবের ছারার আজি পর্যান্ত অবিকল এইরূপ ভাবনা ভাবিয়া থাকেন এবং দেশে ঠাকুরালীর আশার, মলমূত্র মধ্যে কুঁড়েঘরে কোন রকমে ছেঁড়া काँथा कड़ाहेश विमारन कुकुतानी शूर्वक कान कांगेरिश तन । विश्वन দেখ একবার, শেই প্রবাস-ক্ষেত্রে প্রাচ্য প্রবাসী ও পাশ্চাত্য প্রবাসীতে

কত প্রভেদ। পাশ্চাত্য প্রবাসী যেখানে যায় সেইখানেই আজহর ও আসবাবের ঘটা, যেন কত কালের ঘরবাড়ী এবং কত পুরুষ তথায় काष्ट्रिया बाहेर्रा,- अ शिरक विविध बनास्त्र जन अकड़े पूछिरनहे जिकाब বুলি হাতে করিতে হয় ৷ আরু তোমার প্রাচ্য প্রবাসী ? বিদেশে সে কুকুরালীর কথা উপরেইত উল্লেখ করিয়া আসিরাছি। প্রাচ্য ও পাশ্চাত্য প্রকৃতিভেদে, সাংসারিক স্থথরতি বিষয়ে ইহাপেকা আর কি স্থলর দুষ্টান্ত সম্ভবপর ? পাশ্চাত্য জগবাসী, আর প্রাচ্য সে জগতে পথভ্রান্ত পথিক-অতিণি ! সে যাহা হউক, তোমার আমার চোখে পাশ্চাত্যের বিদেশ-বাবুগিরিতে নিতান্ত অপরিণামদর্শিতা দৃষ্ট হইলেও, তবু ছেঁড়া কাঁথা জড়ানর চেয়ে যেন দেখায় ভাল! আরিষ্টটলের ধরণে বলিতে গেলে, যথার্থ ভাল তখন হয় যথন ছেঁড়া কাঁথা ও আড়ম্বর এত-হভরের মধ্য পথ অবলম্বিত হইয়া থাকে। হিন্দুসন্তানের মুখ্য উদ্দেশ্য যাহা এবং কর্মধারণা যভদূর, তদমুদারে সংসারমদে না মাতিয়া ধর্ম-চর্য্যা দ্বারা পরলোকের পথ পরিষ্কার করাই কেবল যুক্তিসিদ্ধ। যে कां कि मानवीय हेर कीवरनत्र मृता এहे त्र १ कीरव व्यवधार करत, চিন্তা এবং কল্পনাপ্রস্থত বিষয় যাহার নিকট প্রধানতঃ পরম আদরের বস্তু,দে জাতির মধ্যে জাতীয় ইতিহাস বা লোককীর্দ্তিগাথাও বড একটা থাকিবার সম্ভাবনা নাই। অন্যান্য জাতির কথা কি বলিব, মেক্সি-্কোর নরমাংসভোজী আদিম অধিবাসীরাও এ জগতে আপনাদের প্রাচীন পুরাব্রত্ত প্রদান করিয়া গিয়াছে; কিন্তু হিন্দুসন্তান এত স্থপভা, এত ধর্মনীল এবং এত বিদ্যাবান হইয়াও তাহা পারিয়া উঠেন নাই হিন্দু বিদ্বানেরা ইতিহাস লিখিতে বসিলে যে লিখিতে পারিতেন না এমন নহে, বরং উৎকৃষ্টরূপেই লিখিতে পারিতেন ;—কিন্ত আদৌ ইতিহাস বলিয়া যে একটা বস্তুর অস্তিত্ব সম্ভব হইতে পারে বা তাহার কোন মূল্য আছে, ইহাই তাঁহাদের ধারণার ভিতরে আইদে নাই। ইহাঁরা যেরপ ইতিহাস লিথিতে পটু এবং ভালবাসিতেন, তাহাই লিথিয়া গিয়াছেন, ষ্থা ;—অষ্টাদশ পুরাণাদির গাদা।

একণে গ্রীকজাতির প্রতি নিরীকণ কর: কেমন বিভিন্ন চিত্র দেখিতে পাইবে। আধ্যাত্মিকতা তিলক ছাপাতেই লেষ: বাকী.--রসের তৃফানে যেথানে থাকি সেই বাড়ী। পরলোক বলিয়া পিছুটানের মমতা বড় একটা নাই, স্থতরাং কেন ও কাহার জন্য অধিক সঞ্য कतित ? এই পৃথিবীই चर्त, এই পৃথিবীই মর্ত্ত; এইখানেই নাম, এইখানেই পরিণাম: অতএব বাহা পাই, যতদূর দাধ্য থাইরা পরিয়া আমোদ করিয়া লই, পরে আমার তা কে থাইবে। দেশের সঙ্গে কোন সম্বন্ধ নাই অথচ দেশের কথা এক একবার মনে হইলে জনর উরেলিত হইয়া উঠে সত্য, কিন্তু দে উদ্বেশন ও ততুৎপন্ন কাৰ্য্যফল অধিকক্ষণ ধারণা করিয়া রাখিতে পারে না :--পরলোক ও পারলৌকিক স্থথের নিমিত্র উপার্ক্তন সম্বন্ধে গ্রীকদিগের ঠিক এইরূপ ভাব। যেমন সামাজিক এবং সাংসারিক স্থথে পূর্ণভাবে মগ্ন। তাহা না হইলে দেশহিতার্থে, সমাজের প্রতি স্নেহে, আপন সম্ভানকে ইঞ্জিতমাত্রে বলি দিতে পারিত না :—ম্পার্টান জননী প্রকৃতিদত্ত পুত্রমেহত্যাগে, বিকলাঙ্গ পুত্র পরিত্যাগ বা ক্ষীণাঙ্গ পুত্রের শরীরনাশে, কালার বদলে হাঁসির লহর উঠাইতে পারিত না। ইহারা সস্তান রণে হত হইয়াছে ভানিলে শোকাশ্রুব পরিবর্জে আনন্দাশ্রু বিস্কৃত্রন করিত। ৩ সামাজিকতার থাতিরে এথানে কুলকামিনীগণ পর্যান্ত যেরূপ আ্যাত্রহ ও . নিশ্মায়িকতা দেথাইত, বীরপিতা দশরথও তাহা পারেন নাই। বন্ধারে বিণী তারকা রাক্ষ্মীর বিনাশার্থে বিশ্বামিত রাম ও লক্ষণকে লইয়া যাইতে চাহিলে, দশরথ কাঁদিয়াই আকুল ! এই সামাজিকতার

[।] Cecero Lib. I.

৪। রামারণ ১২০১৮—১৪। অপেকাকৃত অধ্নাতন কালে রালপুত রমণীতে বহু পরিমাণে একৈ রমণীর ছায়াপাত দেখিতে পাওয়া যায়, যদিও ভারতের হুর্ভাগ্য-ক্রমে কলের আকে ভাইতে বিশেব কিছুই কলে নাই। ফলতঃ কি প্রাচীন কি পরবর্তী সময়ে, হিন্দুর বীরম্ববৃদ্ধি বস্তুতঃ যে কিছু কম ছিল তাহা নহে। কিন্তু দে

প্রতি স্বেহ হেতৃই হেক্তরজননী, হেক্তরকে সহসা রণস্থল হইতে প্রতিনির্ভ হইতে দেখিরা, আশ্চর্যাক্তানে জিজ্ঞানা করিরাছিল,—

> "হেন্তর! কেমনে কহ, কোন গৃঢ় হেত্, মম পুত্র এবে এখা তাজি রণস্থল, প্রাচীর চৌদিকে গ্রীস বেরিতেছে যবে ?"

পুনন্দ, যে পারিসকে হেলেন জগতের লোভনীয় পুরুষ জ্ঞানে, স্থামী, সস্তান, ঐশ্বর্যা এবং রাজভোগ ভুচ্ছ জ্ঞান ও পরিত্যাপ করিয়া তাহার সঙ্গে আসিয়ছিল; সেই পারিসকেই সেই হেলেন যথন আচরণে ভীরুও কাপুরুষ দৃষ্টি করিল, তথন রতিদেবীর নিকট ভর্ৎসনাবাক্যে পারিসকে এরূপ তীরভাবে নিগৃহীত করিয়া আপনার অসীম ও জলস্ত মনংকই জ্ঞাপন করিয়াছিল।—রতিদেবী হেলেনকে মোহিত করিয়া পারিসের অহুগত করিবার জন্য লইতে আসিয়াছিলেন; কিন্তু হেলেনরাগে ক্লিয়াও ঝালে বাড় বাঁকাইয়া রতিদেবীর আহ্বানের উপর উত্তক্ত ফ্লিমীর নাায় এরূপ উত্তর করিল—

ভিক্ন সে বর্জর ! স্থানি তারে, স্থানি আমি তার আলিক্ষন । নহে যদি, কে বহিবে শিরে—কে বহিবে শিরে চির অব্যাতির ভালি; কে সহিবে পুন: ফুাইজিয়াব্যাপী রমণীমগুলে যবে দিবে টিটকারী.

বীরত্বে সভানিষ্ঠা ও সদ্প্রধাবলীর সমাবেশ হেতু, পৌরারপোবিল প্রীক্ষীরত্ব বা বে কোন পাশ্চাতা বীরত্বের নিকট ভাহাকে হারি মানিতে হইরাছে। সভা সভাই বল্পুকর বলের অপেক। সিংহবাায়াধির বল কিছু বেশী নহে; কিন্তু তথাপি ভাহাদের সে বলে হিভাহিতজ্ঞানশূন্য পশুত্ব হেতু, সমসংখ্যক প্রতিছাল্ভার বল্পুকের বলকে প্রায়ই হারি মানিতে হয়।

e; "O Hector! Say, what great occasion calls

My son from fight, when Greece surrounds our walls!"

Pope's Homer's Illiad, VI., 318-19,

দহিতেছে দেহ যবে, দহে চিত্ত তাপে সময় কি, হ্যালা। সেই প্রেম আলাপনে।৬

এক কথা। ইহার পর কি জার বলিতে হইবে যে কি কারণে হিলুর বরে বা অপর যে কোন জাতির বরে ইতিহাসবিদ্যার জন্ম না হইরা গ্রীকের ঘরে সর্ব্বাতে হইরাছে ? পুনশ্চ, এই স্থলে গ্রীকের বীর-প্রকৃতি কিরূপ এবং কি মেয়ে কি পুরুষ উভরেতেই কেমন তাহার ক্ষুরণ ও বিকাশ, তাহাও একবার এই স্বযোগে দেখিয়া লও। আর হিন্দুর ঘরে ?—দশরথের কাল্লার কথাত উপরে বলিয়াছি; পাণ্ডবদলের পাশার স্ত্রীহারাণর কথা বলিতে এখনও বাকী আছে। কবির ইচ্ছা, পাওবদিগকে বড় বীর করিয়া দেখান; কিন্তু বীরপুরুষেরা বড় বীর হইবার আগে ধর্মধ্বজিতাও দূাতচুক্তির খাতিরে স্ত্রী হারাইয়া বসিধা আছেন। আবার এ দিকে অর্জুন ধমুর্ব্বাণ ফেলিয়া রণস্থলে বসিয়া যোগের কথা শুনিতেছেন। গ্রীকবৃদ্ধিতে যাহা বীরত্ব বলিয়া আদরের জিনিস, হিন্দুবৃদ্ধির নিকট তাহাই ঠিক নিন্দা এবং ঘুণার পদার্থ। যে রাবণ প্রভাতকে হিন্দুক্বি পাষ্ডতা পক্ষে নিম্নতম উদাহরণরূপে চিত্রিত এবং তাহাদের আচরণকে পাষণ্ডতার সম্পূর্ণ ক্ষুত্তিরূপে বর্ণিত করিয়াছেন; গ্রীকচক্ষে দেখিতে গেলে, ঠিক সেই সকল লোকই বীরপুরুষ ও দেই দকল আচরণই বীরাচরণ বলিয়া দৃষ্ট এবং আদৃত হয়। হিন্দুর বারের। সত্যবীর, স্থরবার, ধর্মবীর; আরে গ্রীকের বারেরা, ধুষ্টবীর, রোদ্রবার, অম্বরবার। এ উভয় বারত্বই গত কালের: উপস্থিত কালের বীরত্বেও আমাদের আবশ্যক নাই: কিন্তু দেখিতে বাঞ্চা বড অনাগত বীর্ভ। বিধাতঃ সে বীর্ভে যেন সভাবীর.

Else should I merit everlasting shame,

And keen reproach from every Phrygian dame.

Ill suits it now the joys of love to know

Too deep my anguish, and too wild my woe.

মোজবীর; ধর্মবীর, গৃষ্ঠবীর; উভর উভরে আসিরা সামঞ্জস্য-সংমিলিত হর। ভারতসন্তান! সে বীরছ ?—রাম রাম! মিছা জরনে সমর-বার। ইতিহাসের কথাটা সারিরা লই।

বেখানে লোকচরিত্র এরপু এবং যে জাতি এতদূর সাংসারিক-া গৌরবপ্রিয় যে, যুদ্ধে স্ত্রীলোকেরও তেজ এত প্রথরা; সে জাতি বে ঐশ্বর্যা ও অনুষ্ঠানের মর্ম্ম পূর্ণভাবে বুঝিবে এবং তাহাকে জীবনের প্রধান-ক্রিয়া-পদস্ভ বিয়া, তাহার অনুসরণ ও তাহার বিভব রক্ষা করিবে, ইহা স্বতঃ দিল্ধ। যেমন উপপাদ্য বিষয়সমূহ অমুসরণ করিতে হইলে, পূর্ব্ব পূর্ব্ব উপার্জ্জিত জ্ঞানের স্থগ্রন্থন আবশ্যক; তেমনি আফুণ্ঠানিক ব্যাপার অনুসরণ করিতে গেলে, পূর্ব্ব পূর্ব্ব অনুষ্ঠিতের অবগতি ভিন্ন, তাহা স্থশুঞ্জলে বা পূর্ণাবয়বে সম্পন্ন হয় না। অতএব ইতিহাসবিদ্যার ठिका औकिनिरात मर्या यहळा उँ० शत्र रहा नारे। ज्थाह उँरा उँ० शत्र ना ক্টলে চলে না. এই জন্য হইয়াছিল। ভারতীয় জীবনক্রিয়ায় তক্রপ আবশ্যকতাপক্ষে প্রয়োজনাভাব। আদিমকাল হইতে আরম্ভ করিয়া, মুদলমানাধিকার পর্যান্ত, ভারতীয়েরা বেমন এ জগতে একাদিক্রমে ধারাবাহিকরূপে ও বহুকাল ব্যাপিয়া স্বাধীনত্ব ভোগ করিয়া আসিয়াছে. তেমন আর কোন জাতির ভাগ্যে ঘটে নাই। কিন্তু আক্ষেপের বিষয় এই যে, এই দীর্ঘ সময়ের মধ্যে ধারাবাহিকরপে সজ্জিত ঘটনাবলীর ্ষে সতা ইতিহাস, তাহার টুকরামাত্রও পাওয়া যার না বলিলে নিতান্ত অত্যক্তি হয় না। কিন্তু গ্রীকদিগের ইতিহাসের বাজারের প্রতি বারেক লক্ষ্য করিয়া দেখ,—কেমন সর্বাঙ্গস্থলর ও সুসজ্জিত! ফলত: গ্রীকেরা মানবীয় ইছ জীবনের এরপ স্থির মর্মাঞ্ড ও তাহাতে এত মমতাশীল যে, অতি প্রাচীন কাল হইতেই ইহারা, এমন কি প্রস্তুক্তনকের সাহায়েও, ভাহার স্থৃতি-রক্ষণের উপায় উদ্ভাবন করিয়া-ছিল ৭ ও তাহাতে যত্নশীল হইয়াছিল। কোন প্রাচীন হিন্দুগ্রন্থে

The stone shall tell your vanquished heroes' name, And distant ages learn the victors' fame.

Pope's Homer's Illiad, VIII 103-104, পুন" Odyssey XI.

এরপ অমুষ্ঠানের কথা বা উল্লেখ আছে কি না তাহা তনিতে পাই না। বোধ হয়, নাই।

অতংপর ইচ্ছা, জাতিবরের লোকাচার, দেশাচার, লোক ব্যবহার, ইত্যাদির আলোচনা করি; কিন্তু আরস্তুস্থলেই দেখিতেছি যে, উদাহরণ উদ্ধৃত করিরা তুলনার তাহাদের চিত্র প্রদর্শন করিতে বাওরা, এক-রূপ পশুশ্রম ও স্থানের অপব্যরমাত্র। সেরপ কৃত্র তুলনার, এরপ বৃহৎ জাতীয় জ্ঞান কথন পর্য্যাপ্ত, সম্পূর্ণ বা তৃপ্তিকর হইতে পারে না। তত্তৎ বিষর পরিজ্ঞাত হইতে এবং হাদরদ্দম করিতে হইলে, তত্তৎ জাতীয় ইতিহাস মনঃসংযোগপূর্বক পাঠ করা সর্বাপেকা উত্তম সত্পার। বাহা হাইক, তথাপি, এই উভয় জাতি, যে যে পৃস্তককে ধর্ম্মপুত্তক এবং যাহা যাহা লোকনীতিবিধায়ক বলিয়া গ্রহণ করিত; দেই দেই পৃস্তক হইতে হুই একটি মুখ্য নীতিমূলক বাক্য উদ্ধৃত করিয়া দেখাইতে চেষ্টা করিব। উচাতে আর কিছু না করুক, অস্তুতঃ তত্তৎ জাতির সেই সেই বিষয়ে চিত্তগঠন এবং চিন্তনপ্রশালী করেপ ছিল, তাহার কিঞ্চিৎ পরিমাণে পরিচয় প্রদান করিতে সক্ষম হইবে। হেসিওদ হইতে উদ্ধৃত করা যাইতেছে দ।—

"নির্কোধ পার্সেদ, এক্ষণে আমি সহদেশ্য-পরতন্ত্র হইরা এই উপদেশগুলি প্রদান করিব। অসৎ সংপ্রহ তুমি অনারাসে রাশি রাশি
করিতে পার, যেহেতু তাহার পথও সহজ্প এবং সে পথ অনারাসে
অবলম্বনযোগ্যও বটে। সত্য বটে সতের অপ্রে অমর দেবগণ, অধ্যবসায়ের স্থাপনা করিয়া রাখিয়াছেন, এ নিমিত্ত ইহার পথ আপাততঃ
অতি উন্নত ও হুরারোহ বলিয়া বোধ হইয়া থাকে; কিন্তু বে একবার
ইহার সীমার উত্তীর্ণ হইতে পারিয়াছে সে দেখিতে পাইবে বে, যদিও
ইহা আগে এত কঠিন বোধ হইয়াছিল, কিন্তু এখন ইহা কত সরল।

''সেই ব্যক্তিই শ্রেষ্ঠ, বে নিজের উপার নিজে করির। লন্ন এবং যাহার সেই উপার ভবিষ্যতে এবং শেষ পর্যান্ত মঙ্গলদারক হর; এবং দেই ব্যক্তিই শ্রেষ্ঠ, যে স্থপরামর্শদাভার পরামর্শ শুনিরা থাকে। কিন্তু

Hesiod. W orks and Days.

অসার ও হের সেই ব্যক্তি, বাহার নিজেরও কোন বৃদ্ধি নাই অথচ অপরের স্থারামর্লেও যে কথন কর্ণপাত করে না। অতএব হে পার্সের, আমার সহপদেশের প্রতি চিন্ত স্থির রাধিয়া কার্য্যে প্রন্ত হও এবং ভাগুার পূরণ কর,বাহাতে হুর্ভিক্ষ আসিয়া ভোমাকে দলিত করিতে না পারে; তাহা হইলে স্কেশা দেমিত্র দেবীও তোমার প্রতি অস্থ্রহ-পরবশ হইয়া, তোমার ভাগুার পূরণে সহায়তা করিবেন। জানিও ছুর্ভিক্ষ কেবল অলস ব্যক্তির সহচর ইইয়া থাকে।

"বে ব্যক্তি অলস ভাবে, অপরের গলগ্রহ হয়; কি দেবতা কি
মান্থ্য, উভয়ই তাহার প্রতি রোয়য়ুক্ত হইয়া থাকেন। কিয়
তোমার যে কায়্য এবং প্রমেই কেবল তৃপ্তি এরপ দেখাও, যেহেতৃ
তাহা হইলে তোমার ভাঙার যথনকার যে দ্রব্য তাহাতে পরিপূর্বিত
হইয়া উঠিবে। প্রম হইতে লোকে ধনধান্য-পরিপূর্ব হইয়া থাকে; এবং
যে ব্যক্তি প্রমশীল, মানব এবং দেব উভয়েরই নিকট সে প্রিয়পাত্র হয়।
শ্রমে মানব হতমান হয় না, আলস্যেই হতমান হইয়া থাকে। তৃমি
যাদ প্রমরত হও, তাহা হইলে দেখিতে পাইবে যে, অলস ব্যক্তিরা
তোমাকে ধনী হইতে দেখিয়া হিংসারত হইতেছে, কারণ সন্মান এবং
প্রেছিতা ও চই সৌভাগােরই অফুগমন করে।

"যে ব্যক্তি শ্রণাগত বা আতিথির প্রতি অসদাচরণ করে?; যে ১ চ কিন্ত ইচ্ছাপ্রক প্রাক মহাশ্রের। অতিথি গ্রহণ করিতেন না, তবে নিতাপ্ত কেহ বদি আসিরা পড়িত তাহা হইলে তাহাকেও আর তাড়াইরা দিতেন না। প্রীমীর কোন লোকপাল কোন অতিথি প্রহণ করিলে, বা অতিথিকে কোন উপহার দিলে, লোকবর্গের নিকট হইতে বাজে আদারের দারা তাহার ক্ষতিপূর্ণ করিয়া লইতেন। ইংরেজ প্রেট ইহার প্রমাণহলে Odyss. xiii 14; xix 197; xvii 383 উচ্চৃত করিয়াছে। গ্রীকের আতিথা এইরূপ! পরবর্তী সমরে ইহার ভাল ও মল উত্তর দিকেই অনেক পরিবর্তন হইয়াছিল। আটিকাপ্রদেশের লোক আতিথা-পরায়ণ হইয়াছিল বটে, কিন্তু তেমনি অন্য দিকে আবার স্পার্টার ভিন্নস্থানীর লোক একস্থাও ভিতিতে পারিত না। তবে আমানের দেশের নাার মুষ্টভিক্ষা, পরসাভিক্ষা, উদরভিক্ষা, বাসভিক্ষা, এরূপ তরবতর যে ভিক্ষা বা আতিখ্য, গ্রীনে তাহার নাম সক্ষও জানিত না।

আত্মীয় স্বজনের স্ত্রীর সহিত ব্যতিচার-প্রায়ণ হয়; যে জ্ঞানমূল হইরা পিতৃমাতৃহীনের অনিষ্ঠ করিয়া থাকে; এবং যাহারা বুদ্ধ পিতামাতার প্রতি কট্কি বর্ষণ করে, দেবরাজ তাহাদের প্রতি ক্রোধ-পরায়ণ হইন্না শাস্তি প্রদান করিয়া থাকেন। অতএক তুমি ঐ সকল কার্য্য হইতে আপনার চিত্তকে অন্তরে রাখিবে। ধরাসাধ্য স্থভাবে ও পবিত্রমনে উপহারদানের দ্বারা দেবতাদিগের অর্চনা করিবে; এবং দকালে ও সন্ধ্যার ধুপাদিদানে, তাঁহাদিগের সম্ভোষ সাধন করিবে; কারণ তাহা হইলে তোমার উপর তাঁহারা এরূপ সম্ভূষ্টিত থাকিবেন যে, তুমি অনায়াসে অন্যের ভূসম্পত্তি ক্রম্ব করিতে পারিবে কিন্তু অন্যে কেহ তোমার সম্পত্তি ক্রয় করিতে পারিবে না। যে তোমাকে ভালবাদে তাহাকে তোমার ভোজস্থলে নিমন্ত্রণ করিবে, কিন্তু যাহারা তোমার হিতকারী নহে ভাহারা যেন তফাতেই থাকে। বিশেষ যে লোক তোমার আত্মীয় তাহাদিগকে আগে নিমন্ত্রণ করিবে; কারণ জানিও, তোমার বাড়াতে কোন বিপদ পড়িলে, প্রতিবেশীরা আগে বদ্ধ পরিকর হয় না, আগে আত্মীয় স্বজনেই হয়। অসৎ প্রতিবেশী কণ্টের কারণ হইয়া থাকে, কিন্তু সং প্রতিবেশী পাওয়া সৌভাগাম্বরূপ বলিয়া জানিও। যথন প্রতিবেশীর নিকট হইতে ঋণ করিবে. শোধ দিবার সময় যে মাপে লইয়াছিলে যেন ঠিক সেই মাপে শোধ দেওয়া হয়, বরং কিছু বেশী দিয়াও দিবে: কারণ তাহা হইলে ভবিষাতে আবার যদি অভাব হয়. তবে চাহিলেই যে পাও এরপ আশা থাকিবে।

"নীচ প্রবৃত্তি হারা যে লাভ হয়, তাহার দিকে যাইও না; নীচ প্রবৃত্তি হইতে যে লাভ তাহাকে লোকসান বলিয়া জানিও। যে তোমাকে ভালবাদে, তাহাকে ভালবাদিবে: যে তোমাকে অনুরক্ত, তাহার প্রতি অনুরক্ত হইও। যে দান করিয়া থাকে, তাহাকে দান করিয়া থাকে, যে দান করে না, তাহাকে দান করিয়া থাকে, সে অবশ্য অন্যত্র দান পাইয়া থাকে; যে দান করে না, সে কোথাও দান পায় না। * * * * বছুবর্গের প্রতি প্রতিদান যেন

অপর্যাপ্ত হয়। ভাইয়ে ভাইয়ে কোন কাজ করিতে হুইলেও যেন. উপহাসচ্ছলে বা প্রকারান্তরে, তাহার সাক্ষা রাখা হয়: কারণ নিশ্চর জানিও, 'বিশ্বাস' এবং 'অবিশ্বাস,' এ চুইটি বিষয় অনেক লোকের দর্মনাশ করিয়াছে। (এবং এই অপূর্ব্ন পাশ্চাতা নীতি, আজিকে আর এক বেশে সোণার ভারতে প্রবেশ করিয়া, আইন-আদালত মূর্ত্তিতে নিত্য লোকের সর্বনাশ করিতেছে। ভারতের আধুনিক অপূর্ব সাক্ষ্য আইন এবং তত্ত্ৎপন্ন মিথ্যা মোকর্দ্মাদি,—এ সকলের উৎপত্তিমূল এই পাশ্চাত্য নীতিটির ভিতর নিহিত।) বেশভ্ধা-শালী স্ত্রীলোকে যেন তোমার মন ভুলাইতে না পারে: স্ত্রীলোককে বিশ্বাস করা আর দারুণ শঠ জুয়াচোরকে বিশ্বাস করা, এ উভয়ই সমান। একটিমাত্র পুত্রকে পিতৃগৃহের রক্ষণাদি করিতে দিও, তাহা হইলে অর্থ বিভাগ না হইয়া বৃদ্ধি প্রাপ্ত হইবে। স্মরণ রাথিও, অনেক সস্তান থাকিলে অনেক বন্ত্রণা ও অনেক উপার্জ্জনের আবশ্যক হয়। (ভিটামাটি বিক্রয়ে বিবাহ এবং পুত্রপ্রার্থী হিন্দু এ কথায় कि वटनन १ मखानज्ञिर्छत जना नाम त्यथात '(गानात्मत मःथातिक ;' দেখানে উপায়শূনা অবস্থায় এ অজ্ঞ গোলাম গোলামী—শেয়ালের বংশবৃদ্ধির ফল ?) এক্ষণে তোমার অন্তঃকরণ ও চিত্ত যদি দৌভাগ্য লাও করিতে চাছে, তবে কেবল শ্রম করিবে, শ্রমের উপর শ্রম করিবে।"

ইহার পর, কিরণে কাষকার্য্যাদি সমাধা করিয়া অর্থ সংগ্রহ করিতে হইবে, হেদিওদ তাহার সবিস্তার উপদেশ প্রদান করিয়াছেন। উপদেশ সকলের মধ্যে, যে কোন প্রকারে সাংসারিক স্বার্থ ও স্বচ্ছলত। যাহাতে সর্কতোভাবে পূরণ হয়, সেইরপ উপদেশেরই প্রাধানা। তাহাদিগের কোন অংশ উক্ত করিয়া আর মিছামিছি প্রস্তাবের কলেবর বৃদ্ধি করিব না। স্বতঃপর সেই সকল উপদেশ অমুসারে স্থলংগ্রহ হইলে, হেদিওদ বিবাহ করিবার উপদেশ দিয়াছেন। বিবাহের পর, আরও নিয়মত কয়েট উপদেশ প্রদান করিয়া গৃহধর্শের সমস্ত কর্তব্য দেখানর শেষ করিয়াছেন।

''দেবতারা ঘাহাতে শত্রু না হরেন, দর্মনা সেরপ কার্য্য করিবে। वक् वाक्तित मान वाकात मात्र ममान वावहात कति। वादः वादः যদি কর, আগে যেন ভূমি তাহার অনিষ্টেরত হইও না ও তাহার প্রতি বাক্যছলেও মিথ্যা কহিও না। কিন্তু যদি সেই বন্ধু তোমার অফুচিকর কোন কথা বলে, বা তোমার বিরুদ্ধে কিছু করে, তবে তুমি ছুনাছনি সেইরূপ করিয়া তাহাকে তাহার প্রতিশোধ দিবে। কিন্তু যদি সে ব্যক্তি আবার তোমাকে সম্ভুষ্ট করিয়া বন্ধুত্ব পুনঃস্থাপন করিতে চাছে. তবে তাহাতে তুমি সম্ভই হইওও বন্ধুস্বস্থাপনে অসম্মত হইও না। সেই ব্যক্তি নিতান্তই অত্বথী, যে এখন একজনের সঙ্গে, তখন আর এক জনের সঙ্গে, বন্ধুত্ব করিয়া থাকে। মনের কথা যেন মুথের ভাবে প্রকাশ না পায়। কথন অধিক লোকের ভোজদাতা হইও না; কাহাকেও একেবারে ভোজ দিবে না, যেন এমনও হইও না। অসতের मश्री इहें छ ना, वा मराज्य अवभानना कविष्ठ ना। या वाकि इर्लमाश्रम, নিষ্ঠ্র ভাবে তাহাকে ঐ তুদশার জন্য তাড়না করিও না; যেহেতু ঐ ছদশা তাহার উপর দেবতাদের কর্তৃক নিয়োজিত। স্কলের অপেক্ষা প্রধান সম্পত্তি বলা যায়, যাহাকে লোকমধ্যে আপন জिহ্বাকে श्वता दाया वरल ; अवः मर्तालका अधान मोन्मर्या जाहा, যাহাকে আগু পাছু ভাবিয়া চলা বলিয়া থাকে। যদি তুমি কাহাকে मन कर, जारा रहेल रहे जाराक अकित (महेज्रेश मन अनिरंज হইবে। বেথানে চাঁদা করিয়া বহুলোকে সমবেত হইয়া আমোদ করিতেছে, তথায় অভদ্রতা করিও না; কারণ এরূপ স্থানে, যথায় খরচের ভাগ কম ও আমোদের ভাগ বেশী, তথায় সেরপ করা অনাায়।

উপরে গ্রীক গৃহত্তের গৃহধর্মব্যবস্থা দেখা গেল। একণে হিন্দুর গৃহধর্মব্যবস্থা দেখা যাউক; কিন্তু অসংখ্য গ্রান্তের মধ্যে কোন্ গ্রায় হইতে উদ্ভ করিয়া দেখাইব, ভাছা ঠিক করিতে পারিতেছি না। মহাভারত, বাহা সমগ্র হিন্দুনীতির রদ্ধাগারবিশেব, ভাছা হইতেই কিঞ্চিং উদ্ভ করিরা দেখান যাউক। গৃহস্থলে চারি বর্ণের কর্ত্তব্য সম্বন্ধে এরূপ লিখিত হইরাছে > - ;—

"দম অর্থাৎ বাছেন্সিরনিগ্রহ, তপংক্রেশসহিক্তা এবং যাহাতে অপর সাংসারিক কার্য্য সকলের সমাপ্তি হয়, এতাদৃশ বেদাধ্যয়ন করাই রাহ্মণগণের সনাতন ধর্ম। এইরপ শাস্তপ্রকৃতি ও প্রাক্ত রাহ্মণ হছর্মনিরত না হইয়া স্বীয় কর্মেরত থাকিলে, যদি অর্থ সকল স্বয়ং তাঁহার নিকটে উপস্থিত হয়, তাহা হইলে তিনি সন্তানোৎপাদনবাসনায় দার-পরিগ্রহপূর্কক নিয়ত দান এবং যজ্ঞাদি সংকর্মা করিবেন। অপিচ পণ্ডিতগণ বিলয়াছন য়ে, সেই অর্থ স্বজনগণের সহিত সমভাগে ভোগ করিবেন। বেদাধ্যয়নের সঙ্গেই রাহ্মণের সমস্ত কার্য্য সমাপ্ত হয়, অতঃপর তিনি আর কোন কর্মা কর্মন বা নাই কর্মন, সর্কাভ্তের প্রিয় রাহ্মণ বলিয়া অভিহিত হয়েন।

"হে ভারত! ক্ষত্রিগণের যে সকল পৃথক্ ধর্ম আছে, তাহাও তোমাকে বলিতেছি, প্রবণ কর। মহারাজ! ক্ষত্রির দান করিবেন, কিন্তু কাহারও নিকট প্রার্থনা করিবেন না; যজাদি করিবেন, কিন্তু বাজকতা করিবেন না; অধায়ন করিবেন, কিন্তু কাহাকেও অধ্যাপনা করাইবেন না; প্রকৃতিপৃঞ্জকে সর্বতোভাবে প্রতিপালন করিবেন; নিয়ত দস্থাবধে নিযুক্ত থাকিবেন; এবং রণভূমিতে পরাক্রম প্রকাশ করিবেন। যে ভূপতি অধ্যমধাদি যজ্ঞসমূহের বারা ভূমগুলে মহতী কীর্ষ্ঠি লাভ করিয়া থাকেন, এবং বাহারা সমরক্ষত্রে জনলাভ করিয়া থাকেন, তাঁহারাই ত্রিলোকবাসী লোক সকলকে বশীভূত করিতে পারেন। ক্ষত্রির অক্ষতশরীরে সমর হইতে নির্ভ হইলে, দীর্ঘদশী পিগুতগণ তাঁহার সেই কার্যার প্রশংসা করেন না; স্বতরাং ধর্ম্মাজক্ষী নুপতি বিশেষ যন্ত্র সহকারে বৃদ্ধ করিবেন। ক্ষত্রবন্ধ অর্থাৎ অধ্য ক্ষত্রিরগণের প্রধানতঃ এই পথই অবলম্বন করা কর্ম্বর্য, পরস্ক দৃষ্টা নিবর্হণ ভিন্ন আর কোন কর্মাই ইহাদের কর্ম্বর্তম বলিরা

১০। মহাভারত, শান্তিপকা, ৬০ অধ্যার।

অভিহিত হয় না। দান, অধায়ন এবং যজ্ঞই রাজগণের মঞ্চল বিধান করিয়া থাকে। ভূপতি প্রকৃতিপূঞ্জকে স্বীয় ধর্মো অবস্থাপিত করিয়া ধর্মান্থসারে সমভাবে সকল কার্য্য সম্পাদন করিবেন। এইরপ প্রজাপালন ঘারাই ভূপতির সমস্ত কার্য্য সমধ্য হয়, অতঃপর তিনি আর কোন কার্য্য করুন বা নাই করুন, সর্বভূতের প্রধান রাজন্য বলিয়া অভিহিত হয়েন।

"যুধিষ্ঠির! বৈশ্যেরও যে সকল শ্বাশ্বত ধর্ম আছে, তাহা তোমাকে বলিতেছি, শ্রবণ কর। বৈশ্য দান, অধ্যয়ন, যজ্ঞ, বিশুদ্ধ উপায় অব-লম্বন দ্বারা ধনসঞ্চয় এবং অকুরাগ সহকারে পিতার ন্যায় প্রগণ পালন করিবে, অপর কোন কার্য্য করিবে না। কারণ ইহা ভিন্ন অপর সমস্ত কার্য্যই তাহার অকর্ত্তব্য বলিয়া উক্ত হইয়াছে। প্রজাপতি স্ষ্টির পর ব্রাহ্মণ এবং রাজন্যগণকে সর্বজাতীয় প্রজা ও বৈশ্যগণকে পশুসকল প্রদান করিয়াছেন। স্থতরাং বৈশ্য তদমুসারে পশুরক্ষায় নিযক্ত থাকিলেই স্কমহৎ স্কথ প্রাপ্ত হয়। অতঃপর ইহারা যে বৃত্তি অবলম্বন করিবে. এবং যে উপায় অবলম্বন করিয়া জীবিকা নির্বাহ করিবে, তাহাও বলিতেছি। বে বৈশ্য ছয়টি ধেনু পালন করে, দে স্বীয় বেতন স্বরূপ একটী ধেতুর ছগ্ধ পান করিবে: শত গো-রক্ষক স্বীয় বার্ষিক বেতন রূপ একটি গোমিখুন প্রাপ্ত হইবে। শুঙ্গ জুর ভিন্ন দ্রব্যের বাণিজ্যে লব্ধ এবং সর্বপ্রকার শস্য ও বীজেরু সপ্রম ভাগ তাহার অংশ বলিয়া কণিত হইয়াছে এবং ইহাই তাহার সাংবৎস্ত্রিক বেতন। বৈশ্য পশুপালনে অনিচ্ছা প্রকাশ করিবে না এবং তাহারা ইচ্ছা করিলে, অপর কোন বর্ণেরই পশু সকল রক্ষা করা কর্ত্বোনতে।

''হে ভারত! শূদ্রগণেরও যে সকল পৃথক ধর্ম আছে, তাহা বলিতেছি, শ্রবণ কর। প্রজাপতি শূদ্রগণকে অপর বর্ণ সকলের দাস বলিয়া নির্দেশ করিয়াছেন, স্থতরাং সকল বর্ণের পরিচর্ব্যা করাই শূদ্রের কর্ত্তব্য, তাহাদের শুক্রবা করিলেই শুক্ত স্থাহৎ স্থা প্রাপ্ত হয়।

শুদ্র পর্যায়ক্রমে ব্রাহ্মণ, ক্ষত্রির এবং বৈশ্য এই বর্ণত্ররের পরিচর্য্যাতেই নিযুক্ত থাকিবে, কিন্তু কথনই ধনসঞ্চয় করিবে না, কারণ তাহারা ধন-বান্হইলে আপন অপেকা শ্রেষ্ঠগণকে বশীভূত করিতে ও অকার্য্য সকল করিতে প্রবৃত্ত হইবে: কিন্তু নুপতির আদেশ অনুসারে লোভপরবশ না হট্যা ধর্মপ্রধান কার্যাসকল করিবার নিমিত সামান্য ধনসঞ্চয় করিতে পারিবে। শুদ্র যে বৃত্তি অবলম্বন করিবে এবং যে উপায় অবলম্বন করিয়া জীবিকা নির্বাহ করিবে; তাহাও বলিতেছি। শুদ্র, ব্রাহ্মণ আদি বর্ণত্রের অবশ্যভরণীয়; উশীর-বেষ্টন, জীর্ণ ছত্র, উপানৎ এবং ব্যজন দকল পরিচারক শূদ্রকে প্রদান করিবে। অপরিধের, বিশীর্ণ বসন সকল শুদ্রকে প্রদান করা কর্ত্তব্য, কারণ তাহা তাহাদেরই ধর্মধন। ধার্মিক মনুষাগণ বলিয়া থাকেন বে, শূদ্র ভঞাযু হইয়া দ্বিজাতিগণের মধ্যে কাহারও নিকট গমন করিলে তিনি তাহার উপযুক্ত বুত্তিকল্পনা করিয়া দিবেন। প্রতিপালক দ্বিজাতি অপতাবিহীন হইলে শুদ্র তাহাকে পিণ্ড প্রদান করিবে এবং বুদ্ধ অথবা হর্মল হইলে তাঁহার ভরণাদিও করিবে। অধিকম্ভ যে কোন বিপদ উপস্থিত হউক না কেন, কোন অবস্থাতেই ভর্তাকে পরিত্যাগ করা শুদ্রের কর্ত্তব্য নহে। প্রভুর দীনদশা উপস্থিত হইলে স্বীয় কুটুম্বগণ অপেক্ষা অধিকতররূপে তাঁহার ভরণাদি করা শুদ্রের কর্ত্তব্য ; কারণ শুদ্রের যে কিছু ধনাদি ্থাকে, তৎসমস্তই প্রভুর, তাহাতে তাহার কোন স্বন্ধ নাই।"—বর্দ্ধ-মানের রাজ্ধরচে অনুবাদিত মহাভারত হইতে উদ্ধৃত।

শুদ্রের প্রতি আধাদিগের এরূপ আচরণ, আর্যাদিগের চির-অনপনের কলক। ভারতের আদিম অধিবাসী শুদ্রদিগকে এথনও ভাল করিয়া বশাভায় না আনিতে পারার জনাই বোধ হয় তাঁহারা ভাহাদের উপর এরূপ কঠোর আচরণ করিতেন। মহ দৃষ্টে অনুমান হয় যে, এখনও তাঁহারা ভাহাদের উপর পূর্ণ বিশাদ স্থাপন করিতে পারেন নাই, কার্ন মহু এক স্থানে বলিতেছেন,—অজ্ঞাতকুলশীল ব্যক্তির সহিত কোথাও যাইবে না, অথবা শুদ্রের সহিতও

কোখাও বাইবে না ১২। সত্য সত্যই যদি পৃদ্ধ এতটা অবিখানের হল থাকিরা থাকে, তাহা হইলে আর উপরি-উক্ত কঠোর বিধিগুলিকে নিতান্ত দুষ্ণীর বলা বার না। তবে প্রাকদিগের সদে তুলনার মন্দের ভাল এই যে, প্রীকশ্রের ন্যায় ইহাদিগকে পালে পালে পগুবৎ শিকার ও বিনাশ করা হইত না ১২। পুনশ্চ গৃহত্বের কর্ত্ব্য সম্বন্ধে—

"অপর বল-পীড়িত শরণাগত জীবগণকে পরিত্রাণ করিলে গার্হস্থানত পদ লাভ হইরা থাকে। চরাচর ভূতগণের সর্বপ্রকার রক্ষা এবং যথাযোগ্য পূজা দ্বারা গার্হস্থা পদ লাভ হর। জ্যেষ্টাম্বজ্যেষ্ঠ, পত্নী, ভ্রাতা, পূজ্র এবং নপ্ত্রগণের সময়াম্বরূপ নিগ্রহ বা অম্বরূপ কার্য্যই গার্হস্থাগণের পূজা প্রক্রিয় কর্ম। হে পুরুষণার্দ্দূল! বিদিতাত্মা অর্চনীয় সাধুগণের পূজা প্রভৃতি নির্বাহ করাই গার্হস্থা কর্ম। হে ভারত যুধিষ্ঠির! আশ্রমহ ভূতগণকে স্বপূহে আহ্বান করিয়া ভোজ্যাদি দান করাই গৃহস্থগণের কর্ত্তব্যকর্ম। যে পুরুষ বিধাতৃস্ট ধর্মে রীতিমত অবস্থান করেন, তিনি সর্বাশ্রমলভা মঙ্গলময় স্থান লাভ করিয়া থাকেন।" ১০ পুনশ্চ

"আচার্য্য পিতা সথা আপ্তজন ও অতিথিকে, আমার গৃহে আন্ এই থান্য দ্বা আছে, গৃহস্থ ব্যক্তি প্রত্যহ এইরপ নিবেদন করিবেন। তাঁহারা যাহা বনিবেন,গৃহস্থ ব্যক্তি তাহাই করিবেন,এইরপ ধর্ম বিহিত আছে। হে রুঞ্চ! গৃহস্থ মানব সতত সকলের অবশিষ্ট অন্ধ ভোজন করিবেন। রাজা, ঋত্বিক, গুরু ও শ্বন্ত সক্ষেত্র কাল গৃহে বাস

১১। স্কু ৪|১৪০।

২২ | Plutarch, Lycurg. C. 22, Myron of Priene, Af. Ath. xiv., Plato Leg. I. প্রীকদিগের মধ্যে অধ্যদিগকে যে পঞ্বং বিনাশ বা কঠোর শাসনে শাসিত করা হইত, তদর্থে এই সকল গ্রন্থ প্রইবা। হিন্দুদিগের মধ্যে শুল বহিও অতি নিকৃষ্ট ও প্রণীট্টিত কাতি ছিল,তথাপি তাহাদের মধ্যে কেছ গুণবিলিট হইলে,উচ্চ কাতিত্ব পব্যক্ত প্রাপ্ত হইতে পারিত। তদর্থে আপত্তব ধর্মপুত্রে,—"ধর্মচর্যারা অঘন্যা বর্ণ: পূর্বং পূর্বাং বর্ণমাপদ্যেত কাতিপরিবর্গে, অধ্যাচর্যারা পূর্বো। বর্ণো অঘন্য বর্ণমাপদ্যেত কাতিপরিবর্গে।"

১৩। মহাভারত, শা**ভিশ্ব** ১৮৬। 27

করিলেও তাঁহাদিগকে মধুপর্ক দারা অর্প্তনা করিবে। কুকুর খপচ ও পক্ষিগণকে সারংকালে এবং প্রাতঃকালে ভূতলে অরদান করিবে। দিনি অস্ত্রাশ্ন্য হইরা এই সমস্ত গাহ্ন্য ধর্ম প্রতিপাদন করেন, তিনি ইহলোকে বরলাভ করিয়া প্রলোকে স্থ্রপুরে বসতি করেন।" ১৪

এক্ষণে লোকাচার বিষয়ক নীতি কিঞ্ছিৎ উদ্ভ করিয়া দেখা যাউক। গ্রীকের নীতি—"তাহাকে ভালবাসিও, বে তোমাকে ভাল বাসিয়া থাকে; এবং তাহার প্রতি অন্তরক্ত হইও, বে তোমাতে অন্তর্কত হয়। সেইথানেই দান করিবে, যেখানে প্রতিদান পাইবার প্রত্যাশা আছে; এবং দেখানে দান হইতে হস্ত খুটাইও, যেখানে প্রতিদানের সম্ভাবনা নাই।"—হেসিওদ।

"তোমার শক্রকে মিষ্টবাক্য দারা ভূলাইবে এবং যথন সে তোমার কথার ভূলিয়া হাতে আসিবে, তথন আর কোন কথা না শুনিরা উপযুক্তরূপে তাহার উপর প্রতিশোধ লইবে।

"হে কীর্ণো, তোমার বন্ধু বা পরিচিত্তবর্গের মধ্যে ঘাহাকে যেরূপ প্রকৃতির দেখিবে,তোমার আত্মস্বভাবকেও সেইরূপ স্বভাবের দেখাইয়া, তোমার সহ যাহাতে তাহাদের সহাত্মভৃতি হয় সেইরূপ করিবে।

"সামুদ্রিক পলিপের যেরপ ধর্ম—আশ্ররের নিমিত্ত উদিষ্ট শৈলকে বছ দিকে বিক্ষিপ্ত বছ হস্তের দ্বারা এরপ আকর্ষণ করিয়া তাহাতে সংলগ্ন হয় যে, আর তাহার পৃথকত্ব অফুভূত হয় না; ভূমিত্ত সেইরূপ হইও। যথন যেমন দেখিবে, তথন সেইরূপে ভাব পরিবর্ত্তন করিবে।

"হে কীর্ণো, প্রত্যাগত নির্বাদিত প্রভৃতির এখনও আশা আছে, ইহা ভাবিরা যেন কখনও তাহাদিগের প্রতি সকরুণভাবে ব্যবহার করিও না; কারণ, প্রত্যাগত হইলেও, সে বেরূপ ব্যক্তি তাহার কিছুমাত্র পরিবর্ত্তন হয় নাই।"—থিওগদিদ।

একণে সমানার্থবাধক হিন্দুর নীতি দেখা যাউক ;—

"দানশ্ন্যকে দানের দারা, অসত্যবাদীকে সত্যের দারা,ক্রোধাদ্ধকে

১৪। মহাভারত, অমুশাসনপর্বা, ৯৭।

ক্ষমার খারা, এবং ব্দেগতেক সততা ছারা, এইরূপে বে যে ব্যক্তি ছুই, তাহার দোবরাশিকে পরাজন করিবে।

"শ্রেষ্ঠ এবং দং বাঁহারা, তাঁহাদের নীতি এরপ। ইছারা বাক্য মন ও কার্য্যে কাহার অনিষ্টে রভ হরেন না এবং দর্কভৃতেই ইইাদের দরা ও দান্দিশ্য প্রচ্র। ইইারা আত্মবার্থের প্রতি লক্ষ্যশূন্য, অপরের ভভতেই আনন্দিত হইরা থাকেন। ইহারা বাহার প্রতি যে দরা ও যাহার যে উপকার করিরা থাকেন, তাহার জন্য কিছুমাত্র প্রতিদানের প্রত্যাশা রাথেন না।

"বদি সমস্ত সংসার ভোমার বিপরীতাচরণ করে, ভণাপি বথার্থ পথ হইতে কথনও স্থালিতপদ হইও না।"—মহাভারত, বনপর্বা।

"কোন ব্যক্তি একান্ত পীড়িত হইলেও, কাহারও মর্ম্মণীড়াদারক কোন দোব উল্লেখ করিবে না; যাহাতে পরানিষ্ট হয় এমন কর্ম্ম বা তাহার চিন্তা করিবে না, অথবা বে কথা বলিলে অন্য ব্যক্তি মনে ব্যথা পায় এমন মর্ম্মণীড়াকর স্বর্গলাভের বিরোধী কোন কথা বলিবে না।

"বে ব্যক্তি অলহীন, বাহার অধিকান্ধ, বে একান্ত মূর্থ, প্রাচীন, কুরূপ, নির্ধন ও কুংসিং জাতি, ভাহাদিগকে কাণা বৃদ্ধ ইত্যাদি শব্দ দ্বারা নিন্দা করিবে না।"—মন্থ।

গ্রীক জাতির অভাবয়লভ স্বার্থপরতার ভাগ পরিত্যাগ করিলে, হেসিওল, থিওগণিদ প্রভৃতিকে মোটের উপর বাস্তবিক স্থনীতিবিং বলিতে হয়; কারণ ইহাদের সংশিক্ষার ভাগও বিশুর,—মদিও সেই সকল সংশিক্ষা কথিত স্বার্থপরতা প্রভৃতির সহিত জড়িত হওরায় কথন প্রকৃটিত হইতে পায় নাই। লোকচরিত্রেও ইহারা প্রভৃত দুরদর্শনসম্পর ছিল; তংপকে ইহাদের শিক্ষা সমন্ত অভি মুক্র ।

লোকাচারের বিষর এই পর্যান্তেই পর্যাপ্ত হউক ২৫।

>ে। ইতিহানবিৎ গ্রোট ঐতিহাসিক সময়ের প্রারম্ভ বা হোষাদ্রিক সময়ন্ত গ্রীক চরিত্রসম্মান এক্লপ লিখিরাছে, "When however among the Homeric men we pass beyond the influence of the private ties above enumerated, we find

৩। গৃহাচার ও জ্রীচরিত।

গৃঁহাচার কিন্নপ, তাহা একটু দেখা যাউক। এই গৃহাচারের সর্বপ্রধান মূল ও মহাভিত্তি স্ত্রী-সতীম্ব, যেহেতু উহারই উপর গৃহধর্মের পরিব্রতা ও স্থামিম্ব নির্ভর করিরা থাকে। এখন দেখ, এই স্ত্রী-সতীম্ব উভন্ন জাতির মধ্যে কিরপ এবং কি জন্য ও কতটা পরিমাণে আদরের পদার্থ ছিল। হিল্ব নিকট স্ত্রীসতীম্ব রক্ষার প্রথম প্ররোজন,—পুত্রপ্রদত্ত জলপিও পরলোকে হংখনিক্বতির একটি আত প্রধান উপার; স্ক্তরাং যে সন্তানের উদ্দেশ্য এত গুরুতর, তথার সে সন্তান বাহাতে যথার্থতঃ পিতৃজাত হয় এবং তাহার উৎপাদনকার্য্য কোনরূপে ছই হইতে না পার, বা তাহার ক্ষেত্র কোন প্রকারে হই না হয়, তদর্থে সর্ব্বতোতারে যদ্ধ করা উচিত ২৬। বিতীয়তঃ, স্থী নিত্যকালের নিমিত্ত সন্ধিনী এবং

scarcely any other moralising forces in operation. The acts and adventures commemorated imply a community wherein neither the protection nor the restraints of law are practically felt, and wherein ferocity, rapine, and the aggressive propensities generally, seem restrained by no internal counterbalancing scruples. Homicide, especially, is of frequent occurrence, some! times by open violence, sometimes by fraud: expatriation for homicide is among the most constantly recurring acts of the Homeric Poems; and savage brutalities are often ascribed even to admired heroes, with apparent indifference. * * * * Moreover, celebrity of Autolykus, the maternal grandfather of Odysseus, in the career of wholesale robbery and perjury. and the wealth which it enabled him to acquire, are described with the same unaffected admiration as the wisdom of Nestor, or the strength of Ajax. * * * The vocation of a pirate is recognised and honorable, so that a host, when he asks his guest what is the purpose of his voyage. enumerates enrichment by indiscriminate maritime plunder as among those projects which may naturally enter into his contemplation," etc.-Grote's History of Greece II. तथा वाह्ना त्व कि आहीत कि स्थामांत्रक, ममल हिन्तुमःमाह प किश अब्रथ हवि शहरात महावस नाहे।

১৬। মসু, ১।৭ও ক্লুকভটু-তৃত তাহার টিকা। প্ৰক বাজবদ্য, "লোকানভাং দিব: প্রথিঃ পুরণৌত্রপ্রতীজকৈ:। বন্ধানভাং বির: দেবা: কঠবাক স্বক্তিঃ।" সহধর্মিণী, ধর্মণথের একমাত্র সহায়; স্প্তরীং মান্থবের কেবল ইহজন্মের নহে, জন্মান্তরবাহী ধর্মজীবন ও ধর্মাচরণ পর্যান্তও বাহার
সহারতা এবং সঙ্গের উপর নির্ভর করিতেছে, তাহার বিশুক্তা রক্ষাকরে আর কি অধিক ও গুরুতর করেণ কলিত হওয়া সন্তব হইতে
পারে? তৃতীরতঃ, স্ক্রী গৃহস্বামিনী এবং প্রণায়নী; দেহমনের
পবিত্রতা ভিন্ন, অকপট গৃহকর্ত্ব ও বিশুক্ত প্রণায় প্রস্তুত হওয়া অসন্তব।
একা স্ত্রী বা একা পুরুষ কেবল অর্ধ মন্ত্রস্থাপদে গণ্য, উভয় সংযোগেই
প্রা মান্থর বলা যায়। অতএব যে স্ত্রী এরূপ সহধর্মিণী এবং দেহমনার্কভাগিনী; সে যাহাতে স্বীয় স্বামীতে অনন্যুগতি ও অনন্যুমতি
হয়, তত্তদেশে হিন্দুশান্ত্রকারেরাও এমন সকল বিধি প্রদান করিরাছেন
যে, "ব্রত, জপ, হোম, বা শত শত উপবাস, ইহার কিছুই কোন কার্যো
আসিবে না; কেবল একমাত্র পতিশুশ্রেরা যে করিবে, সেই স্বর্গে যাইতে
পারিবে"১৭। প্রোক্ত কারণপরম্পরার আধিপত্যে এবং বিষয়টিরও

পুনক ভগবান মতু বলিতেছেন,

"এজনার্থ: মহাভাগা প্রার্থ: গৃহদীওর:।

জিরা আিরণ্ড গেহের্ন বিশেবাহতি কশ্চন
উৎপাদনমপত্যস্য জাতস্য পরিপালন:।
প্রত্যহ: লোক্যাআরা: প্রত্যক: জীনিবজন: ।

অপত্য: ধর্মকার্যাণি গুক্রবারতিরত্তমা।

দারাধীনতথা অর্গ: পিতৃণামার্যন্ত হ।"
কন্পুরাণ্ড কাশীথতে এরপ লিখিত আছে,

"ভাষ্যা ধর্মকাবাথে ভাষ্যা সন্তানবৃদ্ধরে। পরলোকস্থাং লোকো জীয়তে ভাষ্যা বসং। দেবপিত্রতিধীল্যাদি নাভাষ্য: কর্মচাইতি ॥"

১৭। প্রায় সকল অভিকার ও সকল লাজভারই এতদর্থে কিছু না কিছু শাসন করিয়া গিয়াছেন ;—

> "बालि श्वीगाः शृथगराङ्गा व उत्तरः बाशूराशासितः । शिकः ए-जनराज यक् एवन चर्राग महीसराज ॥"—विकृशःहिका ।

निकंश्वर वर्षे, धर्रे ही नशीय क्रांस ध मश्मात्रकार्व हिन्द्रिएखत নিকট অমূল্য রত্নশ্বরূপ হইয়া দাঁড়াইয়াছিল এবং আজিও তত্ত্বপ দাঁড়াইয়া আছে এবং দেরপ থাকা প্রার্থনীয়ও বটে। গ্রীকের কিস্ক সেরপ নহে: এখানে স্ত্রী-সতীত বিষয়ের শাসন,সাংসারিক দান-প্রতিদান এবং পরস্পারের আত্মরার্থ ও তদতিরিক্তে ধর্মোদেশ্যপুন্য ইহলোক-বদ্ধ দৃষ্টি, এই সকলে যতদূর করিয়া তুলিতে পারে, তাহাই। স্বামী ভাবিতেছে, আমি যথন থাইতে পরিতে দিতেছি, তথন কেন সে অন্যের সহবাদে সতীত ভঙ্গ করিবে: স্ত্রী ভাবিতেছে যে, যথন এই ব্যক্তি আমার সমস্ত অভাব পূরণ করিতেছে, তথন প্রতিদানে তজ্জন্য সতীষ্টা রক্ষা করা উচিত। পুনশ্চ, বিবাহবন্ধন যত দিন, পথাস্তরগমনে স্বামীর অনুমতি সাপেক হইয়া, ততদিন সতীত্বকা করিলেই যথেই। সে যাহা হউক, এতদ্রপ চুক্তিসূলক সতীত্বটুকুরও আবার, আরও একটু প্রাচীন কালে, তত আঁটাআঁটি ছিল না; স্থতরাং সতীত্বও তথন সেই পরিমাণে শিথিলবন্ধন ছিল বলিতে হইবে। হিন্দুর নিকট সতীত্ব ভাল, ধর্মাবদ্ধিতে: গ্রীকের নিকট সতীত্ব ভাল, দানপ্রতিদানের বাঁধাবাঁধিতে। স্থতরাং হিন্দু স্বামী নানা দোষে দৃষিত হইলেও, হিন্দু ন্ত্রীর সতীত্ব রক্ষণীয় সতীত্বের থাতিরে; আর গ্রীক স্বামী একটু এদিক

"পতিপ্রিয়হিতে যুক্তা স্বাচারা সংযতেক্রিয়া।

ইহ কীর্ত্তিমবাগোতি প্রেত্য চামুন্তমাং গতিন ।"—বাজ্ঞবন্ধ্যনংহিতা।
"ভর্ত্তা ওফর্ততা ভর্ত্তা তীর্থবতানিচ।
ভক্ষাৎ সর্বাং পরিত্যক্য পতিমেকং সমার্চ্চয়েৎ ॥"—

ভৃগুভারতীয় **ক**র্দ্মবিপাকে।

''গন্নাদীনাং স্কীৰ্থনিং যাত্ৰাং কৃত্যা হি যন্তবেং। তং কলং সমবাধ্বোতি ভৰ্কৃতজ্জবণাদশি।''—পদ্মপুরাণে'ুভূমিবতে। "গুলুবিপ্রেইদেবেভাঃ সর্কোভাশ্চ পতিশ্বরিঃ।''

—उक्तरेववर्डभूतान, श्रीकृष जग्नथछ।

বেদেও পতিরতার বহুশ্রেষ্ঠতা প্রতিপাদিত হইগছে। অগ্নি কিরপ শুদ্ধ হুছেন, তাহার উপ্যাহলে ক্থিত হুইয়াছে, "অনব্দ্যা পতিস্থেট্র নারী"—ঝঃ বেং।

ওদিক হইলে, প্রীক স্ত্রীর সভীত্বরকা পক্ষে কারণাভাব। এক্রপ স্থল, গ্রীক রমণীর সতীত্ব ভঙ্গ হুইলে, কিছৎপরিমাণে তাহা সমাজে অঘশন্তর হইত বটে, তাহাতে সন্দেহ নাই ; কিন্তু তাই বলিয়া যে সে হিন্দু স্ত্ৰীর ন্যায় একেবারে হেয় এবং সমাজ ও কুলবহিয়ত হইয়া যাইত, বা মিটাইরা দিলে মিটিত না, এমন নছে। হর স্বামী ক্ষমাগুলে তাহাকে পুনপ্রহিণ করিতে পারিত এবং তাহাতে কিছুমাত্র উপহাসের বিষয় হইত না ; নতুবা সে স্ত্রী পুনর্কার বিবাহ করিতে পারিত এবং তাহাতে সে ৰিবাহে কিছুমাত্র বাধকতা জন্মিত না। আরও দেখা যায় যে, স্বামী, যথন ইচ্ছা. আপন স্ত্রীকে পরিত্যাগ করিতে পারিত: এবং সেরপ ত্যাগ করিতে হইলে, যথাসম্ভব কিছু অর্থ দিয়া সেই কামিনীকে তাহার পিতার নিকট পাঠাইয়া দিতে হইত ১৮। মানিল্স স্বচ্ছদে হেলেনকে পুনপ্রহণ করিয়াছিল; হেলেনও আপনার সতীত্বভঙ্গ ও বহুকাল পরসহবাস হেতু স্বামীর নিকট যে কিছু বিশেষ অপ্রতিভ হইয়া-ছিল, তাহা নহে। ওডিদী কাব্যের চতুর্থ অধ্যায়ের প্রথমে, যেখানে টেলিমেকদের নিকট হেলেন ট্যুবুতাস্তের উল্লেখ করিতেছে, তথায় তাহার ভাবভঙ্গী অমুধাবন করিলে বড একটা সেরূপ অপ্রতিভ ভাবের চিহ্ন পাওয়া যায় না। ইউলিসিসপত্নী পেনিলোপিকে বিবাহ করিবার নিমিত্ত, ইথেকাদ্বীপে বহু প্রশায়প্রার্থীর সমাগম বিখ্যাত। গ্রীকেরা এ বিষয়ে সময়ে সময়ে এতই উদারতা দেখাইয়াছে যে, আপন হইতে অপর বীরপুরুষের প্রতি অমুরাগ দেখিলে, স্ত্রীকে স্বচ্ছন্দে তাহার

২৮। Odyssey II., 113—131. এণিটনৌস কর্তৃক উত্তেজিত হইরা টেলিমেকস বলিতেছে,—"দন্তান হইরা কিরপে পুনর্বার বিবাহার্থে বাধীনতা দিরা, মাতাকে তাহার পিতৃত্বনে পাঠাইরা দিব।" বিশেষতঃ তাহার মাতাকে তক্রপ ক্ষেত্রত পাঠাইলে যে অর্থদত দিতে হয়, মাতামহ ইকারিয়দকে তক্রপ অর্থদত দেওয়া তাহার সামর্থ্যের অতীত বলিয়া টেলিমেকদ প্রকাশ করিতেছে। এতদ্টে স্থলিয়াইয়তে এরপ ক্ষিত যে, প্রীদীয় দিয়য়য়তে, স্ত্রী পরিত্যাগ করিতে হইলে, স্ত্রীয় পিতাকে অর্থ দও দিরা পরিত্যাগ করিতে হয়।

·সহবাস করিতে অনুমতি দিয়াছে: তাহাতে যদি কোন সন্তান জ্বিত. তাহা হইলে সেই সম্ভানকে তাহার জনকের বাজী পৌছাইরা দিলেই দে ঘটনার সকল চিহ্ন লোপ পাইত : স্বানি-স্ত্রী সম্বন্ধের উপর অভঃপর উহাতে আর কিছুমাত প্রতিবন্ধকতা করিত না। ছই ঘর গৃহত্তের এক গৃহিণী, চুই বংশের বংশধরের একই জননী হইতে উৎপত্তি, ইহা श्राप्त मर्सनारे पठि > । अत्रथ पठेनात घटेनान्द्रनी स्थाउँ। श्राप्तन. ফলত: তথায় সতীত কাছাকে বলে, তাহা বড একটা জ্ঞাত ছিল না। স্পার্টাদেশে, স্বীয় স্ত্রী যথাপ্রথা অপর কাহারও অন্তগত হইলে, স্বামী যদি তাহাতে ঈর্বা বা কোনরূপে বিরক্তি প্রকাশ করিত, তাহা হইলে সে সমাজস্থগণের নিকট উপহাসের পাত্র হইত। কেহ কাহার স্থন্দরী বা श्वनभानिनी स्त्री (निथिय़) जाहात महतारम छिरस्रक हहेरन, स्वामीत নিকট তজ্জনা আবেদন করিতে হইত এবং স্বামীও সামাজিক নিয়মে সে আবেদন বড অগ্রাফ করিতে পারিত না। স্ত্রীর উপর তজ্ঞপ কাহাবও নজর পড়িলে, অসমার পরিবর্ত্তে তাহাতে বরং স্বামী গৌরব অমুভব করিত। উদারতা বটে। গ্রীক দেবমগুলে প্রণয়ের অধিষ্ঠাত্রী দেবী যিনি আফোদিতি, তিনি ব্যভিচারিণীর শিরোমণি। সতীত্তর অধিষ্ঠাতী দেবী যিনি দীয়ানা, তাঁহার ক্রমান্বরে এণ্ডিমিয়ন, প্যান এবং ওরিওনের প্রতি আস্তির ও রতি। ইহার পরে আর অন্য কথা কি আছে! সীতা বা সাবিত্রী প্রভৃতির ন্যায় সতী, অথবা বনগমনকালীন ন্ত্রী সঙ্গে লইবার জন্য রামের অমত হেতু তৎপ্রতি সীতার বাক্যং.

>> | Grote's History of Greece, II 520. "No personal feeling or jealousy on the part of the husband found sympathy from any one—and he permitted without difficulty, sometimes actively encouraged, compliances on the part of his wife," etc. etc.

২॰। রামারণ অংঘাধ্যাকাও ২৭ হইতে ৩০ সর্গ,—রামদীতার উল্লিপ্রভালিতে শীতা বলিতেহেন:—

^{&#}x27;'ন পিতা নাস্কলো নাস্কান মাতান স্থীজনঃ. ইছ প্ৰেত্য চুনাৱীণাং প্তিরেকো গতিঃ স্বা।

—সমন্ত গ্রীকদংসার খুঁজিরা কোথাও সে সকলের তুলনা পাইবার সম্ভাবনা নাই; অন্ততঃ আমার চকে কোথাও পড়ে নাই। যে সতীত্ব্রি গ্রীকমণ্ডলীতে ছিল, অন ইতর্বিশেষে পাশ্চাত্যভূমিতে আজিও প্রায় সেই বৃদ্ধি বিরাজ করিতেছে; তথাপি জাঁক কত। তবে কি না, স্ববিষয়ে জাঁকই এ সংসারে দারুণ বোধাভাবস্থলেও প্রবোধ ও শান্তিদায়িনী।

ন্ত্রী-স্বাধীনতাও গ্রীদে অপরিমিত ছিল ২০। ন্ত্রীপুরুষে সংমিলিত

যদি তং প্রস্তিতে। তুর্গং বনমদ্যৈর রাঘব, অগ্রতন্তে গমিষাামি মৃদুন্তী কুশকটকান্।

কি অপূর্মে! কি অপূর্মে! বিধাতঃ, ভারতকন্যার আদর্শন্নপিনী লোকমাভা জানকীর এই কথাগুলি কি মধুর ও অমৃতপূর্ব! দেবীর সেই প্রেম ও সভীত্বার্মিত মূবে বাকাক্ রণ, কর্পে কর্পে এখনও বেন প্রতিপ্রনিত হইতেছে এবং ভাহাতে হবিত ও বিমোহিত হইতেছে।—বে রত্বপর্টাগর্ডে এবস্তুত সাক্ষীণ্ণ, যে রত্বপর্টাগর্ডে এবস্তুত সাক্ষীণ্ণ, যে রত্বপর্টাগর্ডে এবস্তুত সাক্ষীম্থনিঃস্ত বাক্য, উৎপাদন করিয়াছিলে; বলিতে পার, কোন প্রাণে আবার ভাহাকে এরূপ অধঃপাতিত ও বিভূম্বিত করিতে সক্ষম হইয়ছে। মাতঃ ভারতলক্ষিম কোন পাপে তোমার এ বিভূম্বা ও তোমার এ কুসন্তান নহলে বে, 'তপ্শতরণে ভাহার প্রায়ন্তিত করিব' এ সান্ত্রনাবাক্য বলি, সে সাহস্ত আমাদিগের নাই। এ টিকটিকীর বংশ নিপাত না হয় কেন!

২১। হোমারিক সময়ের স্ত্রী-বাধীনতা সদ্বন্ধ ইতিহাস্ত্র প্রোট লিখিতেছে: "She even seems to live less secluded and to enjoy a wider sphere of action than was allotted to her in historical Greece."—Grote's, II. ইংরাজটিউ চিত্রিত বলিয়াই, ঐতিহাসিক কালের প্রাক স্ত্রী-বাধীনতাও আপেন্ধিক বাধীনতা কলিয়া অবধারিত ও বর্ণিত হইরাছে। নতুবা দে ত্রীবাধীনতা ফলত: কতনুর প্রশন্ত ছিল, তাহা ঐ পুস্তকের ৫১৬ হইতে ৫২০ পৃষ্ঠা পর্যান্ত দৃষ্টে বিবেচা। উদ্ধৃত অংশে "Secluded" শব্দ দৃষ্টে বেন একপ বিবেচিত না হয় যে, ঐতিহাসিক সময়ে প্রীকেনানা যোমটা বা অবরোধ প্রথা প্রচলিত ছিল। তাহানহে। গ্রীগণ কছেন্দে বাহির হইত, প্রায় সকল বিবরে হতক্ষেপ করিতে পাইত, পর্কাহে মাভামাতিও প্রায় সমান ছিল এবং তছ্বপন্ন ক্রিফাস্ভিরও নানতা ছিল না; অতরব ঐ "Secluded" শব্দ পূর্কাবছার তুলনে, আপেন্ধিক অর্থবাধক মাত্র।

বাছ কুন্তিকুন্দন পর্যান্ত করিও; আবার পর্কাহন্থলে, স্বাধীনতা ছাড়াইরা, স্বাধীন প্রেমাদিরও চলাচলি পক্ষে ফ্রাট হইত না। ভারতে তাহা ছিল না; অর ইতরবিশেবে, ভারতলনা চিরকালই গৃহমধ্যে আবদ্ধা ও "অন্থ্যাম্পশ্যরূপা"; তবে স্থানবিশেবে এবং ধর্মকর্মকালে, পতি পুত্র বা তক্রপ আত্মিরাদির সহবোগে কথন কথন বাহির হইতেন। মুথাবরপ্রের ঘটা সে সমরে তাদৃক্ ছিল না, স্থতরাং জীলোকে কিছু দেখিতে পার না বলিয়া জীষাধীনতার স্বপক্ষে এখন যাহা কারণ স্থরূপ দর্শিত হইয়া থাকে, সে কারণের অন্তিম্ব তথন বড় একটা ছিল না। গুরু, ঋষি, আত্মীরবর্গ, ইইাদের সহিত স্বছ্লে কথা কহিবার স্বধিকার ছিল। ইহার অতিরিক্ত আর কোন স্বাধীনতা ছিল না।

কিন্তু স্ত্রীদিগের তজ্ঞপ স্বাধীনতা এখনই কোন কম আছে ?-তবে বিলাতি ধরণে পুরুষের সঙ্গে দামাজিক-সংমিশ্রণ ও গলাগলি অবশ্য নাই বটে। সামান্যজাতীয়া স্ত্রীলোকের যথাতথা গমন ও যাহার-তাহার সঙ্গে বাক্যালাপে, বড় একটা প্রতিবন্ধকতা দেখা যায় না। ভদ্রকুলজাতাগণের মধ্যেও, গ্রামস্থলীতে চলাফেরায় স্বাধীনতা কত, প্রামবাসিমাত্রে তাহা অবগত আছে। প্রোচাগণ সাধারণতঃ গা মেলিয়া ঘাটে মাঠে পথে ও তীর্থ প্রভৃতিতে কোথায় না যায় ও কাহার भएक ना कथा कब १-- युवजी मद्यस्त अवना मिट महे विश्वत अन्तकता বাঁধাবাঁধি আছে বটে এবং গুরুতর সম্পকীয় আত্মীয় পুরুষের সঙ্গেও বাক্যালাপ নিষিদ্ধ; কিন্তু তাহা অকর্ত্তব্য বা অবিবেচনার কার্য্য নহে। যুবতীর প্রতি যে বাঁধাবাঁধি, তাহাও শ্বন্ধবালয়ে এবং তথায় অন্য কারণে তত নহে, যতটা সম্মান প্রদর্শনের থাতিরে; নতুবা এদিকে স্মাবার পিত বা মাতলালয়াদিতে সে সকল বাঁধাবাঁদি কত কম : নাই বলিলেও চলে। ইহার উপরেও যাহারা বলিয়া থাকে বে, ভারতীয় স্ত্রীলোকগণ অতি শোচনীর ভাবে পিঞ্জরাবদ্ধ ও করেদীয় ন্যায়; ভাহারা হয় অন্ধ, নত্বা জ্ঞানপূর্বক ও মতলববাজীতে মিথ্যারটনা করিয়া থাকে। জীপুরুষের যদুচ্ছা-সংমিশ্রণে, স্বীয় স্বীয় সততা রক্ষাকল্পে যে নৈতিক ও মানসিক শক্তিক কার্য্যাবারিক। বাটিত হয়, আমার বিবেচনার তারা কর্তকরনা ও উপনাসাজিরিজ নহে। কেই বীকার ক্রক বা না কর্তক, অথবা বলিতে দিউক বা না দিউক, উভয়তঃ আত্মসভতা ভাহাতে অতি অনই রক্ষিত হইরা থাকে। তাহার পর বৃবতী স্ত্রীর্লোক লইরা পবে ঘাটে যে বর্তমান আঁটাআঁটি, তাহাও নিতান্ত অবোজিক ও অপ্রয়োজনীর বলিলা বোধ হয় না, বিশেষতঃ আমাদের বর্তমান অবছার। বাপু বাছারাম, অন্ততঃ যে পর্যান্ত অবছার পরিবর্তন না হয়, স্ত্রীলোক লইরা গা মেলিতে যাওয়া, বিশেষতঃ পথে ঘাটে, অতি নির্কোধের কার্যা। বেমন আছে তেমনি থাকুক। জীবনে তোমার সকল গিয়া এখন প্রস্থাইকুমাত্র অবশিষ্ট আছে, তাহারও মূলে স্বেছার কুঠারাঘাত করিও না।

ভারতকন্যা আজি কালি এল.এ. হইতেছেন: বি.এ. হইতেছেন: মল কি ? ঘর করিতে সকল রকমই থাকা ভাল। গ্রামের মধ্যে একজন বা খুব খাইয়ে থাকে, একজন বা খুব পলোয়ান থাকে, একজন বা খুব নকুলে থাকে, হলো বা একজন বিদ্যাবাগীশও থাকিয়া থাকে। এ সকলে বিশেষ কাহারও কোন কাজ হউক বা না হউক কিন্তু ইহারা গ্রামের শোভা, গ্রামের আদবাব : ঘর করিতে গুমরের স্থল। এল, এ, ভারতকন্যা, বি. এ ভারতকন্যা, ইহারাও সেইরূপ দেশের আসবাবের স্বরূপ: বহুজনকে গুমর করিয়া দেখাইবার পদার্থ ! স্কুডরাং ইহাদের স্বাধীনতাও অনেক, স্বাধীনতার আবশ্যকও অনেক। কিন্ত সংসারগুদ্ধ সকলেই আদবাৰ হইলে বিধাতার স্থাষ্ট চলে না : বা সবাই বদি শুমরের স্থল হয়, তবে শুমরের শুমরত্ব থাকে না। স্ত্রাং গুমর ও আস্বাবের স্বাধীনতাও অপর সকলে প্রযুক্ত হইতে शास्त्र ना । शृहकामिनीशन, यामीनखानानि नहेन्ना शृहकार्यः याहानिरशत्र নিতা ব্রত, দেখা যাউক তাছাদিপের স্বাধীনতা কি পরিমাণে উপযুক্ত এবং আবশাক হইতে পারে। ইংরেজেরা করিতে বলে এবং ইয়ং-বেদলেরা করিতে উদাত,—আরা! ইরংবেদলদিসের ইহাতে কি বিশেষ কাভ আছে, তাহা বলিতে পারি না ; কিছ ইংরেজদিগের লাভ रेरां क सन्द ;- यांची शानाम, जी चाना, रेरा अलका स्टबंत প্রভূষ আর কি হইতে পারে ? দে দিন একটা ইংরেজ মেরেমামুদের নদে স্বাধীনতা প্রাপ্ত একটা বাঙ্গালী স্ত্রা দেখিলাম। গোলাম কেরাণী স্বামীর মত; বাঁদী আরাবং স্ত্রীলোকটার কুঞ্চিত শরীর, নিম্নদৃষ্টি ও অবনত মস্তক দেখিয়া, আমার চক্ষুকে মনের খেদে বলিলাম, বলি তুমি এক ফেঁটো জল কেল! কামিনীস্থলভ কোমল ঠদক, বামনয়নের চটুল চাহনী, ভুবনভুলানী কমনিয়তা, যেন বাপ্ বাপ্ করিয়া কোথার ছুটয়া পলাইয়াছে ! জগজ্জন্নী দাধাসদয় কামিনীহাদেও কুটিল হীনতার कानिमाञ्चाम !!-- वनित्व कि वाशाताम, त्रांग बान ७ जात्म तम वाजिए आमात पुम रहा नारे। এ প্রভাগ্যোপজীবী গোলামের জাতির ঘুণাপিত্তি কিছুই নাই। স্ত্রীমহলেও যদি গোলামীবৃদ্ধি প্রবেশ করে, তবে আমাদের জার আশা ভরদা বা উপার রহিল কি ?-মান অপমান ত দূরের কথা ৷ এ হীনতা অপেক্ষা বরে থাকে, বাহিরে না দেখে, কিছু না বুঝে, স্বীয় ক্ষুদ্র আয়তনে অধীশ্বরীবোধে নিত্য চটুলতা ও আনন্দমরী মৃত্তি ;—ইহাতে অনেক স্থুণ, অনেক পবিত্রতা, অনেক উচ্চতা। কিন্তু হায়, এ পাগলের হাটবাজারে বুঝে কে, বুঝায় কে !

বাপু ভারতকুপোষ্য বাঞ্চারাম, আগে নিজের মাথা একটু নিজে ভূলিতে, নিজের মান একটু নিজে রাধিতে, নিজের স্বাধীনতা একটু নিজে গাধিতে শিথ; তাহার পর তোমার গৃহলক্ষীর স্বাধীনতা ও সহজ প্রবৃত্তির বিষয় লইয়া ভাবিও। তুমি গোলামদ্য গোলাম, প্রকৃষ্ণ ভোমার বেআজা ও বা হকুমে," আর ত্রী তোমার স্বাধীন ?— ভনিবার কথা, হাদিবার কথা বটে! পেটের ভাত বাহার লাথিকালার এবং মুনিবতোর বাহার আর্বিজ্ঞেরে, তাহার আবার ত্রীস্বাধীনতা! পোড়ার মূথ আর কি!! বাপুহে, ভারত-উদ্ধার ভাল কাল, তাহাতে সন্দেহ নাই; কিন্তু তুমি ধ্রিবে পার আর তিনি ধ্রিবেন হাতে, কেবল তাহাতে ভারত উদ্ধার হর না; অত ব্যক্ত হুইও না, একটু ধৈর্যা

ধন্ব। তুমি পারে ধরিরাছ সেই ভাল, তাহাতেই ভারত এখন আধাপথে উঠিয়া অবস্থিতি করিতে থাকুক; আর অর্দ্ধেক উঠাইবার পূর্ব্ধে কিঞ্চিৎ পুরুষত্ব ও হৃদয়বল ধাহাতে হয়, তাহার বত্নে যত্নবান্ হও।

শাসনফলে জগৎ, শাসনময় জগৎ। উদ্দেশ্য শুদ্ধ সন্তা। এ জগতে না এ বিশ্বে পর পর সকলেই শাসনের অধীন, স্বাধীন কেহ নাই; অথচ অধীনতাতেই স্বাধীনতা। বিনা অধীনতার স্বাধীনতা অসম্ভব। খুষ্টের না শিক্ষা,—সেই মানুষই প্রকৃত স্বাধীন যে উর্জ্বতন ইচ্ছার निक्रे अधीन जारवारा विन्ज इब ? यन जः व नः नाद नवारे अधीन ; ভূত আত্মার, শ্বু গুরুর, নীচ উচ্চের, ছোট বড়র, অজ্ঞানী জ্ঞানীর, অধীনতা শ্বীকার করিয়া থাকে। উদ্দেশ্য, অধম যে সে শক্তিনানতায় বিপথে বিচলিত না হয়; শ্রেষ্ঠ যে দে আপন শক্তির ভার দানে সেই শক্তিনানতার সমতা দাধন করে। ইহা দারাই অধমের শুদ্ধসতা तका हत । नान मक्तित्र ममजा माधिक हहेता, जथनह दकरता तम दल्ल শক্তির সহ সংমিলনে পারক হয় ও সংমিলিত হইয়া থাকে। এই সংমিলন হেতু ফলের উৎপত্তি; সেই ফলেই এই স্ষষ্টলীলার প্রবাহ বাহিত হয়। নতুবা দেই সমতায় যথন যথনই অভাব দুঠ হয়, তথন নান শক্তি স্বীয় নানতা হেতু মতিভ্রাস্ত এবং শ্রেষ্ঠ শক্তি স্বীয় শক্তির আধিক্য হেতু উন্মাদদুপ্ত হইয়া থাকে; এবং তথন তথনই শ্রেষ্ঠ শক্তির সেই উন্মাদ-ঘূর্ণাতে ন্যুনশক্তি আছতি হইবার, উচ্ছু অলতা বা স্টিনাশে প্রবন্ধকাণ্ডের সমুপস্থিতি হয়।

একণে জিজাস্য এই, ত্রী এবং পুরুষ, ইহার মধ্যে ন্যুন শক্তিই বা কে, আর প্রেষ্ঠ শক্তিই বা কে? যুগ্ধর্মে ইহাও জিজাস্য করিতে হইতেছে, নতুবা ইহা নিত্য নিয়মে নিয়মিত ও দ্বিরীকৃত হইয়া রহিরাছে। আমেরিক ও ইউরোপ ভূমের অনেক ললনা, কখন কখনও বা ভারতললনাস্থলীয় এবং বুদ্ধি বাছ ও ব্যবহারে ললনাবৃত্তি হুই একটি অক্লেরণকারী অভিগামী পুরুষ, বলিয়া থাকে বে, পুরুষ এবং ত্রী ইহাদের মধ্যে শক্তির প্রভেদ কোথায় এবং কেনইবা স্ত্রী, সমাজমধ্যে পুক্ষের সহ সমানাধিকারযুক্ত এবং সমানক্ষপ ক্ষমতাভ্যার ভূষিত ও ক্ষমতাগোরবে গণনিত ও মাননিত না হইবে ? বাশারাম, আরও কি অবিশান আছে যে, কলিবুগে তাবৎ বিষম উন্টা হইয়া দাঁড়াইবে ? ভাল, পশুস্থীতেও ত পুক্ষ-স্থী-ভেদ আছে, দেখানেত প্রাকৃতিক শাসন এবং দে শাসনে ন্যায় ভিন্ন ক্ষনায় কখনও হয় না। দেখানে কি দেখ,—তাহা দেখিয়াও কি জ্ঞান জম্মে না ? ক্ষথবা হয় ত বলিবে, বাঘ শিকার করে বাঘিনীও শিকার করে, আনাচ-কানাচ খোঁয়াড়-খোলা বাঘ বাঘিনীর ত সমানই অধিকার; তবে আর ভায় প্রভেদ কোথা!—হারি মানিলাম!

বিধাতা রমণীগণকে ক্ষীণশক্তি ও কোমলপ্রকৃতি করিয়া স্বষ্ট করিয়াছেন। কি বাহুচালনে কি বৃদ্ধিচালনে, পুরুষের কোন অংশেই তাছারা সমকক্ষ নহে। পুরুষ চলে বুদ্ধিবশে, কিন্তু স্ত্রীলোক চলে চিত্ত বা হৃদয়বশে; স্থতরাং ভালয় হউক মন্দয় হউক, পুরুষ এক পা চলিতে ছই পা ভাবে, কিন্তু স্ত্রী একবার চলিতে আরম্ভ করিলে দিখিদিক-জ্ঞানশূন্য হইয়া ছুটিয়া বায় এবং সীমায় না গিয়া ক্ষান্ত হয় না। তাই সতে বা অসতে, স্ত্রী যতটা উচ্চগমন বা অধঃপতনে সক্ষম, পুরুষ ততটা পারে না। পুরুষে বৃদ্ধিপ্রাবল্য হেড়, দে পতিত হইলে তাহাকে ফিরান যায়; কিন্তু চিন্তাধিক্য হেতু, স্ত্রী একবার পতিত হইলে আর তাহাকে ফিরান দায়। অতএব যদি আর কিছুর জন্যও না হয়, অন্ততঃ নিকট স্ত্রী-বশুতার একান্ত ও অপরিহার্য্য প্রয়েজন। ইহাও প্রাকৃতিক নিয়ম যে, তত্তৎ বিষয়ে এবং রমণীজনোচিত ধাবতীয় বিষয়ে, তাহারা পুরুষের মুখাপেক্ষী। যাবতীয় প্রাণিস্টিতেও তাহাই সর্বাদা দৃষ্ট হয়। এই নিমিত্ত স্ত্রীগণ শ্রেষ্ঠশক্তি পুরুষের অধীন থাকিবে, ইহাই বিধাতার নিতা নিয়ম: ইহার অতিরিক্তে যাহারা যায়, তাহাদের 'প্রকৃতির বিরুদ্ধে সংগ্রাম করা' ভিন্ন তাহার অন্য কোন নাম প্রদান করিতে পারা বার না এবং আমরা জানি, প্রকৃতির বিক্লে যে সংগ্রাম তাহা কখনও স্কলপ্রদ হয় না, কৃফলেরই প্রভ্তরূপে উৎপাদন করিয়া থাকে। ব্রী
পূরুষের অধীন হইবাতে, পুরুষের একদে কর্ত্তব্য হইতেছে এই য়ে,
তাহার শ্রেষ্ঠশক্তিপরিচালনের দারা ন্নশক্তি ক্রীর শুক্তনতা সর্ব্বতোতারে
রক্ষা করা; এবং স্ত্রীশক্তি সহ স্বীয় শক্তি মিশাইয়া উভয় শক্তির
সমতা সাধন করা। এই শক্তিসমতা হেতু পূর্ণমন্ত্রারের সম্ভব হয় এবং
এই হেতু উভয় সংযোগে পূরা, নতুবা পুরুষ হউক ব্রী হউক একক
ভাবে অর্দ্ধ মান্ত্র বলা যায়। সে যাহা হউক, সকল কথার উপর
শুদ্ধসভা রক্ষা যাহা তাহাই অতি শুরুতর। এক্ষণে বিবেচ্য, সেই
শুদ্ধসভা কি ও কিভাবে পরিরক্ষণীয় হওয়া উচিত।

স্ত্রীলোকের এ সংসারে সর্বতোভাবে সর্বপ্রধান কার্যা, কোন উপযুক্ত পুক্ষের গৃহলক্ষী হইয়া স্বামী শুশ্রমণ, সন্তানাদি পালন ৫ আভ্যন্তরিক গৃহধর্ম সংসাধন। পুত্র ষষ্ঠীদাস, স্বয়ং ষষ্ঠীদাসী এবং স্বামীকে ষষ্ঠার চেলা না করিয়া; অথবা পুত্র ক্রীড়াপুতুল, স্বয়ং কার্পেট লক্ষ্মী এবং স্বামীকে ভেড়োনা বানাইয়া; যে স্ত্রী স্বয়ং শক্তিরূপা এবং সেই শক্তির উত্তেজনে পুত্রকে যে মামুষ এবং স্বামীকে যে কর্মবীর করিয়া তুলিতে পারে, সেই স্ত্রীই এ জগতে সার্থকজনা , সেই কামিনীট এ জগতে যথার্থতঃ কামিনীপদবাচ্য ;—"যা সৌন্দর্য্য গুণান্বিতা পতিরতা সা কামিনী কামিনী।" এ জগতে প্রত্যেক কামিনীর পশে ইহাই কর্ত্তব্য বলিয়া জানিবে এবং এই পথই অক্ষুণ্ণভাবে অবলম্বন করা উচিত; না করিলে প্রত্যবায় আছে। স্ত্রীলোকেতে যে কিছু মহত্ব, তাহা কেবল এই পথে রক্ষিত, ক্ষুটিত ও ফলশালী হইটে পারে। বৈধব্য হেতু যাহার সে পথ রুদ্ধ হইয়াছে, বা যাহার যত্ন সত্ত্বে স্বামীপুত্রসংশ্রব অপ্রাপ্য, তাহার জন্য কেবল অন্য ব্যবস্থা বা অন্য পথ। বাহাহউক অতঃপর, স্ত্রীলোকের সর্বতোভাবে সর্বপ্রধান কর্ত্তব্য বলিয়া যাহা কথিত হইল, দেখা যাউক তাহা কিরুগ প্রকরণ ও আচরণযোগে হুভাবে ও সর্বাবয়বসম্পন্নরূপে হুসাধিত হইতে পারে। প্রকরণ ও আচরণের মধ্যে মূল স্থ্র যাহা, তাহা স্বামীর প্র^{তি}

অকপট প্রণয় ও পূর্ণ আদক্তি। স্ত্রী প্রণয় ও আদক্তির দ্বারা স্বামীকে আকর্ষণ করিবে; স্বামীও তাহাকে যথোপযুক্তরূপে পরিচালন দ্বারা সেই প্রণয় পরিপোষণ করিবে এবং তাহার গৃহকার্য্যাদি সংসাধন ও দে সকলে স্থমতি সংস্থাপন পক্ষে, প্রতিকূল কারণ যে কিছু, তাহার নিরসন করিয়া দিবে। ইহার দারা উভর শক্তির সমতা সম্পাদিত হইবাতে, স্থদংমিলন হেতু ফলের উৎপত্তি হইয়া থাকে। সংক্ষেপতঃ, স্বামীকে স্ববশে আনিয়া তাহার উপর প্রভুত্ব করিতে, স্ত্রীলোকের একমাত্র মহান্ অস্ত্র,---- সর্বদা স্বমুথে ক্র ত্তিযুক্ত প্রণয় প্রক্ষেপণ; নতুবা তাহা রাগ ঝাল বা স্বাধিকারঘোষণা দ্বারা স্থাসিদ্ধ হয় না। স্বামী खन्तम जानितन, जथनरे खोलात्कत श्रक्त जन्म नर्सरजाम्थी कार्या-ক্ষমতা জন্মে এবং তথনই স্ত্রীলোক, স্বামীর হাত দিয়া, সংসার-স্থলীর অতীত সামাজিক ও জাগতিক কার্য্যাকলেও এতটা হস্তক্ষেপ করিতে সক্ষম হয়, যাহা এককভাবে কোন ক্রমে তাহার দারা সম্ভব হইতে পারিত না। ফলতঃ এরূপ বিধান ও ক্রিয়াযোগেই কেবল স্ত্রীজীবনের সর্ব্যক্তাভাবে মহত্ত্ব ও সার্থকতা সাধন সম্ভব হইতে পারে। বে হতভাগ্য স্ত্রী বা পুরুষের ভাগ্যে সেরূপ স্ত্রীস্ব বা স্বামিস্থ ঘটে নাই, তাহার পক্ষে শ্বতন্ত্র বা সময়াত্বরূপ যে কোন ব্যবস্থা। তাহারা বিধাত্নিভ্রমভঙ্গ হেতু যথাত্মরূপ দণ্ডযোগ্য, অতএব তাহাদের পক্ষে কোন ব্যবস্থাই সমতৃল্য স্থের বা শুভকরী হইতে পারে না।

এখন কথা হইতেছে বে, বাহারা বিধবা, অথবা বালবিধবা, তাহাদের পক্ষে ব্যবহা কি ? বৃদ্ধার পক্ষে ব্রশ্ধতীর পক্ষে প্রনির্বাহ, এরপ ব্যবহা সন্তবপর হইলে যে বড় ভালই হইত, তাহাতে আর সন্দেহমাত্র নাই। বিশেষতঃ যেথানে ব্যক্তিচারের সন্তাবনা, সেথানে বিধবাবিবাহে যদি ব্যভিচার থামে তবে তাহা সহস্রগুণে প্রার্থনীয়। কিন্তু বিধবার সেরপ পুনর্বিবাহ কি সন্তবপর ? এরপ বিবাহ অন্থনোদিত হইতে হইলে, এ হইটির একতর অবশাই প্রয়োজনীয়;—প্রথম, হয় উপযুক্ত পুরুষসংখ্যা; দ্বিতীয়,

তদভাবে পুরুষের বছবিবাছ। কিন্তু উপযুক্ত পুরুষদংখ্যাত নাই; আর বছবিবাহটা 'যে অতিশয় অমুচিত, তাহা কাহাকেও বলিয়া বুঝাইতে হইবে না। এ দেশে পুরুষ ও জীর সংখ্যা প্রায় সমান; এজন্য বিধবার বিবাহ হইতে হইলে, অনেক অবিবাহিত বালিকাকে অনূঢ়া থাকিতে হয়। কিন্তু সেটাও অতি অবিবেচনার কার্য্য:— একজন পুনঃ পুনঃ বিবাহের স্থযোগ পাইবে, আর একজন কিছুই পাইবে না, ইছা যুক্তি ও ন্যায় উভয়তঃ বিরুদ্ধ এবং তাহা হইলে, স্মাজ পাশ্চাত্য ইউরোপীয় স্মাজের অবস্থায় আসিয়া উপনীত হইবে ; কিন্তু তাহা বাঞ্নীয় নহে। অতএব ইহাই বরং উপবুক্ত ও माप्त्र वित्वहमात्र कार्या (य, नकल जीत्नाकरकरे जीवरन এक এक বার বিবাহের স্থযোগ দেওয়া হয়, তাহার পর যাহার ভাগ্যে যাহা ঘটে, সেইই তাহার গতি। ভাল, তাহাই যদি হইল, তবে আর বর্ত্তমান 🖁 হিন্দুসমাজে বিধবাবিবাহের অপ্রচলনে দোষের কথা কোথায় ? বিধবা-বিবাহ অপ্রচলনের স্বারও একটা প্রধান ফল এই যে, তন্থারা অযথা লোকসংখ্যা বৃদ্ধি হইতে পায় না। ভারতীয় দৈন্যসমাজ এখনই জ শোচনীয় অবস্থায় উঠিয়াছে তাহা প্রচুর, তাহার উপর আবার অব্ধা লোক বৃদ্ধি হইতে পাইলে, কি ছুৰ্দশাই না ঘটিত! তাহার পর ব্যভিচারের বিষয় বিবেচনা করিয়া দেখ ;—বে ষে দেশে সর্ব্বপ্রকারের বিধবাবিবাহ প্রচলিত, দেখানেও ত ব্যভিচার ও বেশ্যাবৃত্তির কিছুমান ন্যনতা নাই, বরং বেশী; অতএব ব্যভিচারনিবারক বলিয়া বে বিধবাবিবাহের বৈধতা সমর্থন করিবে, তাহাও করিতে পার না যতদিন পৃথিবীতে পাপ তাপ ও বিশৃষ্থলা থাকিবে, ততদিন ভদারুষঙ্গিক ব্যভিচার ঘটনাও অনিবার্যা।

বিধবাবিবাহের অনুক্লে কেবল এই একটি কথা দেখিতে পাই;— বে সকল পুক্ষ পূর্বজীর মৃত্যুজনা অসময়ে দিতীয় বা ততোধিক বার দারপরিগ্রহ করে, তাহাদের পক্ষে অন্টা অপেক্ষা বিধবার সঙ্গে বিবাহ হওরাই প্রশস্ত্য । স্ত্রীপুক্ষের সংখ্যার সমতা হেতু, উপরে বেমন স্ত্রীলোকের একাধিক বিবাহ দূৰিত হইয়াছে ; পুরুষের পক্ষেও দেইরূপ একাধিক অন্চা বিবাহ দূষিত বলিলে স্থবিচার ও পমতা রক্ষিত হয়। স্থতরাং প্রথম বিবাহের পর, যে কোম মৃতদার পুরুষ বিবাহ করিবে, তাহার পক্ষে বিধবাবিবাহই যুক্তিযুক্ত। এক্নপ বিবাহে একটা পরম লাভ এই যে, তত্বারা অনেক কুদ্র কুদ্র বালিকা রুদ্ধের হাতে নিক্ষেপ-জন্য জীবনাূত্য হইতে রক্ষা পায় এবং বয়ঃস্থ পুরুষও বিধবাবিবাহ দারা উপযুক্ত বয়স্কা গৃহিণী প্রাপ্ত হয়। কিন্তু এ কথাগুলি বলিতে যত সহজ, কাজে তত সহজ নহে; প্রথমতঃ, মৃতদার বিবাহ-ইচ্ছুক হইলে, বিধবা ভিন্ন অনা বিবাহ আইন দ্বারা নিষিদ্ধ হওয়ার আশা नारे : এবং সেরূপ নিষিদ্ধ না হইলে, যথেচ্ছাচার নিবারণ হওয়া হুঙ্কর। দিতীয়তঃ, সেরূপ বিবাহ স্থিরীকৃত হইলেও, মৃতদারের সংখ্যানানতা হেতু, বিবাহপ্রার্থিনী সকল বিধবারই গতি হওয়ার সম্ভাবনা কোথায় ? रम याहा इडेक, मकन मिक विरवहना कतिएक श्रातन, यनि विधवाविवाह বাঞ্নীয় হয়, তবে সে কেবল মৃতদার পুরুষের ছারা যতদূর হইতে পারে তাহাই, তদতিরিক্ত নহে। তাহার পর বিধবাবিবাহ সম্বন্ধে শেষ कथा এই যে, সকল দিক ও আগুপাছু বিবেচনা না করিয়া, যাহার ভাগ্যে যাহা থাকুক ও যে যেমন কাজ হাত করিতে পারে করুক, এক্লপ বৃদ্ধিতে যদুচ্ছা বিধবাবিবাহ প্রবর্তন দারা, বিবাহ বিষয়ে হর্তি-খেলা উপন্থিত করা অপেক্ষা; বিধবাবিবাহের অপ্রচলন ও হিন্দু-সমাজের বর্ত্তমান রীতি ও অফুঠান বছগুণে যে শ্রেয়স্কর তাহাতে সন্দেহ নাই, যেহেতু তদ্বারা সকল স্ত্রীলোকই জীবনে অন্ততঃ একবার করিয়া বিবাহের স্থযোগ পাইয়া থাকে এবং বিধবাবিবাহবছল ইউরোপীয় দেশের নাায় অনেক স্ত্রীলোককে আজীবন অবিবাহিত থাকিতে হয় না।

তাহার পর, তোমার কোর্টিনীপ! তাহার ভাল মন্দ যত কম বিচার করিতে যাওয়া যায় ও তাহার কথা যত কম বলা যায় ততই ভাল। উহা নানা দোষ ও নানা মনস্তাপের নিদান। বেখানে উহা

প্রচলিত আছে, কই সেধানে ও উহার প্রভাবে ভাল ৰাছুনী ও ভাল গৃহস্থের অভিত বড় একটা দেখিতে পাওয়া বার না? সাধারণতঃ ইউরোপীয় গৃহে বত অমিল, বত অহুথ, বত কলহ, ষত দাঙ্গা-ফেসাদ; যে কেহ মন:স:যোগ-পূর্বক প্রতি সপ্তাহে ইউ-রোপীয় সংবাদপত্ত পাঠ করিয়া থাকে, সেই তাহা জ্ঞাত হইতে পারিবে এবং দে যে দেরূপ পাঠের পর আর ইউরোপীয় বিবাহপ্রথার বিশেষ পক্ষপাতী হইবে এমন বোধ হয় না। স্থমিলে বয়ঃস্থাবিবাহ ঘটিলে, বড়ই স্থের কথা সন্দেহ নাই : কিন্তু সকল সময়ে তাহা ঘটে কই ? ত্ত্রীপুরুষ উভয়েরই চরিত্র, বয়স হেতু একবার পাকিয়া গেলে, আর তাহা একে অপরের জন্য আনত হওয়া বা উভয় উভয়তঃ ত্যাগ শ্বীকার করা সহজ হইয়া দাঁড়ায় না। পুনশ্চ, যাহারা ভাবে যে, অতি অল সময়ের দেখা শুনাতেই স্ত্রী-পুরুষ উভয় উভয়ে সমপ্রকৃতিত্ব চিনিয়া লইতে পারে; অথবা সংসারে অনভিজ্ঞ বালিকা অন্ন দিনের কোর্টদীপেই মনের মত সমধর্মী পুরুষ বাছিয়া লইতে সক্ষম হয়, তাহার। হয় লোকচরিত্রে নিতান্ত অনভিজ্ঞ, নতুবা স্বেচ্ছাক্রমে অন্ধ । यथन একজন नक लाटक उरे এक है। ट्यांक हिनट वह मिन शुरू हुन এবং তথাপি তাহাতে ভ্রান্তি একেবারে ছাড়ার না, তথন সংসারে অনভিজ্ঞ যুবা ও বালিকার পক্ষে, অপরিচিত এবং অনেক সময়ে অজ্ঞাতকুলশীল লোক একজনকে চিনিয়া লওয়া কত কঠিন! তবে ইউরোপে আজি কালি লোকচেনার আর এক সহজ উপায় বাহির হইয়াছে, তাহা যদি কাহারও পছন্দ হয়ত হউক ; অর্থাৎ পাত্র বা পাত্রী কাছার কত টাকা আছে। ইহার ফলে ঘটিতেছে এই, বালক বৃদ্ধাকে এবং বালিকা বৃদ্ধকে প্রায়ই বিবাহ করিয়া থাকে ৷ ইহাতে সুখ শান্তি ও স্থপরিণাম বতটা সম্ভবিতে পারে তাহাই অবশ্য বটন হয়।

এরপ কোর্টদীপ ও বয়ঃস্থাবিবাহ অপেক্ষা, বাল্যবিবাহ অনেক ভাল। বাঘ ও ছাগলে থান্য-থানক সম্বন্ধ; কিন্তু তথাপি দেখা গিয়াছে যে, শৈশব হইতে উভয়ে একত্র পালিত হইলে, উভয়ের মধ্যে প্রণয় ও স্থাতা জ্বিয়া থাকে। বালাস্হচারিতার এতই গুণ়্ সেই বাদ্যসহচারিতা হেতু, পাত্রকন্যা উভন্ন উভন্নের প্রকৃতি প্রাপ্ত হইরা গঠিত হয় ; বালিকা বেমন সংসারস্থলীতে আগত হয়, তত্বপ-যুক্ত হইবার জন্য বাল্যকাল হইতেই তাহাতে অভ্যন্ত হইতে থাকে: এ দিকে আবার অপাত্রী বা অপাত্রগত হওয়া হইতে রক্ষার নিমিত্ত, গোড়ায় পাত্র ও পাত্রীর পিতামাতা প্রায়ই উভয় উভয়তঃ বংশ বিভব স্মাচার ও উপযুক্ততা বিচারপূর্বক বিবাহ সংঘটন করিয়া দেয়। ইংার ফলও অতি উৎকৃষ্ট হয়; যেহেতু প্রায়ই দেখিতে পাওয়া যার যে, ভারতীয় স্বামী স্ত্রীতে যত মিল ও যে পরিমাণে তাহারা শান্তিপূর্ণ নিরাবিল গৃহস্থথ ভোগ করিয়া থাকে. সেরূপ অন্য কোথাও আছে; তবে कि ना পরিমাণে অধিক যেটা, তাহা লইয়াই বিচার। গৃহস্থুথপূর্ণ ভারতীয় পরিবারের সংখ্যা অনেক অধিক। আর এক কণা, স্ত্রী যথন বাল্য হইতেই স্থামীর সহচারিতায় শিক্ষিত হয়, তথন তাহার শিক্ষায় ন্যুনতা বা আধিক্য, দোষ বা গুণ, স্বামীর উপরেই অধিক পরিমাণে নির্ভর করিয়া থাকে এবং তাহার ভাল বা মন্দের জন্য, স্বামীকেই অধিক পরিমাণে দায়ী বলিতে পারা যায়।

অনেকের বিশ্বাস, বাল্যবিবাহই ভারতীয় সমান্ত্রের অধঃপতনের একটা প্রধান কারণ। কিন্তু মন্বাদি শান্ত্রের প্রমাণে জানা বায় বে, বাল্যবিবাহ ভারতে চিরকালই আছে; অথচ কিন্তু এই ভারতে, অন্য তাবং জাতীয় জীবন ও ইতিহাসের তুলনে, অতি দীর্ঘকাল ধরিয়াই মহন্ত্র, মনুষ্যন্ত্র ও বীরন্থাদি বিরাজ করিয়াছিল এবং বাল্যবিবাহ তাহাতে কিছুমাত্র প্রতিবন্ধকতা করে নাই। ফলতঃ বাল্যবিবাহ ভারতীয় অধঃপতনের মুখ্য কারণ নহে; মুখ্য কারণ, ধর্মপথে পতন এবং নৈতিক পথে ভ্রষ্টাচার। আর ইদানীস্তন কালে শারীরিক হীনতাও যথেই ঘটনা হইয়াছে; কিন্তু তাহার প্রধান কারণ, উচ্চ-শ্রেণীতে বর্তমান শিক্ষাপ্রণালী এবং উচ্চ ও নিম্ন উভয় শ্রেণীতেই

পেটের ভাতের অতিশোচনীয়তর অভাব এবং অভাবজন্য নিত্তা অস্থিরতা ও অশান্তি।

শ্বামীর প্রতি স্ত্রীর কর্ত্তব্য কি এবং স্ত্রীর প্রতি স্থামীর কর্ত্তব্য কি,
এ বিষয়ে হিন্দু ঋষিগণ যাহা নিরূপণ করিয়াছেন, তাহাতে কোন
কোন অংশে ক্র'ট বা অতিরেক ভাব কিছু থাকিলেও, অন্য
তাবং বিভিন্নজাতীয় ব্যবহার হইতে যে তাহা অধিক সমীচীন,
তাহাতে সন্দেহমাত্র নাই। স্ত্রীর পক্ষে যাহা যাহা কর্ত্তব্য বিলিয়া
অবধারিত, স্ত্রী তাহা পালন করিবে এবং শ্বামীও তাহা পালন করাইবে; সেই সঙ্গে সঙ্গে শ্বামীও শ্বীয় কর্ত্তব্যাভিনিবেশে ক্রটিশ্ন
হইবে; এতদভিরিক্তে পুন: উভয়ে কর্মান্ধেত্রে অবতরণপূর্বক একমিল
হইয়া কর্মাপথের অন্ধ্যরণ করিবে। এক্ষণে পরম্পার সম্বন্ধে,
স্ত্রীর শ্বীয় কর্ত্ব্যপালনে সক্ষমতা ও হিরশক্তিমত্তা কতদ্র, তাহা
অবধারিত হইলে, স্বামীর শাসন কিরূপ ও কি পরিমাণে হওয়া
উচিত তাহা অনায়াসে উপলব্ধি হইতে পারিবে।

ইতর জীব হইতে মন্থা পর্যন্ত, কি শারীরিক কি মান্সিক উভয়তঃ, স্ত্রীর প্রাকৃতি পুরুষের প্রাকৃতি অপেক্ষা স্থভাবতঃ অনেক ক্ষীণ।
মন ও বৃদ্ধি প্রকৃতির অনুসরণ করিয়া থাকে। এক্ষণে জিজ্ঞাস্য পুরুষের চিত্ত কিরূপ দৃঢ় বা কত পরিমাণে পাপবিরত ও নীতিপথগামী এবং কি পরিমাণে বা তাহা নিষ্ঠা ও কর্ত্তব্যসম্পন্ন। ফরাসিদ্ মণ্টেইন কহিয়া গিয়াছে যে, 'প্রত্যেক মান্ত্র যদি সরলভাবে আপন আপন মনের কথা প্রকাশ করে, তাহা হইলে নিশ্চয়ই পৃথিবীর প্রত্যেক মান্ত্রকে জীবনে অন্ততঃ পাঁচ ছর বার ফাঁশিকাঠে ঝুলিতে হয়।' ঠিক কথা! পাষ্ডপণা, কদাচরণ বা সকলবিধ কুচিন্তাই, স্বল ও স্থন্থকায় মান্ত্রের মন দিয়া বে প্রতিনিয়ত কত গতারাত করিয়া থাকে, যে কেহ সতর্কভাবে আপন মনকে পরীক্ষা করিয়া দেখিবে, সেই তাহা অনুভব করিতে পারিবে; উত্তম, মধ্যম, অধ্যু

রাশিকে অকর্মণা করিয়া রাখিতে আত্মিক শক্তি প্রয়োগের যে ন্যনাতিরেক ভাব, তাহা হইতেই জ্ঞানসংসারে মানবের উত্তম, মধ্যম, অধম, ইত্যাদি পর্যারভেদ হইরা থাকে। পুরুষের প্রকৃতি সবল, চিত্তশক্তি দৃঢ়, বিবেচনাশক্তি পুষ্ট, আত্মিক শক্তিও উন্নত; তথাপি দেখ, জগতে পুরুষ কত চুষ্কমশীল এবং কি সামান্যসংখ্যক লোক সে কুচিন্তারাশিকে দমনে সক্ষম এবং পরিপোষণে বিরত হয়! ভবেই জিজ্ঞাদ্য, পুরুষের যদি এই দশা; তথন ক্ষীণপ্রকৃতি, ক্ষীণ-মতি ও ক্ষীণ-শক্তি স্ত্রী যদি পুরুষের সহ সমস্বাধীনতা পায়, তাহা-হইলে তাহাদের আরও কত অধিক পরিমাণে তৃষ্ণশুলীল ও অধঃপাতিত হওয়ার সম্ভাবনা? তাহার পর, স্বার্থ ধরিয়া দেখিতে গেলে, সে পথেও অনর্থ দৃষ্ট হয় ; পুরুষ চুষ্ট হইলে অপরের ঘরে জঞ্জাল উৎপাদন করে, কিন্তু স্ত্রী হৃষ্টা হইলে জ্ঞাল আনিয়া উপস্থিত করে আপন ঘরে। বস্তুতঃ কথিত ক্ষীণতা হেতু, স্ত্রীর শুদ্ধসত্তা যাহা তাহার রক্ষা এবং শুদ্ধসন্তার অভিপ্রেত কর্ত্তবাসাধন, কেবল স্বাবলম্বনে যথোপযুক্ত সম্পন্ন হইতে পারে না। স্থতরাং পুরুষের অপেক্ষা যে পরিমাণে স্ত্রীর প্রকৃতি, চিত্ত ও শক্তি ক্ষীণ; পৌরুষশক্তির প্রবলতা দারা সেই পরিমাণে তাহার স্ক্বিষয়ে স্বাধীনতা লোপ ও সমতাসাধন কর্ত্রা। পুনশ্চ অন্য দিকে, যে প্রণয় ও আসক্তি सामीत्क आंकर्षण कतिवात खुळ এवः यन्ताता युगलमः त्यागमाधतन ফলের উৎপত্তি হয়, স্ত্রীসতীত্ব প্রধানতঃ তাহার মূল; অতএব সেই স্ত্রীসতীত্ব যে কোন উপায়ে রক্ষা করা শ্রেয়:। ফলতঃ ইয়ংবেঙ্গল-দিগের প্রার্থিত স্ত্রীস্বাধীনতা কথনই অবলম্বনীয় নহে, বিশেষতঃ আমা-দিগের এই প্রাধীন অবস্থায়। এ প্রাধীন অবস্থায় তাহা আরও वह विषयना ও नाना ভावी इः (थत कात्र विजय के स्टेर्स । विश्वातीय, কেবল হাটের লেড়া হজুগ চাহিয়া বেড়াইলে, তাহাতে নানা হুর্ঘটনারই ঘটনা হয়। অতঃপর বলা বাছলা যে, স্ত্রীস্বাধীনতা বলিয়া জগতে কোন পদার্থ নাই, স্ত্রী-অধীনতাই বস্তুতঃ পদার্থ। তাহার মধ্যে কেবল এই

টুকু প্রভেদ যে এ অধীনতা, স্ত্রীজাতির সাধারণতঃ সাময়িক শিক্ষা ও শক্তি ও আত্মিক উৎকর্ষ-অপকর্ষতা অনুসারে,কথন কথঞ্চিৎ ইতর্বিশেষ ভাব প্রাপ্ত হইয়া থাকে ও হওয়াঁও উচিত।

উপরে যে ক্রী-সাধীনতা বা ক্রী-অধীনতার বিষয় বিবেচিত হইল, অধুনাতন ইউরোপ ও আমেরিকভূমে তাহা, নিজ সীমা অনেক অতিক্রম করিয়া গিয়াছে; অন্য দিকে অধুনাতন ভারতে, তাহা সেই সীমার অনেক নিমে পড়িয়া রহিয়াছে, ক্রীর উৎকর্ষ সহ সমতা রাখা হইতেছে না। তবে বিষয়টি যেরপ তাহাতে নিমে থাকা বরং ভাল, সীমার উপরে উঠিয়া যাওয়া কোনমতেই ভাল নয়। গ্রীক সিমস্কিনীবর্গেও, স্বাধীনতা সাধারণতঃ সীমার উপরে উঠিয়াছিল। কিন্তু যেমন এক দিকে সীমা-অতিক্রমী স্বাধীনতা ছিল, তেমনি আবার অন্য দিকে ভগিনী ও কল্যাদিগকে দাসীত্তের বিক্রীত হইতে হইত। ক্রী-গণকে দাসত্তে বিক্ররশক্তি. সোলনের বিধি ২২ দারা নিবারিত হয়।

মহাদি ব্যবস্থাগ্রন্থে যে অষ্ট প্রকার বিবাহ বিধানিত আছে, তাহার মধ্যে কেবল এক আস্ত্র বিবাহে শুল্ক লইয়া কন্যা সম্প্রদান ভিন্ন, আর কোন প্রকার বিবাহে শুল্ক লওয়ার বিধি ছিল না; এবং সেই শুল্ক লইয়া কন্যাদানও, সাধারণতঃ ইতরশ্রেণীস্থ লোকের মধ্যে দেখিতে পাওয়া যাইত ২০। গ্রাকভূমে তাহা নহে; হিন্তুর মত এরূপ নানা বিবাহবিধান ছিল না, বিবাহ করিতে হইলে কেবল এক শুল্ক দ্বারা কল্পা গ্রহণ করিতে হইত ২৪। আবার দোলনের বিধি অনুসারে বিবাহিতা কন্যা, সামান্য বিবাহবৌতুক ভিন্ন, অপর কোন অর্থ গ্রাপদার্থ বা অল্কার পিত্রালয় হইতে স্থামিগৃহে লইয়া যাইতে

[⇒]२। Grote's Greece, Vol. III, P. 188.

২০। কন্যালনে গুকুগাহকের প্রতি মুদু এরপ উজি করিয়াছেন— "ন কন্যায়ঃ পিতা বিঘানৃ গৃহীয়াছুকুনণ্পি। গৃহুন্ শুকুং হি লোভেন স্যায়রেহিপ্তাবিক্রী।।"

२8 | Grote's Greece, Vol. II, P. 113.

পারিত না। বিবাহবোত্কও, স্ত্রী বদি মৃত হইত, তবে স্ত্রীর পিতাকে তাহা সমস্ত কিরাইরা দিতে হইত। ছিলুর ব্রান্ধ্যাদি বিবাহে, ধনরত্মাদি অসক্ষার সহ কন্যাদান করিতে হইত এবং বলা বাহল্য যে, স্ত্রীর মৃত্যুতে, তাহা ফেরত দিতে হইত না। প্রাচীন ছিলুর কিন্তু বহুবিবাহপক্ষে কোন প্রতিবন্ধক ছিল না। গ্রীকের মধ্যে বহুবিবাহ ছিল না। সমস্ত গ্রীক ইতিহাস খুঁজিরা, কেবল টুয়রাজ প্রিয়াম ২৫ ও স্পার্টার অধিপতি অনক্ষক্রিদিস ২৬ এই ছই জনের বহুবিবাহ দেখিতে পাওয়া যায়, তাহাও ঘটনাচক্রে পড়িয়া ঘটনাছিল। ছিলুর বিবাহ জীবনের একটি প্রধান ধর্মসংস্কার; গ্রীকের বিবাহের সঙ্গে ধর্মের কোন সংশ্রব ছিল কি না তাহা স্করণ হয় না। ছিলুর গৃহিণী ধর্মপত্নী ও সহধর্মিণী; আর গ্রীকের গৃহিণী গৃহপত্নী ও গৃহস্যানী।

হিন্দু রমণীগণ প্রভূতরূপে শিক্ষিতা হইতেন। গার্গী, বিশ্ববারা, অপালা, গোষা, বাগ্দেবী প্রভৃতি, এমন কি, বেদস্কের রচয়িত্রী; এবং ময় বলিরাছেন কন্যাগণ, "কন্যাপ্যেরং পালনীয়া শিক্ষণীয়াতিবরতঃ",—পুত্রের ন্যায় পালনীয়া ও শিক্ষণীয়া হইবে। এরপ আরও শিক্ষা ও শিক্ষিত স্ত্রালোকের অনেক উল্লেখ পাওয়া যায়; কিন্তু এই স্ত্রীশিক্ষা যে সকল জাতিতে সমান ছিল, তাহা বলিতে পারি না; তবে এই পর্যায় বলিতে পারি বে, এখনকার ভদ্তকুলোন্তবা স্ত্রীগণ অপেক্ষা, তথনকার ভদ্তকুলোন্তবা অর্থাৎ দ্বিজকামিনীগণ অনেক অধিক পরিমাণে শিক্ষিত এবং এমন কি, অনেকে ব্রহ্মবাদিনীও হইতেন, অথচ যরে আটক থাকিতেও আপত্তি করিতেন না। গ্রীক স্ত্রীগণ অতি

^{₹¢ |} Illiad, XXI.

২৬। Herodotus, V, 39-40. আরও কথিত আছে বে, এক সময়ে বহুতর লোকে এবং সক্রেটনও ছুই স্থী গ্রহণ করিয়াছিল,কারণ সেই সময়ে লোকসংখ্যা বৃদ্ধির নিমিত্ত আথেন্দ নগরে পছাপ্তর গ্রহণের জন্য একটি বিধি প্রচারিত হয়। Deog. Leart, Socrates X. এমনতর উল্লেখ আরও ছু একস্থলে ছু একটি দেখা বায়।

প্রাচীন কালে কিরপ শিক্ষিত হইত বলিতে পারি না; কিন্ত ঐতিহাসিক সময়ে শিক্ষিত ও বিবিধ বিদ্যাশালিনী রমণীর অনেক উল্লেখ পাওয়া যায়। আরিষ্টিপুদের কন্যা ও শিষ্যা আরিতে, প্লেটোর শিষ্যা লান্থিনিয়া ও অকিওথিয়া; পীথাগোরাদের শিষ্যা থিয়ানো ও পীথাগোরাদের কন্যা দামো,ইড্যাদি ; এ সকল স্ত্রীগণ কেবল শিক্ষিতা ছিল না,বছশ্রমসাধ্য তত্ত্বিদ্যা ও অপরাপর বিদ্যারও অমুশীলন করিত। তাহার পর সাধারণতঃ, গ্রীককামিনীগণ সামাজিক ও রাজনৈতিক বিষয়ে প্রভূতরূপে শিক্ষিত ছিল এবং তত্তৎ বিষয় তাহাদের দ্বারা বছ-প্রিমাণে উত্তেজিত ও উৎসাহিত হইত। স্পার্টার রমণীগণের সাহস ও দেশহিতৈষিতা বিখ্যাত; তদর্থে তাহারা স্বামীসম্ভানগণের প্রতি বেরূপ উৎসাহবর্ষণ ও উত্তেজনা করিত, তাহা ইতিহাসজ্ঞমাত্রে অন্নবিস্তর জ্ঞাত আছেন। লিউক্টার মুদ্ধে যাহাদের যাহাদের স্বামী ও সন্তানাদি হতাহত হইয়াছিল, তাখাদের আমার আনন্দের সীমা ছিল না; কিন্তু যাহাদের স্বামীসন্তানাদি সেই স্পার্টার পরাজয়কারী যদ্ধ হইতে জীবন লইয়া ফিরিয়াছিল, স্থতরাং রণে পৃষ্ঠভঙ্গ দিয়াছিল, তাহারা (थरि अभीत इरेग्रा शिग्राहिन এवः ममास्त्र नब्हाग्र मूथ जूनिएज शास नाहे। ভারতে, ইংরেজাধিকারের পূর্বের, রাজপুতবংশে, স্পার্টার त्रभगीगरणत मह मानुगायुक वीत-श्वमविनी ও वीत्रवविधातिनीत व्यवस्थ দৃষ্টান্ত অনেক দেখিতে পাওয়া যায়। কিন্তু এখন ?—সে রাজপুতানা আছে, কিন্তু আর সে দৃষ্টান্ত নাই! রাজপুতরমণী এখন ধনীর चरत विवासिनी, कान्नारवत चरत महले रिश्मिनी; अथवा रहाकारनत काँड़ि-পালা হাতে ধরিয়া মায়া মমতা ও করুণা কোমলতার ফাটিয়া আটখান: কোথায় বীরপ্রসবিনী আর কোথায় নাকেকাঁছনীর চূড়ামণি; —ভারতভাগ্যে আগুন এক রকমে নছে। আথিনীয় কামিনীগণ যদিও স্পার্টার রমণীগণের ন্যায় বীর ও পুরুষপ্রকৃতি ছিল না বটে, কিন্তু সংসার, সমাজ ও লোকচরিতজ্ঞতার অতিশর পটু ও প্রতিষ্ঠাযুক্ত ছিল; এমন কি ইতর ঘরের স্ত্রীলোকেরা পর্য্যস্ত সে সকল

গুণে সামান্য ছিল না। গ্রীকপণ্ডিত পিওফাল্পস নিজে যে মূলে বিদেশী, বহুবন্ধ করিয়াও ভাহা একটা দামান্য মেছুনীর কাছে ছাপাইতে পারে নাই; দৃষ্টিমাত্র ব্যবহারের খুঁতে ধরা পড়িতে হইয়াছিল ২৭। ম্পার্টার রমণীগণ বড় একটা গৃহকার্য্যের ধার ধারিত না। স্তা কাটা, কাপড় বোনা, গৃহকার্য্য করা, যাহা অন্যত্র গ্রীকরমণীদিগের প্রধান কর্ত্তব্য শ্বরূপ ছিল: স্পার্টার তাহা রুত্রদাসীর দারা নির্বাহিত ছইত। স্পার্টাবাদীরা ভাবিত বে, রমণীগণ যদি তদ্রপ হীন কার্য্যে নিয়োজিত হয়,তবে কেমন করিয়া তদ্রপ হীনকার্য্যচেতা জননী হইতে সমাজের হিত ও শোভাকর পুত্রোৎপাদনের আশা করা ঘাইতে পারে ? স্পার্টার রমণীগণের যেন প্রধান কার্য্যই ছিল তজ্ঞপ मञ्जान উৎপাদন করা ২৮। কিন্তু হোমারিক সময়ে, কি স্পার্টা কি অনাত্র, স্ত্রীবিষয়ে এরপ বন্ধি ঘটে নাই: তথন সর্ব্বত্র, কি ধনী কি দ্বিদ্র, সকল স্ত্রীলোকই রন্ধন, গৃহকার্য্য সাধন ইত্যাদি, স্বহস্তে নির্মাহ क्रिंछ। (हालन, পেনিলোপি, ইছারা রাজকুমারী বা রাজ্গৃহিণী হুইয়াও, কথন তদ্রুপ কার্যানিকাছে কাতর হয় নাই। ভারত-রমণীগণের নিকট গৃহকার্য্য চিরকালই একচেটিয়া।

পিতামাতার প্রতি ব্যবহার সম্বন্ধে, হিন্দুর জ্ঞান "পিতা স্বর্গঃ
পিতা ধর্ম্মঃ পিতা হি পরমন্তপঃ।" আর গ্রীকের, "পিতামাতা বনি বালো
ফুশিক্ষা দিয়া থাকেন, তবেই সন্তান পিতামাতার ব্রাবহায় পালন
করিতে বাধ্য, নতুবা নহে।" ইহা আথিনীয় ব্যবহাপক সোলনের বিধি।

সেই প্রাচানকাল পর্য্যালোচনায়, হিন্দু এবং গ্রীক, এতছভয়-জাতীয় লোকনীতির পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন সংঘটনে বিজাতীয় সংস্রব কতদুর আনাসিয়া সংযোজিত বা তাহার উত্তেজক ব্যরূপ হইয়াছিল;

২৭। Quint I. ৪ ৫ 5. বিওজ্বাস্তৃন্ নিজে বিখান্ তত্ত্বিও ও চতুরচ্ডামণি ছিল এবং অনেক দিন হইতে আথেকবানী হইয়ছিল, তথাপি তাহার বিদেশঙ্গাতজনিত যে কিছু অঞ্জতা তাহা যেছুনীর নিকট ছাপা থাকিতে পারে নাই।

Xenoph. Rep. Lac. I.

তাহা অমুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায় যে, হিমাদ্রিবেইন এবং সমুদ্রপরিথায় হিন্দুগণ, বহিঃত জাতিসমূহ হইতে আত্মরকণ ও আত্ম-গোপন করিয়া,প্রায়শঃ অসংশ্লিষ্টভাবে জীবনাতিবাহন করিয়া গিয়াছেন। কোন বহিঃস্থ জাতিই দে কালে প্রবল হয় নাই এবং হইলেও, কোন শত্রু সহজে সাহদ পাইত না যে সেই প্রাক্ততিক তুর্গপরিখাদি ভেদ করিয়া তাহাদের শান্তিভঙ্গ করে। অতি প্রাচীনকালে আম্বর-দেশের রাণী শমিরমা এবং মিসরদেশের রাজা সিসন্তি কর্তৃক ভারত-আক্রমণের কথা রটনা আছে বটে, কিন্তু সে সকল প্রকৃত ঘটনা কি না তাহাতে সন্দেহ। তবে বাণিজাস্থত্রে ভারতীয়েরা কথনও বিদেশে এবং বিদেশীয়েরা কখনও ভারতে আসিত বটে, কিন্তু সেও গণনায় এত দামান্য যে, তদ্বারা প্রচুরবিদ্যাবৃদ্ধিদম্পন্ন এতবড় একটা বুহং ভারতীয় সমাজ বিশেষ উত্তেজিত হওয়ার কথা নহে। তাহার পর, জাতিভেদরূপ যে স্থুদ্চ চুর্গের দারা ভারতীয় আচার সকল রক্ষিত হইত, তাহাতে বিপ্লাতীয় কোন কিছু সহজে আসিয়া প্রবেশ করিতে পাইত না। এই সকল কারণে, ভারতীয় রীতি নীতি আচার ও বাবহার অজাতীয় মূল হইতে অতঃ উৎপন্ন হইয়া, বহুলাংশে নিম্নলয় স্বাধীনভাবে ও স্বাবলম্বনে পরিবর্দ্ধিত ইইয়াভিল।

প্রীকের অবস্থা অন্যরূপ। অতি দ্বত্রম কাল হইতেই তাহাদিগকৈ বিবিধ বিভিন্ন জাতীয় সংস্রবে আসিতে হইরাছে। প্রাচানকালীয় ইও, ইউরোপা, মিডীয়া প্রভৃতি গ্রীক কামিনীদিগের হরণরুত্তাও, টুয়যুদ্ধ এবং আর্গনিটিক সমূদ্রবাত্রাদি সে পক্ষে সাক্ষ্য প্রদান করিতেছে। তাহার পর, গ্রীকের প্রতিহাদিক সময়ে ত বিজ্ঞাতীয় সংস্রবের তরস্বত্ত্কান। গ্রীকেরা বাহাদের সহ এই বিজ্ঞাতীয় সংস্রবের আসিয়াছিল, তাহারা বে আবার কিরূপ স্বভাব ও কিরূপ প্রকৃতির লোক; এই পর্যান্ত বিললে পর্যাপ্ত হইবে যে, উক্ত কামিনীত্রয়ের হরণরুত্তান্ত এবং তাহার আরুম্নস্থিক দৌরাজ্যের গ্রাই সে পক্ষেপরিচয় প্রদান করিতেছে। মিসরীয়, ফ্নিকায়, পারসিক প্রভৃতি

জাতিরা সর্কান সমুদ্রপথে গ্রীদে আসিয়া উপস্থিত হইত। ঐ সকল জাতির ব্যবসায়,—বাণিজ্য, বোমবেটেপিরি ও লুটপাট। ইহাদের সঙ্গে সংস্রব, হুষ্টে হুষ্টে কোলাকুলির ন্যায়। অতএব,সংস্রবে আগত বিজাতীয়-গণ প্রায় সকলেই, গ্রীকদিগের ন্যায় সমবল ও সমান বোমেটেগিরিতে পটু এবং প্রায় সমধর্মী লোকনীতিবিশিষ্ট ছিল। সেই সময়ে পৃথিবীর দেই খণ্ডে গ্রাকের প্রতিবেশী স্বরূপে আরও এক অন্তত লোকনীতি উপস্থিত ও বৰ্দ্ধিত হইতেছিল : কিন্তু সঙ্কীৰ্ণ স্থানে আবদ্ধ এবং বিজাতীয় বিপাকে পতিত হইবাতে, তাহা কাহারও দৃষ্টিপথে পতিত বা গণনায় গণিত হইত না। উহা হিক্র লোকনীতির কথা বলিতেছি। উহা গ্রীক-লোকনীতির সহ অসমধর্মী অথচ উচ্চ, কিন্তু কিরূপ কর্মস্ত্রবশে, বলিতে পারি না, তাহা গ্রীকদিণের নয়নে পতিত হয় নাই; এবং গ্রীকেরাও কথন তাহার অতর্কিত সংস্রবে আসিয়া পড়েনাই। স্বতরাং গ্রীক দিগের যাহা কিছু সংস্রবে আইদন এবং সংমিলন, তাহা সমধন্মী হুট লোকনীতির সহ; বরং গ্রাকলোকনীতি হইতেও, সে সকলের কোন কোন অংশ অতি অপরুষ্ট ও ভ্রষ্ট। এই সকল কারণে গ্রীকলোকনীতি আকার প্রকার ও ব্যবহারে, স্বজাতীয় ও বহুবিজাতীয় লোক-নীতির সম্ষ্টিমুর্ত্তি স্বরূপে পরিণত এবং অপকৃষ্ট ও ভুষ্টনৈতিক বিজাতীয় সংস্ৰব জন্য নানা প্ৰকারে দূৰিত ও কলুষিত হইয়াছিল। মূল গ্রীকচরিত্র, সংস্রবশূন্য স্বাধীনভাবে ও স্বাবলম্বনে বর্দ্ধিত হইলে হয় ত এতটা দূষিত হওয়ার সম্ভাবনা ছিণ না,কিন্তু কর্মস্ত্রের অনিবার্য্য নিয়োজনবশে তাহা ঘটতে পায় নাই। উক্ত দূষিত ও কলুষিত লোকনীতিই, হিন্দু অপেক্ষা গ্রীক জাতীয় জীবনের শীঘ্র অবঃপতন বিষয়ে, মুখ্য কারণ স্বরূপ হইয়াছিল। গ্রীকলোকনীতির যে কিছ कृष्टि, তाहा त्मारवत नानाक्रभ आधिका जना, এवः हिम्मूःनाकनी जित्र যে কিছু ক্রটি, তাহা সদ্গুণ সকলের সমাবেশে একদেশনশী অতিরেক ভাব জন্য, সংঘটিত হইয়াছিল।

৪। পূর্বাকুশ্বৃতি।

এক্ষণে একবার পূর্ব্বাপর আলোচনা করিয়া দেখা বাউক।

শাস্ত্র, ইতিহাস ও পুরাণাদি বিলোড়ন দ্বারা দেখিতে পাওয়া যায় যে, ভারতীয়েরা আত্মদেশবহির্ভাগে প্রধনলোলুপ হইয়া কথনও অনধিকারপ্রবেশে উদ্যত হয়েন নাই; এবং তদ্বিষ্ণী ছুরাকাজ্জাও বোধ হয় তাঁহাদের মনোমধ্যে কথন স্থান পায় নাই। ইহাঁরা আপনাদের স্বদেশকেই কুদ্র কুদ্র রাজ্যথণ্ডে বিভক্ত করিয়া, প্রত্যেকে আপনাপন অধিকার মধ্যে সম্ভুষ্ট থাকিতেন। ইহা দেখিতে পাওয় যার বটে যে, সময়ে সময়ে ভারতের মধ্যে কোন কোন রাজা প্রবন দুরাকাজ্ঞার বশবর্তী হইয়া, পার্শ্বন্থ বিভিন্ন অধিকার সকল আত্মবংশ আনিতে চেষ্টা করিয়াছেন; কিন্তু এতদ্ধপ দৃষ্টান্ত অপেক্ষাক্বত অভি বিরল এবং তাহাও ভারত আয়তনমধ্যে আবন্ধ। যাহা হউক, তজ্ব কোন ঘটনা ঘটলৈ এবং দহ্যুদিগকৈও কথন কথন দমন করিতে হইলে, কেবল সেই সকল সময়ে যে কিছু অস্ত্রচালনা করিতে হইত। সে সকল অস্ত্রচালনা বস্তুতঃ যে গণনায় নিতান্ত সামান্য তাহা নহে, তবে কি না যে স্থলে ও যে ভাবে ও যে জাতির তুলনায় তাহাদের কথা বলা যাইতেছে, তাহাতে তাহা গণনায় অতি সামান্ট বলিভে হইবে। আমারও দেখিতে পাওয়ানায় যে, ছরাকাজকায়িত রাজার ছারা যদ্ধবিগ্ৰহ প্ৰবৰ্ত্তিত এবং এমন কি জয়নী প্ৰয়ন্ত কবলিত হইলেও, প্রতিপক্ষ রাজ্যকে প্রকৃতপক্ষে তজ্জন্য ক্ষাতগ্রস্ত হইতে হইত অভি অল্লই: বেহেতু অধীনতা সহ কিঞ্চিন্মাত্র কর স্বীকার করিলেই, পরাজিত রাজা স্বপদে স্বচ্ছন্দে ও সম্পূর্ণভাবে সংস্থাপিত থাকিতে পাইতেন। আর প্রজাগণের ত কথাই নাই; যথন ছুই প্রতিকূল রাজায় যুদ্ধ চলিতেছে তথনও এবং এমন কি যুদ্ধক্ষেত্রের পার্শ্বে বিসিয়াই তাহারা স্বচ্ছনের ক্রষিবাণিজ্যানি স্বাস্থ্য বৃত্তি সাধন করিতেছে, অথচ তাহাদের কেশাগ্র পর্যান্ত কাহার দারা স্পৃষ্ট হইতে পার না। ফলতঃ, একধা দৃষ্টিতে সমগ্রত অবলোকন করিলে মোটের উপর বলিতে পার

ষায় যে, দেশাধিপতিগণ সকলেই, একধর্ম এবং একজাতিত্ব নিবন্ধন এবং বিশেষতঃ জাতীয় স্বভাবজাত তাহাদের চরিত্রমাধুর্ঘ্য হেতু, পর-স্পর স্থ্য-সংমিলনে বসতি করিতেন। পুনশ্চ, দেশ যেরূপ প্রাকৃতিক ছর্গপরিথাদির দারা বেষ্টিত এবং সুরক্ষিত—উত্তরে অভেদ্য হিমাদ্রি, পশ্চিমে পরিথারূপে শতশাথাময় সিন্ধু, পূর্বে পর্বতি ও অগম্য বনভূমি, দক্ষিণে তরঙ্গসঙ্গল ভূর্দমনীয় সমুদ্র;—বিশেষতঃ আবার দেই দূরতম কালে পার্শ্বন্থ জাতি দকল যেরূপ অদভা, বর্মর এবং পঞ্জবং ছিল; তাহাতে বহিঃশক্র হইতে স্থদেশের স্বাধীনতালোপ বা কোনরূপ বিপৎপাতের সন্তাবনা না থাকায়, তাহাদের সেই স্থ-সংমিলনে বাস ও আভাতরীণ শান্তিপ্রবাহ, প্রায় নিরবছিল ভাবেই প্রবাহিত হইতে পাইত বলিতে হইবে। এই সকল কারণবশতঃ ভারত-ববীয়দের রাজনীতি এরপ শান্তপ্রকৃতি এবং ঘাতপ্রতিঘাতের অভাব হেতৃ পরিবর্তনবিরহিত ছিল; এই জন্যই ইহারা কথনও যুদ্ধপ্রিয় क्षांक छिल ना धवर द्वाव इस धर कातरनरे, जाराद्यत वीतकोर्डि अपर বিপুল হইলেও,অন্যান্য পুরাতন জাতির তুলনায় অতি সামান্ত, স্থতরাং তাহাদের সমক্ষতার আসিতে পারে নাই। ভারতীয়েরা স্বয়ং যদ্ধে প্রবৃত্ত হইতেন অতি অল্লই; তবে কেহ আহ্বান করিলে, তাহাতেও পশ্চাৎপদ হইতেন না।

তাহার পর, যে জাতি এক পা হাটে, আর এক একবার উচ্চলাকৈর অরণে আকাশ পানে তাকাইরা দেখে; যে জাতি জাগতিক ব্যাপার দোখরা আপনাতে আপনি জ্ঞানশূন্য এবং তাহার হত্ত্ব আনবগতে সতত চিন্তাকুল; তাহার পক্ষে কোনরূপে উদর পোষণ ও কলেবর ধারণ হইলেই সাংসারিক ব্যাপার যথেষ্ঠ সাধিত হইল। স্কুতরাং ইহারা লোকসাধারণনির্স্থিশেষে কেন রাজনীতির ধার ধারিবে? তুমি রাজা হইতে চাও হও, আমি তাহাতে সম্মত আছি; কিন্তু দেখিও, আমি যে শান্তি চাই তাহার হানি করিও না, তাহা হইলে আর কোন গোল হইবে না, নতুবা গোলমাল বাধিতে

পারে। একপ গোলমাল পরিহার করা সহজ। স্থতরাং হিন্দু রাজারা কেবল শাস্তিভোগ করিতেন না, শাস্তির উপর অধিকস্ত আবহমান কাল বথেচ্ছাচার এবং একাধিপত্যও নিজ্বগে করিয়া আসিয়াছেন। গ্রীক-দিগের ঘরে তাহার বিপরীত। যথন যেনন লোক ও লোকের মনোভাব, শাসনতন্ত্রকেও তথন তেমনি পরিবর্ত্তিত ও প্রচলিত হইতে হইয়াছে।

হিন্দুদিগের ইহলোকবিতৃষ্ণা ও সাংসারিক বিষয়ে আস্থাশূন্যতা, পরলোকে দৃষ্টিবদ্ধ ভাব ও জাগতিক নশ্বতাবৃদ্ধি, যাহা কালপরম্পরায় তাহাদিগকে ক্রমে জুজুর ন্যায় করিয়া তুলিয়াছিল, তাহা এক সময়ে একবারমাত্র কিয়ৎ পরিমাণে ভঙ্গ হয়। ঐ সময় বৌদ্ধদিগের প্রাহুর্ভাবকাল। এই সময়ে ভারতবর্ষ, জাগতিক পুরাবুত্তমধ্যে এবং সাংসারিক ব্যাপারে অনেকটা গৌরবলাভ করিয়াছিল। এই সম্প্রদায়ের ধর্ম দারা লোকের পুরাতন মনে পুনর্ব্বার নৃত্তন প্রকারের তেজ নিক্ষিপ্ত হয়। কালে কূটক্রিয়াবহুলতা হেতু হিন্দুধর্মে বছবিকৃতি সংঘটন হওয়ায়, লোকের মন যে পারলৌকিক এবং ছন্ন মায়াবাদ বা তথাবিধ বিষয়ে মোহাভিভূত হইয়া জড়প্রায় হইয়াছিল; এই নবোদিত বৌদ্ধধর্মপ্রভাবে তাহার বছলাংশ অপনীত হইয়া বায়। এই সময়ের রাজা অশোক, সমগ্র পরিজ্ঞাত ভারতের অধীধর। লোক দকল এখন সাংসারিক আত্মোৎকর্ষ অবধারণ ও তাহা রক্ষণে দমর্থ। বিদেশবাণিজ্যের অভ্যাদয় এবং ধর্মপ্রচারকার্য্যের বিস্তারবহুলতা হওয়ায়, তলপথ ও জলপথে বহু স্থানে যাতায়াত আরম্ভ হইয়াছিল। এই সময়ে শুধু নানা দেশ-বিদেশে গমন ও অমণেই মানবীয় শক্তি পর্য্যবসিত হয় নাই, দে সকলের ফলস্বরূপ ভূগোল এবং রসায়ন প্রভৃতি বিবিধ বিজ্ঞানশাস্ত্র সকলেরও বছল আলোচনা হইয়াছিল। এই সময়ে ক্লবি ও বাণিজ্য উত্তর্যবিধ উপায়দারা বছধন সঞ্চর এবং শিল্পবিদ্যারও বিশেষ উন্নতিসাধন হইয়াছিল। এই সময়ে আ্যা-জননী ভারতের নাম পৃথিবীর দিগ্দিগত্তে ধ্বনিত হয় এবং ধর্মবীর বৌদ্ধ প্রচারকগণ না গিয়াছিল এমন স্থানই প্রায় বিরল। লৌকিক স্থেশবছলতা ধরিলে, সে বিধরেতেও ভারতের এই সময়ের মুর্ত্তি অতি মনোহর। কিন্তু
পরিতাপের বিষয় এই যে, এ মূর্ত্তি বছস্থায়ী নহে—ফলত: ইহার প্রকৃতিও
বছক্ষণস্থায়ী হইবার নহে। যাহা হউক, ভারতের পূর্বাপের ধরিতে
গেলে, এ দীর্ঘ সময়ের মধ্যে বৌজদিগের প্রাভৃতাবকাল পলকবৎ
ভিন্ন আর কি বলা যাইতে পারে ?

উপরি-উক্ত আলোচনা দারা প্রতীয়দান হইবে যে, লৌকিক বা আফুঠানিক ব্যাপারে হিলুরা গণনার উপযুক্ত উন্নতি সহ স্থায়ি-কীর্ত্তি বভ বেশী সাধন করিতে পারেন নাই। জীবন্যাত্রা যাহাতে সহজ স্ত্রে অতিবাহিত হয়, তৎপক্ষে কিয়ৎপরিমাণে উন্নতি সাধন করিয়াছিলেন মাত্র এবং সেই অন্ধকারাচ্ছন্ন পৃথিবীতে তুলনীয়ের অভাবহেতু, তাহা তথন অতুলনীয় হইয়াও দাঁড়াইয়াছিল তাহাতে সন্দেহ নাই। কিন্তু অন্য দিকে এরপ জাতির স্বভাব হইতে যাহা প্রত্যাশা করা ঘাইতে পারে, দেই নৈতিক উন্নতির পরাকাষ্ঠা প্রাপ্ত হুইয়াছিল। আজি পুর্যান্ত সেই প্রাচীন নৈতিক উন্নতির মোহিনী শক্তি. বহু বিপ্লব গতেও অস্তিষ্ণুন্য না হইয়া, বরং পূর্ণভাবে দর্শকের চমংকারিত্ব উংপাদন করিতেছে। প্রাচীন হিন্দুর জীবন আমূলতঃ প্র্যালোচনা করিলে, স্পষ্টতঃ দুষ্ট হইবে যে, উপপাদ্য এবং নৈতিক বিষয়ে এরূপ শ্রেষ্ঠ জাতি আরু নাই। কালের কঠোর আবর্ত্তনে সে সকল বিষয় বদিও বহুতর প্রকারে বিক্ষৃতি প্রাপ্ত হইয়াছে এবং যদিও সেই পূর্বতন নৈতিক জীবন এক্ষণে ফ্সিল (Fossil) ভাব প্রাপ্ত হইয়া অকর্মণ্যের মধ্যে পড়িয়া গিয়াছে এবং যদিও ততুপরি অজস্ত মলরাশি জনিয়াছে. তণাপি তাহাদের জ্যোতি ও মাধুর্গ্যশক্তি এখনও অপরিদীম। যে বল অন্যত্র ত্রাকাজ্ঞা পরিতৃপ্ত করণার্থে ব্যয়িত হইত, সে বল এথানে অপরের বিপত্নরারে নিযুক্ত। যে অর্থ অন্যত্ত থেয়াল পরিপুরণ ও বিলাস বিস্তারাথে নিয়োজিত হইত, এথানে তাহা সাধারণতঃ দরিদ্রের যে বৃদ্ধি অন্যত্ত নানাবিধ এখিথ্য বিভব ও বিলাস বিস্তারের উপায়

উদ্ভাবনে নিযুক্ত, এধানে তাহা ধর্ম মনস্তত্ত প্রভৃতির তত্তারুসন্ধানে নিয়োজিত। ইহাদের জাতীয় জীবন আমূলত: নৈতিক ও কোমল মমুষাত্বপূর্ণ। ইহা কেবল পৃথিবীর প্রথম অবস্থাতেই শোভা পাইয়াছিল ,—যে সময়ে লোক সরল, লোক সাধু, এবং লোক সত্য-রত: যে সময়ে লোকের ভিতর বাহিরে প্রভেদপরিবর্দ্ধক কাপটা ছিল না;—ইহা কেবল সেই সময়ে শোভা পাইয়াছিল। আবার যথন এই পৃথিবী, ইহার ছুরাকাজ্ঞা, দ্বেষ, হিংসা, প্রভৃতি পাপরাশি বিনিবারিত হইবাতে, নৈতিক ও আর্যা আকৃতি ধারণ করিবে: তখনই আবার ভারত গৌরবের সর্ব উচ্চ গগনে শোভা পাইতে थाकित, जिल्ला अना नगरम वड़ अकरो नरह। लोकिक विषस जिल्ल निरमानकाती ও তविषय छन्नजिभीन এवः चान्नकानिक निवस हिट्य ক্রিয়া-ক্তিযুক্ত জাতির যথনই এমন জাতির পার্পে উত্তব হইবে, তথনই ইহাদের লৌকিক গরিমা ও প্রভুত্ব নগণ্যের মধ্যে পড়িয়া বাইবে, পরাধীনতায় পদদলিত হইবে, হয়ত প্রায় লোপ হইলেও হইতে পারে। ভারতের ভাগো তাহাই ঘটয়াছে। এই জনাই গ্রীকদিগের সভ্যতা পরে উদিত ও অল্লস্থায়া হইলেও, লৌকিক দর্শনে বলিতে হইবে যে, তাহা ভারতায় সভ্যতার অপেক্ষা অনেক বিষয়ে চটক ও চাকচিকাতা লাভ করিয়াছিল; এবং এই জন্যই অধুনাতন কালে, ভারতসন্তান বছশত বর্ষ ব্যাপিয়া পরের জুতা মাথায় বহিয়া আসিতেছে।

এক একটা নদীর অববাহিকা মধ্যে, একটা করিয়। মূল প্রবাহ থাকে। ঐ মূল প্রবাহ প্রথমে মূল উৎস হইতে উৎপন্ন হইয়া, তথা হইতে জল সংগ্রহপূর্দ্ধক যেমন গস্তব্য পথে গমন করে এবং গমন করিতে করিতে বেমন শাখানদীসমূহের হায়া পৃষ্ঠতা প্রাপ্ত হয়; শাখানদীরাও আবার তজপ; ইহায়াও তদক্তরপ নিয়মে তাহাদের পারিপার্শ্বিক নদী হায়া পৃষ্টতা প্রাপ্ত হয়য়া থাকে। পারিপার্শ্বিক নদী পৃষ্ট হয় খালী জ্লী বানালার হায়া; খালী জ্লী আদি পূন; ঘাট মাটের জলের হায়া;

ইত্যাদি। এইরপে, যতই নগণ্য হউক, যেথানকার যাহা, সমন্ত জল আসিয়া যথন মূল প্ৰবাহে নিপতিত হয়, তথন উহা শাখা-ल्यमाथात्र नामितित्वाशी तृह९ कत्वत्तत् छ शगनीत्र ভात्त, भथमत्तरा বালুকালুপ্ত হইবার ভয়শূনা, হইয়া, ষ্থাস্থানে গমন করিতে থাকে। বাঞ্চারাম! বাঁশবাগানে বাঁশপাতা বহিয়া ঝির-ঝির করিয়া জল চলিয়া যাইতেছে, তাহা অনেকবার দেথিয়াছ; কিন্ত ইহা কি কথনও তোমার মনোমধ্যে চটক লাগিয়াছিল যে, এই জলই শেষে যাইয়া তোমার গঙ্গা বা পদ্মার কলেবরের পুষ্ঠতা সাধন করিবে, এবং এই জলই পুনঃ প্রত্যাবর্ত্তনে হয়ত তোমার দেশ ভাঙ্গিয়া ঘর ভাসাইয়া লইয়া যাইবে ? বোধ করি, পদ্মা বা গঙ্গার সেই বিষম কলেবর, আর বাঁশপাতাস্থ এই কুদ্রপ্রাণ জলধারা, এতছভয়ের বৈষমা তুলনে, সে ভাব তোমার মনে কথনও উদয় হয় নাই; অথবা হইলেও হয়ত তাহাকে মনোমধ্যে দাঁড়াইতে কথনও স্থান দেও নাই। কিন্তু তুমি মনে দাঁড়াইতে স্থান দেও বা না দেও, কার্য্য যাহা হইবার তাহা হইয়া যাইতেছে; এবং ঐ যে সামান্য জলের ধারাটী, উহাই ঘাটমাঠ ও থাল বীল বহিয়া এবং আথেরে পারিপার্শ্বিক নদী, শাখানদী, বা যে কোন স্ত্রে গাইয়া,তেমোর পদ্মা বা গঙ্গার পুষ্টতাদাধন করিবে। এখন দেখ, দেই যে বুহৎ গঙ্গা,তাহা কোথাকার ও কত দূরের সামাভা সামাভা কারণ হইতে বুহৎ হইয়া আসিতেছে। মানবের বামানবীয় জাতিবিশেবের জীবন-প্রবাহও তদ্রপ। তাহারও কারণ, উপাদান, আয়োজন, উপকরণ ও প্রতিষ্ঠা অবিকল তজ্ঞপ; একমুথে অনস্ত স্তত্তে বিচ্ছুরিত, অপর মূথে একত্বে আসিয়া পরিণত। কি মানবীয় জীবন, কি মানবের জাতীয় জীবন, কান্নিক, বাচিক, মানসিক, অদৃষ্টপূর্ব্ব, অজ্ঞাতপূর্ব্ব বা যে কোন প্রকারে, নিরস্তর গতিরত, তাহাতে তিলার্দ্ধের জ্ঞা বিরাম নাই। অতএব মানবীয় বা মানবের জাতীয় জীবনকে প্রকৃতপক্ষে সেই গতিসমষ্টি বলিলেই সঙ্গত হয়। কর্ম্ম উহার উদ্দেশ্য। কর্মক্ষেত্ররূপ অববাহিকামধ্যে সাধারণ জীবন-ক্রিরা মূল প্রবাহ। বৃত্তি, প্রবৃত্তি, মনীবা, দর্শন, দেশ,

কাল, পাত্রাপাত্র সংস্রব,ইত্যাদি তাহার শাথা প্রশাথা। শাথাপ্রশাথার জন্য আবার কোন্বাঁশপাতা ঝরিয়া জল আদিতেছে, তাহা যাহার চকু আছে সে দেখিয়া লউক। আমরা এতহভয় জাতীয় জীবনের সেই মূল প্রবাহ মাত্র ছুইটি ধরিয়া, যথাকথঞ্চিং পরিদর্শন করিয়া আসিলাম এবং কোন উৎস হইতে উৎপন্ন হইয়া, কোনু দেশ দিয়া বহিয়া আসিতে আসিতে, কোথাকার স্থানের গুণে কিরূপ রূপাস্তর প্রাপ্ত হইয়া আদিয়াছে, কেবল তাহাই কিয়ংপরিমাণে দেখিয়া লইলাম। কিন্তু তাহার আবার শাখা প্রশাখা কোনগুলি এবং শাখা প্রশাথার আবার শাথা প্রশাথা কাহারা: সেই তাবৎ আবার কি উপায়ে ও কত পরিমাণে পুষ্ঠতা প্রাপ্ত হইয়া, মূল প্রবাহের কেমনে ও কতটা পুষ্টতা সাধন করিয়াছে; পুনঃ প্রত্যেকের গন্তব্যপথস্থ বিভিন্ন বিভিন্ন গুণে তাহারা নিজে নিজে কিরূপ গুণলিপ্ত হইয়া, প্রাপ্ত গুণ-সমষ্টিদারা মূল প্রবাহের কিপ্রকার ও কতটা গুণরূপান্তর সাধন করিয়াছে: তিৰ্ষয়ে আমরা কোন কথা বলি নাই। কেবল তুই একটি শাখা প্রশাখার উপর অমনস্ক দৃষ্টিপাত করিয়া আসিয়াছি মাত্র। যিনি শাথা প্রশাথা এবং শাথাপ্রশাথারও আবার পরিপোষকদের আমূলতঃ দৃশ্য দেখিতে চাহেন, তিনি আত্মযত্নদিদ্ধ দৃশ্যে দেখিয়া লইবেন। যে নিয়মে মূল প্রবাহ অবলোকিত হইতে পারে, শাথা প্রশাথাও সেই নিয়মে অবলোকিত হয়, কেবল সুক্ষেত্র ভেদ মাত্র। কিন্তু ইহাও মনে থাকে যেন যে, যে বস্তু যত অধিক স্ক্ষা হয়,ততই তাহা দুশ্যের অতীত হইরা থাকে; শেষে অত্যধিক চেষ্টায় চক্ষের ব্যত্যয়ে স্থূল দৃষ্টিতে প্র্যান্ত বঞ্চিত হইতে হয়। স্ক্র পদার্থমাত্রে অন্তুভবশক্তির বিষয়ীভূত।

এ জগতে, গ্রীক এবং হিন্দু এই ছই বিভিন্ন জাতীয় জীবন-প্রবাহ, এক উৎস হইতে বিনির্গত ছই বিভিন্ন পথগামী ছইটী ধারাস্রোতোনদীর ন্যায়। যথন উৎস হইতে বাহির হইতেছে, তথন উহাদের জগ একই ক্রপ; কিছুমাত্র প্রভেদ থাকিবার কথা নহে, ছিলও না। পরে যথন ইহারা উৎপত্তিস্থান অতিক্রম করিয়া, আপনাপন নির্দিষ্ট পথ বাহিয়া

গন্তব্য স্থানাভিমুখে যাইতে লাগিল; তথনই ইহারা স্ব স্ব গন্তব্যপথস্থ দেশ কাল ও স্বভাবের সংলগ্নে আসিবাতে, সেই সকলের বছবিভিন্ন গুণ-সংস্রবে অনুরূপ গুণরূপান্তরিত ভাব প্রাপ্ত হইয়া আসিল। যতই পথ অতিক্রম করিয়া দূরপথে আনিয়া উপস্থিত হইতে লাগিল, যতই পার্শ্বন্থ স্থানীর শাথা প্রশাথা সকল আসিয়া তাহাতে সংমিলিত হইতে থাকিল: ততই তাহাদের গুণান্তরপ্রাপ্তি ক্রমে এত বৃদ্ধি হইয়া আদিল যে, তথন স্থল দৃশ্যে তাহাদিগকে দেখিলে ও তত্ত্তাের মধ্যে তুলনা করিলে, আর তাহাদিগকে সহোৎপন্ন বা সমজাতীয় নদী বলিয়া বোধ হয় না। তথন প্রত্যেককে সম্পূর্ণই পৃথক প্রকৃতির বলিয়া বোধ হয় এবং প্রত্যেকে তথন সম্পূর্ণ পূথক প্রকৃতিরই বটে। বাহা হউক তথাপি, তদ্রপ হইলেও, যাহার চকু আছে, যাহার অনুসন্ধান আছে; সে তথনও স্বচ্ছন্দে দেখিয়া লইতে পারে যে, স্রোতস্বতী হুইটীকে আপাততঃ যতই বিভিন্ন প্রকৃতির বলিয়া বোধ হউক না কেন, উহাদের অন্তরে অন্তরে মূল-উৎদ-জনিত যে একতা, আজি পর্যান্ত তাহা সমভাবে প্রবাহিত হইয়া বাইতেছে, এবং বাইবে। পুনশ্চ, এ তুই প্রবাহের বাহাদুশ্যের প্রতি অবলোকন করিলে দেখিতে পাওয়া ষায় বে, হিন্দুপ্রবাহের পরিসর বড় অধিক নহে, কিন্তু তরঙ্গ ও গভীরতা উহার অনেক: আর গ্রীক প্রবাহ,—তরঙ্গ ও গভীরতাতে অনেক কম, কিন্তু পরিসর উহার বড়ই বেশী। এখন কেনা জানে, গভীরতাহীন গলা জলে, গাঢ় প্রতাপে বাণের বছ বিষম বেগ,—প্রতিবেগেই কুল প্লাবিয়া, সকল ভাসাইয়া, নৌকা নেয়ের প্রাণ দশক্ষিত করিয়া দেয়; কিন্তু অগাধ জলে সে ভয় নাই। সে যাহা হউক,সেই কিন্তু না জানি কি স্থন্দর প্রবাহ, যেখানে পরিসরতা, গভীরতা, তরঙ্গ, সকলে আসিয়া স্থসংমিলিত এবং সংমিলনহেতৃ পরস্পরের প্রসাধনে প্রত্যেক প্রতি-কুলাংশের সমতা সাধন হইয়াছে; সাক্ষাৎ যেন স্থরসরিষরা প্রবাহাদর্শ জাহ্নবী। এখন বিধাতঃ, কতকাল আর কোপে তোমার এ দগ্ধভারতকে আরও দহন জালায় জালাইবে ?—বে দেশে স্রোতস্বতী জাহ্নবীর জীবন

উপসংহার।

১। কর্মক্তে।

হিলুও এখন আর সে হিলু নাই; গ্রীকও এখন আরে সে গ্রীক নাই। বে ভারত বিধাতার পুণাভূমি, জগতের গৌরব, আর্ঘ্যের মাতদেবতা, ভবরঙ্গভূমে নৈতিক মনুবাতের যে একমাত্র রঙ্গগৃহ, আজি তাহা নির্ব্বাণদীপ; আজি তাহা কুটল অন্ধকারে আচ্ছন্ন, বিবাদভরায় চতুর্দ্দিক হাহাকার-মূর্ভিতে প্রতীয়নান। আর ইহার অনুষ্ঠক্ষেত্রে বশিষ্ঠ বিশ্বামিত্র আদি বিশ্বপূজনীয় প্রজাপতিগণ উচ্ছণ তারকারণে আলোক দান করেন না; জ্ঞান-গগন তমসাবৃত, সপ্ত ঋষি অন্তনিত, বৃদ্ধদেবও আর পাতকীর পাতকে অশ্রুজন বর্ষণ করিতে আইদেন না। সে রাম নাই, সে ক্ঞার্জুন নাই, লোকমাতা জানকীর সে গগনভরা অনন্ত স্থন্দর আদর্শ রমণীমূর্ত্তি নাই। শঙ্করের বেদগান নীরব, উজ্জায়নীর कलकर्श निस्न , मकल्ल हे निशंक ; मकल्ल हे या है एउट , — এ दक विदेश ধীরে ধীরে, নষ্ট স্বপ্লবৎ, নৈশ তিমিরজালে মিশাইয়া ভূতসাগরগরে বিলীন হইয়া যাইতেছে। ভারত এখন কল্পালদৃশ্য, প্রেতনিবাসিত চিতাভন্ম বিলিপ্ত শ্রশানভূমি, নির্ব্বাক, নিস্তব্ধ ; কেবল নষ্টস্থাপ্তির উন্মন্ত অক্ট আরাববৎ, শান্তিশ্ন্য, ক্লেদ্মথিত, নৈরাশাতপ্ত, ভগ্নোদ্যম, বন্ধুরপদ পিশাচকুলের কিলি কিলি শব্দমাত্র শ্রুতিবিষয়ীভূত হইতেছে। দে দিন নাই, দে ভারত নাই; বেদমহাভারতগীত ভারতে ভারত-সম্ভানেরা এমন পশ্চিম-দাগর-পার-নিবাদী বিধর্মী ধর্ম্মধাজক বা কৌশলী জুরাচোরের হত্তে ধর্মাশকা গ্রহণে উদ্যত। আর গ্রীকণ সে থার্মাপিলি. সে মারাথন ক্ষেত্র, সে হোমার, সে থেলিস্, সে পেরিক্লিস্, সে লিওনিদা, সে সক্রেটিদ, দে প্লেটো, দে আরিষ্টটল, তাহারা কোথায়? কাল!

কাল !—সর্ধনাশক, সর্ধসংহারক, কুটলকালিমাময় কালকন্দরে প্রবেশ করিরাছে। বনপর্বভনিবাসী নরশোণিতলোলুপ যে নরপশুদিগকে বর্ধর জ্ঞানে গ্রীক স্পর্শ করিত না, গ্রীক এখন তাহাদের পদলেহন করিতেছে! যে দিব্যবিভূতি ভারত বিভবে জগন্মোহিনী, আজি তাহাকে পথের ভিখারিণী হইতে হইয়ছে! হা দিবা! হা সংবংসর! হা যুগ! সে সকল কোথার রাখিয়া আদিয়াছ ? স্থ্য, ভূমিত ব্রিকালসাক্ষী, কালের মানদগুরূপে ভূমি দগুারমান, বলিতে পার কি, সর্ব্বনাশীর দল সে সকল কোথার ফেলিয়া আদিয়াছে? আর ভূমি—ভূমি তাহাই আছ, তোমার দেই বাসগৃহও ত তাহাই রহিয়ছে, কিন্তু সে দিন, সে সকল মহার্হর ভূমিই বা কোথার ফেলিয়া আদিলে! কালগর্গে ? ভূমিও তথার না যাইতেছ কেন ?

এ পৃথিবীর, এ বিশ্বের, এইই গতি,—এক যার, আর উঠে; আর পড়ে, আর হয়। এজগতে কোন অবস্থাই স্থায়িনী নহে। বাসন্তী শোভা, প্রিয়ম্থ, প্রেণরসম্ভাষণ, স্থলর দিবা, চাঁদের আলো, সকলেই থরে থরে সজ্জিত, ঝলসে ঝক্ ঝক্ করিতেছে, এমন সময় দপ্করিয়া দীপনির্বাণ; অমনি কে কোথায় লুকাইল, সকল ফ্রাইল; সবাই রহিল, আমিই চলিলাম গ অথবা আমি রহিলাম, সবাই চলিল! আজি যেখানে বিজন কানন, কালি তথায় বিলাসভবন; পরশ্ব আবার চিতার আগুনে দয়ভূমি, গগন অন্ধকার করিয়া ঘন বোর মণ্ডলাকারে স্তর স্তর্বেক ধ্রার ঘটা উঠিয়াছে। হায় হায়! কেবল আসে বায়,য়য় য়াসে। সকলেই সেই শক্তিস্রোভে উঠিতে পড়িতে অনন্ত হইতে আসিতেছে. আবার উলটি পালটি অনস্তম্থে অবিশ্রস্তাতিতে ছুটিয়া চলিয়ছে; স্লোভোবেগে পাথর গলিয়া বালি, আবার বালি জমিয়া পাথর বাঁধিতেছে। নৈস্বিকি নিয়মের একতা এবং অথগুনীয়ের, হিন্দু এবং প্রীকপ্ত আজি সেই মহাস্রোতে স্রোভারমান।

গতি যথার যাহার বেরপের হউক, পথ কিন্তু সকলের এক; পরি-ণামও তাহাই। এই দৃষ্ট এই অদৃষ্ট, এই এক এই আর; কিন্তু

উপসংহার।

১। কর্মকেত্র।

হিন্ত এখন আর সে হিন্দু নাই; গ্রীকও এখন আর সে গ্রীক নাই। বে ভারত বিধাতার পুণাভূমি, জগতের গৌরব, আর্যোর মাতদেবতা, ভবরঙ্গভূমে নৈতিক মনুবাজের যে একনাত্র রঙ্গগৃহ, আজি তাহা নির্ব্বাণদীপ; আজি তাহা কুটিল অন্ধকারে আচ্ছন্ন, বিধাদভরায় চতুর্দ্দিক হাহাকার মূর্ভিতে প্রতীয়নান। আর ইহার অনুষ্ঠকেত্রে বশিষ্ঠ বিশ্বামিত্র আদি বিশ্বপূজনীয় প্রাক্তাণিণ উচ্ছণ তারকারণে আলোক দান করেন না; জ্ঞান-গগন তমদাবুত, সপ্ত ঋষি অস্তনিত, বুদ্ধদেবও আর পাতকীর পাতকে অঞ্জল বর্ষণ করিতে আইদেন না। সে রাম নাই, সে রুঞ্চার্জ্ন নাই, লোকমাতা জানকীর সে গগনভরা অনন্ত স্থলর আদর্শ রমণীমূর্তি নাই। শঙ্করের বেদগান নীরব, উজ্জিয়িনীর कलकर्श निस्नुत, मकरलहे विशेष ; मकरलहे याहेरज्ञाह, — এरक धारक, ধীরে ধীরে, নষ্ট স্বপ্লবৎ, নৈশ তিমিরজালে মিশাইয়া ভূতসাগরগর্ভে বিলীন হইয়া যাইতেছে। ভারত এখন কন্ধালদশ্য, প্রেতনিবাসিত চিতাভন্ম বিলিপ্ত শ্ৰশানভূমি, নিৰ্ব্বাক, নিস্তব্ধ ; কেবল নষ্টস্থাপ্তির উন্মন্ত অক্ট আরাববৎ, শান্তিশূনা, ক্লেদম্থিত, নৈরাশাতপ্ত, ভগ্নোদাম. বন্ধুরপদ পিশাচকুলের কিলি কিলি শব্দমাত্র শ্রুতিবিষয়ীভূত হইতেছে। সে দিন নাই, সে ভারত নাই; বেদমহাভারতগীত ভারতে ভারত-সম্ভানেরা এমন পশ্চিম-দাগর-পার-নিবাদী বিধর্মী ধর্ম্মবাজক বা কৌশলী জুরাচোরের হস্তে ধর্মানকা গ্রহণে উদ্যত ! আর গ্রীক ? সে থার্মাপিলি, দে মারাখন ক্ষেত্র, দে হোমার, দে থেলিদ্, দে পেরিক্লিদ্, দে লিওনিদা, त्म मत्किष्मि, तम दक्षति, तम आतिश्रेष्ठेन, जाहाता काशाम ? कान। কাল!—সর্ধনাশক, সর্ধসংহারক, কুটলকালিমামর কালকন্দরে প্রবেশ করিয়াছে। বনপর্বতনিবাসী নরশোণিতলোলুপ যে নরপশুদিগকে বর্ধর জ্ঞানে গ্রীক স্পর্শ করিত না, গ্রীক এখন তাহাদের পদলেহন করিতেছে! যে দিব্যবিভূতি ভারত বিভবে জগন্মোহিনী, আজি তাহাকে পথের ভিখারিণী হইতে হইয়াছে! হা দিবা! হা সংবংসর! হা মুগ! সে সকল কোথার রাখিয়া আদিয়াছ? স্ব্যা, তুমিত ত্রিকালসাক্ষী, কালের মানদণ্ডরূপে তুমি দণ্ডায়মান, বলিতে পার কি, সর্ধ্বনাশীর দল সে সকল কোথার কেলিয়া আদিয়াছে? আর তুমি—তুমি তাহাই আছ, তোমার দেই বাসগৃহও ত তাহাই রহিয়াছে, কিন্তু সে দিন, সে সকল মহার্হ রতু তুমিই বা কোথার কেলিয়া আদিলে! কালগর্ভে? তুমিও তথার না যাইতেছ কেন?

এ পৃথিবীর, এ বিশ্বের, এইই গতি,—এক যায়, আয় উঠে; আয় পড়ে, আয় হয়। এজগতে কোন অবস্থাই স্থায়িনী নহে।বাসস্তী শোভা, প্রিয়ম্থ, প্রণয়সস্তাষণ, স্থলর নিবা, চাঁদের আলো, সকলেই থরে থরে সজ্জিত, ঝলসে ঝক্ ঝক্ করিতেছে, এমন সময় দপ্করিয়া দীপনির্বাণ, অমনি কে কোথায় লুকাইল, সকল ক্রাইল; সবাই রহিল, আমিই চলিলাম? অথবা আমি রহিলাম, সবাই চলিল! আজি যেথানে বিজন কানন, কালি তথায় বিলাসভবন; পরশ্ব আবার চিতার আগুনে দগ্মভূমি, গগন অন্ধলার করিয়া ঘন ঘোর মঞ্জাকারে স্তর স্তর্বক ধ্রায় ঘটা উঠিয়ছে। হায় হায়! কেবল আসে বায়,য়য়য়সে। সকলেই সেই শক্তিয়োতে উঠিতে পড়িতে অনস্ত হইতে আসিতেছে, আবার উলটি পালটি অনস্তম্থে অবিশ্রম্ভাতিতে ছুটিয়া চলিয়ছে; স্লোতোবেগে পাথর গলিয়া বালি, আবার বালি জমিয়া পাথর বাঁধিতেছে। নৈস্থিক নিয়মেয় একতা এবং অথগুনীয়ের, হিন্দু এবং গ্রীকপ্ত আজি সেই মহাস্থাতে শ্লোতারমান।

গতি যথার বাহার বেরূপের হউক, পথ কিন্তু সকলের এক; পরি-ণামও তাহাই। এই দৃষ্ট এই অদৃষ্ট, এই এক এই আমার; কিন্তু সোভাগ্য এই, ধ্বংস কাহারই হইতেছে না: অথচ তথায় আত্ম-সহায় ও আত্ম-সর্বন্ধ হইয়াও কেহ চলিতে পারিতেছে না। মূলে বিধর্মী পनार्थ-পরমাণুর যে দামঞ্জদাপুর্ণ সংযোগক্রিয়া স্ষ্টিদঞ্চারের কারণ, স্টির উত্তরগতি বা উত্তরবৃদ্ধিতেও আজ পর্যান্ত দেই একই কারণ অভিনীত হইয়া আদিতেছে: এবং এইরূপ অভিনয় আবহমান কাল পর্যান্ত হইয়া যাইতেও থাকিবে। পুষ্ঠ ক্ষীণ—পৌকৃষ কমনীয়—ধর্ম্মাধর্ম্মী —স্বজাতীয় বিজাতীয় বিভেদক্রমে পদার্থনিকরের এক অপরে গুরু হইতে গুরুতর মিশ্রণ, গুরুতর হইতে গুরুতম মিশ্রণ, এবং তাহাদের পুনঃ যথোচিত সংযোজনবশে পূর্ব্ব পদার্থ হইতে পদার্থান্তর বিরচন: পুনশ্চ সেইরূপ প্রক্রিয়া ক্রমে পদার্থান্তর হইতে আবার গুরুতর এবং দেই গুরুতর হইতে আবার গুরুতম পদার্থান্তরের ক্রমো-ত্তর সন্তাবনা, এতদারা এই স্পষ্টির অপ্রসরত্ব, স্পষ্ট পদার্থের ক্রমোত্তর আভিনব ভাব, বিপুলতা এবং উৎকর্ষ সাধিত হইয়া আসিতেছে এবং এইরূপ হইয়া যাইতেও থাকিবে। কিন্তু মিশ্রণ এবং যথোচিত সংযোগে সংযোজনযোগ্য পদার্থনিচয়ের মধ্যে,পরস্পর-সংযোজন-উপযোগী গুণ-বিনিময় এবং সামঞ্জদ্য-সাধন-উপযোগী অমেলক ভাগের বিকার মমুষ্য-পদার্থনিচয়ের মধ্যেও, সেইরূপ প্রস্পর গুণ-বিনিময় এবং সামঞ্জস্যসাধক অমেলক ভাগের পরিত্যাগ উদ্দেশে, গুণবিকার ভাবের সমুপস্থিতি হওয়ার প্রয়োজন হয়। কালস্রোতে হিন্দু এবং গ্রীক এমন স্থানে এখন আনীত হইয়াছে, যথায় তাহাদের পূর্ব্বমৃত্তির লোপ এবং নব-সংযোগে নবমৃত্তি ধারণ এ বিশ্ববৃদ্ধগৃহে একান্ত অপরিহার্য্য ও আবশ্যক। স্থতরাং হিন্দু এবং গ্রীকের এখন সেই গুণবিকার-প্রাপ্ত অবস্থা; এবং এই জনাই ইহাদের অবস্থা এখন আমাদের চক্ষে এমন অসৎ, অধংপাতিত, হান ও শোচনীয় বলিয়া প্রতীয়মান হয়—বিকার অবস্থা কবে কোথায় নয়নতৃপ্তিকর বা চিত্তের ভৃপ্তিদায়ক হইয়া থাকে? গ্রীকদিগের অবস্থা, গুণ্বিকারের পূর্ণতা প্রাপ্তির অবাবহিত পরবর্ত্তী; অর্থাৎ বর্থার গুণবিকার পূর্ণতা প্রাপ্ত হইলে, পদার্থান্তরের নির্মাণত্তিরা আরম্ভ হয়। আর হিন্দ্দিগের অবস্থা এখনও গুণবিকারের পূর্ণতা প্রাপ্তির অভিমূখে।

যথন দেখিতেছি যে, এই সৃষ্টি, এই সৃষ্টিস্থিত বস্তুনিকর, ক্রমাগত অগ্রসর হইতেছে, পশ্চাৎ হটিতেছে না: সকলেই সন্মুধ গতিতে ছুটিতেছে, নিম হইতে উর্দ্ধ মুথে যাইতেছে, নিমে কেহ পতিত হইতেছে না; তথন অবশ্যই একদিন এমন আশা করিতে পারা যায় যে,এই জাতি-দ্বেরেও যথন গুণবিকার ও গুণবিনিময় ভাব শেষ হওনাস্তে উদ্দেশ্যভূত উত্তর অবস্থান্তর নির্মাণ প্রাপ্ত হইবে, তখন সেই অবস্থান্তর পূর্বান্বরে আরও উৎকৃষ্ট, আরও উন্নত এবং নিরতিশয় লোভনীয় ও স্থন্দরমূর্ত্তিতে মোহিত করিতে থাকিবে। বাঞ্চারাম, এ কথায় কি সন্দেহ হয়? হইবারই কথা বটে; কিন্তু কথনও কি বিগতপূর্ব্ব ও আগামি-পরকালের সঙ্গে তুলনা করিয়া দেথিয়াছ ?—দ্বিসহস্রবর্ষ পূর্বের জগৎ এবং দ্বিসহস্র বর্ষ পরের জগতে একবার মিলাইয়া দেখ না কেন,তাহা হইলেই পূর্ব্বোক্ত উক্তির অর্থ অনুভব করিতে সমর্থ হইতে পারিবে। এ দীর্ঘকালে কত ক তই না উদয় বিলয় বিপ্লব ও বিনাশ সাধন হইয়াছে,তথাপি কিন্তু পূৰ্ব হইতে পর জগৎ কত উন্নত এবং সে উন্নতি অপেকাক্বত কি বিপুল, বিশাল এবং বিস্তারেতে ব্যাপনশীল। কিন্তু এক কথা, পদার্থমাত্রের উন্নত-গতি অবশাস্তাবিনী হইলেই যে প্রতি পদার্থ উন্নত-মূর্ত্তিতে অথচ স্বীয় পুথকত্ব রক্ষিয়া দৃষ্টিপথের পণিক হইয়া থাকে, তাহা নহে। উন্নত-গতিতে পদার্থের এই দ্বিবিধ পরিণাম। এক, বছ পদার্থ সহ সংমিলনে এবং স্বয়ং বিলুপ্তে পদার্থান্তর বিরচন ; অপর, তব্ধপ সংমিলন সত্ত্বও স্বয়ং অবিলুপ্তে ক্রিয়ী স্থদংস্কৃত নবীনমূর্ত্তি পরিগ্রহণ। অর্থাৎ, ইহাতে পদার্থবিশেবের পূর্বরূপ, সামান্যপ্রাণ হইলে, উন্নতি সত্ত্বেও বহুসংযোগে বিলুপ্ত-স্বাতন্ত্র্য হইয়া, সাধারণ দৃষ্টিপথ হইতে অদৃশ্য হইয়া থাকে ; এবং তাহাতে সংযোজিত পদার্থগুলিই, আয়তন-গুরুতা হেতু, বিশেষ এবং **हु** मामानज्ञत्थ ভाममान इय । किन्छ यथाय मृत श्रेमार्थ दित्य प्रक्र ध्वरः

তাহাতে সংযোজনীয় পদার্থগুলি লঘু, সেথানে বছসংযোগেও মূল পদার্থের পূর্বারূপ, সংরক্ষিত উজ্জ্বল স্বাতন্ত্র্য সহ, উন্নত ভাবে এবং দিব্য প্রভায় পরিলক্ষিত হইতে থাকে। উত্তরকালীয় গ্রীদ এবং উত্তরকালীয় ভারতের দৃশাও, এছয়ের ছইতর বলিয়া দৃষ্ট হইতেছে। গ্রীকভাগ্য এখন সমগ্র ইউরোপীয় স্রোতে মিশিয়া গিয়াছে; স্বতরাং ক্ষেত্রবছলতায়, তাহার ভাবি-মূর্ত্তি শ্রেষ্ঠ মোহকরী হইলেও, আপাত দুশ্যে নগণ্যমধ্যে निक्कि विचेतात कथा। त्राम श्रीम रहेरा मानूस रहेग्राह् , এক সমগ্র ইউরোপ রোম ও গ্রীন উভয় হইতে মারুষ হইয়াছে; অতএব প্রকৃতপক্ষে উত্তরকালীয় গ্রীস দেখিতে হইলে, সমগ্র ইউ-রোপের প্রতি দৃষ্টিপাত করিতে হয়। ভারতের ভাগ্য কিন্তু আজিও সেরপ কোন সর্ব্যাসি-স্রোতে মিশে নাই এবং ভারতের ক্ষেত্রভূমিও পরিসর প্রাপ্ত হইতে পায় নাই; পূর্বে যাহা ছিল এখনও তাহাই আছে, অথচ প্রাচ্য ও পাশ্চাত্যের মধ্যে গুণবিনিময়েরও পূরা বাজার বিষয়াছে। যদি এই সময়ে আমরা সেই বিনিময়কার্য্য যথাযোগ্য পরিমাণে সংসাধন এবং তাহার স্বব্যবহার করিতে পারি, তাহা হইলে হইতে পারে, এই জগতীতলে ভারতের যে পূর্ক্ম স্বাতন্ত্র্য তাহা লোপ না হইয়াও, ভারতের জন্য গৌরবের এক অনাগত অপূর্ব্ব মহাদিন সমাগত হইবে। ভারতীয়দের জাতীয় স্বাতম্ভ্রালোপ বা লাতন্ত্রা রক্ষা, এ উভয়ই ভারত-সম্ভানবর্ণের নিজ নিজ কার্য্যের উপর সম্পূর্ণরূপে নির্ভর করিতেছে।

ভারতসন্তান, এই সময়ে কয়েকটি কথা আছে। বিকার বা বিপদের সময় চিরকালই শোচনীয়; সে দিনে এমন বোধ হয় না যে এ দিন আর কথনও ফুরাইবে; চিরকালই তাহাতে নৈরাশ্যপ্রবাহ ঢালিয়া দেয়; কিন্তু এটাও নিশ্চয় যে, বিকার বা বিপদ চিরকাল কথনও ডিপ্তে না এবং যত তেইা ততই তাহা ছরিতপদে তিরোহিত হইয়া থাকে। অতএব নৈরাশ্যপ্রবাহে ডুবিও না; অথবা অন্য দিকে, যাহা হইবার তাহা কর্মস্ত্রশেও প্রাকৃতিক ক্রিয়ায় আপনা হইতে হইতেছে এবং

হইবে, ইহা ভাবিষাও শ্রোতে গা ঢালিয়া থাকিও না। নৈরাশ্য এবং ক্ষিপ্ত অনৃষ্টবাদিছ, এ উভয়ে অনেক দিন ধরিয়া তোমার, সকলের এবং ভারতের সর্ব্ধনাশ করিয়াছে; ক্রমান্বরে তাহাদের এই বিষময় কল দেখিয়া আরও কেন তাহাদের আশ্রর গ্রহণ করিতে যাও। তুমি যদিও জড়প্রস্কৃতি-সন্তৃত বটে, কিন্তু তুমি নিজে জড় নহ। জ্ঞানশক্তি, স্বেচ্ছা-শক্তি, ক্রিয়াশক্তি, এই ত্রিবিধ শক্তিতে তুমি শক্তিমান্; স্বতরাং তুমিও স্বরং প্রাক্তিক কর্ম্মত্রের উপর আর এক কর্মম্ব্র এবং নৈরাশ্যের উপর আর এক আশানির্মান্বক কৃতী বলিয়া আপনাকে জানিও। প্রাকৃতিক কর্মম্ব্র এবং তুমিরপ কর্মম্ব্র, উভয়েরই কর্মগতি যদিও একই মুখে, তথাপি তাহারা স্ব স্ব কর্মাক্রেনধ্যে স্বীয় স্বীয় কার্যান্বাধীনতাশূন্য নহে। ভারতসন্তান, এ কথা আমি তোমাকে কেমন করিয়া বুঝাইব ?

কেমন করিয়া ব্ঝাইব ? তুমি যদি সামঞ্জদ্য-সম্থপন্ন মধ্যম গতি কাহাকে বলে তাহা ব্ঝিতে, তাহা হইলেও কতকটা ব্ঝাইবার চেষ্টা করিতে পারিতাম। কিন্তু তুমি হর ছছুকে হাটের লেড়া, নতুবা অনড় অদাড় চেষ্টাশ্ন্য জড়পিওবং। তোমার কর্মাবৃদ্ধির আবির্ভাব হইল যদি, কর্ম্ম যত হউক না হউক, চীংকারে দেশ তোলপাড়; আবার কর্মাবৃদ্ধির ক্ষীণতা হইল যদি, তবে একেবারে অন্তিম্পূন্য, জীবনীর চিহ্নমাত্রের চিহ্নও পাইবার সম্ভাবনা নাই। তোমার ধর্মাবৃদ্ধি হইল যদি, তবে তুমি হয় তন্তকেবারে সর্ম্বত্যাগী সন্ধাদী, বিরাগীর চূড়ামণি—প্রপরিবারাদি অনাথ পথের ভিথারীতে পরিণত; নয় ত অন্য দিকে বেঁটু মনসা পর্যায় পৃদ্ধিয়াও তোমার ক্ষান্তি নাই! আর ধর্মাবৃদ্ধি না হইল যদি, তবে একেবারে কাঠ-নান্তিক, ওরফে ঘোর বৈজ্ঞানিক বা 'ফিলোজফার।' কোন দিকেরই তোমার ভাব ও অন্ত পাওয়া বড় কঠিন। তাহার পর আর যেমন হউক, সকল অবস্থাতেই কিন্তু অদৃষ্টবাদিত্বের উপরে নির্ভ্রটা কিছু বেশী বেশী; অদৃষ্টবাদিত্ব—'কপালে যা আছে তাই হবে!' বাঞ্যারা, তুমি কি জন্য এমন বন্ধমূল অদৃষ্টবাদী,—ভোমার

এ অদুষ্টবাদিত্ব কোধা হইতে উঠিয়াছে বলিতে পার ? আমি যতদূর দেখিতে পাই, ভাহাতে ভোমার এ অপূর্ম অনুষ্ঠবাদিছের এই দিবিধ কারণ লক্ষিত হয়, এক তোমার শাস্ত্রীয় শিক্ষায় শাস্ত্রের বিক্রত অর্থগ্রহণ,—তাহার কথা পর্বের বলিয়াছি; অপর, প্রাক্ততিক শক্তি ও স্বেচ্ছাশক্তি, এতহভয় শক্তির সন্ধিষ্ঠল দেখিয়া তাহাদের পৃথকত্ব অনুভব করিতে না পারা এবং প্রাকৃতিক শক্তির প্রাবল্য হেতু তাহার মোহে অভিভূত হওয়া। সন্ধিত্লমাত্রে সংমিলিত ধস্তবয়কে সাধারণতঃ পৃথক করিয়া বাছিয়া লওয়া যে ছক্ষর তাহা মানি; কিন্তু বাপু, তোমার চক্ষু কেবল সন্ধিন্তল দেখিবার জন্য নহে: যদি তাহাকে অতিক্রম করিয়া, বস্তব্যের দিগন্তভাগাভিমুথ পর্যান্ত দৃষ্টিসঞ্চালন করিতে পার, তাহা হইলে দেখিতে পাইবে, প্রাকৃতিক শক্তি পৃথক এবং স্বেচ্ছাশক্তি পৃথক। যে অংশে একমাত্র প্রকৃতির ক্রিয়া, তাহাতে অবশ্য তুমি স্বেচ্ছাশূন্য এবং তাহাকে তুমি 'অদৃষ্ট' বা যে নামে ডাকিতে ইচ্ছা ডাকিতে পার; সেরূপ স্থলে যে কিছু পরিণাম বা ফলাফলের উৎপত্তি, তাহাতেও অবশু তুমি নির্দ্দোষ। কিন্তু তোমার জ্বাবদিহী সেইখানে, যথায় ক্রিয়া তোমার জ্ঞান ও স্বেচ্ছাশক্তিসম্ভত। মানবীয় জ্ঞান ও স্বেচ্ছা-শক্তি হইতে সম্ভূত যে সকল কার্য্য, তাহা যথন যথাস্বভাব প্রকৃতির অমুগামী এবং প্রকৃতির সাহায্যবর্দ্ধক হয়; তথনই সেই কার্য্যের সার্থকতা, তথনই তাহা সতের অভিপ্রেত, স্কুতরাং তাহাতে মঙ্গলের উৎপাদন হয়। তদ্বিপরীতে তদ্বিপরীত ফল:—নিয়ন্তার কর্মহানি, নিজের কর্মহানি, উভয় হানি তথন একত্র সমবেত হইয়া, কর্ম-কারককে ব্যাকুলিত এবং ধ্বংসপথে অগ্রসর করাইয়া থাকে। জ্ঞান ও মেছাশক্তি-সন্থত অথচ প্রকৃতির অমুকূলে যে কার্য্য এবং তদর্থে যে অনুষ্ঠান, তাহাই এ জগতে মানবের আত্মদম্বন্ধে সৎ, ত্রিপরীতে অসং। জ্ঞান ও স্বেচ্ছার অপ্রতিহত গতি অথচ সে গতিতে প্রাকৃতিক শ্রেয়: যাহা তাহার অনুসর্ণকল্পে বাধ্যবাধকতা, এতহভ্রের ৰারা মাহমে যুগপৎ স্বাধীন ও প্রাধীন ভাবের বিদ্যমানতা স্কুম্প ইভাবে বিজ্ঞাপিত হয়। অতএব দেখ, তুমি যে আপনাকে অদৃষ্টের অধীন এবং প্রাধীন বলিয়া জানিতে, তাহাও অলীক নহে,—তুমি প্রাধীন, কিন্তু সেই সঙ্গে ইহাও দেখিজে যে, তুমি প্রাধীন হইয়াও স্বাধীন।

ভূমি বা তোমার কামনা, অনুষ্ঠ বা মহান কামনার নিকট পরাধীন হুইয়াও স্বাধীন,—এ কথা কোন পাষ্ড মুর্থ ভুনিলে হয়ত অপন্যায় জ্ঞানে হাসিয়া উড়াইতে প্রস্তুত হইবে। কিন্তু হইলে হাত কি १—তথাপি উহা তাহাই। পুনশ্চ, কর্ম্মের প্রোক্ত প্রাকৃতিক উপযোগিতাকল্পেই যে কেবল মান্তবের অধীনতা তাহা নহে: কর্মাভাদ ও কর্ম-উপকরণ সকলের প্রাপ্তিকল্পেও মানুষের অধীনতা সম্পূর্ণ। ভাল, ইহার একটু আলোচনা করিয়াই দেখনাকেন। বাপু বাঞ্চারাম, কি আশ্চর্যা ৷ মুহূর্তে মুহূর্তে, তিলে তিলে, প্রতিক্ষণে মানব কর্ম সকল নিষ্পাদন করিয়া যাইতেছে: অথচ দেখিতে গেলে একটাও তাহাদের নুতন নহে। অথবা নূতনত্ব সত্ত্বেও পুরাতন; নূতন-পুরাতনের যুগপৎ একত সমাবেশ ;---নৃতন হইয়াও অনুকরণমাত। আমরা যাহা কিছু করিয়া থাকি, অগ্রে তাহার আভাস বাহাজগৎ হইতে সংগ্রহ করিয়া লই, দেই বাহাজগং-প্রদত্ত উপকরণসাপেক্ষ হই, নতুবা কোন কর্মাই স্থসম্পাদন করিতে পারিতাম না। তুমি এখন বলিতে পার যে, .আমি যে এই স্থন্দর বাড়ীট নির্ম্মাণ করিয়া বাদ করিতেছি, ইহা কি নতন নহে १—তোমার জাগতিক মূর্ত্তির কোন মূর্ত্তিবিশেষ এরপ আছে যে আমার এই বাডী যাহার প্রতিরূপ স্বরূপ হইতে পারে এবং বাহা দেখিয়া আমি এই বাড়ী নির্মাণের আব্ভাস প্রাপ্ত হইতে সক্ষম হই পূ মিথ্যা নহে, তুমি যে কথাগুলি বলিতেছ তাহা সতা বটে; বিশেষতঃ যেরপুমাথার ঘাম পায় ফেলিয়া, যত বাটপাড়ি করিয়া এই বাড়ী নির্মাণ করিয়াছ, তাহাতে তাহার নৃতনত্বানিকর কোন বিরূপ কথা বলিতে যাওয়াও নিষ্ঠুবতার কার্যা। কিন্তু আবার না বলিলেই বা চলে কই ? তুমি যে কথাগুলি বলিতেছ এক অর্থে তাহা সত্য বটে,

কিন্তু আর এক অর্থে তাহা সত্যও নহে; একটু ভাবিয়া দেখ। ভাবিয়া দেখ দেখি মূলে তোমার পাকাবাড়ীর বুদ্ধি কি দেখিয়া উঠিয়াছিল,— কাঁচাবাড়ী ! কাঁচাবাড়ী দুঠে যে বাড়ী বিষয়ক জ্ঞান জন্মিয়াছিল, তাহার উপর বুদ্ধিযোগে আরও অপরাপর বহু বিষয়ক সন্থাভাস আরোপিত হওয়াতে, তোমার পাকাবাড়ীর কল্পনা সিদ্ধ হইয়াছে। অতএব পাকাবাড়ীর মুখ্য আভাস যাহা তাহা কাঁচবাড়ী হইতে প্রাপ্ত। আবার কাঁচাবাড়ী ?—টাটার ঘর দেথিয়া। টাটার ঘর ?—লতাপাতার ঘর দেথিয়া। লতাপাতার ঘর १-- সংগৃহীত তালপাতার নির্মিত আবেরণ বা তথাবিধ কিছু দেখিয়া। সেই তালপাতার আবরণ আবার কি দেখিয়া হইয়াছে ? বিশ্বাস করিবে কি. গাছতলা বা বুক্সকোটর দেথিয়া! গাছতলা বা বৃক্ষকোটর কি দেখিয়া বা কাহার ?—উহা কিছু দেখিয়াও নহে এবং উহা তোমারও নহে, আমারও নহে। আদিতে স্বভাব আপনা হইতে টানিয়া মানুষকে উহার সংলগ্নতায় আনিয়াছিল; অথবা তত্ত্বকথায় বলিতে গেলে, সেই সংলগ্নতায় আগমন, 'তুমি' 'আমি' বহিভূতি পরিচালিকা মহাশক্তির কার্য্যবশে উৎপন্ন। মূলে গাছতলার আভাদ হইতে যেমন তাহার উত্রোত্তর বিবর্ত্তন ও পরিণাম কলে পাকাবাড়ীর উৎপত্তি: সেইরূপ জগতের তাবৎ বিষয় সম্বন্ধেই বলা যাইতে পারে ৷ —মানবীয় কৌশলকত সকল পদার্থ ই. প্রকৃতির অনুকরণে, বিবর্তনবশে ও পরিণামিতায়, সহজ হইতে কৃটতায়, লঘু হইতে গুরুতায়, একক হইতে মিশ্রাশিমুথে এবং আভাস হইতে রূপ, রূপ হইতে আভাদ, এরূপ কার্য্যকারণপ্রণালীক্রমে, উত্তরোত্তর নানাবিধ ও নিতা নব আকৃতি গ্রহণ করিয়া ছটিতেছে।

সে যাহা হউক,এখন দেখিলে, তোমার পাকাবাড়ীর মূল কোথার ? তুমি যে বিক্লিপ্ত উপকরণরাশিকে সংগৃহীত ও নিরন্ত্রিত করিয়া ব্যবহার করিতে পারিয়াছ এবং বহুতর আভাদের সদ্বাবহারে তুমি ভোমার বাড়ীর যে এরূপ আকার প্রকার দিতে সক্ষম হইয়াছ, তাহাই তোমার নৃতন; কিন্তু উপকরণরাশি যাহা তাহা জগকার্ভে এবং

আভাস সকল যাহা তাহা জাগতিক রূপ-পদার্থে এবং তাহার মধ্যে পুনঃ মুখ্য আভাস যাহা তাহা মূলে গাছতলা বা বুক্ষকোটর হইতে সংগৃহীত; স্কুতরাং এথানে আবার তোমার কার্য্য নূতন হইরাও নূতন নহে, বস্তুতঃ উহা পুরাতন এবং কার্যাতঃ উহা মহাপ্রকৃতির অমুকরণ ও অমুসরণ। একটি তোমার স্বাধীনতার এবং অপরটি তোমার .অধীনতার পরিচয়। একটি তোমার স্বেক্তাশক্তি ও জ্ঞান-শক্তির সম্পত্তি, অপরটি থাস মহাপ্রকৃতির সম্পত্তি৷ এইরূপ আমাদের সকল কার্য্য, সকল বিষয় ও সকল বস্তু সম্বন্ধে ,এবং এই রূপেই ঐশবিক মহান কামনার নিকট, মানবীয় কামনা স্বাধীন হইয়াও পরাধান। আরও দেখ, বাড়ীটি যেথানে ও যে যে পদার্থে নির্মিত, তাহা সমস্তই পৃথিবীতে বর্ত্তমান ছিল; এরূপ পদর্থে এই সঙ্গে এরূপ যোগ করিলে এরূপ পদার্থান্তরের উৎপত্তি হয়, তাহার ও নিয়ম এই পৃথিবীতে বর্ত্তমান ছিল; তাহাদের আভাগ বাহা, তাহাও এই পৃথিবীতে বর্ত্তমান ছিল: এখন, সেই সকল যে ছিল এবং তাহাদের না হইলে যে তোমার অবস্থায় চলে না এবং তুমি তাহাদিগকে অবহেলা করিলে বে অন্তথ বা অনর্থের বিষয়ীভূত হও এই পর্যান্তে তোনার অধীনতা; কিন্তু তুমি যে সেই গুলির যোগাযোগ সাধন করিয়া এরপ আরুতি সংঘটন করিয়াছ. এবং তদ্ধারা অনর্থের পরিবর্ত্তে যে অর্থকে উপার্জ্জন ও অগ্রদারিত করিতে ্পারিয়াছ, ইহাই তোমার স্বাধীনতার পরিচয়। পুনত, এ পৃথিবীতে অনন্ত কর্মা, কিন্তু তাহার মধ্যে কর্মাবিশেবের যে নির্বাচন, তাহাতেই তোমার স্বাধীনতা, কিন্তু সেই কর্ম্ম যে প্রকৃতির অন্তুক্লে সম্পাদিত না হইলে অনর্থোৎপত্তি হইয়া থাকে, তাহাই তোমার অধীনতার পরিচায়ক হয়। আমাদিগের ক্বত সকল কর্ম্মেই এইরূপ বাবস্থা এবং কি আত্মিক কি ভৌতিক যাবতীয় বিষয়েই আমরা এইরূপ স্বাধীন ও পরাধীনভাবে কার্য্য করিয়া থাকি। এথন তুমি হয়ত বলিবে, প্রকৃতির নিকট উপকৰণ ও আভাসের নিমিত বশ্যতায় যেরূপ সংকার্য্য করিতে হয়, অসৎ কার্য্যেও ত অবিকল সেইরূপ বশ্যতা এবং আরও দেখা

যাইতেছে যে, সে অসৎ কার্য্যন্ত ত প্রকৃতিবক্ষে বুণা যায় না;— ফলতঃ প্রক্রতিপোষক হইলেই যদি কার্য্য সং হয়,তবে সেরূপ কার্য্যকেও সং না বলিয়া অসং বলি কেন ? অসং বলি এই জনা যে তাহাতে পরিণামে অনর্থের উৎপত্তি হয়। পুনশ্চ, এই প্রশ্ন ও তর্কসূত্রে আরও এ ছইটি বিষয় এখানে স্থলবর্ত্তপে উপপন্ন হইতেছে, অর্থাৎ এক তোমার ক্ষীণ ও বিকৃত শক্তিমতা, অপর প্রকৃতির সর্ব্বশক্তিমতা। তোমার ক্ষীণ ও বিক্লত শক্তিমন্তাতে তুমি অস্তের উৎপত্তি করিয়া বাইতেছ; কিন্তু প্রকৃতি তাঁহার সর্ক্রশক্তিমভাতে সে অসংকেও কাজে লাগাইয়া হরণপুরণ করিয়া লইতেছেন ;—কিন্তু দেই সঙ্গে,এটাও এথানে প্রকৃতির জ্মাথবচ বহিতে নিশ্চয়রূপে তোমার বিপক্ষে লিখিত হইয়া রহিতেছে যে, তোমার দারা প্রকৃতির যতদুর সহায়তা হওয়া উচিত ছিল, তাহা হুইল না। স্কুতরাং তুমিও দেই পরিমাণে মুপরাধী ও প্রতাবায়ের ভাগী হুইয়া রহিতেছ। ফলতঃ বাঞ্যাম, সং অসতের বিভাগ কিছু কঠিন নহে: সতের সমক্ষে অসং স্বতঃই বিভাজিত রহিয়া থাকে। কঠিন, সতের সমাদরে অসংকে পরিহার করা। যে কার্য্য আঞ্চ সরস হইয়াও পরিণামে বিরদ, তাহা অদৎ; আর বাহা আশু বিরদ হইয়াও পরিণামে সরস, তাহা সং। তাহার পর, অসতের একটা বিশেষ লক্ষণ এই বে, অন্তে হরণপুরণ সহ প্রকৃতিতে সংমিলিত হইয়া গেলেও, আগে একটা ব্যাপক অনিষ্ঠ উৎপাদন না করিয়া তজ্ঞপ সংমিলিত হুয় না, কিন্তু সতের লফণে দেরূপ কিছুই দেখিতে পাওয়া যায় না। অতঃপর বাঞ্চারাম, তোমার এরপ জ্ঞান স্বেচ্ছাও ক্রিয়াশক্তি এবং श्वाधीनका मरबङ, बातङ कि विनया मिरक इरेरव रय, रय अनुष्टेख्य তুমি নিরস্তর ভীত হইয়া থাক,তুমি নিজেই অনেক সময়ে সেই অদৃষ্টের স্ষ্টিকর্ত্তা। যে কর্মা জন্য প্রকৃতি কার্য্য করিতেছে এবং তোমার কার্য্যসহায়তা যে কর্ম জন্য প্রকৃতি গ্রহণ করিতেছে, সেই কর্ম যাঁহার উদ্দেশ্য সফল করিবার জন্য প্রধাবিত হইয়াছে; তুমি নিশ্চয় জানিও তোমার এ কর্মক্ষেত্রে নিয়োগও তাঁহারই। তাঁহারই অভিপ্রায় স্থাসিদ

করিবার জন্য তোমাকে জ্ঞান স্বেচ্ছা ও ক্রিরাশক্তি এবং স্বাধীনতা প্রদন্ত হইরাছে। তুমি কেবল বন্ধ নহ, বন্ধপরিচালকও তুমি, অতএব এই কর্মাক্রেমধ্যে তুমিও কর্মাকারক; তাই বলি, প্রোতে গা ঢালিয়া বিসরা থাকিবার জন্য, অথবা বৃদ্দ্ধা স্বেচ্ছাক্ষিপ্ত হইরা বিচরণ করিবার জন্য, সংসারক্ষেত্রে আইন নাই।

বাপু বাঞ্চারাম, তুমি তর্কে ন্যায়পঞ্চানন, এবং বৃদ্ধিতে দেবগুক বৃহস্পতিও তোমার কাছে হারি মানিয়া থাকেন। তুমি বলিবে কর্মাই বা কি, কর্মান্দেরই বা কি, তাহার জন্য এত আড়ম্বর, এত মাথাবাথা কেন ? আগে তাই সাবাস্ত কর,তাহার পর ত জ্ঞান, ক্রিয়া ও স্বেচ্ছাশক্তি লইয়া টানাটানি। স্পুঠ কথা বলিতে কি, আমিও বতদূর দেখিতেছি, তাহাতে কর্মান্দের বাহা তাহা চাকুরীক্ষের, কর্মা বাহা তাহা উনব-পূর্বি, এবং পরম প্রক্ষার্থ যাহা তাহা স্থান্দ্রন। ইহা ভিন্ন আবার কি কর্মা আছে ? যদি আর কিছু থাকে,এই কর্মা সাধন করিতে করিতে তাহারা আপনা হইতে আদিয়া পড়ে পড়ক, তজ্জনা পুথক্ চেষ্টার আবশ্যক নাই। বাপু, আমার তর্কশক্তি নাই; কিছু তুমি বারেক মানদ্বন্ত্র প্রদাবিত করিয়া দেখিয়াছ কি ?

এই পরিদৃশামান, অথচ ধারণার অতীত, অনস্ত গগনসমূতে বে অসংখ্য জ্যোতিকণিও নিরস্তর ভাসমান হইরা কিরিতেছে; এবং আমরা এই কণিকাবং বে ক্রুপ্থিবীর উপর অবস্থান করিয়া মোহপ্রমাদে বিধের ঈশ্বরত্বে পর্যান্ত হস্ত প্রদারণ করিতে উদাত হইরাছি; সেই পৃথিবীতে আবার কীট হইতে কীটার্ম, অনু হইতে পরমাণ্ম, ক্রুত হইতে ক্ষুত্রম, বে সকল জীবন বা জড় পরমাণ্ লক্ষিত বা লক্ষ্যাতীত ভাবে অবস্থান করিতেছে; সেই সমগ্র দৃশ্য, সে দৃশ্য যদি কাহারও একধা দেখিবার,ধারণা করিবার,বা অহতব করিবার শক্তি থাকে, সে দেখিতে পাইবে বে ভাহা কি মহান্, কি অপার, কি অচিম্বনীর! উর্দ্ধ হইতে উর্দ্ধতম; বৃহৎ হইতে বৃহত্বম, অথবা নিম হইতে নিম্নত্ম, ক্ষুত্র হুস্তার ক্ষুত্রম; বে দিকে দেখিতে চাও, সকল দিকেই ভাহা অনস্থপারিত

জারতনে ব্যাপিত হইরা রহিরাছে। যে দিকে দৃষ্টি প্রদারিত কর, কোন দিকেই কোন বস্তুর অন্ত পাইবার সাধ্য নাই। মন্থন-জীবনেও যাহা কিছু ক্বত,কথিত, করিত; আমাদেরই দারা তাহা সম্পন্ন হইরাছে এবং হইতেছে, অথচ আমরাই তাহার অন্ত পাইয়া উঠি না। আমরা আপনাদের অন্তই আপনারা পাই না। আম্চর্য্য! অতঃপর এই নিবিড় অনস্ত পরিবেষ্টিত ও তাহাতেই পরিবর্দ্ধিত ও জীবিত হইয়াও, যাহারা আপনাকে অন্তান্থবর্তী রূপে কর্লনা করিয়া, আত্ম অতিবাহিত করিয়া থাকে; এবং বিশ্ব-আত্মা সহ আত্মিক নৈকটা বা ঘনিষ্ঠতা দেখিতে না পায়, তাহারা কি ভাতঃ!

এখন বিশ্বাস করিবে কি, এই অনন্ত দেশ লইরা তোমার কর্দ্ধক্ষেত্র বাাপ্ত; এবং তোমার কত কর্ম্মস্ত সেই বিশাল আয়তক্ষেত্রে অনন্ত-প্রস্তুত কর্ম্মরাশি সহ সম্বর্ধন্ ? এই নিবিড় অনন্ত সাগরদেশে রুহং এবং দূরতম জ্যোতিদ্ধ হইতে ক্ষুত্রতম পর্মাণ্ পর্যান্ত, জীবিত অজীবিত যে যাবতীয় পদার্থনিকর, আমূলতঃ কালবক্ষ বাহিয়া, কথন ডুবিয়া কথন ভাসিয়া, ভাসমান হইয়া চলিয়াছে; তাহাদের আভ্যন্তরীণ পরিচালিকা-মহাশক্তি-রূপী যে ঐশ্বরিক নিয়ম, তাহা সর্ব্জি এক। ঐশ্বরিক নিয়ম এবং ঐশ্বরিক সত্তা, ইহারা নিত্তা পদার্থ; স্কৃতরাং সর্ব্জেদেশে ও ও সর্ব্বকালে একইরূপে অবস্থান করিতেছে। তবে যে আমরা তাহাতে নানারূপে বিভিন্নতা অবলোকন করি, বা বিভিন্ন জনে বিভিন্ন স্থানে বিভিন্নরূপ তাহাদের ব্যাখ্যা করে, তাহা তৎ তৎ পদার্থের দেয়ে নহে; দোষ যদি কোগাও থাকে ভাহা আমাদের। মানব তাহাকে সহসাধারণা করিতে বা ব্রিয়া উঠিতে পারে না; তাই নানা জনে শ্বীয় শ্বীয় বৃদ্ধি অমুরূপ নানাবিধ জন্ধনা করিয়া থাকে।

"উপাধো যথা ভেদতা সন্মণীনাং তথা ভেদতা বৃদ্ধিভেদেষু তেষু। যথা চক্রিকাণাং জলে চঞ্চলত্বং তথা চঞ্চলত্বং তবাপিহ বিশ্বো!" দেখ, এক চাঁদের কলম্ব ব্ঝিতে মানব, 'বুজ্বি কদমতলায় কাট্না কাটা' হইতে 'অন্ধতম গভীর গুহা' পর্যন্ত, কত কথাই বলিরা আসিতেছে এবং এখনই কি দেবলার শেষ হইয়াছে ?

এখানেও দেইরূপ। ঐশ্বরিক নিয়ম ও ঐশ্বরিক সতা দেইরূপ এক ভাবে চিরকালই সমান থাকিয়া দৃষ্টিগোচর হইতেছে: কেবল মানব ভাহা বুঝিতে না পারিয়া এবং বুঝিবার চেষ্টা করিতে গিয়া, নানা-নেশজ নানা প্রকৃতি এবং স্বীয় স্বীয় জ্ঞানোন্ধতির বিভিন্ন পর্য্যায় অনুসারে, নানা স্থানে,নানা সময়ে, নানারূপে ব্যাখ্যা প্রকটন করিয়া ফিরিতেছে। এই ব্যাখ্যাই, সেই নানাদেশজ নানা প্রকৃতি ও জ্ঞানোন্নতির ভিন্ন ভিন্ন পর্যায় অনুসারে: নানা স্থানে, নানা সময়ে: অবনত বা উন্নত: ভিন্ন ভিন্ন ধর্মশাস্ত্র, ভিন্ন ভিন্ন তত্ত্বশাস্ত্র, নানা মত, নানা গ্রন্থ, নানা কথা, ইতাাদি আকারে এ জগতে ক্ষণে উদয় ক্ষণে বিলয় হইয়া যাইতেছে। দেই দেই ধর্ম এবং তত্ত্ব শাস্ত্রাদি, কোথায় ও কিরূপে এবং কোন সময়ে ও কি পরিমাণে মানব সেই সেই নিতা পদার্থগুলি বুঝিতে চেষ্টা পাইয়াছিল এবং তাহাতে কতদূর বা দফলতা লাভ করিয়াছিল, তাহারই নিদর্শক স্থরপ। পুনশ্চ, সেই সকল শাস্ত্র যে দেশে যে প্রকৃতির লোক ও যে জ্ঞানপর্য্যায় হইতে সন্তৃত, সেই দেশে সে প্রকৃতির লোক অথচ যাহারা দে জ্ঞানপর্য্যায়ে এখনও উঠে নাই, ্তাহাদের পক্ষে অবশ্য তাহারা পরিচা**লকস্বরূপ হ**য়। **এ হিসাবে** দকল দেশেরই ধর্মশাস্তাদি, যে পর্যান্ত তাহারা অধিকতর উন্নত জ্ঞানের উদয়ে অর্থশূন্য না হয়, তাবৎকাল তত্তৎ দেশের লোকের পক্ষে উপযোগী ও তরিহিত বিধানাদিও তাহাদের পক্ষে অবশ্য পালনীয় বলিতে হইবে। অনেক ধর্মশাস্ত্রাবলম্বী অথবা প্রায় সকল ধর্মশাস্তাবলম্বীই ভাবিমা পাকে যে, 'তাহাদের হইতে বিধর্মী যাহারা, হার! তাহাদের আর উপায় নাই, স্থপন্থা অভাবে নরকে ডুবিয়া তাহারা নষ্ট হইবে বা যে কোন রূপে অধঃপাতে যাইবে।' অবিকল এইরূপ, যাহারা রোগে দদা ডাক্তারের সাহায্য পায়, তাহারা ভাবে

रिष छाउनात (विशास नाहे, त्रिशानकात त्नांक वाँ कि कतिना। অথচ ঈশবের কুপায় যেথানে ডাক্তার আছে সেধানেও যেমন, যেথানে নাই সেধানেও তেমনি জীবনস্রোত প্রবাহিত হইয়া ঘাইতেছে। ভোমার অবস্থায় ডাক্তার না হইলে চলে না, তাহার অবস্থায় গোবেদে হইলে চলে এবং তাহাতেই তাহার রোগের প্রতিকার হয়;—এ হিসাবে মোটের উপর সকল স্থানেই সমান হরণপূরণ সাধন হইয়া থাকে। বাঞ্চারাম, ধর্মপদার্থও, তাবৎ গুঢ় পদার্থের ন্যায়, বাহির হইতে আহিসে না, ভিতর হইতে উদয় হয়। স্বায়ের যে পূর্ণ বিশ্বাস এবং পূর্ণ ভক্তি, এই ছুইকে তাবৎ ধর্মপদার্থের উপাদান বলিয়া জানিবে। এই তুইই মারুষের ধর্মপথে মুক্তাপায়। নতুবা, দেবভার রূপ অরূপ, পুতৃল অপুতৃল বা এ দেবতা সে দেবতায় কিছুমাত্র যায় আসে না; এ দকল ধর্মাশাস্ত্রের বিষয় এবং দে ধর্মাশাস্ত্র যে ভিন্ন ভিন্ন দেশজ প্রকৃতি ও জ্ঞানোন্নতির পর্য্যায় অনুসারে কিরূপ ক্ষণে উদয়, ক্ষণে পরিবর্তিভ বা ক্ষণে বিলয় হইয়া থাকে, তাহা উপরে বলিয়া আদিলাম। যাহারা তলদেশ, তাহারা চাঁদের যে চক্রিকা উপভোগ করে; তাহাপেকা, বাহারা বলিত উহা বুড়ির কদমতলায় কাট্নাকাটা, তাহারা থে কিছু কম উপভোগ করিয়াছিল তাহা নহে। যে যে ভাবে ও যেরূপে ভাকিতে পারে, তাহার পক্ষে তাহাই যথেষ্ঠ; নতুবা সে ছব্তেই পুক্ষের স্বরূপজ্ঞানে কে সমর্থ, বলিতে পার ? শ্রুতি বলেন, ่

"যস্যাবেদং তস্য বেদং বেদং যস্য ন বেদ স।"
সকল ধর্মণাস্ত্রই স্বীয় স্থভাবে অসম্পূর্ণ; নিতা পদার্থগুলির যথন
অন্ত নাই, মহিমা যথন তাহাদের অপার, এবং জ্ঞানও বথন
ক্রমোল্লভিশালী, তথন ধর্মশাল্লাদিরও এ জগতে পূর্ণতা এবং
তাহাদের উদয় বিলয়ের অন্ত হইবে কি প্রকারে? অতএব একবিধ
ধর্মশাল্লাবল্লীর অপরবিধ ধর্মশাল্লাবল্লীর প্রতি যে বিষেষ ও নরকভর
প্রদর্শন প্রভৃতি, সে কেবল গোঁড়ামী ভিন্ন অন্য কিছুই নহে!

আরও দেখ, ঐশ্বরিক নিয়ম যাহা, যাহা সত্তরজন্তম: ত্রিগুণবিশিষ্ঠ ও যাহা বিশ্ব পরিচালনা হেতু সাধারণতঃ বিশ্ব-নিয়ম নামে খ্যাত : তাহ', দেশ কাল এবং পরিচালনীয় উপকরণ পদার্থাদি ভেদে তহুৎ বাহুমূর্তি পরিগ্রহ হেডু, লোকনয়নে আপাততঃ বিভিন্ন বিভিন্নরূপে যেন ততগুলি বিভিন্ন নিয়ম বলিয়া প্রতীয়মান হয়। অনুহতিনায়েবং মালুষ যে যে ভাবে তাহাকে অনুভব করে, সে তাহাকে সেইরূপ বিভিন্ন প্রকারের ভাবিয়া ত দেখিয়া থাকে। কিন্তু বস্তুতঃ বিভিন্ন নতে। শুকুকুঞ্জ নেমিবিশিষ্ট শাখত সেই নিয়মচক্র, 'আফিক' এবং 'বার্ষিক' গতিতে আবর্তমান হইয়া: জগৎ সংসার সমস্তকেই, নিতা শুভাশুভ, নৈমিত্তিক শুভাশুভ, উভয় শুভাশুভের সমান অধীনে ফেলিয়া: তাহাদের নিতা রূপান্তর একং নৈমিত্তিক ক্পান্তরের উৎপাদন করিতে করিতে, অগ্রসর হইনা ধাবিত হইতেছে। প্রতি পদার্থেরই শুকু ক্ষা দিবিধ গতি; শুকুগতিবংশ সত্বা এক লুন্ধে এবং কুঞ্চগতিবশে বিকার বা বছত্ত্বথে গতায়াত করে। যে নিয়মে কেন্দ্রাহী বায়রয় উপশ্যিত ও অপশ্যিত হইতেছে. বিশ্বস্থাবং পদার্থ দেই একট নিয়মে উপশ্মিত ও অপশ্মিত হয়। আরও দেখ, যে শক্তিস্রোতের স্বাভাবিক গতিবশে নদীস্রোত আঁকা-ব্যকা হইয়া চলিতেছে, রেথাকৃতি সাপও তাহার বশে হিলিবিলি করিয়া যাইতেছে: আবার মানবও পর পর দক্ষিণ ও বাম পদম্বর বিক্ষেপে দেই আমাঁকা বাঁকা গতিরই অনুকরণ করিতেছে। অথবা যে নিয়মে অসীম আফাশে মহীরান সূর্ব্যদেব ঘুরিয়া ফিরিয়া আপন ককে আবর্ত্তন করিতেছেন, তোমার হস্ত-নিক্ষেপিত চিলটিও অবিকল সেইরূপ ঘুরিয়া ফিরিয়া আবর্ত্তন করিতে করিতে ছুটিতেছে; অথবা যে নিরমে নর ও নারী সংযোজিত হইয়া সন্তান উৎপাদন করিতেছে, সেই একই নিয়মে উদ্ভিজ্জসংসারে ফলোৎপত্তি এবং বায়বীয় সংসারে পুষ্ঠ তাড়িত ও ক্ষীণ তাড়িত একত্র হইয়া বজ্রাগ্নির উপস্থিতি করিতেছে। পুনশ্চ, যে ভাপ ও শৈত্য জড়জগতে যৌগিকাকর্ষণের নানাতিরেক ব্যবস্থিত করিয়া, জডকে শিথীলবন্ধন বা জমাটযুক্ত করিয়া থাকে; তাহারাই

পুন: চৈতন্যসংসারে রাগ বা বিরাগ, আসক্তি বা অনাসক্তি, তরলঙা বা গভীরতা, ইত্যাদির উৎপাদনপূর্বক জীবকে অসার বা সমার, তুঃস্থ বা স্বস্থ করিরা দের। অর্থাৎ জড় পরিচালনে যে নিয়ম, জীবজগং নির্বিশেব পরিচালনে তদপেকা নানাতিরেক কিছই নাই।

তাহার পর ভোমার আঁকাবাঁকা,দক্ষিণ বাম, পৃষ্ঠ ও ক্ষীণ বা তছ্ভর ভেদে পুরুষ ও নারী, শৈত্য ও তাপ,ইহারা আবার কি পদার্থ ? এখানে এ পৃথক্তাব ও পৃথক্ মৃর্টিধারী গুণগুলি কাহারা? ইহারাও পৃথক নহে। আলোক এবং অন্ধকার, ভাব এবং অভাব, অস্তি এবং নান্তি, সহু এবং বাতিক্রম, সং এবং অসং, পাপ এবং পুণা, শুভ এবং অশুভ, ইত্যাদির গুণভেদ হেতু সভার বিভাগবোধ যাহা, ইহারাও তাহাই। এ বিভাগবোধ আবার কি ও কেন ? পূর্ণত্ব এবং নানতা, স্বভাব এবং বিকার;—শক্তিযোতের বেগতি, শুকুরুফভেদে তাহার ছই বিভিন্ন দিকের ছইটি সংজ্ঞামাত্র, একই বস্তুর উভর দিক; কেবল দেশকাল ও অবস্থা অনুসারে, সংজ্ঞানর প্রোক্ত নানাবিধ বিভিন্ন নামে বিজ্ঞাপিত হয়। শক্তিযোতের অপ্রতিহত বেগ, স্বতরাং শুকুরুফ গতিহরও পর পর অবশ্রগ্রাকিবপে আসে যার, তাহাতে বিরাম নাই, বাত্যর নাই, বিঘটন নাই; একের পর আর, আবের পরে এক। এই শুকুরুঞ্জ গতিবপ্রেই বৈচিত্র-প্রকট এই স্প্টিপ্রপঞ্চ। কিন্তু শ্রুতি কি স্ক্রেদশী।—

''অজামেকাং লোহিতগুক্লবর্ণাং বহুবী প্রজাস্তলমানাং স্বরূপাং॥"

এই শুক্রক্ষ গতি এ বিশ্বের দর্কবিদ্বা, দর্কবিদার্থ, দর্কবিদ্বার গুরুত্ব অন্তর্ভাগ পর্যান্তে দর্নিবিষ্ট; অথবা উহারই পরিণাম বথন সৃষ্টি, তথন এ কথা বলাই অধিক। মানুষ তাদ থেলে, পড়তা পড়ে, বিপক্ষেবা পড়তা ভাঙ্গিতে কত কাণ্ডই করে; অথচ পড়তাও ভাঙ্গেনা, বন্ পড়তাও ঘূচেনা। ঐক্লপ মানুবের ভাগাচক্রে বথন বন্পড়তা উপহ্তিত হয়, তথন কত সাবধান, কত চেষ্টা, তবু পোড়া শইল মাহ

জলে বার; আরে পড়্তার সময় ডুবো আংটীও ভাসিরা উঠে! কিন্তু
মানুষ চিনির বলদ, ব্ঝিতে পারে না উহা কেন হর। ঐরপ যেটার
বড় আশা তাহা নিফল, এবং যাহাতে আশা আইদে না তাহা যেন
কোথা হইতে আসিয়া সফল হয়। একের পূর্বতার অপরের আগতি,
গতাগতির ইহাই কাজ।

শক্তিস্রোত, ঈশ্বরের কামনাপ্রবাহ। কামনাপ্রবাহ এক এবং অথণ্ডিত, এই পরিদুশামান ব্রহ্মাণ্ডাক্রিয়া সেই কামনাপ্রবাহের আত উদ্দেশ্য এবং ফল। প্রোক্ত বিভাগবোধ বা সংজ্ঞান্বয়ই, ব্রহ্মাওজিয়াকে প্রকটমান করিয়া থাকে; নতুবা তাহাদের অভাবে সমস্তই অব্যক্তে বিলীন হইয়া থাকিত। ভাবে উৎপত্তি, অভাবে নিবৃত্তি এবং স্তা যাহা তাহাই স্থিতিরূপে কল্লিত হয়; নতুবা অবিরত গতিশীল বা চলায়মান জগংসংসারে, লৌকিক অর্থে যে স্থিতি তাহা কোথাও কথন সম্ভবপর হইতে পারে না। হিন্দুশাস্ত্রে এই উংপত্তিকে রজোগুণ, নিরুতিকে তমোগুণ এবং স্থিতিকে সম্বপ্তণের আখ্যা প্রদান করা হয়। সতার দলা রূপান্তর হেতু, কি রজঃ কি তমঃ, একতর ইহাদের কথনই সত্ত্ব-গুণের সংস্রবশূন্য হয় না; এবং সেই জন্ট এ সংসারে নিরবচ্ছিন্ন অপকৃষ্ট বা উত্তম কোথাও দেখিতে পাওয়া যায় না। সত্ত-রজঃ-তমঃ এই গুণুত্ররই,শাক্তস্রোতের অন্তিত্ব বোধে একমাত্র পরিচয়; তদ্ভিন্ন অপর পরিচয় নাই। গুণত্র পরিচয়ে মহাশক্তির অবিরতক্রিয়াশীলতাও উপ-ল্কি হয় এবং মহাশক্তির অবিরতক্রিয়াশীলতা হেতুই, ব্রহ্মাণ্ড ও ব্রদ্ধাণ্ডস্ত কাহার পলক প্রমাণে বসিয়া থাকিবার সাধ্য নাই; সকলেই অবিশ্রান্ত আবর্ত্তন ও পরিবর্ত্তনে ভাসমান হইয়া চলিয়াছে। হিন্দুশাস্ত্রে, ত্রন্ধাণ্ড-ক্রিয়ার কর্ত্তা প্রমেশ্বরের ঐশ্বর্য্য-স্বরূপতাকে এই গুণত্রয়েরই অভিমানভেদে পৃথক্ করিয়া, ত্রদা বিষ্ণু মহেশ্ব ইত্যাখ্যাত ত্রিমূর্ত্তি কল্পিত হইরা থাকে। হিন্দুশাল্কের ন্যায় গূঢ় তত্ত্ব ও গূঢ় ধর্ম্ম আর কি কোথাও সম্ভব হইতে পারে?

অতঃপর বলা বাহুল্য যে, একই নিয়ম সর্বত সর্ব্ব পদার্থকে

পরিচালনা করিয়া, একই উদ্দেশ্যমুখে, যথাগতিতে নিয়ন্তার অভিপ্রায় স্থাসিদ্ধ করিতে চলিয়াছে। একই নিয়মে যথায় যুতগুলিকে স্থাবদ্ধ করা যায়, তথায় উদ্দেশ্যদিদ্ধিও ততগুলি সম্বন্ধে কথনও এক ভিন্ন দিতীয় প্রকারের হইতে পারে না। সেই একই উদ্দেশ্যসিদ্ধি সাধন করিতে যাহার। নিযুক্ত, তাহার। স্বতরাং সকলে এক সম্বন্ধসূত্রে স্থ্রাথিত: তবে দেশ কাল ও পাত্র অনুসারে অর্পিতভারের পৃথকত্ব হেতু, তাহাদের মধ্যে যে কিছু বিভিন্নতা দৃষ্ট হয়। একই নিয়মাধীন অনন্ত বিশ্বব্দাণ্ড, সুতরাং সকলেই অনন্তায়ত এক স্মন্ত্রে সুগ্রেথিত। ঐ যে আকাশস্থিত দূর দৃষ্টমান এবং দৃষ্টাতীত যাবতীয় ঘূর্ণায়মান জ্যোতিষ্কপিও এবং তাহাদের অভান্তরে আবার বৃহুং হইতে ক্ষুদ্র এবং সূক্ষান্তস্থা যে সকল কার্য্য হইরা যাইতেছে, তংসমস্ত যে নিয়মবশে এবং বিশ্বনিয়ন্তার যে অভিপ্রায় দিলার্থে: অন্নে যে এই ক্ষুদ্র পৃথিবীতলে সংসারক্ষেত্রে প্রবেশ করিয়া যে সমস্ত কার্য্যরাশির সমুৎপাদন করিতেছি, বা আমার দারা বাহা কিছু সম্পাদিত হইতেছে, তাহাও সেই একই নিয়ম্বশে এবং নিয়ন্তার সেই একই অভিপ্রায় স্থাসিদ্ধ করিবার জন্য, ইহা জানিও। পর্নত ভাঙ্গিতেছে সাগর উথলিতেছে, মেদিনী কাঁপিতেছে, পিণীলিকা ইটিতৈছে, কীটাণু থেলা করিতেছে, তাটনীর মৃহল তরঙ্গে তর তরে বালুকাকণাটি কাঁপিতেছে এবং তুমিও যে ঐ মাথামুণু কি লিখিতে বসিয়াছ (কৃতকার্য্য তাহাতে কতটা হইতেছে বা না হইতেছে: সে পরের কথা), তাহাও সেই একই অভিপ্রারের সুসিদ্ধির জন্য। সকলেই আত্ম-উপযোগিতা ও শক্তি অনুসারে, সেই মহান উদ্দেশ্যভূত কার্য্যের অংশ কলা প্রভৃতি যাহার পক্ষে বেমন নিয়োজন, দে তাহার অমুষ্ঠান ও সম্পাদন করিয়া যাইতেছে। কিন্তু দেই সকল এখন পরম্পর সম্বন্ধে কি দূরস্থানে, কি দূর-অন্তবাহী পুথক পুথক ভাবে অবস্থিত ও নির্বাহিত! যেন কেহ কাহার সহিত কোন সংস্রবযুক্ত নহে, সকলেই সম্বন্ধশূন্য পৃথক্ পৃথক্ দূরতম দেশ ও কাল

ব্যাপিয়া অবস্থিত ;—কে বলিবে যে ইহারা এক সংসারের, কে বলিবে যে ইহাদের একতামুখে গতি এবং কখনও ইহারা একতার আসিরা সংমিলিত হইবে কি না। ইহা বৃদ্ধির অতীত, দর্শনের অতীত, এবং ধারণারও অতীত। কিন্তু ইহারা আদিবে। অনুষ্ঠিক সকল সময়েতেই এইরূপ দূর-অস্তবাহী হইয়া আবর্ত্তিত হইয়া থাকে; সময় পূৰ্ণ হইলে, আয়োজন পূৰ্ণ হইলে, ঘনীভূত হইয়া এবং একতায় ष्यानियां, यथाकाटन यथाकाटर्गत ममू शामरन मृष्टिभरथ ममागं इत्र। আম্মেজনমাত্রের আদি মূল আদি-নিহিত, তথা হইতে অদৃইভাবে দৃষ্ট মুখে, কার্যাকারণযোগে, ধীরে ধীরে, তিল তিল করিয়া বর্দ্ধিত হইয়া, কাল বুঝিয়া রাক্ষণ বা দেব মূর্ত্তিতে একতাকেক্রে সংগৃহীত হইয়া যথানিয়তি ফলের সংঘটন করিয়া দেয়। আজিকে যাহা হইতেছে, যুগ্যুগান্ত হইতে তাহার আয়োজন এবং পূৰ্ণতা প্ৰাপ্তি হইয়া আদিয়াছে; এবং যুগযুগান্ত বাদে যাহা হইবে, আজিকে তাহার আয়োজন হইতেছে। এখন বাহার সৃহিত যাহার কোন সম্বন্ধ দেখিতেছি না, বা এখন বাহা তোমার আমার অথবা তাহাদের পরস্পর সম্বন্ধেও একেবারে লক্ষ্যাতীত রহিয়াছে, কালে তাহারাই ক্রমে উভয়ে উভয় মূথে আনত হইয়া একতার আদিবে, উভয় উভ্ৰেষ সংমিলিভ হট্যা সংমিলনের প্রিণামস্করপ লক্ষিত্র ঘটনাবিশেষে পরিণত হইবে . এবং পরক্ষণে সেই ঘটনাবিশেষ আবার আপন পালার আগতিতে, কর্মপথে নব সংমিলনে নব কার্য্য সম্পাদনার্থে করেণরূপে কর্মক্ষেত্রে পুনঃ প্রবেশ করিবে। ঐ যে ব্যক্তি বজ্রপতনে হত হইল, मान कवि । ना (य क्षेत्र) वा देनवार औ घरनात जैशिक्षि करेगाए । ব্রুকাল বা অনাদিকাশ হইতে চৈত্ত এবং জড় উভয় জগতে যুগ্রগান্ত বাহিয়া উহার জন্য, হস্তা এবং হত উভয় দিকে আয়োজন চইয়া আসিতেছিল: আজিকে সে আয়োজনের পূর্ণতা প্রাপ্তি ত্রবাতে ভাষাদের ঐ সংমিলন এবং সংমিলনের পরিণামস্বরূপ ঐ ঘটনার উপস্থিতি হইয়াছে। হঠাৎ বা দৈবাতের নামগন্ধও উহাতে নাই।

অতএব বাছারাম, ঐ বে আকাশক্ষেত্রের গভীরগর্ভনিহিত গণনা-তীত দূর নীহারিকাপুঞ্জ, অথবা সংসারক্ষেত্রে সেই যে অলক্ষিত বা পরিতাক্ত পদার্থনিকর, যাহা দেখিয়া ভাবিতেছ যে তোমাদের সঙ্গে পরস্পারের কোন সম্বন্ধ নাই; তোমাদের সঙ্গে কোন কালে সংস্রবে আসিবার সম্ভাবনা নাই; অথবা কোন কালে ছিলও না; তাহা তোমার ভ্রম। উহাদের সঙ্গে তোমাদের সকল সম্বন্ধই আছে, এবং এক সময়ে অবশ্যই সকলে একতায় এবং ঘনিষ্ঠতায় আসিবে। সকলেই তোমরা এক ক্রিয়াবাটীর কর্মকারক, প্রত্যেকে এখন বিভিন্ন সহরে বিভিন্ন বাজারে বাজার । করিয়া ফিরিতেছ মাত্র। যথন বাজার পূর্ণ হইবে, বহিত্র মণের আবিশাক শেষ হইবে, তথন ক্রিয়াবাড়ী না ঘাইয়া, আর কোথায়,—মার কোন বাড়ীতে গিয়া উপস্থিত হইবে ? এখন তোমার বাজার সে জানিতেছে না, বা তাহার বাজার তুমি জানিতেছ না; কিন্তু সকল বাজার যথন কর্মাকর্তার বাড়ী আদিয়া একত্র মিলিবে, তথন যদি দেখিবার উপযুক্ত হও, দেখিতে পাইবে কাহার বাজার কি জন্য, কাহার বাজার কি জিনিস লইয়া, এবং সেই বাজার সমষ্টি কি পূর্গ, কি অপূর্মণ এই বিশ্বদেশে তোমরা জড় ও অজড় সকলে সেই একই কর্মকে ভারে এক শ্রেণি হক্ত কর্মকারক, এবং একই কর্মের অংশ ও পর্য্যায়াদি স্থদম্পাদনের নিমিত্ত এই বৈচিত্রময়ী স্বষ্টতে তোমানের উৎপত্তি: তোমরা সকলে একপরিবারস্থ, কার্য্যবশে এথন বিভিন্ন দেশে বাস করিতেছ এই মাত্র বিভিন্নতা।

এখন দেখ, মানবীয় কর্মক্ষেত্র কি আনস্ত-প্রবাহী, কিরূপ দিগন্ত-প্রদারিত, এবং বৃহত্তন হইতে কৃদ্ধতনের মধ্যেও কি সম্বন্ধনৈকটা। আরও দেখ, আমরা যে বৃহত্তনের নিকট কৃদ্ধতনকে বসাইতে বা সংস্রবে আনিতে লজ্জাবোধ করিয়া থাকি, তাহাই বা কি ভ্রমপ্রমাদের কার্যা। যে আবর্ত্তন ও বিবর্ত্তনে সামান্য একটা কীটাণু এই মূহর্জে এই পৃথিবীতলে শক্তি সঞ্চালন করিয়া গমন করিতেছে, জানিও, বৈজ্ঞানিক বিবিধ প্রকরণেও জানিতে পারিবে, সেই আবর্ত্তন ও বিবর্ত্তন-

বেগ কেবল সেই কীটাণুপার্শেই পর্য্যবিদিত নহে, তাহা সমস্ত পৃথিবী, সৌরমণ্ডল ও সৌরজগৎ, তদতীতে দূর আকাশন্থ নীহারিকা, এবং তাহার পরেও যাহা কিছু আছে, তাহাকে পর্য্যন্ত যথা পরিমাণে শক্তি-বিকম্পিত করিয়া তুলিতেছে।, তারে তারে আকাশপিগুগন, পিওস্থ-গণ, অথবা এক কথায় সমস্ত বিশ্বহ্মাণ্ড, কি স্থান্ত গ্রন্থনেই গ্রাথিত। এই অপার অপরিদীম অথচ এক ফুত্রে গ্রথিত বিরাট বিশ্বক্ষেত্র, যাহা বিরাট পুরুষ কর্ত্তক নিয়োজিত কর্মক্ষেত্র, ইহা কি আশ্চর্য্য, কি অচিন্ত-নীয় ! সমগ্রতঃ মহাশক্তি এবং তদংশাবতার স্বরূপ তাবৎ খণ্ড শক্তি, মহাকর্ম এবং তাহার কর্মাংশ সম্পাদনে নিয়োজিত: যে যেরূপ কালে ও যেরপ ক্ষেত্রদেশে পতিত, সে সেইরপে স্বীয় স্বীয় আত্মসার্থকতা সাধন করিতেছে। তুমিও সেই শক্তিথণ্ডসমূহের মধ্যে একটি থণ্ড অবতার স্বরূপ, স্কুতরাং কোমারও এই কর্মক্ষেত্রের কর্মাংশ সম্পাদন হেতৃ উদ্ভব। অনন্ত কালের এই খণ্ডে তোমার আবেশ্যক, এই জন্য তুমি এখন উদিত: এখানে কর্মপ্রবাহ মধ্যে গত আয়োজনবিশেষে আছতি প্রদান ভিন্ন, তোমার উদয়ের আর কি উদ্দেশ্য বলিয়া ধরিব ? বস্তুতঃ তাহাই। বেমন অনন্ত আয়োজনফলে তোমার উৎপত্তি, তেমনি আবার অনাগত অনস্ত উৎপত্তি তোমার আয়োজনফলের উপর নির্ভর করিতেছে। তুমি তাবং বিগত কালের সম্ভতি স্বরূপ, এবং তাবং অনাগত কালের জনক স্বরূপ; অতীত ও অনাগত এই যুগ-দ্বয়ের সান্ধিস্তলে তোমার অবস্থিতি। সমস্ত বিগতকাল,—তাহার সেই আদি স্টে, জগৎস্টি, সমস্ত উদয় বিলয় আবর্তন বিবর্তন ও পরিবর্তন, সমস্ত লোক ও লোকচার, সমস্ত আবিষ্কার, শিল্পসাহিতা কলকৌশল ক্রিয়া কর্ম বিদ্যা বদ্ধি ও কল্পনা,একা তোমাতে মূর্ত্তিমান; সেইরূপ সমস্ত অনাগত কালের তত্তৎ তাবৎ বিষয়ের সৃন্ম বীজ দকল একা তোমাতে বর্ত্তমান। সমস্ত বিগত কালের তুমি অবতার স্বরূপ, সমস্ত অনাগত কালের তুমি অবাক্ত হিরণাগর্ভ সদৃশ;—এবস্থৃত বুদ্ধিতে ক্ষণেক আপনাকে আপনি আঅপরিক্রাত হও, তথন বুঝিতে পারিবে যে, এই

গুরুভার ঘাহার উপর নাস্ত, তাহার আত্ম-জীবনের উপর কতটা অমুধ্যান করিয়া, কতটা ইতিকর্ত্তব্যতা স্থির করিয়া, চলা উচিত। এরূপ অপরিমিত নির্ভর যাহার উপরে, দে যদি এখন মিখ্যাকে অবলম্বন ও কর্মহানি দারা বিখাস্ঘাতকতার আশ্রু লয়, তাহা হইলে তাহার পুরস্কার বা তিরস্কারের জন্য ঈশ্বর যে কি তুলিয়া রাথিয়াছেন, তাহা তিনিই জানেন। মিণ্যার অর্থ, শূন্য—অসং বা পাপ। প্রাকৃতিক অসং যাহা, তাহা হইতে এ অসং স্বতন্ত্র, যেহেতু ইহা স্বেচ্ছাশক্তি-সম্ভূত, স্থুতরাং স্বেচ্ছাবান অবশা ইহার নিমিত্ত দায়ী। প্রাকৃতিক অসং বাহা তাহা কার্য্য-অগ্রসারক, আর স্বেচ্ছাসমূত অসং বাহা তাহা কার্যোর হানিকারক। এই মিগাা, শুনাতা বা অসংকে আশ্রয করিলে, কর্ম্মপথে অগ্রসর হইবার সম্ভাবনা নাই। যে পরিমাণে আশ্রম করা যায়, সেই পরিমাণে কর্ম পণ্ড হয়,—"না বস্তুনা বস্তুদিদ্ধিঃ"; এবং সেই পরিমাণে জীবনের উদ্দেশ্য, স্থৃতরাং জীবনও পণ্ড হইয়া থাকে। প্রোক্ত অনন্ত পরিণামিতা হেতু,পাপ ও পুণ্য এবং তাহাদের যে ফলাফল, কেমন করিয়া বলিব যে তাহারাও অনম্ভ নহে ? কিন্তু মহাপ্রকৃতিকৃত তজ্জন্য যে প্রায়শ্চিত্ত এবং হরণপূরণ তাহাও ত অনন্তপ্রসারী !--তবে কি এরূপ কৌশলক্রমেই বিশ্ববিধাতার সেই মহান আদালতে বিচার এবং দরা, কাঠিন্ত এবং করুণা, শান্তি এবং শান্তি, উভয়ের যুগপৎ সমাবেশ সাধন হয় ? কে বলিবে ? কি বলিব ? জানি না,—"বস্তাবেদং তস্ত বেদং বেদং যস্তান বেদ স।"

কিন্তু বাঞ্চারাম, তাই বলিয়া মনে ভাবিও না এবং কীট, কীটারু, ঢিল, পাটকেল দর্শহিয়াও বলিও না বে,আমি মিথ্যার আশ্রম লইলেও, নি:সন্দেহ তাহাদের অপেক্ষা, আমার হারা জ্ঞানতঃ বা অজ্ঞানতঃ অনেক অধিক পরিমাণে কার্য্য সম্পাদিত হইতেছে; স্কুতরাং আমার জীবনও যে একেবারে র্থা তাহা কেমন করিয়া বলিব; অতএব কেন আমাকে স্কুল আহার বিহার হইতে অপুসারিত করিবার চেষ্টা পাইতেছ ? রাম, রাম, বাঞ্ারাম! সে চেষ্টা যেন কেহ না পায়! ভূমি সক্তদে আহার বিহার কর, কিছুমাত্র তাহাতে আপত্তি নাই, কিন্তু তাহার পরিমাণ করিও; এবং স্থভাবে ও স্বভ্লে আহার বিহার সঞ্চয় ও সভোগ করিতে পারিলে, তাহাও সহাকর্ম মধ্যে পণনীয় বলিয়া জানিবে; অধিকন্ত, অবসরকাল অপব্যয় করিও না। এ কর্মান্দেত্রে কে কত কর্মারাশি সমুংপাদন করিল, তাহা লইরা কর্ম্মের পরিমাণ নহে; কে কর্মার্থে কতথানি নিজ নিজ প্রাপ্ত শক্তির সন্মায় করিল, তাহা লইয়াই পরিমাণ। কন্ট্রাক্তের বন্দোব্ত এখানে নাই; মুনিবে যতটা দেয় তাহারই হিসাব লইয়া থাকে, এবং চাকরও সেই হিসাব দিতে বাধা, নহিলে শান্তি আছে।

তোমার স্বারও এক অতি প্রিয়ত্তম এবং চিরপোষিত কুতর্ক আছে।--তুমি বলিয়া থাক, এরূপ না করিরা, আমাদিগকে এরপ ছাঁদেবাঁধে না ফেলিয়া, এরপ দীর্ঘকাল-সাপেক্ষতার অপেক্ষা না রাখিয়া, এরপ এরপ করিলেই, ঈধর ত তাঁহার কার্যা অনায়াদে মুদিদ্ধ করিতে পারিতেন: এবং তিনি যথন সর্বাশক্তিমান, তথন তাঁচার তাহা করিবারও ত কোন বাধা ছিল না; বাড়ার ভাগ আমা-দিলের, এই ক্লেশময় দংদারে, এতটা উঠা পড়া হইতে অব্যাহতি হইতে পারিত। বাঞ্চারাম ইংরেজীতে একটি প্রবাদবাক্য আছে যে, মন্দ কারিগর যাহারা, তাহারাই আপেন আপন অস্তের দঙ্গে কোন্দল কবিয়া থাকে। যাহারা মালদা-প্রায়ণ এবং অকর্মা, তাহারা পার্ম্বত সকল প্রাপ্তকেই অস্থবিধাপূর্ণ বলিয়া দেখিয়া থাকে, ইহ জন্মে जाशास्त्र स्विथा अवर स्वरथत मिन अकिनन अविराम ना। तिकूर्यत আশ্রয়ন্তান অদষ্ট: কাপুরুষের আশ্রয়ন্থান দৈব; অকর্মার আশ্রয়ন্থান . আগত্ত পাছু বিবেচনা; আল্ব্যুপরায়ণের আশ্রয়স্থান দিনক্ষণ; এবং এই চতুর্বিধ পুরুষত্বের পুনঃ যেথানে একাধারে সমাবেশ, তথাকার আশ্রয়ন্থান অসম্ভবতা এবং অভাব ,—স্থাব্যবোধ ও সাধনের দেখা কথনই ইহারা পায় না। প্রকৃত মনুষানামের উপযুক্ত যে, তাহার স্বভাব ওরপ নহে। কর্ম শব্দের প্রকৃত অর্থই অনিয়ম স্থলে নিয়ম

প্রকটন, অস্থবিধার স্থবিধাস্থাপন, অপূর্ণতার পূর্ণতাসাধন। স্থতরাং প্রকৃত কর্মক্ষম বে, সে অনিয়ম, অস্থবিধা, অপূর্ণতা দেখিরা, কন্দোল করিবে কি জন্য ? বরং অনিয়ম, অস্থবিধা, অপূর্ণতা বে পরিমাণে অধিক হর, সে সেই পরিমাণে স্রষ্টার নিকট এতদর্থে কৃতজ্ঞ হইয়া থাকে যে, তাহাকেও এতজ্রপ স্থমহৎ কর্ম্ম সম্পাদনার্থে উপযুক্ত বলিয়া বিবেচিত এবং নিয়োজিত করা হইয়াছে। ইহা তাহার ত্রুথ ও প্রলাপের স্থল না হইয়া আত্মগরিমার স্থল হয়,— যদি কখন এরপ লোকের আত্মগরিমার প্রবৃত্তি জন্মে। সাধারণতঃ প্রকৃতি বেখানে যত উচ্চ, আত্মগরিমার দেখানে তত অভাব। কিন্তু এক কণা, সংসারক্ষেত্রে ধর্ম্মের যাঁড় স্বরূপ এবং পরভাগ্যোপজীবী ভাক্ত যোগী পুরুষ যেরূপ আত্মগরিমাশুনা হইতে বলেন, তাহা অতি নৈরাশাকর ও আত্মধ্বংস্কর পদার্থ। হয়ত দেরূপ আত্মগরিমা ও অহংবৃদ্ধি পরিত্যাপে সাধু এবং যোগী হইতে পারা যায়, হয়ত সেরূপ যোগী হইলে মোক্ষও লাভ হয়, কিন্ধ এটা নিশ্চর যে, সেরূপ যোগী পুরুষের দ্বারা পৃথিবী এ পর্যান্ত কথন ও সাক্ষাৎ সম্বন্ধে ও গণনীয়রপে উপকৃত হয় নাই, হইতেছে না. এবং হইবে যে এমন আশাও দেখা যায় না। গর্কিত আত্মগরিমা অবশ্য নহে,—কিন্তু আত্মদমানবোধ ও স্বায় প্রকৃতির অটুট সংরক্ষণই, এ সংসারে উন্নতিপথের পরম নিদান। তুমি যাইতেছ, অহংত্যাগে নাহং বা সোহহং ধরিয়া যোগী হইতে: আর তোমার স্বজাতি যাইতেছে নানা ব্যতিক্রমে ধ্বংস ও লোপ পাইতে;—এরপ যোগ যোগী ও তাহার নীতি, এ তিনেরই পোড়া কপাল!

দে যাহা হউক, একণে তোমাদিগকে বিজ্ঞাদা করি, স্টি যদি এরপ না হইত এবং ভোমার সম্পাদ্য কর্ম তাহাতে যদি কিছু না থাকিত, তাহা হইলে ভোমার পকে দেটা আয়েদের বিষয় অনেকটা হইত সন্দেহ নাই; কিছ সেরপ কেত্রে তোমার উৎপত্তিপকে প্রয়োজন রহিত কোথার, স্কুতরাং তুমিই বা থাকিতে কোথার ?—অকারণে কিছু তোমার স্টে প্রত্যাশা করিতে পার না। তাহার পর, কে বলিব যে এ সংসারে কেবল উঠা পড়া করিতে স্মষ্টি ? যদি উঠা পড়া কয়,ভবে সে জাপন দোৰে। কোথার দেখিয়াছ, নিক্স্মা আল্স্য-প্রারণের নিমিত্ত স্থবিধা এবং মুখরাশি সঞ্চিত হইয়া রহিয়াছে? সত্য বটে, ঈশ্বর অনারাদে দেইরূপ, তোমার মতলব মত, স্টে করিতে পারি-एजन, এবং পারেনও তিনি সকলই ;--তথাপি করেন নাই কি জন্য ? করিতেছেন না কি জনা !- এখানে একই উত্তর, তাঁহার ইচ্ছা। ইহাও বোধ করি, খীকার করিতে কুণ্ডিত হইবে না যে, **তুমি স্**ষ্ট, আর ঈশ্বর যিনি তিনি প্রষ্ঠা; স্থতরাং তোমার ইচ্ছা অসংপক্ষা, তোমার স্বৃষ্টিকর্তা যিনি তাঁহার ইচ্ছা অবশ্য অনন্ত পরিমাণে উল্লত এবং পরিণামদুশী চুটবার কথা। ভাল, তাহাও না হউক। এখন এরূপ করিলে ভাল হইত, ইহা তোমার যুক্তি এবং ইচ্ছা; সেরূপ সেরপ করিলে যাহা হয়, হইতেছে এবং হইবে ইহা তাঁহার ইচ্ছা; ষ্মত এব এখন প্রভেদ দেখা যাইতেছে কেবল ইচ্ছা-স্বাতম্ব্রো। ইচ্ছা-স্বতিষ্ক্রাত এ সংসারে জনে জনে পুথক, তবে তাহার জন্য কেন এত গওগোল ? বাঞ্চারাম, তোমার আরেও একটা প্রধান ভুল, স্টের সমর ঈশ্বরকে প্রামর্শ দিবার জন্য তুমি উপস্থিত ছিলে না। যাহা হউক, যুখন প্রামুশ অভাবে তিনি একটা ক্রিয়া ফেলিয়াছেন, তুখন আর হাত পথ কি ? বিশেষতঃ তুমি যথন স্পষ্ঠ এবং তিনি যথন স্ৰষ্ঠা, তথন তোমাকে কাজেই এখন তাঁহার ইচ্ছামত চলিতে হইবে: ইহা ভিন্ন আর উপার কি আছে ? অথবা বলিতে পার, এমন কোন কালে কখন ঈশ্বের সঙ্গে ডোমার কিছু লেখাপড়া ছিল কি না যে যাহাতে ভোষার যুক্তি এবং ইচ্ছা অনুসারে ঐশ্বিক যুক্তি ও ইচ্ছাকে শাসিত ও কার্যো প্রবর্ত্তিত হইতে হইবে ? মূর্ধ ! যদি না থাকে, তবে ক্ষান্ত হও, তোমার ভর্কদর্শন দূরে ফেলিয়া দেও। লক্ষ্যোগে উর্জগমনশক্তি আছে বলিয়াই, চন্দ্র লোকে যাইতে সমর্থ নহি! আত্মকর্ম ব্রিতে বে যুক্তিশক্তি পাইয়াছি, তদ্বারা ঐশবিক কর্মাও যে বুঝিতে সমর্থ হইব, তাহা সন্তব হুইতে পারে কিরুপে ? অতএব ঐশ্বিক উদ্দেশ্য লইয়া বাগ্বিতঞায রত হইও না। আত্মশক্তির পরিমাণ কি এবং তাহার সামর্থ্য ও সাথকতা কতন্বে ও কোথার, তাহারই অবধারণে রত হও। তুমি কর্মক্তের কর্মকারক মজ্ব, মজ্বের সঙ্গে কর্মা-উদ্দেশ্যের সম্বন্ধ থাকিয়া থাকে কবে ? অতএব শেষ কথা এই,—যদি অনাহারে ধ্বংস পাইতে না চাহ, যদি বেতন বা থোরাকীর প্রত্যাশা রাথ, তবে কার্যারত হও; তোমারও উদরপূর্ত্তি হইবে, কার্যাযামীরও কার্য্য সম্পন্ন হইবে, এবং প্রতিবেশিবর্গও তোমার জালাতন হইতে রক্ষা পাইবে। পর্জ্ত খ্ব তাল কার্য্য করিতে পার, কার্য্য-স্থামীর প্রিয় হইতে পার, তাহা হইলে একদিন এমনও আশা করিতে পার যে, কার্য্য-স্থামী হয়ত তাহার কার্য্যতত্বাধ্যে কিছু কিছু প্রবেশাধিকার তোমাকে প্রদান করিতেও করিতে পারেন।

আর এক কথা। সংস্কৃত কবি বথার্থ ই বলিয়াছেন যে, পৃথিবীতে যত প্রকারের কর্মভোগ আছে, তাহার মধ্যে অব্রুকে বুঝাইতে যাওয়ার তুল্য ক্লেশকর কর্মভোগ আর নাই। অবুঝের জ্ঞান এবং দর্শন সমস্তই বচনগত বা লাক্ষণিক, অন্তর বা মূলের সঙ্গে কোন সম্বন্ধ নাই; এবং কুতর্কের অন্ত্রশস্ত্র বাহা কিছু তাহাও হাতের উপর, অন্তঃস্থলে অন্তুসদ্ধান করিতে বড় একটা হয় না। তুমি আজীবন শ্রম এবং জীবনবায়ে তত্তাত্মন্ধান করিয়া একটা কথা বল; সে মুহুর্তমাত্রের খেয়ালী তর্কে তাহা উড়াইতে অগ্রসর হইবে, মৃহুর্তুমাত্রও তাহার ভিতরে অফুধাবন ও অমুধ্যান করিয়া দেথিবে না। চুরি করিও না ;--অবুঝ ৰলিল উহা পাপ নহে, যেহেতু অভাব হইতে চুরি;—সমাজ কেন তাহার সে অভাব দূর করে নাই ? উচ্চ নিসর্গতত্ত্ব পরিত্যাগ করিয়া, সাধারণতত্ত্বে ভূমি উত্তর দেও—"যে লোকধর্ম আপত্তিহীন ভাবে সর্ক্রসাধারণতঃ গৃহীত হইতে না পারে, যাহা ব্যক্তিবিশেষের উপকারক হইলেও সাধারণতঃ অপকারক, তাহা পাপ।" অবুঝ হাঁসিয়া উড়াইল—"উহা কেবল কথার রাশি মাত্র।" যে নিরক্ষর ব্যক্তি অক্ষরকে কেবল কালী বা কয়লার আঁচড় বলিয়া দেখিয়া থাকে,তাহাকে বেদ-বচনের মাহাত্ম্য হৃদয়ঙ্গম করাইতে যাওয়া

ষড় সহজ বাপার নহে। বাপু বৃদ্ধিনান্, এ বিশ্বসংগার ক্রীড়ার বস্তু নহে, মৃতিনান অভিনীয় ঈশ্বরপ্রতিরূপ। তর্ক করিও না; সেই শুফ্ দর্শনীয় বিষয় দেখিতে তাহারই উপযুক্ত মানসিক ভাবে দর্শন ও অন্থ্যান করিতে চেষ্টা কর, তাহাতেই কেবল জ্ঞানপথে সফলতার সম্ভাবনা, নতুবা নহে। আধ্যাত্মিক আদি ত্রিবিধ জগতের কোথাও, কি ধনে কি জ্ঞানে, ভাগালক্ষ্মী আপনা হইতে স্বয়ম্বরা কাহাকে হয়েন না; তাহা হইলে ভাবনা ছিল কি ? এ সংসারে বিনা মূল্যে বা বিনা প্রায়শ্চিত্তে কোন বস্তুই লাভের সম্ভাবনা নাই।

বাপু বাঞ্রাম, একণে তোমার সঙ্গে বক্কেররী ক্ষণেকের জন্য ক্ষান্ত ছউক, আমি মূল প্রস্তাবের অন্নরণ করি।

আমরা ভারতসন্তান, গ্রীকভাগ্য পর্যাবেক্ষণে আমাদিগের আর তত আবশ্যকতা দেখিতেছি না। ভারতভাগ্য সমালোচন এবং পর্যাবেক্ষণই আপাততঃ আমাদিগের উদ্দেশ্য,এবং লোকতঃ ধর্মতঃ উহা কর্ত্তব্যত বটে। স্থতরাং তাহারই যথাকথঞ্চিং অনুসরণ করা যাউক। তাহাতে ফল আছে।

আমরা যথাযথ সমালোচনা করিয়া আসিয়াছি বে, ইহ সংসারে
থ্রীক্ এবং হিন্দু, স্ব স্ব সামান্তমধ্যে, বিভিন্নজাতীয় বিবিধ কারণমূহের
সমবারে,কিরূপ বিভিন্ন স্বভাবে গঠিত,বর্দ্ধিত এবং পূর্ণতা প্রাপ্ত হইরাছে।
হিন্দুলাতি পারলোকিক গুণ-প্রধান হইয়া নৈতিক মন্ত্রাছে, স্কতরাং
প্রকৃতির কোমনতাতেও, শ্রেষ্ঠতা এবং পূর্ণতা লাভ করিয়াছে; সেইরূপ
থ্রীকেরা ঠিক তাহার বিপরীত দিকে লোকিক-গুণ-প্রধান হইয়া, বীরমন্ত্রাছে, স্কতরাং প্রকৃতির কাঠিন্যেও, শ্রেষ্ঠতা এবং পূর্ণতা প্রাপ্ত
হইয়াছে। হিন্দু স্বভাব পারলোকিক-গুণ-প্রধান, গ্রীক স্বভাব লোকিকগুণ-প্রধান। হিন্দু রাহ্মণ, গ্রীক ক্ষরিয়। কানবিয়ব, রাষ্ট্রবিয়ব,
স্বস্থাবিয়বেও, তাহানিপের এই স্ব স্বভাবের অপলোপ হয় নাই;
থবং নিস্কেছও একেবারে হইয়া যাইতে পার নাই। ইহারা তত্তং

বিষয়ে এতদুর শ্রেষ্ঠতা লাভ করিয়াছিল যে, এখনও, পতিত হইরাও, জগংকে স্বভাবে প্রতিভাসিত ও জগতের নিকট হইতে গৌরব **আকর্ষণ** করিতে কান্ত হইতেছে না। গ্রীক অধঃপাতিত হইয়াও, সমগ্র ইউ-রোপ ও আমেরিক খণ্ডকে জ্ঞানবিজ্ঞানাদির স্থা ধরাইয়া দিয়াছে এবং দিতেছে; এবং সাময়িক প্রভুরা গ্রীককে পদর্শলত করিলেও, গ্রীকের শিক্ষা-পদার্থকে মন্তকে স্থাপিয়া বেড়াইয়াছে। আর ভারত? ঘূণিত, নিন্দিত, উৎপীড়িত, দীর্ঘকাল পরপদে দলিত : তথাপি ভারত আজি পর্য্যন্ত জগতের এক তৃতীয়াংশ মানববর্গকে ধর্মশিক্ষায় দীক্ষিত করিতেছে। খরে আজিকালি ভারতেও ছুচোর কার্তন চলিতেছে বটে, কিন্ত বাহিরে স্বার্থত্যাগী প্রহিতকারী ভারতের বহিঃশিষ্যগণ আজি পর্যান্ত জগতের যাবতীয় ধর্মাপেক্ষা, স্থবসাধ্য ধর্মালোচনায় জীবনাতি-বাহিত করিতে দক্ষম হইতেছে। দেই গ্রীক এবং হিন্দু, ঘাহারা এত দিন স্বতন্ত্রভাবে সংস্রবশূন্য হইয়া, পরিবর্দ্ধিত বা পতিত হইয়া আদিতেছিল; বিশ্বনিরস্তা এবং স্রষ্টার অপরিজ্ঞের অভিপ্রায় দিদ্ধার্থে আজিকে পাশ্চাতা দার দিয়া পরম্পর গুণ-বিনিময় ইত্যাদি হেতু, উভয় উভয়তঃ সংমিলিত হইতে আসিয়াছে। গ্রীক একা আইসে নাই, সমগ্র ইউরোপ দকে লইয়া আদিয়াছে। পশ্চিম সমুদ্র হইতে পূর্ব্ব সমূদ্র আজি দূরত্ববিহীন হইরাছে; সেধানকার সেথান এবং এখানকার এখান আজি এক হইন্না গিন্নাছে। কালে এইরূপই হ**ইন্না** থাকে ৷

কিন্তু পরম্পরের মধ্যে এই অন্তুচ, অভ্তপূর্ব গুণ-বিনিমরে, গুণগ্রহণে এবং গুণত্যাগে, তাহাদের মধ্যে অভাবেরও কি না পরিবর্ত্তন ঘটিতে পারে? অথবা আর সকলের কথার এখন কাজ কি, ভারতের কথাই হউক।—তবে কি এখন, এই বিনিমর প্রভৃতিতে, ভারতের অভাবেরও পরিবর্তন হইবে? তাহা কিন্তুপে সম্ভবে? উপরে দেখিরা আসিয়াছি যে, ভারত পতিত, পদদলিত, বলতাড়িত হইয়াও এ পর্যান্ত আসুস্থভাব প্রিভাগে করে নাই। যদি এতদিন না করিয়া পাঁকে,

তবে এখন যে করিবে এটা সম্ভবপর বলিয়াবোধ হয় না। সংসারে ষাহা কিছু লোভনীয় ও প্রার্থনীয়, তাহা যথন সকলেই প্রায় একে একে বাইতেছে, ছর্দশার বোর তরঙ্গ যথন চতুর্দিকে আফলেন করিয়া ফিরিতেছে; তথনও যে ভারত, দে সকলে দৃক্পাতশূন্য হইয়া, মৃত্যুতেও জীবিতবৎ কেবল স্বোপার্জিত ধর্ম ও নৈতিক আলোচনা লইয়া ফিরিতে পারে এবং তাহার মধ্য হইতেও জীবনকে পুষ্টিদান করিতে সমর্থ হয়, সে ভারতের যে কথনও আত্মলোপ ও স্বভারলোপ ঘটিয়া উঠিবে. এমনটা সহজে বিশ্বাস হয় না। নানা বিপ্লবের মধ্যেও যেখানে চৈতন্য, কবীর, নানক প্রভৃতি অসংখ্য ধর্ম-শিক্ষকের উদ্ভব: (एथारन वर्र्डमान मगरप्रराज्ध ममाजगर्या नानाविध धर्म ७ रेनजिक বিপ্লবের তরঙ্গ তৃফান চলিয়াছে; যে জাতির গৃহনীতি, সমাজনীতি, জীবননীতি, ধর্মনীতি এবং আরও যে কিছু নীতি, সমস্তই তামসিক লোকনয়নকে তুচ্ছ করিয়া, যথাসভাব দেশকালপাত্রাহুরূপ সংবর্দ্ধিত হইয়াছে; তুমি কি মনে কর, আজিকে এই পাশ্চাতাদংশ্রব হেতু তাহাদের দেই স্বভাবের পরিবর্তন ঘটনা হইবে, না কথনও হইতে পারে ! রক্ত পরিবর্ত্তন করিতে পার যদি, তবে পরিবর্ত্তন কথঞ্চিৎ সম্ভবিতে পারে, নতুবা নহে।

স্থভাব অপারবর্তনীর, অথচ এই মিশামিশি হইতে চলিয়াছে।
এমন স্থলে এখন আমাদিগের কর্ত্তির কি,—আমরা কি ইংলগুগামী নবীন
য্বড়দিগের ন্যায় এখন হিন্দু ঘুচিয়া রংদার মেটে ফিরিঙ্গী হইব এবং
গৃহলক্ষাদিগকে রংদারিশী ও ফিরিঙ্গিয়াণী সাজাইব; অথবা আমরা
ধেমন নবীন সভাতা বা কুকুরর্ত্তির থাতিরে থানসামার সাজে ভূষিত
হই, তেমনি গৃহলক্ষাদিগকেও আয়া করিয়া তুলিব; অথবা গতিশীল
কালের বিরুদ্ধে বংথান্থিত তথাভাবে অবহান জন্য প্রতিজ্ঞাবদ্ধ হইয়া,
অব্যবহিত পূর্বগত হিন্দুভাবে হিন্দু থাকিতে চেষ্টা করিব? কিয়
এ ক্য়েকটার একটাও যুক্তিসিদ্ধ এবং প্রকৃতিসিদ্ধ বলিয়া বোধ হয় না।
প্রথমতঃ, হিন্দুসন্তান ফিরিঙ্গী এবং গৃহলক্ষা ফিরিঙ্গিয়াণী উভরই

প্রকৃতির গর্ভপাব ; ভবরঙ্গভূমে অন্তঃসারশূন্য সং-বিশেষ, সংসারকশ্ব-ক্ষেত্রে অকার্য্যকর ও রং-মাথান মাথাল ফল। দ্বিতীয়তঃ, অব্যবহিত পূর্বগত হিন্দুভাবে থাকিতে যাওয়া, দেও কালের বিরুদ্ধে সংগ্রাম মাত্র; এবং এরূপ অসম সংগ্রামে কেহ কখনও জয়লাভ করিতে পারে নাই, বরং তদ্বিপরীতে ধ্বংস হইতেই দেখা যায়। বিশেষতঃ এই প্রাকৃতিক কর্মকটাছে, নিত্য এবং অভাবনীয় পাচনক্রিয়ার বিষয়ীভূত যে, তাহার পূর্বভাবে বদিয়া থাকা অস্কুব। যে নিয়মে, य अनानीरज, आहीन ভারতে জীবনযাত্রা ও সামাজিক কার্য্য সকল নির্বাহ হইত: যাহা কিছু সাবেক ধরণের: তাহারা সকলেই একে একে বিগত হইয়া গিয়াছে ও যাইতেছে: সকলেই একে একে পক্ষীর জীর্ণ পালকবৎ অঙ্গচাত হইয়া আপনাপনি থসিয়া পড়িতেছে; সকলেই প্রভৃতি তাবৎ, কালপ্রবাহে বিলীনোন্মথ ভাসমান হইয়া চলিয়াছে; আরও দৃষ্টি প্রদারিত করিলে আরও দেখিতে পাইবে, ঠিক দে বিলয়ের কোলে কোলে আরে এক সমজাতীয় কিন্তু অভূতপূর্ব ও নূতন পদার্থরূপের নব উৎপত্তির স্ত্রপাত হইয়া আদিতেছে। এতদ্বারা ইহাই স্পষ্টতঃ লক্ষিত হইতেছে যে, ভারতের প্রাচীন জীর্ণ বেশের ধ্বংস ও তৎপরিবর্ত্তে নৃতন বেশের আবির্ভাব অনিবার্য্য এবং তাহা আগতপ্রায়। সর্ব্বত্রই, প্রাচীন বেশের ধ্বংদ এবং নৃতন বেশের আবির্ভাব চিহ্ন পরি-লক্ষিত হইতেছে। এ সময়ে যে প্রাচান রীত্যাদি ধরিয়া বসিয়া থাকিতে চাহিবে এবং অগ্রসর হওয়ার জন্য প্রস্তুত হইতে চাহিবে না, সে ব্যক্তি নিঃসন্দেহ এবং পূর্ণমাত্রায় বাতুল! আমাদের এ বর্ত্তমান অসার হিন্দুয়ানী ভাব নিপাত হইবে; তাহাতে আটক করিতে यां बत्रा दूशी जेनाम ७ दूशी टिष्टी, करन जाहा नमस्त्रद अनवादहाद माळ !

বাঞ্যাম, তোমার চিরশ্রত নৈয়ায়িকের উপন্যাস স্বরণ আছে
কি ? নৈয়ায়িকের প্রতাহ লেবু চুরি যাইত, নৈয়ায়িক আজি চোর
ধরিবেন। অত্এব ন্যায়য়ুক্তিতে সিদ্ধাস্ত হুইল যে, চোর পালাইবার

পথ মাত্র তিন দিকে, তাহার এক দিকে তিনি দাঁড়াইবেন, স্থতরাং সে দিক্ বন্ধ ; অপর দিকে ভাতবধু—একে পরদার তায় ভাতৃবধূ, স্থুতরাং অস্পর্শনীয়া, কাজেই সে দিকও বন্ধ: তৃতীয় দিকে আঁস্তাকুড়, অশুচির আকর, স্বতরাং দে দিকের ত কথাই নাই; এইরূপে তিন দিকই আবদ্ধ; এখন চোর ঘাইবে কোথায়।—চোর এমন সময় আঁন্তাকুড় ভাঙ্গিয়া পলায়ন করিল। চোর পলাইয়া যাউক, কিন্তু নৈয়া-शित्कत नगारात (नाम कि ? जाशांत खाननर्गत नगांत्र किंकरे श्रेतां हिन. এবং চোরও অমুরূপ নিষ্ঠাসম্পন্ন ব্রাহ্মণপঞ্জিত হইলে ধরা পড়িলেও পড়িতে পারিত। কিন্তু চোর ব্রাহ্মণপণ্ডিত ছিল না; এ সংসারে কেবল ব্রাহ্মণপঞ্জিত বাস করে না। এখানে দোষ ন্যায়ের নহে. দোষ নৈয়ায়িকের বছদর্শিতায় যে ত্রুটি, তাহার। নৈয়ায়িকের জানা উচিত ছিল যে,চোর অধ্যাপক বা ন্ধণপণ্ডিত নহে, এবং পরস্ত্রী ভ্রাতৃবধূ অথবা আঁস্তাকুড়ও মানে না; ইহা জানিয়া তাহার উপরে যদি স্থায় খাটাইতে পারিতেন, তাহা হইলে অভীষ্টসিদ্ধির সম্ভাবনা ছিল। আর এক উপায়ে চোরধৃতির সম্ভাবনা ছিল,—আঁস্তাকুড় ভাঙ্গিয়া চোরের সঙ্গে দৌড়, কিন্তু তাহাতে ফল যত হউক না হউক, চোরের সঙ্গে সম অপবিত্রতা এবং অনভাস্ত দৌডে শারীরিক ক্রেশাদির প্রাপ্তি. অপ্রিমিত ঘটিত স্লেহ নাই। ভারতস্থান, তমিও তোমার বর্তমান অবস্থায় আপনাকে এই নৈয়ায়িকের স্থলাভিষিক্ত বলিয়া জানিও। তোমাকৈ বলি, অপবিত্রতা এবং অনভাস্ত দৌড় জন্য ক্লেশাদি প্রাপ্তি, তুমিও পারতপক্ষে পরিহার করিবে; তুমি যে পবিত্র আর্য্য হিন্দু সেই हिन्दृहे थाकित्व, अथह कतित्व कि ?— जामात हिन्दृशानीत्क नकीर्प দর্শন এবং সঙ্কীর্ণ কর্ম্মভূমি হইতে উঠাইয়া বছদর্শনভিত্তির উপরে এবং বিশ্বকর্মভূমিতে স্থাপন করিবে। আপন রন্ধনগৃহের চৌকায় আবন্ধ না হইয়া, বিশ্বগৃহচৌকায় বিচরণ করিতে শিথিবে। তাহা হইলে লেব চুরীর চোরও পলাইতে পারিবে না, ফিরিঙ্গীও সাজিতে হইবে না, অথচ তোমার হিন্দুজাতিত্ব রক্ষা এবং কার্য্যদিদ্ধি উভয়ই হইবে। এই বিজাতীয় মিশামিশি হইতে তচ্চলেশে উপরকণ সংগ্রহ এবং তাহা কার্য্যে প্ররোগ করাই, এই জাতীয় কার্য্যে আপাততঃ তোমার কর্ত্তব্য; এবং তদর্থেই বিশ্বনিমন্তার নিদেশ অমুদারে দেই বিজাতীর সংমিলন তোমার দারে আসিয়া উপস্থিত।

এ কর্ম্ম অতি চুরুছ, অথচ এ কর্ম্ম অতি সহজ। বাপু, এ কর্ম (जामात मिल (वहाम जानि ना। शर्मातत कथा कांग्रे कितिला, স্থাপ্র সনে করিও না যে, তাহা সম্পন্ন হইবে। ন্যায়দর্শন ইহার সংস্রবৈও আসিতে পারে না। ইহার নিমিত, পূর্বনিশ্বিত তোমার আপন জাতীয় ভিত্তির উপর,ভক্তিনিবিষ্টচিত্ত প্রস্ত চিস্তার সহিত জ্ঞান ও দর্শনের সংস্থাপন একমাত্র আবেশ্যক। ইহাতে সমগ্র আত্মস্বভাবের পরি-ক্ষুর্তি ও সঞ্চালনের প্রয়োজন। যাহার আত্মসভাব প্রকৃতিস্থ, তাহার পক্ষে, চেষ্টা-সম্ভব তাবৎ কার্য্যের ন্যায়, এ কার্য্যও নিতান্ত সহজ। কিন্তু যাহার আত্মসভাব বিক্লভ, তাহার পক্ষে আবার এ কার্য্য তেমনই ত্রহ। এ কার্যা, বা বে কোন বথার্থ কার্যা, সভা করিয়া, সমাজ করিয়া, বক্তৃতা দিয়া, বা প্রতিজ্ঞাবদ্ধ হইয়া, কেহ কথনও সাধন করিতে পারে না। জাতীয় কর্মকেত্র ও জাতীয় স্বভাব ও স্বধর্মে নিষ্ঠাবান না হইলে, কেবল প্ৰতিজ্ঞায় কথনও কোন ষ্থাৰ্থ কাৰ্য্য স্থাসিদ্ধ হয় না। স্বধর্মচ্যতি এবং অনুকরণে কেবল অসঃপাতের পথ প্রশস্ত হয়। কোন যথার্থ কর্ম্মই এ পর্যান্ত রাজসিক বা তামসিক চেষ্টায় স্থলপন্ন হয় নাই। তজ্জন্য সাত্মিক চেষ্টার আবশাক। সাত্মিক চেষ্টা বাচাল নহে, সাঁত্মিক চেষ্টা নির্বাক। রাজনিক এবং তামনিক চেষ্টার ইচ্ছা রাভারাতি বড় মাতুষ হওয়া; সাত্মিক চেষ্টার ইচ্ছা, ফলের কামনা পরিজ্ঞাগ করিরা যথাবৃদ্ধি এবং যথাশক্তি প্রকৃতিকে অমুসরণ করা। ছরাকাজ্ঞার ফল দুরে গত, তল্পিণতে তাহা সত্তর এবং স্বতঃই হাতে আনিরাউপস্থিত হর। সাত্তিক চেষ্টার নিমিত্ত শাত্তিক প্রাকৃতির আবশ্যক।

২। বিকার।

একণে উপযুক্ত কার্যোপদোগী আমাদিগের সামাজিক জীবনী কতদ্ব; কি পরিমাণে আমরা কার্যানিরত হইতেছি; এবং তদর্থে আমাদিগের আত্মপ্রকৃতি কতদ্র অমুকৃল করিয়া তুলিতে পারিয়াছি; তাহার একবার আলোচনা করিয়া দেখা যাউক। সেরূপ আলোচনা সর্কাদা এবং সর্বত্তই স্থালপ্রদ হইয়া থাকে। অতএব বাছারাম, ইহাতে দিক্দারি বিবেচনা করিও না।

অষ্থা আত্মঘোষণা করিতে এবং শুনিতে যে নিতান্ত চিত্ত এবং শ্রুতি-স্থুথকর তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই; সেইরূপ আবার অন্য **मिक्क हेहाटि ३ कि इसाज माम्मर नारे या, मिरे आञ्चारायण मर्जनारे** পরিণামে নিপাতনের কারণ হইয়া থাকে। যে দেখিবে আয়ুক্ত কার্য্যের প্রতি সাহস্কার-দৃষ্টিপ্রক্ষেপে গরিমায় ক্ষাত হইতে আরম্ভ করিয়াছে, তথনই নিশ্চর জানিবে, তাহার অবংপাতে বাইবার দশা, অস্ততঃ সেই সেই কার্য্য সম্বন্ধে অধঃপাতে যাইবার দশা অনুরে এবং দিনও তাহার সল্লিকট। সপদার্থের আত্মগরিমা যথন এরূপ দূষণীয়, তথন অপুদার্থের আত্মগরিমা ও তাহার পরিণামের ত ক্থাই নাই,— ভাছার পরিণাম বে কি দারুণ ও কত ভয়ন্ধর তাহা আরে বলিবার আবে-भाक तार्थ ना। जारे वांनया ताथि, वाक्षाताम, यनि এर প্রস্তাবমধ্যে आण्य-গরিমার পরিবর্তে, আত্মধিকারের কোন উল্লেখ দেখিতে পাও, তাহাতে তেশমার রুপ্ট হইবার কোন কারণ নাই। বিশেষরূপে প্রবুদ্ধ এবং প্রকৃত যে আযুধিকার, তাহা ভভ লক্ষণ। যেখানেই তাহার উৎপত্তি, সেইখান হইতেই স্থপথ-গমনের স্তনা। যে মুহুর্ত্তে 'কু'কে 'কু' বলিরা পূর্ণক্রপে হৃদয়ক্ষম হয়, নিশ্চয় জানিবে, মানবের সে বিষয়ে চিত্তপরি-বর্ত্তনের কাল দে মুহূর্ত হইতে অতি নিকট। ভারতসন্তান, এ পর্য্যন্ত ভূমি অষ্থা আত্মগরিমায় অনেক দূর আত্মধ্বংস করিয়া আসিয়াছ, আর কেন ? যদি তোমার গুণভাগ প্রকৃতই কিঞ্চিং উপার্জ্জিত হইয়া থাকে. তাহা হইলেও শ্না হাঁড়িতে কেবল ছইটি ঘুঁটী ফেলিয়া কড় কড় শব্দে কাণ ঝালা-পালা ও লোক হাসাইবার আবিশাক কি? প্রকৃত গুণ যাহা, তাহা নির্মাক্; প্রকৃত পূর্ণতা যাহা, তাহা নিত্র।

পূর্ব্বে বলিয়ছি, সাত্মিক প্রকৃতি সাত্মিক চেষ্টার পূর্ব্বগত। উৎসন্থল বেরূপ, প্রস্তুত ফলও সেই প্রকৃতির হইরা থাকে, বছ চেষ্টাতেও সে প্রকৃতি হইকে চ্যুত করিবার সন্তাবনা নাই। যদি তাহা করিবার চেষ্টা করা যার, তাহা প্রকৃতির বিরুদ্ধে সংগ্রাম; স্কুতরাং প্রমবিধ্বন্ত ও বছ বিভীষিকাবিঘূর্ণিত হওয়া, ইহাই লাভ হইরা থাকে; কার্যাফলে স্ক্রুক্তর দেখিতে পাওয়া যায় না। কারণের শান্তি ভিন্ন, লক্ষণের শান্তিতে রোগ নিরসন হয় না। অত এব যে কোন সমল পদার্থের মলসংস্কার, বা যে কোন নির্মাণ পদার্থের উৎপাদন, সাধন করিতে হইলে; সর্বাত্মে উৎসন্থানের নির্মাণ সাধন অপরিহার্য্য ও তাহাই প্রধান কর্ত্তর্যা বালার জানিও। উৎসন্থানকে একবার নির্মাণ করিতে পারিলে, তাহার পরবর্ত্তী আর যে কিছু উত্তর কার্য্য তাহা নিতান্ত সহজ হইয়া আইলে; এবং লক্ষণ চিকিৎসার শতাংশের একাংশ শ্রমেই সমন্ত ব্যাপার স্থনম্পর হইয়া যায়।

সাধিক চেষ্টার সাধিক প্রকৃতি নির্মাণ করিতে পারে না; সাধিক প্রকৃতিই সাধিক চেষ্টাকে নির্মাণ করিয়া থাকে। প্রকৃতি সাধিক হইতে আরম্ভ করিলে, সাধিক চেষ্টাও অবশাস্থাবী ফলস্বরূপ তাহাতে আসিয়া সংমিলিত হয়; এবং সেই স্থান হইতেই প্রাকৃতিক নিয়মায়ুর্কুলে কার্যাও কার্যাফলের আশা করিতে পারা যায়। যথায় প্রকৃতি এখনও অসাধিক সেখানে যে কোন সাধিকরপধারিণী চেষ্টা, জ্ঞানতঃ হউক বা অজ্ঞানতঃ হউক, পরসমক্ষে হউক বা আস্থানমক্ষে হউক, ফলতঃ উহা কপটতা ভিন্ন আর কিছুই নহে। পুনশ্চ "আমি যাহা বলি তাহা করিও" আমি যাহা করি তাহা করিও না"—ইহা ধুর্তের কথা; এবং যে যাহা করে না, সে যদি তাহা করিবার উপদেশ দেয়, তবে তাহাকে তয়র

বলিয় জানিবে; এরপ প্রকৃতিমাত্রেরই পরিণাম বিশাস্বিপর্যায়সাধক। এরপ প্রকৃতির এবং এরপ প্রকৃতিশিব্যের যে চেষ্টা, তাহা
সর্ব্ধাই অন্ধ এবং জ্ঞানত: বা অজ্ঞানত: স্বার্থপূর্ণ, স্থতরাং তাহার কার্বাকলও বিকৃত হইয়া গাকে; চেষ্টাকারকও আত্মকর্দ্ধবিপাকজালে জড়িত
হইয়া ক্ষতবিক্ষত হয়, এবং আত্মজীবনকে পরিণামে কর্মহান ও আত্মলাহক অশাস্তির আধারস্থল করিয়া তুলে। অহুএব আবার বলিতেছি,
এমন স্থলে একমাত্র সহপদেশ এই যে, যে কোন বিষ্ত্রের জন্য হস্ত
প্রসারণ করিবার পূর্ব্বে, হস্তকে তহুপ্রোগী সফল-সাধকতায় অভ্যস্ত
করা কর্ত্রা। কিন্তু তাহা কি আমাদের হইয়াছে, না সঞ্চিতই আছে
ং
দেখা যাউক।

যে কোন বিষয়ের আলোচনা করিতে হইলে, বাহ্য দৃশ্য ধরিয়া তাহার কারণের অনুভবকরণ অতি প্রশস্ত এবং সংবাধক, স্বতরাং আকাজ্ঞাপুরক। এথানে বাহ্য দৃশ্য ধরিয়াই কারণের অন্তভর করিতে হইবে.—সামাজিকতা দেখিয়া সমাজের অন্তর্নি হত পরিচালক তত্ত্ব নিরূপণ করিতে হইবে। এখন দেখ, তোমার সামাজিকবর্গের প্রতি-বারেক দৃষ্টি নিক্ষেপ করিয়া দেখ। কি অন্তুত দৃশ্য! ঘারদেশেই সর্প-গুণবিধ্বংদী বিকটদৃশ্য কপটাচার উন্মাদবং কি অংগার নৃত্য করিতেছে। বলিতে কি ?—তোমার ভারতভরদাগণ একমুথে দংশন করেন, আর মুথে ঝাড়াইরা থাকেন; এক মুথে তোষামোদ, আর মুখে তৈজ; এক মুখে ভীক্তা, আর মুখে বীরস্ব; এক গালে চড়, আর গালে কণা; কপেট্য ও দ্বৈমুখ ভাবের আধারস্থল হইয়া দাঁড়াইয়াছেন। কাপটো ইহার অস্তিত্ব, কাপটো ইহার বদত-বাদ, কাপটো ইহার ভক্তি, কাপটো ইহার প্রণয়, এবং কাপটোই ইহার সর্ম কর্ম। ধর্ম **बतः लाकाहारत होने परत हिलू, वाहिरत बान्न, रहारहेरल कितिन्नी** এবং আবশ্যকের অনুরোধে কথন কথন মুদলমানও হইয়া থাকেন। ইছাদের জীবনের ধর্ম এবং কর্মের সার সংগ্রহ করিলে, মোটের উপর এই ক্রাট বিষয়মাত্র পরিলক্ষিত হয় ;—ইহাদের দেবতা, উদর: বেদ, পেনালকোড; নীতি, সমুখে 'ভাই ভাই' ও পশ্চাতে বৃদ্ধাসূচ প্রদর্শন ; কর্মা, উদরপূর্বিতে। অভান্তরে অকথা অস্ত্রাবা বাহা কিছু থাকুক এনং শয়তান বতই পূর্ণভাবে বিরাজ করুক, বাহির সাফ ও বাহির চটক বদি থাকে, তাহা হইলেই গণ্য মান্য মন্ত্রা—সভ্য মন্ত্রামণ্যে গণনিত হইতে পারা বার। সভ্যভার বলিহারি মহিমার চরিত্রও এবন বিবিধ, বাহির চরিত্র ও ভিতর চরিত্র; তাহার পর সকল ক্লেদে বার্ণিদ্দিতে আছেন আদালত, সে বার্ণিসে সকলই য়ক্রকে হইয়াবায়। হার হায়, বাঞ্চারাম! নিজেও ঠকিলে, লোককেও যেন মুখ চাপিরা ঠকাইলে; বলি, ঈশ্বকেও কি সেইরূপ ড্যামেজের ডর দেখাইয়া ঠকাইলার আশা রাথিয়া থাক ?—জানি না তোমাদের সভ্যতার অনস্ত মহিমার তাহাও সন্তবপর কি না। তোমরাই আবার মাহ্রয! কেবল মাহ্রয় নহ, দেশের আলোক—জোনাকী জ্যোতিতে ফটিকটাদ! আর সমস্ত ?—আর সমস্ত অন্ধকারের গুব্রেপোকা! অল্লে তাবৎ অন্ধকার দেখে বলিয়া, সতাই কি সমস্ত জগৎ অন্ধকারবিশিষ্ট হয় ?

বে কেহ এই অপূর্ধ ধর্মাবলদ্বী ও সভ্য ভব্য হইবে, তাহারই সহিত কেবল ইহাদের স্থুসংমিলনের সম্ভাবনা, নতুবা অন্য কোন রূপে সে সম্ভাবনা নাই। সমর ত্রপ্ত! সভাব এমনই ত্রপ্ত হইয়া আসিয়ছে যে, যে কোন ব্যক্তি সাজিক প্রকৃতিতে প্রকৃতিবান্, তাহার পক্ষে অধুনাতন ভব্য সমাজ হইতে দ্রে অবস্থান ভিন্ন আর উপায়াস্তর নাই। তাহাদের নধ্যে সেরূপ ব্যক্তি পড়িলে, হাস্যাম্পান, পশুবহ ব্যবস্থাত এবং শোর বাভুলের মধ্যে গণ্য হইয়া থাকে; সর্কা প্রকারেই সে দারুণ ঘণার পাত্র! তাহাদের কি আত্মিক জীবনের উন্নতি, কি সামাজিক জীবনের উন্নতি, যাবভীর উন্নতি কেবল বচনচাতুরী ও পোষ্কাদি বাহ্য দৃশ্যে পরিসমাপ্ত। সভ্যতা বিকাশে বাব্ চীনাকোট ব্যবহার করিতেছেন; দেখা দেখি ফ্রাসডাঙ্গার স্থতারেরাও ব্যবহার করিতেছেন; দেখা দেখি ফ্রাসডাঙ্গার স্থতারেরাও ব্যবহার করিতেছেন মহা বিপদ! মান যায়, সম্ভ্রম যায়, তত্রতা

পর্যান্ত লোপ পার; ছোট লোক সমকক্ষ হইতে চলিল, উপায় গ-কোটের আকার একটু পরিবর্ত্তন করিয়া লইলেন! দেশের ছোট লোকেরাই বা কি হুট। আবার সে পরিবর্তনেরও অনুকরণ করিল। এইরপে পরিবর্ত্তন অনুকরণ, অনুকরণ পরিবর্ত্তন, হইতে হইতে ভাহাদের জ্বালায় একটু একটু করিয়া চীনা কোট শেষে বিলাভি কোটের কাছাকাছি আসিয়া লাগিয়াছে! কোথাও বা বেশভুৰা স্পষ্টতঃ ফিরিঞ্জানায় পরিণত হইয়াছে; স্মুতরাং প্রাচীন ও পবিত্র আর্যাবংশজ-খ্যাতির পরিবর্ত্তে চনোগলীর ক্রম্বর্ণ ফিরিঙ্গীবংশজ-খ্যাতি এখন আদৃত হইতে চলিয়াছে! ফলতঃ তাবৎ ভদ্ৰ এবং ভদ্ৰসন্তানগিরি আ জি কালি যতনুর দেখিতে পাই, দাড়ি চদমা এবং কোট-পোষাকে আসিয়া স্মাহিত হইরাছে। এই ত্রিবিধ স্থবেশকর পদার্থ, বেশ-কারকের ত্রিবিধ গুণের পরিচায়ক যথা—কোট পোষাকে, উন্নত ভদ্র বা মিষ্টরখ্যাতি ও সৌখিনভাব: দাড়িতে,তথা বীরপুক্ষত্ব; চসমায়, তথা জ্ঞানি প্রবর্জ। এই ত্রিবিধ গুণের গুণবিস্তার ক্ষেত্রও ত্রিবিধ—কোট-ভদুতা, গুণ-জানশূনা মূর্থতা আবরিতে; দাড়ি-বীরত্ব, ভাতের হাঁড়ি ভাঙ্গিতে: চসমা-জ্ঞানিত্ব, মকারাদির গুণ বিচারিতে!

ভাল, কোট প্রভৃতির বাগোর বে সে একরপে নির্মাহ হইল বেন, ছউক; কিন্তু ঐ বে স্থতার, অথবা আরও নিয়তম ঐ বে চর্ম্ম-কার্পুত্র, তোমার দঙ্গে সমকক্ষভাবে বে বিদ্যামন্দিরে পরীক্ষেত্রেও বে ছদিন পরে হয় ত কেরাণীগিরিতে তোমার শীর্ষদেশে বসিবে,—তাহাকে ছাড়াইয়া য়াইবার কি কিছু বন্দোবন্ত করিয়াছ? বাঞ্চারাম, আমি মনেক দিন হইতেই জানি, ভূমি সাধারণ শিক্ষার উপর দারুণ চটা; লেখা পড়া শিথিয়া ধোপায় কাপড় কাচিবে না, কোরকার ক্ষোর করিবে না, তাহারা সমকক্ষ্ হইবে, এই তোমার প্রধান আশক্ষা এবং আপত্তিরও ইহা প্রধান কারণ। নির্মোধ, মানবজীবনপ্রবাহ অনস্ত, স্তরাং তাহার গতি অনস্ত এবং জ্ঞান ও উন্নতিও অনস্তপ্রসারিবী। পথ ত কাহার

কোন দিকে বন্ধ নাই; বন্ধ করিবার দাধ্যও কাহার নাই। অতএক, তাহারা যথন আত্মিক উন্নতিমুখে অগ্রসর হইয়া আদিতেছে, তথন তুমি কেন নিম্পদ্রভাবে বসিয়া তাহাদের অগ্রসারিত্ব অবলোকন-পূর্বক, এরপ বালকের ন্যায় বিলাপরত ও মুহ্যমান হইতেছে 📍 প্রথমতঃ, ছোট লোক সমকক্ষ হইতে চেষ্টা করিতেছে সে ত ভাল কথা,—যথায় একঘর মাতুষের মত ছিল তথায় দশ্বর মাতুষের মত হইরা উঠিতেছে,ইহাপেকা আহলাদের কথা আর কি আছে গ দিতীয়ত:. সতা সতাই তাহাদের উত্থানে তোমার যদি এত ভয়, তবে ক্রন্দনপর নিম্পন্দভাবে ব্যিয়া কেন ৪ বেগ যাহা তাহা গ্মনপ্র, চাল্না করিয়া লইয়া যাইতে পারিলে সুখদ পথে গমন করে: নতুবা তাহাকে রুদ্ধ করিয়া বসিয়া থাকিবার প্রয়াস পাইলে, ভগ্নবাঁধ স্রোতকল্লোলম্বরূপ উৎ-পতিতমুখে চালককে অতিক্রমপুর্বকে তাহাকে বিপর্যাস্ত করিয়া থাকে। ছোট লোক এবং তোমার মধ্যে, চিরন্তন পরিচালিত ও পরিচালক ভাষ বজায় রাখিয়া: এবং আপনার প্রস্তুতন ব্যবধানে সমান থাকিয়া; ভূমিও কেন না অগ্ৰসর হইতে থাক ? তাহা হইলে ছোট লোক লেখা পড়া শিথিয়াও, যদি সে গুণে বা পৌক্ষে তোমার সমতায় আদিতে না পারে: তবে কাজেই সে ধোপা সেই কাপড আবার যদি না কাচে, সে ক্ষেণরকার যদি সেই ক্ষোর না করে, তবে থাইবে কি ৭ অবশ্য কাপড কাচিবে, অবশ্য ক্ষোর করিবে,-বরং লেখা পড়া শিখার ফলে পূর্ব্ব হইতে শ্রেষ্ঠতর ভাবে এবং তুমি যে উন্নত হইতেছ. তোমার উন্নত আকাজ্ঞাও উন্নত অভাবের পরিপোষক ও পুরক্রপে। কিন্তু কই, সেরূপ অগ্রসর হওয়ার কি কোন চেষ্টা হইতোছ ? কিছু-মাত নছে: সে চেষ্টা কেবল নিম্পন্দ, পুরুষার্থশুনা বিলাপে পরিণত! যে সমাজে ইতর লোক অন্ধ এবং অমুন্নত, সে সমাজের ভবিষাং পক্ষে আশা করিবার বিষয় অতি অরই; এবং ষ্থায় ইতর লোক সচল, আর ভদ্রলোক নিশ্চল কাপুরুষ, তথায় ভদ্রগণ শিক্ষিতা রমণীর মুর্থ-স্বামীবং লাঞ্চনা ও বিজন্ধনা প্রস্ত হইয়া থাকে।

Сकरण এ तिर्भ नरह, मकल तिर्भ ७ मकल कारलहे, आठात ব্যবহার ও রীতিনীতি—সকল বিষয়েতেই, ইতরগণ ভদ্রগণের অনুকরণ করিয়া থাকে; এবং ভদ্রগণও, এই ইতরগণকে পৃষ্ঠপোষক করিয়া, যে কোন জাতীয় কার্য্য ও জাতীয় মহত্ত্বে পারক হয়। কিন্তু এ দেশের দগ্ধ অদৃষ্টে, এখানেও তাহার বিপরীত ;—ইতরগণের অনুকরণীয় মাত্র দাড়ি-কোট এবং ইতর ও ভদ্রের পরস্পর ব্যবহার যাহা, ভাহাতে দা কুমড়া সম্বন্ধ ! যাহা হউক, তথাপি একটা স্থাধের বিষয় এই দেখিতে পাই যে. ভারতীয় ইতর্গণ এখনও তত্টা অধ্যপাত্গত হয় নাই যত্টা ভদ্পেশীর ভাগো ঘটিয়াছে। নিমশ্রেণী এখনও বল বীর্ঘা সাহস সরলতা ধর্ম-ভীকতা উদ্যোগিতা ও কর্মচেষ্টা হইতে সমাক বঞ্চিত হয় নাই। এখনও ব্যবহার গুণে, তাহাদিগকে আপন করিয়া এবং নিয়মে আনিয়া ও সমষ্টি বাঁধিয়া, পুঠবলে পরিণত করিতে পারিলে, এমন জাতীয় কার্য্য কমই আছে যাহা সংসাধন করিতেনা পারা যায়। কিন্তু দেখে কে. করে কে ?—করিবে যাহারা,তাহারা ত আশাবিলুপ্ত অধঃপাতগত!—করিবার ক্ষমতা হইতে দিন দিন দূরে পতিত হইতেছে: তাহারা ব্যবহারে অন-ভিজ্ঞ. নীতি ধর্ম ও কর্মাবৃদ্ধিতে চণ্ড পাষ্ড, আত্মগরিমার ক্ষীত, আত্মস্বার্থে পরিপ্রিত এবং আত্মস্তরিতার মূর্ত্তিমান বিগ্রহ; ব্যবহারগুণে তাহাদের নিকট হইতে ইতরশ্রেণী ক্রমেই অন্তর হইতে অন্তরতর হইরা যাইতেছে। এমন কি, ইতরগণ অনেক সময়ে, স্বজাতীয় ভদ্রের ক্ষতা ও হল্তের অপেকা, বিজাতীয়গণের ক্ষমতা ও হল্তের প্রতি অনুকৃলতা ও অনুরাগিতা প্রদর্শনে কুষ্ঠিত হয় না। কি শোচনীয় দশ্য! কি শোচনীয় অবস্থা! ভদ্রগণের সভা হয়, সমিতি হয়. কংগ্রেস হয়, আরেও বা কত কি হয়, অথচ কিন্তু সাধারণলোক দূর হঁইতে দুরতবে স্থিত ; সভা প্রভৃতিতে আলোচা বিষয় যাহা, সাধারণের সঙ্গে তাহার কোনই সম্বন্ধ নাই; অথচ এই মহাপুরুষণণ স্বীয়লেবেশার সেই সর্বসাধারণের প্রতিনিধি! ভক্রগণ এখন কর্মদোষে নিজে ধ্বংস্তরক্ষে ভাস্মান, কিন্তু হায়! সংস্রবদোষে নিম্নশ্রেণীও তাহাতে না ভূবিয়া বাঁচে কই! ভদ্রগণ নিজে মজিতেছে, দেশকেও দেই সঙ্গে মজাইতেছে। এখনও বাঁচিতে আশা থাকিলে, তাহাদিগের পক্ষে অতি অমহৎ প্রথম প্রেজন,—নিজেতে নিজে প্রকৃতিস্থ হওয়া এবং ইতরগণের প্রতি ব্যবহার শিক্ষা করা, যদ্ধারা ইতরগণকে স্পর্ভব করিতে না পারিবে, ততদিন উত্তর পূর্ব দক্ষিণ পশ্চিম সমস্ত ভারতীয় ভদ্র এক অহলৈও, কিছুমাত্র কলের সন্তাবনা নাই। ফলতঃ বাঞ্ছারাম, নিম্নান্থীর উন্নয়ন ও পৃঠবলে পরিণতি ভিয়, কোন কালে কোন দেশেই কথনও কেছ গণনীয় কিছু সাধন করিতে পারে নাইও পারে নাই

অপরাপর দেশে সৌভাগ্য ও সজীবতা অর্থে, সাধারণতঃ অভাধিক কর্মক্ষমতা এবং চিত্তের নিশ্চিত উৎসাহ। আমাদের দেশে তদ্বিপরীতে, সৌভাগ্য অর্থে ধারণার অতীত কর্মাপগুতা এবং সঞ্চীবতা অর্থে চিতের নিশ্চল ভোগবিলাসী অলমতা। অপরাপর দেশে স্থুথ, অর্থের সন্থ্যব-হার করিয়া; কিন্তু এখানকার স্থপ, অর্থের অসম্যবহারে। প্রতি বাক্তিই নিশ্চেষ্ট বা আডম্বরচেষ্ট, আত্মঘাতি জীবন অতিবাহিত করি-তেছে; আড়ম্বরমৃগ্ধ অজ্ঞ তাহাতে করতালিবোষে বাহবা দিতেছে। ধনী হঁকা ছাড়িয়া সভা, সভা ছাডিয়া হঁকা-সভায় বদিয়া, হাই তুলিয়া, ইংরাজতোদস্থলে চাঁদা দিয়া, রাজদারে ও মূর্থমণ্ডলে বাহবা লইতেছে: হইল বা রায়বাহাদুরী বা রাজাগিরীটা কিনিয়া আপনাকে প্রম চরিতার্থ জ্ঞান করিতেছে; নির্ধন নির্বাক, ধনীর তদর্থে ধন যোগাইতে হস্তপদবদ্ধভাবে তাহাতে রক্তার্ক্তি হইতেছে; আবার সাম্যুসাধক মধ্যবিত্ত, আপন কার্য্য ভূলিয়া গিয়া, তাহাতে হাততালি নিয়া ছন্ন ও বিকট নৃত্য করিতেছে। বৃদ্ধ বায়াত্তরে প্রাপ্ত,প্রাচীন বিদার-গ্রহণের পদ্ম দেখিতেছেন, দেখিতে দেখিতেও মুফব্বিবৎ জাঁহার শেষ উত্তম শিক্ষা, "ইহ সংসারে স্বচ্ছন্সভালাভের বাঞ্চা থাকিলে, যে কোন উপায়ে হউক, সাহেব স্থবোকে বা ক্ষমতা ব্যায় তথায় সন্তুষ্ট বিধান করিও। ক্ষতি কি? ৰথায় জল তথায় ছাতি ধরিয়া নিজের কার্যা

यमि शामिन इस, उत्व ध मश्माद्व वाकी तकिन कि ? ममाझ धवर দেশ ?--উহাত বাতুলের স্বপ্ন পেটে খাওরার স্বাশা থাকিলে পিঠে থাইতে কিছুমাত্র দোষ নাই।" অর্দ্ধবয়ম্ক নিস্পন্দ, উদরপূর্ত্তি এবং বিহারাদিকেই জীবনের মোক্ষধর্ম জ্ঞান করিয়া তাহার আয়োজন-শ্রমে জীবন উৎসর্গিত করিতেছে,—কে জ্ঞানে লাঞ্ছনা থাইয়া, কে জ্ঞানে সং কি অসং কোন বিশেষ উপায়ে ? এই শ্রেণী বিশেষ হঃ, এ সংসার বাগিচার কুমাও ফল! ইহাদের বিশ্বাস, উদরপূর্ত্তির যে চেষ্টা ভাহা হইতে আর যে কিছু উন্নতি তাহা আপনা আপনিই আদিয়া উপস্থিত হয় : তাহার পর আরও উন্নতি চাও ৭--সভা করিতেছি, বক্তা দিতেছি, নবেল লিখিতেছি,নাটক লিখিতেছি, বৈজ্ঞানিক প্রবন্ধ লিখিতেছি: আরও চাই কি!—বিশেষতঃ নবেলের ন্যায় গুঢ়তন্ত্তভোদী সংস্কারক যন্ত্র আর কি আছে ? অবশ্য, তায় আবার বাঙ্গালা নবেললেথকের নবেল। এই শ্রেণীর লোকের বিশ্বাস, জাতির মধ্যে ইহারাই শ্রেষ্ঠ নমুনা; এবং ভারতভাগ্যের যে কিছু ভাবী ফলাফল তাহা দম্পূর্ণতঃ ইহাদের নবেল লিখনের উপর নির্ভর করিয়া থাকে। ইহাদের পর, নবাদল ; লক্ষ্য শূন্য, অভি প্রায়-শূন্য বাতলবং চেষ্টা-ঘূর্ণনে বিঘূর্ণত। এই সমন্তের পুনঃ রাজনীতিপ্রাণতা जिविथ ;--- ताकावाशाशतामित त्काना त्य तम जात्व 'अत्श ! देशतकहत्क ষে কিছু পদার্থ তাহাই স্বর্গীয়।' ক্রয়োপায়শূন্য অক্রেতা যে সে ভাবে, 'দুর দুর! ইংরেজ মুহুর্তে বিতাড়িত হইলেই পরম মঙ্গল!' নির্কাক নির্ধন যে সে ভাবে 'যে রাজা হয় হউক, আমি যে এত রাতদিন থেটে মরি, তবু এই পোড়া পেটের ভাতে কেন এত অনাটন ? তবে বুঝি বাবুবেটারাই লুটপাট করে থায় !!' এই ত তোমার সমাজের ব্যক্তিগত চৰিত্ৰচিত্ৰ ৷

একণে ব্যক্তিত্যাগে সমাজের প্রতি একবার দৃষ্টিপাত করিরা দেও, কি অপূর্প্ন দৃশ্য! এ সমাজে সকলেই জোর্চ, কনিষ্ঠ কেহ নাই; সকলেই তর্ক করিতে উদ্যত, তর্ক শুনিতে কেহ নাই; সকলেই উপদেষ্টা, উপদেশপালক কেহ নাই; স্বাই গুরু, শিহাত করিতে কেই নাই; অথ্চ পরম্পর সকলেরই সমাজকে রাজী রাখিতে কি আগ্রহ।
সকলেই নেতৃত্-অবলম্বী; সকলেই নেতৃত্বাধক আড়ম্বরের দ্বারা
অপরকে বিমোহিতকরণে উদ্যত; সকলেই প্রশংসা আকর্ষণে লালায়িত;
অথ্চ কাজে কিন্তু প্রকৃত নিঃ স্বার্থ সমাজহিতৈষী একজনকেও দেখিতে
পাওয়া যায় না। বহু দুল্লী পদার্থের একঅ সমাবেশ হইলে বে কল
ফলিয়া থাকে, এখানেও তাহাই কলিতেছে। আন্চর্যা! বাজ্বাম,
এ সমাজে প্রতি ব্যক্তিতেই জ্যেষ্ঠত্ব ও প্রতিভাষাতন্ত্রা এত বেশি যে,
কথনও, এমন কি, পাঁচ জনকে একজাতীয় বসন ভ্রণ পরিতে দেখিলাম
না; কথনও পাঁচ জনকে একজাতীয় আহারীয় আহার করিতে
দেখিলাম না! পাঁচজনেই পঞ্চ বিধ্মী, কেহ কিছুতে ও কাহারও
সঙ্গে মিশে না; এ দিকে কিন্তু আবার পাঁচ জনেই পঞ্চ 'ক্রেণ্ড'—মদের
বোতলে ও থানার ডিশো, নতুবা আপদ বিপদ বা প্রয়োজনে পঞ্চদিগন্তগানী পঞ্চপক্ষী—কে কার!

আমাদের এই জার্চত, প্রত্যেকের এই স্ব স্বাতর্যভাব, ইহা কি মানবীয় প্রকৃতি-স্বাতয়্তার অনুসরণে উংপন্ন ? তাহা নহে। প্রকৃতি-স্বাতয়্তার যথার্থ অনুসরণ-ক্রিয়ার ধর্ম ওরূপ নহে। লোক জগতে কতকগুলি বিষয়সাধারণ কোন বিশেষ সীমান্তমধ্যে সর্বত্র এবং সর্ব্বর্জনীন ভাবে পরিচালিত হইলে, সেই সীমান্তগত লোকসমূহ হইরা জাতীয়দ্ধ বিশেষ সংঘটিত হয়। তাহাতে পুনঃ বিশেষত্ব হেতৃ, বিভিন্ন পর্যায় এবং সমাজ এবং আরও বিশেষত্ব হেতৃ বিভিন্ন সামাজিক ব্যক্তি নির্মাপত হয়। এ বিশ্বকর্মক্রে জাতিবিশেষে নাস্ত কার্যা বাহা তাহাই সাধারণ কার্য্য; তাহার পুনঃ অংশ কলা প্রভৃতি সংসাধনের নিমিত্ত বিভিন্ন সমাজ ও ব্যক্তিবিশেষের আবশ্যকতা। স্বতরাং কর্ম্মপথে ষথার বেমন বিশেষত্ব, চন্দ্রসারে সমাজ এবং ব্যক্তি প্রভৃতিতেও অনুরপ্রস্থাতি বাতরের প্রয়োজন ইর্যা থাকে। করণীয় কার্য্যমাত্রের আব্যাজন করে,তাহারা সমাজে কনিষ্ঠপদবীস্থ; আরে যাহারা সম্পাদন ও কনিষ্ঠপেক

পরিচালন করিয়া থাকে, তাহারা জ্যেষ্ঠ। আয়োজন ও সম্পাদন দ্বাভাবিক ও অপরিহার্যা; স্মৃতরাং কনিষ্ঠ ও জ্যেষ্ঠত্ব সম্বন্ধও সেইরূপ এ সংসারে স্বাভাবিক ও অপরিহার্য। এ বিশ্বকর্মক্ষেত্রে এইরূপ কার্য্যবিভাগে, ক্ষুদ্র হইতে বুহস্তম, সকল কার্য্যই কার্য্যকারকবর্ণের দ্বারা নির্কাহিত হইয়া থাকে। এরপ স্থান দেখিতে পাইবে যে, বিশেষভেদে প্রকৃতি-স্বাতন্ত্রা বহুত্বযুক্ত হইলেও, সাধারণ সম্বন্ধে তাহা সর্বাদাই একত্ব-সূত্রে আবদ্ধ ;—বহুত্বমধ্যে সর্ব্বত্রই পূর্ণভাবে একতার তার অতি গুঢ়ভাবে পরিচালিত হইয়া রহিয়াছে। যে সামঞ্জস্ত্রণের প্রভাবে জগংব্রন্ধাণ্ডের উৎপত্তি, যে সামঞ্জদ্য-গুণের প্রভাবে প্রকৃতির প্রী. সেই সামঞ্জস্য গুণ আসিয়া যথন মানবেতেও আশ্রয় প্রাপ্ত হয়, তথনই মানবকে যথার্থ প্রকৃতিস্থ বলিয়া গণনা করিতে পারা যায়। তথনই একত্ব এবং বহুত্ব, জ্যেষ্ঠত্ব এবং কনিষ্ঠত্ব, নেতৃত্ব এবং নীতত্ব, উভয় আসিয়া প্রণয়সংমিলনে সংমিলিত হইয়া সামঞ্জসাগুণের বিকাশ করিয়া পাকে: দেখানে প্রতি মানব বিভিন্ন প্রক্রতির হইলেও. সে সামাজিকতা এবং জ্বাতীয়ত্তে এক এবং মৌলিকভাবাপন্ন : কনিষ্ঠের নিকটে জ্যেষ্ঠভাব এবং জোঠের নিকট কনিঠভাব,নীতের নিকট নেতা এবং নেতার নিকট নীত, সমাজরক্ষা, সমাজতৃষ্টি, জাতীয়ত্বরক্ষা, অথচ স্বীয় স্বীয় প্রাকৃতি-স্বাতন্ত্র্যশে স্বতন্ত্র কর্মান্ত্রসরণ,এ সকলের কিছুতেই তথন কোন প্রকারে এক অপরের গ্রতিবন্ধকতা করে না। পর্কাদাই স্ক্রচির সঙ্গীতবং চিত্ত-মোহকরভাবে সকল কার্যা স্থসম্পন্ন হইয়া থাকে; কোথাও কোন বিষয়ের নিমিত্ত কাহারও নিকট লাঞ্চিত ব। উপহাসাম্পদ হইবার আশঙ্কার আশস্থিত হইতে হয় না। জোষ্ঠ সেথানে কনিষ্ঠের প্রতি মমতাবান্ এবং কনিষ্ঠও জ্যেষ্ঠের নিকট সর্বাদা ভক্তিবিনত হইয়া থাকে। এক্ষণে এক কথা, উপরে যাহা কিছু বলিয়া আসিলাম তাহা স্কলই সম্ভব বটে, কিন্তু কেবল এই একমাত্র সর্ত্তে অর্থাৎ নিজ জীবন এবং জাতীয় জীবন উভয়েরই যথার্থ অর্থ এবং উদ্দেশ্য যথায় স্থিরীক্ত, নির্দিষ্ট এবং হালাত হইয়াছে। কিন্তু ফ্থায় তাহা না হুইরাছে, তথার যাবতীর বিষর ছির্মুল বৃক্ষণাথাসমূহের দশা প্রাপ্ত ইইরা থাকে। বলা বাহুল্য যে আমাদের সমাজে ব্যক্তিগত এবং জাতিগত, উভরত:ই জীবনের অর্থ এবং উদ্দেশ্য একণে আহিরীকৃত, অনির্দিষ্ট, এবং অফুলগত। স্বতরাং এরণ দশা না হইবে কেন ?

তবে আমাদের এ জোঠছ, এ স্বাতন্ত্রাদি কোন শ্রেণীর, বলিতে পার ? আর যে কেই উহাকে যে শ্রেণী ইচ্ছা দেই শ্রেণীর বলিয়া ধরুক, আমি উহাকে মহাপ্রলয় শ্রেণীর বলিয়া থাকি ;—বে শ্রেণী ছইতে মুসলমান ও খৃষ্ঠীয় শয়তানের উৎপত্তি হইবাছে। যথায় বন্ধনী অভাবে নিয়মশুনা, সংজ্ঞাশুনা, দর্শনশুনা পদার্থনিকর যদক্ষা আলোডিত, विकिश्व, वित्नाष्ट्रिक, उत्रक्षात्रिक, উৎिकश्व এवং विनुश्व शहेशा थात्क. ইছা সেই শ্রেণীর। ইছার প্রভাবে পদার্থ সকল সর্ব্বতেই বেগবিক্ষিপ্ত. বেগবিলুপ্ত, স্বপদে স্থৃত্তির রাথিবার জন্য কোথাও কিছুমাত্র স্বাভ্যন্তরীণ একতা-সূত্রের অন্তিত্ব নাই। লোকচিত্ত এথানে তরঙ্গনিক্ষিপ্ত মলরাশিবৎ যথন যে দিকে ধাকা পাইতেছে, তথন সেই দিক অভিমুখে ছুটিতেছে; অবলম্বন-দণ্ডের সর্ব্বত্রই অভাব। পাঁচ জনের পাঁচেরূপ মূর্ত্তি, পাঁচরূপ ভেক ধরিয়া উপস্থিত হ**ইল** , পাঁচ জনের প্রত্যেকের মূর্ত্তি নূতন নূতন, নীতি-স্ত্তের অভাবে পাঁচে জনের · মধ্যে কোথাও বিষয়-সাধারণ ভাবের চিহ্নমাত্র নাই, স্কুতরাং পাঁচ জনই পাঁচ জনের নিকট পঞ্চিধিমী হওয়ায় পরস্পরের উপহাসাস্পদ হইল; অতএব স্বৰুমিলনও ঘটিল না, পঞ্শক্তি একতা হইয়া মহ-ছুদ্দেশ্যসাধক সমষ্টি বাঁধিতেও পারিল না। কেবল বাহ্য দুশ্যে এরূপ নহে, অন্তর্গুল্যেও অবিকল এরপ। কার্য্য ও আচারের মূল এখন জ্ঞান ও वृक्षि नत्र, अथवा नियामक अ जाशासत नीजि नत्र ; मून जाशासत ফেসিয়ান এবং নিয়ামক তাহাদের প্রশংসাপ্রাপ্তির অভিলাষ। আজি ভূমি বলিলে এইরূপ করিলে ভাল হয়, অমনি দেরূপ মতে না হউক, কিন্তু মত পরিবর্ত্তিত হইল। কালি তিনি আবার তাহা দেখিয়া निका कतिया कहिलान, अक्रुप नाइ (मक्रुप इहेर्द, आवात प्रतिवर्तन।

এইরপে বে যাহা বলিতেছে, অমনি প্রবৃত্তি নির্ভি পর পর উপরৃত্তির ক্রমাণত মৃহঃ পরিবর্তনে ছুটিতেছে, অথচ কাহাকে কথনও সম্ভই করিতে পারিলাম না। অন্যের কথাও শুনিব না, নিজেরও নৃত্তুক করিবার শক্তি নাই অথচ নৃত্তুক করিব, আবার নানা জনের নানা কথা রটনার কারণকেও অপসারিত্ত করিব, এরূপ ভাবে কে কবে কাহাকে সম্ভই করিতে পারিয়া থাকে? অধিকন্তু দেশীর মহলে গালি এবং বিদেশীয় মহলে হাততালি, লাভের মধ্যে কেবল এই টুকু। ইহা সমাজ-ভইতা বা মিথাা সমাজের ফল। এ সকলেরই মূল কারণ, মূলে মূলের অভাব। এরূপ সমাজ ছিরুত্ত্ত মালিকাবৎ এবং সমাজস্ত্ত জনগণের কার্য্যসমূহ স্ত্তুচ্ত, ইতন্ততঃ বিক্রিপ্ত, ব্লিধ্সরিত, পদদ্লিত, কোনটা বা লোপ-পথে অগ্রসারিত, বিবিধ বিকার ও ত্রবস্থাপ্তাধ্যালিভাটকা প্রশান্ত্র স্বন্ধ।

কেন এরপ হইল ? সকল স্টের আদি সত্য, অথবা স্টে সত্যেরই বহিবিকাশমাত্র। প্রতি কার্য্য এক এক পৃথক্ পৃথক্ স্টে স্বরূপ; স্থতরাং প্রতি কার্য্য, সভাকে তাহার মূল না করিলে স্থানস্পর হইবার কথা নহে। সকল সভাই ঈখরের প্রতিরূপ। যথন সাত্তিকভাবে সেই সভাকে অবলম্বন করা হয়, তথনই প্রকৃত কার্যারম্ভ হইল বলিয়া বলা বারু, এবং সেইরূপ কার্যাই কেবল ঈখরের অভিপ্রেত ও সেইরূপ কার্যাই কেবল ঈখরপ্রীতিকামার্থে উংস্গাঁকত হইবার উপযুক্ত হয়া'থাকে। সভাকে অবলম্বনের বাহা পরিচয় এই যে, যাহা আমার কন্তব্য বালিয়া গৃহীত ভাহার সেই কর্ত্রবাভাভাবের সভভায় সর্ব্যাম্থার অভ্যার সেই কর্ত্রবাভাভাবের সভভায় সর্ব্যাম্থার অত্তক্তক না হইয়া যথাজ্ঞান ও যথাশক্তি করণীয় কার্য্যের অস্থারর ক্রেপ করা। এরপ সান্থিকভাবপূর্ণ মানবজীবনে কর্ম্যমূহ বিবিধ শোভাময় কুম্মনমূহ, আয়াতীত শক্তি বা পাত্সমক্ষে কর্ত্রবাবোধ ভাহাদের অভ্যন্তর পরিচালিত গ্রন্থিয়ের। এই গ্রন্থিয়ে, কৃত কার্যাসমূহকে স্থানল্যের স্থিকিত করিয়া যে সমন্থি নির্মাণ করে; ভেম্বাই কেবল জীবনের

সার্থকতা সাধিত হয়। ফলতঃ কর্ত্তবাবৃদ্ধিই কেবল এ সংসারস্থলে জীবনো-দেশ্যদর্শী দূরদীপালোকশিখা স্বরূপ; উহাকে লক্ষ্য করিয়া চলিলে,মাতুষ गाकना ও चळ्नजा मह জीवनगशां जिक्रमभूर्तक च्रथभूर्व ७ गां छिपूर्व ानदाशम ज्ञात नीज रहेश शत्रमानम् जाशी रहेरज शारत ; किन्छ राय ! नाना विकाजीय प्रमार्थनः चार्य हिन्तृत खातन बीचरन अथन (प्रशे कर्खवा ত্ত ছিল্ল! স্ত্তরাং ইহাদিগের জীবনও মহাপ্রলয়-সমুদ্রে নিকিংপ্ত ব্যাতা-বিঘূর্ণিত জ্বীর্ণ তর্ণীবং। যে কোন বিষয়ে গাঢ় আগ্রছিইছর্ষ্য এবং স্থিতিশীল চেষ্টার অতিশয় অভাব। নিম্পন্দ,—তথাপি যে কিছু স্পন্দন দেখিতে পাওয়া যায়, তাহা কালপ্রবর্ত্তিত প্রয়োজনজালের অপরিহার্যা তাড়নে উদ্ভত, জ্ঞান স্বেচ্ছাও ক্রিয়াশক্তিজাত নহে; স্থতরাং তাহা (যেমন এরপ অবস্থার হওরা, উচিত) স্থপ্রমনীয়ার নষ্ট স্বপ্লবৎ ছিল ভিল, বিকট বা বিভীষিকাময়। হিন্দুসন্তানের বিশ্বাস এখন चात त्कान विषय नारे, मकन विषय एउरे ठारा हित्रमून এवः उन्नेशन ; যাহার পর নাই দাম্পতা সম্বর ও স্থুণ, তাহাও পূর্ণ বিশ্বাদে অনুষ্ঠিত হইয়া থাকে কি না সন্দেহ! তবু যে ইহারা কখন কখন অথবা নিয়ত বাতুল চেষ্টায় বাতুলবৎ কার্য্যারম্ভ ও তৎসাধনে আগ্রহ প্রকাশ করিয়া থাকে, তাহার মূল কর্ত্তব্যবোধ নহে; বিশ্বাস নহে; তাহা সাময়িক তুজুক। অথবা উপরে যাহা বলিয়াছি, কালপ্রবর্তিত প্রয়োজনজালের তাডনা। সামান্য প্রয়েজনজাত কার্যাও, জ্ঞান স্বেক্ছা ও ক্রিয়াশক্তি অথবা কর্ত্তবাবুদ্ধির যথাপরিমাণ প্রয়োগাভাবে, ছন্ন বিকট ও বিভীধিকা-ষয় হইয়াথাকে।

যে প্রাচীন ভারত, যাহার কীর্ত্তি এবং গৌরব প্রভাবেই কেবল আজি পর্যান্ত আমরা গৌরবাদ্বিত,—যে কীর্ত্তি ও গৌরব নব্যভারত কর্ত্তক নিত্য তুচ্ছীকত, উপহৃদিত এবং তাহার কর্ত্তা পিতৃপুক্ষ ব্রহ্মণ-গণ নিরম্ভর নিন্দিত,—মেই প্রাচীন ভারতে এক সময়ে, যে সময়েত সেই কথিত কীর্ত্তি ও গৌরবরাশির সম্ভব হইয়াছিল, সকল কার্যাই ধর্মশাসনে বা কর্ত্তরাশাসনে স্পৃস্পাদিত হইত। ব্যক্তিগণ তথন

প্রতি কার্যো নিমন্তার হন্ত, নিমন্তার নির্দেশ দেখিতে পাইতেন; শাস্ত্র-কার ও বিধানকর্তারাও, যে কিছু কার্য্য কর্ত্তব্য, তাহা ঈশ্বরের অভিপ্রেত ও আদিই জ্ঞানে তত্ত্রপ শিক্ষা প্রদান করিতেন। লোকেও. যাহা যাহা ঈশ্বরের প্রিয়কার্যা স্কুতরাং কর্ত্তব্য বলিয়া অবধারিত. নিরস্তর প্রাণপণে তাহার অনুসরণ করিত:-এরপ প্রাণপণে, যেন তাহাদিগের জীবন মরণ ও তদামুষ্দ্রিক শুভাশুভ পর্যান্ত দেই কার্য্য মুসম্পাদনের উপর নির্ভর করিতেছে। বস্তুত: তাহাদের পক্ষে, দেই-ক্লপই নির্ভর করিত। যাহারা এরূপ সর্বান্তরীণ ভক্তিসংয়ত কর্ম্ম-কারক, তাহাদের প্রতি কর্ম-নিয়োজক ঈশ্বরের করুণাও যে অপরি-সীম হইবে, তাহা আর বলিবার অপেকা রাথে না। ফলেও সেইরূপ দাঁড়াইয়াছিল। প্রাচীন জগতে প্রাচীন হিন্দুরা কি না করিয়া গিয়া-ছেন। প্রাচীন পৃথিবীর ইহারা দর্কোত্তম রত্ন। অধিক কি, যুগযুগান্ত গত, তথাপি আমরা, বলিতে কি, আজি পর্যাস্ত কেবল এক তাঁহাদিগের দোহাই দিয়া থাইতেছি। তাঁহারা দেই দূরতম কালেও যে সকল অন্তত কার্যা সম্পাদন ও যে সকল নিগুড় তত্ত্ব উদ্ভাবন করিয়া গিয়াছেন, সে সকলের ভিতর এমন অনেক বিষয় আছে যে, যাহার **অভান্ত**রে আধুনিক জগৎ আজি পর্যান্ত প্রবেশ করিতে পারে নাই। তাঁহারা ছিলেন দেই, আর আমাদের দশা এই ! তথাপি, তাঁহাদিগের উপযুক্ত বংশধরেরা তাঁহাদেরই মাণায়—নেই ভিক্লাভোগী বান্ধণগণের মাণায়, নিরস্তর গালিগালাজ বর্ষণ করিয়া থাকে। কি অপূর্ব ক্বতজ্ঞতা !---তাহাই যদি না হইবে, তবে পোড়ার মুখই বা এমন করিয়া পুড়িবে কেন। বংশধরদের পক্ষে অবশ্যই এটা তত অনুসন্ধানের বিষয় নহে যে. পিতৃপুরুষগণ কি উন্নতি করিয়াছিলেন বা না ছিলেন বা তাঁহাদের ক্বত-বিবয়ক পরিণামে কি উন্নতি সম্ভবপর; বেহেতু সে পক্ষে কি উনবিংশ কি উন-এক, কোন শতাকীরই উদ্ভাবন ও আবিষ্কারের ধার ভাহারা ধারে না,—বাহাত্তরেও ঘাসজল ছেয়াত্তরেও ঘাসজল! তাহাদের প্রধান অনুসন্ধের ও আক্ষেপ এই যে, কেন আধুনিক ভ্রষ্টাতুকরণজাত

বথেচ্ছাচারের পথ তাঁহারা পরিষ্কার করিয়া রাথেন নাই, যদ্বারা আমাদের তাকিয়া ঠেদ এবং আয়েদ উভয়ই এককালে এবং নিরাপদে চলিতে পারিত। যিনি যুগপৎ জগদীশ্বক্ষিপ্ত এবং নান্তিকতাবিক্ষিপ্ত, বিনি ভারত-উদ্ধারের প্রথম পাণ্ডা এবং মস্তিঙ্কের বিকার হেতৃ ভারত-উদ্ধারের আশাভঙ্গে কাঁদিয়াছেন ও কাঁদাইয়া গিয়াছেন, যিনি বিষম বোমবেটে স্থলেথক এবং স্ক্রিন্যায় সম্ভাবিতবৃদ্ধি কিন্তু স্থালিতশুদ্ধি, সেই—সেই আমাদের রসময় অক্ষয় দত্ত, তিনি বড়ই আক্ষেপ করেন যে, পিতৃপুরুষদের মধ্যে তাঁহাদিগকে মানুষ করিয়া আনিতে কেবল এই একটা বিষয়ের বড়ই শোচনীয় অভাব ছিল—''সেটী বেকন! ্ষটী বেকন! সেটী বেকন!" বেকন একজন মুধ্থোর ও দ্ধিত-. গরিত্র ইংরেজ দার্শনিক। পাষও বাঞ্চারাম, আমি বলি, .সতী বেকন নহে,—দেটী তোমার নাায় গুণবান উপযুক্ত বংশ্ধরগণের গর্ভেই বিনিপাত হওয়া। গর্ভেই বিনিপাত হওয়া। গর্ভেই বিনিপাত হওয়া! ভো উন্মাদ, বেকন কালিকার লোক, তুমিও যে দিনের সেও প্রায় সেই দিনের। যে ভিত্তিকে অবলম্বন করিয়া বেকনের উৎপত্তি, তোমার ভিত্তি তাহা অপেকা সহস্র গুণে শ্রেষ্ঠতর। কিন্তু বানরীয় বর্ধর ভিত্তি অবলম্বনে বেকন যেমন হউক একরকম মাত্র্য হইল, আর তুমি ? মানবীয় ভিত্তি অবলম্বনে তুমি বানর হইলে ! ইহাতে পিতৃপুরুষের দোষ কেন দাও? দোষ আর কাহার দিব,, দোষ ভারতের পোড়া ভাগ্যের। বাপুহে, ব্যাপক দর্শনের অভাব ছইলে, কাজেই শাকের ক্ষেতে বড় বাগান, তালপুকুরে মহাসমুদ আদিয়া উপস্থিত হয়; অথবা তুমি চোথ বুঁজিয়া অন্ধকার দেখিলে স্তাস্তাই সমস্ত জগৎ অন্ধকারাচ্ছন হয় না। কাঙ্গালকে রাজা করিলে, সে তাহাতে স্বচ্ছদে এক ধামা মুড়িমুড়কী থাইতে পাওয়ার অতিরিক্ত আর কোন ঐশ্বর্যা দেখিতে পায় না! মানবের অসারতার প্রধান লক্ষণ, যথন সে পরের নিন্দাবাদে প্রবৃত্ত হয়; এবং সেইরূপ চুড়ান্ত উচ্ছু আলতার প্রধান লক্ষণ, যথন সে পিতৃপুরুষের নিন্দাবাদে

প্রবৃত্ত হয়। প্রকৃত সারবান্ নিলার অবসর পাইয়া উঠে না। আবার বিলি, আর কোন্ দেশে কোন্ জাতির পূর্বপুক্ষেরা উত্তরপুক্ষ দেগের জনা, হিলু আর্যাগণের অপেকা, কর্মাকেত্রে এরূপ স্থলর জনি প্রত্তর রাখিয়া গিয়াছে? কিন্তু হইলে কি হইবে, কেহ বা তৈয়ারী জনি পাইয়া শেয়ালকাটা লাভ করে; আবার কেহ বা অকর্ষিত জনি পাইয়াও নিজের প্রথম কর্ষণপূর্বক স্থল্পন বোল আনায় গৃহ পূর্ণ করিয়া থাকে। আমাদের ভাব প্রথমোক্ত। বাঞ্চারাম, অন্য কাহারও নহে, দোব আমাদের নিজের।

ষাহা হউক, এ অনস্ত অগচ কালবাহী জগতে সকলই থাকিবে অথচ কেছ একস্থায়িনী স্ব-মৃতিতে থাকিতে পাইবে না, তাহা বলিয়া চউক বা ব্যক্তিগণের স্বায়্মানিমিত্তত কারণের প্রবল্তা বশতঃ হউক, অথবা উভয়েরই য়্গপৎ সমাবেশ বা অপরাপর যে কোন কারণসমূহের সম্পতিতিতেই হউক, পূর্ব্ব অবস্থায় ক্রমে অবস্থায়েরর উপস্থিতি হইতে চলিল। পূর্ব্ব সমস্ত যেন ভাবী নব-নির্মাণের উপাদান স্বরূপে নৈস্কর্গিক নিয়মবশে পুনর্ব্বার জাগতিক কর্ম-কটাহে নিক্ষেপিত হইতে লাগিল।

যে শুভ-হ্বা এতদিন ভারত অদৃষ্টক্ষেত্রে সমূদিত থাকিয়া কর-প্রসারণে সমস্ত পদার্থকে প্রদীপ্ত ও আলোকিত করিতেছিল, সেই হুব্বা এখন নিয়তিলীলায় মধ্যাহ্ন গগন পরিত্যাগে অন্তলিধরমূপে অবতরণ করিতে লাগিল। সময় পাইয়া অন্ধলার ধীরে ধীরে পদ প্রসারিত করিয়া জগং আবরিত করিতে আদিল। ছুর্নীতির দারণ ঝটকায় জীবজাং চমকিত এবং স্থার্থের বিষম বিহাৎ ও বজ্পপতে লোকসংসার প্রদাহিত। আচারশূন্য উদামশূন্য ভারতসন্তানেয়া ক্রমে পথ হইতে বিপ্রগত হইতে আরম্ভ করিল। নব উপার্জনে বিয়তি, মৃত্রাং সর্বায়্মনা একমাত্র পূর্বে উপার্জিত বস্তবিষয়ক ভোগস্থের অনুষ্ঠান হইতে লাগিল; তাহা হইতে আলস্যজনিত জড়তার উৎপত্তি; জড়তা হইতে মানবের আনুষ্ঠানিক জীবন ক্ষীণবল এবং তাহার পুন: অবশাস্তারী ফলস্বরূপে

শারীরিক ও মানসিক শক্তি নিস্তেজ হইয়া আসিল। স্কুটার,সং-উৎসাহ এবং কর্মশীলতার উপর,শারীরিক ও মানদিক উভয় শক্তিরই বহিঃফ র্তি ও বিকাশ বছলাংশে নির্ভর করিয়া থাকে: স্কুতরাং তাহাদের ইতরে ইতর, উংকর্ষে উৎকর্ষ ভাব। জড়িমাজড়িত স্পন্দহীন মানবচিত্ত এথন আত্মদোষোৎপন ফল অদুষ্টের প্রতি আরোপ করিয়া, আভান্তরিক উত্তেজনা হইতে শান্তিলাভের চেষ্টা করিতে শিথিল: — যদিও সে চেষ্টার সফলতা কথনও আইসে না। ছল্ল অন্তবাদ ও মায়াবাদের স্থী হইল। ধর্মের যে কিছু উত্তেজক ও উৎসাহবর্দ্ধক বিমলজ্যোতিঃ তাহা লোপ হইয়া আদিল। পরে ধর্মকেও প্রস্থানোদাত দেখিয়া, আশঙ্কায় ও আকুলতায় টীকিদার ব্রাহ্মণেরা বহুমত্নে তোঁহার বসনঞ্চেল আকর্ষণে ধরিয়া রাখিবার জনা চেষ্টা পাইয়াছিল: কিন্তু ধর্ম এমন স্থানে থাকিবেন কেন ? তিনিও, মন্ত্রপ্রকরণাদিরপ কিঞ্চিৎ ছিল্ল বসনাংশ তাহাদের হস্তে পরিত্যাগ করিয়া, স্মতর্কিতভাবে স্মন্তর্হিত হইলেন। এখন কর্মকাণ্ড পরিত্যাজা, অথবা কর্মকাণ্ড এখন কিঞিং আলোচাউল ও কাঁচকল। উৎসর্গে বা আলসা-ঠেস হরিণামে। সংসার হইল দারুণ তুঃথের মূল; যাহার পর নাই সহধর্মিণী পর্যাত্ত রাক্ষমী এবং ধর্মপথে কণ্টকম্বরূপ বলিয়া বিবেচিত, এবং সহধর্মিনীও ক্রমে যথার্থই রাক্ষসীমৃতিতে পরিণত হইতে চলিল। এক্ষণে নিক্সা মোক্ষই একমাত্র কি ইহজীবন, কি পরজীবন, উভয় জীবনের উদ্দেশ্য এবং অমুঠেয় বলিয়া সমাদৃত হইল। ইহলোকেও তাকিয়া ঠেস. পরলোকেও তাকিয়া ঠেন ! ধর্মের শ্রেষ্ঠ শিক্ষা শেষে এই বলিয়া স্তির হইল যে, যে কেহ কর্ম-শূনা ও সর্ক-উদ্যম-বিবর্জিত হইয়া ত্রে আত্মসমর্পণ করিয়া জভবং বসিয়া থাকিতে বা অপরের গলগ্রহ হইয়া বসিয়া থাকিতে পারিবে, সেই জীবনুক্ত। ভারতে পর-মন্ত্রীবী ভিক্কের সংখ্যা যত,বিশেষতঃ নষ্টধর্ম ভিক্ষুকের সংখ্যা যত অধিক, এত **আর** ভূভারতে কোথাও নাই। ইহা সেই অপূর্ব অভিনব ধর্মশিক্ষার ফল। ফলত: জীবনুক্তের জালায় সদাই অন্থির, সে উনুক্ত ভিক্ষার ঝুলী কিছুতেই পূরে না। অকর্মশীল এতগুলি লোক, ইহারা কেবল निष्कत चाक्षराम नाधन कतिराज्य ना ; याशामत भनावश हरेराज्य , তাহাদের পর্যান্ত আত্মধ্বংস করাইতেছে। যদি ইহারা নির্কৃনিয়াদ হইয়া কিঞ্চিৎ করভারের বৃদ্ধি হয়, তাহাও শ্রেয়:। প্রকৃত দানের পাত্র যে, তাহাদের কথা স্বতম্ত্র। বাস্থারাম, অকর্মনীলতায় দান লওয়াও যে দোষ, দান দেওয়াতেও সেইই দোষ: এরপ দানে যাহার ধর্ম নিহিত, গ্রহীতার সঙ্গে সেও সমান ছাই—উভয়ে সমান পতিত। মোক ! মোক ! আর শ্রম করিতে না হয়; কেবল এখন নহে, ভবিষাতেও যেন আবার কর্মস্থলীতে যাইতে ও শ্রম করিতে না হয়: ইহাই তোমার মোক্ষ ় তবে কি ঈশ্বর তোমার স্বষ্টিশ্রমহেতু যে ক্লেশ শ্বীকার করিয়াছিলেন, তাহা এই জড়প্রায় মাটির চিবি হইয়া বসিয়া थाकित विनया ? कर्यम्ना त्य नेयत्थार्यना वा त्य त्कान धर्मकल-কামনা, তাহা নষ্টামী এবং ফেরেবী। পাষ্ড বাঞ্চারাম, তুমি কে যে তাই তোমাকে মোক্ষ দিবার জন্য ঈশ্বরের ঘুম হয় না ? বিশ্বেশ্বরকেও কি তুমি তোমার ইংরাজ মুনীব পাইয়াছ যে, কেবল 'অনার' 'লর্ডসীপ' ইত্যাদি চাটু বচনে অভীষ্ট দাধন করিয়া লইবে। যেমন তুমি দামান্য-প্রাণ, যেমন তুমি সামান্য-মন, তোমার ধ্যান, ধারণা বা কামনা, বা তোমার মোক্ষবাঞ্চাও সেইরূপ সামান্য! তোমারই বা দোষ দিব কি, দোষ তোমার মাতৃভূমির কপালের!

অতঃপর বিক্ত মায়াবাদ ও অদ্ধ্রাদ উচ্চ হইতে অধ্যত্ম সমাজের দকল পর্যাদ্ধর ব্যক্তিবর্গেরই হাড়ে হাড়ে প্রবেশ করিল; এমন অবস্থান্ন, কোন রূপে উদরপ্তিতে দেহভার বহন ভিন্ন, আর কি কার্য্যের সম্ভাবনা থাকিতে পারে? শাস্ত্রসকলও তদয়্বারী ইইতে লাগিল। এই নিশ্চেষ্ট অলসভাব এবং সেই তদয়্বপ শাস্ত্রশাসন, উভরে একত্র মিলিয়া, লোকচরিত্রকে কিরূপ অকর্মণা এবং হত্তচেতন করিয়াছিল, তাহার উদাহরণের কি আবশাক ইইবে? মদি হয়, তবে আদি উদাহরণ লক্ষণ সেনের সিংহাদন পরিত্যাগপুর্বক পলারনের

কথা মনে কর। সে পলায়ন একা লক্ষ্মণ সেনের নহে, তাহা হিন্দুসন্তান মাত্রেরই, লক্ষ্মণ সেন কেবল প্রতিনিধিত্ব গ্রহণ করিয়াছিল এইমাত্র তাহার দোষ। তাহার পর আরেও দেখিতে চাও, বীভংদ তন্ত্রঘটার প্রতি বারেক নিরীক্ষণ কর । আর এখন ?—ভারতে ধর্ম গিয়াছে, কর্ম গিয়াছে, উৎসাহ গিয়াছে,উদ্যুম গিয়াছে,সকল গিয়াছে, আছে কেবল ? — আছে এক ধর্মবিপ্লবের তরঙ্গতুফান! প্রতি সময়ে, প্রতি স্থানে, নিতা নূতন ধর্মবিপ্লব; এবং বিপ্লবও এমন যে প্রতি তরঙ্গে তরঞ্জে ভারতের এক এক ঝলক রক্ত শোষণ করিয়া চলিয়া যাইতেছে। ধর্মে প্রাচীন হিন্দু গৌরবান্থিত হইয়াছিল, ধর্মে বৌদ্ধ জগৎ ব্যাপিয়া-ছিল, ধর্মে মুসলমান পৃথিবী অধিকার করিয়াছিল; কিন্তু সেই ধর্ম বিপ্লবের ধর্মে হিন্দুসন্তান ?—উচ্চু আল হইতে উচ্চু আল হর, অবসর হইতে অবসন্তর, সঞ্চিত বুদি ও সঞ্চিত পুক্ষজ্টুকুর ও বিনাশে ধ্বংস্তরঙ্গের লহরীলীলায় ভাসমান। অন্য দিকে লকাধিক অত্যাচারেও মাথা তলিবে না, কিন্তু ধর্মের নামে একেবারে ক্লিপ্ত—স্লুধু ক্লিপ্ত নয়, উন্মাদ্সিপ্ত! নীত এবং নেতা, উভয়েই মোহান্ধ হইয়া, একই তরঙ্গে নিপতিত; ভাসিয়া চলিয়াছে। দোষ কেবল নেতার নহে; নীতের অবস্থা-প্রলোভনেই অনুরূপ নেতার সাধারণতঃ উৎপত্তি হইয়া গাকে। এখনই কি ক্ষান্ত হইয়াছে, তাহা নহে। ভ্রান্ত ধর্ম্মপিপাসা এখন প্র্যান্ত ভারতসন্তানের সর্ক্রাশ ক্রিয়া ঘাইতেছে। যতদিন যে জাতিতে সজীব ধর্মের অবস্থান, ততদিন সে জাতির কথনই অধঃপতন সম্ভব ছইতে পারে না। যথন দেখিকে যে জাতি অবংপাতিত, তথন নিশ্চয় জানিবে, প্রকৃত ধর্ম সে জাতি হইতে অনেক দূরে পলায়িত। অধঃ পাতগত মহুষ্যের আবার ধর্ম ও ধর্মচর্যা, ভনিবার কথা ও হাঁসির কথা বটে ! থড়গোবরপ্রবিষ্ট মৃতব্যাস্ত্রদর্ম রচিত ব্যাস্থ্যমূর্ভি বেমন সজীব বাঘ, অংঃপতিত জাতির ধর্ম ও তেমনি সজীব ধর্ম ! কথাগুলি অলঙ্কার নহে, ধ্রুব সত্য বলিয়া জানিবে।

অথবা এত ধর্মবিপ্লব যেখানে, দেখানে সত্য সতাই কি তবে

ভারতসন্তান, আর সকল জাতি ধর্মধ্বজ্বিতায় তোমার নিকট প্রান্ত হইরা থাকে ?--অন্তঃ তোমার বিশ্বাস তাহাই, ধান্মিকতা ও নৈতি-কভার ভোমাব বড়ই আত্মগোরব। কিন্তু ধর্মপ্রাণভার প্রধান পরিচর কর্ম এবং নীতি। তোমার'কি তাহা আছে ? কিন্তু কই ?--কর্ম ত তোমার উদরপূরণে, কিন্তু তাই বা কোন ভালরপে পূরণ করিতে পার, তাহা পারিলেও ত সে ফ্তে অনেক কাজ হইত ! আবে নীকি? কি ব্যবসায় কি ব্যবহারে, এক প্যসা অভাকে দিয়া বিশ্বাস করিতে পার কি ?-এমনই তোমাদের সত্যপ্রিরত। ওদিকে ঘরের কথাটা পরকে না লাগাইলে বা পরের হইয়া স্বজাতিদ্রোহিতা না সাধিলে. অল তোমার পরিপাক হয় না; ক্ষমা ও দান তোমার দায়ে পড়িয়া, দয়া ও দাক্ষিণ্য তোমার পদস্থের প্রীতিকামে; নরমের তুমি বাঘ এবং গ্রমের তুমি গোলাম; স্বাথে মৃতিমান কলি এবং শক্রতায় পিতাপুত্রেও ফৌজদারী ঘটনা হয় ! তাই বলি, বল বল, কোন নীতিটা তোমার আছে, কোন নীতিটা তোমার অকুগ্র আছে, কেবল তাহাকেই অব-লম্বন করিয়া তোমাকে ধান্মিক ও নৈতিক বলিতে দক্ষম হই ? তোমার যদি ধর্মা, তবে আবমা কাহাকে বলে ? তুমি যদি অর্পে যাও, তবে বল স্বর্গ নরকের নাম বদলে পরিবর্ত্তন ঘটনা হইয়াছে! আরে জাতীয়ত্ব-বৃদ্ধি ?--স্বজাতি-প্রিয়তায় তুমি মহুব্যুত্জনয়ে গুরপনেয় কলক। জেলা হইছে জেলান্তর তোমার বিদেশ, দক্ষিণ হইতে উত্তর ও পূর্ব্ব বাঙ্গালা তোমার নিকট বিভিন্ন জাতি, ভারতের অপরাপর প্রদেশ তোমার দূরশ্রুতি, আর আপন বেলা ছাড়া পর তোমার সকলেই;—পরও বিপদে পরের মুথ তাকায়, কিন্তু তুমি তাহারও অতীত, স্থতরাং তুমি পরের উপরও পর, পরাৎপর ! হিন্দুসন্তান স্বজাতিমধ্যে থাকিয়াও নির্জন মরুকান্তারবাদী অপেক্ষা নিরুপায়; অরণ্যে পশু হইতে যে সাহায্য প্রত্যাশা আছে, লোকালয়ে থাকিয়াও সে প্রত্যাশা তাহার নাই: আপন দেশে থাকিয়াও বিষম বিদেশী এবং পড়িয়া খুন হইতে থাকিলেও কেহ ফিরিয়া তাকাইবার নাই, বিশেষতঃ যথন খুন বিদেশীর হাতে ! ইহার পর আরও কি তোমার মহিমাঘটা দেখিতে চাও, তবে আরও একট প্রদা অপসারিত কর।

অতি বিক্কত দৃশ্য! বিজাতি-প্রসাদে রেলওয়ে,টেলিগ্রাফ চলিতেছে, সুথের সাগতে ভাসিতেছি; উর্দ্ধবাহ উনবিংশ শতান্দীর,—উনবিংশ শতান্দীর মহিমাণানে উন্নাদিত হইতেছি; কিন্তু এ দিকে কি হইরাছে তাহা দেখিয়াছ ? ঈশ্বরের বিশ্বাসরূপী যে এক গাছি অবশিষ্ট রজ্জু এতক্ষণ নরক-নিপতন হইতে রক্ষা করিতেছিল,তাহাও এখন ছিন্নপ্রায়! কর্ত্তব্য কাহাকে বলে, কর্ম্ম কাহাকে বলে, জাবনের সার্থকতা কাহাকে বলে? এ স্থপ সময়ে, বাহা সম্পদের বহবাড়য়রে, স্ফলেন্দ উদরস্পত্তি এবং স্থেরে বিলাস ভিন্ন আর কি শ্রেষ্ঠতার কর্তব্য, কর্ম্ম এবং জীবনের সার্থকতা হইতে পারে! ঈশ্বর, উর্দ্ধদেশিক নিয়োজন, এ সকল কাহাকে বলে? — হুর্ফলচিত্তের থেয়াল ও শান্তু গান্ত, বাহ্ত কর্ম ক্রথা কি তা, তাহা জানি না, আর জানিয়াই বা তাতে ফল কি; কেহ কথন তাহা জানিতে পারে নাই, পারিবেও না, তবে বুথা কচ্কচিত্তে মাথা ধরণের আবশ্যক কি? তোমার ঈশ্বর, উর্দ্ধদেশক নিয়েজন,

১। শুন বাঞ্রাম, স্কাতি-প্রিয়তার একটা একুত ঘটনা বলি। একদা এক বাঙ্গালী ভন্তলোক সন্ত্রীক রেলের গাড়ীতে দেকেওরাশে বাইতেছিল। কোন এক ষ্টেসনে লোকটি কার্যাগতিকে অবতরণ করে এবং দেই স্বোগে তিন জন গোরা ছোহার গাড়ীতে উঠিয়া প্রীলোকটার প্রতি নানা অনিষ্ট আচরণ করিতে থাকে। বেগতিক দেবিরা স্বামী দৌড়িয়া স্ত্রীর সাহায্যে আসিল বটে, কিন্ত গোরা একজন পাড়ীর ছ্রার চাপিয়া তাহাকে উঠিতে দিল না। শেবে বিষম অনুপারে লোকটি ফাট্টরাশস্থিত একটা ইংরেজ স্ত্রীলোকের স্মরণাপন হওয়ার, তাহারই সাহায্যে স্ত্রী উদ্ধার করিতে সক্ষম হইল। এবিকে যথন সেই ঘটনা হইতেছিল, ওদিকে তথন অসংখ্য বাঙ্গালী জমা হইয়াকেহবা অবাক্দৃষ্টিতে মলা দেখিতেছিল,কেহ বা হাসিতেছিল, কেহ বলিতেছিল,—'খুব হইয়াছে, সেকেওরাশ না হইলে চলে না, বেমন তার তেমনি।' বুঝিলাম, লোকটির প্রধান অপরাধ সে সেকেওরাশে বাইতেছিল। অতঃপর বল দেখি, বাঞ্রাম, বীর স্লাভিত্সরণে গৌরব না বিকার, কোন্টা আসিয়া উপছিত হয় ?

এ সকল না হইলেও, আমরা স্বছনের জীবন অতিবাহিত করিতে পারি। পাঠশালার পাঠা দর্শন ও বিজ্ঞান লেথকগণ এ যুগের ধর্ম-শুরু। মিল ও বেন্থাম ইহাদিগের পোপ। এই দর্শনপেষিত মিল, যে ধর্মতত্ত্ব তর্ক করিতে গিয়া ত্রিসহস্রবর্ধপূর্বগত জরপুস্তের শিক্ষার অংশতঃ সমর্থন ভিন্ন, নৃতন আরে কিছু করিয়া উঠিতে পারে নাই; সে যে ত্রিসহস্রবর্ষ পরে উদ্ভূত ও অগ্রগামী কালবক্ষোবাহী মানবকে কিরপে শিকা দিতে সমর্থ হটবে, ভাহা কেবল মিল শিষ্যেরাই ব্ঝিয়া উঠিতে পারে। এখন হটতে 'ইউটিলিটা' আদর্শ। মিলবেস্থাসাদির লেখায় মানুষ জড়বল্ল হইতে বড একটা অধিক পুণক নতে; অভ এব এখন হইতে সমস্তই, আগ্লিক বিষয় প্র্যাস্থ, কলে নিষ্পাদিত কেন না হইবে ? সকলেই সমান স্থী, সমান ভোগী হইবে। যে কিছু অসমতা যোগের এবং রোগের। বাপু বাঞ্ারাম, যে প্রকৃতির তুমি স্কান, যাহার অবলম্বনে তোমার স্থিতি, যাহার অবলম্বনে তোমার গতি তাহাকে কিঞ্চিৎ ইউটিলিটী শিখাইতে পার ? সে বড়ই ইউটিলিটী-জ্ঞান-প্রিশুনা। মুকুক নাহয়, ইউটিলেটীই ধেন আদেশ হলীয় হইল ; কিন্তু তোমার তাহাতে কি, তুমি কেন তাহাতে মাণা ঘামাইয়া দেয়ালে থেয়ালে আপনার কর্ম পও কর ? সাড়ে সাতশ বৎস্রের পুরাতন জুতা মাথায় বহা যাহার নিতা ব্রত, যাহার সন্তান ভূমিষ্ঠ হইলে গোলামের সংখ্যা ভি**র আ**ার কিছুই বুদ্ধি পায় না, তাহার এ ইউটিলিটী বিলাদে ফল? সম্ভব বাহা, আগে তাহার লাভে সমর্থ হও ; অসম্ভব লাভের থেয়াল তাহার পরে।

দেখিতে পাওয়া যায় যে কিছু দিন পূর্ব্ব পর্যান্তও, পিতা মাতা,
সন্তানগণ পাঠশালা হইতে গৃহে আদিলে, সন্তানগলে তাহাদিগকে
লইয়া, দেবচরিত, লোকচরিত, ংশাবলী-জ্ঞান, কি করা কর্ত্তবা, কি
করা অকর্ত্তবা, এই সকল যথাবৃদ্ধি ও যথাশাক এবং মৃত্বপূর্ব্বক শিক্ষা
প্রদান করিত; এবং দেবতাদির প্রতি ভক্তি, সংসারের প্রতি সন্নীতি ও
সদস্ত্রাগ, স্বযোগ পাইলেই যুদ্ধ সহকারে বালকের মনে সমুদিত করিতে

চেটা পাইত। বাল কও, বয়ঃ প্রাপ্ত হইয়া সমাজে প্রবিষ্ট হইলে, কর্ম্মণে বাদিও অবশা বলদ বিশেষ, তথাপি কথিত সংশিক্ষায় কথঞ্চিং অবলম্বন প্রাপ্ত হওয়ায়, সংসারে যাবেদা মত একরূপ চলিতে পারিত; এবং এথনকার ন্যায় সভা ভব্য না হইলেও, তাহাদের অভান্তরে এমন একটি সারলা ও সহজ বৃদ্ধি এবং উন্নতের প্রতি ভক্তি বা বিনত ভাব অবস্থান করিত যে, আধুনিক সভ্য ভব্যের সমগ্র জীবন অনুসন্ধান করিতেও তাহার লেশমাত্র খুঁজিয়া পাওয়া যায় না।

এখন তাহাও নাই। পিতা মাতা এখন সৌখিন: সন্তানদিগকে দেরপ শিক্ষাদানে তাহাদিগের অবসর হইয়া উঠে না: আফিসের কাজে, ফেণ্ড আহ্বানে, দাড়ির তদ্বিরে, চদমা পরিকারে, গহনার চিন্তায় এবং গৃহিণীর ঝাঁটায়, তিল মাত্র ফুরসং হইয়া উঠে **না।** কর্পেটলক্ষী জননী যিনি, তিনি এখন ঘোষ বস্থু মিত্র মুখোপাধাায় বা বন্দোপাধাায় মহাশ্যা, জ্ঞান-গল্পীর-বদনা, উপন্যাসহস্তা, 'ডিসেণ্ট'-পোষাক উদ্ভাবন চিন্তায় চিন্তাব্যাকুলা : সন্তানদিগকে সেরূপ শিক্ষাদান, কখন কখন বা স্তন্যদান পর্যান্ত, তাহাদিগের নিকটে হেয়; এগুলি অবশ্য মহাশয়ার মহান আশয়ের মধ্যে স্থান পাইতে অযোগ্য। প্নশ্চ, ঝকডায় যিনি ঝডের আকার, অথচ রন্ধনশালায় ঘাঁহার মাথা ধরে, পরিজনসমক্ষে যিনি ননীর পুত্তলী, কার্পেট হস্তেই কোমলাঙ্গলিতে যাহার শোভা বর্জন হয়, এবং স্বামী দেখিলেই নানা রোগে যাহার শরীর থদিয়া যায়, তাহাকে সে দকল কার্য্য দাজেই বা কি করিয়া। দব ভাল, কিন্তু একটা কথা, গৃহলক্ষ্মী কার্পেট বনেন বহুন, কথা নাই: কিন্তু যে স্বামীর এ শেয়াল-কুকুরের জীব্নে (পদে পদে যার গলায় হাত ও মাথায় লাথি) দে কার্পেট পরিতে দাধ যায়, তাহার গলায় দড়ী! আবার কথা আছে স্তীজাতি শক্তিরপিণী: অতএব যে কামিনী স্বামীকে শক্তিমন্ত্রে দীক্ষিত করিয়া কর্মারত করিতে নাপারে এবং সমস্ত শক্তিমতা যার কেবল কার্পেট বননে ব্যয়িত হয়, সে কামিনীরও পলায় দড়ী। সে যাহা হউক, যেমন পিতা তেমনি মাতা, দেশের

হাওয়াও ততোধিক অনুকূল; স্থতরাংশিক্ষকের হস্তে সম্ভান নিক্ষিপ্ত করিয়া স্বস্থলে পিতৃমাতৃত্ব দায় হইতে আপনাকে মুক্ত বিবেচনা না করিবে কেন? না হইবে কেন?—বে দেশে ধর্ম এবং পুণ্য পর্য্যস্ত কিনিতে পাওয়া যায়; দেখানে যে গ্লিড্মাতৃত্বও কিনিতে পাওয়া যাইবে না, এ কথন হইতেই পারে না! সাধারণ শিক্ষাস্থান আবার, বিজাতীয় রাজ-শাসনে এবং বিজাতীয় প্রথায়, ধর্মশিক্ষা এবং চিন্তায় চিত্তপরিচালনাদি শিক্ষা, এ সকলের পক্ষে সম্পূর্ণ প্রতিকূল। নীতিশিক্ষার কথন কথন চেষ্টা হয় বটে, কিন্তু তাহা মূলখূনা নীতি। নীতিই হউক বা যে কোন বিষয় হউক, যতক্ষণ তাহার উৎপত্তি কোথা হইতে, আবশ্যকতা কি, পরিণাম কোণায়, ইত্যাদি তত্ত্ব জ্ঞাত হইতে না পারা যায়, ততক্ষণ তাহাতে কখনও আস্থা জন্মিবার কথা নহে। যদি জন্মায়, তাহা প্রগাছা নীতি, তাহা সুলপ্তিতা নীতি ;—এ দিকে ভ্রষ্টাচারের চুড়ান্ত অথচ ওলিকে আমোদে চটাকা ব্যয় করিতে দেখিলেই মনে করে, অপ-ব্যয়ের চড়ান্ত হইয়া গেল;আবার অন্য দিকে তদ্বিপরীতে কেহ বা একে-বারে অনাস্থা সমুদ্রশায়ী, সমন্ত পুঁজিপাটা ব্যয় করিয়া, সমস্ত শরীর নই করিয়া, তবু আমোদের শেষ হয় না, অনীতি কাণ্ডের অন্ত পায় না। স্থবার স্রোত, গুলির তুফান, তরঙ্গে তরঙ্গে তাক লাগিয়া যায়; অথচ স্থরা-নিবারক, গুলি-নিবারক, ইত্যাদি ইত্যাদি,—কত সভা, কত বক্তৃতা, কত ঘটা,—হরি, হরি! হায়, হায়!

এগানকার শিক্ষাও অপূর্ব্ধ শিক্ষার আসিয়া দাঁড়াইয়ছে। ইংরাজ রাজপুক্ষরণ কি ভাবিয়া ওরূপ শিক্ষা দিয়া থাকে, তাহার তত্ত্ব তাহারাই জানে। কিন্তু আমরা কি ভাবিয়া পেরূপ শিক্ষা ইচ্ছাও আগ্রহপূর্ব্বক গ্রহণ করিয়া থাকি, আমরা তাহা জানি না! শিক্ষাস্থলে মধ্যবিত্তের প্রধান উদ্দেশ্য, চাকুরীযোগে অর্থলাভ; আর ধনিসন্তানের প্রধান উদ্দেশ্য, প্রক্লাই হায়য়াণি পক্ষে প্রচ্র মামলাবাজী বৃদ্ধি আদায় করা এবং সঙ্গে সঙ্গে বিদ্যা-উপাধির চটকে আত্মদৌরাত্মোর উপর পরদা টি চাকা দেয়াও বটে। এ দেশে শিক্ষার উদ্দেশ্য, প্রকৃত শিক্ষা অর্থাৎ গুণ

ও জ্ঞান শিক্ষা নছে;—উদ্দেশ্য সাধারণতঃ, চাকুরীর বাছারে চটক-লাগান উপাধিরপ উচ্চ টেডমার্ক হাত করা।

এ হেন শিক্ষার আকরভূমি আমাদের সর্বাসাধের বিশ্ববিদ্যালয়, বিপুল মহিমা তাহার বলিব কত ৭ চাই উচ্চ শিক্ষা, লও উচ্চ শিক্ষা; — কিন্তু ফল ? বালক অংকালে বৃদ্ধ, রুগ্নপরার, ভগমন ; বৃদ্ধিবৃত্তি কলিকায় কীটন্ত, কুটীল মন্থনে কুঞ্চিতকেশর ছিল্লপত্র, পরিণাম নষ্ট এবং শুক্ষ সটার প্রিয়মাণ। দেখিয়াছিলাম, বালকবৃদ্ধির সে প্রভাতো-দয়.—কি রমণীয়,কতই আশাপ্রদ: কিন্তু হায়,মধ্যাক্ত না হইতেই তাহাতে রাজর গ্রাস, প্রত্যান্তে অকালে অন্ত: সেই আশাপ্রদ এমন প্রভাতা-লোকের কি না শেষে এই পরিণাম, অনেক আশায় অনেক ছাই! বাল্যের সে প্রথরবৃদ্ধি, যৌবনে এখন জুজু, বয়দেতে জড়প্রায়; বালোর সে বিপুল আশা অনাস্থাদাগরে এখন নিম্ক্রিত: বালোর নে বিপুল উদ্যম, বিপুল উংসাহ, জড়িমাকবলে এখন কবলিত ;— আগু পাছ কালের তুলনে কে বলিতে পারে যে এই সেই, বরং মনের থেদে ইহাই বলিতে হয় দেই আর এই! আর তোমার পাঠা এবং পরীক্ষা

শেলার একে বিজাতীয়, তার ভারের ভরে ধোপার গাধায় হারি মানে: পরীক্ষা অপেক। বরং ফাঁশির আসমারও কপাল ভাল, যে জালা বল্লণা হউক একেবারে মিটিবে ! রহিয়া রহিয়া এ ঘন দহন-জ্ঞানা কেন ? বুদ্ধও সে ভারে পেষিত এবং এ ঘন দহনে বিলুপ্ত-জীবনী হইয়া যায়, বালকের তো কোন কণা তথাপি যে বালক বাঁচে, সে কেবল বালাম্বলভ স্থিতিস্থাপকতা ও নমনীয়তা গুণে। উচ্চ-শिकारे वर्षे! भिकात উत्मना, जीवनीगळि ও मीनवानळि, উভয শক্তির ক্তর্তিমাধন। কিন্তু যে শিক্ষার বিপরীত ফলে উদ্দেশ্য যাহা তাহাই যদি সর্বাত্রে পীড়িত পেষিত ও দলিত হয়, সে শিক্ষার প্রয়ো-জন ? এরপ উচ্চশিক্ষা অপেক্ষা নিচৃশিক্ষা বা অশিক্ষা সহস্র গুণে ভাল ; অন্ততঃ তাহাতে তত্ত্য শক্তির বিলোপাশকা নাই, অমতঃ তাহারা তাহাতে স্বতঃ সমুজ্জল হইয়া স্বীয় অভাব হয়ত কথনও পূরণ করিয়া

লইলেও লইতে পারে। কিন্তু বেধানে পীড়ন ও পেবণে মূল বিদলিত এবং দগ্ধ, দেখানে কোন্ আশা তোমার ঠাই পাইতে পারে, বল দেখি? তোমার বিশ্ববিদ্যালয়ের উপাধিগ্রস্ত ছাত্র ?—জীবনশূন্য মনীবাশূন্য ছট্রগোলপাকানে, ছন জীবন্ত অভিধানাতিরিক্ত নহে;—মানদিক শক্তি বিবরে চোক্ষেঠুলি ঘানির গক্ষ! মাহ্ম্য কোথান্ব মাহ্ম্য ছইবে, এবং শিক্ষা যে সে মাহ্ম্য ছত্ত্বার সহায়তা করিবে, তা না ছইয়। উন্টা উৎপত্তিতে কি বিবম পরিণাম!

কেতাবী শিকার সঙ্গে দৈহিক বলচ্চা সমপ্ররোজনীয় সতা বটে, কিন্তু একপ পরিপেবণের পরে তাহা গোদের উপর বিবলোড়া। পরিনিত পরিমিতে উভর উত্তরের সহায়তা করিয়া থাকে, কিন্তু একের অপরিমাণে অপর ভূটলে, একের হারা ক্ষীণীকত আয়ু আরও ক্ষীণতর হইয়া যায়! ইহার পরও বাায়ামচর্চা । মনে মারিতেছ সেই অনেক, আবার প্রাণেও মারিবে! এরূপ মানসিক প্রমের উপর অতি অয় বাায়ামই শোভা পায়। মাহারা মানসিক প্রমে অত্যন্ত বেশী করে,তাহারা শারীরিক চর্চা বেশী করে না; করে না, করিতেও চার না এবং করে না বে সে ভালই করে; করে না বিবরাই বাঁচিয়া থাকে, নতুবা বাঁচিত না।

কিন্তু এন্নপ শিক্ষা ও পরীকা আদিল কোণা হইতে? কেহ করাইতেছে মতলববাজীতে, কেহ তদক্রমন করিতেছে বোকামীতে। বোকামীর কথা বলিব কত? বালালাবেশের বিধবিদ্যালয়, বালালীর ছারা 'পরিপালিত, অবিকাংশভাগে বালালীর ছারা শাসিত, অবত বিশ্ববিদ্যালয়ের ত্রিদীমানার বালাভাষার দেখা নাই। প্রথম কথা, শিক্ষার উদ্দেশ্য ওণ ও জ্ঞান, ভাষা তাহার বাহক; কিন্তু এপানে বিলাভীর ভাষার সমস্ত নিহিত, আর দেই বিলাভীয় ভাষার প্রবেশ করিতে বিশ্ববিদ্যালয়ের শেষ শিক্ষাকাল পর্যান্ত ব্যহিত হয়; প্রতরাং দে ক্স্মাটকাছয় ওণজানে শিক্ষা হইতেই বা পারে কতদ্র, মনীবাই বা তাহাতে বিশ্ববিদ্যালয়ের ইত্ত পারে হিলাহীর ভাষার প্রবেশ করিতে প্রতিষ্ঠিত বা পারে কতদ্র, মনীবাই বা তাহাতে বি সন্তামনাই হতে পারে ? বিভীয়তঃ, বে লাভির দেখাইবার উপযুক্ত ভাষা নাই,

সাহিত্য নাই, শিকা নাই, তাহারা সর্বাদিস্মতিতে বর্মর ও বনা। কিন্তু হার, এ জাতি এমনই অংগতিত ও নির্মণ্যে, দে অভিমানটুক্ও ইহাদের মনে স্থান পার না! ভাষার যদি সত্য সত্যই কিছু না থাকে, তথাপি এই জাতিরত্ব অভিমান, এই আত্মাভিমানের থাতিরেও তাহার চর্চা ও প্রবর্জনা বিধের। কিন্তু বালালাভাষা সত্য সত্যই সেরূপ সার্ক্রনা নহে; বিশেষতঃ কথা আছে, প্রয়োজনেই পূরক-উৎপত্তি হর। কিন্তু কাহাদিগকে বলিতেছি,—যাহাদের, যে বালারামসম্প্রদারের কর্মাদোয়হেতু এই পরিচ্ছেদের অবতারণা? তর্জাগ্য বালক-জীবনের প্রবেশপথ বস্ততঃ কি শোচনীর,—একে এই বিজাতীর ভাষা, তাহার উপর বিষম চাপ, তাহার উপর সেই কঠোরতা, করিনতা, অন্থিরতা এবং উন্মাদ! এবং সর্বোপরি ধর্মশিকার সম্পূর্ণ অভাব! ফলতঃ এরপ অপক্ষাতি, অপরিণামদর্শী অপকারক শিকাহলী সমূলে নির্মূল হইরা গেলে, কিছুমাত্র ক্ষতি নাই, সমাজের উপকার ভির অপকার নাই।

ভাহার পর শিক্ষার অবলম্বনীয় পাঠ্য পুস্তক দেথ। বে সকল গ্রন্থ অভিনব, সারগর্ভ বা শিক্ষাদরক, ভাহার সঙ্গে বিদ্যালয়ের সম্বন্ধ অতি অল্লই এবং সে সকলের থবরও বড় থাকে না; স্থপারিশ, আত্মীয় শ্বন্ধন বা পরিচিত্তের বা নিজের নিজের ছাই পাঁশ ভন্ম, অপাঠ্য গ্রন্থনিচয় তৎপরিবর্ত্তে পাঠ্যস্থলে নির্ব্জাচিত; স্লভরাং পাঠ্য বিষয়ও, কেবল শ্রমসাধ্য ও ভারভূত নহে, আবার মেকি! তাহার পর শিক্ষা;—প্রথমভঃ শিক্ষকের সহ সম্বন্ধ দেখ, যে হিন্দ্রালকের নিকট একসময়ে গুরুভাক্তি মহাব্রত ছিল, শিক্ষকের গুণে এখন সেই গুরুর সঙ্গে দাকুমড়া বা সাপে-নেউলের সম্বন্ধ। ছিতীয়তঃ শিক্ষাকার্য্য; শিক্ষকের অভিপ্রার, যে কোনরূপে ছাত্রকে উন্ত্রীর্ণ করিয়া দেওন; ছাত্রের অভিপ্রার, যে কোনরূপে উন্তর্গি হওন; শিক্ষক নোট লিখিয়া দিতেছে, বালক নোট মুখন্ত করিতেছে, শেবে পরীক্ষান্থলে তাহা উগরাইয়া থালাস এবং সেই থানেই শিক্ষা, শিক্ষক ও শিক্ষানবিশের মধ্যে সম্বন্ধচ্ছেদ; স্থতরাং শিক্ষা বিষয় ফাঁকি! ভাহার পর পরীক্ষা; নির্ব্জাক ভিরন্ধার ইহার একমাত্র উপযুক্ত বর্ণনা; বলিতে কি এখানে পরীকা ভণ্ডামি! তাহার পর শিক্ষিতের ভাবী কল ?—শিক্ষা-শুকরা প্রায়ই কগতের অধিতীয় নিউটন, দেই নিউটনগণের কাছে আমার শিকা; তাহার পর আমি নিজে বিল্যোপাধির চরম সীমার উপস্থিত; ইহার পর আবার কি? বিল্যাসন্ত্রের পর পারে উপনীত, অতঃপর আরেদ আরাম; স্থভরাং ভাবিক্ষে বঙামি! অতএব বাহার গোড়া হইতে আগা পর্যন্ত বোকামী, মেকি, কাঁকি, ভণ্ডামি ও বঙামি এই কয়ট পর পর প্রায়ক্তমে স্মিরিষ্ট; সে শিক্ষা যে কিরপ আপুর্ক পদার্থ হইরা বাঁড়াইবে, তাহা বলিবার আবশাক রাথে না।

আর একটি বিশেষ আশ্চর্য্যের বিষয় এই যে, শিক্ষাবিভাগে এত অসংখ্য নিউটন, তথাপি কিন্তু এমন কোন একটি নিউটনকে দেখিতে পাই না বে, চোখে-ঠুলি ঘানির গরুর বভাব ভূলিরা বাঁধা পথের বাছিরে যাইতে পারগ হয়। ইংরেজ নিউটনগণের কথার দরকার নাই। তোমার দেশী নিউটন? চিত্ত ও বৃদ্ধিপ্রস্ত এমন কোন গণনীয় অভিনৰ কাৰ্যা দেখি নাই. এই বাঙ্গালা সাহিত্যে এমন কোন অভিনৰ প্রনীয় প্রস্ত দেখি নাই, যাহা শিক্ষাবিভাগের কোন নিউটনের ছারা রচিত বা সম্পাদিত হইদাছে। এ পর্বান্ত বাহা কিছ গণনীর কার্য্য কৃত হটরাছে, তাহা প্রার সমস্তই শিক্ষাবিভাগের বাহিরে। हेहा बाता निউটनश्राम निউটनाबुत विवय किन्नश अनुमान हत्र ? তবে কি না ইহারা, পরস্পর পরস্পরের সহারতার চলিত হইবার আশার, তুলপাঠ্য প্রস্থ অপার এবং অসংখ্য সংখ্যার লিখিয়াছে ও লিখিতেছে, ইহা সত্য! বে দেশের বিদ্যাবৃদ্ধির দীয়া স্কুলপাঠা পুত্তকে অধবা অপাঠ্য উপন্যাদে. এবং কর্মদীমা সেই সকলের প্রশারনে, সে দেশের ভাগ্যে আশা করিবার বিবর অতি অরই! কোন নিউটনকে জানার এমনও বলিতে ওনিয়াছি যে, কোন প্রস্থ প্রণয়ন অপেক্ষা, ৰাৎসৱিক বিপোট কেবা অতি কঠিন এবং মহৎকাল : বলা ৰাহুল্য যে, ইছারাও প্রাণ ভরিষা বাংসরিক রিপোর্ট কোষার উপর জীবন মন উৎসর্গ করিতে কিছুমাত্র ক্রটি করে নাই! শিকার উপরেই, কি বাজিগত কি জ্লাতিগত, কি বর্তমান কি ভবিষ্যৎ, কি ইহলোকিক কি পারলোকিক, সমস্ত জীবন নির্ভর করিয়া থাকে। সেই শিকাদায়ক বিভাগ বেখানে এরূপ দশার দশাপ্রত হইয়াছে, সেখানে আর কি অধিক ভাগ্য, দৌভাগ্য আশা করা বাইতে পারে; বা

এই অপর্ব্ধ শিক্ষান্তলে শিক্ষা লাভ করিয়া, বালক যখন শিক্ষালয় পরিত্যাগপুর্বাক সংসারক্ষেত্রে প্রবেশ করে, তথন তাহার কি আত্মিক কি সাংসারিক,উভয় জীবনই কর্ষণ অভাবে এবং নিয়ত বিষম প্রতিকূল কারণের সংঘর্ষে নিদারুণ মরুকাস্তার সদৃশ হইয়া উঠে। প্রায় এমন উষরত্বে আসিয়া উপস্থিত হয় যে, বহু কর্ষণেও আর তাহা হইতে ফসল লাভের সম্ভাবনা থাকে না। আমার সৃষ্টি কি জন্য,কোণা হইতে, আমার কর্ত্তব্য কি, কি করিতে এ সংসারে আদিয়াছি, কি কর্ম্ম করিতে আমি ূক্ষমবান, কর্ম্ম আচরণের প্রয়োজন প্রকরণ ওপরিণাম কি, অথবা কর্ম্ম কাহাকে বলে, সে সকল বিষয়ে একেবারে জ্রক্ষেপশূন্য; জ্ঞানশক্তি, স্বেচ্চাশক্তি ও ক্রিয়াশক্তি স্পন্দহীন এবং উদ্ভাবনী শক্তি সমূলে দগ্ধ ; এ প্থিবী, এ সংসার যে কেবল আহার বিহারের স্থল নহে, আরও কিছু আছে, সে বিষয়ে নিরতিশয় অন্ধ। এ দিকে প্রবেশদারে তাহার ন্যায় অনুরূপ প্রকৃতি-বিশিষ্ট লোকের দ্বারা সংগঠিত উন্মন্ত নব্য সামাজিকতা এবং সেই সামাজিকতার উন্মন্ত শাসন। প্রাচীন সামাজিকতার প্রতি ইহারা কৃঞ্চিতনাসিকার বিমুখ ও শূনাসম্বন্ধ, স্তরাং তাহার সংলগ্নে যাহা কিছু সামাসাধন সম্ভাবনা ছিল তাহাও বিলুপ্ত। অন্য দিকে প্রাচীন সামাজিকগণ তাছাদিগকে ছাডিতে না পারিয়া ও কোলে টানিতে পিরা: সেই ফতে ও সকলোবে তাহারাও বছপরিমাণে অধঃ-পাতগভ হইতেছে। উন্মত্ত শাসনের কলও উন্মত্ত হইবে না ত কি হইবে 🏰 এই সকল কারণ হেতুই প্রধানতঃ পূর্ববর্ণত অন্ধূত লোক-চরিত্র এবং সমাজচিত্রের উৎপত্তি। প্রাচীন সামাজিকতার নাম ধরিয়া. এথনও বাহারা হিন্দুনামে পরিচয় দিয়া থাকে, তাহারাও আর হিন্দু নহে; মুথে হিন্দু, মনে দিশাহারা,প্রকৃতি দৈন্যতার পরিপূর্ণ। হিন্দুধর্মের জীবন্ত ভাব যাহা ভাহা অনেক দিন বিগত: ভাহার যে বহিরাবরণ টিকিদারেরা এতদিন ধরিয়া রাথিয়াছিল, তাহাও এখন দগ্ধ; এখন তাহার বীভৎস দুশা ও চিতাভন্ম মাত্র লোকের অবলম্বন হইয়াছে: সে চিতাভন্মও যে ব্যবহৃত হয়, সে কেবল আত্মবিক্লাত বদনকৈ আরু একরূপ করিয়া দেখাইবার জন্য। হিন্দু হিন্দুয়ানীবহিভু ত ছইয়া করিতেছে সমস্ত, অথচ চক্ষু ঠারিয়া সকলই ঢাকা দিয়া জীর্ণ করিয়া ফেলিতেছে; আবার অনেকের হিন্দ্রানী আচরণ কেবল লোকরকা ও আইনরকার থাতিরে! আর নব্যগণ, কি হিন্দুয়ানী কি যে কোন ধর্ম বা শ্রেণী, কিছুরই তোয়াক। রাখে না: অথবা যদি কেহ রাখে, তবে সে সৌখীন ব্রাহ্মগিরিতে। श्रे बाक्सवर्षावनसीिम्लात मर्त्या माधात्रगठः अमा धर्मा द्वस, भविन्ता, পিতৃপুক্ষনিন্দা, আত্মঘোষণা ও আত্মগৌরব, স্থতরাং তামসিকতাই প্রধান বিভৃতি। আপন উৎপত্তিক্ষেত্র নরকে পরিণত করিতে এমন আর গুইটি নাই। আর আত্মঘোষণা, আত্মগোরব কেমন যেন একটা আমাদের জাতীয় স্বভাব,—এমন কি মাতৃভাষা বাঙ্গালা না জানিলে বা জানি না বলিয়াও এখানে আছগৌরৰ করিতে পারা বার! মনুষাত্ব, বীরত্ব এবং সভাতা এখন দক্ষীর হাতে। বাঞ্চারাম হ্যাটকোট ও চুনাগলী সাজে সাজিয়া ভাবে, আমি কি সভা, কি ভता, कि मालूब, कि वीत्रशूक्ष ! वीत्रशूक्ष वे बार्ट ! वाशूरह, वीत्र इ ভোমার আইন আদালতে, বল ভোমার বিমোরিরালে। মারিবে তুমি, নালিশ করিব; তুমি আমার গৃহে প্রবেশ করিবে, নালিশ कतिव : हेश्टबक ज्ञि शानि मिटव, हेखको कतिव : कुनूम कतिटव, মিমোরিয়াল লিখিব। পাহাড়িয়া কুকুর নির্বিবাদে মারি থায়, কিন্ত বিশ ছাত অন্তরে তাহার থেউ থেউ শব্দের ধুম বড়! হায় হয়ে, সেই না জামি কেমন দিন, যে দিন ভারতসন্তান বিজাতীয় বাহ্যিক অশন বসন, চাল চলনের মাধায় ছ্ণাকুঞ্চিত্বদনে স্গর্কে প্লাঘাত

করিয়া, অগ্নিদীপ্ত, বিগ্যুৎপরিচালিতবৎ, তেজে ও সাহসে, সার্ল্য ও বল সংমিলিত করিরা, কর্মকেত্তে অবতরণ করিতে শিথিবে; এবং 'রোদনং বলং' ভারত হইতে ভিরোহিত হইবে।--রুধা স্বপ্ন, সে দিন এখনও অনেক দ্রে ! সে বাহা হউক, ইহার পর এক শত কি গুই শত টাকা বেতনভোগী বা ডিপুটীবাবু হইতে পারিলে ত আত্মগোরবের কথাই নাই। সমালমধ্যে কি ভয়ন্তর আত্মগৌরবের চেউই থেলিভেছে.---त्य भेठ ठीकांत्र मानिक तम मनेठीकांत्र मानित्कत मत्म कथा कहित्व मा. বে সহস্রপতি সে শতপতির সঙ্গে, বে জমিদার সে মধ্যবিত্তের সঙ্গে. যে রাজা সে জমিদারের সঙ্গে, যে চাকুরে সে আকচাকুরের সঙ্গে, যে বড় চাকুরে সে ছোট চাকুরের সঙ্গে, কোনমতে সন্তাধ করিবে না কেহ কেহ বা পদপ্রাধান্য ও গৌরব অফুসারে আহ্বানার্থে,বাড়ীতে ছোট বড় মধ্যম মোড়া চৌকী প্রভৃতিও রাথিয়া থাকে। এ সকলের উপর আবার স্বারই ইচ্ছা, ছোট লোকেরা ছোট থাকিয়া পশুপালের ন্যায় দাসপাল রছক। এই ত জাতীয়ত্ব ও জাতীয় স্থসংমিলন, অথচ ইহাঁরা সকলেই ভারত উদ্ধারের প্রধান পাণ্ডা! সমাজে বখন স্বস্থ গৌরব হেতু সকলেই পৃথক পৃথক্, এক অপরের প্রতি তাচ্ছিল্যভাবপূর্ণ, তখন কথন পরস্পরের প্রতি কার্যাসাধক সহাস্কৃতি ও বনিষ্ঠতা জন্মিতে পারে না। তবে কিন্তু ইহার মধ্যে একটি মাত্র মহাতীর্থ আছে, যথার সকলের সমান সমবেত হেতু যা কিঞ্চিৎ স্থমিলনের সম্ভাবনা ঘটিয়া থাকে। সে মহাতীর্থ ?-- সাহেকের রাঙা পদ! বাজারাম, উহা তোমার গ্রা-তীর্থ এবং এ তীর্থের এমনই মহিমা যে, এখানে ছোট বড় স্বাই ভাঙ্গিরা সমান গতি প্রাপ্ত হয়। চারা, ধনী, মধ্যবিত্ত, রাজা, ফকীর, চাকরে, অচাকুরে,খিনিই বেমন ছোট হউন বা যিনি যতই বড়স্ব জাহির করুন, এ পদপঙ্গজে কিন্তু স্বারই সমান গতি, স্মান মৃক্তি। এই অপূর্ব্ব তীর্থ ই ভারতীয়ের পক্ষে এখন যাহা কিছু বর্ত্তমান একভাস্ত্র ! রুদ্রদেব, তুমি কোথার! কল্কিদেব, আর কত দিন ?—এ জপদার্থের দল আর কতকাল ধরিষা এ পৃথিবী কলন্ধিত করিতে থাকিবে?

ভাল, সে বাহা হউক, আর এক বড় আশ্চর্বা! ছন্ন এ পদদলিত জীবনসমষ্টির ভিতর এত আত্মগোরব, এমন সাহেবানা, এমন খোব মেজাজী জালে কি করিয়া! জগতে যাহার স্থের কিছুই নাই, আতিপদক্ষেপে বাহার নিগড়-ঝঞ্জনা, শিওরে বাহার বিনাম। টাঙান, শ্বদেশে থাকিয়াও যে অপরিচিত ঘুণ্য বিদেশীর অধম; আগে ভাবিতাম, কেমন করিয়া সে মূথে এত হাদি, এত আমোদ, এত আত্মগৌরব জ্বাসে, কৈমন করিয়াই বা সে মুখে ভাত উঠে; কিন্তু এখন দেখিতেছি, তদপেক্ষাও গুরুতর মর্মাবনভির কথা আছে, যে কণার তুলনে দে সক**ল** কথাত তুচ্ছাত্বতুচ্ছের মধ্যে পড়িয়া যায়। তবে কথাটা কি,যে কোন বিষয় যতই ক্লেশদায়ক হউক, বছদিনের অভ্যস্ত হইরা গেলে আবে তাহাতে ততটাক্লেশ বোধ থাকে নাবা অন্য ধিকারবৃদ্ধিও বাধাবড়দের না। वाशाताम, व्याजारेशोतरवत्र अवस्थात व्याष्ट्र , किन्छ स्मरे व्याजारेशोतरवत्र, যাহা সর্বাদাই বিনতের নিকট বিনত থাকে,কেবল উদ্ধৃত দেখিলেই উন্নত হয়, এবং শ্রেষ্ঠতা যাহার কেবল এক ছঃসাধ্য কার্য্যসম্পাদনে প্রকাশ পায়। সেই না জানি কেমন দিন, যে দিনে ভারতসম্ভান সে স্বাত্ম-গৌরববোধে প্রবৃদ্ধ হইবে; পরস্পার পরস্পারকে ভাই ভাই বলিয়া भानिक्रन कतिरतः भनौ निर्धत्मत्र ठक्क्वल मूड्डिंरत, निर्धन धनीत शृष्ठेतल ছইবে, দরিদ্র এবং রাজা একার্থসংযুক্ত হইয়া জাতীয় কর্মক্ষেত্রে প্রবেশ করিবে। কিন্তু এখানেও আবার সে দিন এখনও অনেক দূরে! সে দিন একটি জমিদার আমাকে বলিল,—প্রজার প্রতি ভদ্রতা দেখাইতে যাওয়া বা তাহার প্রতি সহায়ভূতি প্রকাশ করা, কেবল অনর্থক প্ৰশ্নর দেওয়া মাত্র, 'তুধ কলা দিয়া কাল সাপ পোষা।'

একণে জার এক বার ভারত ভরসাগণের প্রতি নেত্রপাত করিয়া
দেখ। বৃদ্ধ, অর্ধ্বরম্বর এবং যুবা, বর্তমান সমাজে ইহারা কে কি রক্ষ
ভাহা উপরে উল্লেখ করিয়া জাসিরাছি। ভাহাদের কর্মকারিছের
বিষয় একবার আলোচনা কর। পূর্ব্বক্থিত বৃদ্ধ বা প্রাচীনের শিক্ষা
মুখায়ী জাবন মিথাার জাধার, মিথাই উহার ভিত্তিভূমি। ঐ শিক্ষার

স্থুল মর্মা, আত্মপ্রকৃতিতে আত্মধাতী হইমা, যখন যে দিকে যেরূপ ट्राचित, उथन त्मरेक्तल हिला नित्कत कांक माधिया नरेत। এ विष् ছরস্ত শিক্ষা! কিন্তু সহজ্ঞ দুশ্যে ইহা বড় মনোহর উপদেশ, এবং ইহাতে আপোততঃ স্থও অনেক দৃষ্ট হয়। কিন্তু ইহাও বুকিতে হইবে বে, শয়তান যদি মিথাাকে এরপ লোভনীয় আবরণে আবৃত দা করে, সত্য হইতে যদি তাহার বেশী বাঞ্নীয় মূর্ত্তি দেথাইতে না পালে, তবে সত্য হইতে লোক ভুলাইয়া আত্মপথে লইবে কি করিয়া। मृगुजः मजा इहेरज मिथाात भथ तिभी लाखनीय इहेवातह कथा। স্ত্য যাহা তাহা স্বয়ং নিত্য, ক্ষয়-রহিত, অপরিবর্ত্তনীয়; যথানিয়মে খথাকালে ও ঘথাফলে যাবতীয় কার্য্য সম্পন্ন করিয়া থাকে, কাহারও অপেক্ষা করে না; সময় অনুসারে বা লোক অনুসারে মূর্ত্তিও পরি-वर्त्तन करत ना। मृजार मकरणत अवगयनीय, मृजा काशाक अवगयन করে না। কিন্তু নানা মায়াধারী শয়তানের ভাব অন্যরূপ। উহা অবিকল গ্রণ্মেটের প্রলোভক রোডদেদের রাস্তার ভাষ; দহর হইতে যথন বাহির হও,তথন কেমন বাঁধান রাস্তা, পরিফার পরিচ্ছন, ছই ধারে মিবিড গাছের আলি। তাহার পর যত অগ্রসর হইতে থাক, তত ক্রমে বাঁধা ঘুচিয়া কাঁচা, কাঁচা ঘুচিয়া ময়দান, গাছের আলি দূরে গত, ক্রমে উচু নিচু, পরে ধূলা কাদা, পরে কাঁটাবন, শেষে খানা ডোবা; পথিক হাত পা ভাঙ্গিয়া, কাঁটায় পড়িয়া, পথ ভুলিয়া, শেষে নিরাশ্রয়ে দিখি-দিকশূন্য হইয়া ব্যাকুলিত। শয়তানের পণও অবিকল দেইরূপ ঠিকানায় লইয়া উপস্থিত করিয়া দেয়। অর্দ্ধবয়ক্ষের জীবনও মিথ্যার উপর নির্ম্মিত, কিন্তু মিণ্যার এথানে চূড়ান্ত ভাব; মিণ্যা ক্ষিপ্তবং, আত্ম-শোণিত আপনি পানে রত। স্কুতরাং ইহার ফলাফলের বিষয়ে কোন কথা বলিতে যাওয়া বাহুল্যমাত্র। তবে কি এ পৃথিবীতে ইহাদের অন্তিত্ব অনুৰ্থক ? তাহা নহে: এ পৃথিবীতে যে বস্তু স্বীয় দোষে বা যে কোন কারণে যতই হেয় অবস্থায় নিপতিত হউক, একেবারে অনর্থক কেছ ঘার না। ঈশ্বর শয়তানকে দিয়াও সতের উৎপত্তি করাইরা থাকেন! বাহুণারাম, ইহা বোধ করি জ্ঞাত আছ যে, ক্ষেত্রের শক্তি একবার লোপ হইলে, তাহার দেই শক্তি প্নর্কার উদ্দীপনে ভাল ফদল উৎপন্ন করাইবার জন্য ভূমিতে সার দিবার প্রয়োজন হয়। সার সাধারণতঃ অব্যবহার্য্য ময়লামাটি ও পরিত্যাগ্যোগ্য বস্তু পচিয়া হইরা থাকে, এবং দেই ময়লামাটি প্রভৃতি আবার যত অপকৃষ্ট ও অস্পুশ্য হয়, সারও তত উত্তম হইয়া থাকে। ভারতীয় জীবনক্ষেত্রে উক্ত আর্বেররেরাও দেই উত্তম সারনির্মায়ক উপকরণসমন্তি। ভারতের ভাগ্যে যে একদিন মহান্ সোভাগ্যের উদয় হইবে,ভারতক্ষেত্রে আবার এক দিন যে অতিশয় স্থফ্সল জন্মিনে, তাহা উহাদিগকে দেখিয়া স্থছনেল নিরূপণ ও আশা উভয়ই করিতে পারা যায়, কারণ মছ্য্য-মগুলীতে উহাদিগের ন্যায় নামের অযোগ্য অপকৃষ্ট জীবন ভূভারতে আর নাই। প্নশ্ব, যে স্থান যত হীনতায় নামে, দে স্থান হইতে তত মহত্বের স্ত্রপাত হয়।

নব্যের জীবন এই মিথার প্রতি বিরক্তি ও তংসহ সংগ্রামভাব, অথচ এথনও সত্যের আশ্রম প্রাপ্ত হইতে পারে নাই। যে সত্য, তাবং বিধর্মী বস্তকে জ্ঞাপন আয়তে আনিয়া ও নিয়মে ফেলিয়া তাহাদের বিধর্মী গুণকেই প্রকারায়ের বৈচিত্রময়ী শোভার আধার করিয়া, অপূর্ব স্থাই রচনা করিয়া থাকে, এখনও ইহারা সে সত্যের দেখা পায় নাই। তদভাবে, বিধর্মী পদার্থনিকর, আয়তক-শাসনশ্নো, ছন্দ্র্ণিত হইয়া ফিরিতেছে; আকর্ষণে আয়ও বছবিধ পদার্থ আসিয়া তাহাতে সংযোজিত হইতেছে; অথচ সংযোজনে হন্দ্র কেবল ব্যাকৃল হইতে বাকুলতর করিয়া তৃলিতেছে মাত্র। কিন্তু সাবধান, এইরূপ সময়েরতেই অনেক বচনসর্বাহ্ব ছই গুরুর উপন্থিতি হইয়া থাকে। মাহা হউক, এই নব্যেরা পূর্বাগত ছই শ্রেণীর ন্যায় নিম্পান নহে; তবে গতি এখনও অস্থির, দৃষ্টি অপ্রসারিত, কোন উচ্চ আদর্শ-ভিত্তিও সন্মুখে আসিয়া উপন্থিত হয় নাই। বর্তমান-মোহপ্রাপ্ত ও আক্ষবাতী অবস্থা হইতে যে আমাদিগকে অবস্থান্তরে যাইতে হইবে, ইহা তাহাদের

অন্তরাত্মার মধ্যে স্থপ্তোখিতবং ক্ষণে ক্ষণে প্রবৃদ্ধ হইতেছে বটে, কিন্তু কোথায় ঘাইতে ছইবে, কোন পথ দিয়া, কিন্তুপে, তাহায় কোন নিদৰ্শনী আলোক এখনও আদিরা উপন্থিত হয় নাই। স্কুতরাং ইহারা পূর্ব্ব হুই শ্রেণীর কর্মা, অথবা প্রক্লুত কথায়, অকর্ম্মণসারকে আপন কর্ম্মণসার-রূপে গ্রহণ করিয়া, তাহারই প্রকারাস্তরকল্পিত আদর্শে এবং তাহারই পাঁচ দ্রব্যের পাঁচ মদলা দিয়া, আর এক নৃতন দ্রব্য প্রস্তুতের চেষ্টা করিতেছে: অথচ মনোমত হইতেছে না.—হইবে কিরুপে ? সং-ইচ্ছা ঋসং সংমিলনে কবে সফলতা বা কবে তৃপ্তি লাভ করিতে সমর্থ হয়? মনোমত হইতেছে না, আবার ভাঙ্গিতেছে, আবার গড়িতেছে: এইরূপে কোন मित्क किड्ड **माराख इहै** छाड़ ना। **এই** हे कातन हहै छ आमता দেখিতে পাইয়া থাকি, ইছারা সমরে সময়ে নানা কার্য্য উপস্থিত করিতেছে: নানা কথা কহিতেছে: আত্মসফলতা, অনুষ্ঠানমাত্রেই গণনা করিয়া, চীৎকারে গগন ভেদ করিতেছে; আবার পরক্ষণেই সকল নিস্তম, ছায়াবাজিপ্রায় তাহাদের আরম্ভিত সকল কার্য্য ভিত্তি-শুনা হইয়া কোথায় মিশাইয়া গেল, পশ্চাতে চিহুত্বরূপ কেবল অস্থা ক্লেদরাশিমাত্র নিপতিত। আবার ক্ষণ বিলম্বে উঠিতেছে, আবার কণ বিলম্বে ডুবিতেছে: — স্ষ্টিসংবোধক ইক্রধত্ব এইমাত্র উঠিতেছে, আবার উঠিতে না উঠিতেই ভগ্নরতি কালমেঘে ছিন্ন ভিন্ন হইয়া কোথায় মিশাইরা যাইতেছে। ইহারই দৃশামান অভিনয়রূপে দিনত্রয়ন্দীবী সভা সমিতি, বিবিধ সংক্ষণ, বিবিধ বক্তৃতা, বিবিধ অমুষ্ঠান-স্চনা, পরে তুষানল ধুম, শেবে পৃষ্ঠভাসান, নিত্য নরনসমকে দর্শকের শোকাকর্ষণপূর্বক যাতায়াত করিতেছে। বড়ই কে:ভের বিষয় তাহাতে সলেহ কি? তথাপি আনলের বিষয় এই যে, ইহাদের कीवन, शृर्त्साक इह (अंगीत कीवरमत नाति निल्नम, उत्तरन्ना, चक्-काठवर धवर अनावादकक्रमत्रनगत्री नहा। हेशां खनववान्छा-বিতাড়িত মিয়মশূনা তর্জনিশেষ সলেহ নাই এবং দেখিতে বণিও বড় ভনত্বর, বড় রোমহর্ষণকর: এবং ইহাতে ভূক্তভোগী বাহারা

তাহাদের অবস্থা যদিও করণা-উত্তেজক; তথাপি তাহা আশাশুন্য নহে। প্রলয়মাত্রেই স্পত্তির পূর্ব্ব লক্ষণ।

এতক্ষণ সমাজস্থ: বিভিন্ন লোকচরিত্রের বিষয় আলোচনা করা গেল, এক্লণে আর এক বার মাধারণ সমাজচিত্রের প্রতি তাকাইয়া **(मश्री वार्डिक। माशामूञ्च आ**त्र (मश्रिवहे ता कि ! आत्र तम आर्या লবুছ ৩৪ জ ভ নাই; আর সে আর্য্য নেতৃত্ব নীতত্ব নাই; আর সে षांग्र शांखींग्र नारे ; बाद दम बाग्र नी वि, धर्म, तीवा, तम, मारम, তেজ, অধ্যবসায় কিছুই নাই; সকলই বিগত, সকলই ভূত-সাগরগর্ভে বিলীন হইরা যাইতেছে। আগে লঘু, গুরুর নিকট বিনত হইত; এখন শুরু নিজে বিনত হইয়া এবং তফাতে সরিয়া দাঁড়াইয়াও লঘুর মন ও নিজের মান রাথিয়া উঠিতে পারেন না। আগে কবিরাজ ছয়দও নাড়ী টিপিয়া, হাল ভানিয়া, নানা চিক্তার পর তবে রোগীর ব্যৰ্ম্থা করিত; আরে এখন ডাক্তার বাবু দরজার ছয়ারে পা দিয়াই প্রেসক্রিপন করতঃ উর্দ্বখাসে দৌড় দিয়া থাকে। ডাক্তার বাবু একটি দৃষ্টান্ত মাত্র; নতুবা সকল হিন্দুসন্তানের সকল কার্য্যেই প্রায় এইরূপ তরলতা ও চপলতা ঘটিয়াছে; স্থির-প্রয়োগ কোন বিষয়েই নাই। আগে বল উর্দ্ধে, দয়া নিমে থাকিত; এথন দয়া চাটুকারিতা-বেশে উর্দ্ধে এবং বল নিমে অবস্থিতি করিতেছে। এখন পুরুষের নাম तमगी. नजनी ; खीत नाम नरगक्त, वीरतक्त ; स्मात प्रस्त प्रक्षि মেরে । অথবা পুরুষ মেয়ে, মেয়ে পুরুষ ছইতে চলিয়াছে ; কি বিপরীত ঘটনা! বাঞ্চারাম, কেবল জীগুণেও ফল ফলে না, কেবল পুরুষগুণেও ফল ফলে না; জীওণ পুরুষগুণ সংমিলন হইলেই ফলের উৎপত্তি হয়। কিন্তু পুরুষগুণ ? তাহার সাহদ এবং তেজ এখন তোষামোদে, মান ও চরিত্র এখন আদালতে, আর অধ্যবসায় এখন আত্মধংসনে। কর্ত্তব্য-বুদ্ধির অভাব হইলে স্কর্মে আলস্য, আলস্যে অকর্ম, অকর্মে পাপ, পাপে মৃত্যু ; আমাদের সমাজে এখন সেই মৃত্যুর অভিনন্ন চলিতেছে। অকর্ম এবং আলস্যে জড়তার বৃদ্ধি হয়, জড়তায় ফুর্ন্তি লোপ

পায়, ফুর্তিলোপে মানসিক বিকার, মানসিক বিকারে শারীরিক বিকার ও বীর্যাহানি, শারীরিক বিকারে রুগ্নতা, রুগ্নতার মৃত্যু। অতএব মনে করিও না যে, তোমার নিত্যরোগ, নিত্য মৃত্যু, কেবল टेनमर्शिक कात्रगवरम अथवा वालाविवाह, अथवा देवधवादमाहन अथवा কন্দেট আইনের অভাব জন্য সংঘটিত হইতেছে। এ দকল কারণ পূর্বেও ছিল, অথচ লোকে স্বদ্ধন্দে থাইত, স্বদ্ধন্দে থাকিত ও স্বদ্ধন্দে ক্ষুর্ভির উপর বেড়াইত। দেখ, তোমাদের ন্যায় অবস্থা ও কারণের অভাব যে বে বিজাতীয় জাতিতে, তোমার রোগ ও মৃত্যু সর্বজনীন হইলেও এবং তাহারা সে রোগাদির অধিকার-ভূমির মধ্যে থাকিলেও, তথাপি তাহারাকেমন সে সকলের অতীত হইয়া আছেলে অবস্থান করিতেছে। অতএব এমন স্থলে কেবল নৈদর্গিক কারণের দোষ কেমন করিয়া দেওয়া ঘাইতে পারে। নৈদর্গিক কারণ দকলকেই সমান আয়ত্তাধীনে আনিয়া থাকে। দেখিতে পাইতেছ কি. তোমার বীর্যাও জীবনী হানি কতদূর ঘটিয়া আসিয়াছে; ছই তিন পুরুবের মধ্যে তোমার আমকার ও চেহারা আর্দ্ধহন্তেরও অধিক কমিয়া গিয়াছে, ভূমি তোমার দেহের আয়তন এবং পরিমাণে যাত্রাদলের বালকের ন্যায় হইয়া দাঁডাইয়াছ। বস্ততঃই নব্য সম্প্রদায়ের মধ্যে: পরিমাণ দেহের মামুষ দেখা এখন একরূপ আশ্চর্যা ও নিতান্ত তুর্ঘট रहेशा छेठिशाष्ट्र। ভाविशा तमध तमिथ, हेशात्मत এই ष्रपूर्ण तम्र এवः ক্ষীণ বীর্য্যে আবার যে সকল সন্তান সন্ততি জ্বনিবে, তাহারা কতই না শুক্তর ছর্দশা প্রাপ্ত হইতে থাকিবে। যত শীঘ্র এবং যে পরি-মাণে দেহের হ্রাস সাধন হইয়া আসিতেছে, সেই হ্রাস যদি সেই পরিমাণে অপ্রতিহতভাবে হইতে থাকে, তবে আর কে বলিবে যে বে গুণ গাছে আকর্ষি দেওয়ার ভবিষালাণী ফলবতী হওয়ার দিন ष्यिक मृतवर्खी ? এ मिरक रमथ, महः म क्रांसरे रमांश श्रीश हरेराज्य ; যাহারা যাইতেছে, ভাহাদের স্থান আর পূরণ হইতেছে না। গবর্ণ-মেন্টের জনসংখ্যার বেরূপ ফল দাঁড়াইয়া থাকে দাঁড়াক, কিন্তু আমরা

প্রতি পরিতে প্রতিনিয়ত যাহা নিরীকণ করিরা আদিতেছি, ভাহাতে আশাহিত হওয়ার কারণ অতি অলই। হার ! হার ! তথাপি, এরূপ বিপ্লববিশিষ্ঠ ক্রতপদ ধ্বংসাভিনয় দেখিয়াও আমাদের চৈত্রন্য হইতেছে না। বালক স্বভাবতঃ চপ্লস্বভাব, কিন্তু কাল্মাহান্ত্র্যে বালকও এখানে সে চপলতা ত্যাগে, ক্তিরি অভাবে বেমন জুজু; বৃদ্ধও তেমনি জুজু। আগে বারোয়ারীপূজা তুর্গোৎসব ইত্যাদি নান। উপলক্ষে, লোকে কতই ফ্রির আধিক্য প্রকাশ করিত; তাহা-দিগের যে কিঞ্ছি স্বাভাবিক ফুর্ত্তি তথনও ছিল, উহা তাহারই চিহ্-স্বরূপ। স্থতরাং তাহাদের শরীরও তেমন হীন ছিল না, আহারও ন্যন ছিল না, ছিল কেবল তাহারা অজ্ঞানান্ধ ও সন্ধীৰ্ণ কৰ্মক্ষেত্ৰে বিচরণকারী। আবে এখন ? হৃত-স্থনীতি, ভাক্তনীতির বশ্যতায়, চ্মাসরকালে বিপরীত বৃদ্ধি উদয়ের ন্যায় সে সকল আমোদ, নে मकन ऋ हिं मृष्यीय। देमहिक क्लोड़ा वा द्याड़ान प्रशास मृद्ध पृद्ध थाकूक, জ্রুতপদে চলিলেও গান্তীর্যোর হানি ও লজ্জার বিষয় বলিয়া বোধ হয়। স্বাভাবিকী চপল ফুর্ভি এবং গাস্তীর্যাশীল কর্ম্মপরায়ণতা, জীবন স্থভাবে অতিবাহন করিতে হইলে, উভয়েরই সমান আবশ্যক। জীবনী শক্তির সহ স্বভাবসম্ভূত ফুর্ত্তি যাহা তাহা এখন বিগত; ফুর্ত্তি এখন যাহা কিছু তাহা কুত্রিম, মাদকতায় ও উন্মাদনে উংপন্ন। স্বভাবসভূত ক্র্ত্তির ন্যুনতা হেতুই, ক্লত্রিম ক্ষুত্তির এত প্রাবল্য এবং স্থাবশ্যকতা। কৃত্রিম ক্ষ্তির ফল হীনতা ও ক্ষীণতা; হীনতার ও ক্ষীণতায় রোগের উৎপত্তি, রোগে অপর রোগ টানিয়া আনে। কথা আছে, নগর দগ্ধ হইলে দেবালয় এড়ায় না; স্করাং একের রোগে অপরে ক্র্যু, **जाहे जाकि त्मरमंत्र फेल नीठ मकरनरे धक महनजानाय ममान मध्य।** উপযুক্ত নিয়োগ, শ্রম, অধাবদায়াদির অভাবে, ওদিকে ভূমির উৎপাদিকা শক্তি প্রভৃতির হ্রাস হইয়া আসিতেছে। নিয়ত অন্নকষ্ট, নানাকষ্ট প্রভৃতিতে রোগ আরও ভীষণতর করিয়া তুলিতেছে। এ দামাজিক উচ্ছুঅনতা বাহা পরিদর্শন করিয়া আদিলান,

তাহা পূর্ব্<mark>রেকে জাতীয় হীনতারই প্রায়শ্চিত্তমাত্র। কিন্তু এখন</mark> পরিণাম ?

এ ধ্বংসাভিনয়ের পরিণাম বাস্তবিকই বড় ভয়ন্তর, বাস্তবিকই বড় বোমহর্ষণকর। ধ্বংসাভিনয়ের বেরূপ প্রবল বেগ তাহাতে এ জাতি, এ লোক, একে একে সকলই সর্বসংহারক মৃত্যু দেবতার অঙ্কগত হইবে। ভারতের ভাবী ভরদা এবং ভাবী নব জীবন যাহা তাহা, ইহাদিগের অতীতে এবং ইহাদিগের চিতাভক্ষ হইতে যে অভিনব মানবন্ধীবন অন্থরিত হইবে, তাহাদের হস্তে অবস্থান করিতেছে। ভারত নিশ্চয়ই আবার পুনর্জীবিত হইবে বটে, ভারতে আবার নব জাতীয় জীবনঃ অন্তবিত হইবে বটে,—বেরূপ আমেরিকার হইরাছে, বেরূপ অন্যান্য স্তানে হইয়াছে,—কিন্তু তাহাতে আমাদের এ জাতীয় জীবনের লাভালাভ? এ জাতীয় জীবনের আমিস্ব তাহা হইলে কোথায় বহিবে ? সে ভাবী জাতীয় জীবনে এ জাতীয় জীবনের স্থের আশা বা হর্ষোল্লাস, আর হিন্দুশাস্ত্রোক্ত পূর্বাস্থৃতিশূন্য পুনর্জন্মে আত্মার নিতাত্ব-বিষ্মিণী **আকাজ্ঞা পরিপূরণ, এ উভর্ই সমান। তবে এখন উপায়** কি ?—এ ধ্বংসাভিনয়ের বেগ কি তবে এখনও ফিরাইতে পারা যার না ? জাতীর জীবনের আমিত্ব এখনও কি রক্ষা করিতে পারা যায় না ?

কন্ত আগে একটা কণা। এ ধ্বংদাবর্ত্তের ঘোর ত্রন্ধ, এতকালের পর কেবল এই ছই তিন পুক্ষ কাল ধরিরা এরূপ ধ্বতর বেগে প্রবাহিত হইতে চলিরাছে কেন? কথা আছে জীবন সংগ্রামে যোগ্য জনেরই জন্ন, অবোগ্যে কর প্রাপ্ত ইয়া থাকে। কথা মিথ্যা নহে। যণান্নই বোগ্য ও অবোগ্যে বিদ্বতাব, যথান্নই বোগ্য ও প্রবাহে, দেখা যার, তথান্নই ক্রমশঃ অবোগ্যের ক্রমপ্রাপ্তি নাধন হইরাছে। স্বলসংঘর্ষে শক্তিনকালনমূঢ় ক্লীপ্রনের কন্নপ্রাপ্তি, প্রাকৃতিক নিয়ন। আমাদিগের এথানেও সেই স্বলসংঘর্ষ—আমাদিগের এথানেও যোগ্যাঘোগ্যে সংগ্রাম চলিন্নছে।

একে মানব অকর্মণাতা ও অলস্তা প্রাপ্ত, তাহার উপরে পুন: যাহা কিছু কর্মেচ্ছা ছিল সে ইচ্ছারও গতি উক্ত সংগ্রামে অবরুদ্ধ; স্থতরাং (कन ना ध्वः मावर्ण्डत (वश थत्रज्त इहेबा मांज़ाहेटव। (याशास्याशा সংগ্রাম আরম্ভ হইলেও, যত্দিন অযোগোর বোধশক্তি কম এবং কর্ম্ম-ক্ষেত্র তাহার সন্ধীর্ণ থাকে, স্কুতরাং স্বীর জীবনকার্য্যপ্রবাহের পক্ষে যতদিন সে বিশেষ প্রতিবন্ধকতা অনুভব করিতে না পারে; ততদিনও বিশেষ অনিষ্টের আশঙ্কা নাই। কিন্তু যে মুহূর্ত্ হইতে মানবের জ্ঞান চইতে থাকে যে আমি অযোগ্য, এবং যথন তাহার বিক্ষারিত দর্শনজাত জ্ঞান হইতে সম্ভূত যে কৰ্ম্মেচ্ছা তাহাও প্ৰতিপদে অবৰুদ্ধ হইতে আৱম্ভ হয়, অথচ ধথন তাহার প্রতীকারে শক্তি সঞ্চালন করিবার ক্ষনতা উদ্ভত হয় নাই, তথনই সানবচিত্ত খ্রিয়মাণ এবং অবসন্ন হইতে থাকে; এবং নিতান্ত অবোগ্য হইলে, হয় ত শক্তিসঞ্চালনক্ষমতা উদ্ভিন্ন হইবার পূর্বেই ধ্বংস হইয়া যায়। পুনশ্চ, এই অবসন ভাবের উপর আবার প্রকৃতিগত স্বীয় পূর্ব বিকৃতি যদি কিছু থাকে, তাহা ছইলে ত আর কথাই নাই:—আমাদিগের বর্তুমান অবস্থা এই অবস্থা। যাহারা অভিজ্ঞ হইরাছে, তাহাদিণের হইতে এ ধ্বংস।-বর্ত্তের উৎপত্তি: অনভিজ্ঞ বাহারা, সংস্তবে তাহারা ফলভাগী হইতেছে. যেমন জলস্ত প্রদীপের সংস্রবে অন্য প্রদীপ প্রজ্ঞলিত হইয়া থাকে। আমরা যে অযোগা এবং আমাদের যে কর্দ্ধেচ্ছা প্রতিপদে অবরুত্ত ভাহী আমরাপত ছই তিন পুরুষ হইতেই বিশেষরূপে অনুভব করিতে পারিতেছি; এবং এই কারণেই গত ছই তিন পুরুষ হইতে আমেরা এরপ অবসন্ধ, এবং এরপ নানা কটে ও বিশৃত্যলতায় ও নানা ছরবস্থায় ক্ষয় প্রাপ্ত হইরা আদিতেছি ;—কে জানে আমাদের ভবিষাৎ ভাগো আরও কি দারুণতর পরিণাম লিখিত রহিয়াছে। বেগ যত আকর্বণ-কেল্লাভিমুখে আসিতে থাকে, ততই তাহার গতি খরতর হয়; আমরাও যে ধ্বংস-কেন্দ্রের অতি নিকটবর্ত্তী, তাহা ধ্বংসাবর্ত্তের ধরতর বেগের দারাই বুঝিতে পারা বাইতেছে। তাই আবার জিজ্ঞানা

করি, এ ধ্বংসাভিনরের বেগ কি ভবে এখনও ফিরাইতে পারা বায় নাং

किताहर जा भावा वाहरव तकन ? यथन तनथा वाहर उट्टर व ध्वः नावर्ष्ड (कंवन निर्मार्थक निर्माय क्रिन नाट्य, मानावत आञ्चारनाय उ ইহাতে বিস্তর; এবং যখন দেখা বাইতেছে যে বোগ্যাযোগ্য সংগ্রামে বিপৎপ্রতিকার হেতু কর্মপুপে শক্তি সঞ্চালন করিতে উদ্যুমশীল হইতে পারিলেই আমবার নবজীবনীর সঞ্চার হয়, তথন অবশাই ইহা নিশ্চয় যে আত্মদোষ পরিহার এবং কথিত শক্তি সঞ্চালনে উদ্যোগী হইলে. সে বেগ কিরাইতে সমর্থ হইতে পারা যায়। কিন্তু কে তাহার তত্ত্ব উদ্বাটন করে, কে তাহার পথ দেখায় ? কেইবা এ প্রালয়বিক্ষিপ্ত ছন্দ্ব্রণিত পদার্থনিকরের মধ্যে নিয়মের সঞ্চার করিতে সক্ষম হয় এবং কেইবা তাহার নেতা হইবে ? সমাজ যথন যথার্থ পথ হইতে গতিচাত হয়, তথন সমাজের মধ্যে যে কোন সান্তিক ব্যক্তি থাকেন. এবং থাকেনও অনেক ভাহাতে সন্দেহ নাই, তাঁহাদের কর্ত্তব্য যে সমাজের জীবনী শক্তির তাৎকালিকী পরিমাণ বুঝিয়া; ভাহার জ্ঞানপথে দর্শন কতদূর, আত্মিক শক্তির অবস্থা কিরূপ, এবং অন্তর্গ টি কতদূর প্রসা-রিত্ত, তাহা নিরপণ করিয়া : সেই অবস্থায় যেরপ পরিচালনা শুভপ্রদ হয়, সেইক্লপে পরিচালন করেন। কিন্তু এ পোড়া দেশের ভাগ্যে কাঠের দেবতাও হা করেন ;—এ পোড়াদেশে কখনও তেমন শুভ দিন সংঘটন হইবে কি ? এখানে স্বার্থের প্রতিবন্ধকতা পড়িলে, কে সান্ত্রিক কে অসান্ত্ৰিক, কে হিতৈষী কে অহিতৈষী, কিছুই অফুভৰ করিবার সাধ্য নাই। ষাহাদের উপর অধিক আশা, অধিক ভরসা; সমাজের শ্রেষ্ঠাংশ বলিয়া যাহাদের আশ্রের গ্রহণে সফলমনোর্থ হইব বলিয়া আশা করা উচিত; দেখা বায়, তাহারাই বেন সতত ও সবার আগে, চথে চথে চারি চকু চাহিয়া, নৃশংস ও নিষ্ঠুর ভাবে, মাতৃভূমির গলার ছुतिका अमार्ग अर्थनत ! जरत किना आगारजरे मार्थ दाँराह, आगारे জীবনের পরিমাণ, ভাই এখনও একেবারে নিরাণ হইতে পারি না।

ঘদিই দেরপ সান্তিক প্রাণ পরিচালক মহাপুরুব আপাততঃ কেহ বর্তমান না থাকে, তাহা হইলে অবতারিত হইবারও ত সম্ভাবনা আছে; বিশেষতঃ যথন "কালো হৃয়ং নিরবধিবিপুলা চ পৃধী।"

ত। সাধনা।

সাধনা মাত্রে অসাধুর নিকট বেমন জটিল এবং হঃসাধ্য, আবার সাধুর নিকট তাহা তেমনিই সরল এবং স্থ্যাধ্য। যে যাহার অধিকার সীমা কখন স্পর্ণ করে নাই এবং করিতেও অনিচ্ছক, সে তাহার সাধনে অপরিমিত শ্রম, ক্লেশ এবং ছঃসাধ্য ভাব নিতাই অবলোকন করিয়া থাকে। স্থমনেও সাধনা ছঃসাধ্যের ন্যায় প্রতীয়মান না হইয়া থাকে এমন নহে, কিন্তু সে যতক্ষণ সাধনাকে দূর হইতে দৃষ্টি করা যায়: নিকট হইলে বা নিকট হইতে থাকিলে, আরে তাহার নে ছঃসাধ্য ভাব তিষ্ঠিতে পারে না, ক্রমে ক্রমে ছঃসাধ্য ভাবকে দূর আকাশে বিলীন হইতে হয়। সাধনানিচয়ের জঃসাধ্য ভাব সাধারণতঃ ভতক্ষণ, যতক্ষণ তাছার আয়েত্রীকরণে হস্ত প্রাদারিত করা না যায়। বিশাল অরণ্য দূর হইতে দারুণ ছুর্গমের ন্যায় অবলোকিত হইতে থাকে, বোধ হইতে থাকে যেন পশু পক্ষী পর্য্যন্ত কাহারও তাহাতে প্রবেশ করিবার সাধ্য নাই : অথবা পর্বতিগণ দূর হইতে বড়ই ছরারোহ বলিয়া বোধ হয় : কিন্তু একবার নিকটে ঘাইতে পারিলে আর সেরপ দেখার না, তথন দেখিতে পাওয়া যায় যে, তাহাতে দকলেরই জন্য শত শত প্রবেশপথ পুরোভাগে উদ্যাটিত হইয়া রহিয়াছে। মানব মিছা আতত্তে অনেক কার্য্যের ধ্বংস করিয়া থাকে। যাহারা আতত্তে কার্য্য নষ্ট করে, প্রকৃতি তাহাদের সাধু হইলেও, ফলে তাহারা অসাধুর সঙ্গে সমান। যথায় ফল লইরা কথা, তথায় সেই ফলের ব্যতিক্রম ঘটিলে, ছষ্ট অসাধু এবং সাহসশ্ন্য ভগ্নপদ সাধু, এ উভয়ে প্রভেদ রহিল কি ? সকম অসাধু আরে অকম সাধু, প্রভেদ অতি অরই। বথার্থ সাধ্ আতকে তথাপদ হয় না; ঘটনাচক্রে তাহাদের সাধনা সিদ্ধ না হইলেও চেটার ক্রাট পাকে না, অন্বতঃ সংবারের তাবী সিদ্ধির পথ তাহারা অনেক দ্র অপ্রসর করিয়া দিয়া থাকে। এরূপ সাধ্ বাহারা, তাহাদেরই সিদ্ধিমন্ত্র সেই নিতাঞ্চত অথচ নিত্য-বিশ্বত মহামন্ত্র—'শত্রের সাধন কিয়া শরীর-পতন।' এ মহামন্ত্র সাধনার মূল, সাধকের হ্মনস তাব; স্থমনস তাবের মূল, সত্ত্যে রতি; সত্ত্যে রতির মূল, নিজ্যা কর্মান্থসরণ অর্থাং প্রস্তার সকলে আত্মক্তিব্যবেধে কর্মান্থসরণ। এই সাধনা সম্বন্ধে, যে যে কথা ব্যক্তিগত জীবনের প্রতি কথিত, জাতীয় জীবনের প্রতিও অবিকল তাহা বর্তে।

কিন্তু মা ভারতলক্ষ্মি, কথা ত সব শুনিলাম, বুঝিলামও সকলই; কিন্তু জিজ্ঞাদা করি, তুমি ঐ কল্পাল-মূর্ত্তি, আমি এই ক্ল সম্ভান; তুমি ঐ কৃক্ককেশা ভিথারিণী, আমি এই অন্ত্রসার হাড়ের মালা; তুমি ঐ ভগ্নদণ্ড ধূমাবতী, আমি এই ক্ষুধিত 'কা-কা' শক-मधन: आंभि ज्ञानित, ज्ञानु, त्नानहर्म, ममन्दर, जेनदान गांदात আকাশে, আহা করিতে যাহার কেহ নাই, পদদলিত করিতে যাহার স্বাই আছে-মানি কি করিয়া, কোন উৎসাহে, কোন সাহসে, দেবি। কোন সাহসে সাহসী হইয়া, তোমার সাধনাময়ে দীক্ষিত হই ? তোমার যে দিকে যাই, সেই দিকেই নিবিড মক-काञ्चातः; य निष्क जाकारे, त्मरे निष्करे जीवनगृना विकछ-मूर्खि কঙ্কালদৃশ্য: আকাশে কাল মেঘ: নিমে স্বচ্ছন্দ অন্ধকারপুঞ্জ দুশ্যের দুর প্রান্ত অতিক্রম করিয়া ধাবিত; ওদিকে কাল সমুদ্রের তরঙ্গ-আক্ষালন গভীর গর্জনে গ্রাস করিতে অদৃশ্যে অগ্রসর হইয়া আসিতেছে; আমি একাকী, সহায়শূন্য,সম্বলশূন্য; আমি এখন আপনা রাধি, না সাধনারত হই ? পরিতাপবিলাপে দিক পরিপুরিত, হাহা-কার প্রতিধানিতে প্রতিনাদিত। কিন্তু শুন, ঐ শুন, ঐ শুক্ট শক-কল্লোলের মধ্য হইতে ধীর নিনাদে কি ঐ ফুট শব্দ আসিতেছে ;— निनौथ न्यमान, मनिवाब, ज्यमावना, ज्याकारम स्मय विद्युर, हिन् हिन्

জলের ধারার বায়্তুফানের সন্ সন্ শব্দ ; শবের দম্ভ কড়মড়ি, কুকুরের থেউ থেউ, শেরালের ফেউ ফেউ, কলাল ঠক্ ঠক্ করিয়া প্রেতগণ বিকট নৃত্য করিতেছে; ভাকিনীর হুকার, যোগিনীর ঝুকার, অট্র-হাদিনী সম্ভর্পর চাম্ভাম্তি গ্রাসব্যগ্র লোল রসনার বিচরণ করিয়া ফিরিতেছে; এই হুল, এই অকাল কাল, মহাদাধন শবদাধনের আর কোন সময় ? ভর পাইও না, শব যদি—শবাকারেই শবের উপর বসিও। ''মা ভৈঃ মা ভৈঃ, কুরু পৌরুষমাত্মশক্ত্যা''। ঐ ভন, ঐ শুন, 'ঐ গগন কম্পিত করিয়া আবার কি দেববাক্য আসিতেছে— ''মা ভৈঃ মা ভৈঃ, কুফ পৌরুষমাত্মশক্ত্যা'', এবমস্ত। ধনি হঠাৎ বিনষ্ট বিপদে আনন্দবান্ ছইতে চাও, তবে আবার বলি, বারেক এই ঘোর ঘুণনে শবাসনে বইস। ভয় কি, তুমি জানিতেছ নাতুমি হুরক্ষিত? তোমার এক দিকে, ''মা ভৈঃ মা ভৈঃ—শিরো মে চণ্ডিকা পাতু কণ্ঠং পাতু মহেশ্বরী, হৃদরং পাতৃ চামুগু সক্ষতঃ শূলধারিণী ;" অন্য দিকে ''কুরু পৌরুষমাত্মশক্তা।'' এ পথে তুমি একা নহ! লক্ষ লক কোটি কোটি জীবনবান্ তোমার আগে, এই ভাবে, এ অবস্থায়, এ পথ বাহন করিয়া গিয়াছে ;—এ পথে তুমি একা নহ! আরও কি 'আহা,' আরও কি 'উৎসাহ' খুঁ'জতেছ? তোমার 'আহা' স্থো 'সর্বতঃ শূলধারিণী'; 'উৎসাহ' স্থলে বিগত মহাজনগণ। তুমি সোভাগ্যবান্ যে, এ মহাসাধনাস্থলেও তুমি উপযুক্ত জ্ঞানে আমাস্তত হইয়াছ। 'কুরু গৌরুষমাত্মশক্তাা', এ মহামন্ত্র-সাধকের নিকট স্বরং দেরতারাও বিনতশির হইয়া থাকেন;—অন্য আপদের কথা কি কহিতেছ ? লঙ্কাপতি রাবণ কুপথচারী হইলেও, এ মহামন্ত্রসাধনবলে স্বয়ং ইক্রকে মালাকর, স্থ্যকে ছত্রধর করিতে দক্ষম হইয়াছিল।

দিখিত্ত নিবিড অন্ধবারে, অদৃশ্যভাবে বে অনর্থসমূত্র তোমাকে গ্রাস করিতে আদিতেছে, দাধনা ব্যতীত তথার তোমার আত্ম-রক্ষার আর কি উপার থাকিতে শুনিরাছ? বে বিপক্ষ অবস্থাকে স্বতন্ত্র জ্ঞানে আত্মরকার জন্য ভীত হইতেছ, তুমি কি জান না

যে তুমি নিজেই দেই বিপন্ন অবস্থা শ্বরং ! যে সাধনাকে বিপন্ন অবস্থার উপর গলগ্রহরূপে অবলোকন করিয়া, তাহাকে ছেলনপূর্ব্বক তফাত হইতেছ, তুমি কি জাম না যে তাহাই তোমার দে অবস্থা হইতে উদ্ধারের একমাত্র উপার? কিন্তু কি আশ্চর্য্য ! তুমি একমাত্র সেই সর্ব্ধ-রক্ষক অর্থকে গলগ্রছরূপে উপেক্ষা করিয়া, অজ্ঞাতে ঘোর অনর্থসমূদ্রের দিকে তোমার কলিত অর্থের আশাভ্রমে ধাবমান হইতেছ; বুঝিতে পারিতেছ না যে যাহাকে পরিহার করা তোমার উদ্দেশ্য ও আবশ্যক. তুমি তাহারই করাল বদন অভিমুখে আপনা হইতে অগ্রসর হইয়া চলিয়াছ। পথ সহজগমা,ইহাই তোমার এ পথের প্রলোভন; অবঃপাতের পথ চিরকালই সহজগমা রূপে দৃষ্ঠ হয়। যে যে নর আপনার স্বনিহিত শক্তির প্রতি উপেক্ষা করিয়া, পরশক্তি সমক্ষে উদ্ধার, সৌভাগ্য বা শুভলালদা করিয়া থাকে; তাহাদিগকে বস্তুতঃ এই অনর্থসমূদ্রে ঝাঁপ দিবার জন্য লালসাবান্ বলিয়া বলা যায়। ইহাদিগের নিকট আত্ম-শক্তিচালনা নিতাই ছঃখদত্বলব্ধপে প্রতীয়মান হইয়া থাকে। আলস্য, অনাস্থা, এবং পরশক্তিতে তোমার মুক্তি! আলস্য এবং অনাস্থা করে কোথায় ভাগোর দেখা পাইয়াছে ? পরশক্তি !—বোধশূন্য বাতুল, তুমি পরশক্তি-মোহে কেন এতটা মোহপ্রাপ্ত হইতেছ ? বারেক ভাবিয়া দেথিয়াছ কি, তুমি নিজে কবে কতটা আত্মন্তত সংসাধনান্তে, পরগুত সংসাধনে সমর্থ হইতে পারিয়াছ? আমি দেখিতেছি, পরগুভ দূরে যাউক, তোমার আত্মগুভই কিছুমাত্র সাধন করিয়া উঠিতে পার নাই, কত রকমেই না তাহা কুল হইয়া রহিয়ছে; এবং তাহারই পূরণ জন্য, হরি হরি! তাহার আবার সম্পূর্ণ পূরণ জন্য তুমি অন্যের নিকট লালায়িত হইয়া ফিরিতেছ! নির্পোধ, তুমি নিশ্চয় জ্ঞান হারাইরাছ, নতুবা ইহাও কি তোমার নিকট একেবারে অপরিজ্ঞাত যে, তুমি যাহার নিকট সেরপ লালায়িত হইতেছ, সেও ত তোমার মত মানব ? যে নিজের অভাবই পূরণ করিয়া উঠিতে পারে না, সে আবার তোমার অভাব পুরণ করিয়া দিবে? অথবা তোমার অভাব পুরণ

করিবে বলিরা সেত পৃথক হাই হয় নাই! তবে যে ভূমি সে লোকে তোমাপেকা কিছু অধিক চটুলতা দেখিয়া থাক, সেও তোমার থরচে। তোমার সঙ্গে তাহার প্রভেদ এই, ভূমি মূর্ব, সে চতুর; ভূমি আনিহিত শক্তিতে অঞ্জ, সে খনিহিত শক্তিতে অর্জ; ভূমি আপন অর্থ সাধিতে পার না, সে তাহা পারে। কিন্তু তোমার কাণ ধরিয়াও সে যথন তাহার আপন অর্থে স্কুলান বোধ করিতেছে না, তথন ভূমি তাহার পা ধরিয়া আপন অর্থ সঙ্কলান করাইয়া লইবে! বৃদ্ধি বাট!—এ বৃদ্ধি আপেকা মানবমগুলীতে মূর্থতার অতিসীমা আর কি হইতে পারে? সাধারণতঃ পরের নিকট পরের আশা আর সংস্কৃত কবির জীর্ণ তকর নিকটে পথিকের আশ্রম প্রত্যাশা, উভয়ই সমান।—"পথিকহনম্বর্দ্মং সোহিপি বাঞ্ছাং করোতি।"

মুর্থ বাঞ্ারাম, এমন স্থলে তোমার জমার আশা কোথা ? তুমি থরচের থরচে পরিণত ! তবে যে পরের সহবাসে ভালর দিকে কিছু কিছু নিজের অবস্থার রূপান্তর দেখিতে পাইয়া থাক, তাহা ভাক্ত; তাহা দে পরের নিঃস্বার্থ উপচিকীর্ষা গুণ হইতে তত নহে, যতটা সহবাস গুণ হইতে, এবং কিয়দংশে পরের স্বার্থসিদ্ধির থাতিরেও বটে। এমন আনেক স্বাৰ্থ আছে যে তাহা যাহার খরচে সংসাধিত হইবে, তাহাকে কিছু অবস্থান্তর্যুক্ত না করিয়া লইলে চলে না; কিন্তু যে মূর্থবর্গ তাহাতে প্রতারিত হইয়া এবং ভ্রান্তি মরীচিকায় তাহাতে কেবল নিঃস্বার্থ উপ-চিকীর্বা বন্ধি অবলোকন করিয়া, স্বার্থসাধকের হল্তে অবশিষ্ঠ আত্মসমর্পণ করে এবং স্বীয় তুঃখমোচন ও উন্নতির নিমিত ক্ষণে-ক্ষকণে প্রিয়বচন দারা তাহার মুখাপেক্ষী হয়, তাহাদের তুল্য সারশূন্য হতভাগ্য অধংপাতিত জীব আর বিতীয় কেহ হইতে পারে না। ইহারও উদাহরণের জন্য অধিক দৃত্রে বাইতে হইবে না ; বিধাতার লিপিবশে সমগ্র ভারতবাসী, সমগ্র ভারত শ্বরং, আজি ইহার জীবস্ত উদাহরণরূপে দর্শিতব্য। আবার যে দিন দেখিবে, ভারতসন্তানগণ পরের তৃড়িতে উল্লাদিত, পরের বাঁকামুবে সংশ্রিত, পরের তোষার্থে প্রিররচিতে বা পরের

দোলায় ছলিত ছইতে কান্ত হইয়াছে; দে দিন ছইতে পুনর্ঝার ভারতের ভাগ্য ফিরিয়াছে বলিয়া নিঃসলেহ আখাসিত হওয়ায় ক্ষতি নাই। এরূপ পরের প্রতি অনাস্থাভাব কেবল ছই অবস্থার সম্ভব হইয়া থাকে, এক অজ্ঞ অবস্থায়; অপর যথন শয়তান ও শয়তানীর বিরুদ্ধে, অভ্যন্তরে নিরুদ্ধ কালাগ্মিশিথা আগ্নেরগিরিস্তুদ্ধরে নিরুদ্ধ কালাগ্মিশিথা আগ্রেরগিরিস্তুদ্ধরে নিরুদ্ধ কালাগ্মিশিথা আগ্রেরগিরিস্তুদ্ধর নিরুদ্ধ কালাগ্মিশিথা আগ্রেরগিরিস্তুদ্ধর নিরুদ্ধ কালাগ্রিশিথা আগ্রেরগিরিস্তুদ্ধর নিরুদ্ধ কালাগ্রিশিথা আগ্রেরগিরিস্তুদ্ধর নিরুদ্ধ কালাগ্রিশিথা আগ্রেরগিরিস্তুদ্ধর নিরুদ্ধ কালাগ্রিশিথা আগ্রেরগির কালাগ্রিশিথা আগ্রিশিয়া কালাগ্রিশিথা আগ্রেরগির কালাগ্রিশিথা আগ্রেরগির কালাগ্রিশিয়া কালাগ্রিশিয়া আগ্রেরগির কালাগ্রিশ

প্রকৃত উন্নতি, প্রকৃত উদ্ধারণন্থা যাহা, তাহা সর্ব্বদাই ভিতর হইতে আইসে, বাহির হইতে আইসে না। যে কোন পৌরুষ আত্মশক্তি হুইতে সম্পাদিত হয়, প্রশক্তি দারা হয় না। মোহন্রাস্ত ভারত-সস্তান, যদি নিজের উন্নতি, নিজের অভ্যুত্থান চাও, তবে নিজ অভ্যু-স্তবে দৃষ্টিপাত কর; পরমুখের প্রতি দৃষ্টিপাত করিলে কি হইবে? বিধাতা তোমাকে প্রপঞ্জর হইতে প্রভাগ্যোপজীবী করিয়া স্ট্র করেন নাই, বিধাতা তোমাকে স্বয়ংক্ষম স্বাধীন করিয়া স্ঠাষ্ট করিয়াছেন। নিজের অভ্যন্তরে যে স্কপ্ত সিংহ শায়িত রহিয়াছে, কপালগুণে যাহার অন্তিত্বে পর্য্যন্ত তুমি অনভিজ্ঞ বা বিশ্বাদবিহীন, তাহাকে বারেক জাগ-রিত কর, তোমার মঙ্গল ছইবে। সে স্থপু দিংহ একবার জাগরিত হুইলে, কি যে ক্রিতে পারে বা না পারে, বাক্যের দ্বারা তাহার অব্বি ছইতে পারে না। সামর্থা যে তাহার কি তুর্দমনীয় এবং তড়িছেগ যে সে সামর্থ্যে কি ধরতর, তাহার গণনীয় উদাহরণ কিছু দেথিতে চাঙ যদি, তবে বারেক জ্ঞানিপ্রবর কার্লাইলের চক্ষে ফরাসিবিপ্লবের শক্তি-লীলার চিত্ত সমাহিত কর। নিঃস্বার্থ প্রহিতকর প্রও এক বা বছল না আছে এমন নহে, কিন্তু তাহাতে প্রথম মুদ্ধিল,—কে তেমন নিঃস্বার্থ প্রহিত্ব্যবসায়ী তাহা চিনিয়া উঠা দায়; দ্বিতীয়তঃ পাইলাম যেন তেমন ব্যক্তি, কিন্তু ফল ? কতই প্রত্যাশা করিতে পার,—ফল অধি-কাংশই ইচ্ছাবা বচনে পরিসমাপ্ত। মহারত্ন হেতু যেথানে সমুদ্রসিঞ্চনের প্রয়োজন, তথার কেহ উপ্যাচক হইয়া একটা ঝিতুক দিলে, তাহাতে কি তোমার সম্প্রসিঞ্চনের প্রয়োজন পূর্ব হুইতে পারে ? তবে কিনা তেমন লোক দেখিতে ভাল, ভনিতেও ভাল।

পরশক্তি সর্বাদাই সন্দেহসভুল, নৈরাশ্যাতভের কালিমারেথার পরিলিধিত; কিন্তু আত্মশক্তি তেমনি আবার সর্বাদাই তহভয়ের নির্দক। সকল সম্পৎ, সকল সোভাগ্য, সকল উন্নতি, সকল অভ্য-খান, একমাত্র আয়শক্তি চালনার উপর নির্ভর করিয়া থাকে; পর-শক্তি হইতে হয় না। এই আত্মশক্তি চালনার জনাই তুমি এ পৃথিবীতে প্রেরিত হইয়াছ। এখন অপরে যদি কেহ তোমার খরচে আত্মস্বার্থ সাধন করে, দোধ আমি স্বার্থসাধককে দিই না ; দোধ দিই আমি তোমাকে যে, তুমি কেন তোমার নিজ স্বার্থে অনভিজ্ঞ—তুমিও কেন জমা না হইয়া খরচ হইতে যাও। সে তাহার আপন কার্য্য সাধিতেছে; তুমি তাহা পারিতেছ না; দোষ তোমার, তাহার দোষ কিসে ? বীরভোগ্যা বম্বুরা,—সর্বপ্রকারেই ! অধ্যের বলি উচ্চের ভোগে, ইহাই সংসারের নিতা নীতি। স্বীয় পৌরুষে যে হীনপ্রঞ. তাহাপেক্ষা অধম আর কে আছে ?—কেন তবে তাহাকে গালি দেও ? সে পৌরুষবান, স্বার্থপথে তোমার উপর সে সহস্র কঠোরতা অবলম্বন করিলেও, তাহাকে আমি দোষ দিই না। ভুমিও বিশ্বকার্য্য সম্পা-দনার্থ প্রেরিত, তুমিও মানব হইয়া প্রেরিত, জুজু হইয়া প্রেরিত হও নাই; তোমাতেও স্বার্থের কিছু অভাব নাই। আবার পাছে তুমি বিশ্বকার্য্য ছইতে বিমনাঃ হও, এজন্য ঈশ্বর বিশ্বকার্য্য সহ তোমার স্বার্থও এক্লপ সংমিণিত করিয়া দিয়াছেন, যদ্ধারা তোমার ন্যায়ারুগত সৌভাগ্য এবং সম্পৎ, বস্তুপক্ষে বিশ্বকার্য্য সহ একতায় আসিয়া সন্মিলিত হওয়াতে,তাহারই অংশকলাস্বরূপে অবলোকিত হইয়াথাকে। এই সোভাগ্য এবং দম্পং, স্বীয় স্বীয় জ্ঞানযোগ ও ধারণার উৎকর্ষ-অপকর্ষ অনুসারে, কেহবা মতিচ্ছন্ন হেতু অনুচিত অর্থে আরোপ করিয়া পাকে: আবার কেহবা ঈশ্বরের প্রীতিলাভশ্বরূপ যে স্বার্থ তাহাতে প্রবৃদ্ধ হইয়া জগদ্ধিতে জীবন বলিদান দিয়াও, তুপ্তির সীমায় উপনীত ছইতে পারে না। বে জগতে নর-কলত্ত ক্লাইব, ওয়াত্রেণ হেটিংলের ছন: নর-দেবতা পল, শহরাচার্যাও সেই জগতে জন্ম গ্রাহণ করিলা-ছিলেন। লোকে বলে, মহাপুরুষেরাও স্বার্থশূন্য ছিলেন না; সে কথা সত্য বটে, আবার সত্যও নহে। তাঁহারাও স্বার্থশূন্য ছিলেন না সত্য; কিন্তু তাঁহাদের সে স্বার্থ দিবা স্বার্থ; পার্থিব স্বার্থ লইয়া যথায় কথা, তথার অবশাই বলিতে হইবে যে এ মহাপুরুষদিগের যে স্বার্থ তাহা 'নিঃস্বার্থ' পদবাচ্য হয়। মানবীয় কার্য্য যতদূর দিব্য স্বার্থের দিকে শীন, তাহা জগতে সেই পরিমাণে মহত্ত্বে আকর ও কল্যাণপ্রদ হইয়া থাকে। সে যাহাহউক, কি স্বার্থশূন্যে কি স্বার্থযুক্তে, সম্পদ ও সৌভাগ্য,তাহা কি দিব্য, কি পার্থিব, কি শয়তানী, যেরূপই হউক, ইহা কিন্তু নিশ্চয় যে তাহার যে কোনটীই যথাপরিমাণে উপার্জ্জন করিতে হুইলে, যথাসম্ভব আত্মশক্তির চালনা আবশ্যক হয়। আত্মশক্তিহীন অকর্মাকে শয়তান যে দেও উপেক্ষা এবং অস্বীকার করিয়া থাকে। দেবতা এবং অস্কর উভয়েরই দারা দে সমান পরিত্যক্ত ও বিড়ম্বিত হয়। কিন্তু হায়! আমি দেখিতেছি, ভারতসন্তান অকর্মশীলতায় এখন এমনই অবসন্ন হইয়া পড়িয়াছে যে. কোন দিকেই ইহার জীবনী শক্তির কিছুমাত ক্ষুর্ত্তি বা পরিচর পাওয়াবায় না; সকল দিকেই নিজ্জীব, নিস্পাদ, জড়, প্রমুখাপেক্ষী অসার রাশিরপে লক্ষিত হইয়া থাকে। যে স্বার্থের জন্য জগৎ ক্ষিপ্ত, যে স্বার্থ সমস্ত চরাচরকে উন্মা-দিত করিয়া ফিরিতেছে; ভারতসন্তান সে স্বার্থের মোহ উপলক্ষ করিয়াও কার্য্যপ্রবৃত্ত হয় না,—কর্ত্তব্যবৃদ্ধির কথাত অনেক দূরে! স্বার্থ এখন ইহাদের কুকুরর্ভিতে। ইহাদের কপালগুণে, স্বার্থও ইহাদের প্রতি কুণা বিভরণে দাফণ স্বার্থপর হইয়া দাঁড়াইয়াছে। ভারতসম্ভান এখন কেবল বিশ্ববাতী নহে, আত্মবাতীও!

বাঞ্চারাম, তুমি ভাবিতেছ, প্রকৃতি বধন উত্তরোত্তর উন্নতগামিনী, তথন আমাদের আমার বুধা শ্রম করিয়া ক্লেশ পাইবার প্রয়োজন কি? প্রিণানে উন্নতি ত আছেই আছে। সত্য কথা, প্রকৃতি উত্তরগামিনী এবং পদার্থ তাবৎও যাহা দেখিতেছি সকলেই উত্তর গমন করিবে; কিন্তু উত্তরগমনও যে অনেক প্রকারে হইয়া থাকে, তাহা জান কি ? भगार्थ कथन खार भूगनिर्मिक अथवा भूगः मः छात्र **आश** हहेशा, नवकीवन প্রাপ্তে, স্বরং উত্তর গমন করিয়া থাকে : কথন বা অপরের নির্মাণে উপকরণ স্বরূপে বিলীন হইয়া, উত্তর গমন করে। ফল, একে আত্মদীপ্তি, অপরে আত্মলোপ। প্রথম গমন আত্মবানের কার্যা, দ্বিতীয় গমন অনাত্মবানের কার্য্য। তুমি অনাত্মবান চিল পাটিকেল নহ। তুমি আত্মবান্ হইয়া প্রাকৃতির উপর দিতীয় প্রাকৃতি স্বরূপে এবং দিতীয় স্টেক্ষম-শক্তিসমন্ত্রিত হইয়া যে ঈশ্বর কর্তৃক প্রেরিত হইয়াছ, তাহার সফলতা সাধন পক্ষে কি করিবে ? প্রকৃতি হইতে তোমার সেই আত্ময়তের্য রক্ষার জন্য কি করিতেছ ? তবে তোমার আংখলোপই কি পরম পুরুষার্থ প আফুলোপ যদি প্রম পুরুষার্থ হয়, তাহাহইলে অবশ্য তুমি যে প্রাকৃতির উপর নিশ্চেষ্ট আত্মনির্ভর করিয়া রহিতেছ, তাহা ঠিক কাজই করিতেছ। কিন্তু তাহা নহে। তুমি কার্যারত হও বা না হও, ঈশ্বরের অভিপ্রেত কার্য্য বাহা এবং বাহা সম্পাদন করিতে তুমি প্রেরিত, নিশ্চয় জানিও, তাহা তোমার জন্য আটক হইরা পড়িয়া থাকিবে না , কিন্তু তোমার পুরস্কার—তোমার পরিণাম—তোমার শক্তি-বাতায়ের ফল ? অনুষ্ঠবাদের উপরে ইহাকে ওঁছাটে অনুষ্ঠবাদ, এবং এরপ আত্মহীনতার যে শুভাশুভ তাহাকে অক্ষম শুভাশুভ বলা বায়।

মানব বদি আত্মবান্ হর ও তাহার আত্মহান যথন শ্নোর অন্ধ্রপাতে না নামে, তথন তাহার বাহা কিছু সক্ষম শুভাশুভ (বলা বহলা বে সক্ষম শুভাশুভই এ জগতে একমাত্র কার্যাকর এবং উপার্জ্জনীয়) তাহা একমাত্র আত্মশুলিচালনার উপর নির্ভ্র করিয়া থাকে। এই আত্মশুলিচালনা হইতে কর্ম্মমতার উৎপত্তি হয়। কর্ম্মমতার অন্তিজ্ব যথায়, তথায়ই কেবল মানবজীবনকে মানবজীবন বলা বায়; তদন্যতারে চিল পাটিকেল। অতএব মানবজীবন সার্থক ভাবে অতিবাহন করিতে হইলে, আমাদের প্রথম প্রয়েজন আত্মশিকচালনা।

আত্মশক্তিচালনা স্থপথ বা বিপথ গমন, অথবা শুভ বা অশুভের উৎপাদন ; এ উভয় কার্য্যেই পটু। কখন কথন বা ছর্দৃষ্টক্রমে তাহা সমুজ ছেঁচিবার জনা নিযুক্ত হইয়া, গোম্পদ ছেঁচিয়াই পর্যাপ্ত জ্ঞান ক্রিয়া থাকে; অথবা এই দৃশাই এ জগতে প্রবল। আত্মশক্তিচালনা স্বয়ং অবর। এ হেতু, ইহাকে স্থপথে ও ষ্থাযোগ্য ভাবে চালিত করিতে হইলে, কর্ত্তবাবৃদ্ধির প্রয়োজন হয়। বলিতে গেলে, কর্ত্তবাবৃদ্ধি উহার উত্তেজক এবং পরিচালক উভয়ই। কর্ত্তব্যবৃদ্ধির অভাব হইলে. আছাশ্ভিচালনা সম্যুক উত্তেজিত হয় না: অথবা হউক বা না হউক. উভয়ত: বা দর্বধা তাহা বিপথ গমন করিয়াথাকে; অথবা ক্ষিপ্তবৎ স্থূপথ ও বিপথে বিঘূর্ণিত হয়। পুনশ্চ কর্ত্তব্যবুদ্ধির উচ্চেতরাদি ভাব ছইতে, উন্নত বা সামান্য ব্যাপারে এবং সংবা অসংপথে, উহার নিয়োজনাদির পরিমাণ পরিমিত হয়। ঈশ্বরের নিকট আপনার যে কর্মকারকত্ব বোধ, এবং তাঁহার প্রীতার্থে আমি কর্ম করিতে বাধ্য এইরূপ যে জ্ঞান, তাহাকে কর্ত্তবাবৃদ্ধি বলে। কর্ত্তবাবৃদ্ধি ধর্মের বিষয়ীভূত পদার্থ। ধর্মাই আমাদের কর্ত্তব্যবৃদ্ধির উৎপাদক, পরিপোষক এবং অবলম্বন, স্কলই। ভারতসন্তান, ধর্মেই ভারতের জীবন; এ জগতের আদি হইতে ভারত পুণাভূমি, কেবল ধর্মের প্রাবলা হেতু। ধর্মকে অবলম্বন করিয়া ভারত উঠিয়াছে, জগং উজ্জ্বলিত করিয়াছে: আবার ধর্মেরই একারান্তর ব্যবহারে এজগতে তাহার বাহা কিছু আবংপতন, তাহাও সংঘটিত হইয়াছে। ধর্ম ভারতের প্রাণবায় এবং নীতি তাছার চৈতন্য। সেই ধর্ম ও সেই নীতিতে যদি প্রবৃদ্ধ না হও, এবং ভাহা হইতে ভারতকে যদি চ্যুত কর, তাহা হইলে নিশ্চর জানিবে, অভ্যুত্থান দূরে মাউক, ভারত এক দণ্ডও প্রাণে বাঁচিবে না। দেখ, জগতের যাবতীয় প্রাচীন জাতি একে একে কোন্ কালে ধ্বংস হইয়া পিয়াছে, কিন্তু ভারত এখনও, নানা উৎপীড়ন ও নানা বিপৎপাত সত্ত্ত্ত, আজি পর্যান্ত সমান প্রাণে বাঁচিয়া বহিয়াছে; তাহার কবিণ, ভারতের জীবন যাহা, তাহা একমাত্র নিতা পদার্থ ধর্মমূলের উপরে ন্তাশিত। ভারতের যথন সকল গিলাছে, ভারতের যথন পেটে ভাত নাই পরশে কাপড় নাই, তথনও একমাত্র ধর্মের তর্ক ও তাহার রূপ রূপান্তর আদি উপলক্ষা করিয়া, মনের স্থেথ দিবস অতিবাহিত করিয়াছে। সেই ভারতকে আবার সজীব, আবার অভ্যথান করাইতে হইলে, কেবল একমাত্র নিতা ও সতা ধর্ম অবলন্ধনীয়; ধর্মকে অবলন্ধন বাতীত,কথন তাহা সংসাধিত হইবে না: মৃতদেহ লইয়া করে কোন্কার্য ছইয়া থাকে ?

কিন্তু এক কথা, ধর্ম বলিলেই ভাবিও না যে কেবল ঈশবের নিকট প্রার্থনা, মাথাকুটা ইত্যাদি স্তব স্থতি : মিথ্যা কহিব না, চরি করিব না, জিতেক্তিয় হইব ইত্যাদি আংলুসংস্থার; অথবা বেমন আজি কালি যোগের থেয়াল উঠায়, যোগবাতিক ও সর্ব্বত্যাগিতার অত্নকরণ, অথবা সর্বত্যাগিতার ভণ্ড ভেকধারী সন্নাস; এই সকল করিলে ধর্মাকার্য্য সমাধা হইল, এবং ধর্মের ফল বাহা তাহা মোক্ষলাভ। **প্রার্থনা, স্ত**ব-স্থতি, তোষামোদ, এ সকলে নির্বোধ মোটা মালবের কাছে কাজ হইতে পারে, ঈশ্বের কাছে নহে; আরও আমি তোমাকে সভা সভা বলিতেডি, আত্মসংস্কারে কিছু বাহাছুরী নাই; বিধবার একাদশীবং-করিলে ফল নাই, না করিলে পাপ আছে; প্রত্যুত তুমি বে আত্ম-সংস্থাবের কারণে আসিয়া উপস্থিত হুইয়াছ, ইহাই বরং আশ্চর্যোর বিষয়। আত্মসংস্কারে তুমি যাচা চ্ট্রে, এবং চ্ট্রা ভাবিতেছ যাহাতে চডাত ধর্ম উপার্জন করিবে ও বাহাতে তোমার মৌক হইবে, ভাহাইত ভোমার স্বাভাবিকী মূর্ত্তি। তবে বে এতদিন ভূমি দে মূর্ত্তিতে ছিলে না, ভাহা কেবল স্থাব হইতে এতদিন বিচাত হইয়াছিলে এই মাত্র। এখন যে তুমি প্রবৃদ্ধ হইয়া আত্মসংস্কারের ছা**রা সেই আত্ম**-স্বাভাবিকী মন্ত্রিত আবার ফিরিয়া আসিতেছ,তাহাতে ত তুমি কেবল তোমার নিজ কার্য্য করিতেছ মাত্র। কিন্তু বিনি তোমাকে এই পৃথিবীতে পাঠাইয়াছেন, বিনি ভোমাকে এই প্রভৃত কর্ম্মণক্তি প্রদান করিরচছেন, বিনি তোমাকে তোমার দেই শক্তি সহ পোবণ করিতেছেন, তাঁহার

জনা, তাঁহার প্রীতার্থে, কি করিরাছ ? তোমার মোকপ্রাপ্তি, তোমার পারলৌকিক শুভ, ইত্যাদির জন্য সর্জ পরিত্যাপ করিরা, বে উপায় সকলের অফুসরণ করিতেছ, তুমি জানিতেছ না বে তাহাই তোমাকে তোমার মোক বা পারনৌকিক শুভ হইতে অনেক দূরে লইরা কেলিতেছে! ধর্ম কাহাকে বলে তাহা পূর্ণ্ণে অনেক বার বলিরাছি।

আর এক কথা। ধর্মের নামে ও আত্মসংস্কারের দোহাই দিয়া আমাদের এ হুর্ভাগাবান দেশে আজি কালি, যোগবাতিক ও সর্ধ-ত্যাগিতা বা বৈরাগ্যবৃদ্ধি, অস্ততঃ সে সকলের বাহ্যাভ্রম্বর, হিন্দু-সস্তানগণের মধ্যে যেন কিছু বেশী বেশী রকম হইয়া পড়িয়াছে; এবং তদর্থে গীতাশাস্ত্রেরও আধাাত্মিক ব্যাথ্যা বা কদর্থ বাহির ইইতে ক্রটি হইতেছে না। বে সকল লোক অবস্থান্তরে ও বিষয়ান্তরে হয় ত সম্ভা-ষণেরও অবোগ্য, তাহারাই যোগের ভেক হেতু দেবতাধিক সন্মানগ্রাহী আৰুপদে ব্ৰিত হইতেছে এবং যে হয় ত অনাত বিশেষ সংকাৰ্যোও এক প্রদা ব্যয়ে কাতর, দে গুরুপ্রীতিতে অজল অর্থব্যয়েও কৃষ্টিত হইডেছে না। প্রত্যক্ষ হস্তিমূর্য স্বরূপ দৃষ্ট হইলেও, যোগের ওক পরম জ্ঞানী, সিদ্ধ ও অংলোকিকশক্তিসম্পন্ন, স্ববৃদ্ধিবিশিষ্ট, সর্বজ্ঞ ও ত্রিকালজ্ঞ, এবং মুক্ত পুরুষ, এরপ দৃঢ় বিশ্বাসে বিশ্বাসিত হইয়া থাকে ! যাহারা বিশিষ্ট বিদ্যাবৃদ্ধিসমন্বিত, যাহারা হয় ত ওকালতি, হাকিমী বা ভথাবিধ বিদ্যাবৃদ্ধি থরচের কার্য্য সকলে ব্রতী, তাহারা পর্য্যন্ত এরপ ভ্ৰমে ভ্ৰাস্ত, এরপ বিখাসে বিখাসবান! ইহার কারণ কি ? উহা একদেশদর্শী বিদ্যা ও একদেশদর্শী চিস্তাচালনার ফল। জানি না, তবে বেন বোধ হয়, এরপ যোগাদি অপেকা ভক্তিমার্গই প্রকৃষ্ট প্রহা; বেছেত কেবল তাহারই দারা ইহলোক পরলোক উভরই সমাক রক্ষা ছ্টাবার পক্ষে সম্ভবতাদেখিতে পাওরা যায়।

এ প্রব্যস্ত অনেক সাধু সন্ন্যাসী ও বোগী দেখিলাম,কিন্ত প্রকৃত কৃতার্থ কংহাকেওত দেখিতে পাইলাম না, সকলেই স্বার্থপূর্ণ ও অন্নবিস্তর ভঙঃ ক্তবে উহারই মধ্যে কেহ হুই চারি দিন চরিত্রগোপনে সক্ষম হয়,কাহারও এক দিনেই প্রকাশ হইরা পড়ে। বাঞ্চারাম, এই স্থগছঃধার মায়ুবই সর্বত্ত,কোথাও তাহাতে ব্যতিক্রম দেখিতে পাইলাম না। কিন্তু ইহার মধ্যে আশ্চর্যা এই যে,তথাপি তোমার বিহমগুলী এরূপ মজিয়া থাকেন কেন!
ইহার আর কোন কারণ দেখিতে পাই না, কেবল একমাত্র নৈরাশ্য,
নৈরাশ্য ভিন্ন অন্য কিছুই নহে! নৈরাশ্য কিরুপ, তাহা বলিতেছি।

যোগবাতিকের হারা একটা পরিচয় এই যে, হিন্দুসন্তানের চেটা-বৃত্তি ও উদাম কিয়ৎ পরিমাণে জাগরিত হইয়াছে। দিতীয় পরিচয় এই ষে, দেশ ও কাল এবং আপনাদের পোড়া অদৃষ্টগুলে সে চেষ্টা ও উদাম চালাইবার সহজ্পথ আজিও উল্যাটিত হয় নাই; হিন্দুসন্তান যে দিকে যাইতে চাহেন, সেই দিকেই ক্রমণ ; যে দিকে তাকাইতে চাহেন সেই দিকেই কাঠের জুতা লট্কান। কাজেই পথ ও উপায় না পাইয়া, আকুলতায় ও নৈরাশ্যে হিন্দুদন্তান ভাবিলেন যে, ইহ জীবন ত বুগাই যায়, দেখি যদি অন্তেশ্যটায়ে প্রলোকের জন্য কিছু উচ্চ উপায় সংগ্রহ করিতে পারি; বিশেষ গুনিয়াছি, বোগে অলৌকিক ও অপার সামর্থা হয় অথচ সে পথে মানবীয় প্রতিবন্ধক ক্ষিছু নাই,স্কুতরাং চেষ্টায় চেষ্টায়িত হওয়াই শ্রেয়। ফলতঃ বোগবাতিকে একটা স্থাধের পরিচয় এই যে, হিন্দুসন্তানের স্কায়ে এতকাল পরে উন্নত আকাজ্ঞা ও চেষ্টা যাহা ভাহা জাগরিত হইবাছে; তবে কি না ভাহা ইহলোকে রুদ্ধপথ দেখিরা পরলোকের পথে ধাবিত হইয়াছে, এইমাত্র প্রতেদ। হিলুসন্তান,জাগরিত হইতেছ যদি, তবে বাধা বিপত্তি দেথিয়া নিরাশ হইও না: বাধা বিপত্তি অতিক্রম করিয়া অপরি**মিত চেষ্টা ও শ্র**ম পূর্বক পথ বাঁধিতে না পারিলে পণ কথনও হুগন হর? আব এটাও নিশ্চর জানিও, ইহলোককে ভিত্তি করিরাই পরলোক, ভিত্তিশুনো গঠন কথন দাঁড়ায় কি ? মিছা লমে ভুলিও না, জনশাতি ধরিয়ামজিও না, এবং কলিত আনন্দের আশোয় আলোবলি হইও না। দেখ, পৃথিবীর এত উন্নতি, এত উপকার, সমস্তই মামুষের ইহলোকবদ্ধ শক্তির দারা সংসাধিত; তোমার ঘোগশক্তির দারা আজিও পৃথিবীর এককড়ার উন্নতি বা উপকার হইতে দেখা যায় নাই। আর যদি ঈখরের প্রীতিপ্রাপ্তিই তোমার উদ্দেশ্য হর, তবে কেন ইহলোক ধ্বংসে ও আত্মধ্বংসে এরূপ কঠোরতা ? যিনি কীট কীটারুটিকে পর্যাস্ত ভূলেন না, তোমাকেও তিনি ভূলিবেন না,—মাত্র সংপ্থাবলম্বী যদি হও ও মিথাায়ারা আত্মজীবনের ব্যত্যর সাধন না কর।

অথবা 'মোক্ষ' 'পরলোক.' এ দকল লইরাই বা এত বাস্ত কি জনা? কেন মিছা ভাবিয়া আগুনষ্ঠ, সকল নষ্ট করিতেছ ? তুমি যথন এই পথিবীতে আগমন করিয়াছিলে.তথন ডাক বা টেলিগ্রাফের ধবর অথবা গোমন্তা বা পাইক পাঠাইয়া বড়ীভাড়া, আসবার ভাড়া, আত্মীয় স্বন্ধন ভাড়া, জনক জননী ভাড়া, আতুঁড় ভাড়া, কাঁথা ভাড়া, মায়ের স্তন্য-ত্রন্ধ ভাডা, এ সকলের বন্দোবস্ত আগে ঠিক করিয়া, তবে কি তোমার এই পৃথিবীতে আসিতে হইয়াছিল? কোন অনুষ্ঠানইত হয় নাই, বিশ্বক্ষাণ্ডে ত তুমিও কাহাকে চিনিতে না এবং তোমাকেও কেহ চিনিত না; অথচ তুমি যথন নিঃসহায়, নিরুপায়, শক্তিস্ঞালনমূঢ়, এই জগংক্ষেত্রে অবতীর্ণ হইয়াছিলে,তথন কথিত সকল আত্মীয় ও সকল দ্রব্যই মন্থুত এবং হাতে হাতে সমস্তই ত প্রাপ্ত হইয়াছিলে; তুমি একটু টুঁ করিলে শত লোক দৌড়িত; আবার শত লোক তোমার উপর এমনই মমতাযুক্ত কেনা গোলামবৎ যে, কোটীশ্বর কোটি মুদ্রা খরচ করিয়াও তৈমন একটি পাইয়া উঠে না। মৃঢ়! যে ঈশ্বর এথানে তোমার অাসিবার কালীন তোমার জন্য এমন বন্দোবস্ত করিয়া রাখিয়াছিলেন: প্রলোকের ভারও কেন সেই ঈশ্বরের উপর নির্ভর করিয়া নিশ্চিস্ত হুইয়া আপন যথাদিট কার্য্যে রতনাহও ? ইহলোকও যে ঈশ্বের স্টি এবং রাজত, পরলোকও সেই একই ঈশবের স্টি এবং রাজত। তুমি নিতান্ত নির্কোধ, নতুবা ঈশ্বরের প্রীতিপ্রাপ্তির নিশ্চিত উপায় যাহা তাহা পরিত্যাগ করিয়া, অনিশ্চিতের জন্য এবং ভয়ে এরূপ ক্ষিপ্ত ছইয়া ফিরিরে কেন ? পরলোক পরের কথা; ইহলোক, যাহার সহিত আপাততঃ তোমার দম্বন্ধ, যে তোমাকে খাওয়াইয়া পরাইয়া এত বড়াট কৰিয়াছে, যে তোমার নানা স্থপক্ষণতা সাধন করিতেছে, তাহার জনা কি করিয়াছ? যে ইহলোকের প্রতি এরপ অক্তব্জ, পরলোকে তাহার প্রতি বিশ্বাস? ইহলোক অধিকারে যে এমন অক্তব্রুক্সা, পরলোক অধিকারে তাহাকে কে বিশ্বাস করিবে? ইহলোক তিত্তি স্বরূপ, পরলোক তহুপরি স্থাপিত; সেই ভিত্তির দৃঢ়তা এবং পূর্ণতা সাধন পক্ষে কি করিয়াছ? তোমার স্রষ্ঠা তোমাকে যে সকল শক্তি প্রদান করিয়াছেন, অবশাই তিনি তোমার নিকট তলক্তিরক্ত কোন কার্যোর প্রতাশো রাখেন না; তাহার পর, তোমাকে যে সকল শক্তি প্রদূত্ত হইরাছে, দেখিতেছি যে তাহা সমস্তই ইহলোকিক কার্যাক্ষম শক্তি, ইহলোকের :অতীত কার্যাক্ষমতা তাহার একবিন্তু নাই; এমন স্থলে, ইহা কি নিশ্বর করিয়া বলা যার না যে, কেবল ইহ লোক, কেবল ইহ সংসারই, তোমার একমাত্র কর্মারে প্রবাধন ?

আবর্জনাশ্না নির্মাণ কর্তব্যবৃদ্ধি বাহা, তাহার উৎপত্তি এবং শিক্ষা এরপে,—ঈশ্বর কোন পদার্থ নিরর্থক সৃষ্টি করেন না; স্কুতরাং তিনি আমাদিগকে বে সমস্ত শক্তি,কি শারীরিক কি মানসিক,বাহা দিরাছেন, তংসমন্তের নিশ্চিত উদেশ্য এবং সার্থকতা আছে। আমরা সেই সকল শক্তির চালক; অতএব আমরা যদি সেই সকল শক্তির সদ্যবহার না করি, তাহা হইলে কথনই বলিতে পারি না বে তদ্ধারা ঈশরের উদ্দেশ্য নাই করিলাম না। তাঁহার উদ্দেশ্য পূরণ করিলেই তাঁহার প্রিক্ষবর্ষ্য সাধন করা হইল, অতএব তাহার নাম প্ণা; তাঁহার উদ্দেশ্য অন্যুণা করিলে অবশাই তাঁহার অপ্রির সাধন করা হইল, অতএব তাহার নাম প্ণা; তাঁহার উদ্দেশ্য অন্যুণা করিলে অবশাই তাঁহার অপ্রির সাধন করা হইল, অতএব তাহার নাম পাণ। আমরা পাপ পুণার ফলভাগী জীব। এজন্য পাপ পরিহারে বাহাতে পুণা সঞ্চয় হয়, শক্তিসমূহের সেইরূপ সন্থাবহার করা স্কর্বতোভাবে শ্রেমঃ। আমরা, কি ইহলোক কি পরলোক, উভর লোকের শুভ্রাথণী হইলে, উহাই তাহার এক-মাত্র পুয়া; তিরিল আর বিতীয় প্রা নাই। অন্য প্রা আরে আছে

বলিয়া যাহারা বলে তাহারা হয় লাস্ত, নয় নির্কোধ, নয় ক্ষিপ্ত, নয় জ্য়াচোর, ইহার একতর। বাঞ্চারাম, দেখিতে পাইবে, এ কর্ত্তবাবৃদ্ধির মূলেও কতটা স্বার্থ নিহিত রহিয়াছে; কিন্তু স্বার্থ যথন এই অবস্থায়, এরূপ কর্ত্তবাবৃদ্ধির সহ জড়িত থাকে, তাহাকে দিবা স্বার্থ বলে; তদন্যতরে স্বার্থ পার্থিব। পার্থিব অবস্থায় যে স্বার্থ সকল অনর্থের মূল; দিব্যাবস্থায় সেই স্বার্থই আবার সকল অর্থের মূল হইয়া থাকে। এই দিবা স্বার্থকেই চলিত কথায় স্বার্থশূন্যতা নামে অভিহিত করিয়া থাকে। সাজ্বিক্বৃদ্ধিযুক্ত ব্যক্তি মাত্রে প্রায়শ এই একমাত্র দিবা স্বার্থে স্বার্থবান হইয়া থাকেন।

দিব্য স্বার্থের আকাজ্ঞা ঈশ্বরপ্রীতিলাভ। দিব্যস্বার্থবান ব্যক্তি মানবীয় স্থ্যাতি অথ্যাতির প্রত্যাশা রাথে না, যেহেতু সে মানবীয় ানয়োজনে কর্মারত হয় নাই। মানব তাহাকে শত ধিকার দিলেও. এবং বস্তুতঃ দিয়াই থাকে, তথাপি সে স্বকার্য্য পরিত্যাগ করিবার পাত্র শহে। এপথে এলোকে 'যাহার জন্য চুরি করি সেই বলে চোর' প্রায়ই এরূপ ঘটিয়া থাকে: তথাপি সময় ও সমাজ সপক্ষ বা বিপক্ষ বাহাই হউক, তাহার পক্ষে ছই সমান, তাহাতে তাহার চেষ্টার রোধকারী কেহ এবং কিছু মাত্র হইতে পারে না। সমগ্র পৃথিবা তাহার মস্তকের উপর চাপিয়া পড়িলেও, দে তাহাতে ক্ষান্ত হইবার পাত্র নহে। যেহেতু সময়, সমাজ, পৃথিবী, তাহাদের রোষ ও তোষ, স্থ্যাতি বা অখ্যাতি, এ সকলই ক্লিক, এই থাকিবে, এই থাকিবেনা; কিন্তুদে যাহার প্রীতার্থে কার্য্য করিতেছে, এবং যাহার অনুগ্রহ বা নিগ্রহ ভাহার একমাত্র অবলম্বন, সেই প্রীত্যাদি অনম্ভশ্বামী এবং অনম্ভব্যাপী; স্থতরাং সে কি কখনও অনন্তকে কৃষ্ট করিয়া অন্তকে তৃষ্ট করিতে অগ্রসর হইতে পারে ? বে এরূপ দৃঢ়প্রতিজ্ঞ চেষ্টাবান্, স্বয়ং ঈশ্বর করুণারদে তাহার সহায়তা করিয়া থাকেন, নতুবা দে সমাজ হইতে বহু ক্লেশ,বহু হুঃখ,বহু উপহাস, কঠোর মৃত্যুযন্ত্রণাকে পর্যান্ত, কেমন করিয়া তুচ্ছে নিক্ষেপ করিতে

সমর্থ হয় ? বে একবার মাত্র কথনও এরপ কর্মপ্রবৃত্তির অমুসরণ করিয়াছে, সেই ব্ঝিতে পারিবে বে, ইহার প্রভাবে স্বীয় অম্ভরম্ব শক্তি কিরপ অলোকসামান্য বিকশিত এবং চর্দমনীয় হইয়া থাকে; বহু ক্লেশ-রাশির মধ্যেও কেমন একটি দিব্য সান্ত্না পদার্থ পরিদীপ্তিমান্হয়, এবং কেমন ত হা অবোর প্রতিকৃল অন্ধ কার মধ্যেও তাহাকে স্বচ্ছলে পরিচালনা করিয়া লইয়া যায়। এই পৃথিবীর শ্রেষ্ঠতাবদ্ধক বে সমস্ত মহামুভবের নাম গুনিতে পাইরা থাক, তাহাদের জীবন একে একে আলোচনা করিয়া দেখিও, দেখিতে পাইবে যে তাহা আমূলত ইহার ই জীবস্ত অভিনয় ভিন্ন আর কিছুই নছে; এবং এই কর্ত্তবাবৃদ্ধিই তাহাদের একমাত্র অবলম্বন ছিল। যদি ইচ্ছা হয়, ইহাও দেখিতে পাইবে যে সাময়িক সমাজের নিকট তজ্জন্য তাহাদিগকে সময়ে সময়ে কতই ক্লেশ ও অপমান প্রভৃতি সহ্য করিতে হইয়াছিল। কিন্তু তাহাতে তাহাদের কি হইয়াছিল ? প্রতিকূলতা এখন লুপ্ত। তৎস্থলে তাহাদের কত কার্য্য বাহা তাহা দিগন্ত-ব্যাপ্ত, এবং অনন্ত কর্মপ্রবাহে মহাধারা-রূপে তাহা এখন অনুস্ত গৃহে গৃহীত। ফলতঃ মূল যখন "মূলং ক্লঞ্ডবেন্সচ ব্রাহ্মণশ্চ", তথন অনুষ্ঠানে বনবাস, বহুক্লেশ, বহুসংগ্রাম থাকিলেও, অস্তে স্থ্ৰীপা সাগ্ৰাম্বৰা ৰস্তমতীৰ আধিপতা নিঃসন্দেহ প্ৰাপ্তব্য ফল। বাঞ্ারাম, তথাপি এ পণে অংগ্রসর হইতে যাহারা ভয় পায়, তাহাদের ভয় ঠিক যে ব্যক্তি অমর, তাহার জুজুবিছা দেথিয়া জীবন-ভীতি উপস্থিত হইবার ন্যায়। হিন্দুসস্তান, তুমি বসিয়া রহিয়াছ কি জনা ? তুমিও কেন এই মূল ধরিয়া কার্য্যারম্ভ নাকর ? যদিও তোমার শক্তি কুদ্র হয়, বসুমতীর আধিপত্যের পরিবর্তে না হয় একখানা গ্রামও ত অবশা লাভ করিতে পারিবে। যেখানে সকলই ওঠবন্দি হিসাবে ভুক্ত, সেথানে এ ক্ষণস্থায়ী ওঠবন্দি ঠাকুরালীর পরিবর্ত্তে যদি কিছু স্থায়ী সম্পত্তি করিতে পার, তাহা কি প্রার্থনীয় নহে ? মফুপুত্রের তাহাই করা কর্ত্তবা; নতুবা পিতৃনাম, পিতৃপুরুষের অপমান করা হয়।

পার্থিব স্বার্থের উদ্দেশ্য আপাত-লভ্য সৌভাগ্য, সম্পৎ বা স্বচ্ছন্দাদি লাভ। ইহাতে আপাততঃ ইন্দ্রপ্রস্থ পর্যান্ত অধিকারভুক্ত হইয়া, মুখ বৃদ্ধি করিল বটে: কিন্তু অন্তে কেবল অধিকার-চ্যুতি মাত্র নহে, সবংশ সহ সমস্ত লোপ। আমাদের সমাজ আপোততঃ যেরপ সংগঠিত. তাহাতে সত্য মিথ্যা উভয়েরই যুগপং একত্র সমাবেশ, অধিকন্ত মিথ্যার প্রাধান্য অধিক। এথানে নির্ব্বোধ মানব স্রোততরঙ্গে পডিয়া সকল বিষয়েই আন্ত ফল, আন্ত প্রতিকারের অনুসন্ধান করিয়া থাকে; যথা-নিয়ম ও যথাকালের বড় একটা অপেক্ষা রাথে না বা বুঝে না। স্থতরাং ফল এখানে যুগান্তস্থায়ী হয় না; নিরম্ভর এক ভাঙ্গিতেছে আর গড়িতেছে। মিথ্যাই এথানে আসীমত প্রায় সর্ব্বত্র সর্ব্বেস্কা মূলস্বরূপ হইয়া আছে,—'মূলং রাজা ধৃতরাপ্ট্রোহমনীষী'। মিথাা ভ্রমের আধার, ख्य महिताधक: मृष्टित यथात्म त्त्राध, मानव त्रिथात्म छविषाद श्राध অন্ধ: অন্ধ ব্যক্তি কেমন করিয়া ভবিষ্যদবাহী ফলের উৎপাদন করিতে সমর্থ চটবে ? আপাত-লভা ফল এবং তৎসাধনার উদ্দেশ্য এই যে. আগত সময়কে কোন রূপে থাবাথুবি দিয়া সম্ভষ্ট রাখা; স্থতরাং দে স্কল নিঃস্দেহ কেবল উপস্থিত সময়ের জন্য। অতএব, অবিরত-গতিশীল সময়, যেমন ছরিতগতিতে কালপথে অদৃশ্য হয়; তাহার প্রীতিজন্য অজ্ঞিত কথিত ফলাদিও, আত্মনশূন্য করিয়া, সেইরূপ ত্বরিতগতিতে, তপনতাপতপ্ত জলবিন্দুর ন্যায়, অবিশব্বে অনন্ত গৃহে হিসাবশুন্য হইয়া বিলোপ প্রাপ্ত হয়। ইহাকে একরূপ গোঁজা মিলানে काँकि वृक्षान वरत। जुमि खिथानकात महिथारनहे थाकिएन, अथह ফাঁকি দিয়া বুঝাইলে যে তুমিও চলিতেছ। আরও আশ্চর্যা, তুমি . ভাবিলে কাল তোমার ফাঁকিতে ভুলিয়া, পিছু দিকে না চাহিয়া চলিয়া (शन! जांख, कानरक कांकि (नम्र काशत माधा। कान ना रनियेत्रा যায় নাই, তোমার ফাঁকিও তাহার অবিদিত নাই, তবে যে হাতে হাতে তোমার ফাঁকির প্রতিবাদ করিল না, তাহা কেবল তোমার নষ্টামির শান্তি দারুণতর করিয়া তুলিবার জন্য। কিন্তু যথন ধরা পড়িবে, তথন দেখিতে পাইবে বে তোমাকে কি ভীবণ বেগেই নাকে দিছি দিয়া কলে আপন সমহতে টানিয়া লইতেছে; তথন ব্ঝিতে পারিবে যে কাঁকি দেওয়ার কি ছর্পমনীয় প্রায়শ্চিত্ত। এ সংসারে মিথ্যা বা কুকর্মের নারাও লােকে উচ্চ সম্পদ পায়; কেন?—এটাও জান কি, উপর হইতে পড়িয়া শরীর-ভঙ্গে যে মরিবার উপযুক্ত, তাহাকে একতালা অপেকা দােতালা বা তেতালায় উঠাইলেই নিশ্চিত ও বিশেষরপে উদ্ধ্যাসিদি হয়?

সে যাহা হউক, আমাদিগের কর্ত্তবাবুদ্ধির স্ত্ত অনেক দুরে, আধা পথে ফেলিয়া আসিয়াছি। আমাদিগের মানবীয় সংসারে যতগুলি স্কার্যা দেখিতে পাওরা বায়, বা বাহা কিছু মহত্ত্বের পরিচায়ক বলিয়া পরিচিত,দে দকলকে সংগ্রহপূর্মক একতার স্থত্তে সংযোজন, তাহাদের দামঞ্জদ্য দাধন, এবং তত্তাবতের দংদাধন, এ দমস্তই কর্ত্ব্যবৃদ্ধির कार्या । खूकार्या এवः महत्व ममुनाय,नाना तक्क ७ मानिका खत्रभ ; कर्खवा-বৃদ্ধি প্রবর্ত্তক এবং নিয়ামকরূপে তাহাদিগের উদ্ধার, সংগ্রহ ও সংস্কার করিয়া, এক তার সূত্রে গ্রন্থিক পূর্বকি, ভূবনানন্দ্রায়িকা মালিকার আকারে সজ্জিত করিয়া থাকে: তথন যে দিকে তাকাও, সেই দিকেই দিগক্ষনাগণ মধুর হাদি হাদিয়া, প্রদরমুখে তংপ্রতি স্বীয় প্রদরতা ভাব জ্ঞাপন করে। কিন্তু যথায় দেরূপ কর্ত্তব্যবুনির অভবে,বা কর্ত্তব্য-বুদ্ধি যথায় বদ্ধুর বা ছন, তথাকার দৃশাকি স্বতন্ত্র এবং শোচনীয়! তথায় মণিরত্ব নানাদিকে নানা কারণে যদিও ক্ষণে ক্ষণে উত্তাসিত हरेट थाटक वटि, किन्न कथन उठाराता स्राप्ती हरेया वा लागि निधिया, একতার আগতিপূর্বক অভিপ্রেত উদ্দেশ্য স্থসির করে না। তাহা-দিগকে সজ্জিত করিয়া ব্যবহারভূক্ত করা দূরে যাউক, ভাহাদিগকে কেবল বরিয়া রাধার জন্যও, যত ইচ্ছা চেষ্টা করা বাউক নাকেন, ফণীর মণিবং কোথায় দিয়া যে তাহারা তিল তিল করিয়া মুহূর্তে অদৃশ্য হয়, ভাহার কিছুই নিরূপণ করিতে পারা যায় নী। এ দৃশ্য, এ কোভোদ্দীপক প্রহদনের অভিনয় দেবিবার জন্য, আমাদিগকে কোন

দূর স্থানে যাইতে হইবে না ; এ দৃশ্য আমাদের ঘরে, ভারতগৃহে, নিতা নিত্য অভিনীত হইতেছে। বাবতীয় উৎসাহ, বাবতীয় উদ্যম, জাতীয় একতা, স্বদেশপ্রিরতা, জাতীর অভাগান, নানা অনুষ্ঠান, নানা সংস্করণ, এ সকলের শব্দ এবং আড়ম্বরে ভারত নিত্য টলটলায়মান : কিন্ত कथन (मिथशां कि जाशांत कानी (गार्ग वैधिया वा अप्टिवक हरेगा, কোন প্রকারের স্থফল প্রস্ব করিতে পারিয়াছে? কুফলের অভাব নাই; অমুষ্ঠান স্থফল প্রসবিরূপে সম্পূর্ণ না হইলে, কুফল তাহা হইতে স্থত:-উৎপন্ন হওরাই নিয়ম। তোমার সমস্ত আন্দোলন, সমস্ত সংস্করণ, সমস্ত কথা, সকলেই জলবুদ্ধনবৎ উঠিতেছে পড়িতেছে; মুহুর্ত্তে উদয়, মুহুর্ত্তে বিলয়; কেবলমাত বচনেই সকল অনুষ্ঠানের পরিসমাপ্তি হইয়া থাকে। কথা যতক্ষণ সভান্থলে, সভার বাহিরে আর তাহার এক বর্ণও काहात मत्न जिल्हे ना। ইहात अर्थ এই, मकरलत मृतलार कर्खवार्षित অভাব; এ সকলের মূল কেবল মাত্র সাময়িক হুজুগ। কর্ত্তবাবুদ্ধি বাহা তাহা প্রলয় ঘূর্ণাবর্ত্তমধ্যে নিয়ম স্বরূপ ! কর্ত্তবাবুদ্ধিতে অন্তর্ভিত যে বিষয় ভাহার ধর্ম ওরূপ নহে। কর্ত্তব্যবৃদ্ধি যথায় মূল, তথায় যাবতীয় অসংলগ্ন সংলগ্নে আসিয়া পরিণত হয়; যাবতীয় অস্থায়ী বিষয় ক্ষণিকতা পরিত্যাগে স্থায়িত্ব পায়; তথায় অনুষ্ঠিত বিষয় কেবল সভাস্থলীয় বাক্যে প্রাবসিত হয় না, যতক্ষণ তাহা সংসাধিত না হয়, ততক্ষণ তাহা [']জীবনের এত **স্বরূ**প হইয়া দাঁড়ায়, মানুষ তাহার জন্য পাগল হয়, তথন শয়নে স্বপনে কেবল এই একমাত্র ভাবনা,—'মন্ত্রের সাধন কিম্বা শরীর-পতন।' কি অপুৰ্ক মহামন্ত্ৰ!

শক্তিসঞ্চালনে উদ্যম এবং কার্যপক্ষে কর্ত্তবাবৃদ্ধি, কেবল এই হইটী থাকিলেই, কর্মান্দেত্রে অবতরণ করিতে পারা যায় ইহা সত্য বটে, কিন্তু তাহাতেও সাধনাসিদ্ধি সম্যক্তরপে হর না। সাধনাসিদ্ধির পক্ষে সম্পূর্ণভাবে উপযুক্ত হইবার পূর্ব্বে, কর্ত্তবাবৃদ্ধিকে স্ক্লু এবং স্থানক করিবার জন্য, আরেও কতক গুলি বিষয়ের একান্ত প্রয়োজন; তন্মব্যে আত্মসংহার এবং শিক্ষা এই হইটী প্রধান।

আত্মসংস্কারের প্রয়োজনীয়তা সর্বাণা গুরুতর; কারণ যথায় যেমন উৎস, তাহার নিঃস্ত স্তব্য বে তেমনি স্বভাব প্রাপ্ত হইয়া থাকে, ইহা প্রাকৃতিক নির্ম। আমরা জানি, প্রাকৃতিক নির্ম শব্দন করিয়া স্থান লাভ করিবার পক্ষে আমাদের কোন সাধ্য নাই। আমরা যেমন শুরু বা অশুদ্ধ প্রকৃতি এবং যেমন বা যে পরিমাণে পবিত্র বা অপবিত্র হইব, আমাদের ক্ষৃত কর্মণ্ড সেইরূপ আকার ধারণ করিবে। অতএব যাহাতে (कानक्राप भागानिशयक नाजीतिक ७ मानिमक कनुव ना स्पार्ट्स, ७९· পক্ষে আমাদিগের ছরান্বিত ও চেষ্টাবান হওয়া সর্বদা কর্ত্তবা। ঘদিও এ পৃথিবীতে অসৎ হইতে একেবারে পরিচ্ছির হইবার সম্ভাবনা নাই, তথাপি তৎপক্ষে সোমাদের বধাসাধ্য চেষ্ঠা চালনায় কোনরূপ ক্রটিনা হয় ৷ চেষ্টা করিলেও ধথন এমন, তখন চেষ্টা না করিলে কত অধিক অসং স্পর্শের সম্ভাবনা। অতএব একমাত্র চেষ্টার সীমা পর্যান্ত আমাদিগের আত্মশংস্কারের পরিমাণ হওয়া উচিত। আমাদের সাধ্য বতদুর তাহা আমরা নিবিষ্টমনে করিব, তদতিরিক্ত বাহা, তাহা দৈবের উপর নির্ভর করিয়া থাকে। জ্ঞানকৃত পাপ পরিহার আন্মাদিগের সাধোর মধো।

শারীরিক ও মানসিক কর্ব, এ ছ্যের মধ্যে মানসিক কর্বই
ওকতর; অথবা মানসিক কর্বই সর্বাধ, শারীরিক কর্ব কেবল
তাহার কলস্বকাপ বলিলে বলা যার; কারণ আমারা দেখিতে পাইতেছি.
মন সর্বাদা শারীরের বল নহে, শারীরই সর্বাদা মনের আজ্ঞাকারী হইরা
থাকে। এ জগতে যত প্রকার অনর্থোংপত্তি হয়, তাহা প্রধানতঃ এই
মানসিক কর্ব হইতে। মানসিক কর্বসমূহের মধ্যে প্রধানতম কর্ব্ব
পার্থিব আর্থ; উহা রাজা অরপ এবং নীচতা উহার মন্ত্রী উহারা একবোগ ইইয়া আরে তাবংকে পরিচালন করিয়া থাকে। অতএব যে
মানসিক কর্ব সর্বা অনর্থের মূল, তাহা কি লোকতঃ কি ধর্মতঃ,
সর্বা প্রকারে ব্যাসাধ্য পরিহার্যা। মানসিক অসংবৃত্তি বা অসংবৃত্তি
স্বাক্র স্বত সত্যকার্যাের বিরোধী; যে পরিমাণে তাহােরা মানসংক্র

অধিকার করিয়া থাকে, দেই পরিমাণে ক্লত কার্য্য দকল ছর বা অদ্বসম্পাদিত ও অদংপরিণামযুক্ত হয়। শক্তিসঞ্চালনে সহস্র উদাম এবং
কর্ত্তব্যুক্তে প্রভূত ব্যুক্তে থাকিলেও, যদি মানদিক কল্ব অপসারিত করিয়া মানদিক পবিজ্ঞা সংসাধন করা না যার, তাহা হইলে
দেশক্তিসঞ্চালন ও দে কর্ত্তব্যুদ্ধি কার্য্যকরী হইয়া কোন স্কল
প্রেশ্ব করা দ্রে থাকুক, প্রভূতি তাহারা মানদিক কল্বের দাসক্রপে
পরিণত হইবার, তাহাদের যে প্রভূত কার্য্যক্ষমতা তাহা বিক্রত দিকে
চালিত হয় ও সম্ভব অপেক্ষা অপার ওলে বিক্রতির উৎপাদন করিয়া
থাকে। অতএব আবার বলা বাহুলা ও পুনক্তি স্বর্গা হইয়া
বায়। এজন্য আস্বাহ্মারের ছারা পবিজ্ঞা সাধন, কর্ত্তবার্দ্ধির মান্তই রুণা হইয়া
বায়। এজন্য আস্বাহ্মারের ছারা পবিজ্ঞা সাধন, কর্ত্তবার্দ্ধির আদি
ও প্রধান কর্ত্তব্যুক্ত বালিয়া জানিও। নতুবা, ঈশ্বের প্রীতিপ্রাপ্তি যদি
তোমার জীবনের উদ্দেশ্য হয়, তবে দেই প্রীতি তোমার ক্লত যে সকল
কার্য্যের ছারা আকর্ষিত হইবার সম্ভাবনা, দে সকল কার্য্য কথনও

এই আয়ুসংস্থার এ পর্যান্ত আমাদের দেশে, একমাত্র বা প্রধানতঃ সংগ্রি সোপান এবং ধর্মের পথ বা স্বায়ং ধর্মস্বরূপ বলিয়া বিশাসিত, এবং ত্রমান্ধতার তাহা কতই আড়েম্বর ও অতিনীতি যোগে পালিত হইরা আসিরাছে। উপায় যাহা, তাহা উদ্দেশ্য বলিয়া পরিগণিত হইরাছে। দেখা গিয়াছে, ভারতীয়েরা অতিবৃদ্ধিশালী প্রায় তাহাদের অস্কৃতিত তাবৎ বিষয়ে; এখানেও, সেই অতিবৃদ্ধিশালী প্রায় তাহাদের আয়ুসংস্থার প্রণালীকে উহার সীমা ছাড়াইয়া এতই বাছলায়তার লইয়া উপস্থিত করিয়াছেন বে, অন্যান্য সাধনার কথা দ্রে যাউক, কেবল তাহার সাধনেই, সমস্ত জীবন অতিবাহিত বা সমস্ত জীবন নিপাত করিলেও, অবসর বা অবধি পাওয়া যায় না। ইক্রিয় সংযম করিতে হইয়া, কেবল একটা ইক্রিয় কেবল, সমস্ত ইক্রিয়েরই একেবারে এবং

চিরকালের মত দমন হয়। নিঃস্বার্থ ছইতে ছইবে ?—ছাড় সংসার, ধর সন্ন্যাসমূর্ত্তি; মাথের হিমে, আধাঢ়ের জ্বলে, বৈশাধের অগ্নিতে ক্ষিপ্ত বা জড়প্রায় হইয়া পড়িয়া রহিতে শিথ। ইত্যাদি। সাধারণ আচার বিষয়েও খু**টকুটা** এত বে, চারিচালের বাহির হইলেই কোন না কোন প্রকারে পাপশ্রপর্ণ না হইয়া যায় না। ছিল্ঠাকুরদের পুনঃ ঐ ঐ অতি-আচারের কার্যাকারিতার এত দূরই বিশ্বাস বে, যদি সে নকল যথোচিতরূপে পালিত হওয়ার পক্ষে কাহারও কোন ক্রটি দই ছয়, তবে তাহার যে পরকালে হানি না হইয়া থাকিতে পারে, ইহা তাহাদের ধারণায় একেবারেই আইদে না। বুদ্ধিবৃত্তি হিন্দুরা অতিশর প্রশস্ত এবং আড়ম্বর-আয়ত্তক পাইয়াছিলেন; সেই বৃদ্ধির মোহে, ইহাদের যে কোন গুণ বা আচার বা যাবতীয় সাধ্য বিষয়গুলিকে এমনই বহবায়তন ও আড়েছরযুক্ত করিয়া তুলিয়াছেন যে, উপায়ের স্ত্রিকটে উদ্দেশ্য যাতা তাতা ঢাকা প্রডিয়া, উপায়ই উদ্দেশ্যরূপে প্রতীয়মান হয়: এবং তাহার ফলে হইয়াছে এই বে, হিন্দুর উদ্যুম, উংসাহ, অধাবসায়, চেষ্টা ও অমুষ্ঠান, সর্বতেই রুদ্ধগতি ও ভগ্নপদ। হিন্দু দূরদেশে ঘাইবেন, আচারের খাতিরে দাঁতে দাঁত দিয়া ও প্রাণে মরিয়া; মৃত সংকার করিতে যাইবেন, মরার সঙ্গে নিজে মরা হইয়া; ঘরের বাহির হইলেই পাপস্পর্শের আতঙ্ক বা জাতি যায়, ইত্যাদি ইত্যাদি। উদ্দেশ্য ভূলিয়া উপায়ের প্রাবল্য যে কত বেশী হইয়া পডিয়াছে, এমন কি হিন্দুর বিদ্যাশিক্ষা পর্বেও তাহার উদাহরণ স্থবিরল নতে:-এই দেখ একটা ব্যাকরণ শাস্ত্র; উহা কেবল ভাষাশিক্ষার উপায়স্বরূপ, কিন্তু এখানে একবার ব্যাকরণ পর্বের ঘটা দেখ, সহকারী না হইয়া স্বয়ং একটা বিজ্ঞান এবং কেবল তাহা নহে, ছঃদাধ্য মুখ্য বিজ্ঞানের পদবীতে উঠিয়া গিয়াছে। গিয়াছিলাম বিদ্যা ও জ্ঞান উপাৰ্জ্জন করিতে, কিন্তু ব্যাকরণের খুটিফুটীতেই বয়স কাটিয়া গেল ! এরপ বহরাড়ম্বরযুক্ত উপায়ঘটা সর্বাদাই পরিহার্যা। সাধারণত: উপায়, মুত্রাং এখানে আত্মসংস্কার এবং তৎস্ত্রে আচার প্রভৃতি, যতই স্বর,

সংক্ষিপ্ত-আয়তন, মুধগ্রাহ্য এবং সরল হয়, ততই ভাল; ততই তাহারা কার্য্যসাধক হইবে; কিন্তু হায়! হিন্দুর কপালগুলে সর্বতি এবং সকলই তাহার বিপরীত। এ কথা হিন্দুর যে কেবল সংস্কারপর্বেই বাটে, এমন নহে, হিন্দুর বাবতীয় বিষয় সন্ধর্মেই এ কথা বলিতে পারা যায়।

বাঞ্যরাম, তোমাকে দেরূপ আত্মসংস্কার করিতে বলিতেছি না; যাহা রয় সম তাহাই ভাল। অথবা বিজাতীয়গণের ন্যায় আব্দায়সংস্কার করিতেও ভোমাকে অমুরোধ করিতেছি না; এক সময়ে তাহাদের আত্মসংস্কার মনদ ছিল না, কিন্তু তাহা এখন সাধারণতঃ অথবা সর্বাদা ্ঝাপ বৃঝিয়া কোপ। অতঃপর তবে আত্মনংস্কারদাধক এবং দেই স্ত্রে আচারাদির নিয়ামক কোন্ নীতির বিষয় আমি তোমাকে পরি-5র দিয়া বৃশ্ধাইব ? যে পদার্থ দত্য প্রস্তুত, স্কুতরাং নিত্য এবং সর্বাস্থলর, ভাহার পরিচয়ের আবশ্যক রাথে না ; তবে কোথায় বা কাহার দ্বারা ভাহাতে আবের্জ্জনা স্পূর্ণ করিয়াছে বা করিতে পারে, তাহারই পরিচয় াদবার আবশ্যক হয়। আমারও চেষ্টা সেই পর্যান্ত। ভবে মোটের উপর এই পর্যান্ত বলি, সভ্যকে দৃঢ়ক্কপে অবলম্বন করিবে, যথাদাধ্য সন্দ্রিশালী ছইবে, কদর্যা স্বার্থপূর্ণ এবং ভীক ও নীচ অন্তঃকরণবিশিষ্ট হুইও না: ইহার মধ্যেই আমার সমস্ত আবাত্মসংস্কার নিহিত করা রহিল। শারীরিক কলুষ পরিহারের আবেশ্যকতা ও শ্রেষ্ঠতা বিষয়ে আরে অধিক কি বলিব,—সেই শরীরই সার্থকজন্মা, সেই শরীরেরই সর্কোৎকৃষ্ট পরিবাম, মাহা ফুকার্যাসাধনার্থে সায়াত্যাগে প্রদত্ত হয়; কে জানে লোকের হন্তে, কে জানে কালের হন্তে। ভারতে কি আবার তেমন দিন আসিবে ?

কর্ত্তবাব্দ্ধিকে পবিক্রভাবে চালনা করিবার নিমিত্ত বেমন আয়-সংস্কারের প্রয়োজন, তেমনি কর্ত্তবাব্দ্দির প্রশন্ততা সাধন জন্য, শিক্ষার প্রয়োজন তদ্ধিক। শিক্ষার উদ্দেশ্যী শুনিত্তে এক কথা,—প্রশন্ততা সাধন করে; কিন্তু প্রশন্ততা পদার্থটা কি বিপুল ও অপূর্বা! উহা এমনত অপার শুণ্ময়ী যে, একাউহার আলোকেই আর তাবং মালোকিত হইয়া থাকে; এবং উহার আলোকে তাবং বিষর এইই স্থাবে রূপান্তরি হ হর বে, শেষে যেন সেই প্রশন্ততা, স্তরাং তহৎপাদক শিক্ষাই, সমস্তের একমাত্র উত্তানক ও নিরামক স্বরূপে প্রতীরমান হর। আর্যাঠাকুরদের মধ্যে প্রশন্ততার অভাব হেতু, তাঁহাদের তাবং কর্মকাণ্ড প্রায় অনর্থক কোমবজ্ঞাদিতে সমাহিত হইয়া আদিরাছিল। যথায় নধর ফলের সন্তব্য, তথায় প্রশন্ততার অভাবে, কল কাঁটভূকে স্থান্ধ ক্রুও করাটীয়। আকোর ধারণ করে এবং দেবভোগ্য না হইয়া কুকুরভোগ্য হয়। শিক্ষা তাঁহাদের, বিভিন্ন জাতীয় সংস্থবের অভাবে, এক বাঁধা পথে গিয়া সন্ধার্ণতা প্রাপ্ত হইয়াছিল।

জাতিমধ্যে সর্বাধারণেই শিক্ষার আবশাকতা বে কতদ্র, তাহা পুরেরও ভারতীয়দিগের বড় একটা ধারণা ছিল না; এবং এখনও যে বড় একটা ধরেণা গঠিত বা বন্ধমূল হইয়াছে, তাহা হয় মাই। পূক-কালের বিশ্বাস,--শিক্ষা বাহা তাহা কেবল অধ্যাপক ও পাটোয়ারী, এই তুই জনের আবিশ্যক হয়; এ শিক্ষায় আবিরি ব্যবসায়ভেদে তারতমঃ আছে; যথা, অধ্যাপকের শিক্ষিতব্য পূঁজীপাটা শ্বৃতি সাহিত্য বা শ্রান্ধ-সভাজমের জন্য হুইটা নাায়ের তর্ক ; পাটোয়ারীর পূঁজীপাটা শুভঙ্কর। এ কালের বিশ্বাস. — শিক্ষা যাহা তাহা চাক্রা করিবার জন্য এবং আজি কালি মামলা মোকদ্দমা চালান ও বক্তৃতা করিবার জন্যও বটে। ইছার মধ্যে আবার শ্রেষ্ঠ শিক্ষা, ব্যাকরণ ত্রস্ত করিয়া ইংরাজা লিখিতে বা কহিতে জানা; তদর্থে কেহ বা সংবাদপত্র লইয়া থাকেন. কেছবা নভেল পড়েন; এবং অনেকে পুনঃ ইছার যে কোনটী হইতে সময় কালে ব্যবহার ও (আন্তোকুঁড়ে ছিল গোলাপের পাঁপড়ি ছড়ানব ন্যার) প্রয়োগের জন্য, বাক্যাবলাও কণ্ঠস্থ করিয়ারাথার পক্ষে জটি করেন না। ইহাদের বিশ্বাস,--বিদ্যা উপার্জ্জন করিতে হয় না, মাতৃগর্ভ হইতেই তাহা দঙ্গে আসিয়া থাকে ; স্কুতরাং এখন যাহা কিছু উপাৰ্জন বা শিক্ষার আবেশ্যক,তাহা কেবল ইংরাজী অভিধান ও বাাকরণের:---যদ্বারা গর্ব্ভোপার্জ্জিত পাণ্ডিত্য ব্যাকরণগুদ্ধ ইংরাজীতে প্রকাশ

করিতে পারা যায়। পাণ্ডিতা বলিয়া যে একটা পদার্থ আছে, তাহাও ইহারা, কথন কথন অমুভব করিয়া থাকে বটে ; কিন্তু ইহাও অমুভাবিত যে, সে পাণ্ডিত্য অন্য কিছু নহে, তাহা কেবল ইংরাজী শব্দ ও ব্যাকরণ শিক্ষা বাদে, বিজ্ঞান ইতিহাস প্রভৃতি আর যে সকল অনাবশ্যকীয় বিষয় অর্থাৎ যাহা চাকুরীতে লাগে না, অথচ যাহা অধিকন্তরূপে বিশ্ব-বিদ্যালয়ে শিক্ষা দেওয়া হয়, সেই সকল কিঞিং কিঞ্চিৎ কঠন্ত করিয়া রাখা ও স্থানবিশেষে উদিগরণ করা। ইহারা গ্রন্থাদি প্রণয়নও করিয়া থাকে অপর্যাপ্ত : প্রতি চটা চাপাটী—অপাঠ্য চটা চাপাটা হাতে ধরিয়া. এবং আজি কালি সংবাদপত্র লিথিয়াও, কেহ "মহাকবি" কেহ "প্রসিদ্ধ গ্রন্থকার" এই সকল হইয়া থাকে। তবে সৌভাগ্যের বিষয় এই যে, যে সকল দেশের লোক কার্লাইল, গেটে, রিজটার প্রভৃতি লেথককে লেথক বলিয়া থাকে; তাহারা আমাদের এ ছুঁচোর কীর্ত্তন দেখিতে পায় না। দেখিতে পাইলে, আমাদিগকে না জানি কি অসার বলিয়াই মনে করিত। সে যাহা হউক, সে কালে অধ্যাপক ও পাটোয়ারী এবং একালে চাকুরে, সাধারণতঃ ইহারা ভিন্ন, ব্যবসামী, শিল্পী, রুষক বা অপরাপর ব্যক্তিদিগের শিক্ষার যে কিছু আবশ্যকতা আছে তাহা, এই হুই কালের এককালেও ধারণা ছিল না এবং নাই। এখানে মেয়ে লেখা পড়া শিখে না, চাকুরী করিতে পাইবে না বলিয়া; অপরাপর জাতিতে শিখে না, তদ্বারা পিতৃব্যবদায়ে অপারগ হইবে বলিয়া। এ সকলের কথাত দূরের কথা; শিক্ষিতের পক্ষেও অনেক সময়ে অনেকের মুখে শুনিতে পাই,—'কেবল একরাশি কেতাব পড়িয়া কেতাবকীট হইলে কি হইবে ? কাজের মানুষ হও কাজে আসিবে। কাজ !--- যে কোন উপায়ে স্বছন্দে উদরপূর্ত্তি! কবিরও অনেক পড়িতে শুনিতে নাই, যেহেতু তাহাতে কৰিমণক্তি ঝন্চাল হইয়া যায়। এথানে কতকগুলা বহি পড়াও উপহাসের বিষয়।

কিন্ত এ জগতে এমন এমন দেশ অনেক আছে, যথায় চাকরের চাকরগিরি ক্রিতের, নেখা পড়া প্রভৃতি নানা শিকার প্রয়েজন হয়। তথার উন্নতশ্রেণীর শিক্ষার ত কথাই নাই; সমস্ত সন্তবপর উন্নত ও সংশিক্ষা করতলম্থ করিয়া তবু তাহাদের তৃপ্তি নাই; তবু শিক্ষার আবশাকতায় বিরাম নাই। এরূপ লাতি সকলের মধ্যে যে শিক্ষা, তাহার সহ আমাদের জাতীয় শিক্ষা তুলনা করিলে, কতই অন্তরতা দেখিতে পাওয়া যায়। এখানে চাকুরী চালানর অতিরিক্ত শিক্ষা, আসবাব বা উপহাসের বিষয়; অন্যত্র তাহা প্রয়েছন এবং অত্যাবশাকস্থলীয়। এ হেতু, কলেরও তারতমা তথাবিধ। সেই সেই লাতিরা জগতের তাবং সম্পাদন শেব করিয়া, তথাপি তৃপ্তিবোধে কাস্ত হইতেছে না; আর আমরা? রেদনিহিত কীটরাশির নায়েরেদেই জড়িত থাকিয়া তাহা হইতে বদন ফিরাইতে মমতা বোধ করিতেছি; এবং শুধু মমতা বোধ করিছেছিনা, কথন কথন বা পাছে কেহ মুধ্ ফিরাইয়া দেয় এ আশকায় মুহামান হইতেছি। অত্যাসবদে নারকীর নরকেও মমতা জনিয়া থাকে। কি ছরস্ত বৈষমা!

শিক্ষায় মনুষ্টোর এই কয়টা বিষয় সংসাধন করিয়া থাকে ;—

১ম। কালের কোন্ বিশেষ বিভাগে এবং কর্মকেত্রের কোন্ বিশেষ দেশে অবস্থান করিতেছি, তাহাতে প্রবৃদ্ধ করিয়া দেয়।

২য়। আমার কর্মন্থলীর আয়তন কতদ্ব, আরন্ধ কর্ম আমার পূর্ব্বেকতদ্ব সম্পাদিত হইয়া গিয়াছে, এবং আমার স্বসময়ে আমার শক্তিসাধ্য সম্পাদ্য অংশ কি পরিমাণে উপস্থিত থাকিয়া আমার হস্ত প্রতীক্ষা করিতেছে, এবং তাহার আশু ও দ্ব পরিণাম কোথায়, তাহা যথাসম্ভব বা যথাআবশ্যক দেখাইয়া দেয়।

তর। কর্মস্থলে আমার সহকারী বা পরিচালকবর্গ কে কেমন; কাহার উপরে কতদ্র নির্ভর করিতে পারি বা না পারি; কর্মস্থলের প্রতিকূল বা অফুক্ল বিষয় কি কি; এবং তাহাদের কাহাকে কি পরিমাণে পরিহার বা বিদ্রণ বা কি পরিমাণে অবলম্বন করিতে গারিব, তাহার পরিচর দিয়া দেয়। এতদ্তিরিক্তে আম্ল্ত: নিষ্ সহচরীরপে সঙ্গে থাকিয়া সর্কাবলে, সর্কাদেশ ও সর্বা বিষয়েতে পথ-প্রদর্শন ও সহায়তা করিয়া থাকে। যে শেকা দেখিবে দে সকল কিছুই করে না, অথচ শিক্ষানাবিশ শিক্ষার জন্য আজীবন অভ্যাস ও অধ্যয়না-দিতে অতিবাহিত করিয়াছে; তথায় নিশ্চয় জানিবে যে, সে শিক্ষা শিক্ষা নহে,—তাহা ভাক্তশিক্ষা; সে শিক্ষানবিশ শিক্ষিত হয় নাই, সে জীবস্ত পৃস্তকাধ্যর হইয়াছে মাত্র!

যথন শিক্ষার উদ্দেশ্য এবং ফল এমন, এবং মানবমানৰীমাতেই বখন এ জাগতিক কর্মক্ষেত্রে নিয়েজিত,তখন বাঞ্চারাম, কেমন করিয়া वना यात्र (य. निका नकन व्यानीत कनारे नमान व्यवाजनीय नरह? এমন স্থলে, তবে তুমি কেনই বাছোট লোক মাধায় উঠিল বলিয়া সাধারণ শিক্ষার প্রতি আতঙ্কে কম্পিত হইয়া উঠ; এবং কেনই বা স্ত্রীগণ চাকুরী করিতে যাইতে পারিবে না বলিয়া, ভাছাদের শিক্ষার পক্ষে আবশ্যকতা দেখিতে পাও না: এবং নিজেই বা কেন উপন্যাস ও সংবাদপত্র পাঠের অতিরিক্তে যাইতে চাহ না ? ছি. ভূমি বড় ভ্রাস্ত ! তবে যদি শিক্ষা কেবল অনুষ্ঠক জ্যেষ্ঠতাতত্ব, তবে যদি শিক্ষা কেবল বঙ্গীয় কাব্য নাটক উপন্যাসাদির পাঠওকার্পেট বুনানিতে পরিসমাপ্ত হয়, তাহা হইলে অবশা শিক্ষা যত*া*র অন্তরে থাকে তাহাই **শ্রেয়**া শিক্ষা তাহাকেই বলি যাহা, সুকুগুণ জ্ঞান ও কর্মে নুতন মাসুধে পরিবর্ত্তন করিতে পারে। সে যাহা হউক, পুনর্বরার বলিতোছ, শিক্ষার প্রয়েক্তনীয়তা ইতর হইতে উচ্চ মানব পর্যান্ত, সকলেরই পক্ষে সমান। তবে প্রভেদ এই, যাহার যেমন কর্মান্তলী, যাহার যেমন কর্ত্তব্য নির্দাপিত, তাহার শিক্ষা তদমুদারিণী হওয়া উচিত।

শিক্ষানবিশের শক্তির পরিমাণ, ক্রচি, ও মতি গতি অন্থসারে, শিক্ষার শ্রেণী, পর্যার, লযুছ বা গুরুত্ব আদি ভেদ হইরা থাকে। যে মানবের শিক্ষাশক্তি যতদ্র, যদি তাহার শিক্ষা ততদ্র না হর; তবে যে পরিমাণে শিক্ষার ক্রটি, সেই পরিমাণে তাহার কর্ম্মন্তনীতে কর্ম্মনন্তবভার সংকীণতা এবং আমুষ্দিক আরও নানা দোষ ঘটিয়া থাকে। কর্মাণ্ড সেই পরিমাণে বঙ্কুর ও অফলদারক হয়। সত্য বটে যে, শিক্ষা কেবল এক কেতাব পাঠে সমাহিত হইতে পারে না; কিন্তু ইহাও সত্য যে, কাল ও পৃথিবীর সঙ্গে কর্মকাও যত বর: প্রাপ্ত হইতেছে, ততই তাহা উত্তরোত্তর বহবাড়স্বরসাধ্য হইয়া আসিতেছে; স্কুতরাং আমুষ্কিক শিক্ষাও তৎসঙ্গে বিস্তার প্রাপ্ত ইইতে থাকার, এক কেতাবই সেকলকে বহুলাংশে সংগ্রহপূর্কক দেখাইতে সমর্থ; স্কুতরাং কেতাবই প্রধানতঃ শিক্ষার উপাদান স্বরূপ হইয়া দাঁড়াইতেছে। কেতাব ব্যতীত আর যে সকল উপায়ে শিক্ষা হইতে পারে, তাহার মধ্যে এই কয়টি প্রধান ;—শ্রেষ্ঠ জনের উপদেশ, সংসঙ্গ এবং বহু দর্শন ও ভ্রোদর্শন। যে যে কার্যেই লিপ্ত থাকুক না কেন, তাহার পূর্ণতা ও স্কুসম্পাদনের জনা, অস্কুরপ সংশিক্ষার একান্ত প্রয়োজন। ইয়ুরোশ ন্মে দেশ, তথার ক্টরাজনৈতিক হইতে লাঙ্গলধারী ক্রমক পর্যান্ত, স্ক্রিট স্কুশিক্ষার বিকাশ কতদ্র। সঙ্গে সঙ্গের ইয়ুরোপের সৌতাগ্যের প্রতিও বারেক তাকাইর। দেখিও।

যেমন মানসিক শিক্ষা, তেমনি শারীরিক শিক্ষারও একান্ত প্রয়োজন। দৈহিক বল-শিক্ষা একান্ত আবশ্যক; কারণ মানসিক শিক্ষাজনিত উচ্চ আশা ভরসা ও উদ্যমের উহা পৃষ্ঠপোষক, রক্ষক, অবলম্বনদ ও এবং ঠেকাম্বরূপ। কিন্তু এ কথা কোন ভারতসন্তান ব্রেন না। মুলের অতিরিক্ত, মরে পড়াইবার জন্য বহুবায়ে কেতাবী শিক্ষক নিযুক্ত করিতে পারেন, কিন্তু তাহার দশমাংশ বায়ে একজন বল-শিক্ষক নিযুক্ত করিতে জানেন না, অথবা ইহা তাহাদের বৃদ্ধির ভিতরেই প্রবেশ করে না; কারণ দেখিতে পাওয়া যায়, বালক যত ভূত, জুজু বা কাপড়েমুতো হয়, ততই দে তাহাদের মতে ভাল হেলে! মানব অবংপাতে গমন করিলে কত রক্মেই তাহার বৃদ্ধিবিক্তি ঘটিয়া পাকে। বালকের বল-শিক্ষার আর কিছু না হউক, অন্ততঃ আত্মরক্ষাটীও ত করিতে পারিবে, এবং অন্ধলার রাত্রে গৃহিণীর অঞ্চল অবলম্বন ভিন্ন বাহির হইতেও ত সক্ষম হইবে। ইহাও নিতান্ত সামান্য লাভ নহে! বল-শিক্ষার

ব্যয়ও কিছু অধিক নহে, কেতাবী শিক্ষার ন্ধাংশের একাংশ মাত্র।
একজন মাত্র বল-শিক্ষক পলোরানের কাছে, হয়ত একথান গ্রামের
সমস্ত বালক অনারাসে দেহচালনা, ও অন্তাদিচালনা শিক্ষা করিতে
পারে, অথচ তাহার ব্যর সাত কি আট টাকার অধিক নহে; তবেই
দেশ—প্রতি বালকের শিক্ষাবার মাসে ছই আনা কি চারি আনার
অধিক পড়েনা। কিন্তু হইলে কি হইবে, ভারতসন্তানের ভাগো এ
বোগাবোগও ঘটরা উঠে না! শিক্ষার বলের বৃদ্ধি হয়; কোট
হ্যাট বা মদ অথবা মাংস আহারে হয় না। বলশিক্ষার শরীর
নীরোগ হয়।

বাঞ্লারাম, এখানে দেখানে দকল জামগাতেই যথন চৌদ্পোয়া মানুষ, তথন সভা সভাই যে বলে কেহ সিংহ কেহ মৃষিক এভটা প্রভেদ হুইতে পারে না। অলল ইতর বিশেষ অবশা নানা কারণ হেতৃ ঘটে বটে, কিন্তু মোটের উপর সকলেরই বল সমশ্রেণীর। সাধারণতঃ সকল মানবীয় শ্রীর্ট সমশ্রেণীর বল ধার্ণে স্ক্রম। কিন্তু বলিতে পার, তথাপি আমরা কেন সে বলের কোণাও অপরিমিত বিকাশ, কোথাও বা একেবারে নানতা দেখিতে পাই ? আর আর বিষয়ের ন্যায় বলও তাহার ক্রুত্তিবিষয়ে মনের শাসনাধীন। লক্ষ্য করিয়া দোখিয়াছ বোধ হয় যে, যে ব্যক্তি দহজ অবস্থায় বল বিষয়ে অতি হেয়, উন্মাদ অবস্থার তাহারই শ্রীরে অবোর দশ মত হস্তীর বল আসিয়া উপস্থিত হইয়া থাকে: কোন দৃষ্ট-সিংহ তথন এ দৃষ্ট-ম্যিককে স্বাটিয়া উঠিতে পারে না। কোন ভীতিস্থলে, কোন বিপংস্থলে, অথবা তথা-বিধ কোন বিশেষ স্থলে, যুগায় মানব মরিয়া হইয়া উঠে, তথায়ও ঐরপ উন্নাদবং বলের বৃদ্ধি হইতে দেখা যায়। সে বল কোথা হইতে আইদে?—শিরাধমনী বা ধাতু যাহারই হউক তাহার বিকার বা অবস্থা পরিবর্ত্তনে। কিন্তু দে অবস্থা পরিবর্ত্তনের কারণ ?--- উন্মান বা ভীতি বা বিপদ ইত্যাদির অবস্থায়, মানবের চিত্তবিক্ষেপ অর্থাৎ অন্যবিষয়ক জ্ঞানজনিত যে প্রতিবন্ধকতা তাহার লোপ হয়, অর্থাৎ বাহাজ্ঞানশূনাতা

উপস্থিত হয়; স্কুতরাং তথন চিত্ত যে কোন বিষয়ে নিবিষ্ট হয়, তাহাই পূর্ণমাত্রায় বিকশিত হইয়া থাকে। এই পূর্ণ মাত্রায় চিত্ত-নিবেশন বলচালনার প্রতি প্রযুক্ত হওয়াতে, তখন সেই পূর্ণ নিবেশনের ধর্ম হইতে শরীরনিহিত তাবৎ বল স্থাবস্থা হইতে জাগ্রত হইয়া ক্রিয়া-ক্ষেত্রে উপস্থিত হইতে থাকে; উহা ভিন্ন বল যে সে সময়ে সহসা তৈয়ার হয় বা আর কোথা হইতে আইসে, তাহা নহে। সহজ অবস্থার কিন্তু এরূপ ঘটনা হয় না: তাহার কারণ, সে সময়ে তজ্ঞপ চিত্ত-নিবেশনের কারণ অভাব, এবং তথন মানসক্ষেত্রে অপরাপর প্রতিকৃল কুচিন্তা সকল জাগ্রত থাকায়, সে পক্ষে প্রতিবন্ধকতা করিয়া থাকে। সহজ অবস্থায়, এই প্রতিকৃল কুচিন্তার ভাগ অকর্মা, মুর্থ, ও আলসা-প্রয়েণ ব্যক্তিতে স্বভাবতঃ কিছু অধিক ; এ কারণে এ জগতে ইহারাই প্রধান ভীরু হয়। স্থাচিন্তা বলের উত্তেজক; যথায় যে প্রকারের স্তুচিন্তা, তথায় সেই প্রকারের বলের উদ্রেক করিয়া থাকে। স্থ এবং সহজ অবস্থায়, কেবল এক স্থচিস্তাই সাহসের সোপান: এবং সাহসে বলের বিকাশ হয়। দৈহিক বল এরপে বিকাশ প্রাপ্ত হইলেও, তাহার সংধাপযুক্ত চালনার নিমিত্ত উক্তমত শিক্ষার আবশ্যক হয়। দেথ এথন, দৈহিক বলবিকাশও কতটা মনেদিক অবস্থাও সংশিক্ষার উপর নির্ভর করিয়া থাকে। বাঞ্চারাম, এখন দেখ, আমাদের যে বল নাহি এ কথা সত্য নহে, সত্য এই কথা যে আমাদের বল-উদ্দীপক চিত্ত নাহি। চিত্তের উন্নতি বা অবনতি, স্বাধীন বা পরাধীন বৃদ্ধি, ইত্যাদির নানাতিরেক অনুসারে বলেরও তারতম্য ঘটনা হয়। অতএব ইহা জানিয়া রাখিবে যে. শিক্ষা ও মতিগতি পরিবর্তনের ছারা আমাদের ন্যায় ভীক ও সাহসহীন জাতিতেও, প্রভূত সাহস ও বলের উৎপাদন করিতে পারা যায় এবং তাহাতে আশ্চর্যা ও অলৌকিকত্ব কিছুই নাই। অতঃপর শিক্ষার কথা যাহা বলিতেছিলাম:---

এমনও শুভজন্মা লোক এ জগতে অনেক আছে; বাহারা কোন কেতাবের উপায়ে বা যে কোন উপায়ে, অপর কর্তৃক কোন শিক্ষা- বিশেষ ধারাবাহিকরূপে প্রাপ্ত না হইলেও, শিক্ষার সাধারণ ফল যাতা, এবং তদতিরিক্তে আরও সহস্রগুণ ফল, স্বভাবত: তাহাদের হালাত হইতে দেখা যায়, কিন্তু তেমন শুভজনা লোক কয় জন ? কতক শিক্ষা আছে উড়োভাবে, দেখিয়া বা শুনিয়া, বেমন আমাদের জাতির অধি-কাংশ: -- এরপ শিক্ষার বড় একটা ফল ফলে না। দেশীয় সাধারণ লোক সকলের শিক্ষার আর একটি প্রধান উপাদান, শিক্ষিত উন্নত শ্রেণীর সংস্রব। যে কোন দেশের বা যে কোন কালের সমাজদৃশ্য বিলোড়ন করিলে দেখিতে পাওয়া যায় যে, নিমু শ্রেণীরা সর্বাদাই উন্নত শ্রেণীর অমুকারী: এবং উন্নত শ্রেণীর যথন যে রকম রুচি, মতি, গতি ও নীতি, ইহারাও তাহার অমুকরণ করিয়া দেইরূপ মতি, পতি ও কৃতি আপুনার করিয়া লয়: এবং যথায় যথায় তাহাদের উন্নতবর্ণের মহ সংস্রবে আসিতে হইবে, তথায় তথায় উন্নতের কৃচি সহ সন্মিলিত হইবার নিমিত্ত, অফুরূপ ব্যবহার অবলম্বন করিয়া থাকে। উন্নত শ্রেণী যথন স্থকচির, নিমশ্রেণীও তথন স্থক্চির ; উন্নত শ্রেণী যথন উদারচেতা ও তেজমী, নিম শ্রেণীও তথন উদারচেতা ও তেজমী; উন্নত শ্রেণী যথায় জীবন উৎসর্গে উদ্যত, নিম্ন শ্রেণীও তথায় জীবন উৎসর্গে উদ্যত ; আবার উন্নত শ্রেণী যথন জুজু, নিম শ্রেণীও তথন জুজু; উন্নত শ্রেণী যধন অকর্মা, নিম্নশ্রেণীও তথন অকর্মা; মুনিবকে ঠকাইতে পারিলে আর ছাড়েনা। ইহারও প্রথমগুলির দৃষ্টান্ত ইউরোপ ও আমেরিকার, দিতীয়গুলির দুষ্টান্ত অধঃপাতিত ভারতে জাজল্যমান। ইহার পরেও বাস্থারাম বাবু আক্ষেপ করিয়া থাকেন, 'ছোট লোকটা কাজ করে না, কেবল ফাঁকি দেয়। আরে বাপু, ভূমি যে নিজে কিছু কর না ও নিজেকে যে নিজে ফাঁকি দাও, যাহা দেখিয়া ঐ ছোট লোকও কাজ না করিতে ও তোমাকে ফাঁকি দিতে শিথিয়াছে, তাহা একটীবারও মনে ভাব না। এখন দেখ, শিক্ষাবিষয়ে, উন্নত শ্রেণীর জবাবদিহি কি গুরুতর ও ছুনা! তাহার শিক্ষার উপর কেবল তাহার নিজের সুনসং নহে, সাধারণ জনবর্গেরও সদসং অপরিসীম ভাবে নির্ভর করিতেছে।

ভারতসন্তান, এ জবাবদিহিতে একবার প্রবৃদ্ধ হও; ইহা তোমার অর্দ্ধেক মঙ্গণের সোপান।

শিক্ষাজনিত চিত্তপ্ৰশস্ততা ও প্ৰসাৱিত দৃষ্টি হইতে, নিজ এবং বহু 'নিজ' সংঘটিত জাতীয়, উভ্যবিধ অভাব যাহা যাহা, তাহা স্থাপট্টক্রপে পরিলক্ষিত হইতে থাকে। এই জন্য সাধারণ কথায় বলিয়া থাকে যে. শিক্ষার দক্ষে অভাবের বৃদ্ধি হয়। অভাবের বৃদ্ধিই উন্নতির নিমিত্ত স্বরূপ। যে অভাব ব্যক্তিগত, তাহা ব্যক্তিগত শক্তি দারা পরিপুরিত হয়। পুনশ্চ যে অভাব জাতিগত, তাহা কেবল এক জাতীয় শক্তি দারা পরিপুরিত হইতে পারে। এক সাধারণ প্রকৃতির বহু মানব লইয়া এক এক জাতি; স্থতরাং আর আর বিষয়ের সহ, তাহাদের সাধারণ ্শিক্ষা ও শিক্ষাজনিত অভাবও, তদ্ধপ এক ও জাতীয় আকারযুক্ত হইবার কথা। এইরূপে বহু অভাব বা অভাববিশেষ, যথন জাতিমধ্যে সর্বত্র পরিচালিত হইয়া, জাতীয় আকার ধারণপূর্বক সকলকে সমান উত্তেজিত করিতে থাকে; তথনই, সেই অভাবসমূহ বা অভাববিশেষ পরিপুরণার্থে সর্বতি সমধ্মী যে শক্তিসঞ্চালন, তাহা হইতে উৎপন্ন সহাত্মভৃতি এবং যৌগিকাকর্ষণের ফলে কর্মক্ষেত্রে জাতীয় একতার উৎপত্তি হয়; এবং একবার এ জাতীয় একতা উৎপাদিত হইলে, জগতে মহুষ্যশক্তিদাধ্য এমন কোন্ কাৰ্য্য, অথবা কোন জাতীয় এ আছে, যাহা সুসাধিত না হইতে পারে ? বাঞ্চারাম, এইরূপেই জাতীয় একতার উৎপত্তি হয় এবং ইহাই জাতীয় একতা। এ একতা দারা প্রতি জাতীয়স্থ ব্যক্তি ল্রাড়বং পরিলক্ষিত হইতে থাকে; এবং এথন তুমি যে বিশ্বাদের অভাবে কোন প্রকার সমবেতদাধ্য কার্য্যে পারগ হুইতে পারিতেছ না, তথন দেখিবে সেই বিশ্বাস আপনা আপনি কোথা হইতে আসিয়া উপস্থিত হইন্নাছে। সমবেত সাধন তথন অনায়াসসাধ্য মধ্যে গণিত হয়। এ জাতীয় একতা, কেবল বিশ্বাসশূন্য মৌথিক চীৎকার, সভাসমিতি বা বচনবাগীশীতে সম্পন্ন হয় না। সেরূপে একতা সাধন করিতে যাওয়া কেবল পণ্ডশ্রম মাত্র; সে শ্রমে স্বন্য

অনেক সংকার্য্যের সিদ্ধি হইতে পারিত। একতা সাধন করিতে চাও? তবে আবার বলি, শূনাহ্রদয়, শূনামন, কেবল বচনবাগীশী বা বিলাপ পরিতাপ করিলে কিছুই হইবে না। বিলাপ, পরিতাপে কখনই কিছু হয় না; কেবল আহা উছ করিলে, কেবল কাঁদিলে, কেবল পরের মুথ দেখিয়া করুণা করিলে, কাজ হর না। মানুষ হইয়া শিশুর আচরণ করিলে, কে কবে তাহাতে সহাত্তৃতি প্রকাশ করে? যদি করে, তবে সে কেবল দূর দূর, ছেঁই ছেঁই! বাপু লীডিংম্যান, তুমি উন্নত, একতা সাধন জন্য তুমি কিছু অধিক ব্যস্ত, এবং বলিতে কি তাহার চেষ্টা তোমার কর্ত্তব্যও হইতেছে ; কিন্তু এরূপ মিছা চীৎকারে কি হইবে, ক্ষণেক ক্ষান্ত হও, চুপ কর, কথা গুন, অভাব অনুভব কর. হৃদয় পূর্ণ কর, তদনন্তর যাও, দেশে দেশে যাও, ছয়ারে ছয়ারে যাও, যাহাতে একতা সাধন হইতে পারে তাহার মূলমন্ত্র যাহা তাহা জাগ্রত করিতে শিথগে, শিথাওগে। দেখ, ইউরোপীয় রাজনৈতিকেরা কেবল আপন আপন দলমাত্রের উদরপোষণ হেতৃ কেমন অক্লিষ্টমনে ছয়ারে গুরারে বেড়াইতেছে; আর তুমি তোমার দেবারাধ্যা জন্মভূমির 🕮-পোষণ হেতু হুয়ারে হুয়ারে বেড়াইতে পার না? কিসের আশকা তোমার ? জান না কি, আশকা অনভ্যাদে জন্মিয়া থাকে: অভ্যাদে জীবন বলিদানও আমোদের মধ্যে পড়িয়া যায় ? মরণের ভয় বা যে কোন ভয় বা যে কোন বিষয়, অভ্যাস এবং প্রথায় হয়; অভ্যাস এবং প্রথায় যায়। দেখ, অভ্যাসগুণে যে পঞ্জাবী কিছুদিন পূর্বের সকল শাসনের বাহির যে কাবুলী, তাহাকেও শাসন করিয়াছে; আজিকে আবার সেই পঞ্জাবী চুনোগলির চড় খাইয়া চোথের জলে বুক ভাসাইতেছে! যে রাজপুতক্ষেত্রে ইংরাজ টড্ প্রতিপদক্ষেপে থার্মপিলি ও মারাণন-ক্ষেত্র দেখিতে পাইত,সেই রাজপুতবংশ অভ্যাসদোষে এখন লম্বোদর, আফিংভোজী, কাপুরুষ, আচারে এবং আকারে বাইজীর ভেড়ুয়া বা তবলাদার! দেখ, অভ্যাস-অনভ্যাসের এমনই গুণ। গূঢ় রহস্য দেখিয়াও প্রবৃদ্ধ ২ইবে নাকি ? বৃদ্ধিমানের প্রবৃদ্ধ হইতে কর

দিন লাগে। বৃদ্ধিমান যদি তুমি, যাও তবে, এ মহাত্রত অবলম্বন কর গিরা; দীক্ষিত কর, দীক্ষিত হও; একতার মূল ও মহামন্ত্র ঘরে ঘরে শিথাও। ইহাতে ঈখর সম্ভষ্ট হইবেন, দেশাধিপতি সম্ভষ্ট হইবে; প্রজার উন্নতিতে রাজ্যেখরের লাভ ভিন্ন লোকসান নাই! স্বাবার জিজ্ঞাসা করি, বুঝিয়াছ কি যে একতা শিথাইতে 'একতা' শব্দের আবশ্যক হয় না 📍 পুনশ্চ নিমশ্রেণীকে আহার ব্যবহারে উন্নত করিতে চেষ্টা কর, যদ্বারা সে তোমার অভাবের অংশভাগী হইতে পারে: উপযুক্ত শিক্ষার শিক্ষিত কর, ষ্চারা তোমার অভাবজনিত একতায় দে যোগদান করিতে আগ্রহযুক্ত হয়, এবং যদ্ধারা দে আপন কর্ত্তব্য-বুদ্ধিতে প্রবৃদ্ধ ছইতে সক্ষম হয়। তাছাদের ফেলিয়া তুমি অগ্রসর . হইলে কিছুই করিবা উঠিতে পারিবে না; ডুমি চিত্তস্বরূপ, তাহারা ছস্ত ; চিত্তে সহস্র ইচ্ছা ও সহস্র অনুরাগ থাকিলেও, হস্ত যদি বেবশ হয়. তবে কোন কার্য্যই হইতে পারে না। তাহার পর তুমি নিজে উন্নত হও, তাহা হইলে ঘাহারা তোমার অধস্তনবর্গ তাহারাও তোমার সহবাসরক্ষার্থে দেখা দেখি আপনিই উন্নত হইয়া উঠিবে। চেষ্টা কর, ८६ हो। दक्वन ८६ हो। ८६ हो। कि ना हब यद्य कि ना करन १-- "क ঈপ্সিতার্থস্থিরনিশ্চয়ং মনঃ পয়শ্চ নিম্নাভিমুথং প্রতীপয়েৎ।"

অতঃপর বাজারান, স্থশিকা হারা চিত্তপ্রশন্ততা লভিয়া, আয়সংস্কারের হারা আয়ৣভদ্ধি সাধিয়া, এবং কর্ত্তবাবুদ্ধির বশবর্তী হইয়া,
কি শারীরিক, কি মানসিক, তোমাতে নিহিত তাবৎ শক্তির যে সমগ্র
সঞ্চালন, তাহারই নাম সাধনা বা কার্য্য; এবং এরূপ শক্তিসঞ্চালন
হইতে যে পদার্থ রূপ গ্রহণ করে বা নির্মিত হয়, তাহার নাম সাধনকল
বা কর্ম্ম। এই কর্ম করিবার জনাই, আমাদিগের অ জগতে আগতি;
এবং ইহার প্রতি উদাস্য করিলেই আমাদিগের অধোগতি ও আগতি।
যতক্ষণ দেখিবে, যে মানব বা যে জাতি কর্মপরায়ণ; ততক্ষণ নিশ্চয়
জানিবে, সে মানব বা সে জাতির হুর্ভাগ্য বা অধংপাতের সম্ভাবনা
নাই। সহস্র বিপৎপাত হুইলেও, সে তাহা হুইতে উদ্ধার হুইয়া উঠিকে

পারিবে: সত্যের আশ্রয়ে থাকিলে, বিপদ উর্দ্ধনংখ্যায় ক্ষণেক কালমাত্র মেবাচ্ছন্ন করিয়া রাখিতে সমর্থ হয়, তদতিরিক্তে আর কিছু করিতে পারে না। কিন্তু যথন দেখিবে কর্ম্ম ঘুচিরা তাহার স্থলে অকর্ম্মের আরম্ভ হইয়াছে, তথনই জানিবে যে, সে মানব বা সে জাতির অধঃ-পাতে যাইবার দিন সেই পরিমাণে নিকট হুইয়া আসিতেছে। এখন এই হিসাবে, আমাদের সমাজের প্রতি একবার তাকাইয়া দেখ, তথায় কি হইতেছে। তথায় কি শিক্ষা, কি আত্মসংস্কার, কি কর্ত্তবাবৃদ্ধি, কি কর্ত্তবাবৃদ্ধির মূল ঈশ্বরে বিশ্বাস, কি শক্তিসঞ্চালন, ইহার কিছুরই গুঢ় এবং দান্ত্রিক মর্ত্তি দেখিতে পাওয়ার যো নাই। শিক্ষা যাহা তাহা চাকুরীর উপযুক্ত লিখন পঠন শিথিতে; আত্মসংস্কার যাহা তাহা লোক ভুলাইতে; কর্ত্তবাবৃদ্ধি যাহা তাহা উদবপূর্ত্তি করিতে এবং শক্তি-সঞ্চালন যাহা তাহা চাকুরী রাথিতে ! যে ক্ষেক্টী পদার্থে মনুষাকে দৃঢ় এবং প্রকৃতিস্থ করিতে পারে, তাহার সকলগুলিরই যেথানে অভাব, সেখানে আর কি বলিবার আবশ্যক হয় যে, কি জন্য ভোমার ভারতীয় সমাজ প্রলয়বাত্যাবিতাড়িত ঘোর প্রলয়ঘূর্ণাবর্ত্তমধ্যে ওতপ্লত হইয়া হাবুড়বু খাইতেছে; কেনই বা এথানে নানা বিষয় মুহুমুহ উভাসিত হয় অথচ একটিও তাহার গোটা বাঁধে না: কেনই বা এখানে তাবৎ বিষয় মৌথিক, আভ্যন্তরীণ জীবনত্রত একটীও হয় না এবং কেনই বা এখানে সমবেত সাধন কথা মাত্র, সমবেতসাধ্য কার্য্য একটী ও কখন সম্পন্ন হয় না? যেখানে সকলেই নিয়মশূন্য প্রলয়প্রতিরাপ, সেথানে কে কাছার উপর স্থির বিশ্বাস করিছে বা করিয়া নিশ্চিস্ত হইতে পারে।

কর্ম শ্রমসাধ্য; কিন্তু তুমি আরেদবিলাসী। তুমি ভাবিতেছ,কর্মের জন্য ভোগফল ধাহা তাহা বহুদ্রে; আপাততঃ কেবল খাটুনি সারস্কাত, কেবল আমার আরেস আরামের ব্যাঘাত, অতএব রেখে দাও তোমার কার্য্য কর্মা! নির্কোধ, তাহা নহে। 'আপাততঃ' ধরিলেও, বৃথা খাটুনী নহে। পৌন ভোগের কথা ছাড়িয়া দিলেও, কর্মের নিকট ভোগ বিস্তর, ইহার মধ্যে স্থারও একটী শ্রেষ্ঠ বিষয় এই, তোমার অকর্ম। আয়েদ আরামের পরিণাম ঘাহা তাহা শোচনীয়, কিন্তু এ নিকট-ভোগের পরিণাম যাহা তাহা উত্তরোত্তর স্থাকর। এ জগতে যাবতীয় কর্মের সঙ্গে **সঙ্গে এক একটা আফু**র্জিক হুখ**ও ঈশ্বর নিহিত ক্রিয়া** রাখিয়াছেন। তোমার নৈমিত্তিক কার্য্যের কথা ছাড়িয়া দাও, নিত্য কার্য্যের মধেট্ (नथ,— coiমाর শরীররক্ষার্থে আহারগ্রহণ, বংশরক্ষার্থে সম্ভানোংপানন. লোক্ষাত্রাবশে সংসারী হওন,ইত্যাদি তোমার নিত্য কার্যা; কিন্তু দেখ ইহার প্রত্যেকের দঙ্গে দঙ্গে কতটা আণ্ড তুথ, আণ্ড তৃপ্তি নিহিত কলা র্হিয়াছে: এত পরিমাণে নিহিত আছে ও তাহা এত চিত্তাকর্ষক বে কথন কথন তুমি দেই গুলিকেই স্থের চরম ভাবিয়া, তাহার অতিরিভ উপার্জ্জনের আশায় ধ্যাবত হওতঃ আত্মধ্বংদে অগ্রদর হইয়া থাক। স্বেস আন্ত সুথ দেখিতেছ আহার বিহার সংসারাদিতে; এ জগতের ত কার্য্যেই কার্য্যের পরিমাণ অন্তর্রূপ, দেইরূপ আগু স্থুখ নিহিত 🐠 রহিয়াছে। তাহাও আবার এক প্রকারে নহে, নানা প্রকারে; তোষার স্কার্য্যে সুখ্যাতি, মহৎকার্য্যে মহন্ত্ব, পরোপকারে যশ, এ সকল আক্রাত সাক্ষাৎসম্বন্ধে আশু স্থারে উপর অধিকম্ভ ভোগ্য পদার্থ। ইহার প্র আরও কি বলিবে, কন্মারন্ধ বুধা খাটুনী ? বাঞ্চারান, বদি হুখ ও চায় প্রাপ্তিই উদ্দেশ্য হয়, তবে তাহার প্রাপ্তি কঠিন নহে, কিন্তু কঠিন মনের ধাঁধা ঘুচাইয়। তাহার উপায় অংকপ কর্মে প্রবৃত হওয়া; পুনণচ ইচাও বলি, সকল ধাঁধা নিরসনের উপায় আবার একমাত্র কর্ম্মে প্রবৃত্তি। ভূষি যাহাকে আয়েদ আরাম বল, তাহা যথার্থ আয়েদ আরাম নহে; উহ। কোন এক বা তদধিক ভোগ্য বিষয়ের অতিরেক বা বিভংগ ভাগে গমন ও তদ্বারা আত্মধ্বংদের পথ পরিকারকরণ মাত্র।

তাহার পর, এ সকল কার্য্য এবং তাহার আঞ্চ হ্র্য ও আরেষ আরাম এ সকলের অসীতে, আরও কতকগুলি অতিমহং কর্ম আছে, বাহার আনুষ্ঠিক অপর কোন আঞ্চ হ্র্য নাই; যাহা আছে তহি। কেবল একমাত্র চিত্রপ্রবাদ। এ ক্থা কেবল অতিমহং ক্রাস্মৃত্র পক্ষেই থাটে; এবং দেরপ কর্মের সাধক বাহারা তাহারা ক্ষণজন্ম। দিখর যে এ সকল কর্মের সঙ্গে অন্য কোন আণ্ড অথ নিহিত করেন নাই, তাহার কারণ বোধ হয় এই যে, তিনি জানেন যে, এ সকল মহং কর্ম সম্পাদনার্থে বাহারা নিযুক্ত, তাহারা তেমন স্বর্মপ্রাণ ও ক্ষুদ্মনা নহে যে তাহাদিগকে থাড়া রাথিবার জন্ম, বালকবৎ আহ্মদিক স্থানাদ ও তৃপ্তির প্রয়োজন হয়। এরপ মহামনারাই সাধারণতঃ জগদ্ভ্রপদ্বাচ্য ইইয়া থাকেন। মহক্তিভগণ ফলের প্রত্যাশা রাথেন না।

এক্ষণে কর্মাংসারের মধ্যে কোন্ কর্মে তুমি পারগ, কোন কর্ম ভূমি করিবে, কোন কর্ম্ম ভূমি করিবে না বা কোন কর্ম্ম তোমার করা উচিত, তাহার নির্বাচন বা নিরূপণ পক্ষে আমি কি বলিব ? দেশ কাল ও পাত্র এবং শিক্ষাশক্তি ও যোগ্যতা, এতদত্মসারে যে কর্মে তুমি পারগ, যাহা তুমি চেষ্টা করিলে হস্তায়ত্তে আনিতে পার, তাহাই প্রাণপণে সাধিবে; অপর যাহা যাহা তাহার প্রতিকূলতা করে, তাহার পরিহার বা তাহাকে বিদূরিত করিবে; ইহাই তোমার কর্তব্য। মহুষ্যশক্তি সর্বাদাই অসীম এবং অনন্তমূর্তিবিশিষ্ট; তাহাকে আপাদ-মস্তক অনুজ্ঞাবা নিয়মগণ্ডি দারা আবদ্ধ করিতে যাওয়া মহাভ্রমের কার্য্য। শক্তিপরিচালনের হত্ত প্রদর্শন ও পরিচালনের ধারা বাঁধিয়া দেওন , এবং তাহা হইতে যাহাতে চ্যুত না হইতে পারে, এই পর্যান্ত করিয়া দেওয়া আবশাক। পরিচালকের নিকট পরিচালিতেরও অধীনতা সেই পর্যান্ত। তদতিরিক্তে কি ধর্ম কি আইন, যাহা দারাই দ্রু বাঁধিতে নাইবে, তাহাতেই কেবল অনর্থের উংপত্তি হইতে থাকিবে। মানব সর্বতঃ অধীন হইয়া স্বষ্ট হয় নাই; স্কুতরাং তাহাকে সর্ব্বতঃ অধীন করিতে গেলে, প্রতিক্রিয়ায় বিপরীত ফলের উৎপাদন হুইয়া থাকে। নিয়ম এবং স্বাধীনতা, এ ছুয়ের সামঞ্জন্য হুওয়া উচিত। ইহা বোধ হয় লক্ষ্য করিয়াছ যে, যেথানে ধর্মবন্ধনের গোঁড়ামি অধিক, সেই খানেই অধিক অনর্থোৎপত্তি: যেখানে আইনের কঠোরতা অধিক, সেই খানেই অপরাধের সংখ্যা বেশি এবং অপরাধের আকারং শুক্তর; বেখানেই দপ্তর নিয়নের চাপাচাপি, দেই খানেই গোঁজামিলান পাটোয়ারীপণার বাছলা। দেখ, ইংরাজী ছাছনী বাঁধুনী আইনের ফল, দেশগুদ্ধ মিথ্যাপ্রাণ মামলাবাজী; ইংরাজী দপ্তর-নিয়মের ছাঁছনী বাঁধুনীর ফল, কেবল রিপোর্টপ্রাণ ইংরাজ গবর্ণমেন্ট; ধর্মবন্ধনের গোঁড়ামীর ফল, ভারতের আধুনিক অধংপতন; আর ভারতীয় রাজশাসনের ফল, মহৎপ্রাণের দ্রভাব! অতএব মহ্বাশক্তিকে ছলোবন্ধে আবদ্ধ করা সর্ব্ধ অনিষ্টের মূল। কেবল কর্মোপ্রোগী করিয়া লিবার নিমিত্ত ছলোবন্ধের প্রোজন; কিন্তু কর্মনির্বাচন ও সাধনস্থলে, পূর্ণ স্বাধীনতার একান্ত আবশ্যক বলিয়া জানিবে।

কিন্তু এই স্থযোগে এথানে এই একটী কথা বুঝাইতে চেষ্টা করিব। কোন একটা কার্যা আপাততঃ স্থকার্যা বলিয়া দৃষ্ট হইলেও, সহসা তাহার মোহে মোহিত হইও না। যে কার্য্য কেবল তোমার স্থুথ বা ভত উৎপাদন করে, কিন্তু সমাজ যাহাতে ক্ষতিগ্রস্ত হয়, তাহা স্থকার্য্য-রূপে দৃষ্ট হইলেও স্থ নহে। দেখ, দাতৃত্ব স্থপ্রতি এবং দান করা স্থকার্য্য ; কিন্তু যদি অপাত্রে দান কর, তবে আর তাহা স্থকার্য্য রহিল না। হইতে পারে দেরপ দান করার তোমার মনে কিঞ্চিৎ স্থথোৎ-পত্তি হয়, কিন্তু সমাজ তাহাতে সমূহরূপেই ক্ষতিগ্রস্ত হয়; কারণ, সেরপ দানে আল্দ্যের প্রতি উৎসাহ হওয়ায় অলসতার বুদ্ধি হেতু যতগুলি লোক ভিক্ষাবৃত্তি অবলম্বন করে, সমাজ এক দিকে ততগুলি লোকের শ্রম এবং শ্রমোৎপন্ন ফলে বঞ্চিত, অন্য দিকে ততগুলি লোকের ভারে ভারগ্রস্ত হয়। ঐরপ ক্ষমা করা একটী সংকার্যা; কিন্তু অনুমূতপ্ত হুষ্টকে ক্ষমা করিলে আগে সে সম্কুচিত থাকায় যেথানে একটা হুষ্টামী করিত, এখন সে অসম্ভুচিত হওয়ায় একটার স্থানে পাঁচটা হুষ্টামী করিবে; অতএব দেখ ইহাতে সমাজের লোকসানের ভাগ কত অধিক। এইরূপ দৃষ্টি তাবৎ কার্য্যে রাখা উচিত। যে কার্য্য নিজ এবং সমাজ উভয়ের স্থথ বা শুভোৎপাদক, তাহা উত্তম: যাহা কেবল নিজের স্থােৎপাদক কিন্তু যাহাতে সমাজের শুভ বা

অন্তভ কিছুই ঘটে না, তাহা মধ্যম: যাহাতে কেবল নিজের স্থধ কিন্তু জসমারে যাহাতে অরথ তাহা অবম; — এথানে নিছের স্থাথের প্রতি ত্যাগম্বীকার আবশাক; আরে যে কার্য্যে নিজেরও অমুধ সমাজেরও অন্ত্ৰ, তাহা অবমাধন। সনাজ যদিও উচ্ছ্ৰালত। ও মতি-চ্ছনতা হেতু সকল সময়ে এ সকল কু ও স্থ কার্য্যের মর্মাগ্রহ করিতে না পারুক, তথাপি তুমি, তোমার আত্মকর্ত্তব্যবোধ অরুদারে ঘাহা স্কার্য্য বলিয়া স্থিরীক্বত, তাহা করিয়া যাইবে; সমাজ এথন তাহা বুঝিতে না পারিলেও, যথন তাহার মতিজ্য ভাব বিগত হইবে, তখন তাহা বুঝিতে পারিবে। সমাজের ভভাভতের প্রতি দৃষ্টি রাধা সম্বন্ধে সহজ কথায় তোমাকে এই একটা সঙ্কেত বলিয়া নিতেছি যে, পরিবারস্থ থাকিয়া পিতামাতার স্থাস্থথের প্রতি দৃষ্টি রক্ষাপূর্বক বেরূপ আয়-চালনা ও ত্যাগস্বীকারাদি করিতে হয়, সমাজ সম্বন্ধেও অমবিকল সেইরূপ করিবে, সমাজও তোমার পিতৃমাতৃত্থলীয়, এবং ভারত-সম্ভানের পক্ষে স্বধু আবার পিতৃমাতৃস্থলীয় নহে, বুদ্ধ বায়াভরে প্রাপ্ত অবুঝ পিতৃমাতৃত্বীয়; কিন্তু তা বলিয়া কি হইবে, পিতা যাহাই হউন তথাপি তিনি—"পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতাহি পরমন্তপঃ",: আলেক-জাণ্ডারের এক ফোঁটা মাতৃ-অশ্রুতে আন্তিপেতরের শত শত পত্র বানের. মুখে ভাসিয়া গিয়াছিল ! বিশেষতঃ সমাজের লোকসানে তোমার লোকসানও ত কম নহে; বরং অন্যবিধ লোকসানের অপেক্ষা অপার জ্ঞানে অধিক। ভারতসম্ভান, আরও একটা কথা আরণ রাখিও, সর-রজ-তম এই ত্রিগুণসমাবেশে জগৎস্প্রী, এই ত্রিগুণসমাবেশে তোমার স্ষ্টি; অতএব তোমার কর্মস্থলীতে এই তিন গুণেরই সার্থকতা হওয়া আবশ্যক, নতুবা তোমার কর্মজীবন বিফল হইয়া বাইবে; কেবল সক্তণের মোহিনী মূর্ত্তিত মোহাভিভূত হইও না।

এখানে আরও একটা কথার অবতারণা করা আবশ্যক। আমাদের সাধনান্থলে আর কতকগুলি এমন বিদ্ন আছে, বাহা আমাদের সদিচ্ছা সত্ত্বেও বিশুমাত্র অনবধান বা বিবেচনার দোধে উপস্থিত হইয়া, প্রায়

প্রমন্ত নষ্ট করিবার উদ্যোগ করিয়া থাকে। উহা, বলিতে গেলে, বস্তুত: সাধনার জন্য অবলম্বিত উপায়ের মধ্যে কোন এক ক্রটি বিশেষের ফল মাত্র। কি শারীরিক, কি মানসিক, বন্তগুলি বথন সামঞ্জস্য সংমিলনে ক্রিয়া নিম্পাদন করিয়া থাকে, তখন তাহা স্বাস্থ্যের চিক্ত: স্মৃতরাং পরিণামফলও স্থানর হইয়া থাকে; তদনাতরে রোগ, পরিণামফলও তদ্রপ হয়। কথিত বিম্নগুলি, সামঞ্জস্যচ্যত চিত্তর্তি বিশেষের অযথা অনুসরণ হইতে উৎপন্ন হইয়া থাকে; তন্মধ্যে অতি-কল্পনা এবং অতি-আশা এই চুইটা প্রধান অনিষ্টকারী। অতি-কল্পনার মোহ অতি হরস্ত; ইহার মূর্ত্তি আলু-মনোহারিণী, স্থতরাং সহসা আরুষ্ট করিয়া থাকে। মানব ইহার মোহে পড়িয়া অকর্মণা থেয়ালী হইয়া যায় এবং সেরূপ মানবের অমুষ্ঠানে সর্বাদাই 'বহুবার ভ'লঘুক্রিয়া' অভিনীত হয়। এমনও তুর্ভাগ্যবান্ কল্লনাপ্রিয় অনেক দেখা গিয়াছে, যে, যাহারা কেবল উপন্যাস পডিয়া, উপন্যাস সংসারে বিচরণ করতঃ, সত্য সংসারের প্রতি বীতরাগ হয়; বিপুলা অনস্ত স্ষ্টির মধ্যে থাকিয়াও, একটা সামান্য কল্লিত স্ষ্টির মোহে মোহিত হওতঃ, একবারে অক্র্ণাতার আসিয়া উপনীত হয়। অতি পরিতাপের বিষয় বলিতে হইবে ! সত্য বটে কল্লনা সর্কা মঙ্গলের নিদান এবং বিষয়াস্ভৃতির প্রস্তি স্বরূপ, কিন্তু তাহাও, জানিবে, করনা ভতক্ষণ ভাল, যতক্ষণ লাগামসংযুক্ত ; যতক্ষণ তাহা কর্মভূমির সীমা ত্যাগান্তে শ্নাপণে প্রধাবিত নাহর; যতকণ অপরাপর মানসিক বৃত্তি সহ সামঞ্জসাচাত इटेग्रा ना गांग्र।

অতি-আশার পরিণাম নিরাশা; নিরাশার পরিণাম অকর্মণ্যতা এবং জগতের প্রতি বিধেষভাব। আশা অনস্ত হইলেও, দেশ কাল ও যোগ্যতা অফুসারে তাহার পরিমাণ করিয়া লওয়া আবশাক, নতুরা তাহা নানা বিদ্ব উপস্থিত করিয়া ধাকে। ভারতসন্তান আশার পরিমাণ করিতে না জানিয়া, একণে নিরাশায় ময় হইয়া আছে; কোন দিকেই সন্তবতা বা কোন দিকেই সকলতা দেখিতে পাইতেছে না। বাহারাম,

ইহাই না এখন তুমি সর্বাদা ভাবিয়া থাক :--- যথায় কোটি কোটি মানব সমবেত, এবং যথায় জাতীয় কার্য্য কোটি কোটি মানবের সমবেতসাধ্য, তথায় আমি একা কুদ্র মানব যত্ন ও শ্রম করিলে কি গণনায় আইদে ব। কি করিয়া তুলিতে পারি ? বাপু! আশার আয়তন দিগন্ত প্রসারিত করিয়াছিলে, এখন তাহার প্রত্যাবর্ত্তে জড়িত হইয়া এ নিরাশামগ্র হইতেছ কেন १—কোটি মানবের ভার একা লইতে তোমাকে কেহ বলে নাই। সে ভার যাহারা লইতে পারে, তাহারা লউক; কিন্তু তুমি আপন ভাবে কতদূর ভারযুক্ত হইয়াছ বলিতে পার ?—তাহাতে তোমার কান্ধ, সে ভার ত অন্যে লইবে না। প্রত্যেক ব্যক্তির আপন ভারে ভারযুক্ত জ্ঞান ও আপন ভারে যথাবিধি দাব্বিক ভাবে ভারমুক্ত হইতে পারিলেই যে যথেষ্ট হইল; কান্ধ কি তোমার অনোর খোঁজ লইয়া। তুমি আপন থোঁজ পূর্ণভাবে লইতে শিথ, অপেন শক্তি যথা-পরিমাণে যত দিকে তুমি চালাইতে সক্ষম তাহাতে প্রবৃত্ত হও, তাহা হইলেই যথেষ্ট হইবে। তবে জাতীয় কার্যা ? বিতাৎবজ্বঘোষী ধারাব্যী মেঘ একেবারে সমুস্রগর্ভ হইতে উত্থিত হয় না। এক একটি নগণিত বাষ্প সম্বন্ধবিচ্ছিন্ন ভাবে, নানা দিগ্দিগস্তে নানাস্থানে নানা দেশে উত্থিত হইয়া, শেষে প্ৰবাহ বায়ুযোগে একত্ৰীকৃতে, অনুস্তকোট নিঃসম্বন্ধ বাষ্প সংযোজিত ও সম্বন্ধযুক্ত হইবায়, আজিকে মেঘমূর্ভিতে তোমার ঘর ও দেশ ভাসাইবার জন্য, আকাশমগুলে সমগেত হইয়াছে। তোমারও কর্মদকল যদিও এখন নিঃসম্বন্ধ, নির্জ্জন, নগণিত বাষ্পবং: কিন্তু সর্বাদা ভাছারা সেরপ নিঃসম্বন্ধ থাকিবে না। নৈস্থিক নিয়ম সেরপ নহে। জানিবে, সম্বরেই একজাতীয় প্রকৃতি হেতু, প্রতি ব্যক্তির অভাব জাতীয় অভাবে পরিণত হওয়ায়, তহুৎপন্ন একতারূপী প্রবাহবায়ু উপস্থিত হইয়া প্রতিব্যক্তিগত কর্ম, যাহা এখন নগণিত বাষ্পবং,তাহাদের একত্রীকরণে, মহামেঘমূর্ত্তি রচনা করিয়া কালে ধারা বর্ষণ করিতে থাকিবে: এবং যে পাহাড় পর্বত এখন হুর্ভেদ্য বলিয়া জ্ঞান হইতেছে, কালে তাহাও সে তরঙ্গাভিঘাতে ভিন্ন এবং ভগ হইয়া যাইবে।

এখন তোমার পক্ষে মোটের উপর কথা এই, তোমার কাজ তুমি করিরা যাও; পরের কাজ পরে দেখিবে; তোমার স্থনিহিত শক্তির যথাসম্ভব সন্ব্যবহার হইলেই যথেষ্ঠ। বিশেষ তোমার পাপ পুণাের व्यभारत यथन त्कर जागी रहेरत मा, अदः खहात निकृषे आभा गारा, তাহা সমস্তই যথন তোমার নিজের, তথন অন্যের দিকে তাকান বা অন্যের দিকে তাকাইয়া নিরাশ হওয়ার অবেশ্যক ? ভূমি আপন মনে আপনি কার্য্য করিয়া যাও , অপর কোন সংকর্মশীল তোমার নিকটস্থ हरेल, ममधर्मी **पोशिकाकर्य**लंद कल, त्मिर्वित, तम आधना हरेल আসিয়া অতর্কিতভাবে তোমাতে সন্মিলিত ইইবে, ও তুমিও অতর্কিত-ভাবে আগু হইয়া সন্মিলিত হইয়া যাইবে। অতএব নিরাশায় মাতিয়া সকল পণ্ড করিও না; অথবা অপরিমিত আশাতে মজিয়াও সকল नष्टे कवित ना। श्रूनम्ह महर कर्माशक हेश क्षानित्व त्यु, महत्व महमा পরিচিত হয় না, মহৎ কর্মমাতে দহদা ফলযুক্ত হয় না। মহত্ত পরি-চিত হইতে, বা মহৎ কাৰ্য্য ফলযুক্ত হইতে দেখা গিয়াছে যে বৰ্ষ, বছবৰ্ষ, गठीकी, वहगठाकी পर्यास अठिवाहिङ इहेबा यात्र। कथात्र वरत व পৃথিবীতে শয়তানেরও প্রতাপ অর্দ্ধেক: যদিও মহত্ত অবিনাশী, তথাপি তাহার প্রচার হইবামাত্র, তাহাকে বিলোপ করিবার জন্য চাার দিক হইতে শয়তানী ফৌজ আসিয়া ঘিরিয়া বইসে। প্রথমে সাময়িক তাক্তলা, উপহাস বা অশ্রদ্ধা আসিয়া আক্রমণ করে। কালে তাহারা হটিলে, তথন ভব্তির ভেক ধরিয়া পেশাদারী টীকা, টিপুনি, ব্যাথ্যা প্রভৃতি আদিয়া নানা আড়ম্বরে মহত্ত্বের অর্থ বিরূপ করিয়া তাহার অভিপ্রায় অসিদ্ধ করিতে চেষ্টা পায়। তার পর তাহারাও যথন দূর হয়. তথন মহত্ত্বে অর্থ কিছু কিছু হৃদয়সম ও ফলপ্রস্থ হইতে থাকে। দেখ, এই সকল পুনকে শক্ত দূর করিতেই কতদিন যায়; তাহার পর धना कथा। किन्न इहेनहे वा वाशात्राम, क्षात्रि कि छाहारछ ? कात्रन, কর্ম বাঁহার অভিপ্রায় দিদ্ধার্থে, দংদার তাঁহার অনম্ব: স্কুতরাং যোগ বিয়োগ জের চলিয়া যথাকালে ফলবান হইতে দেশ এবং কাল কিছুরই

অকুলান পড়িবার সন্তাবনা নাই। কেবল এই পর্যান্ত জ্ঞাত থাকিও, সংকর্ম্ম যতটুকু হউক, একবার ক্লত হইলে আর তাহার লোপ নাহি। তাহা আবশাক কালের জন্য অনন্ত প্রে জমা হইতে থাকিবে; যথানিয়ম তথার তাহা অঙ্গ্রিত,বর্দ্ধিত, অনন্ত কলে ফল্যুক্ত ও প্রতিপ্রসবে অনন্ত বিস্তারে বিস্তারপ্রাপ্ত হইতে চলিবে। তুমি অনন্ত ক্লেত্রে স্থবীজমৃষ্টি নিক্ষেপ করিয়া চুপ করিয়া বিসরা থাক; তাহার পর তাহা অঙ্গ্রিত বর্দ্ধিত ও ফলবিশিষ্ট হইতে দেখা যাঁহার কার্যা তিনি দেখিবেন। তজ্জন্য অন্তরোধ, অনন্তরোধ উভয়ই সমান। অতএব আবার বলি, আশু ফলের দেখা না পাইয়া নিরাশাময় হইও না। তোমার অন্তিতের যে সার্থকতা তাহা প্রধানতঃ কর্ম সংগ্রামে রতি বা বিরতির পরিমাণে।

অতঃপর ভারতসন্তান, আর কি সাধনার কথা বলিব ? বলিবার অনেক ছিল; যদি দৈপায়নের ন্যায় তত্ত্বদশী এবং গেটের ন্যায় বাক্যবিশায়দ হইতাম, তাহা হইলে কতক বলিতে সক্ষম হইতে পারিতাম। কিন্তু আমি বিদ্যাশূন্য, বৃদ্ধিশ্ন্য, শক্শাস্ত্রে জ্ঞানশূন্য, সর্কশ্না, আমার সে সামর্থ্য কোথায়? তবে সহজ কথায় সত্যবিশাসে যাহা যাহা মনে আসিল তাহা তোমাকে বলিলাম; ত্মিও সত্যমনে সান্তিকী বৃদ্ধিত ভানিও। এখন আবার একবার অনুরোধ করি, নিজ গৃহের প্রতি দৃষ্টিপাত করিয়া দেথ, তোমার আবশাক কতদূর। সিদ্ধি ভিতর হইতে আইসে, বাহির হইতে আইসে না,—'কুফ পৌফ্রমাআ্শক্ত্যা।'

যে পাষওতার স্রোতোবেগ দেশ আকুলিত করিতেছে, যাহার প্রতাবে সকলই থপ্ত থপ্ত,কেবল উঠিতেছে পড়িতেছে এবং গঠনের কোথাও চিহ্ন বা আশা মাত্র নাই; কত দিনে যে তাহার বেগ ফিরিবে তাহা কে বলিতে পারে ? ভারতসন্তান, আর ঘুমে মত্ত হইও না, আর নান্তিকতার মিছা ঘোরে ঘুরিও না। নান্তিকতা ভ্রম। ঈশ্বর এখনও সেই জ্যোতির্ম্মর সিংহাসনে সমাসীন থাকিয়া রাজত্ব করিতেছেন;এখনও তিনি বিশ্বসহ তুমি আমি পিণীলিকা প্রমাণ্টীকে পর্য্যন্ত পরিচালিত করিতেছেন। কুতর্কে ভূলিয়

ঘাহাকে তোমার সর্মেস্থা। শিক্ষরিতী। বলিয়া মানিতেছ, তাহারই লিকা। অবলম্বন কর; সেই তোমাকে তোমারই ক্লত কার্যোর স্বারা শিক্ষা দিবে যে, কৰ্ত্তা ৰাতীত,চিত্ত ব্যতীত, কৰ্ম্মসম্ভবে না ;—ভোমারও তহুভর ব্যতীত সম্ভব হয় নাই; এবং ইহাও শিথাইবে যে, এ কৰ্দ্মক্ষেত্ৰে কৰ্মই তোমার জীবনের একমাত্র পরিমাণও উদ্দেশ্য। 'ন্যায় বিজ্ঞানাদির কুজ্-ঝটিকাতে অন্ধ হইয়া ভাবিও না যে, তাহার প*চাতে নিত্যসিদ্ধ সূর্য্য এখন অন্তিত্বশূন্য; সেই বিজ্ঞানাদিই তোমাকে শিক্ষা দিবে যে, স্থ্যতেজে কুজনটিকার উৎপত্তি, স্থ্যতেজে তাহার স্থিতি, এবং স্থ্যতেজেই তাহার কর্মকারিত্ব। তোমার বিজ্ঞানও, সেই বিখনিয়ন্ত্-প্রভব-শূন্য হইলে, অকার্য্যকর হইয়া থাকে। মিথ্যা সামাজিকতা পরিত্যাগ কর, আত্মপ্রকৃতিতে প্রকৃতিবান্ হও, আত্মাবলম্বন কর। এক একজন শইয়া পাঁচ জন; তবে কেন তুমি দেই পঞ্কত মুখসে আত্মগোপন করিয়া আত্মপ্রকাশে লজ্জিতবোধ করিয়া থাক। যে প্রকৃতি পাঁচজনে লইতে বলে তাহা লইও না, যাহা ঈশ্বর লইতে বলেন তাহাই অবলম্বন করিও। পাঁচ জন হইতে ঈশ্বর বড়। পাঁচ জনের স্থাতি-অথাতি-নির্ম্মিত প্রাকে প্রা বলিয়া গ্রহণ করিও না ; তোমার স্রষ্টু-নিয়োজিত কর্ত্তব্যবোধের উপর কর্ম্মৃদ স্থাপিত করিয়া চলিও, এবং তাহাই পন্থা বলিয়া জানিও। এরপ কর্ম্মূল, অতলম্পর্ণ কাল সমুদ্রকে অতিক্রম করিয়া, যে ভিত্তির উপর স্বয়ং কালসমূদ স্থাপিত, সেই ভিত্তির উপর আশ্রম করিয়া থাকে। স্কুতরাং এরূপ মূলোৎপন্ন কর্ম্ম এবং তাহার যে সার্থকতা, তাহা কালের অপেকা রাথে না।

যে কোন কার্য্য করিবে, চীৎকার করিও না; এত চীৎকারে, এত চীৎকারের গরমে, যে কোন পদার্থ বাষ্প হইয়া উড়িয়া যায়। নির্বাক হইতে শিথ, শৈত্যে যৌগিকাকর্ষণের রৃদ্ধি হয়, দ্রপ্রসারিত বাষ্প ঘনীভূত হইয়া পদার্থ রচনা করিয়া থাকে। নিত্য সংস্করণ, নিত্য সভা, নিত্য বক্তৃতায় তুমি ব্যাপ্ত; তাহাতে তোমার আদের ভিন্ন অবমাননা করিনা; কিন্তু এই বলি, যাহা করিতে হয়, বৃরিয়া করিও; তাহার

কর্ত্তব্যভাব এবং আবশ্যকতা অবধারণ করিও। নতুবা অপরে প্রান্ত হইয়া পিপাসার তাড়নে জলপান করিয়া স্থবাত করিল, আমিও তাহা দেখিয়া ঘট ঘট জল পান করিতে বসিলাম; কিন্তু প্রাপ্তি যে তাহার জলপানে স্থথের একমাত্র নিদানভূত কারণ তাহার প্রতি একবারও লক্ষ্য করিলাম না: সুতরাং আমার লক্ষল উদর ফাটিয়া যাওয়া! কথা, যাহা করিবে তাহা ভারতীয় হইয়া কর, ফিরিঙ্গী হইয়া করি ও না; তাহা হইলে প্রকৃতিনিয়োজিত কর্মস্থলীর বাহিরে গিয়া পড়িবে। যে সকল লোক ভারতীয় ঘুচিয়া ফিরিঙ্গী হইতে চাহে; তাহাদের পরিধের সহস্ত্রাক্রীত এবং আহারীয় লক্ষ্মুলাক্রীত হইলেও, তুমি নিশ্চয় জানিবে, এই পৃথিবীতে মহত্ত্বের মূল আহার বিহারের অতীতে যদি আর কিছু থাকে, তাহা হইলে তোমার ঐ ছিন্ন বন্ত্র এবং ছিন্ন আহারীয় সত্ত্বেও তুমি তাহাদিগের অপেক্ষা অতুলনীয় মহৎ। তাহারা ভীরু, তুমি তাহাদিগের তুলনে বীরপুরুষস্থলীয়। তাহারা স্বজাতীয় গস্তব্য পথের তুঃথক্লেশে ভীত হইয়া,বিধৰ্মী বিজাতীয় পথের আশ্রয়গ্রহণ করিতেছে; কিন্তু তুমি বীরভাবে সেই হঃথকেশে দুক্পাতশূন্য হইয়া, স্বজাতীয় গন্তব্যপথেই গতিশীল হইয়াছ। তাহারা উপহাদের স্থল, তুমি সকরুণ অশ্রু আকর্ষণের হল। কুকুরের কর্চে মোণার কণ্ঠী হইলেও, সে কথন দারিদ্রাপতিত ছঃথকর্ষিত মানবের সঙ্গে সমতায় আসিতে পারে না। যে জাতীয়ত্ব হেতু স্পার্টান জননী অকাতরে স্বীয় সন্তানকে সমক্ষে বলিপ্রদত্ত হইতে দেখিয়াছে; যে জাতীয়ত্ব হেতু অপূর্ব্ব ভীর্থ-হুলী থার্মপিলি ক্ষেত্রের উৎপত্তি; যাহার প্রভাবে রামায়ণের রাম সীতাকে পরিত্যাগ করিয়াছিলেন: যাহার প্রভাবে উইলেম টেল এবং ওয়ালেদের অন্ত কীর্ত্তি; যাহার প্রভাবে অসভা বর্বর মেক্সিকো ও পেকভীয়গণও অকাভরে স্বীয় রক্তধারা বর্ষণ করিয়াছে: এবং বাহার প্রভাবে আধুনিক ভারতীয় ভিন্ন আর যে কোন জাতি অকাতরে রক্ত দান করিয়াছে ও করিতে প্রস্তত; দেই জাতীয়ত্ব যে যে জন যৎসামান্য অপোততঃ স্থবিধার থাতিরে বছলে পরিত্যাগ করিতে কৃষ্টিত না হয়; মাতৃতাষা পর্যান্ত যাহাদিনের নিকট ''অভ্'' বলিয়া ত্যাজ্য হয়, এই জাগতিক কর্মক্রেত্রে দে সকল লোকের মূলাই বা কি, তাহাদের পদার্থই বা কোথায় ? তাহারা প্রকৃতির গর্ত্তরাব !

সেই সকল অংখার স্বপ্নে উন্নত হইও না; আগু চাকচিকা দৃষ্টে ভূলিও না। ঈশ্বরে বিশ্বাস কর, আত্মজীবনের উদ্দেশ্যে বিশ্বাস কর. তোমার কর্মক্ষতার বিখাদ কর, এবং কি জন্য দে ক্ষমতা তোমাকে প্রদত্ত হইরাছে তাহাতে প্রবৃদ্ধ হও। ঈশ্বর-প্রীতিকর তোমার কর্ত্তব্য কি তাহার অবধারণ কর ;—কুকার্য্য মাত্রই ঈশ্বর-নিয়োজিত। দেখ, তোমার স্থাশিক্ষত আত্মবৃদ্ধিতে এ সংসারে কোন্ কোন্ কার্য্য সং এবং মঙ্গল-দায়ক, এবং কোন কোন কার্যা অসং এবং অমঙ্গলদায়ক। যাহা সং ভাহা বাছিয়া লও। তাহার মধ্যে আবার দেখ, কোন কোন গুলি তোমার সাধ্যায়ত্ত এবং তোমার মতি গতি ও ক্লচির পরিপোষক। যে গুলি তোমার সাধ্যায়ত্ত বলিয়া বুঝিবে, এবং যাহাতে তোমার ক্ষৃতি ছই বে, সেই গুলিই তোমার কর্ত্তবা মধ্যে গণিবে। তাহার পর বহুকার্য্য অথবা একটীমাত্র কার্য্যও, আমূলত হয়ত একই সময়ে, একই উপায়ে, একই প্রকরণে, স্থানিদ্ধ হইতে পারে না। ভাল তাহাই হউক। তবে এখন দেখ যে গুলি তোমার কর্ত্তব্য বলিয়া অবধারিত, তাহার মধ্যে কোননী বা কোন্টীর কোন্ অংশ, তোমার বর্তমান শক্তি, সময় ও উপায়ে সুসাধ্য হুইতে পারে। এরপ বিচারণার যে অংশ তোমার আপাততঃ স্থ্যাধ্য विनयं अवशातिक शहरत, जांशह आंगभार अस्मत्र कतिया मन्भानन করিতে যদুবান্ হও। দেখিতে পাইবে, উহা সুসম্পাদিত হইতে না হইতেই, তোমার দ্বিতীয় কর্ত্তব্য যাহা বাহা এবং তাহার উপায় আদিও যাহা, তাহারা আপনা হইতে তোমার সমক্ষে আসিয়া উপস্থিত ছইয়াছে। প্রাণপণে যত্ন করিও,হেলা করিও না; যেহেতু কে কতথানি কাৰ্য্য করিল তাহা লইয়া পরিমাণ নহে, পরিমাণ কে কতথানি অত্মে-শক্তির প্রয়োগ করিল। এরপে কর্মনিরত হও; সমাজও, আজি হউক, কালি হউক, যথন বুঝিতে পারিবে, যখন তোমারই অহুরূপ

সান্ত্রিক প্রণালীতে কর্ম্ম করিতে শিথিবে, তথন আর তোমার বিরুদ্ধাচরণ করিবে না। তথন দেখিবে, সামাজিকতাকে তুমি উপেক্ষা করিলেও, সে তোমাকে উপেক্ষা করিবে না; উল্টিয়া তোমার সন্মান করিবে, এবং এমন কি তোমার পূজা পর্যান্তও করিবে।--এইরূপ স্থানেই সামাজিক নিয়োজন এবং ঈশ্বরকৃত নিয়োজন একতার আসিরা মিলিত হইরা থাকে, এবং এইথানেই একতার তার আসিয়া সমাজের মধ্যে আমূলত: পরিচালিত হয়। অতএব আবার বলি এরপে কার্যানিরত হও তোমার উন্নতি হইবে, তোমার জাতীয় উন্নতি হইবে, এবং জগতেরও উন্নতি হইবে। তথনই, আর পাঁচ কার্য্যের মধ্যে ইছাও বুঝিতে পারিবে যে, এই গ্রীকদিগের ভগ্নাবশেষ ও উত্তর कन श्रेष्ठ कान् कान् वस धर्न कतित्व, कान् कान् वस कतित्व नाः, এবং আত্মজাতীয় কোন কোন অকার্য্যকর বস্তু ফেলিবে, এবং কোন वञ्च वा रक्तनित्व ना ; এवः जधनरे रकवन, विविध উপকরণ, স্বভাবে পরস্পর বিধর্মী হইলেও, কেমন করিয়া তাহাদের সামঞ্জন্য সাধন করিতে হয় তাহা জানিতে এবং তদ্বারা অপূর্ব স্টিরচনে সমর্থ হইতে পারিবে। উক্ত জাতীর ভগাবশেষাদি হইতে কি গ্রহণ করিবে, কি গ্রহণ করিবে না, আমি তাহা নির্বাচন করিলে যদি হইত, তাহা করিতাম। কিন্তু প্রত্যেক প্রকৃতি বিভিন্ন, প্রত্যেক কৃচি ও শক্তি ইত্যাদিও বিভিন্ন, স্থতরাং প্রত্যেক নির্বাচনও বিভিন্ন হওয়া কর্ত্তব্য ; বহু প্রত্যেক রাশির সমষ্টি করিয়া এই বিশ্ব, বহু প্রত্যেক রাশির সমষ্টি করিরাই পূর্ণতা, এখানেও সেই বহু প্রত্যেক রাশিতে সমষ্টি সাধিত হইয়া পূর্ণকা সাধন করুক। আমার নির্মাচন করা পক্ষে এই পর্যান্ত বলিয়াই কান্ত যে আর বাতুলের স্বপ্ন দেখিও না: ইহাতে কোন কার্য্যই হইবে না: কেবল বাতৃলতা বৃদ্ধি হইবে মাত্র। প্রস্তুত হইতে এবং অধিকারী হুইতে পারিলে, স্বকার্য্য আপনা হুইতে হাতে আসিরা উপস্থিত হয়।

ভারতসন্তান, তবে আর প্রোভে গা ঢালিয়া থাকিও না। এই কর্মকেত্রে বছকাল নিম্রিত অবস্থায় অতিবাহিত করিয়াছ; আর কত কাশ নিজা বাইবে; কত বিশ্রাম করিবে? উঠ, উঠ, স্ব্রিরও দীমা আছে, স্ব্রিত্তাগে জাগরিত হও, চকু উদ্ধীলিত কর; একবার দেখ দেখি; তাকাইয়া দেখ, মাতৃত্মির কি ত্রবস্থাই না করিয়াছ; স্ব্রিতোমার কি সর্বনাশই না সাবিয়াছে; সেই সোণার মাতৃত্মি ছারখার, তৃমি নিজে ছারখার, চকু থাকিলে দেখিতে পাইতে তোমার দেই জাবনাত্তে অবলম্বনস্থল পিতৃত্বানও কিরপ ছারখার হইয়া আসিয়াছে। এখনও জাগরিত হও, তারতসন্তান! এখনও জাগরিত হও, হইয়া এখনও সময় থাকিতে স্বলায়্ ব্রিয়া লও। সাজিকপ্রকৃতিস্কু, সাআ্বালম্বী কর্ম্মবান্ হইতে শিখ; ইহ পর লোক উভয়েতেই জাবার তোমার মঙ্গল হইবে। তোমার মঙ্গল হউক। জয় জগনীশ হরে।

ইতি উপসংহার।

প্রথম পরিশিষ্ট।

-0+3-

১৩৮ পৃষ্ঠা।

গ্রীক পুরাণ।

১। দেববংশ।

এই প্রবন্ধের পাঠকেরা স্বদেশীয় পৌরাণিক বুতান্ত অল্প বিস্তর সকলেই কিছু না কিছু জানেন, অন্ততঃ তাঁহাদের জানা উচিত। কিন্তু গ্রীক পুরাণ সম্বন্ধে সর্বাদা সে কথা প্রযুক্ত হয় না, অনেকে তাহা না জানিলে না জানিতে পারেন। অতএব এই প্রবন্ধমধ্যে বর্ণিত এীক পৌরাণিক বিষয় সকলের সম্যক পরিবোধার্থে, এক্ষণে গ্রীক পুরাণ অতি সংক্ষেপতঃ কীর্ত্তন করিব। বঙ্গসাহিত্যের পাঠকগণ বোধ করি এই পৌরাণিক বতান্ত বঙ্গভাষায় পাঠ করিবার স্থযোগ এ পর্যান্ত প্রাপ্ত হয়েন নাই। যথন আমাদের জ্ঞানসংসার ও কর্ম্মসংসার উভয়ই ক্রমে অতি-বিস্তৃত ও বহুবায়তন হইয়া পড়িতেছে. এবং যখন বহুতর জাতীয় সংবর্ষে লিপ্ত অথচ আতা বাঁচাইয়া চলিতে হইবে, তথন কেবল স্বীয়, স্থদেশীয়, স্বজাতীয় বিষয়ে জ্ঞানলাভ করিলে কি ফল হইবে ? সে জ্ঞানকে 'এক-দেশদর্শী জ্ঞান বলে এবং তাহাতে বিশেষ কোন ফল হয় না। এথানে গ্রীক পুরাণের কথা পড়িয়াছে, তাই গ্রীক পুরাণ উপলক্ষ করিয়া ও কথা বলিতেছি: নতুবা বিজাতীয় যে কোন বিষয় সম্বন্ধেই ওকথা প্রযুক্ত, এবং তত্তাবতে বর্থাসাধ্য জ্ঞান ও দর্শনলাভের একান্ত আব-শ্যকতা। অতঃপর আর ভূমিকার আবশ্যক নাই। বাজারাম, এখন হিরভাবে শুন; ছাই পাঁশ যাহাই হউক, শুনার ফল আছে।

গ্রীক পুরাণের কীর্তনকর্তা বিনি যিনি হইয়াছিলেন, তাঁহাদের মধ্যে

হোমার, হেদিওদ এবং অফিউন দর্বাপ্রগণা: ইহাঁরা প্রাচীনতত্বজিজ্ঞাস্থ-বর্গের আদরের পাত্র। ইহাঁদের প্রাত্ভাবকাল কোন্ সময়ে, তাহা লইয়া প্রাচান তত্ত্বিজ্ঞান্তবর্গ, যেমন তাঁহাদের দস্তর আছে, নানা জনে নানা মত প্রকটিত করিয়াছেন। আমাদের দে বাক্বিত গুার মধ্যে প্রবিষ্ট হুইবার বিশেষ কোন আবশ্যকতা দেখি না। গ্রীক ইতিহাদের দর্বপ্রধান এবং দর্বাপেক্ষা প্রামাণিক ইতিহাদবিৎ ইংরেজ গ্রোট দেই বাক্বিত গুায় প্রবিষ্ট হইয়া বে সময় নির্ণয় করিয়া গিয়াছে, তাহাই এ श्रुल গ্রহণ করিলাম। হোমারের বিষয় কিছু বলিবার প্রয়োজন নাই, যেহেতু গ্রোট ও অন্যান্য অনেক ঐতিহাসিক আদৌ তাহার অন্তিম্বেই সন্দেহ করিয়া থাকে। আর যাহার। বা তাহার অন্তিত্ব স্বীকার করে. , তাহারাও নানা জনে হোমারের নানারূপ কাল নির্দেশ করিয়া থাকে। তবে এটা ঠিক বটে যে, যে সকল পৌরাণিক বিবরণ হোমারের নামে চলিত, সে সকল আর সমস্ত গ্রীক পৌরাণিক বিবরণ হইতে পুরাতন। অতএব এখানে হোমারের কথা ছাডিয়া দিয়া অন্যান্য সম্বন্ধে বলি। অন্যান্য সম্বন্ধে গ্রোটের উক্তিমতে, হেসিওদের প্রাহ্রভাবকাল খুঃ পুঃ ৭৫০ ইইতে ৭০০ শতান্দীর মধ্যে ; এবং অর্ফিউস্ খ্রীঃ পূঃ ৭০০ শতাদীর কিঞ্চিৎ পূর্বে প্রান্তর্ভ হইয়াছিলেন। ত্রতএব গ্রীক পুরাণও সামান্য পুরাতন নহে। আমাদিগের দেশে ভূর্জ্জপত্র-নিঃশেষা অষ্টাদশ পুরাণের উপস্থিতির পূর্বের, ব্রাহ্মণ গ্রন্থসমূহ সাধারণতঃ পুরাণ নামে আখ্যাত ও গৃহীত হইভ ; বাহ্মণগ্রন্থ সকল শ্রুতিমধ্যে গণনিত হইলেও, উহাই ফলতঃ হিন্দুদিগের মূল পুরাণ। ইউরোপীয় পণ্ডিত মক্ষমূলর ঐ আদি পুরাণ সকলের প্রাহর্ভাবকাল এ পূঃ ৮০০ শতাকা তাহার গবেষণাবিদ্যার আরও শ্রীরন্ধি বলিয়া নির্ণয় করিয়াছে।

১। অর্কিউনের অন্তিও আদৌ অনেকে অবীকার করিয়। থাকে। বাহা ইউক, এথানে অর্কিউন বলিলে, অর্ফিকপুরাণের গ্রন্থকার বে, তাহাকে বুঝাইলেই বথেষ্ট ইইল। কেহ কেহ গীতিকাদেবী কালিওপির পুত্র বীণাবাদক অফিউন্কে প্রোক্ত অর্কিউন বলিয়া নির্দেশ করিয়। থাকে।

হইতে থাকুক। এখন মক্ষ্লরের গণনা যদি গ্রহণ করা থার, তাহা হইলে হিন্দুপ্রাণ এবং গ্রীকপ্রাণ একরপ লমসাময়িক হইয়।
দাঁড়ায়। ফলত: মক্ষ্লরের গণনা হইতে হিন্দুপ্রাণ অনেক প্রাতন।
কিন্তু সে যাহা হউক, কালে সমসাময়িক না হইলেও, এতছভয়
প্রাণের মধ্যে পৌরাণিক জীবনের সমভাবত্ব সর্বাত বিদামান। যে
পর্যারের পৌরাণিক জ্ঞানজীবন উদ্ভিন্ন হওয়ায়, হিন্দুপ্রাণের উৎপত্তি; প্রায় সেই পর্যায়ে গ্রীকগণ সমাগত হইলে, তাহাদিগের ঐ
ক্থিত প্রাণগুলির উৎপত্তি সাধন হইয়াছে। অতএব কৌতুহলাক্রান্ত
বাহারাম, এ স্থলে স্ক্রেল্ এতছভয় মধ্যে ভুলনা করিয়া উভয়ের মধ্যে
উচ্চেতর ভাব নির্মণণ করিবার জন্য অগ্রসর হইতে পারিবে।

তাহার পর, হিন্দুপরাণকে অতিক্রম করিলে, বেমন মানবার কালপ্রভাতের সহ সমুৎপর প্রাচীনতম বেদের দেখা পাওয়া বায়; হেদিওদ্ ও
অফিউন্ প্রভৃতির কীর্ত্তিত পুরাণ সকল সেইরপ অতিক্রম করিলে,
কেবল হোমারিক স্তোত্রকলাপ পাওয়া বায়; তনুর্দ্ধে আর কিছুই
পাওয়া বায় না । হোমারিক স্তোত্রসমুহের প্রাভৃতাবকাল উর্দ্ধ সংখ্যা খুঃ পুঃ ১০০০—৮০০ শতালীর মধ্যে নির্দিষ্ঠ হইয়া থাকে ।
হোমারিক স্তোত্র বলিলে যে সমন্তই হোমার বা ইলিয়ন্-কর্তার রচিত,
তাহা নহে। ইলিয়দের উৎপত্তির পূর্ব্বে উৎপত্র যে কিছু স্তোত্র ও
গাধাসমূহ কাল ভেদ করিয়া সমাগত হইয়া থাকে।

হেদিওদের প্রাণ অর্কিউদের প্রাণ অপেকা বিস্তৃত এবং অধিক পরিকার ও পরিক্ষুট। এজন্ত মূল প্রভাবে হেদিওদ্-কৃত প্রাণই অকুন্তত ছইবে, এবং তাহার পার্শ্বদৃষ্টি স্বরূপ অপরাপর প্রাণাদির কথাও কিঞ্চিৎ কিঞ্চিৎ দেখাইয়া দেওয়া বাইবে।

অনেক ইতিহাদবিং বিবেচনা করে এবং অনেকে বিশাসও করিয়া থাকে বে, গ্রীকপুরাণস্থ দেবদেবীগণ, আমূলতঃ রূপকপূর্ণ; এবং তাহা প্রাকৃতিক শক্তি ও ক্রিয়াবিশেষে, জ্ঞান ও ব্রিপুর্বাক রূপককরনা মাত্র। ইহা অংশতং কোথাও কোথাও পাটাইরা নইলে থাটিতে পারে, কিন্তু আম্লতং কথনই নহে। এতং সম্বন্ধ প্রীক ইতিহাসবেতা প্রোট কহে,—'দেই সমন্ব এবং সমান্ধ, এতত্বভরের অবস্থার বিষয় বিবেচনা করিলে; তথন যে প্রাক্ততিক শক্তিসমূহের রূপক করনা পূর্বাক এরূপ স্থাক্তিত দেববংশ ও দেবসংসার নিম্মিত হইতে পারে, এ কথা কথন সক্ষত এবং সন্তবপর হইতে পারে না।' ফলতং, মানবীয় জ্ঞানপ্রভাতের সহ, স্থাপ্রতিত আভান্তরীণ ধর্মাবৃদ্ধির উত্তেজনার, অচেটিত, অতর্কিত ও অপরিজ্ঞাত ভাবে, প্রাকৃতিক মৃত্তিতে দেবতত্বাদি আপনাপনিই রূপপ্রাপ্ত হইরাথাকে; ইহার মধ্যে জ্ঞানতঃ বৃদ্ধিকৌশলের কোন সংস্থাব নাই। উহারা ভক্ত এবং ভাবৃকের চিত্ত এবং হৃদ্য হইতে স্বতঃ উৎপর হয়।

হেদিওদের পুরাণ অন্ত্রারে, স্থাষ্ট এবং দেববংশ এরূপে কীর্ভিত হয়।
সর্বাত্রে মহাপ্রলারের (Chaos) উৎপত্তি হইল; স্ক্তরাং উহাই
প্রথম, এবং তাবং স্টের আদি। তৎপরে সর্বংসহা গেরা অর্থাৎ
পৃথিবীর উত্তব। ইহার পৃঠস্থলে দেবমানবের বাসস্থান; এবং নিমন্থলে
গুহার আকারে তার্তারোস্ বা নরকস্থান। তৎপরে ইরোস্ বা
কামের উৎপত্তি; ইনি দেব মানব ও চরাচরে স্থা ও আনন্দ বিতরণ
করিয়া থাকেন, এবং ইহার মোহে মানব হিতাহিতজ্ঞানশৃত্য হইয়া
যায়।

এ স্থানে অফিউদের প্রাণ সহ এরপ প্রভেদ দৃষ্ট হয়। ঐ প্রাণ অনুদারে দর্বাগ্রে কোণোদ্ বা কালের উৎপত্তি। তৎপরে ইথার এবং মহাপ্রলয় (Chaos)। মহাপ্রলয় হইতে ক্রোণোদ্ একটা বৃহৎ অণ্ডের উৎপত্তি করিলেন। ঐ অণ্ড উদ্ভিন্ন করিয়া ব্রী-পুরুষ উভররশ গুণবিদিষ্ট এবং উভর ধর্মযুক্ত একটা দেবতার উৎপত্তি হইল। ইহাকে কানিদ্, মিতাদ, ইত্যাদি নামে আখ্যাত করিয়া থাকে। ফানিদ্ কদ্মোদ্ অর্থাৎ ব্রদ্ধাণ্ডমূর্ত্তি প্রদেব করিল। এই ব্রদ্ধাণ্ডমূর্ত্তির প্রাথমিক বীজ সকল নিহিত

ছিল। ফানিস্ হইতে পরে নিক্ অর্থাৎ নিশার জন্ম হইল। তংশরে ফানিস্ আবার নিশার সহবাসে উরেণস্ ও গেরা, এবং হেনি ওস্ ও সেলিনী, ইহাদের উৎপালন করিলেন। ২ এই অন্ত-উৎপত্তির সহ মন্থ (১৬—৯।) এবং অপরাপর হিন্দুশাল্র মিলাইয়া দেখ। তথার লিখিত আছে, অব্যক্ত ক্ষপরমাল্লা পঞ্চুতাদির ক্ষেষ্ট করিয়া, তাহাতে যে আপন শক্তিরূপ বীজ অর্পণ করেন, তাহাতে একটি অংশুর উৎপত্তি হয়। ঐ অংশু বিধাতা হিরণাগর্ত্ত জন্মগ্রহণ করেন। যাহা হউক, এই স্থান দেখিয়া কেহ যেন মনে না ভাবেন যে, এইরূপ হিন্দুশাল্র সহ কোন না কোন রূপ সাদশা সর্ব্বি প্রাপ্ত হওয়া যায়।

অনস্তর হেসিওদের পুরাণ অনুসারে, মহাপ্রলয় হইতে ইরিবোস্
অর্থাৎ অন্ধতমস্ এবং নক্ষ বা নিশার উৎপত্তি হইল। ইরিবোস আত্রভগিনী নিশাকে বিবাহ করে। ইরিবোসকে নানা জনে নানা স্থানে
নানা অর্থে বর্ণনা করিয়ছে। প্রাচীন কবিগণ সাধারণতঃ ইরিবোসকে
নরকের প্রতিরূপ বলিয়া বর্ণনা করিয়া গিয়াছেন। কোথাও কোথাও বা
ইরিবোস্ অর্থ তিমিরাক্ষকারও স্টিত হইয়াছে। এই সকল দেবতারা
বেদোক্ত নিশা, উষা, অরণানী আদির সক্ষে সমজাতীয়; এবং
বহস্তলে প্রাকৃতিক শক্তি বা ক্রিয়াবিশেষ দর্শনে প্রবৃদ্ধ ও নামিত।

ইরিবোদ সহ সংমিলনে নিশার গত্তে ইথার এবং দিবামানের জন্ম। ইথার অর্থ এথানে অনেকে উচ্ছল আলোক বলিয়া থাকেন। যাহা হউক, এ ইথার বাঞ্যারামের বৈজ্ঞানিক বা ডাব্রুনির ইথার নহে।

পৃথিবী তারকামগুল সমন্বিত আরু-অন্তর্রপ আকাশদেশকে প্রসব করিল। আকাশের গ্রীক নাম উরেণস্। মক্ষমূলরের নির্দেশ মত গ্রীক উরেণস্ এবং বৈদিক বরুণ একই দেবতা। ঐ আকাশ বহি-দ্বোরাদ্মানিরসক আবরণরূপে পৃথিবীকে বেষ্টন করিয়া রহিল। অনস্তর পৃথিবী ক্রমে ক্রমে পর্বত, সমুল, নদী, কানন, এবং পর্বতবাদিনী দেবী (স্থুন্দা) সমুদ্যকে প্রস্ব করিল।

२। यथाक्रम् वाकाम, शृथियो, स्र्वा ଓ हला।

তৎপরে পৃথিবী, আকাশের প্রণরে মিলিত হইবার, আকাশের ওরদে ওকেরান অর্থাৎ তরঙ্গশালি মহাসমুত্র, কেওদ বা আলোক-শিখা (ইগিয়া প্রদেশে প্রধানতঃ উপাদিত হইত), ক্রিওদ্ অর্থাৎ বলদুপ্ততা, হীপেরিওন (ইলিয়ন অনুসারে স্থা, ওভিদী অনুসারে স্র্য্যের পিতা এবং কৈলো ও তেরার পুত্র) এবং ইয়াপিতোদ্ এই কয় পুত্র; এবং থিয়া (সাগরবাসিনী), হয়া (আথেনস নগরে উপাসিত), থেমিস (ডেলফি নগরে উপাসিত), মিনিমোসিনি (এক মতে গীতিকা দেবীবর্গের জননী, অন্য মতে আন্তিরা ও হিকাতের জননী), ফিবি এবং থিতিস (সর্বজীবধাত্রী), এই কয় কন্যা প্রসব করিল। ইহারা তিতান নামে খ্যাত। অর্ফিক পুরাণ অনুসারে তিতান ১৪ জন ; ৭ জন পুৰুষ এবং ৭জন স্ত্ৰী। অফিউস ক্ৰোণোস্কেও তিতানমধ্যে ধরিয়াছেন। এই তিতানবর্গের গ্রীকভূমে প্রদেশ-ভেদে প্রত্যেকের পূজার মন্দির ছিল; তাহার মধ্যে বাহারা অপেকা-কৃত বিখ্যাত, তাহারা উপরে বন্ধনীর মধ্যে উক্ত হইয়াছে। হীপেরিওন দম্বন্ধে আরও ক্থিত হয় বে. ইনি আগ্রভূগিনী স্বয়ার গর্প্তে সূর্যা, চল্র এবং প্রভাত এই সম্ভানতম উৎপাদন করেন। থেমিদ ধর্মাধিকারের व्यिश्रिं को तिरी, देशांत कक राख थड़ा, व्यथत राख जुलान छ। থিতিদের অনুগ্রহে পৃথিবী সজল ও সরস হইয়া নানাবিধ পদার্থের केश्राप्तन कविषा शास्त्रन ।

ইহার পরে আকাশের ঔরনে এবং পৃথিবীর গর্ডে ছর্মিনীত এবং কপটচারী ক্রোণোদের জন্ম হইল। পরে ব্রন্তেদ্, স্তিরোপিদ এবং আর্গেদ নামে কিক্রোপিদ নামধারী অস্থ্রবর্গ জন্মিল। এই কিক্রোপিদ্বর্গের আকার প্রকার দেবতাদিগের নাম ; কেবল প্রভেদ এই বে, ইহারা একচক্ষু, এবং এই চক্ষু গোলাকার ও ললাটদেশে সংস্থাপিত। ইহারা বলবান, বীর্ঘ্যান এবং কর্মচত্র। ইহাদের নির্মিত গৃহ বাটিকাদি অতি বিশাল। ইহাদের মধ্যে আর্গেদনামক কিক্রোপিদ্ ছারা জিউদ্দেবের বিহাৎ ও বক্স নির্মিত হয়। ইহারা দেবতাদিগের নাম অমর নহে।

হেদিওদের বর্ণনা অহুসারে কিকোপিস্ তিন জন। পুনশ্চ লাতিন কবি বর্জিলের বর্ণনা অহুসারে চারি জন বলিয়া কথিত হইয়ছে।
এই চতুর্থের নাম পিরাক্মোন্। এইরূপ ইহাদের সংখ্যা লইয়া পুরাণবেতাদের মধ্যে নানা মতভেদ আছে। ইহাদের সিসিলাদীপে এট্রা আরোরগিরির নিকট বসতি এবং দেবমগুলের বর্জন্ নামক যে বিশ্বকর্মা তাহার কারখানায় কার্য্য করিত। এই কারখানাতেই আর্গেদ
কর্ত্ক বিশ্বসের বন্ধ নির্মিত হয়। আমাদিগের হিন্দু বন্ধ ও এইরূপ
বিশ্বক্ষার কারখানায় বটে, দ্বীচি মুনির অন্থিতে নির্মিত হইয়াছিল।
কিকোপিস্গণ আপলোদেবের সন্তানকে হত্যা করায় আপলো কর্তৃক
নির্মিত হয়।

পৃথিবীর আরও তিন সন্তান হইয়াছিল। ইহাদের নাম কোতুস,
ব্রীয়ারোস্ এবং গিয়াস্। ইহারা প্রত্যেকেই প্রভূতবলদন্দর,
অপরিমিতদেহ, এবং প্রতেকের দেহে পঞ্চাশটি করিয়া মন্তক এবং
এক শত হন্ত। ইহারা হিকাতন্সিওর নামে থাতে ছিল।

আকাশ এবং পৃথিবীর এই সম্দয় পুত্রই ছবিনীত, অপারবলশালী ও পীড়ালায়ক হইবে জানিয়া, আকাশ তাহাদের বিক্রম কলনা করিয়া ভয়ার্ত হয়। সেজনা তাহাদের জলমাত্র, আকাশ সশস্কচিত্রে তাহাদিগকে তাহাদের মাতার নিকট হইতে হরণ করিয়া লইয়া, নিপাত করিবার অভিপ্রামে গভীর এক গুহাপ্রদেশে তাহাদিগকে লুকায়িত করিয়া রাথে।

গুংলুক্কায়িত এই সন্তানবর্গের ভারে পৃথিবী অসহা ভারবোধ করিয়া, তাহার উপায় করিবার জন্ত লৌহ উৎপাদনপূর্বক, তাহাতে অস্ত্র প্রস্তুত করিল। পৃথিবী, আপন ভার হইতে উদ্ধার হইবার জন্ত ও সন্তানদিগকেও উদ্ধার করিবার জন্য, ঐ অস্ত্রে শ্বীয় পিতাকে নিপাত করিতে গুংলুক্কায়িত সন্তানবর্গকে উত্তেজিত করে। অপর কোন পুত্র ইহাতে সাহস পাইল না; কেবল ক্রোণোস্ ইহাতে সাহসী হইয়া অগ্রসর হইল। কোণোদ্ অন্তহন্তে পিতার আগমন প্রতীক্ষায় গুপ্তভাবে লুকায়িত হইয়া রহিল। যথাসময়ে আকাশ নিশাকে সঙ্গে কলিয়া সমাগত হইল এবং বেমন প্রেমোন্সভ হইয়া আলিদ্ধনো পৃথিবীকে আবরিত করিতে যাইবে, অমনি কোণোেদ্ অন্ত দারা তাহার লিক্ষছেদ করিয়া ঐ লিক সম্ভজলে নিক্ষেপ করিল। বৃদ্ধ আকাশ খোলা হইয়া পড়িলেন!

লিক্ষের কর্তুনস্থল হইতে যে অজ্ঞ রক্তবিন্দু পৃথিবীতে পড়িন, পৃথিবী তাহাতে গর্ত্তবৈতী হইয়া ক্রমান্বরে, ভীষণাত্রয় (Furies), নানা জাতীয় দানব, এবং অসংখ্য দানবীগণ প্রস্ব করিল। ইহারা সমগ্র দেশ ব্যাপন করিয়া যথাস্কথে বিচরণ করিতে লাগিল।

অনস্তর আকাশের ছিন্ন লিঙ্গ সমুদ্রজলে ভাসিতে ভাসিতে চলিল এবং উহার চতুর্দিক ধবল ফেনপুঞ্জে আবরিত হইল। ঐ ফেনপুঞ্জের ভিতরে থাকিয়া লিঙ্গটী এক্ষণে রূপান্তর প্রাপ্ত ও ক্রমে ক্রমে তাহা একটা অপূর্ব্ব স্থন্দরী কামিনীমূর্ত্তিতে পরিণত হইয়া বুদ্ধি প্রাপ্ত হইতে লাগিল। ফেনপুঞ্জ ক্রমে কুথিরা দেশের সানিধ্য দিয়া কুপ্রদীপে আসিয়া উপস্থিত হইলে, কথিত কামিনী অপাররূপশালিনী মোহিনী মূর্ত্তিতে ফেনপুঞ্জ পরিত্যাগপূর্বক পৃথিবীপৃষ্ঠে অবতরণ করিল। পদস্পর্শে পৃথিবী পুলকিত ও বাসস্ত শোভায় স্থশোভিত হইল; কুস্থন ফুটিল, বুক্ষনতা মুকুলিত হইল, বিহঙ্গমগণ আনন্দপূর্ণ কলগানে তাহার আগমন-সংবাদ চতুর্দ্ধিকে ঘোষণা করিতে প্রবৃত্ত হইল। ইহার নাম আফোদিতি বা রতিদেবী। ইরোদ অর্থাৎ কামদেব এবং প্রবৃত্তি স্থী ইহার অফুগ্মন করিল। কামদেবের উৎপত্তি-বিবর্ধ উপরে ক্তিত হইয়াছে। কামের উৎপত্তি ও পিতামাতা সম্বন্ধে নানা মতভেদ আছে: আর্ফিক পুরাণের মতে, কামদেব ক্রোণোদের পুত্র বলিয়াও কথিত। অনন্তর রতিদেবী কাম ও প্ররুত্তিকে সঙ্গে করিয়া দেবসভায় উপস্থিত হইল। দেবগণ ইহার রূপ যৌবন ও মোহিনী শক্তিতে মোহিত হইয়া, ইহাব বহু প্রশংসাবাদপূর্বাক,

ইহাকে দাম্পতা ও কামিনীপ্রণয়ের অধিঠাতী দেবী রূপে স্থাপন ক্রিৰেন্

অতঃপর পিত। উরেষস্ বা আকাশ, পুত্রবর্ষের চক্রান্তে এবং তাহা-দের কর্ত্তক এরূপ হত-পুরুষার্থ হইবার, নিতান্ত ক্রোধার ছইরা পুত্র-কর্মকে অনেক ভর্থসনা করিল, এবং তাহাদিগকে অভিসম্পাত করিরা তথা হইতে অন্তহিত হইল।

এক্ষণে ক্রোণোদ্ এবং তিতান্গণ প্রবল হইয়া উঠিল; এবং পিতা উরেপদ্কে দেবরাজ্যের অধিকার হইতে চ্যুত করিরা ক্রোণোদ্কে দেই সিংহাসমে বসাইল। কিলোপিদ্গণ ও এই ছর্মিনীত কার্য্যে সহারতা করিয়াছিল বলিয়া, উরেণদ্ কর্ত্ব তাহারা নরকে নিশিপ্ত হইল।

অনস্তর মিশাদেবী বিনা সঙ্গমে গর্ভধারণ করিয়া, ক্রমান্বরে অদৃষ্ঠ, ভাগ্য, মৃত্যু, নিজা, স্বপ্ন প্রভৃতি বিবিধ দেবীকে প্রস্ব করিল। ইহারা যে যে কার্য্যে নিযুক্ত এবং পারক, তাহা নামেই প্রকাশ পাইতেছে। ইহার পরে নিশার গর্ভ হইতে আরও কতকগুলি সন্তানের উৎপত্তি হইল, বথা মানবের সন্তাপদারক নেমিদীস্ (মতান্তরে বিভাগকর্ত্রী, অথবা

২। হিলুপুরাণের নাত, থীকপুরাণমতে রতিদেবী কামের পরী নহেন; বরং কোন মতে আরিসের উরসে ও রতিদেবীর গর্ডে কামের জ্বা। অতএব কাম রতিত্বেরীর পূরে। এীকমতে ইরোস বা কামের পরী ক্র্পে (ইংরেজী সাইকি) অর্থাৎ চিত্ত। প্রাটন এীকমতে রতিদেবী কেবল সৌল্বারে অধিষ্ঠাত্রী দেবী। সৌল্বার সন্তান কাম বা প্রণয় ও কামের পরী চিত্ত, ইহা অতি স্সম্পত করনা, সন্দেহ নাই। ইরোসের মূর্তি,—গোলাপ ফুলের নাার বর্ণ, প্রস্কৃতিত গতস্থল, কুফিত কেশরাল্লি জ্বেজ্ব দোলারমান, বালকমূর্তি, উলঙ্গে, উড়িয়া বাইবার নিমিত যুগলপক্ষ্যুক্ত এবং হত্তে ধন্তঃ পর। মূর্তিটিও কামের উপযুক্ত বটে। কোন কোন মতে কাম অল ; ইহাও সঞ্গত করনা; কাম অন্ধ না হইলে, উহাকে লইয়া পৃথিবীতে এত অনর্থ ঘটিত না। আন্তোদিতি ও ইরোসের লাতিন বা ইংরেজী নাম ভিন্স ও কিউপিড়। হিলুপুরাণেও রতিকে এক সময়ের ফামের মাড়ত্ব করিতে ইইরাছিল।

কোন কোন মতে দান্তিক ও ছর্জিনীত বভাবের দমনকর্ত্রী), চাত্রী, বৃদ্ধবয়ঃ, বিবাদ, ইত্যাদি। বলা বাছলা যে, বেমন মিশা, সন্তানগুলিও তাহার উপযুক্ত রূপেই কল্লিত হইয়াছে।

বিবাদের গর্ভে ক্রমান্বরে, ক্লেশ, বিশ্বৃতি, ছভিক্ষ, মিণ্যাপ্রেম, মহাতাপ, মিথা, অরাজকতা, কলহ, হত্যা, ধ্বংদ, ইত্যাদি নামধের ততং বিষয়ের অধিষ্ঠাত্রী দেবীগণের উংপত্তি হইল। ইহার পরে বিবাদের গর্ভে শপথের উত্তব হইল। যে কেহু এই দেবীর অবমাননা করিলে, দেবগণ তাহার প্রতি বিশেষ রূপে শান্তি বিধান করিয়া থাকেন।

অনন্তর ক্রমারয়ে সমুদ্রপুত্র নিরিওস্ ও থাওমাস্ । প্রভৃতির জন্ম হইল। নিরিওস্থার, শান্ত, এবং স্থশীল; বর্জিল প্রভৃতি কবিগণ ইহাকে সমুদ্রের অংশ রূপে বর্ণন করিয়াছেন। নিরীওসের ঔরসে ও সমুদ্রকন্যা দোরিসের গর্ভে থিতিস প্রভৃতি পঞ্চাশৎ দেবী জন্মিল; ইহারা সকলেই সমুদ্রের বিবিধ স্বভাব, শোভা, সম্পত্তি ইত্যাদির অধিষ্ঠাত্রী দেবী অর্থাৎ তত্তৎ বিষয়ের রূপক কল্পনা স্বরুপ্ত থাওমাস্কে, প্রাকৃতিক শোভার প্রতিরূপ কল্পনা বলিয়া অনেকে ধরিয়া থাকে। কোন কোন মতে থাওমাস্ স্ত্রী; কিন্তু হেসিওদের মতে পুরুষ। থাওমাস্ সমুদ্রুগ্রী ইলেক্তার গর্ভে ইরীস্ অর্থাৎ ইক্র-ধন্ম, এবং হার্পী অর্থাৎ ঝাটকার অধিষ্ঠাত্রী দেবীদ্রের উৎপাদন করিয়াছিল।

সমুত্রকন্যা কালিহির গর্ভে ত্রিশিরা গীরিওন্ নামক দৈত্য, এবং একিদ্নানায়ী দানবীর জন্ম। এই অভভকারিণী এবং ধ্বংসাভিলাবিণী

৪। নিরিওস অর্থাৎ স্তাদীলতা, অথবা সম্তাশকে সম্তের শক্তিবিশেব।
ইংরেজিতে Sea-Elder বলিলা অনুবাদিত,—সংস্কৃতে ক্রিয়াকাণ্ডের মধ্যে একটি
বেদমত্র আছে যথা "সম্তক্ষেতা সলিলনা মধ্যাৎ প্রাণানাল্ডলা বিবমানাঃ।"
অতএব Sea-Elder ও সম্তক্ষেতি একতা দৃষ্ট হইতেছে। থাওমান অর্থে সম্তের
আক্র্যা ভাবত্রি।

একিদ্না, শরীরের উর্জভাগে পরমাহ্মনরী যুবতীমৃর্জি, নিয়ভাগে বিক্রত সর্পাকার। একিদ্নার গর্জে এবং তাইফাওনের অর্থাৎ তুফান বায়ুর ঔরদে পঞ্চাশৎ-মস্তক-বিশিষ্ট কের্কিরোস্ নামক কুকুরের উরুব। এই কুকুব আমাদিগের পৌরাণিক শ্যামা ও সবলা নামী চতুশ্চক্ক্বিশিষ্টা যমের কুরুরীম্বরের ন্যার পরলোকে নরকদেশের নাররক্ষক। একিদ্নার অপর পুত্র সহস্রশিরন্ধর সর্পবিশেষ, ইহাকে লিরনীয় হাইদ্রা বলিয়া পাকে। হিরাক্লিসের অনিষ্ট সাধন উদ্দেশে জুনো দেবী কর্ত্তক এই অন্তুত জন্ত প্রতিপালিত হয়; অন্তে ইহা হিলাক্লিসের দারী। এই দানবী, যে কোন পথিককে দেখিতে পাইলে, তাহার প্রতি প্রহেলিকা প্রয়োগ করিত: এবং পথিক যদি তাহা পূরণ করিতে না পারিত, তবে তাহাকে ধরিয়া গ্রাস করিত। মাতৃগামী ইদিপোস ইহার প্রহেলিকা পূরণান্তে ইহাকে নিপাত করিয়াভিল।

সম্দ্রপ্তী কেতোর গর্ভে একটী সর্পের উৎপত্তি হয়; সে পৃথিবীর অভ্যস্তরে স্বর্ণকোষ সকল অর্থাৎ রক্নহানসমূহ রক্ষা করিয়া থাকে। অনস্তর তিথীর গর্ভে সমূদ্রের ঔরসে বহুত্র নদীক্ষপা কন্যা সকলের জন্ম হয়।

ক্রিওদের পুত্র আরিয়য়ন্, পালাদ এবং পার্দেদ। আরিয়য়দের পুত্র জিফিরোস্ এবং বোরিয়াস্,—ইয়ার বিভিন্ন বিভিন্ন বায়ুবিশেষের অধিপতি।

ইয়পিতৃদের ঔরদে এবং সমুদ্রকন্যা ক্লীমিনীর গর্ভে প্রমিথিওদের জন্ম হয়। এই প্রমিথিওদ্ দেবগণকে ঠকাইয়া দেবসকাশ হইতে জীবনামি হয়ণ করিয়া আনিয়া, মমুষাপ্রাণের ছায়িত্ব সম্পাদন করে। কিন্তু তজ্জন্য ইহাকে অনেক বয়ণা সহা করিতে হয়; একটা পর্বতে বাধা থাকিত ও একটা শুকুনী সর্বাদা উহার বয়ৎ ঠোকরাইত। বিতীয় পুত্র আৎলাদ্,—হিন্দু বাস্ক্রী ছানীয়; ইহারই মন্তকোপরি পৃথিবীর ভার স্থাপিত।

অতঃপর আর ক্র ক্র দেব দানবের বংশকীর্ত্তন বাদালী পাঠকের পক্ষে অনাবশ্যক এবং তাহা কেবল বিরক্তিকর হইবে মাত্র। বাহা বাহা কীর্ত্তন করা গেল, তাহাই হয়ত বহুলাংশে বিরক্তিকর হইরা উঠিয়ছে। সম্প্রতি ঐতিহাসিক সময়ে গ্রীকদিগের ভাগ্যবিধায়ক যে যে দেবতা শ্রেষ্ঠ ছিল, সেই দেববর্গের বংশাবলি বর্ণন করা বাউক।

ক্রোণোস্ আপন ভগিনী ছ্বাকে বিবাহ করে। এই বিবাহে হাদিস্, পোসিদন্, এবং জিউস্ নামক পুত্রুত্ব ; এবং হেন্তিত্বা, দেনি-ভূর,, এবং হিরি নামক কনাজয়ের উৎপত্তি হর।

পিতৃলিক্ষচ্ছেদকালীন কোণোদের প্রতি যে পিতৃ-অভিশাপ হইরাছিল কোণোস্ তাহা অরণ করিয়া, স্বীয় সস্তানগণ হইতে বিপং আশকায়, পুত্র কি কন্যা জারিবামাত্র, তাহাদিগকে গ্রাস করিয়া উদরসাং করিত । প্রশোকসম্ভপ্তা হয়া, জীউদের জয়কালীন ক্রোণোস্ কর্তৃক পুত্রনাশের আশকায়, জিউদ্ প্রসবিত হইলে, স্বীয় পিতৃমাতৃ-উপদেশক্রমে তাহাকে ক্রিটরীপস্থ প্রদানামক পর্বরত্তহায় লুকায়িত করিয়া রাথে। ক্রোণোস্ প্রস্তুত পূত্রকে পূর্বর্কথিত ক্রপ উদরসাং করিবার নিমিত্ত উপন্থিত হইলে, য়য়া একটা প্রস্তুর বঙ্গ, উহাই সেবায়ে প্রস্তুত বিলয়া, তাহাকে অর্পণ করে। ক্রোণোস্ তাহাও উদরসাং করে। পরে কোনে কৌশলক্রমে ক্রোণোস্কে বমন করাইয়া, তাহার উদরসাংক্রত সমুস্তু পুত্রকন্যারই পুনক্রনার সাধন করা হয়।

জিউদ্ গুপ্তভাবে প্রতিপালিত হইয়া বয়ঃপ্রাপ্ত হইলে, জননী হয়া তাহাকে তাহার পিতৃব্যবহারের কথা আমূলতঃ বিজ্ঞাপন করিল। জিউদ্ তাহাতে জোধান্ধ হইয়া প্রতিশোধ লওনার্থে, স্থানবাল সহ একত্র হইয়া, পিতা জোগোদ্ এবং তাহার অন্তুত্র তিতানবর্গের সহিত ঘোর যুদ্ধ আরম্ভ করিল। অনন্তর বন্ধানিগতে পিতা এবং পিতৃপক্ষকে পরাজয় করিয়া, তাহাদিগকে নরকে নিক্ষেপ করিল এবং তথায় তাহাদের চিরনিবাদ নির্দেশ করিয়া দিল। দেই হইতে দেবরাজ্যে জিউদের একাধিপত্য স্থাপিত হইল।

জিউস্ সর্বপ্রেথমে মিতীস্কে পত্নীত্বে বরণ করে। মিতীস্ দেব মানব উভয় লোকেই সর্বাপেক্ষা অন্বিতীয় জ্ঞানশালিনী। ইতার পর্তা-বস্থা উপস্থিত হইলে, বংশমধ্যে পুরুষামুক্রমে পিতার প্রতি যেরূপ ব্যব-হার চলিয়া আসিতেছে, জিউস্ আন্মুসন্ততি হইতে তাহারই আশক্ষা করিয়া, কিসে মিতীসের সন্তান প্রস্ব নিবারণ করিবে তাহার চেষ্টা পাইতে লাগিল। মিতীস কামরপা ছিল, ইচ্ছামত নানা রূপ গ্রহণ করিতে পারিত। জিউন্ তাহাকে ছলে কৌশলে কুদ্রমূর্তি পরিএহ করাইয়া, সেই স্থযোগে থর্ভিণী মিতীদকে গ্রাদ করিয়া উদর্বাৎ করিয়া রাখিল: এবং মিতীসও সেই হইতে জিউসের উদর-মধ্যে সৎ-অসৎ বুদ্ধির পরিচালিকা স্বরূপ অবস্থিতি করিতে লাগিল। কিন্তু সন্তান প্রস্ব বন্ধ রহিল না, গর্ভন্ত সন্তান পিতার ললাট ভেন করিয়া বাহির হইল। এই সন্তান স্ত্রীবেশিনী, নাম আথিনি, হিন্দু-শাস্ত্রীয় সরস্থতী দেবীর প্রতিরূপা। ইনি বিদ্যাজ্ঞানাদির অধিষ্ঠাত্রী দেবী; আথেন্দ নগর ইহার আশ্রয়ে রক্ষিত ও তথায় ইহার উপাসনা হইত। কি বিদ্যার্থী, কি শিল্পী, কি কোন কর্মকার, সকলেই আপন ष्माशन कार्या श्रवुख श्रेवात शृर्ख रेशां श्रवं कतिया कार्या श्रवुंखं হইত। ইহার এক হত্তে বলম, অপের হত্তে ঢাল, মস্তকে মুকুট; ইনি ছিব-কৌমাব-ব্রতাবলম্বিনী।

জিউদের বিতীয় বিবাহিতা স্ত্রী থেমিদ্। ইহার গর্ভে দণ্ড, প্রান্তর প্রভৃতি কাল-অংশ, এবং শান্তিদেবী, ও অপরাপর দেবীবর্গের উৎপত্তি হয়।

তৃতীয় স্বী সমুদ্দকভা ইউরীণোমি। ইহার গর্ভে স্থভাগিনীগণ (Graces) এবং পেশিয়া ও অন্যান্য দেবীর উৎপত্তি।

চতুর্থ স্ত্রী দেমিত্রের গর্ভে প্রোসার্পিনি দেবীর জন্ম। ইনি ঘম-রাজ হাদিদের পত্নী। দেমিতুর যমকে কন্যাদানে অস্বীকৃত হইলে, যমরাজ জিউদের সম্মতিক্রমে এই কন্যাকে হরণ করিয়া আপন পত্নীয়ে স্থাপিত করে। পঞ্চমান্ত্রী মিমোসিনির গর্ভে কাবা গীজাদির অধিষ্ঠাত্রী নয়টী দেবীর উৎপত্তি হয়। ইহারা গ্রীকদিগের নিকট পরমপুলনীয়া। ইহাদেয় নাম, ক্লিও, মেল্লোমিনি, থেলিয়া, তার্পিনিকোরি, ইয়াতো, ইউতার্পি, কালিওপি, ইউরাণি, ও পলিহিম্নিয়া। ইহাদিগের বাসন্থান পার্নান্থস্ নামক পর্বতের উপর, এবং এই নিমিত্তই পাশ্চাত্য কবি-মগুলে এই পর্বত এতাদৃশ বিখ্যাত, এবং ভক্তি সহকারে উল্লিখিত।

বক্সপাণি জিউসের ঔরসে এবং ফিবির কন্যা লেটোনা দেবীর গর্ডে জাপলো দেব এবং জাতিমিস্ দেবীর জন্ম।

সপ্তমা এবং শেষ স্ত্রী হিরি দেবীর গর্ভে আরিস্ দেব এবং হিবি
নামে দেবীর জন্ম। হিরি অতঃপর স্থামী সহ বিদা সঙ্গমে গর্ভধারণ
করিয়া হিপিত্তোস্ অর্থাৎ বন্ধান নামক দেবতাকে প্রসব করেন।
ইনি দেবমণ্ডলে দেবশিলী, হিন্দুশাস্ত্রীয় বিশ্বকর্মার প্রতিক্রপ। এই
দেব অতি বন্ধুর ও কদাকার।

অনন্তর জিউদের সহবাবে আৎলাদ্হহিতা মিয়ার গর্ভে নেবদ্ত হার্মিস্ বা মঙ্গলদেব; কাদমোসহহিতা দিমিলির গর্ভে দিওনিসিও বা বাংখাস্ অর্থাৎ সোমদেব—মদিরা ও মাদকতার অধিপতি দেবতা; এবং আল্লমিনার গর্ভে হিরাক্লিস্ অর্থাৎ বলাধিপতি বলদেবের জন্ম হয়।

অধিক বংশবাহণ্য পরিত্যাপ করিয়া, কেবল যে সকল দেবদল প্রধান বলিয়া পরিগণিত, এবং গ্রীক গ্রন্থরের সর্ব্বদাই যাহাদের উল্লেখ পাওয়া যায়, তাহাদেরই বংশাবলী এন্থানে সংক্ষেপতঃ ক্থিত হইল। অতঃপর ইহাদের মধ্যে যে সকল দেব দেবী প্রধানতঃ গ্রীকভাগ্য বিধানিত ক্রিতেন, এবং প্রধানতঃ যাহারা গ্রীকদিগের বারা প্রিত হইতেন, তাহাদের সূল সূল বিবরণদেওয়া যাইতেছে।

২। দেবরুতি।

দেবরাজ্য বা দেবনগর অলিম্পিয়া পর্কতের উপরে। কার্য্য-ব্যপ-দেশে স্থানাস্তরে নিয়োগ ভিন্ন, প্রার সমস্তই ও সমস্ত দেবদলই এই অলিম্পিরা পর্কতের উপর বাস করিতেন। এই দেবরাজ্যের অদ্বিতীয় অধীশ্বর জিউস্।

(पववर्ग।

১। জিউস্। ইহাঁকে লাতিন জাতিরা জোব বা জ্পিত্র আখ্যায় অভিহিত করিত। ইনি স্বর্গ, পৃথিবী, এবং নিয়দেশ, এই ত্রিভুবনের রাজা। বিশ্বের যাবতীয় কার্য্য ইহাঁর মন্ত্রণা এবং নিয়োগ অমুসারে সম্পাদিত হইয়া থাকে। আর সমস্ত দেববর্গ ইহাঁর আজাবহ অফুচর শ্বরূপ। ইনি বজ্রধারী এবং ওলিন্পিয়া পর্বতের উচ্চ শিধরে ইহাঁর অবস্থান। ইনি প্রমিধিওস্ কর্তৃক প্রতারিত হইলে, মনুষাকে নিরস্তর হঃধদঙ্গী করিবার নিষিত্ত, হঃধরাশির বিতরণকারিণী পান্দ্রা-নামক দেবীকে পৃথিবীতলে প্রেরণ করিয়াছিলেন। উক্ত দেবীর হাতে একটা বাঁপি ছিল; ঐ বাঁপিতে পাপতাপহঃথক্লোদি ভরা ছিল। ঝাঁপিটী পুথিবীতে উদ্ঘাটিত হইবামাত্র, সেই সকল ছঃখক্লেশপাপাদি মনুষ্যমণ্ডলে ছড়াইয়া পড়িল। ক্লিউদ দেব অত্যন্ত ইন্দিয়পরায়ণ; অষ্ধা ভাবে কামিনীসঙ্গ অভিনাষ হেতু ইহাঁর অন্তৃত কীর্ত্তিসমূহ, নানা-স্থানে নানারূপে কীর্ত্তিত হইরাছে। গাণিমীড় বলিয়া একটা স্থত্তী বালক ইহাঁর বড় ভালবাসার পাত্র ছিল। এই দেবতা হিন্দুশাস্ত্রীয় ইক্রদেবের প্রতিরূপ। মক্ষমূলরের বিদ্যা অমুসারে জিউসের দংশ্বত প্রতিশব্দোস বলিয়া নিরূপিত হয়। যাহা হউক এ অতি কদাচারী দেবরাজ, এমন ঝুঁকি ও থামথেয়ালি কলাচারী আর নাই।

২। পোদিদন্বা নেপচুন্। ইনি জিউদের লাতা,
 এবং ক্ষমতায় জিউদ্হইতে বিতীয় পদে অবহান করেন। ইনি

পৃথিবীকে প্রকশ্পিত করিয়া থাকেন, এবং জগতন্ত যাবতীয় জলরাশির উপর ইহাঁর আধিপতা। ইনি কার্য্যে হিন্দুশাল্লীয় বরুণের প্রতিরূপ। ইনি এবং আপলো দেব, এই ছই জন এক সম্মায়ে জিউদের কোপে পতিত হইবায়, তাঁহার আক্তাক্রেমে, ইহাঁদিগকে বহুকাল জয়-নগরাধি-পতি লাওমিদোনের নিকট দাসম্ব করিতে হইয়াছিল।

- ৩। আপলো। পুরুষ-দেবতাদের মধ্যে এমন সর্বাঙ্গ-স্থ্য মূর্ত্তি আর কাহারও নাই। ইহাঁর গর্ভবাসকালীন ইহাঁর জননী. হিরি দেবীর হিংসা হইতে রক্ষা পাইবার নিমিত্ত, নানা স্থানে নিরাশ্রয়-ভাবে ভ্রমণানস্তর, শেষে দেলোস্নামক এক পরিত্যক্ত দ্বীপে আশ্রম গ্রহণ করেন; এবং তথায়ই আপলো দেবের জন্ম হয়। জিউদের চিত্ত-স্থিত গুঢ় মন্ত্রণা আপলোই সর্বাতো জ্ঞাত হইয়া প্রকাশ করিবার অধি-কার প্রাপ্ত হয়েন। স্থাপলো আপন বাসন্থান মনোনীত এবং নিরূপিত করিবার নিমিত্ত নির্গত হইয়া, পার্ণাস্থ্য পর্বতপদে একটি নির্বারতটন্তান মনোনীত করেন। ঐ স্থান পীথোন নামক একটি সর্প দ্বারা রক্ষিত ছিল। তিনি ঐ দর্পকে নিপাত করিয়া, তথায় আপন আবাদ স্থাপনা করেন। অনস্তর উপাদক সংগ্রহের নিমিত্ত, নিজে মকরের বেশ ধারণ করিয়া করিস্থদাগরস্থ একটা জাহাজকে বিপদে নিক্ষেপ করেন: এবং তদনন্তর জাহাজস্থ লোকদিগকে হাত করিয়া, আত্মপ্রকাশ পূর্বাক তাহাদিগকে আপন উপাসনায় নিযুক্ত করেন। কালে এই স্থানে দেলফি নামক নগর স্থাপিত হয়। ঐ নগরে আপলো দেবের মন্দিরে ভবিষাদ্বাণী জ্ঞাপিত হইত। এই দেবের মন্দিরে একটা স্লড়ঙ্গ ছিল,তথার ত্রিপদ চৌকির উপর একজন কুমারী পুজক উপবেশন করিলেই সে তত্ত্তান তইয়া যাইত ও আপলো দেবের ক্লপায় ভবিষ্যৎ কথা সকল জ্ঞাপন করিতে পারিত। ইহাঁর পূঞ্জক চিরকৌমার্য্য-ত্রত-অবলম্বিনী ন্ত্রীলোক। ইনি ধমুর্দ্ধর এবং একজন দেববোদ্ধা।
- ৪। আরিস্বামাস্। দেশীয় ভাবায় মার্সের প্রতিনাম মঙ্গল। এই দেব অস্তশন্ত্ধারী দেবসেনানী। য়্ছাদি কার্য্রের

অধিষ্ঠাত্রী দেবতা। ইনি কল্ত-অবতার বিশেষ; কিন্তু এক সময়ে আত-ইদবর্গের দারা পরাজিত হইবায়, ইহাকে ছই বৎসর কাল কারাগারে নিক্ষিপ্ত হইয়া থাকিতে হইয়াছিল।

- ৫! হর্মিদ্বা মাকুরী। দেশীর ভাষার মাকুরীর প্রতিনাম বৃধ। ইনি দেবদ্ত। কর্মাতেই পৃথিকার প্রাপ্ত হরেন। ইনি পঠতা, কাপটা, বাচালতা এবং চৌর্ত্তির শুরুমহাশর এবং তত্তং বিষয়ের পৃথিধার স্বরূপ। আপলোর ঐর্থায়ন্ত হিংসার বলবর্তী হইয়া ও ক্লোভে পড়িরা, ইনি আপলোর সমস্ত পশুপাল চুরি করিয়া আননে। আপলো এই দৌরাক্সে অননোপায় হইয়া, শেষে. তাঁহাকে ধন দিয়া এবং কি গ্রামা কি অরণাচর উভয়বিধ পশুসাধারণের উপর তাঁহাকে আধিপতা প্রদান করিয়া, আপন পশুপাল উদ্ধার করিয়া আননে; এবং তদবধি তাঁহার সহিত বদ্ধস্ব ভাপন করিয়া নিশ্চিত হয়েন। হার্মিস দেব প্রীকদিগের দেব ও নরমগুলে বীণা এবং সপ্ততার নামক বাদাব্যরের স্কৃষ্টি করেন।
- ৬। দিওনিস্তাস বা বাথোস। হিদ্দানীয় সোমরসের অধিষ্ঠাতা সোম দেবের প্রতিক্রণ। মিদরীর অসিরিস্ এবং এই দিওনিস্থাস্ এক দেবতা, কেবল স্থানভেদে বিভিন্ন নাম। দেববর্ণের মধ্যে মদের ভাঁটি সমন্তই ইচার জিখা; অথবা দেবনরে ইনিই মদেব ভাঁটির অধিষ্ঠাত্রী দেবতা। ইনি পুরুব বটেদ, কিন্তু স্তীবেশ্বারিণী। কতকগুলি পানরসে বিষম উন্মন্তা স্তীলোক সহবোগে ইহাঁর পর্কাহ কার্যা দির্কাহিত হইরা থাকে।
- ৭ 1 হিশিন্তোস্বা বহ্বান্। ইনি হিশ্বালীয় বিখকর্মার প্রতিক্রপ । জিউসের সঙ্গে শক্তিপ্রতিযোগিতার সমকক

 ইইবার আশায় হিরি দেবী, স্বামী সহ বিনা সহবাসে ইহাকে প্রসব

 করিয়াছিলেন, কিন্তু ইনি নিতান্ত কুরুপবান হওয়ায় জননী কর্তৃক
 পরিত্যক্ত হয়েন। ইনি দেবশিয়ী এবং জ্বিয় অধিষ্ঠাতী দেবতা।
 জিউস যে সময়ে ইইয় জননী হিরিকে শান্তি দিরা তাঁহার নানার্মপ

ত্র্মণা করেন, সেই সময়ে মাতার সহায়তা করিতে থিয়া পিতা জিউস্ কর্ত্তক ইনি বর্গ হইতে ডাড়িত হইয়াছিলেন।

৮। হিরাক্লিস বা হার্কিউলিস। ইনি অত্যন্ত বদবান্
এবং বলের অধিষ্ঠানী দেবতা। মহুবাকনাার সন্ততি হইরাও জিউসের
ক্রিয়পুত্র মধ্যে গণ্য হইবাড়ে, হিরি দেবীর কোপে পতিত এবং তম্ফলিতে দানরপে বিক্রীত হয়েন। তথা হইতে মুক্ত হইলে, প্রকারান্তরে
ইহার অমঙ্গল সাধনের উদ্দেশে, উক্ত দেবী কর্ত্ক ইহার প্রতি প্রাসিদ্ধ
দাদশ শ্রমসাধ্য কার্যা নিয়েজিত হয়। গ্রীকভ্মির অনেক য়াজগণ
এই হিরাক্লিস্ হইতে স্বীয় স্বীয় বংশের উৎপত্তি নির্দেশ করিতেন।

১। হাদিস বাপ্লতো। हिन्दुनाञ्जीय यमापारवद अर्थाত-ক্ষপ। ইনি পরলোকের অধিপতি। জিউস এবং দেমিতুরের কন্যা প্রোসার্ণিনি ইহাঁর গৃহিণী। ইহাঁর পুরস্থান হেসিওদ কর্তৃক এরপে বর্ণিত হইয়াছে---"এই ভীষণতম পুরী চিরতিমিরময়ী নিশা এবং তৎ-সম্ভতি নিদ্রা এবং মৃত্যু প্রভৃতির নিত্য বাসস্থলী। স্থাদেব কি উদর কি অন্তমুখে, কখনই ইহার আকাশতলে উদিত হইয়া ইহাকে আলোকদানে আলোকিত করেন না। তাঁহার যে কারুণাপূর্ণ উজ্জ্বল মুখ, যাহা কি দেব কি নরলোক সকলেই সন্দর্শনে আনন্দে পুলকিত হুইয়া থাকে; এ লোকসমকে তাহা সর্বাদা বিরূপ; এ লোকের প্রতি তিনি একেবারে বিমুখ,নির্দয়,এবং তাঁহার হৃদয় লোহ হইতেও কঠিনতা-যুক্ত। এই ভীষণতম পুরীর পুরোভাগে পুরপতির নিয়তকোলাহলপূর্ণ আবাসস্থল; শক্তিধর বিরাটমূর্ত্তি ক্লতাস্ত দেব এবং তৎপত্নী ভীমা শ্রোসার্গিনি তথার নিরম্ভর বাস এবং মৃত ব্যক্তিবর্গের প্রতি দণ্ডচালন। ক্রিয়া থাকেন। ছরস্ত উগ্রমূর্তি একটা কুকুর দেই পুরীর ধার রক্ষা করিরা থাকে। এই কুরুর, পুরহারে যে কেহ সমাগত হইলে, তাহাকে নানা কৌশলে পুরুষধ্যে প্রবেশ করাইরা থাকে; তাহার পর এ পুরে একবার প্রবিষ্ট হইলে, আর কথনই তথা হইতে নির্গমণের সক্ষাবনা নাই।

- ১০। পান। হার্নিসের পুর। অতি কদাকার। উর্জ্জার মানবের আকার কিন্তু মাথার ছইটা শিং, নিমভাগ ছার্গলের অবরব। ইনি ফুট নামক বাদ্যবন্ত্রের স্টেকরেন; এবং ঐ বাদ্যরবে নানা দেবীকে ঠকাইয়া নিকটে আনিতেম, যদিও আসিবার পর ভাহার চেহারা দৃষ্টে ভাহার অধিক নিকটে ভাহাদের কেহই বেঁষিত না। ইনি পশুপালকগণের রক্ষক দেবতা। আর্কেডিয়ায় ইইয়ার বিশেষ উপাসনার ঘটা হইত।
- ১)। এক লাপিওস। আপলোদেবের পুষ। ইনি চিকিৎসক। ঔষধ দিয়া মৃত ব্যক্তিগণকে বাঁচাইতেন বলিয়া, বমরাজ
 তাঁহার বিক্লে জিউসের নিকট নালিশ করেন; তাহাতে জিউস্
 রাগাধিত হইয়া বজ্লাগতে এফ্লাপিওস্কে নিহত করেন। তদবিধি
 তিনি ভিষক্বর্গের উপায়া দেবতা। গ্রীসের প্রায় সকল স্থানেই
 ইহাঁর উপাসমা হইত। ইহাঁর কন্যা হীগিয়া স্বাস্থ্যের অধিষ্ঠাগ্রী
 দেবতা।

(मवीवर्ग।

১। হিরি। লাতিন জাতির। ইহাঁকে জুনো নামে আধ্যাত করিত। ইনি জিউদের সর্বাকনিঠা পদ্মী, কিন্তু প্রভুত্বে পাটরাণী ও সর্বোপরি। হিরি জিউদের সর্বাহিলের যে, ভিগিনীকে বিবাহ না করিয়া ক্ষান্ত হইতে পারের নাই। কিন্তু দাম্পত্যপ্রশয়ে বড়একটা স্থুও ছিল না, কারণ স্বামী ইন্দ্রিস্বারতায় প্রায়ই অপরাপর স্ত্রীতে উপরত হইতেন। শেবে হিরির ঝগড়ায় অভ্রির হইয়া, জিউস তাহাকে স্থানি ইইতে নামাইয়া মধ্য আকাশে একটা শিকল দিয়া ঝুলাইয়া রাথেন। যাহা হউক হিরি তথালি স্বার্গায়্যর রাণী, এবং দেবমানবে তিনি অসাধারণ প্রভুত্ব

চালনা করিতেন। ইনি উদ্ধতা, অভিমানিনী, পর্বিতা এবং কোপনার এক শেষ। দেবরাজ জিউন পর্যান্ত ইহাঁর ভরে এবং জালার সর্বনা সম্পরিত ও ব্যাকুল থাকিতেন। গর্ভিণী লেটোনার প্রতি ইহাঁর হিংসা, বেব, ক্রেতা ও অভ্যাচার বাহা যাহা ক্রত, তাহার আর তুলনা নাই,—মতি নির্চুর এবং ভরক্ষর। ইহাঁরই অভিমানের হ্রম্ভ ফল স্বন্ধণ এবার নর্বব্রেই ধবংল। হিরির উপাসনা প্রায় সর্ব্বতই অভিশয় প্রবাদ ভিল। রোমনগরের ইহাঁর আদর ও উপাসনা অতাক্ত অধিক।

- ২। দেমিতুর। মিসরীর ঈসিস্ এবং দেমিত্র একই দেবতা। ইনি ক্ষিকার্যের অধিষ্ঠাত্রী দেবতা। হাদিস্ কর্ত্ক তাঁহার কন্যা প্রোসার্গিণি স্বত হইলে, তিনি মনঃক্রেশে দেবদেশ পরিত্যাগ পূর্বক, ইলিউসিস্ নগরে ক্লিওস্ রাজার গৃহে ছ্লুবেশে আশ্রয় গ্রহণ করেন, এবং তাঁহার পূত্র দিমেফাওনকে লালন পালন করিবার ভার প্রাপ্ত হয়েন। অনস্তর পুত্রের মাভা রাজরাণীর অবথা কোতৃহল প্রণের চেষ্টাবিশেষে দেবী রাগান্ধ হইয়া, আপন মূর্ত্তি প্রকাশ করেন; এবং ইলিউসিস্ নগরে তাঁহার উদ্দেশে মন্দির নির্মাণ ও পর্বাহের বিধান করিতে বলিয়া অন্তর্জান হয়েন। এই পর্বাহের নাম ইলিউসিনীয় গুপ্রোংসব (Eleusinian mystery)।
 - ৩। আতিমিস্। অন্য নাম দীরানা। ইনি মানবীকুলের সতীত্ব রক্ষার অধিষ্ঠাত্রী দেবী কিন্তু নিজে অসতীর অগ্রগণ্য। ইইার বেশভ্যা পুরুষের ন্যায় এবং ইনি ধরুর্বাণধারিনী। মৃগরার্থে নিরস্তর বনে বনে ধরুর্বাণ হত্তে ও কুকুর সঙ্গে লইরা বিচরণ করিরা থাকেন। ইনি অর্ব্, পৃথিবী ও যমপুর এই তিন দেশে ত্রিম্রিধারিনী। পৃথিবীতে দীরানা, সতীত্বের দেবী; অর্বে ফিনি, চল্লের অধিষ্ঠাত্রী দেবী; এবং যমপুরে হিকাতে, গতান্থ আত্মার সাজা শান্তির অধিষ্ঠাত্রী দেবী। অবিবাহিতা, কিন্তু ইহার প্রেমের পাত্র অনেক। ইফিন্তুস্ নগরে ইহার পূজার বড় ঘটা হইত; তথাকার দীরানার মন্দির, প্রাচীন জগতের সপ্তাশ্র্য্য কীর্ত্তির মধ্যে, একতর

আশ্চর্য্য বিষয়া পরিগণিত ছিল। ইরোস্ত্রান্ত নামে একজন সামান্য লোক বিখ্যাত হইবার আশার এই মন্দির পোড়াইরা দের। ইরো-স্ত্রাতের এই অসং আশা নির্ম্মূলিত করিবার নিমিন্ত রাজাজ্ঞা প্রচার হয় যে, কেহ যেন উহার নাম না লয়, এবং নাম লইলে বিশেষ শান্তি হইবে। কিন্তু কালের হাতে সে রাজাজ্ঞা খাটিল না, লোকটা ভালয় হউক মন্দায় হউক, বাস্তবিকই চিরম্মরণীয় হইয়া গেল। অনেকে গ্রীক দীরানা এবং মিসরদেশীয় ঈসিস্কে এক দেবতা বলিয়া খাকে।

৪। হেস্তিয়া। ইহারই অন্প্রহফলে গৃহে গৃহে পারি-বারিক স্থথ অফ্লেডা এবং সংমিলন রক্ষা হইয়া থাকে। ইনি অতি শাস্তপ্রকৃতি।

৫।৬। আফুোদিতি এবং আথিনি। ইইাদের বিষয়
পূর্বেই বথাবথ কথিত হইরাছে। আফ্রোদিতি কামিনীপ্রবর্ম, এবং
আথিনি বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী।

ইহা ভিন্ন গ্রীক দেবসংসারে আরও যে সকল বছতর দেবী আছেন ও তাহাদের প্রতি নিয়োজিত কার্য্য যাহা যাহা, তাহা দেববংশকীপ্রনে যথাযথ উল্লিখিত হইরাছে। এথানে আর স্বতন্ত্র করিয়া উল্লেখের আবশ্যক নাই।

৩। যুগনির্ণয়।

হিন্দুদিগের চারি বুগের ন্যায়, পৃথিবীর বয়:ক্রমকাল গ্রীকদিগের মধ্যে পঞ্চ বুগে বিভক্ত; কিন্ত হিন্দুব্গের ন্যায় তাহাদের বর্ষসংখ্যার বড় একটা স্থিরতা নাই।

১। স্বর্ণযুগ। ইহা পৃথিবীর আদিম কাল। এ মুগে মানব-গণ নৎ, নিল্পাপ, এবং দর্বায়্থপূর্ণ। ইহারা পৃথিবী হইতে মধেছা ফলমূল আহরণ করিয়া জীবন ধারণ করিত। জরা বা রোগাদির নাম
মাত্র ছিল না; ইহাদিগের নিকট মৃত্যু স্থানিলার ন্যায় ধীরে ধীরে
সমাগত হইত। এ সমরের মানবগণ মৃত্যুর পরে উপদেবভারপে
পৃথিবীতে অবস্থান করিয়া, মানবীর সং ও অসং কার্যোর হিসাব লইত
এবং মন্ব্যুবর্গে সোভাগ্য বিতরণ করিত। বে সমরে স্থর্গে ক্রোণোদের
স্বাজন্ব, সেই সমরে এই মানবগণ উভূত হইয়াছিল। অনস্তর জিউদ্
প্রবল হইয়া ইহাদিগাকে নিপাত করেন। এ য়্গে সমতই স্থানিশিত।

- ২। রৌপ্যযুগ। রৌপার্গের মানবগণ পৃর্ক্র্গের অপেক।
 অনেক হীন; কি আকারে কি বৃদ্ধিতে ইহারা ভাষাদের সমকক নহে।
 ইহারা জন্ম হইতে শত বংসর কাল বালকের নাায় মাতৃসকালে পালিত
 চইত। তদনস্তর বেমন সাবালক হওয়া, অমনি পাপে রত হইয়া
 জীবনকাল সংক্ষেপ করিয়া আনিত। ইহারা পরক্ষের কলহরত এবং
 দেবতার প্রতি ভক্তিশূন্য হওয়ায়, জিউসের আক্রোণে নিপাত
 হইয়ছিল। এ যুগে সমস্তই রৌপানির্দ্ধিত।
 - পভলয়ুগ। এই য়৻গর মানবগপ নির্চুর এবং ইহাদের
 অন্ত:করণ ও চিত্ত পাবাণবং কঠিন। ইহারা অপারবলশালী,সংগ্রামপ্রিয়,
 চর্ত্ত এবং ইহাদের জীবন আহারীয় পদার্থ-সাপেক ছিল না। এ
 য়৻গর সমস্ত বিষয় পিত্তলনির্দ্ধিত; এখনও লৌছের ব্যবহার আবিয়ত
 য়য় নাই।
 - এই যুগের মন্ত্রাগণের পাপে পৃথিবী ভারাক্রান্ত হইলে, জিউদের অভিপ্রায়ক্রমে সমস্ত পৃথিবী জলপ্লাবিত হইয়া জলমর্ম হয়; কেবল প্রমিথিওসের পূঅ ছাকালিওন্ পিতার সাবধানতা ও উপদেশক্রমে জাহাজ নির্মাণ করিয়া তদারোহণে রক্ষা প্রাপ্ত হয়েন। এই জলপ্লাবন হিন্দুদ্দিগের প্রলয়্বলানীন জলপ্লাবনের স্থলীর।
 - ৪। বীরষুপা। এই বুগের মহবা সং এবং সুবৃদ্ধিযুক; ইহারা দেবতা ও মানবের মধান্থলীর জীব, স্করাং মহবা হইতে উন্নত। দেববংশ হইতে মানববংশ উত্তবের ইহারা সংযোগস্থল।

৫। লোহ্যুগ। পাপতাপে জর্জারিত বর্ত্তমান সময়। ইহা হিল্পিগের কলিযুগ। গ্রীক পৌরাণিকেরা ইহাকে অবিকল কলি-যুগের নাায় ভীষণ চিত্রে চিত্রিত করিয়াছে।

৪। পর্ব্বাহ এবং উৎসব।

বহু পর্বাহ এবং উৎস্বাদির মধ্যে এই কয়নী প্রধান।

প্রাছ। (১) পান্থিনীয়, (২) দোনোৎসব বা বাথোস্ দেবের পর্বাহ, (৩) ইলিউসিনীয়।

উৎসব। (১) অলিম্পিন্ন, (২) পীথিন্ন, (৩) নিমীন্ন, (৪) ইস্থ-মীন্ন।

পান্ধিনীয়। আপেন্স নগরে আধিনি দেবীর উদ্দেশে পালিত হইত। এই পর্বাহ দিবিধ ছিল,—এক বাৎসরিক ও অপের চাতুর্বাং-সরিক; ঘটা প্রায় উভয়েতেই সমান হইত। একটা রম্মন্তল ছিল; তথায় আবালর্দ্ধবনিতা সমস্ত আধিনীয়বর্গ নিয়ম অফুসারে সারি দিয়া উপস্থিত হইত। তদনস্তর দেবীর উপাসনার পর, ক্রমান্বরে মল্লক্রীড়া, বলপরীক্ষা, ঘোড়দৌড় ইত্যাদি হইত। যে সকল কবি এবং প্রস্থকার কোন নৃতন প্রস্থ লিখিতেন, এই স্থানে তাহার দোষ গুণ বিচার হইত; এবং তৎসমস্ত ও মল্লক্রীড়া প্রভৃতির প্রস্থার বিতরণ করা হইত। এই পর্বাহ দশক্রন মনোনীত কমিসনরের দ্বারা সম্পাদিত হইত, এবং ইহা অনেক দিন ধরিয়া চলিত।

সোমোৎসব বা বাখোস্দেবের প্রবিহ। এই পর্বাহ হই প্রকার ছিল;—এক কুল, অপর রহং। কুল্টী শরংকালে এবং রহংটী বসস্তকালে নির্বাহিত হইত। স্ত্রা এবং পুরুষ নানারপ সং সাজিরাও মদে উন্মত্ত হইরা এই পর্বাহে মাতিত। ইহারা নানারপ রক্তকীও উন্মাদের ন্যায় ব্যবহার করিত; এবং স্ত্রী পুরুষ সম্বন্ধীর ও অন্য অন্য প্রকারে হতদুর বীভংস আচরণ সম্ভব হয়, তাহার আচর শে কিছুমাত্র কটি হইত না। ঢাক ঢোল প্রভৃতি বান্যরবে, কথিত বীভৎস আচরবে, এবং চীৎকার প্রভৃতিতে এই পর্বাহ এক 'কিছুত কিমাকার' আকার ধারণ করিত। জানী অজানী, ভর ও অভল, তাবং লোক ইহাতে বোগ দান করিত। দেবতার পূজা প্রকরণ নানাবিধ ছিল; এবং এখানেও মন্ত্রজীড়া প্রভৃতি ও সং গ্রন্থাদির প্রস্কার বিতরণ করা হইত।

है नि छे निनीय । भर्तात्वत्र भर्ता देश नर्त्तत्वर्ष । य क्यमिन এই পর্বাহ চলিত, সে কয়দিন কোন ব্যক্তিকে কেহ গ্রেপ্তার করিতে, জেলে দিতে, বা কেহ কাহারও নামে বিচারকের নিকট নালিস করিতে. পারিত না। এই পর্বাহ নয় দিন ধরিয়া চলিত, এবং প্রতি পঞ্চন বংসরে নির্কাহিত হইত। ইহাও কুদ্র এবং বৃহৎ ছিল। আগষ্ট মাসে ক্ষুদ্র পর্কাহ হইয়া, নবেম্বর মাদে বৃহৎ পর্কাহ হইত। ইহা দেমিতুর দেবীর উদ্দেশে পালিত। কোন ব্যক্তিকে এই পর্বাহে দীক্ষিত হইতে ছইলে, বহুদিন ধরিয়া তাহাকে শুদ্ধাচারে ও কতকগুলি নিয়ম অনুসারে চলিতে হইত। দীক্ষা এবং পর্বাহের পূজা প্রভৃতি গভীর রাত্রিতে সম্পাদিত হইত, এবং সেই সময়ে আরও নানাবিধ গোপনীয় কাও দকল সম্পাদিত হইত ; সে গোপনীয় কাণ্ডের মধ্যে কুকাণ্ড সকলেরও অভাব ছিল না। এই গোপনীয় কাও হইতে ইহার নাম গুপ্তোৎসব। এই গোণনীয় ব্যাপার যে কোন দীক্ষিত প্রকাশ করিলে, তাহাকে আইনের বহিতৃতি করা হইত এবং স্থযোগ হইলে তাহার প্রাণহরণের পক্ষেও জটি হইত না। এই পর্বাহে প্রতি দিন ভেদে ভিন্ন ভিন্ন রকম পূজা প্রকরণ, নাচ তামাশা, মল্লজীড়া, গীতবাল্য, কবির শড়াই আদি চলিত, এবং দে দকলের পুরস্কারও দেওয়া হইত। স্বাথেন্সের রাজ-কার্যাসমূদ্য সম্পাদন করিত। আথিনীয়দিগের বিশ্বাস বে, যে ব্যক্তি এই পর্বাহে দীক্ষিত হয় নাই, সে পরকালে ভাল লোকে গমন করিতে পারিবে না।

জ্বলিম্পিয়। এই উৎসব তাবৎ উৎসবের শ্রেষ্ঠ। প্রক্রি চারি বৎসর অন্তরে উপস্থিত হইত। ক্লিউস্ দেবের উদ্দেশে হিরাক্লিস্ দেবতা কর্ত্বক ইহা স্থাপিত। এই উৎসবে মল্লক্রীড়া, বলপরীক্ষা, ঘোড়cनीफ़, গांफ़िरनीफ़ हेजािम oat कवित्र नफ़ारे, नुजन धाशािम भाठ ख তাহার দোষ গুণ বিচার, এই সকল সম্পাদিত হইত। গ্রীকদিগের প্রায় যাবতীয় প্রধান গ্রন্থকার ও কবি এই উৎসবক্ষেত্র হইতেই প্রথম প্রতিষ্ঠা লাভ করে। এ উৎসবক্ষেত্রে, যে বিষয়েই হউক না কেন, যে জয়ী হইজ, তাহার সন্মান এত অধিক যে, রাজরাজেশবের সন্মানও তাহার নিকট মলিন হইয়া যাইত: এবং কবিগণ তাহার যশ কীর্ত্তন করিত। এ উৎসবের মল্লক্রীড়া প্রভৃতি সমস্তই উলঙ্গ অবস্থায় সম্পন্ন হইত এবং সেই জন্য হউক বা আর যে কারণে হউক, কোন স্ত্রীলোক এ উৎসবে উপস্থিত হইতে পারিত না; হইলে তাহার বধদণ্ড হইত। যে কয়দিন এই পর্বাহ চলিত, সে কয়দিন গ্রীসে শত্রুতা থাকিত না। শক্র এবং বিপক্ষ একমিল হইত, যাবতীয় কলহ ও যুদ্ধসজ্জা প্রভৃতি স্থগিত থাকিত: এবং সমস্ত প্রদেশের গ্রীকেরা শত্রুতাতাাগে একতা হইত। দক্ষিণ গ্রীসে পীসা নগরের নিকট ওলিম্পিয়া ক্ষেত্রে এই উৎসব সমাগ্র হইত।

পীথিয়। ইহা আপলো দেবের উদ্দেশে চারি বংসর অন্তরে ডেল্ফীক্ষেত্রে অনুষ্ঠিত হইত।

নিমীয়া। দক্ষিণ গ্রীদে নিমীয়া নগরের নিকট হিরাফ্রিন্ দেবের উদ্দেশে ছই বংসর অন্তরে অনুষ্ঠিত হইত।

ইস্থমীয়। করিছের নিকট নেপ্চূন্দেবের উদ্দেশে চারি বৎসর অস্তরে অনুষ্ঠিত হইত।

এই উৎসব সকল অন্ন ইতরবিশেষে অলিম্পিন্ন উৎসবের অফ্করণ মাত্র; অতএব তাহাদের বিষয় বিশেষ করিয়া আর কিছু লেখাগেলনা।

এই অপূর্ব এবং অভূত দেববংশ ও দৈবপ্রকৃতি, যাহার মধ্যে

হাসিবার বিষয় পদে পদে, উচ্চ তত্ত্তানের যথায়সর্বাত্ত যেন প্রতিজ্ঞাতঃ অভাব, এবং অসং বৃদ্ধি ও অসং প্রবৃত্তি যাহার সর্বাত্ত পরিচালিত; ইউরোপীয়েরা তাহাই লইয়া, দিনান্তে পাঁচ বার হিন্দুশাল্লীম দেবদেবী-গণের দল্পে তুলনাপুর্বাক, হিন্দু দেবদেবীর প্রতি উপহাস বর্ষণ, এবং গ্রীক দেবদেবীকে উর্দ্ধে উত্থান করাইয়া থাকে ৷ কিছুই আশ্চর্য্য নহে ৷ প্রথমতঃ, যে যাহাকে আশ্রয় করিয়া মানুষ হইরা থাকে, তাহাকে আকাশে তোলা ও ভাহার প্রতি ক্রতজ্ঞতা প্রদর্শন করা মানবের স্বাভা-विक धर्य। विजीयजः, यनि कान यहेनाय कानिक अपन यहि स जुहियाता ইউরোপীয়দিগের প্রভু হইন্নাছে, তাহা হইলে দেখিতে পাইবে যিশুথীই কেমন এক নিখাদে অধোগমন করেন, এবং তাহার স্থানে 'ফরাতারা' কেমন উর্দ্ধে উঠিয়া হাততালি দিয়া হাদিতে থাকেন। অতএব ইউরোপীয়দিগের তজ্ঞপ করণে অস্বাভাবিক কিছুই নাই। কিন্তু কথা এখন এই, আমরা কেন, যেমন বুঝাইয়া থাকে, তাহার মধ্যে না বুঝিবার কারণ দেখিতে পাই না? উহাও আমাদের স্বভাব। মুসলমানদের সময়ে মুসলমান হইয়াছিলাম, ফিরিঙ্গীর সময়ে ফিরিঙ্গী হইতেছি; তোতাকহনির বয়েদ্কে আগে শ্রুতির অপেকা শ্রেষ্ঠ ভাবিতাম, মিল ডারউইনের তরঙ্গে এখন চলাচল করিয়া তুলিতেছি! মুসলমান-আমলে হিলুর ছেলে পীর নবিকে আশ্রয় করিয়া হিলু-দিণকে 'দোজকে' পচাইতে কুটিত হইত না; এখন দেই হিন্দুর ছেলে আবার বিশুর আশ্রমে হিন্দিগকে 'হেলে' পোড়াইতে কিছুমাত্র কৃষ্টিত হয় না ৷ মুসলমান-রাজত্বে বাইজীর ন্যায় ঘাগরা চাপকানকে কতই বা না বাহবা দিয়াছি, এখন আবার কোট হাাটের মোহিনী শক্তিতে কতই বা না মোহিত হইয়া পড়িয়াছি;! বাজারাম, যে ঘাগরা চাপকান মবাব স্থবোর নিকট তোমার ইজ্জতের আধার ছিল, এখন তাহার। কোথায় ? তাহাদের স্থানে কোট পান্টলুন এখন এমন অধিকার বিস্তার করিয়াছে যে, কি ঘরে, কি বাহিরে, দেশী পোষাকে তোমার লজ্জার ও ইজ্জতের কমিতে মাথা কাঁটা যায়। অথচ তোমার বুরি এবং হেক্মৎ অপরিদীম! বৃদ্ধি এবং হেক্মৎ চিরকালই অপরিদীম আছে; এবং নিজে যে তাহার কিছু কম্ জম্ প্রাপ্ত হইরাছে, এ কথা এ পর্যান্ত এ সংসারে কেহ কথন ব্যক্ত করিয়া বলিল না! ভবে বাঞ্ছারাম, অভাব কিসের !—অভাব যে কিছু তাহা কেবল আপনাতে আপনির!

দ্বিতয়ী পরিশিষ্ট।

প্রাচীন পৌরাণিক ধর্ম।

১৯২ পৃষ্ঠা। ৬৬ সংখ্যক টীকা।

-:0:---

মিগাছিনিসের বর্ণনা অন্থ্যারে তংকালে, অর্থাৎ কিঞ্চিন্ধিক বাইশ শত বংসর পূর্বের, ছই প্রকারের ধর্মত্যা। প্রচলিত দেখিতে পাওয়া যায়।
এক উপনিষদ অন্থ্যারে জ্ঞানমার্গ, অপর বেদপুরাণাদি অন্থ্যারে কর্মমার্গ।
জ্ঞানমার্গহণণ কিরুপ ছিল, তাহা আলেক্জাণ্ডারের প্রতি দণ্ডাচার্যোর
বাক্যে অনেকটা প্রকাশ পাইবে। কর্মমার্গ যে তংকালেও বৈদিক
ক্রেমাকলাপের বিশেষ প্রবলতা ছিল, তাহা মিগান্থিনিস্ বিশেষরূপে
উল্লেখ না করিলেওআমরা অন্থ্যান করিয়া লইতে পারি। সে যাহা
হউক, এখন এইটিই মিগান্থিনিস হইতে বিশেষ লক্ষিত্বা যে, যে
পোরাণিক ধর্মকে এখনকার অনেকে আধুনিক বলিয়া থাকে ও
বাহাকে হাজার বংসর বা তাহার কিঞ্চিদ্ধিকের অপেক্ষা অধিক
পুরাতন বলিয়া স্থাকার করে না, সেই পোরাণিক ধর্ম্ম তথনও
বিশ্বেরপে প্রচলিত দেখিতে পাওয়া যায়; এবং তাহাই প্রধানতঃ
দেখাইবার জন্য এই পরিশিষ্টের অবতারণা।

মিগাছিনিদ একস্থানে "শিবাই" (Sebae) নামক এক শ্রেণীস্থ ধর্ম-দল্পদারের উল্লেখ করিয়া তাহাদের এরপ বর্ণনা দিয়াছে। ১ ইহদের পরিধের চর্মা, হস্তে ত্রিশূল (Club) এবং তাহারা বলদ ও অখতর-দিগকে ত্রিশূলের চিহ্নে চিহ্নিত করিয়া থাকে। মূলে ঠিক ত্রিশূল শব্দ নাই, ইংরেজীতে "রব" শব্দ আছে। রব অর্থে গাধারণতঃ লগুড়,

^{) |} McCrindles Megasthenes pp. 111,

কিন্তু স্থান অমুসারে মিগান্থিনিসের ধারা ত্রিশুল অর্থে ব্যবস্থাত হওয়ার পক্ষেও কিছুমাত্র আশ্চর্যা নাই। সে যাহা হউক, এখন এই বর্গনাটি দেখিলে ঐ শ্রেণীকে শৈব সন্ধ্যাসী বলিয়া ধরিয়া লইবার পক্ষে কোনই প্রতিবন্ধক দেখা যায় না; অখবা শৈব বলিয়া ধরিয়া না লইলে অপর কোন অর্থ্যও হয় না। পুনশ্চ, ইহাও দ্রপ্তবা যে, মিগান্থিনিস কর্তৃক উক্ত শিবাই শক্ষও তৎপক্ষে স্পান্তরূপে সহায়তা করিতেছে। বর্তমানকালীয় শৈবগণের বর্ণনাও যে উক্ত বর্ণনা হইতে কিছু অধিক রূপান্তরিত তাহা মহে। অতএব স্পষ্ঠতঃ দেখা যাইতেছে যে, তথনও শৈবধর্ম ও শৈবগণ প্রচলিত ও বর্তমান ছিল।

ইহার পর আরিয়ান-ক্ত বর্ণনার ২ আছে বে, সৌরসেন দেশে ছইটা বড় নগর আছে, তাহার একটার নাম মিথোরা ও অপরটার নাম ক্লিয়াইসোবোরা এবং ঐ দেশের মধ্য দিয়া ঘোমানি নদী প্রবাহিত। এই দেশের মধ্য হিরাক্লিস্ দেবতা বিশেষরূপে পূজিত হইয়া থাকেন।

এক্ষণে নামগুলির গ্রীক আবরণ ঘৃচাইয়া দিলে, দেখা যায় স্থরসেন রাজ্যে মথুরা ও কালিয়াবর্ত ও নামে গুই অতি বড় প্রধান নগর এবং স্থরসেনের মধ্য দিয়া যমুনা নদী প্রবাহিত ছিল। হিরাক্লিস্ দেবতা অর্থে ছরি বা বলদেব। গ্রীকদিগের দস্তর এই ছিল যে, তাহাদের নিজ দেবদেবীর সঙ্গে এ দেশীয় কোন দেবদেবীর কি আকারগত, কি চরিত-

RI, Mc.Crindles Megas. pp. 139 & 210.

০। কালিয়াবর্ত অর্থাৎ বৃন্দাবন, কালিনাগের আবর্ত হইতে কালিয়াবর্ত নাম এবং দেখা ঘাইতেছে যে নিগাছিনিদের সময়ে ঐ নামেই ইহা বিখ্যাত ছিল। পুনন্দ, ইহাও জানা বাইতেছে যে, ঐ সময়ে উহা সৃষ্টিশালী নগর ছিল। কিন্তু আবার দেখা ঘাইতেছে, কালক্রমে ঐ নগর ধ্বংন ও হানটি জ্বলময় হয়। মহাপ্রভু হৈতন্যদেব ব্ধন আবিভূতি হরেন, অর্থাৎ চারি শত বংসর পূর্বের, বৃন্দাবন নির্দ্ধন অরণ্যমর ছিল। হৈনাদেবের আত্যক্রমে ঐরল ও তদীয় আঠে সনাতন গোখামী বৃন্দাবনের ল্পু তীর্থ উভারে নিযুক্ত হয়েন এবং উক্ত গোখামী ব্রুয়ের সময় চইতেই বর্তমান বৃন্দাবন নগরীর স্থাপনা আরভ্য হয়।

সভ, তান একটু সাদৃশ্য মিলিলেই, এ দেশীর নাম গ্রহণ না করিরা ভাহাদের নিজ দেবদেবীর নাম ভাহার উপর অর্পণ করিত। সেই স্ক্রেই প্রীকদিগের নিকট শিবের নাম বাংগাদ্ এবং হরি বা বলদেবের নাম হিরাক্লিদ্। পুনশ্চ, মিগাছিনিদ্ বলিভেছে যে, ভারতীর হিরাক্লিদের অসংখ্য প্রা ও অসংখ্য পুত্র ছিল।

মিণাছিনিদ্ আরও বলিয়াছে বে, হিরাক্লিসের একটী কন্যা ছিল, তাহার নাম পাওৈয়া, এবং হিরাক্লিদ্ দক্ত দকল বিনাশ করিয়া এক বিশাল রাজ্য তাহাকে অর্পণ করেন। ইহার হারা আমার বিবেচনায় কুরুক্তের যুদ্ধ জয় ও পাঙ্বংশকে রাজ্যপ্রদানের কথা স্টিত হয়। তবে যে পাঙাব কন্যা বলিয়া বর্ণিত হইয়াছে, তাহা কেবল মিগাজিনিসের বৈদেশিকত্বজনিত ত্রম ভিন্ন অন্যা কিছুই নহে। অথবা হইতে পারে যে, মহাভারত অতি বিশাল গ্রন্থ হেতু তাহার বছল প্রচার না থাকার; যে জনক্রতি শুনিয়া মিগাজিনিদ্ লিথিয়াছেন, তাহাই ক্রম্প ত্রমসংস্থল ছিল।

অক্তএব এতদ্বারা এই জানা ঘাইতেছে যে, যেরূপ শৈব, সেইরূপ বৈষ্ণুৱ সম্প্রদায়ও তথন প্রচলিত, এবং মহাভারতের ঘটনাবিষরক আথাায়িকাও দেশমধ্যে অন্ধ্র বিস্তর প্রচারিত ছিল।

মিগাছিনিদেরও প্রায় ছইশত বর্ধ পুর্বের তীর্থ ও পুণ্যক্ষেত্রাদির ব্যবহার
নেখা যায়। কারণ ক্তিসিয়াস্ ⁸ একস্থানে বলিতেছে যে, একটি
কুপ্ত ছিল, তাহাতে ভারতীয়ের। পবিত্র ইইবার জন্য অবগাহন করিত।
পুনন্চ, নিত্য প্রজ্ঞালত অগ্নিবিশিষ্ট একটি পর্বতেরও উল্লেখ আছে।
শেবাক্তটি জালামুখী বলিয়া বোধ হয়; কিন্তু প্রথমোক্তটি কোন
কুপ্ত, তাহা নিরপণ করিতে পারা যায় না।

জ্ঞানমার্গ সম্বন্ধে অধিক কিছু আর না বলিরা, অর কিঞ্চিৎ অমুবাদ পূর্ব্বক উদ্ধৃত করিরা দিলাম। ত —ব্রাহ্মণদের মধ্যে আর এক

^{8 |} Kt. Frag. 1 & XII.

e | Megas. Frag, LIV.

সম্প্রদায় আছে, তাছারা জ্ঞানবাদী এবং তাছারা যদুছো বিচরণ করিয়া থাকে। তাহারা কি আমিব, কি অগ্নিপক থানা, এ সকলের কিছুই গ্রহণ করে না: ফল আহার করিয়া জীবন ধারণ করে, কিন্তু সে ফলও তাহারা গাছ হইতে পাড়ে না, খাহা আপনা হইতে তলায় পড়ে তাহাই গ্রহণ করিয়া থাকে। তাহারা বলে ঈশ্বর এই শরীরকে আত্মার কোশস্বরূপ করিয়া দিয়াছেন এবং তাহারা সর্বাদা উলঙ্গ পাকে। তাহারা বলিয়া থাকে, পরমেশ্বর জ্যোতি:স্বরূপ, কিন্তু সূর্য্য, অগ্নি বা যেরপ জ্যোতি আমরা চকে দেখিতে পাইয়া থাকি. সেরপ জ্যোতি নছে। তাছাদের মতে প্রমেশ্র শক্ষরূপ (শক্ষ বন্ধ), কিন্তু শক্ বলিতে সাধারণ কথাবার্তা নহে; যাহার দারা জ্ঞানের বিকাশ ও গুঢ়তবের উদ্ভেদ হয়, তাহাই শব । ঐ জ্যোতি:য়রপ, যাহাকে जाराता गम विवाध वरण, जाराता विवा थारक (व जारा क्वन ব্রাহ্মণদিগের দারাই উপলব্ধ হইতে পারে, যেহেত তাহারাই কেবল অহস্কারপরিতাাগে সমর্থ এবং এই অহস্কারই আত্মার সর্বাপেকা ৰহিঃস্থিত কোষ। মৃত্যুকে তাহারা নিতাস্তই ভুচ্ছ করিয়া থাকে, এবং দর্বনাই অতি ভক্তি দহকারে ঈশ্বরের নাম উচ্চারণ ও স্তোত্র পাঠ করিয়া থাকে। তাহারা বিবাহ বা সম্ভান উৎপাদন করে না। যে (कह हेशामत (अपीकुक हरेएक हेम्हा करत, जाशाता वित्रमितनत गढ ঘর বাড়ী ছাড়িয়া নদীপারে আসিয়া দলস্থ হয়; এবং আর কথন ও গুছে প্রতিগমন করে না।

তৃতীয় পরিশিষ্ট।

· —•:•—

হিন্দুর ব্রন্ধবিদ্যায় জ্ঞানকাও।

(ৰংপ্ৰণীত বাল্মীকি ও তংসাময়িক বুভান্ত নামক প্ৰস্থ ইতে উক্ত আর্ধ ্যগণের মতে শ্রুতিপ্রতিপাদিত ধর্ম্মই উৎকৃষ্ট এবং স্নাতন ধর্ম্ম। #তি ছই ভাগে বিভক্ত, মন্ত্ৰ ও বান্ধণ। ব্ৰান্ধণের শেষভাগে ব্ৰন্ধজন বিবৃত হইয়াছে, সেই অংশকেই উপনিষদ বা বেদের স্বস্তভাগ বলিয়া বেদাস্ত বলে। হিন্দুদিগের জ্ঞানকাণ্ড সেই উপনিবদের উপরেই প্রধানতঃ নির্ভর করে। উহা যোগধর্ম্মের উৎস। যোগধর্ম সম্বন্ধে যাহা কিছু পরে রচিত হইয়াছে, তাহা উপনিষদের ছহিতা স্বরূপ; বিরুদ্ধ মত অপ্রদ্ধেয়। এই নিমিত্ত, জ্ঞানকাও বা দর্শনাদি সম্বন্ধে যাহা কিছু পরে রচিত হুইয়াছে, প্রায় সকল রচম্বিতাই আপন আপন মতের গৌরব রক্ষার্থে উপনিষদের দোহাই দিয়াছেন। এমন কি, নিরীশব সাঞ্চাও, যদি বিজ্ঞান ভিক্সুর ভাষ্য প্রাহ্য হয়, উপনিষদের দোহাই দিতে ক্রাট করেন নাই। এইরূপ দোহাই দেওয়ার প্রথায় অনিষ্ট ঘটতেও ক্রট হয় নাই। ছট্ট বিদ্যাভিমানিগণের আপন আপন মত প্রতিপোষকতার নিমিত্ত অনেক জাল উপনিষৰ্ও স্থ হইয়াছে। স্থতরাং উপনিষৰ্ও নির্বিবাদে নাই। ধাহা হউক, বান্সীকির সময়ে যোগধর্ম কতনূর উন্নতি লাভ করিয়াছিল, তাহা বাল্মীকির দারা উল্লিখিত বেদশাথা, ত্রাহ্মণ, উপনিষদ্ এবং আর যাহা যাহা তাঁহার পূর্বের, সেই দকল হইতে যোগধর্মের সারাংশ মূল প্রস্তাবে প্রদর্শিত হইতেছে। পরবর্তী সময়ে তত্ত্ ভাব ক্তদুর অনুস্ত বা অঙ্গপ্রতাঙ্গবিশিষ্ট হইমাছে এবং মূল বিষয়ের সহিত কিরূপ সম্বন্ধ ধারণ করে, তাহা প্রায় দীকাকারে অন্যান্য বিষয়ের সহ প্রার্শবর্তিভাবে প্রদর্গিত হইবে।

উপনিষদ্সমূহের উদ্দেশ্য যদিও এক, কিন্তু তাহাতে আরও নানা বিষয় বির্ত হইরাছে,এবং প্রত্যেকেই ভিন্ন ভিন্ন পথাবলম্বনে সেই সেই উদ্দেশ্য সাধিত হইরাছে। সে সকলের সহিত্ত এথানে সংস্রব রাধা আনাবশ্যক এবং তত্পবৃক্ত স্থানও নাই। উদ্দেশ্য মাত্র নিম্নত কয় ভাগে বিভক্ত করিয়া, তংপ্রতি দৃষ্টি রাখিয়া, যোগধর্ম আলোচিত হইতেছে। ঈশ্বরের স্বরূপ,স্টির ব্যক্তাব্যক্ততা,ক্লীবাত্মার সহ পর্মাত্মার সম্বন্ধ, ক্লীবাত্মার অবস্থান, মুক্যুপায় এবং যোগসাধনোপায়।

रेवनान्डिक धर्यात्र मृत প্রস্থান

"আত্মৈবেদমগ্র আসীদেক এব"

এবং লব্ধ ফল

"এতদাত্মমিদং সর্বং তৎ সত্যং স আত্মা তত্তমসি খেতকেতো।"

নিত্য শ্বয়্ত্ এবং যাঁহাকে অপর কিছুতেই ব্যক্ত করিতে সমর্থ হর
মা, এবং যাঁহার বারা অপর সকলই ব্যক্ত হইয়া থাকে, ও "এষ
সর্ক্ষের এষ সর্ক্জ এবােহস্তর্যাম্যের যােনিঃ সর্ক্ষর্য প্রভবাপাদৌ
হি ভ্তানাং" এরপ একমাত্র পরমান্ত্রা আদিতে বিরাজমান ছিলেন।
তাঁহা ব্যতীত আর হিতীয় সকাম বা নিকাম কোন পদার্থই ছিল না।
এই নিত্য অবিনাশী জ্ঞানময় আত্মা বহুধা হইতে কামনাযুক্ত
হইলেন। ডজ্জন্য তপঃ সাধন অর্থাং স্টের প্রক্রিয়া নিরূপণ করিয়া
এই সমন্ত স্টে করিলেন। তাঁহার ত্রিগুণান্থিকা মায়াশক্তি সাম্যাবহা
চ্যুত শুণক্ষোভ প্রাপ্ত হইলে, তাহা হইতে প্রথমে শক্তণ আকাশের
উৎপত্তি হইল, অনন্তর ক্রমান্তরে আকাশ হইতে ক্রপত্তণ ব্যক্ত, মরুং
হইতে রূপত্তণ তেজঃ তেজঃ হইতে রূপত্তণ অপ্, অপ্ হইতে গন্ধশুণ
ক্রিতির উদয় হইল। আকাশানির গুণ, পর পর পরে সন্নিবিট আছে;
অর্থাং বায়ুতে শক্ত পের্লা, তেজে শক্ত স্কর্ম রূপ রূপ, জলে শক্ত পর্কার ওরদ, এবং ক্রিতিতে শক্ত স্ক্র্মার রূপ রূপ রূপ, জলে শক্ত পর্কার বিহত উদ্ভিদ্, উদ্ভিদ্ হইতে অন্ন, অয় হইতে রেডঃ, রেজঃ

্ষতি মন্ত্রের উৎপত্তি হইল। স্পৃষ্টির বিকাশক ও পরিরক্ষকগণ স্পৃষ্টির মানসে, কারণজনমধ্যে স্পৃষ্ট স্থায়ীর আদি বীক ও মারাশজির প্রথম পরিপাকস্বরূপ হৈ অন্ত, তাহার উদ্ভেদে একটা মরাকার প্রক্রকে গ্রহণ করিবান ; ইনিই হিরণ্যগর্ভ। সেই প্রব্বের শরীর উদ্ভিন্ন করিবা আমি, বায়ু, প্র্যা, দিক্, উদ্ভিন্ন, চল্ল, মৃত্যু, এবং জন এই সকলের অধিষ্ঠাতুন্তের উত্তর হইল। ইইলার মন্ত্র্যাশরীরে প্রবেশ করিবা ঘণাক্রমে বাগিন্দ্রির, খাসেন্দ্রির, দর্শনেন্দ্রির, প্রবেশনির্দ্রি, কেশাবলী, মন, প্রাণবায়ু এবং উৎপাদিকা শক্তি এই সকলের অধিষ্ঠাতা ও পরিবক্ষকভাবে অবিস্থিতি করিবেন। আনজর পরমাত্রা স্থানতে প্রবেশ করিবা তাহাদিগকে প্রদন্ত যে স্থভাব, তাহা ব্যক্ত করিবেন; এ নিমিত্ত সাল্যার করিব। অবস্থাতির বিদ্যা অবিদ্যা, উভয়বিধ ভাবই তাহাতে আপ্রয় করিব। ও বেমন প্রজনিত অগ্নি হইতে শত শত শত ক্রিক বিহির হয়,

পনৰ্কং সনিলমেবাদীং পৃথিবী তত্ৰ নিৰ্শ্বিতা। ততঃ সমভ্ৰদ্ৰকা সমভ্ৰদৰিতৈঃ সহ ॥"

পুনক মৰুতে (১/৬-৯) অব্যক্ত কৃন্ম প্রমান্ধা ক্ষমীকরণেজু হইব। পঞ্চুতাদির ক্ষমী করিনেন, তাহাতে আপন শক্তিকাপ বীক অর্পণ করার, একটি অত্যের উৎপত্তি হইল। ঐ অতে বিধাতা হিরণাগর্ভ জন গ্রহণ করিবেন।

(৩) বেরান্তর্গনের শাররভাষামতে ইবর সতা, আর সমন্ত অসতা অর্থাং অবিদ্যা বা মারা। এই স্টেনেই অবিদ্যা-প্রপঞ্চ। অবিদ্যার আবরণবালিও বিকেপশালি, এতহুতর শক্তিবশে জীবাল্লা অবিদ্যার আবন্ধ হইরা থাকে। অবিদ্যা কর্পকলাশ্রী, তারিমিত্ত ক্ষণে ভরত ক্ষণে অবনত হওরার তদাশ্রিত জীবও প্রা-পাণ, স্থ-ছাব ও বর্গ-ন বরাদির অরীদ হইরা থাকে। জীবাল্লা বর্গন এই অবিদ্যা-বন্ধন ছেদ করিয়া

১। ছালোগো (৬।২.৩) ঈৰর বহুবা ইইতে বাছা করিলে এখনে তেজ হাই ছইল ডেজ হইতে জল, জল হইতে অন, আন হইতে খেদল, অওজ, ও উদ্ধিজের উৎপত্তি হইল। মাওুকো (১।১।৮) আন হইতে বখালনে আনি মন নতালোক কর্ম এবং আমুত্ত উৎপাদিত হইল। এতৎ প্রাচীন উপনিবদ্বরে উদিথিত মত-বৈলক্ষণা লক্ষিত হয়।

⁽২) রামারণে ২০১১-০

এবং সেই ক্লিক ও অধি বেমন এক পদার্থ, অথবা আকাশ বেমন বটে আবদ্ধ হইলেও তাহা মহা আকোশ সহ একই পদার্থ; তহং জীবাত্মা সেই পরমাত্মা হইতে নির্মাত হইরা, স্টে বন্ধমধ্যে প্রবেশ করিয়া অবিদ্যাবদ্ধ হ হওত বন্ধ সকলের ব্যক্তভার কারণ হইলেও, জীবাত্মা এবং পরমাত্ম উভরে এক। ও

জীব ও পরমান্তা কিরপে এক এবং জীবের মধ্যে পরমান্তা কিরপে সমিবিষ্ট, তাহা সাদা কথার বুঝাইতে গেলে;—জীবে যে চৈতনাম্বরণ পদার্থ, তিনিই পরমান্তা। জীবের দেহ বাহা, তাহা মায়িক ও জড়; জীবের কামকর্ম্ম পরিপাকে মারাবলে উত্তা। এখন এই জড়দেহ

পরমান্ত্রার সাকাংকার করে, তথনই জীবান্তার কামকর্মাদির হেতুরাহিত্যে মৌক্রমাধন হর। পুনক মহানির্কাণতত্ত্ব "রক্ষাদিত্বপর্যান্তঃ মায়রা করিত: জপং," এবং "বমায়ারচিত: বিশ্বং" ইতাদি। অবিদ্যা দারা জীবান্তা আবদ্ধ ইইতে পারে কি না তাহা সাংবাদ্দরের প্রথমাধারে ২০, ২১, ২১ ও ২৪ সংখ্যক হত্তে মীমানিত ইইরাছে। "নাবিদ্যাতোহপারস্তনা বন্ধামোগাং" ইত্যাদি। রক্ষে এই বিশ্ব বেরুপে নির্ভর করিরা আছে, তাহা বেতাব্তর উপনিষ্টের প্রথমে নদী ও চক্ষের রূপকে অভি ক্ষেত্রারে প্রদৰ্শিত ইইরাছে।

- (6) শ্রুতির ভিন্ন ভারে একরপ অর্থে ভিন্ন ভিন্ন কথা ব্যবহৃত হইরাছে।
 আমরা ভজ্জনা শ্রুতিবিশেবের একার্থক বিভিন্ন শন্সমূহের পরিবর্তে, ছলে ছলে
 অর্থের সামঞ্জন্য এবং একডা রক্ষার্থে বেদান্তপত্রে ব্যবহৃত প্রতিশব্দ ব্যবহার করিব।
 অবিদ্যাও সেইরপ একটি শব্দ।
- (c) এতভাবের বিভার ভগবদ্শীভার ১০া১৫ "সর্ক্সা চাহং হলি সরিবিটঃ" ইত্যাদি, পুৰক্ষ ৬১৯-৩১ "সর্ক্ষভূতহ্বাস্থানং সর্ক্স্তানি চান্থানি" ইত্যাদি। বোগ-বানিটে ৩০০ "লগন্তমোহরং" ইত্যাদি। ব্রহ্মাণপুরশান্তর্গত উত্তর গীভার "অহ-মেক্মিদং সর্ক্ং" ইত্যাদি। পুনক ভগবক্ষীভার "অহং বৈধানরে। ভূকা প্রানিনাং দেহমান্তিতঃ। প্রাণাণানস্যায়ুত্তঃ" ইত্যাদি। সাকার উপাসনা মার্গেন,

"ৰাজ: সৰ্ক্ষয়ি প্ৰসীদ পরৰে বিবেশি বিবাশ্রনৈ, দ্বং সৰ্কাং নহি কিঞ্চিন্তি ভূবনে বন্ধ ব্যবন্যং শিবে।" ইত্যাদি, ইতি ভগবতীগীওা।

রামায়ণে ৪র্থ কাঙে ১৮ সর্বে "ক্রিছ: সর্বভূতানামান্তা বেদ শুভাশুত:"।

চৈতন্যের যে আভাসে আভাসিত হইলে, ভাহাকে সচেতন ও সজ্ঞানে র
ন্যায় জিয়াশীল বলিয়া দেখা যায়; চৈতন্যের সেই আভাসকেই চিং-দ
শক্তি, চিদাভাস প্রভৃতি নামে নামিত করা হয়। এই চিদাভাসকে
পুন: পরা প্রকৃতিও বলে; ইনি পরা প্রকৃতি ও বিদ্যা, আর জড়ফাটিকারিণী মায়া অপরা প্রকৃতি বা অবিদ্যা। রূপকে বল আর বাই বল,
গোলকধামে প্রীকৃক্ট সেই পরমপুক্ষ পরমায়া এবং রাধিকা সেই
পরা প্রকৃতি। আর অপরা প্রকৃতি যিনি, তিনিই অইম্ভিতে রাধিকার
অই স্থী,—

"ভূমিরাপোহনলো বায়ঃ খং মনো ব্জিরেব চ, অহঙ্কারঃ———।"

অথবা অপেকাকৃত আধুনিক পৌরাণিক মতে অপরা রূপকে পরিণত চইয়া বিরক্ষা নামে থ্যাত। বিরক্ষা গোলোকধামবেইনে নদীরূপে বিরক্ষির নামে থ্যাত। বিরক্ষা গোলোকধামবেইনে নদীরূপে বিরক্ষার জলেই অসংখ্য ক্রন্ধাণ্ড ভাসিয়া থাকে, এবং যতক্ষণ ভাসে ত ক্রমণ তারার অব্যক্তে অবস্থিত। নিতা বালিকার্রপিণী কাল, বিরক্ষার ধারে বিসয়া, বালবভাবে সেই ক্রন্ধাণ্ডরাশির মধ্যে যথন যতটা উত্তোলনপূর্ব্বক ক্রীড়াকল্কের ন্যায় থেলা করিতে থাকে, তথন তাহাদের ততটাই ব্যক্তে আইসে; আবার থেলিতে থেলিতে বালিকার হাত ফসকাইয়া তাহার কোনটা পড়িয়া গেলেই, মহা- এলারের উপস্থিতিতে তাহা ভাসিয়া বা ধ্বংস হইয়া যায় ও অবাক্রে বিলীন হয়। বালিকাটী রাধিকারই ছহিতা, স্কুতরাং বলা বাছলা যে, রাধিকা সর্ব্বদাই সক্ষোত্তকে বালিকাটীর ক্রীড়া দর্শন করিয়া থাকেন। বৈষ্ণবে ক্রঞ্জনাধিকা, শাক্তে শিবহুর্মা, এইরূপ খাহার যেমন সম্প্রদায়, সে সেইরূপেই এই পুরুষ ও পরা প্রকৃতিকে ডাকিয়া থাকে।

রাধিকার প্রোক্ত দৃষ্টি বা চিদাভাদেই জড়জগৎ বা জড়বজাও, স্থতরাং প্রত্যেক থও জড়দেহও,সচেতনের ন্যায় ও জ্ঞানবানের ন্যায় দৃষ্ট হয়। সমষ্টি চিদাভাদের দারা সমষ্টি জড় সচেতন হইলে,ভাংহাই সর্পমূর্তি- সমষ্টি জীব ঈশরের বিরাট দেহরূপে প্রকাশ পার; এখানে এই সমষ্টি দেহ বিরাট দেহ এবং তরিহিত ও তদ্বারা উপাধিবিশিষ্ট সমষ্টি চিনা-ভাসই नेश्वत । সমষ্টির ন্যায় আবার ব্যষ্টিদেছ বা দেহবিশেষে যে চিদংশ পজিত হয় এবং যক্ষারা দেহবিশেষ সচেতন হইয়া থাকে, সেই চিদংশই সেই দেহ দারা উপাধিবিশিষ্ট হইয়া জীব বা জীবাত্মা আখ্যা ধারণ करत अवः जाहाद त्महे वाहित्महत्क कीव-तमह वना यात्र। किमःम বেমন দেহ ছারা উপাধিবিশিষ্ট হয়েন. তেমনি দেহজাত মায়িক কামকর্মাও তাঁহাতে আরোপিত হওয়ায় তিনি তন্ত্বারা কামক্র্মবিশিষ্ট এবং তজ্জাত কলকে স্বতরাং কলঙ্কিত হইয়া থাকেন। দেহ দ্বিবিধ, ञ्चल ও रुक्त। जुलामर कीराव कतामुका मर रहेराजा । यारेराजा ; কিন্তু স্কুদেহ সেরপ সহজে যায় না। যতক্ষণ কামকর্মের একেবারে ক্ষয় সহ চিদংশে আরোপিত কলক্ষের অপনয়ন না হয়, ততক্ষণ ফুল্মদেহ ঘুচে না। স্ক্রাদেহ ঘুচিলেই উপাধিনষ্টে মোক্ষ হয়। কামকর্মক্রে স্ক্রদেহ ঘূচানর জনাই তাহার প্রক্রিয়ামার্গে উপাসনা, জ্ঞান, ভক্তি, যোগ প্রভৃতি অমুষ্ঠানের প্রয়োজন। আরও একটা কথা বলি, যেমন দেহবিশেষ অথাৎ বাষ্টিদেহ জাত মায়িক কামকর্ম জীবোপাধিবিশিষ্ঠ জীবাত্মায় আরোপিত হইয়া জীবের কামকর্মস্বরূপে গণিত হয়: সেইরূপ সমষ্টিদেহ জাত মায়িক কামকর্ম বাহা, তাহা সমষ্টিদেহী প্রমেশ্বরে আরোপিত হয় এবং তাহাই বৈদান্তিকতত্ত্বে ঈশ্বরের জগং-কর্ত্ত বলিয়া কথিত হইয়া থাকে। এখন বুঝিলে বোধ হয় যে, তোমাতে যে চৈতন্যস্বরূপ, তিনিই প্রমান্ধা বা ব্রহ্ম; তোমার শরীর যাহা তাহা মায়া: এবং দেই শরীর চৈতন্যের যে আভাদে আভাদিত হইয়া সচেতন হইতেছে, তাহাই জীবান্ধা বা তুমি। স্থূপ সক্ষ উভয় শরীরক্ষরে তোমার তুমিত্ব ঘূচিয়া গেলেই, সমুদ্রের জল সমুদ্রে মিশিরা এক হইরা যাওয়ার মোক।

অভংগর মূল প্রভাবের অন্তর্গর করি। যেমন সুর্যা যে দকল বস্তুর উপর কর প্রসারিত করেন, দেই দেই বস্তর গুণামুদারে এবং স্থলান্তরে দর্শকের নেত্রদোষামুদারে তিনিও তন্বং গুণপ্রাপ্ত বলিয়া ভান হয়; জীবাত্মাও অবিদ্যা-প্রভাবে কার্য-কর্ম ও ভভাভত প্রভৃতিতে তবং পরিচালিত ও মোহযুক্ত এরূপ পরিদৃশ্যমান হইয়া থাকেন। বস্ততঃ স্থ্যকর যেমন সেই সেই গুণ ছইতে নিৰ্ণিপ্ত, জীবাত্মাও তক্ৰপ মান্নাজনিত মোহ এবং স্থাধ ও ছ:থে নিপ্ত থাকিয়াও নির্লিপ্ত হয়েন। ৬ পরমান্তার জীবশরীরন্থ ভাবকৈ জীবাত্মা এবং শ্বভাবস্থ ভাবকে পরমাত্মা পদে অভিহিত করা যাইবে। জীবাত্মা কর্মাশ্রমী মায়াবন্ধনযুক্ত হওয়ায় যদিও গমন-বিমুখ, তথাপি মন অপেক্ষা ক্রতগামী; নৈকট্য এবং দূরত্ব তাঁহার নিকট উভয়ই সমান, তিনি অন্তর-আকাশে থাকিয়াও অন্তর বাহির উভয় স্থানে বাদ করেন, তিনি দর্মব্যাপী, প্রভান্বিত, অশরীরী, শিরা-মত্তিজ বিহীন, নির্মাণ ও পাপরহিত। ৭ নিত্য, স্ক্র, অবিনাশী, কিছু হুইতে উৎপন্ন নহেন, স্বয়ম্ভ, হস্তাও নহেন, হস্তব্যও নহেন। বাক্য নেত্র শ্রোত্র শ্বাস প্রভৃতির যিনি অতীত এবং যাহা হইতে ঐ সকল ব্যক্ত হইয়া জগৎ প্রকাশ করিতেছে, যিনি কেবল অধ্যাত্ম যোগ দারা প্রাপ্তবা অথবা

"অরমাত্মা ক্রন্ধ মনোমরঃ প্রাণমর কুর্মরঃ শ্রোক্তমরঃ পৃথিবীমর আপোমরো বার্মর আকাশমর ক্রেলোমরোহতে কোমরঃ ক্রামমরোহ ক্রামমরঃ নর্কার ক্রামর ক্রামমরঃ ।"

• জीवाञ्चा অविদ্যাবন্ধনযুক্ত হইলে অন্তর, মন, অহঙ্কার, অজান,

⁽৬) আলা জীবশরীরত্ব হইয়াও কিয়প নিলি'প্ত তাহা আরু সাংখ্যের ছায়া আলয় করিয়া ভগবললীতায় ১৩২৯-৩৪ ফুলয়য়পে বর্ণিত হইয়াছে। পুনত মহানিকাশে তত্ত্বে

[&]quot;बदमाजा नहा मूट्डा निनि'शः नर्सरखर्।"

⁽৭) ভগবদ্গীতার ২।১৭-২॰ "অবিনাশি তু তথিদ্ধি" ইত্যাদি। **আ**বার ১২)১৬-১৫

[&]quot;नर्कडः शानिशामस्य मर्काछाश्किनितापूरः।" देखामि।

বিজ্ঞান, প্রেক্তান, মেধা, ধৃতি, মনীবা, জৃতি, স্কৃতি, ক্রত্ন, অন্ত্র, ইচ্ছা ইত্যাদি তাহার পরিচায়ক হয়। পরমাত্মা এ সকল পরিচায়কতা কিহীন নিরাকার। আত্মা জীবস্থ হইলে, জৈব ব্যাপার সম্বন্ধে আত্মা রুধী, শরীর রুধ, সন্ধ সার্থি, মন বলগা, ইন্দ্রিরগণ অম্ব এবং উদ্দেশ্য পথ। জীবাত্মার আধ্যাত্মিক উৎকর্ষতায়, ইন্দ্রির হইতে উদ্দেশ্য মহৎ, উদ্দেশ্য হইতে মন মহৎ, মন হইতে সন্ধ মহৎ, সন্ধ হইতে ব্যক্ত জীবাত্মা, তহুচেত পরমাত্মা, উহাই সীমা। ৮

জীবশরীরে অয়ময়-কোষাবলম্বনে মনোময় কোষ, তদবলম্বনে বিজ্ঞানময়; অনন্তর বথাক্রমে জ্ঞানময় এবং আনল্ময় কোষাবলম্বনে অবস্থিতি
করেন। ইহাঁর অবস্থা চারি প্রকার। প্রথমে বৈধানর, ইনি স্থলশরীরস্থ
হইয়া উহাকে পরিচালনা করেন। ইহা জীবের জাগ্রদবস্থা। এই
সময়ে জীবাদ্মা উনবিংশ ইক্রিয় ৽ বিশিষ্ট হইয়া স্থল বস্তু ভোগ করিয়া
থাকেন। দ্বিতীয় তৈ অসম, উহা জীবের স্বপ্রাবস্থা, এই সময়ে উক্রমণ
ইক্রিয়বিশিষ্ট স্ক্রশরীরে থাকিয়া স্ক্র বস্তু ভোগ করিয়া থাকেন। তৃতীয়
প্রাজ্ঞ, ইহা সুব্প্রাবস্থা, ঐরপ স্ক্র পুরে আবদ্ধ থাকিয়া পরমানন্দ ভোগ
করেন। চতুর্থ সর্ক্রবন্ধন-বিচ্ছির ব্রন্ধ। এই চতুর্ক্রিধ ভাব বথাক্রমে
'য়য়,' 'উ,' 'ম,' এবং 'ওম্' দ্বারা সাধিত হয়। বৈধানর ভাবে জীবান্ধার
অবস্থান দক্রিণনেত্রে, তৈ জস্ভাবে মনোমধ্যে, প্রাজ্ঞভাবে অস্তর-

⁽৮) এরূপ উৎকর্ষতার পর্যায় কিন্তিং বৈলক্ষ্য সহ ছালোগ্যে গাং-১০ প্রদর্শিত হইরাছে। যথা বাক্য হইতে মন মহৎ, মন হইতে সংকর, সংকর হইতে চিন্ত, চিন্ত হইতে খান, ধান হইতে বিজ্ঞান, বিজ্ঞান হইতে ক্ষয়তা, ক্ষমতা হইতে আরু, অরু হইতে আলা, আলা হইতে জ্ঞাণ। এই প্রাণকে যে সাধনা বারা জ্ঞাত হইতে পারে দেই অভিবানী। এতক্রপ ভগবল্গীতার (৩৪২) শরীর হইতে ইন্দ্রির শ্রেষ্ঠ, ইন্দ্রির হইতে মন, মন হইতে বৃদ্ধি, বৃদ্ধি হইতে আলা।

⁽२) शक खारनिलात, शक कर्ष्मालात, शक वायु, मन, वृक्ति, अहकात छ छिछ।

বাকালে।— অন্তর হইতে একশত এক নাড়ীর উৎপত্তি, প্রত্যেকে শতধা বিভক্ত, সেই প্রত্যেকের আবার ৭২০০০ উপশাধা আছে। ১০ প্রত্যাং সমস্ত নাড়ীর সংখ্যা ৭২৭২০০০০। উহাদের মধ্যে পরিচালিত বে বাছ্প্রবাহ, তাহা বিশেষ বিশেষ কার্য্যাস্থলারে প্রাণ, অপান,
চিনান, বাান ও সমান এই পর্য নামে নামিত। এই পঞ্চ বায়ু অবলয়ন
নিরা পঞ্চ অন্তির অবস্থান; যথা গার্হপতা, দক্ষিণামি, আহবনীর,
সভ্যায়ি ও আবসভ্যায়ি। নাড়ী সকলের মধ্যে নাড়ী-প্রধানা স্থ্যা
অন্তরের উর্বভাগে উৎপন্ন হইবা, তালুস্থ নাড়ীবর্ষ এবং মাংস্থতের
মধ্য দিরা, করোটি নামক মন্তর্ভান্তির ভিতর দিরা কেশম্ল সীমা
প্রোপ্ত হারাছে। এই নাড়ীতে প্রবেশ করিরা, জ্ঞান ও আনন্দমর্
বর্গপ্রত আয়া অন্তরাকাশে পল্নবং গৃহমধ্যে বাস করিতেছেন; ভূত্ব
অগ্নি, বারু ইত্যাদি সকলেই তথার বর্জমান আছে। ১৯০

"মোরোর্গায় এবেশে শশিমিছিরশিরে সবাদক্ষে নিবরে, মধো নাড়ী ফ্রুলা ত্রিতরগুণমধী চল্লস্থাাগ্নিরপা। ধৃত্তুরগ্রেরপুত্রপথিততমবপুক্ষনধ্যাল্ডিবছা বক্রাধ্যা মেচুদেশাক্ষিরদি পরিগতা মধামদ্যা অলভী।।

পুন্ক "তথাধোঁ প্রমক্ষর্থ মধুরং" ইতাাদি। ব্রহ্মাওপুরাধে—

"ওদনা পৃষ্ঠভাগেংমিন্ বীশাদওদা দেহড্ণ।

দীর্ঘাছি মুড্পিবাজং বুদ্ধনওতি কথাতে।

তদাালে স্থিবং ক্লং ব্রহ্মনাড়ীতি স্বিভি:।

ইড়াপিললগোমধ্যে স্ব্যা ক্লুফ্পিণী।

স্কং প্রভিটিভং যদিন্ স্ক্রিণ স্ক্রেট্বং।

ভদ্যা মধ্যগতাঃ ক্র্যানোমাগ্রিপরমেখরাঃ। ভূজনোকা দিশঃ ক্ষেত্রসমূসাঃ পর্বতাঃ শিলাঃ ॥

^{(&}gt;•) ব্রহ্মাওপুরাণেও "বিসপ্ততিসহস্রাণি" ইত্যাদি।

⁽১১) পরবর্তী এছকলাপে ইহা কও দূর স্পটাত্ত বা অক্সপ্রভাকবিশিষ্ট হইরাছে তাহা দেখা যাউক। দ্বাতেয় যট,চক্রতেদে

জীবাত্মা মারাপ্রভাবে পুন: পুন: কামকর্দামুগারী জন্ম পরিগ্রহ করিয়া থাকেন। ১২ মারাবন্ধন ছিন্ন করিলেই আত্মার মুক্তি সাধন হর। এই মুক্তিসাধন সমানবায় অবলম্বী সপ্রশিধামর ১০ আন্নিতে আহতিদান বা প্রতি-বিধানোক্ত অক্তান্য কর্দ্মের ছারা সিদ্ধ হর না। ১৪ ছান্দোগ্য ৭। ১। ১-৩—নারদ সন্তক্মারের নিকট আক্ষেপ করিয়া কহিতেছেন যে, চতুর্বেদ, পুরাণ, ইতিহাস, বেদানাং বেদ অর্থাৎ ব্যাকরণ

দ্বীপাক্ষ নিম্নগা বেদাঃ শাস্ত্রবিদ্যাকুলাক্ষরাঃ। শ্বরমন্ত্রপুরাণানি গুণাকৈতানি সর্ব্বগঃ এ বীজ্ঞজীবাত্মকান্তেবাং ক্ষেত্রজাঃ প্রাণবায়বং। হুবুমান্তর্গতঃ বিশ্বং ভৃত্মিন্ সর্বং প্রভিষ্ঠিতম্।"

(১২) ভগবদ্গীতা অনুসারে জীবের পাপ পুণা কর্ম স্বর্থাদি ঈবর সৃষ্টি করেন দা। উহা অভাব হইতে অবর্তিত হয়। বধা পঞ্চম অধ্যায়ে

> "ন কর্ত্বং ন কর্মাণি লোকসা স্বন্ধতি প্রভূং। ন কর্ম্বন্ধ সংযোগং স্বস্তাবস্ত প্রবর্ত্ততে ॥ ১৪ নামতে কসাচিং পাগং ন চৈব স্কৃতং বিজুং। অজ্ঞানেনাবৃতং জানং তেন মুস্তি অস্তবং ॥" ১৫

(১৩) এতবিবর মহানির্বাপ তত্ত্বে

"ন মৃক্তির্জগনাদ্ধোমাত্পবাদশতৈরপি।" ইত্যাদি। অধাক্ররামায়ণে উত্তরকাঞে পঞ্মাধানে

> "না তৈত্তিমীর ক্রতিরাহ সাদরং, ন্যানং প্রশন্তাবিলকর্দ্মাণাং ক্ট্র্। এতাবদিত্যাহ চ বাজিনাং ক্রতিঃ জ্ঞানং বিমোকার ন কর্দ্মাধনম।।"

ভগবদ্যীভাগ ২৷২৫

"তৈগুণাবিষরা বেদা মিলৈগুণো ভবার্জন ৷"

এই গীতার ক্থিত ক্ইরাকে খে, মোহার্ড জড়ব্ছিদিগের উপকারার্থে গুণাস্ত্রক ক্রিনির স্টে।

(১৪) কালী, করালী, মনোজবা, স্লোহিডা, স্ধুমবর্ণা, বিষয়পা, ফুলিলিনী,— অগ্রিম এই স্থাপিথা। কর্মকাও, মন্ত্রভাগ, রাশি >৫, দৈব, নিধি, বাকোবাকাম্ও একান্ধনম্, দেববিদ্যা, ব্রহ্মবিদ্যা, ভূতবিদ্যা, ক্ষেত্রবিদ্যা, ক্রেয়াতিব, দর্পবিদ্যা, দেববানবিদ্যা প্রভৃতি অভ্যাস করিবাও তিনি ব্রহ্মজান অভাবে পেদ্যুক্ত হইতেছেন। ফবতঃ মুক্তিপথে জ্ঞান এবং অজ্ঞান এক্রপ্রাপ্তির কারণ। ব্রহ্মপ্রাপ্তিই মোক। কর্মকাও ছারা যে প্রাস্কর্ম হয়, তাছাতে কোন মতে মুক্তি হয় না; কর্মকাও ছারা যে প্রাস্ক্রম হয়, তাছাতে কোন মতে মুক্তি হয় না; কর্মকারে ভারতম্যতা অহুনারে কেবল ভিন্ন ভিন্ন উচ্চ লোক সকল প্রাপ্তিই হয়। কিন্তু প্রশাসকের প্রনর্মার জন্ম প্রহণ করিতে হয়। প্রাস্কিত লোক কতদূর অহামী, তাহা এবত্রকার ক্রপক হারা প্রদর্শিত হইয়াছে, য়থা—দর্শনে প্রতিবিধের ন্যায় পিতৃত্রাকে বাস। জলে প্রতিবিধের ন্যায় গর্মজানি লোকে। আর স্ব্যাত্রপপ্রতিভাসিত চিত্রফলকস্থ মৃত্তির ন্যায় স্থায়ভাবে ব্রহ্মব্রোকে ১৬।

⁽১৫) বাংশ হইতে বধাক্ষে Arithmetic and Algebra, Physics, Chronology; Logic and Polity; Technology; Articulation, Ceremonials and Prosody; Science of spirits; Archery; Astronomy; Science of antidotes; Fine arts, গৃহীত ইংরেজী নামভূমি বাবু রাজেল্রগাল মিত মারা অনুবাদিত।

^{ে (}১৬) পুনর্জন্ম কিরপ প্রক্রিয়ার ইইরা থাকে তাহা ছালোগো (০)১) প্রদর্গিত ইইয়ছে। মনুষা কর্মানুদারে ভিন্ন ভিন্ন দেবলোক বা পিছুলোক বা নিকৃষ্ট লোকে কর্মনক বেছালি, প্রভাবর্জনে জক্ষপ পর্যায়ের বিপরীত ভাবে নীত হইয়া আবাদে পভিত হয়। তথার বাযুর সঙ্গে মিলিত হইয়া ধুমত্ব প্রাপ্ত হওনাপ্তর ছিয় মেথের সহ মিলিত হয়। তছত্তরে ঘন মেথের সহ লিপ্ত হইয়া ধুমত্ব প্রাপ্ত হওনাপ্তর ছিয় মেথের সহ মিলিত হয়। তছত্তরে ঘন মেথের সহ লিপ্ত হইয়া অলধায়াফমে চাউল বা অপর বে কোন আহারীয় অবো প্রবেশ করে। অনস্তর পূর্বকর্ম্যতামুদারে বেলপ উচ্চ বা অথম করে ছায়ারিত হইয়া রেতারাকপে পরিপ্ত হয়। তদনস্তর ছা পুরুষ উতর সংযোগের বহাল গর্ভ ইইলা রেতারাপে পরিপ্ত হয়। তদনস্তর ছা পুরুষ উতর সংযোগের বহাল গর্ভ হইলা রেতারাপে পরিপ্ত হয়। তদনস্তর ছা পুরুষ উতর সংযোগের হয় গর্ভছ হইলা, জন্ম গরিগ্রহ হইয়া থাকে। তগবতীগীতাতেও উমা হিমালয়ের

কিব ইহা বলিয়া কর্মকাণ্ড একেবারে পরিত্যাগ করা বিধের নহে । এবং সাধারণে পরিত্যাগ করিতে পারেও না কেই। কর্ম্মণিরত্যাগে জ্ঞানকাণ্ড আশ্রম করা, লক্ষের মধ্যেও ছুই একজনের ঘটে কিনা সন্দেহ। ফলতঃ রাগের শমতা ভিন্ন জ্ঞানাশ্রম হয় না, কিব্ত রাপের শমতা হওয়া বড়ই কঠিন ব্যাপার। শাস্ত্রেও, ব্রহ্মবিদ্যা অধ্যয়ন ও প্রহণের পূর্বের, বেদাধ্যয়ন ও গৃহকর্ম করণের উপদেশ ভূরেছ্যঃ প্রদত্ত ইয়াছে। প্রথমে কর্ম্মের দারা প্রবৃত্তির শমতাসাধন পূর্বাক অসংপথ পরিত্যাগ করিয়া ও জিতেজিয় হইয়া, তাহার পর বৃদ্ধি বশীভূত করিয়া বন্ধজ্ঞান সাধন করিতে হয়। আনমন্ত্র প্রথাজ্ঞান বন্ধবিং কামনা-রহিত হইলে, তথন সন্ত্রাস প্রহণ করিয়া পরিব্রাজক-ব্রত অবলম্বন করিতে পারেন, বেহেভূ তথন আলা বন্ধতে আব প্রয়োজন থাকে না। বন্ধজ্ঞানলন্ধ ব্যক্তি সন্ত্রাস গ্রহণ না করিয়া গৃহত্ব আশ্রমেও থাকিতে পারেন, এবং নিক্ষান্তাবে অর্থাৎ কার্য্যের ফল-হেভূক শুভাশুভ ইব্রে অর্পণ করিয়া এবং সক্ষ্য-নিক্ষণভায় সনান-চিত্ত-প্রসাদ্যুক্ত হইয়া কর্ম্মকাণ্ড অন্ধন্রণ করিতে পারেন ১৮।

নিকট এতমার্থে মানবজন্ম-উত্ কহিয়াছেন। পুনশ্চ বোগবাদিঠে ১৩৯ "ক্ষীণে পুণো" ইত্যাদি, পুণাক্ষরে পুনর্জন অভিপাদিত হইয়াছে।

⁽১৭) মনুর বিধিমত ৬। ৩৬-৩৭ "অধীতা বিধিববেদান্" ইত্যাদি, আদে গৃহধর্ম ও কর্ম্মকান্ত সমাধা করিরা তবে মোকচেটা করিবে, নতুবা নরকে গমন হর। অনস্তর্ম ৬। ৩৯-৪৮ "বো দলা সর্কাল্ডতেতাঃ" ইত্যাদি, সোকার্থী ব্যক্তির বেরপ আচরণ কর্মবি তংপকে বিধি প্রদত্ত হইরাছে। যোগবাদিটে মুমুক্ প্রকরণে ১১ সর্গে ৩১, ৩২, কর্মা কান্ত লেক ক্রিলে কাকতালীরবং ক্লীবের প্রমাস্কতকে প্রস্থিতি ক্লমে ও তাহাতে গটুতা হর। ভগবলগীতার (৩। ৪) কর্মের বারা আনে লাভ করিয়া তবে মোক্ষ চেটা

^{্(}১৮) ভগবল্টাভার (৫। ও) সরাদীর বভাব এরপ বর্ণিত হইয়াছে।

"জেয়ঃ স নিডাঃ সন্যাদী বে। ন খেটি ন কাব্রুতি।

নিছাল্টে মহাবাহো স্থং বলাও অম্চাডে।

ইহা ২া১৭-১৯ লোকের বৃদিও কিঞ্ছিৎ বিরোধী, তথাপি তৎপরে ও পুর্বের জানলাভ

নানা-নাম-বিশিষ্ট নদীসমূহ প্রত্যেকে পৃথক পৃথক হইলেও, সমুদ্রে পতিত হইলে পর আর বেমন তাহাদের পুথক্ত থাকে না, মারাপাশচ্ছিয় জীবাত্মাও পরমাত্মান্ন তদ্রুপ গতি লাভ করিয়া থাকে। ১» কিন্তু কথিত হইয়াছে যে, উহা কর্মকাও দারা সাধিত হয় না। প্রমান্ধা যথন বাক্য মন নেত্র, কণাদির অগোচর, তথন একমাত্র তত্ত্তান, বাহাতে তাঁহার অন্তিম জ্ঞাপন করিতেছে, কেবল তাহার দারাই তাঁহাকে জ্ঞাত হওয়া যায়। যথন জীবাত্মা নিজাম ছইয়া কেবল প্রমাত্মায় ঐকান্তিক অভিনিবেশ বশতঃ আমিই জন্ন, আমি অন্নের ভোক্তা, আমি তাহার একীভত করণ, আমিই বিশের আদিতে জন্মগ্রহণ করিয়াছি, দেবতা-দিগের পূর্ব্ব হইতেও আমি অমৃতত্ব ভোগ করিতেছি, আমি ক্র্যোর । ম্যায় তেজস্বী,—এইরূপ জ্ঞানযুক্ত হইয়া ও জগৎ সমস্ত আত্মমর জ্ঞান কিরিয়া,প্রমাত্মা সহ আপনার একত্ব অবলোকন করিয়া থাকে, তথনই সেই ব্যক্তি পরব্রদ্ধকে প্রাপ্ত হইয়া আনন্দধাম অধিকার করিতে. পারে। তীর্থাদি সমস্ত তথন তাহার স্বীয় শ্রীরস্থ ২০, তথন তাহার পক্ষে পিতাও নাই, মাতাও নাই, পৃথিবী দেবতা বেদ কেহই ভিন্ন ভাব ধরে না; চোর চোর নহে, ত্রন্মহা ত্রন্মহা নহে, চণ্ডাল চণ্ডাল নহে, পাপ পুণা হইতে তিনি পুথক্, যেহেতু তিনি তথন এই সকলের অতীত

সবেও কর্মের জাবশাকতা দেখান ইইরাছে। ২া২৫ অজ্ঞান বাজি যজপ কর্মের রঙ থাকে, জ্ঞানযুক্ত ব্যক্তিও তদ্ধপ লোকহিতার্থে, লোকসংগ্রহার্থে এবং অজ্ঞান ব্যক্তি-দিপকে প্রস্তৃতিপ্রদানার্থে কর্মের অনুষ্ঠান করিবেন।

⁽১৯) মারাতে আবদ্ধ আয়। ও প্রমায়ার কিরণ সম্বন্ধ, তাহা অতি হল্বভাবে. একবৃক্ষার্চ পশ্কিছয়ের রূপকে, এয়েদের অসাবামীয় স্কুভ ও বেতাম্বতর উপনিম্বেদ দেখান হইয়াছে, 'বাহপুণা স্যুলা' ইত্যাদি।

⁽২•) যতীক্স ভগবান্ শহরাচার্য্য বোধ হয় এই ভাব এংগ করিয়াই যতিপক্কে কহিয়াছে ন---

[&]quot;কাশীকেত্ৰং শরীর', তিজুবনলনী ব্যাপিনী জানগলা, ভক্তিশ্রদ্ধা গয়েরং, নিজও্লচরণধানমূকঃ প্ররাগঃ। বিবেশোহ্রং তুরীয়ং সকল্লন্মনাকীস্তাভ্যয়া, দেহে সক্ষং মদীরং যদি বস্তি পুনতীর্থনন্থ কিম্ভি॥"

হরেন। ২০ জীবাত্মা এবং প্রমাত্মা তথন এক। এই নিমিত্তই ছালোগ্যে পিতা প্রকে যোগদাধনের ফল জ্ঞাপনার্থে কহিতেছেন,

''এতদাম্মিদং দর্কং তৎ সত্যং স আত্মা তত্ত্বমদি খেতকেতো।''

বৃদ্ধনোকের ভাব ও উচ্চতা বৃহদারণ্যকে ৩।৬।১ গার্গী-যাজ্ঞবন্ধ্য সংবাদে বর্ণিত হইরাছে। গার্গী কর্ত্বক জিল্পানিত হইরা, যাজ্ঞবন্ধ্য দারা অন্তরীক্ষ, গন্ধর্ক, আদিত্য, চক্র, নক্ষত্র, দেব, প্রজাপতি, এই সকল লোকের ক্রমান্বরে অবলম্বন ও অবস্থান কথিত হইলে, গার্গী পুনর্কার জিল্পান করিতেছেন যে, ব্রহ্মলোকের অবলম্বন ও অবস্থান কিরপ। তহত্তরে যাজ্ঞবন্ধ্য ভর্মনাপূর্কিক কহিলেন যে, এরূপ অথ্যাধ্য প্রশ্ন করা বিধিবহিন্ত্তি, যেতেত্ এরূপ প্রশ্নে, প্রশ্নকারীর মৃত্তনিপাত সইবার সন্থানা। পুনশ্চ ছালোগ্যে (৮।৪।১০২) ব্রহ্মলোকের ভাব প্রতি চমৎকাররূপে বর্ণিত হইরাছে।

"নৈনং দেতুমহোরাতে তরতঃ ন জরা ন মৃত্যু ন শোকঃ ন স্কুতং ন ছফুতং। দর্ব্বে পাপানাবাহপহতা নিবর্ত্তম্ভে। অপহতপাপা হোষ বৈ ব্রহ্মলোকঃ। তমাদ্ বা এতং দেতুং তীর্ত্ব অবঃ সম্প্রন্ধা ভবতি। বিদ্ধা সম্প্রত্তাপী ভবতি। তমাদ্ বা এতং দেতুং তীর্ত্ব গিলা বিদ্ধা বিদ্ধ

⁽২১) যতীক্র শকর এই ভাব গ্রহণ করিয়। নির্কাণযট্কে কহিয়াছেন—

"ন মৃত্যুর্ন শকা ন মে জাতিভেদাঃ

পিতা নৈব মে নৈব মাতা ন জয়।

ন বজুর্ন মিত্রং গুরুনের শিবা
শিচদানন্দরপঃ শিবোহহং শিবোহহম্॥"

প্রভেদ নাই, রাত্রি প্রতিভার দিবসের ন্যায় সম্ভাযুক্ত। ইহাই নিতাজ্যোতির্বিভাসিত বন্ধলোক।"—

ব্রশ্বানন্দের উৎকৃষ্টতা প্রদর্শনার্থে কথিত হইয়াছে বে, ধনশালী অপেকা শিক্ষতের আনন্দ শতগুণ; শিক্ষিত অপেকা গদ্ধর্মপ্রভাবপ্রাপ্ত মহবোর আনন্দ শতগুণ; এইরূপ গদ্ধর্মেণ্ডিরে পিড়লোকের, তহন্তরতরে দেবলোকের, ইন্দ্রলোকের, বৃহস্পতি ও প্রজাপতির যথাক্রমে শতগুণ অতিক্রম করিয়া আনন্দের উৎকৃষ্টতা কথিত হইয়াছে। ব্রহ্মানন্দ এ ক্রনের অতীত ও পরিমাণ-বিহীন। ব্রহ্মবিদ্যা-বিশারদ ব্যক্তি সেই আনন্দ লাভ করিয়া থাকেন।

বোগদাধনের প্রশালী খেতাখতর উপনিষদে এরপ বর্ণিত হইরাছে।—বে গুহার বারু, বৃক্ষ-পারব ও জলের মনোহর শব্দ প্রবেশ করিরা থাকে, যথা হইতে কোন ক্দৃশ্য দৃষ্টিপথে পতিত না হয়, তথায় সমভ্মি হুলে, শিলাখণ্ড প্রভৃতি পরিষার করিয়া, যোগী অবস্থানকরিবে: এবং বক্ষ, গ্রীবা ও শরীরের অপর উর্জাংশ উন্নত রাখিয়া মনঃসংযমপূর্কক জিতকাম ও জিতেন্তির হইয়া, নাসিকাগ্রে প্রাণবায়ুর প্রতি দৃষ্টিলারা একাগ্রচিত্ত হওনান্তর, 'ওম্' শব্দ দারা বোগসাধন করিবে; এবং যোগে যথন পরমাঝার দর্শন পাইবে, বোগী তথন সাংসারিক স্থ্ধ ছঃথ প্রাজয় করিয়া ব্রহ্মানশ্লাভে সমর্থ ছইতে শিলারিবে। ২২



⁽২২) ব্ৰহ্মখান-নথকে কি কি উপায় ও সেই সেই উপায়ের কি কি বিদ্ন ও তাহার ু বুনিরাকরণ-প্রধানী কি, ভাহা বেদাস্তদারের শেষভাগে সংক্ষেপে বিহৃত হইরাছে।